Vol. 66. No. 1

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Sixty Six Session

BUDGET (AUGUST-SEPTEMBER, 1977)

(From 25th August, 1977 to 31st August, 1977)

(The 25th, 26th, 27th, 29th, 30th and 31st August, 1977)

Price—Rs. 56/-

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Vol. 66. No. 1

WEST ... LIBRARY
A. 1006
17.10.89
328 BL / 1006 (iii)
Pr. — Rs. 5.6/-

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Sixty Six Session

BUDGET (AUGUST-SEPTEMBER, 1977)

(From 25th August, 1977 to 31st August, 1977)

(The 25th, 26th, 27th, 29th, 30th and 31st August, 1977)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI ANTHONY LANCELOT DIAS

Members of the Council of Ministers

Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-Charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Metropolitan Development Branch of Public Works Department, Department of Powers and Hill Affairs Branch of Department of Development and Planning.

Shri Krishna Pada Ghosh, Minister-in-Charge of Department of Labour.

Dr. Ashok Mitra, Minister-in-Charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch) and Department of Excise.

Shri Pravash Chandra Roy, Minister-in-Charge of Department of Irrigation and Waterways and Sundarban Areas Branch of Department of Development & Planning.

Shri Amritendu Mukherjee, Minister-in-Charge of Department of Animal Husbandry and Veterinary Services.

Shri Buddadev Bhattacharjee, Minister-in-Charge of Department of Information and Public Relations.

Shri Prasanta Kumar Sur, Minister-in-Charge of Department of Municipal Services.

Shri Radhika Ranjan Banerji, Minister-in-Charge of Department of Refugee Relief and Rehabilitation and Relief Branch of Relief and Welfare Department.

Shri Benoy Krishna Chowdhury, Minister-in-Charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri Chittabrata Mazumdar, Minister-in-Charge of Department of Cottage and Small Scale Industries.

Shri Mohammad Amin, Minister-in-Charge of Transport Branch of Home Department.

Shri Partha Dey, Minister-in-Charge of Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

Shri Hashim Abdul Halim, Minister-in-Charge of Legislative Department and Judicial Department.

Shri Parimal Mitra, Minister-in-Charge of Department of Forests and Department of Tourism.

Dr. Kanailal Bhattacharya, Minister-in-Charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

Shri Sambhu Charan Ghosh, Minister-in-Charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Services Branches)

Shri Bhakti Bhusan Mondal, Minister-in-Charge of Department of Fisheries and Department of Co-operation.

Shri Kamal Kanti Guha, Minister-in-Charge of Department of Agriculture and Community Development.

Shri Jatin Chakraborty, Minister-in-Charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

Shri Nani Bhattacharya, Minister-in-Charge of Department of Health and Family Planning.

Shri Debabrata Bandopadhyay, Minister-in-Charge of Department of Panchayats and Jails Branch of Home Department.

Shri Sudhin Kumar, Minister-in-Charge of Department of Food and Supplies.

Shri Bhabani Mukherjee, Minister-in-Charge of Parliamentary Affairs Branch of Home Department.

Shrimati Nirupama Chatterjee, Minister of State in-Charge of Welfare Branch of Relief and Welfare Department.

Shri Sambhunath Mandi, Minister of State in-Charge of Scheduled Castes and Tribes Welfare Department.

Shri Sibendra Narayan Chowdhury, Minister of State for Transport Branch of Home Department.

Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Services Branches of Department of Education.

Shri Kanti Chandra Biswas, Minister of State in-Charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

Shri Ram Chatterjee, Minister of State in-Charge of Civil Defence Branch of Home Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPLE OFFICERS AND OFFICIALS

Speaker—Shri Syed Abul Mansur Habibullah

Deputy Speaker—Shri Kalimuddin Shams

SECRETARIAT

Secretary—Shri Dhruba Narayan Banerjee

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

A

1. A. K. M. Hassan Uzzaman, Shri (92-Deganga—24-Parganas)
2. Abul Hasan, Shri (145-Bowbazar—Calcutta)
3. Abdul Bari, Shri Md. (60-Domkal—Murshidabad)
4. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—24-Parganas)
5. Abdur Razzak Molla, Shri (106-Canning East—24-Parganas)
6. Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abedin, Dr. Zainal (34-Itahar—West Dinajpur)
8. Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri (48-Suzapur—Malda)
9. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
10. Abul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
11. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
12. Anisur Rahman, Shri (93-Swarupnagar—24-Parganas)
13. Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)

B

14. Bag, Dr. Saswati Prasad (204-Mahishadal—Midnapore)
15. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S. C.)—Burdwan]
16. Bandopadhaya, Shri Gopal (183-Singur—Hooghly)
17. Bandyopadhyay, Shri Balai (184-Haripal—Hooghly)
18. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
19. Banerjee, Shri Amiya (96-Hasnabad—24-Parganas)
20. Banerjee, Shri Binoy (156-Sealdah—Calcutta)
21. Banerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)
22. Banerji, Shri Radhika Ranjan (136-Kamarhati—24-Parganas)
23. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—24-Parganas)
24. Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.)—Cooch Behar]
25. Barman, Shri Kalipada [101-Basanti (S.C.)—24-Parganas]

26. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
27. Basu, Shri Debi Prosad (77-Nabadwip—Nadia)
28. Basu, Shri Gopal (129-Naihati—24-Parganas)
29. Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)
30. Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—24-Parganas)
31. Basu Ray, Shri Sunil (258-Barabani—Burdwan)
32. Bauri, Shri Bijoy [241-Raghunathpur (S.C.)—Purulia]
33. Bauri, Shri Gobinda [240-Para (S.C.)—Purulia]
34. Baxla, Shri John Arther [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
35. Bera, Shri Pulak (203-Moyna—Midnapore)
36. Bera, Shri Sasabindu (172-Shyampur—Howrah)
37. Besterwitch, Shri A. H. [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
38. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
39. Bhandari, Shri Sudhir (115-Maheshtala—24-Parganas)
40. Bharati, Shri Haripada (142-Jorabagan—Calcutta)
41 Bhattacharya, Shri Kamal Krishna (180-Serampore—Hooghly)
42. Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur—Howrah)
43. Bhattacharya, Shri Nani (12-Alipurduar—Jalpaiguri)
44. Bhattacharjee, Shri Buddhadev (140-Cossipur—Calcutta)
45. Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
46. Bhattacharyya, Shri Satya Pada (68-Bharatpur—Murshidabad)
47. Bisui, Shri Santosh [221-Garhbeta West (S.C.)—Midnapore]
48. Biswas, Shri Binoy Kumar (82-Chakdah—Nadia)
49. Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)—Murshidabad]
50. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
51. Biswas, Shri Jnanendranath [74-Krishnaganj (S.C.)—Nadia]
52. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—24-Parganas]
53. Biswas, Shri Kanti Chandra (86-Gaighata—24-Parganas)
54. Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.)—24-Parganas]
55. Biswas, Shri Satish Chandra (80-Ranaghat East—Nadia)
56. Bora, Shri Badan [255-Indas (S.C.)—Bankura]
57. Bose, Shri Ashoke Kumar (148-Alipor—Calcutta)
58. Bose, Shri Biren (25-Siliguri—Darjeeling)
59. Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri—Jalpaiguri)
60. Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)—Bankura)

C

61. Chakrabarty, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
62. Chakraborti, Shri Subhas (139-Belgachia—Calcutta)
63. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
64. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
65. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
66. Chatterjee, Shri Bhabani Prosad (293-Nalhati—Birbum)
67. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur II—Burdwan)
69. Chatterjee, Shri Ram (185-Tarakeswar—Hooghly)
70. Chattapadhya, Shri Sailendra Nath (181-Champdani—Hooghly)
71. Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
72. Chaudhuri, Shri Subodh (47-Manikchak—Malda)
73. Chhobhan Gazi, Shri (120-Magrahat West—24-Parganas)
74. Chowdhary, Shri Abdul Karim (28-Islampur—West Dinajpur)
75. Choudhuri, Shri Biswa Nath (38-Balurghat—West Dinajpur)
76. Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Burdwan)
77. Choudhury, Shri Gunadhar (254-Kotulpur—Bankura)
78. Chowdhury, Shri Bikas (262-Jamuria—Burdwan)
79. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
80. Chowdhury, Shri Subhendu Kumar [45-Malda (S.C.)—Malda]

D

81. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.)—Cooch Behar]
82. Das, Shri Banamali [283-Nanur (S.C.)—Birbhum]
83. Das, Shri Jagadish Chandra (128-Bijpur—24-Parganas)
84. Das Mahapatra, Shri Balai Lal (212-Ramnagar—Midnapore)
85. Das, Shri Nikhil (158-Burtola—Calcutta)
86. Das, Shri Nimai Chandra (118-Falta—24-Parganas)
87. Das, Shri Sandip (146-Chowringhee—Calcutta)
88. Das, Shri Santosh Kumar (168-Panchla—Howrah)
89. Das, Shri Shiba Nath [205-Sutahata (S.C.)—Midnapore]
90. Das Sarma, Shri Sudhir Chandra (224-Kharagpur Town—Midanpore).
91. Daud Khan, Shri (107-Bhangore—24-Parganas)

92. De, Shri Partha (251-Bankura—Bankura)
93. Deb, Shri Saral (90-Barasat—24-Parganas)
94. Dey, Shri Ajoy Kumar (194-Arambagh—Hooghly)
95. Digpati, Shri Panchanan [193-Khanakul (S.C.)—Hooghly]
96. Doloi, Shri Rajani Kanta [219-Keshpur (S.C.)—Midnapore]

G

97. Ghosal, Shri Aurobindo (171-Uluberia South—Howrah)
98. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
99. Ghosh, Shri Debsaran (72-Kaliganj—Nadia)
100. Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata—Calcutta)
101 Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
102 Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah—Hooghly)
103. Golam Yazdani, Dr. (41-Kharba—Malda)
104. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
105. Goswami, Shri Ramnarayan (273-Raina—Burdwan)
106. Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
107. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
108. Guha, Shri Nalini Kanta (141-Shyampukur—Calcutta)
109. Gupta, Shri Jyotsna Kumar (284-Bolpur—Birbhum)
110. Gupta, Shri Sitaram (130-Bhatpara—24-Parganas)

H

111. Habib Mustafa, Shri (44-Araidanga—Malda)
112. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
113. Halder, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—24-Parganas]
114. Halder, Shri Renupada [122-Mandirbazar (S.C.)—24-Parganas]
115. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—24-Parganas)
116. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
117. Hazra, Shri Monoranjan (192-Pursurah—Hooghly)
118. Hazra, Shri Sundar (222-Salbani—Midnapur)
119. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]

J

120. Jana, Shri Haripada (Bhagabanpur) (208-Bhagabanpur—Midnapore)
121. Jana, Shri Hari Pada (Pingla) (217-Pingla—Midnapore)

122 Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
123. Jana, Shri Prabir (206-Nandigram—Midnapore)

K

24 Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
125. Kar, Shri Nani (88-Ashokenagar—24-Parganas)
126. Kazi Hafizur Rahaman, Shri (56-Bhagabangola—Murshidabad)
127. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.)—Bankura]
128 Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)—Bankura]
129. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
130. Konar, Shri Benoy (275-Memari—Burdwan)
131. Kumar, Shri Sadhin (163-Howrah Central—Howrah)
132 Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)

L

133. Let (Bara), Shri Panchanan [290-Mayureswar (S.C.)—Birbhum]
134 Lutfal Haque, Shri (51-Aurangabad—Murshidabad)

M

135. M. Ansar-Uddin, Shri (167- Jagatballavpur—Howrah)
136. Mahanti, Shri Pradyot Kumar (228-Dantan Midnapore)
137. Mahato, Shri Nakul Chandra (234-Manbazar—Purulia)
138. Mahato, Shri Ram Krishna (238-Jaipur—Purulia)
139. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
140. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
141. Maitra, Shri Kashi Kanta (75-Krishnagar East—Nadia)
142. Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
143. Maity, Shri Gunadhar (125-Patharpratima—24-Parganas)
144. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—24-Parganas)
145. Maity, Satya Brata (211-Contai South—Midnapore)
146. Majhi, Shri Dinabandhu (66-Khargram—Murshidabad)
147. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
148. Majhi, Shri Sudhangshu Sekhar [233-Bundwan (S.T.)—Purulia]
149. Maji, Dr. Binode Behari [247-Indpur (S.C.)—Bankura]

150. Maji, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
151. Majee, Shri Surendra Nath [242-Kashipur (S.T.)—Purulia]
152. Maji, Shri Swadesranjan (201-Panskura East—Midnapore)
153. Majumdar, Shri Sunil Kumar (285-Labhpur—Birbhum)
154. Mal, Shri Trilochan [292-Hansan (S.C.)—Birbhum]
155. Malaker, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
156. Malik, Shri Purna Chandra [272-Khandoghosh (S.C.)—Burdwan]
157. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
158. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
159. Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.)—Midnapore]
160. Mandal, Shri Prabhanjan (127-Sagore—24-Parganas)
161. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—24-Parganas]
162. Mandal, Shri Suvendu (220-Garhbeta East—Midnapore)
163. Mandal, Shri Sudhangshu [99-Hingalganj (S.C.)—24-Parganas]
164. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
165. Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.)—Birbhum]
166. Mandi, Shri Sambhunath [232-Binpur (S.T.)—Midnapore]
167. Majumdar, Shri Chittabrata (162-Howrah North—Howrah)
168. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I—Burdwan)
169. Mazumder, Shri Dinesh (108-Jadavpur—24-Parganas)
170. Md. Sohorab, Shri (52-Suti—Murshidabad)
171. Ming, Shri Patras [26-Phansidewa (S.T.)—Darjeeling)
172. Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara—Nadia)
173. Mitra, Dr. Ashok (149-Rashbehari Avenue—Calcutta)
174. Mitra, Shri Parimal (19-Kranti—Jalpaiguri)
175. Mitra, Shri Ranjit (85-Bongaon—24-Parganas)
176. Mohammad Ali, Shri (43-Ratua—Malda)
177. Mohammed Amin, Shri (133-Titagarh—24-Parganas)
178. Mohanta, Shri Madhabendu (70-Palashipara—Nadia)
179 Mojumdar, Shri Hemen (104-Baruipur—24-Parganas)
180. Mojumdar, Shri Jamini Kishore (37-Kumarganj—West Dinajpur)
181. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.)—24-Parganas]
182. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.)—24-Parganas]
183. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.)—Howrah]

184. Mondal, Shri Sahabuddin (73-Chapra—Nadia)
185. Mondal, Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
186. Morazzam Hossain, Shri Syed (218-Debra—Midnapore)
187. Mostafa Bin Quasem, Shri (94-Baduria—24-Parganas)
188. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
189. Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.)—24-Parganas]
190. Mukherjee, Shri Rabin (113-Behala West—24-Parganas)
191. Mukherjee, Shri Amritendu (76-Krishnanagar West—Nadia)
192. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
193. Mukherjee, Shri Bama Pada (259-Hirapur—Burdwan)
194. Mukherjee, Shri Bhabani (182-Chandannagore—Hooghly)
195. Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)
196. Mukherjee, Shri Biswanath (202-Tamluk—Midnapore)
197. Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
198. Mukherjee, Shri Mahadeb (239-Purulia—Purulia)
199. Mukherjee, Shri Narayan (95-Basirhat—24-Parganas)
200. Mukherjee, Shri Niranjan (112-Behala East—24-Parganas)
201. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
202. Mullick Chowdhury, Shri Suhrid (159-Maniktola—Calcutta)
203. Munsi, Shri Maha Bachu (27-Chopra—West Dinajpur)
204. Murmu, Shri Nathaniel [36-Tapan (S.T.)—West Dinajpur]
205. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
206. Murmu, Shri Sufal [40-Gajol (S.T.)—Malda]

N

207. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
208. Narbu La, Shri Dawa (24-Kurseong—Darjeeling)
209. Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.)—24-Parganas]
210. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—24-Parganas]
211. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
212. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
213. Nezamuddin Md., Shri (153-Entally—Calcutta)

O

214. O'Brien, Shri Neil Alovsius (Nominated)

215. Ojha, Shri Janmejay (215-Pataspur—Midnapore)
216. Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
217. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]

P

218. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
219. Pal, Shri Bankim Behary (223-Midnapore—Midnapore)
220. Pal, Shri Bijoy (260-Asansol—Burdwan)
221. Pal, Shri Rashbehari (210-Contai North—Midnapore)
222. Panda, Shri Mohini Mohan (244-Taldangra—Bankura)
223. Pandey, Shri Rabi Shankar (144-Barabazar—Calcutta)
224. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
225. Phodikar, Shri Prabhas Chandra (198 Daspur—Midnapore)
226. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
227. Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat (S.C.)—24-Parganas]
228. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.)—Cooch Behar]
229. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—24-Parganas]

R

230 Rai, Shri Deo Prakash (23-Darjeeling—Darjeeling)
231. Raj, Shri Aswini Kumar (250-Barjora—Bankura)
232. Ramzan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
233. Rana, Shri Santosh (230-Gopiballavpur—Midnapore)
234. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
235. Ray, Shri Birendra Narayan (57-Nabagram-Murshidabad)
236. Ray, Shri Matish (137-Baranagar—24-Parganas)
237. Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S C.)—West Dinajpur]
238. Roy, Shri Amalendra (67-Barwan—Murshidabad)
239. Roy, Shri Banamali [15 Dhupguri (S.C.)—Jalpaiguri]
240. Roy, Shri Dhirendra Nath [21-Rajganj (S.C.)—Jalpaiguri]
241. Roy, Shri Haradhan (261-Raniganj—Burdwan)
242. Roy, Shri Hemanta Kumar (278-Manteswar—Burdwan)
243. Roy, Shri Krishnadas (227-Narayangarh—Midnapore)
244. Roy, Shri Manoranjan (199-Nandanpore—Midnapore)
245. Roy, Shri Nanu Ram [195 Goghat (S.C.)—Hooghly]

246. Roy, Shri Pravas Chandra (111-Bishnupur West—24-Parganas)
247. Roy, Shri Sada Kanta [1-Mekliganj (S.C.)—Cooch Behar]
248. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.)—Jalpaiguri]
249. Roy Barman, Shri Khitibhusan (116-Budge Budge—24-Parganas)
250. Roy Chowdhury, Shri Nirode (87-Habra—24-Parganas)
251. Rudra, Shri Samar Kumar (157-Vidyasagar—Calcutta)

S

252. Saha, Shri Jamini Bhuson (132-Noapara—24-Parganas)
253. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
254. Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S.C.)—Burdwan]
255. Sajjad Hussain, Shri Haji (30-Karandighi—West Dinajpur)
256. Samanta, Shri Gouranga (216-Sabong—Midnapore)
257. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
258. Sanyal, Shri Samarendra Nath (69-Karimpur—Nadia)
259. Sar, Shri Nikhilananda (281-Mongalkot—Burdwan)
260. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—24-Parganas)
261. Sarkar, Shri Kamal (134-Khardah—24-Parganas)
262. Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
263. Sarker, Shri Ahindra (35-Gangarampur—West Dinajpur)
264. Sarker, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.)—West Dinajpur]
265. Satpathy, Shri Ramchandra (231-Jhargram—Midnapore)
266. Sinha, Shri Khagendra Nath [31-Raiganj (S.C.)—West Dinajpur]
267. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
268. Sinha Ray, Shri Guru Prasad (276-Kalna—Burdwan)
269. Sen, Shri Bholanath (268-Bhatar—Burdwan)
270. Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
271. Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Shri Lakshmi Charan (160-Belgachia West—Calcutta)
273. Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)
274. Sen Gupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Sen Gupta, Shri Tarun Kumar (138-Dum Dum—24-Parganas)
277. Shaikh Imajuddin, Shri (62-Hariharpara—Murshidabad)

278. Shamsuddin Ahamad, Shri (49-Kaliachak—Malda)
279. Shastri, Shri Vishnu Kant (143-Jorasanko—Calcutta)
280. Sing, Shri Buddhadeb [229-Nayagram (S.T.)—Midnapore]
281. Singh, Shri Chhedilal (114-Garden Reach—24-Parganas)
282. Singh, Shri Khudi Ram [226-Keshiary (S.T.)—Midnapore]
283. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
284. Sinha, Shri Atish Chandra [65-Kandi—Murshidabad)
285. Sinha, Dr. Haramohan (280-Katwa—Burdwan)
286. Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural—Midnapore)
287. Soren, Shri Suchand [246-Ranibandh (S.T.)—Bankura]
288. Subba, Shrimati Renu Leena (22-Kalimpong—Darjeeling)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)

T

290. Tah, Shri Dwarka Nath (270-Burdwan North—Burdwan)
291. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
292. Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
293. Tudu, Shri Bikram [253-Balarampur (S.T.)—Purulia]

U

294. Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]

V

295. Vacant (236-Arsha—Purulia)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled Under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 25th August, 1977, at 1 P. M.

PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 23 Ministers, 6 Ministers of State and 249 Members.

[1·00—1·10 P. M.]

কার্য উপদেষ্টা সমিতি অর্থাৎ বিজনেস অ্যাডভাইসারী কমিটির চতুর্থ প্রতিবেদন

মিঃ স্পীকার ঃ আমি কার্য উপদেষ্টা সমিতি অর্থাৎ বিজনেস অ্যাডভাইসারী কমিটির চতুর্থ প্রতিবেদন পেশ করছি। এই সমিতির অধিবেশন আজ ২৫শে আগষ্ট, ১৯৭৭ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সমিতি উক্ত অধিবেশনে বিধানসভার ২৬শে আগষ্ট, ১৯৭৭ হইতে ৩০শে আগষ্ট, ১৯৭৭ তারিখের কার্যক্রম ও সময়সূচী নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করেছেন—

শুক্রবার ২৬শে আগষ্ট, ১৯৭৭—	(১) অধ্যাদেশ, প্রতিবেদন ইত্যাদি উপস্থাপন—	
	(২) পশ্চিমবঙ্গ জমিদারী অর্জন (সংশোধন) বিধেয়ক ১৯৭৭ (উপস্থাপনা, বিবেচনা ও গ্রহণ)—	১ ঘণ্টা
	(৩) পশ্চিমবঙ্গ ভূমি হস্তান্তকরণ (প্রনিয়ন্ত্রণ) (সংশোধন) বিধেয়ক ১৯৭৭ (উপস্থাপনা, বিবেচনা ও গ্রহণ)—	১ ঘণ্টা
	(৪) পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়ক ১৯৭৭ (উপস্থাপনা, বিবেচনা ও গ্রহণ)—	১ ঘণ্টা
শনিবার, ২৭শে আগষ্ট, ১৯৭৭—	বাজেটের উপর সাধারণ বিতর্ক	৪ ঘণ্টা
সোমবার, ২৯শে আগষ্ট, ১৯৭৭—	বাজেটের উপর সাধারণ বিতর্ক	৪ ঘণ্টা
মঙ্গলবার, ৩০শে আগষ্ট, ১৯৭৭—	বাজেটের উপর সাধারণ বিতর্ক	৪ ঘণ্টা

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ কাল যে বিলগুলি আসবে সেগুলি আজ circulate করলে ভাল হোত।

ডাঃ জয়নাল আবেদিন ঃ কাল বিলের আলোচনা দিয়েছেন—এটা ৫ দিন আগে দিলে ভাল হোত। ছোট বিল হলে বলার কিছু নেই, কিন্তু গুরুত্বপূর্ণ বিষয় থাকলে আমাদের আলোচনার সুযোগ তো দেবেন। এটা ১নং কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ২নং কথা হচ্ছে জেনারেল ডিস্কাসান অন বাজেটে আমরা ৪ দিন পাব। আপনি ৩ দিন রাখলেন। আপনি যদি এটা এ্যাকসেপ্ট করে নেন তাহলে আপত্তির কারণ হয় না।

মিঃ স্পীকার ঃ আগে পরিষদীয় মন্ত্রী প্রস্তাব উত্থাপন করুন, তারপর আপনি আপনার বক্তব্য রাখুন।

শ্রী ভবানী মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা কার্য উপদেষ্টা সমিতির চতুর্থ প্রতিবেদন যা পেশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপত্তি আগে করেছি, যে বিলগুলির আগে যে আলোচনা হবে অন্ততঃ তারজন্য মিনিমাম ৫ দিনের সময় দেওয়া উচিত। ২ নং কথা হচ্ছে, জেনারেল ডিস্কাসান অন বাজেট ৪ দিনের কনভেনসান, এটা মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করবেন, বিরোধী দল, সবাই স্বীকার করবেন। আপনি ৩ দিন করছেন। আমাদের সুযোগ দিন, ৪ দিন আমরা পাব। ৪ দিন আমাদের আলোচনার সুযোগ দেওয়ার কথা। সুতরাং ৪ দিন জেনারেল ডিস্কাসান হোক এবং বিলগুলির পরবর্তীকালে আলোচনা হোক, আমরা একটু ভেবে দেখি। আগে এর কপি পাইনি, ৫ দিন আপনাকে দিতে হবে এই আবেদন আপনার কাছে রাখছি।

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যতদূর ধারণা বাজেট ডিস্কাসানের নাম্বার অব ডেট এক বছরে ফিক্স করা আছে। অলরেডি বাজেট ডিস্কাসান দু'বার হয়ে গেছে, সেই অনুসারে আপনি নাম্বার অব ডেজ বাড়াতে পারেন না, আইনে যা আছে সেই অনুযায়ী করতে হবে। জেনারেল ডিস্কাসানে ৩ দিনের জায়গায় ৪ দিন দিলে ভোটিং অন গ্রান্টসের ডেজ কমে যাবে। আপনি দেখুন নাম্বার অব ডেজ ফিক্স করা আছে। আপনারা অলরেডি দু'বার বাজেট ডিস্কাসান করেছেন এই বছরে, সেখানে ২ দিন চলে গেছে। ভোটিং

অব গ্রাণ্টসে ডেজ দিতে হবে, সেখানে সকলে তাঁদের বক্তব্য বলবেন। সেটা যদি বলেন আমরা চাইনা তাহলে করতে পারেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আগে ভোট অন এ্যাকাউণ্ট প্লেস করা হয়েছে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ আপনি দেখুন নাম্বার অব ডেজ ফিক্স করা আছে। দু'বার বাজেট ডিস্কাসানে ২ দিন আপনারা আলোচনা করেছেন। ভোট অন গ্রাণ্টসে যখন গ্রাণ্ট মুভ করা হবে তখন ডেজ দিতে হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আগে ভোট অন এ্যাকাউণ্ট প্লেস করা হয়েছে। সেখানে যে সময় দেওয়া হয়েছে সেটা এখানে ধরা যায় না।

শ্রী দীনেশ মজুমদার ঃ এটা ইউনানিমাসলি করা হয়েছে। আমরা এদিকে দিন বাড়াতে চাই না, হেড-ওয়াইজ যে ডিস্কাসান হবে সেখানে ১ দিন বাড়াতে চাই, সেইজন্য জেনারেল ডিস্কাসানের জন্য ৩ দিন রাখা হয়েছে। এটা ইউনানি-মাসলি এ্যাকসেপ্ট করা হয়েছে।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি ২০৯ ধারাতে যা বলা আছে তার উদ্দেশ্য ভোট অন এ্যাকাউণ্ট তার মধ্যে পড়বে, তার বাইরে নয়। ২০৮ ধারায় যা বলা আছে তা হচ্ছে নট এক্সিডিং ৪ ডেজ। কাজেই আপনারা ৪-এর জায়গায় ৩ দিন করতে পারেন। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি ডিস্কাসানটা আমার নয়, বিজনেস এ্যাডভাইসারী কমিটি আলোচনা করে এই জিনিসটা করেছেন, তা না হলে ভোট অন গ্রাণ্ট আরো সংক্ষিপ্ত হয়ে যায়, সেখানে অসুবিধার সৃষ্টি হয়।

[1.10—1.20 PM]

মিঃ স্পীকার ঃ আপনার ব্যাখ্যা অনুযায়ী নাই কিন্তু আমরা এই অসুবিধা অনুভব করেছি বলে ২০৯ ধারায় যে বিধান আছে সেটা আমরা গ্রহণ করেছি বলে এই সিদ্ধান্ত বিজিনেস এ্যাডভাইসারি কমিটি নিয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমাদের বঞ্চিত করা হচ্ছে এইটুকুই স্যার আমাদের আবেদন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে রুল ৬০ নং অনুযায়ী একটা এ্যাডজোর্নমেণ্ট মোশান দাখিল করেছি সভার প্রারম্ভে সেটা একসেপটেড হয়েছে কিনা তা জানি না।

মিঃ স্পীকার ঃ আগে এটা হয়ে যাক, তারপরে বলবো। আমি ধরে নিচ্ছি এই প্রস্তাব গ্রহণ করা হলো।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, এ্যাডজোর্নমেণ্ট মোশানটা অন্তত পড়তে দিন।

মিঃ স্পীকার ঃ ওটা এখন হচ্ছে না। মাননীয় পরিষদীয় মন্ত্রী যে প্রতিবেদন আপনাদের সামনে রেখেছেন আমি ধরে নিচ্ছি তার কোন বিরোধিতা নেই। সুতরাং ধরে নিচ্ছি এই প্রস্তাব গ্রহণ করা হলো। এবার মাননীয় অর্থমন্ত্রী অশোক মিত্রকে ১৯৭৭-৭৮ সালের পশ্চিমবঙ্গ সরকারের বাজেট উপস্থাপিত করবার জন্য অনুরোধ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ স্যার, তার আগে আমি যেটা বলতে চাচ্ছি, আমি একটা এ্যাডজোর্নমেণ্ট মোশন বিশেষ কারণে লিখিত ভাবে আপনার কাছে পেশ করেছি যে, ১৫ই আগষ্ট ব্যারাকপুরের গান্ধী সমাধিতে মুখ্যমন্ত্রী বা কোন মন্ত্রী এ্যাটেণ্ড করেন নি, না করে জাতীর জনক গান্ধিজীকে অপমান করা হয়েছে। এটার উপরে আমি একটি পূর্ণ আলোচনা করবার জন্য রুল ৬০ নং অনুযায়ী এ্যাডজোর্নমেণ্ট মোশন প্রেয়ার করেছি। আইনমাফিক আপনি যদি এ্যাডজোর্নমেণ্ট মোশন এ্যালাউ করেন তা হলে সভায় আলোচিত হবে আর যদি আপনি এ্যাকসেপ্ট না করেন তা হলে আমাকে পড়তে দিতে হবে অথবা আপনি পড়ে দিতে পারেন। এই হচ্ছে আইনের ধারা। সুতরাং আইনমাফিক আমার মনে হয় বর্তমান পরিস্থিতিতে দেশের এই অবস্থায় মহাত্মা গান্ধীর প্রতি অসম্মান দেখানো হয়েছে বলে আমাদের বিশ্বাস। কারণ ১৫ই আগষ্ট সকলের স্বাধীনতার দিন, সেই স্বাধীনতার দিনে গান্ধী ঘাটে যুক্তফ্রণ্টের মুখ্যমন্ত্রী বা মন্ত্রীসভার কোন সদস্য যান নি বলে আমরা ব্যথিত হয়েছি এবং ক্ষুব্ধ হয়েছি।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্য আপনি এখন এটা আলোচনা করতে পারেন না। আপনি যে মুলতুবী প্রস্তাব আমার সামনে রেখেছেন সেই বিষয়ে আমার বক্তব্য আপনাকে জানাচ্ছি। আমি মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় এবং সুনীতি চট্টরাজের কাছ থেকে যে মুলতুবী প্রস্তাব পেয়েছি সেটা আমি বিবেচনা করে দেখেছি। ১৫ই আগষ্ট গান্ধী ঘাটে সরকারী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বা মন্ত্রী মণ্ডলীর অনুপস্থিতি সংক্রান্ত। পশ্চিম বাংলার বিধানসভার কার্যপরিচালনার নিয়মাবলী ৬১ নং নিয়ম অনুযায়ী কোন বিষয়ে সুস্পষ্ট প্রস্তাব দ্বারা সভায় উপস্থিত করবার সুযোগ থাকলে তা মুলতুবী প্রস্তাবের আকারে উথাপিত করা

যেতে পারে না। মুলতুবী প্রস্তাব সভায় সাধারণ প্রস্তাব আকারে উপস্থিত করা যেতে পারে। সুতরাং এই প্রস্তাবটা এখনকার মতো অগ্রাহ্য করা হলো।

[1.20—2.44]

Budget Estimates of the Government of West Bengal for 1977—78

ডঃ অশোক মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পশ্চিমবঙ্গের ১৯৭৭-৭৮ আর্থিক বছরের বাজেট প্রস্তাবাবলী পেশ করছি। স্বাধীনতা-উত্তর ভারতের সাংবিধানিক ইতিহাসে এই নজির বোধহয় কমই আছে যে, বাজেট, তা সে কেন্দ্রীয় সরকারেরই হোক বা রাজ্য সরকারেরই হোক, এত দেরি ক'রে এই আগষ্টের শেষ সপ্তাহে পেশ করা হয়েছে। এই অস্বাভাবিক পরিস্থিতির কারণ সবারই জানা। রাজ্যের নিয়মিত বাজেট গত মার্চ মাসে উপস্থাপন করার কথা ছিল; পূর্ববর্তী সরকার তা না ক'রে আর্থিক বছরের মাত্র প্রথম তিন মাসের জন্য ভোট অন অ্যাকাউন্ট পেশ করা শ্রেয় মনে করেছিলেন। বিধানসভা নির্বাচনে জনসাধারণের বিপুল রায় মাথায় নিয়ে আমরা জুন মাসের শেষ সপ্তাহে সরকারে আসি। তখন পুরো বছরের জন্য বাজেট বরাদ্দ প্রস্তুত করার সময় হাতে ছিল না, আমরাও তাই ভোট অন অ্যাকাউন্ট পেশ করতে বাধ্য হই, এবং সেপ্টেম্বরের শেষ তারিখ পর্যন্ত কাজ চালিয়ে যাওয়ার মতো বরাদ্দ মঞ্জুর করিয়ে নিই। সেই সময় আমি কথা দিয়েছিলাম, সারা বছরের বাজেট-প্রস্তাব নিয়ে যতো তাড়াতাড়ি পারি এই মহান্ বিধানসভায় উপস্থিত হব। আজ আপনাদের সামনে দাঁড়িয়ে সেই প্রতিশ্রুতিই পালন করছি।

বাজেট সরকারের আয় ও ব্যয়ের হিসাব-সম্পর্কিত বিবৃতি। কোন্ কোন্ ধারায় সরকার সারা বছর ধ'রে তাঁর ব্যয়-বরাদ্দ নিয়োগ করতে চান, বাজেট সেটা বিস্তৃতভাবে জানিয়ে দেয়। এই ব্যয়-বরাদ্দের প্রয়োজন অনুযায়ী অর্থ-সংস্থানের ব্যাপারে সরকারের মনোভাব কী, বাজেট থেকে তাও জানা যায়। অর্থসঙ্গতি বাড়িয়ে কোন্ উদ্দেশ্যে তা ব্যয় করা হবে, এই ব্যয়ের মধ্য দিয়ে কোন্ সুবিধাগুলি দেওয়া সম্ভবপর হবে, কোন্ শ্রেণী বা গোষ্ঠীর জন্য এই সুবিধাগুলি দিতে চাওয়া হচ্ছে, সব-কিছুই বাজেটের বিশ্লেষণ থেকে ধরা পড়ে। অর্থাৎ কিনা বাজেট সরকারের ইচ্ছা ও আকাঙ্ক্ষার প্রতিভাস। আয় এবং সম্পদ বণ্টনের ক্ষেত্রে কোন্ ধরনের নীতি সরকার প্রয়োগ করতে চান, বাজেটে তারও ইঙ্গিত পাওয়া যায়। রাজ্য সরকারের বাজেটও এই সমস্ত লক্ষণযুক্ত। প্রশাসন চালানোর আর্থিক দায়ভার সমাজের বিভিন্ন শ্রেণীর মধ্যে কীভাবে বণ্টন করা হবে, অর্থ-

নৈতিক উন্নতির সমস্যা নিয়ে সরকার কী ভাবছেন, কী করতে চান কৃষি বা শিল্পের ক্ষেত্রে, অথবা শহর ও গ্রামাঞ্চলের বিকাশ সম্পর্কে, সে সব বিষয়ে ব্যাপক ও বিস্তৃত তথ্য বাজেটে ধরা পড়ে। বঞ্চিত ও শোষিত শ্রেণীর মানুষের জন্য সরকার কী করতে চান তাও বাজেট বিশ্লেষণ করলে বোঝা যায়। অবশ্য এটা স্বীকার না ক'রে উপায় নেই, আমাদের যুক্তরাষ্ট্রীয় কাঠামোয়, কেন্দ্রীয় বাজেটের তুলনায় যে-কোন রাজ্য বাজেটের ভূমিকা অনেক নিষ্প্রভ। তা ছাড়া, সামন্ত তথা ধনতন্ত্র প্রভাবিত আমাদের যে অর্থব্যবস্থা, তাতে সরকারী বাজেটের পরিসর এমনিতেই সীমিত।

শেষোক্ত বিষয়টির গুরুত্ব উড়িয়ে দেওয়া অসম্ভব। ভারতবর্ষের একটি অখণ্ড অর্থনৈতিক সত্তা আছে, এই রাজ্য সেই সত্তার একটি অংশ। পশ্চিমবঙ্গের অর্থনৈতিক ঘটনাক্রমেও সারা দেশের ঘটনাবলীর তাই ছায়া পড়তে বাধ্য। দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিকে আদৌ আশাব্যঞ্জক বলা চলে না। সাম্প্রতিক কয়েকটি বছরে ফসল ভাল হয়েছে, তাতে তেমন কিছু সুরাহা হয় নি। রপ্তানি হঠাৎ বেড়ে গেছে, বিদেশী মুদ্রার সঞ্চয় স্তূপীকৃত হয়েছে, কিন্তু অভ্যন্তরীণ বাজারে মন্দার ঢল নেমেছে, বিনিয়োগের শৈথিল্য অব্যাহত। আবহাওয়া-ঘটিত আকস্মিকতা যদি বাদ দেওয়া যায়, তা হ'লে গত দশকে কৃষি উৎপাদন বৃদ্ধির গড়পড়তা হার জনসংখ্যা বৃদ্ধির হারকে ছাড়িয়ে গেছে কিনা সন্দেহ। দেশের কোন কোন অংশের এবং কোন কোন বিশেষ শ্রেণীর অবশ্যই শ্রীবৃদ্ধি ঘটেছে, কিন্তু খাদ্যশস্যের মাথাপিছু প্রাপ্যতা সারা দেশে কমেছে। ডাল, তুলো তথা তৈল বীজের উৎপাদন এক জায়গায় দাঁড়ানো, ফলে তাদের মাথাপিছু পরিমাণও হ্রাসপ্রাপ্ত। অধিকাংশ রাজ্যে ক্ষেতমজুরের প্রকৃত উপার্জন কমেছে, সেইসঙ্গে গ্রামাঞ্চলের কর্মহীনদের সংখ্যা প্রতি বছর বেড়ে বেড়ে চলেছে। শিল্পের ক্ষেত্রে ষাটের দশকে যে সঙ্কট দেখা দিয়েছিল, আমরা এখনও তার জের টেনে চলছি। শিল্পোন্নয়নের হার স্বাধীনতা-উত্তর প্রথম পনের বছরে যেখানে ছিল শতকরা আট থেকে দশ, তা গত দশকে নেমে গিয়ে অর্ধেকেরও কম হয়েছে। কারখানার পর কারখানায় উৎপাদন শক্তি অব্যবহৃত পড়ে আছে। বিশেষ ক'রে জনগণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির উৎপাদনের হার ক্রমশ কমছে; জাতির বিপুল সংখ্যাগরিষ্ঠের ক্রয়ক্ষমতা যে সঙ্কুচিত হয়েছে এটা তারই প্রতিফলন। শিল্প সঙ্কটের চরমতম পরিণতি বেকারদের ক্রমবর্ধমান সংখ্যা। পঁচিশ বছর ধ'রে পরিকল্পিত অর্থনীতির কথা বলা হয়ে এসেছে, অথচ দেখুন প্রায় দু' কোটি পঞ্চাশ লক্ষ লোক আজ দেশে কর্মহীন। একদিকে দক্ষ দক্ষ কারিগর বেকার ব'সে আছে,

অন্যদিকে ইস্পাত, কয়লা ইত্যাদি অভ্যন্তরীণ চাহিদার অভাবে অবিক্রীত প'ড়ে থাকছে। বাড়তি উৎপাদন রপ্তানি করা যাবে, এই আশ্বাসে কিছু কিছু পণ্যের উৎপাদন প্রায় জোর ক'রেই বাড়ানো হচ্ছে। কিন্তু এ ধরনের রপ্তানি বেশিব ভাগ ক্ষেত্রে একমাত্র ভরতুকীর ভিত্তিতেই বজায় রাখা সম্ভব। অর্থব্যবস্থার বিকাশ তিরিশ বছর ধ'রে এমনই উদ্ভট রীতিতে হয়েছে যে, ভারতের বিপুল জনসংখ্যা সত্ত্বেও শিল্পজাত দ্রব্যের চাহিদা আদৌ বাড়ছে না। জাতীয় উৎপাদনের সামান্য অংশই সমাজের বিপুল সংখ্যাগরিষ্ঠদের করায়ত্ত হচ্ছে। ফলে চাহিদা ম্রিয়মাণ থাকছে এবং জাতীয় উৎপাদনের বৃদ্ধির হারও কমে কমে আসছে।

লেনিন এক জায়গায় বলেছিলেন, অর্থনীতি আসলে হচ্ছে পরিস্রুত রাজনীতি। রাষ্ট্রব্যবস্থায় যতদিন পর্যন্ত কোন মৌলিক পরিবর্তন না আছে ততদিন অর্থনৈতিক সঙ্কটের নিরসন সম্ভব নয়। সারা দেশের অদৃষ্টে যা ঘটছে পশ্চিমবঙ্গের জনগণও তা থেকে রেহাই পেতে পারেন না। বরঞ্চ তুলনায় এই রাজ্যের অবস্থা আরো বেশি শোচনীয়। আমাদের রাজ্যের জনসংখ্যা সারা দেশের মোট জনসংখ্যার শতকরা আট ভাগের সামান্য বেশী; কর্মনিয়োগ কেন্দ্রগুলিতে নিবন্ধভুক্ত কর্মপ্রার্থীদের শতকরা সতের ভাগই কিন্তু পশ্চিমবঙ্গে। রাজ্যের প্রাচীন শিল্পগুলির দুর্দশা বর্ণনার অতীত; নতুন শিল্প এই রাজ্যে হালে নামমাত্র। বেসরকারী বিনিয়োগের ক্ষেত্রে ভাঁটা পড়ছে, অন্যদিকে সঞ্চয়ের অনটন হেতু যেদিন থেকে পরিকল্পনায় কাট-ছাঁট করা শুরু হয়েছে, সরকারী বিনিয়োগও তখন থেকে ক্রমশ ক্ষীয়মাণ। পথের শেষ কোথায় এই অবস্থায় বোঝা মুশকিল। সপ্তাহের পর সপ্তাহ ধ'রে আমরা দিশেহারা কথাবার্তা শুনছি, বেশ কিছু শিল্প-সংস্থা বন্ধ হয়ে গেছে অথবা প্রতি সপ্তাহে বন্ধ হওয়ার মুখে, হাজার হাজার শ্রমিককে ছাঁটাই অথবা লে-অফ করা হচ্ছে। গ্রামাঞ্চলেরও প্রায় একই চিত্র। সেখানেও নতুন শোষকশ্রেণীর উদ্ভব হয়েছে। রাজ্যের কৃষিজীবী সম্প্রদায়ের প্রায় দুই-পঞ্চমাংশই বর্তমানে ভূমিহীন। ছোট চাষী ও ভাগচাষীদের জমির পরিমাণও দিন দিন হ্রাসপ্রাপ্ত। ভূমি সংস্কার অবহেলিত। কিছুটা সেই কারণে এবং কিছুটা যেহেতু সেচের জল, সার, উন্নত বীজশস্য ইত্যাদি বণ্টনের ব্যাপারে ছোট চাষীদের স্বার্থকে পাশে সরিয়ে রাখা হয়েছে, কৃষি উৎপাদন বৃদ্ধির হারও তাই ক্রমশঃ কমছে।

দেশ বিভাগের পরিণামে এই রাজ্যের শিল্পগুলি কাঁচামাল সরবরাহের উৎস থেকে বিচ্যুত হয়ে পড়ে। তার ধাক্কা এই রাজ্যের অর্থনীতি আদৌ সামলাতে

পারে নি। স্বাধীনতা-উত্তর পর্বে শিল্পোন্নয়নের যে সুযোগ-সুবিধাগুলি উন্মোচিত হয় বহুবিধ কারণে আমরা তারও আদৌ সদ্ব্যবহার করতে পারি নি। প্রায় কুড়ি বছর আগে কয়লা, লৌহপিণ্ড ও ইস্পাতের দাম তথা মাশুল সারা দেশে একীকরণের সিদ্ধান্ত নেওয়ার ফলে পশ্চিমবঙ্গ কিছু কিছু মৌলিক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়ে পড়ে। ১৯৫০ সাল থেকে যে শরণার্থী সমস্যা এই রাজ্যকে জর্জরিত করেছে কেন্দ্রকে সে সম্পর্কে যথেষ্ট অবহিত করতে আমরা প্রতিনিয়ত ব্যর্থ হয়েছি। ১৯৭১ সালের পাকিস্তানের সঙ্গে যুদ্ধের প্রায় সম্পূর্ণ ধাক্কাটাই পশ্চিমবঙ্গকে সামলাতে হয়েছে, কিন্তু তার কোন স্বীকৃতি অন্যত্র তেমন মেলেনি।

একচেটিয়া পুঁজির নানা অভিসন্ধির ফলেই হোক, অন্য আরও দুই-একটি কারণের জন্যই হোক, পরিকল্পনার সমগ্র অধ্যায় জুড়েই পূর্বাঞ্চল ভারতীয় অর্থনীতির উপেক্ষিত নায়ক। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে উপেক্ষার বাড়তি কিছু যুক্তিও দাঁড় করানো হয়েছিল। এই রাজ্যের জাতীয় গড় আয় অন্যান্য অনেক রাজ্যের তুলনায় বেশী। বার বার এই কথাটা তুলে ধরা হয়েছে। এটা ঠিক পঁচিশ বছর আগে অন্যান্য বহু রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের মাথাপিছু জাতীয় আয় বেশী ছিল। কারো কারো পক্ষে এমন ধারণা পোষণ তাই অন্যায় হত না যে, পশ্চিমবঙ্গের কথা একটু কম ভেবে অন্যান্য রাজ্যের উন্নতি সাধনের জন্যই অধিকতর বিনিয়োগের ব্যবস্থা করা শ্রেয়। অবশ্য আমাদের মাথাপিছু আয় অতি শীঘ্র নীচের দিকে নামতে থাকে। তা ছাড়া, আরও একটা ব্যাপার আছে। যদি সমাজের উঁচুতলার পাঁচ থেকে দশ শতাংশের উপার্জন বাদ দেওয়া যায় তা হ'লে রাজ্যের মাথাপিছু আয় এক ধাক্কায় অনেকটা নীচে নেমে আসবে, অন্যান্য অনেক রাজ্যের তুলনায় এমন কিছু বেশী ব'লে আর তা মনে হবে না। এই মৌলিক সত্যকে যেহেতু প্রতিক্ষণ এড়িয়ে যাওয়া হয়েছে, অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত প্রত্যক্ষ করের বরাদ্দের ব্যাপারেই হোক, পরিকল্পনা কমিশনের বিশেষ সাহায্যের ব্যাপারেই হোক, কিংবা ব্যাঙ্ক কিংবা অন্যান্য রাষ্ট্রীয় অর্থ সংস্থা কর্তৃক ঋণদানের ব্যাপারেই হোক, পশ্চিমবঙ্গের প্রতি ঘোর অবিচার করা হয়েছে বলেই আমাদের বিশ্বাস।

কেন্দ্র-রাজ্য অর্থনৈতিক সম্পর্কের কথা এখানে আমাকে উল্লেখ করতে হচ্ছে। এই সমস্যা নিয়ে একটি জাতীয় আলোচনা হোক, এমন কথা যখন আমরা বলি, কোন উৎকট তাত্ত্বিক খেয়ালবশতঃ তা বলি না। মাননীয় সদস্যগণ যদি অনুগ্রহ

ক'রে কেন্দ্র-রাজ্য অর্থনৈতিক সম্পর্ক সম্বলিত আমাদের সংবিধানের বিশেষ ধারাগুলি বিশ্লেষণ করেন, তা হ'লে তাঁরা ১৯৩৫ সালে প্রবর্তিত ভারত সরকার আইনের কাঠামোর সঙ্গে একটি নিগূঢ় সাদৃশ্য খুঁজে পাবেন। প্রায় পঞ্চাশ বছর আগে সাইমন কমিশনের সফরের অব্যবহিত পর যে সাম্রাজ্যবাদী ও ঔপনিবেশিক গঠনতন্ত্র এদেশে চাপিয়ে দেওয়া হয় তাই এখনও কেন্দ্র এবং রাজ্যের পারস্পরিক অর্থনৈতিক সম্পর্কের নিয়ামক। অধীনস্থ প্রজাদের আর্থিক বিকাশ ঘটুক এটা ছিল বৃটিশদের পক্ষে চিন্তার অতীত। ১৯৩৫ সালের আইনে প্রদেশগুলিকে স্থানীয় স্বায়ত্তশাসনের ছিটেফোঁটা সুযোগ দিয়ে বাকী সমস্ত রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা নতুন দিল্লীতে সমাসীন ভাইসরয়ের হাতে কেন্দ্রীভূত করা হয়। যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় আর্থিক বিকাশের দায়ভার কী হতে পারে সে সম্বন্ধে ধারণা তখনও তেমন স্পষ্ট ছিল না ব'লেই হয়ত, আমাদের সংবিধানের চূড়ান্ত রূপ দেওয়ার মুহূর্তে সেই ১৯৩৫ সনের আইনের অর্থসংক্রান্ত বিধিগুলো প্রায় পুরোপুরি গ্রহণ করা হয়। সেই কৃতকর্মের ফল এখন আমরা বছরের পর বছর ধ'রে ভোগ করছি। ক্রমশঃই অর্থনৈতিক উন্নতির খাতে সরকারী উদ্যোগের প্রসার ঘটেছে। এটা হতে বাধ্য। রাষ্ট্রীয় ক্ষমতা যতই বিস্তার লাভ করবে, সামাজিক ন্যায় প্রতিষ্ঠার ভিত্তিতে যতই অর্থনৈতিক পরিকল্পনার ব্যাপ্তি ঘটবে, অর্থনীতির ক্ষেত্রে সরকারের দায়দায়িত্ব ততই বাড়বে। এটাও প্রায় সকলেই এখন মেনে নিচ্ছেন যে, সামাজিক পরিবর্তন তথা অর্থনৈতিক উন্নয়ন ক্ষিপ্রতর করার জন্য কেন্দ্র থেকে রাজ্যে এবং রাজ্য থেকে আরও ক্ষুদ্রতর প্রশাসনিক বিন্দুতে অধিকতর দায়িত্ব ও ক্ষমতা হস্তান্তর আশু প্রয়োজন। যদি রাজস্ব ও অর্থবিষয়ক সমস্ত ক্ষমতা কেন্দ্রের করতলগত থাকে তা হ'লে সামাজিক ও অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে যে দায়ভার রাজ্যের উপর বর্তেছে তা পূরণ করা সম্ভব হবে না। প্রতি পাঁচ বছর অন্তর গঠিত অর্থ কমিশনে এই সমস্যার নিরসন নেই। সংবিধানের নির্দিষ্ট ধারাগুলির বাইরে অন্য কিছু খতিয়ে দেখার অধিকার কমিশনের আওতার বাইরে। এ ব্যাপারে সঙ্কট ক্রমশঃ ঘনীভূত হয়, সেটা বুঝতে পেরে কেন্দ্রীয় সরকার পরিকল্পনা কমিশনকে কিছু কিছু বিশেষ ঋণ ও অনুদান রাজ্যদের পৌঁছে দেওয়ার দায়িত্ব দেন। তাতেও কোন সুরাহা হয় নি। অর্থ বরাদ্দ তথা প্রয়োজনের অগ্রাধিকার নির্ণয়ের ক্ষেত্রে পরিকল্পনা কমিশন কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে নিরপেক্ষ ভূমিকা গ্রহণ করবেন ব'লে কারো-কারো আশা ছিল। কিন্তু এই আশা অবাস্তব। কারণ কমিশনটি কেন্দ্রীয় সরকারের সৃষ্টি এবং কেন্দ্রেরই একটি প্রত্যঙ্গ।

আর্থিক ক্ষমতা বিন্যাসের ক্ষেত্রে যে অবস্থা এখন দাঁড়িয়েছে তা সংবিধানে

নির্দিষ্ট বিধানের চেয়েও প্রতিকূল। আয়কর আইন সংশোধন ক'রে আয়করের সংজ্ঞা পাল্টে কোম্পানীদের দেয় কর কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ নিজের কুক্ষিগত ক'রে নিয়েছেন। এখানেই শেষ নয়। আয়করের উপর একটি তথাকথিত সারচার্জ বসিয়ে রাজ্যদের যা প্রাপ্য তা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। বাড়তি অন্তঃশুল্ক সম্পূর্ণই রাজ্যদের প্রাপ্য, অন্তপক্ষে মৌল অন্তঃশুল্কের মাত্র শতকরা কুড়ি ভাগ রাজ্যদের বরাদ্দ। বছরের পর বছর কেন্দ্রীয় সরকার মৌল অন্তঃশুল্কের হার বাড়িয়ে যাচ্ছেন, কিন্তু অতিরিক্ত অন্তঃশুল্কের হার বাড়ছে না। তা ছাড়া মাঝে মাঝেই অন্তঃশুল্ক এবং অতিরিক্ত অন্তঃশুল্ক থেকে কতটা রাজ্যদের প্রাপ্য তা নিয়ে মতানৈক্য দেখা দিচ্ছে। এই মতানৈক্য যেভাবে মেটানোর চেষ্টা হয়েছে তা রাজ্যদের পক্ষে শুভ হয় নি।

অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এটা। অতি সম্প্রতি আমরা যে ভয়ঙ্কর অভিজ্ঞতার মধ্য দিয়ে গিয়েছি তা থেকে সারা দেশের মানুষ একটি কঠিন শিক্ষা লাভ করেছেন। যত চেষ্টাই করা হোক না কেন এই মহান দেশের বিভিন্ন অঞ্চলের জনসাধারণকে একটিমাত্র ছাঁচে গড়ে তোলা অসম্ভব। অর্থনৈতিক তথা সামাজিক অবস্থার বিকাশে যেখানে উচ্চাবচতা প্রকট, সেখানে জোর ক'রে যদি উপর থেকে কোন একমতাদর্শ বা আর্থিক পন্থা চাপিয়ে দেওয়ার প্রয়াস হয় তা হ'লে লাভের চেয়ে ক্ষতির আশঙ্কা অনেক বেশী। এটা আমাদের ধ্রুব সিদ্ধান্ত ও বিশ্বাস যে, প্রতি রাজ্যকে নিজস্ব ইচ্ছার সংস্থানে বাড়ার সুযোগ দেওয়া উচিত, অর্থনীতির ক্ষেত্রে কোথায় কোথায় অধিকার বর্তাবে তা রাজ্যগুলি নিজেরাই ঠিক করুক। তার মানে অবশ্য এই নয় যে, যেখানে বৃহত্তর জাতীয় স্বার্থ বিধৃত সেখানে কেন্দ্রের সিদ্ধান্ত আমরা স্বেচ্ছায়, সাগ্রহে, সানন্দে স্বীকার করে নেব না। পররাষ্ট্রনীতি, বৈদেশিক মুদ্রানীতি, বহির্বাণিজ্য প্রভৃতি বিষয়ে কেন্দ্রীয় সরকারের ইচ্ছা-অনিচ্ছাই প্রাধান্য পাবে। কিন্তু বিকেন্দ্রীকরণ যদি জাতীয় লক্ষ্য হয় তা হ'লে অর্থনীতির অভ্যন্তরীণ বিকাশের ক্ষেত্রে যথাসম্ভব দায়দায়িত্ব ও ক্ষমতা রাজ্যে রাজ্যে ভাগ ক'রে দেওয়া প্রয়োজন। এমন ব্যবস্থা ব্যতিরেকে জাতীয় সংহতি রক্ষা করা কেন্দ্রের পক্ষে দুরূহ হবে, এবং দেশের সর্বত্র বিভ্রান্তি এবং আর্থিক শ্লথতা দেখা দেবে।

কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক নিয়ে সামগ্রিকভাবে জাতীয় স্তরে একটি আলোচনার সূত্রপাত হোক, কেন্দ্রের কাছে এটা আমাদের বিনীত অনুরোধ। এই আলোচনা ঠিক কোন্ অবস্থানে হবে তা নিয়ে আমাদের ততটা উদ্বেগ নেই যতটা উদ্বেগ কী মনোভাব নিয়ে আলোচনা চালনা করা হবে। এই আলোচনায় আমরা আশা করব পারস্পরিক আদান-প্রদানের সুযোগ থাকবে: আমরা

রস্পরের ধ্যান-ধারণা কিছুটা গ্রহণ করব, কিছুটা বর্জন করব, পারস্পরিক বাঝাপড়ার জন্য সর্বদা সচেষ্ট থাকব। খোলা মন নিয়ে এই আলোচনায় যোগ দিতে হবে : তা ছাড়া অন্য কোন পূর্বশর্ত আরোপের আদৌ প্রয়োজন নেই।

আমি এতক্ষণ যে সমস্ত কারণের উল্লেখ করেছি তাদের সামগ্রিক প্রভাবে ষাটের দশকের মাঝামাঝি পশ্চিমবঙ্গের আর্থিক অগ্রগতির হার মন্থর হয়ে আসে। বিগত পাঁচ-ছয় বছরে অবস্থার আরও অবনতি ঘটেছে। অতি সম্প্রতি এক শ্রেণীর রাজনৈতিক পঙ্গপালের নর্তন-কুর্দনে আরো ক্ষতি হয়েছে। বিভীষিকাময় এই বছরগুলিতে অধিকাংশ কৃষিজীবীর উপার্জন বা জীবনযাত্রার মান বাড়ে নি। কৃষি উৎপাদনের ক্ষেত্রেও তাদের ভূমিকা ছিল গৌণ। শিল্প ক্ষেত্রে মন্দা অব্যাহত থেকেছে, একটি পর একটির শিল্পপ্রতিষ্ঠান জীর্ণ থেকে জীর্ণতর হয়েছে। বেকারী এবং আধা-বেকারীর অবস্থা ভয়াবহ আকার ধারণ করেছে।

অথচ মূল্যবৃদ্ধি বন্ধ থাকে নি। স্বাধীনতার পর একাদিক্রমে তিরিশ বছর ধ'রে যে দল কেন্দ্রে ক্ষমতায় অধিষ্ঠিত ছিল তাদের অনুসৃত নীতির ফলে একদিকে যেমন কোটি কোটি খেটেখাওয়া মানুষের প্রকৃত উপার্জন বৃদ্ধি পায় নি, অন্যদিকে সীমিত-সংখ্যক এক গোষ্ঠীর হাতে অঢেল সম্পদ জমা হয়েছে। সম্পদ থেকে ক্ষমতার উৎস, এবং ক্ষমতা থেকে বাড়তি উপার্জনের সুযোগ-সুবিধা। যাদের হাতে বাড়তি টাকা-পয়সা তারা অত্যাবশ্যক পণ্যসামগ্রী অবলীলায় বাজার থেকে সরিয়ে ফেলতে পারে, বাজারে দাম হু হু ক'রে চড়ে। এই পরিস্থিতিতে ফাটকাবাজীর মোহও বাড়ে; সেই সঙ্গে মূল্যবৃদ্ধির প্রবণতাও আরেক প্রস্থ বাড়ে। যেহেতু ফাটকাবাজীতে লাভের বহর বেশী টাকা সেখানে স'রে যায়, বিনিয়োগে ভাটা পড়ে। এমন ধারা আমাদের দেশে বিশেষ ক'রে গত এক দশক ধ'রে ঘটেছে। উৎপাদনের হার হ্রাসপ্রাপ্ত, কর্মসংস্থানের সুযোগও সেই সঙ্গে, অথচ প্রয়োজনীয় জিনিসের দর-দাম ক্রমশঃ ঊর্ধ্বগতি, দরিদ্র বঞ্চিত মানুষ এক পাশে দাঁড়িয়ে এই ভয়ঙ্কর লীলা দর্শন করেছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার আকার সংকুচিত হওয়ার পর থেকে দেশ জুড়ে অর্থনৈতিক কার্যক্রম এবং শিল্পোন্নয়নের কর্মসূচী ব্যাহত। সেই সঙ্গে আরও একটা ব্যাপার আছে। বড় বড় শিল্পপতিরা সাম্প্রতিককালে যে সমস্ত নতুন উদ্যোগ করেছেন, সেজন্য প্রয়োজনীয় দীর্ঘমেয়াদী অর্থের প্রায় দুই-তৃতীয়াংশ এসেছে রাষ্ট্রীয় অর্থভাণ্ডারগুলি থেকে। রাষ্ট্রীয় ক্ষেত্রে সঞ্চয় হ্রাস পাওয়ায় বেসরকারী উদ্যোগের সম্প্রসারণের ক্ষেত্রেও তাই প্রত্যক্ষ অসুবিধা দেখা দিয়েছে। অন্যদিকে, সরকারী বিনিয়োগ কমে আসায় বেসরকারী শিল্পসংস্থায় উৎপাদিত পণ্যাদির চাহিদাও হ্রাস পেয়েছে। আমাদের বিশেষ আশা, নবনিযুক্ত পরিকল্পনা কমিশন সরকারী খাতে পরিকল্পনা

অনুযায়ী বিনিয়োগ বাড়াবার প্রশ্নটি বিশেষভাবে বিবেচনা ক'রে দেখবেন। বেকার সমস্যা নিরসন এবং অর্থনৈতিক উন্নতির হার দ্রুততর করার জন্যই শুধু যে বিনিয়োগের পরিমাণ বাড়ানোর প্রয়োজন তা নয়; মূল্যবৃদ্ধির আতঙ্ক থেকে মুক্তি পাওয়ারও এটাই প্রধান পথ। গত দু' বছরে বৈদেশিক মুদ্রার সঞ্চয় বেড়েছে ব'লে সঙ্গে সঙ্গে দেশে মুদ্রাস্ফীতি ঘটেছে, কারণ যাঁরা বিদেশী মুদ্রা রিজার্ভ ব্যাঙ্কে জমা দিচ্ছেন তাঁরা পরিবর্তে দিশী টাকা হাতে পাচ্ছেন। গত দু'-তিন বছরে দু' কোটি টনের উপরে খাদ্যশস্য যেহেতু মজুত করা হয়েছে, তাতেও মুদ্রাস্ফীতি ঘটেছে, কারণ সরকার ও সরকারী সংস্থার তরফ থেকে এই খাদ্যশস্য ক্রয়ের বিনিময়ে ব্যবসাদার ও ধনী চাষীদের হাতে প্রচুর অর্থ পৌঁছে দেওয়া হয়েছে। সংকট থেকে পরিত্রাণের সূত্রটি অত্যন্ত সোজা: সরকারী বিনিয়োগের মারফত নতুন উদ্যোগের ব্যবস্থা নেওয়া হোক। এখন যারা কর্মহীন, সেই সমস্ত উদ্যোগে তাদের কর্মসংস্থান করতে হবে, মজুত খাদ্য ভাণ্ডার থেকে নবনিযুক্তদের খাদ্য বিলোতে হবে, এবং সংরক্ষিত বৈদেশিক মুদ্রা কিছুটা খরচ ক'রে বিদেশ থেকে প্রয়োজনমত যন্ত্রপাতি ও সরঞ্জাম আমদানী করতে হবে। তা হ'লেই উৎপাদন বাড়বে, মুদ্রাস্ফীতিও কমবে, সাধারণ মানুষ দু'দণ্ড হাফ ছেড়ে বাঁচবে।

সরকারী খাতে উন্নয়নমূলক নতুন উদ্যোগের কথা ছেড়ে দিলেও অন্য আর একটি উপায়ে এই রাজ্যের আর্থিক অবস্থার ঈষৎ মোড় ফেরানো সম্ভব। কেন্দ্রীয় বাজেট থেকে বাৎসরিক যে ব্যয় হয় তার সামান্য অংশই পশ্চিমবঙ্গবাসীদের উপার্জন কিংবা কর্মসংস্থান বৃদ্ধির সহায়তা করে। পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যগুলিরও একই হাল। দৃষ্টান্ত হিসাবে বলতে পারি বছরে তিন হাজার কোটি টাকার ওপর প্রতিরক্ষা বাজেটে খরচ দেখানো হয়। পূর্বাঞ্চলের ভাগ্যে শিকে ছেঁড়ে কিন্তু তার সামান্যই। যদি এই খাতে যে-টাকা ব্যয়িত হয় তার একটু বেশী অংশ পশ্চিমবঙ্গে পৌঁছুতো ত হ'লে আনুপাতিক হারে আমাদের অনুদানের প্রয়োজন হ্রাস পেতো। এই দাবি মোটেই কূপমণ্ডুকতার দোষে দুষ্ট নয়, একে সঙ্কীর্ণমনাও বলা চলে না। বরঞ্চ আমি বলব জাতীয় সংহতি আরও দৃঢ় করার জন্যই এ ধরনের ব্যবস্থা প্রয়োজন। নানা প্রান্ত থেকে অভাব-অভিযোগের বাস্তব কারণ যত কমবে সঙ্কীর্ণমনাতাও তত দূর হবে।

অর্থনৈতিক সঙ্কটের গুরুত্ব অন্যত্র সম্যক উপলব্ধি করা হোক বা না হোক আমাদের অন্ততঃ চুপচাপ ব'সে থাকবার উপায় নেই। এই রাজ্যের মেহনতী জনসাধারণ আমাদের উপর একটি ন্যস্ত দায়িত্ব অর্পণ করেছেন। কেন্দ্রীয় সরকার যাতে রাজ্যগুলিকে অধিকতর আর্থিক ক্ষমতা দানে সম্মত হন, কেন্দ্রীয় বাজেটের ব্যয়বরাদ

থেকে যাতে সমাজের বঞ্চিত, নিপীড়িত, নিষ্পেষিত শ্রেণীভুক্তরা যাতে একটু বেশী সুযোগ-সুবিধা পেতে পারেন সেজন্য আমরা আন্দোলন চালিয়ে যাব। কিন্তু কেন্দ্রের মনোভাব এসব ব্যাপারে যা-ই হোক না কেন, আমাদের এগিয়ে যেতেই হবে। আমাদের নিজস্ব ক্ষমতা ও প্রতিভার উপর নির্ভর ক'রে এই রাজ্যের উন্নয়নের জন্য আমাদের সচেষ্ট হতে হবে; এই প্রচেষ্টায় পশ্চিমবঙ্গের সংগ্রামী জনগণের ইস্পাত-কঠিন সঙ্কল্প আমাদের সহায়ক হবে।

আমরা আগামী ক' বছর কী করতে চাই তার একটি সংক্ষিপ্ত ছক আমি এখানে পেশ করব। কিন্তু তার আগে আমাকে এই রাজ্যের কলঙ্কময়লিপ্ত সাম্প্রতিক অধ্যায়টি সম্পর্কে একটি-দু'টি কথা বলতেই হয়। কেন্দ্রে একটি বিবেকহীন স্বৈরাচারী শাসকগোষ্ঠীর তাণ্ডব চলছিল, তাদের সমর্থনপুষ্ট কিছু কিছু আদর্শহীন সুবিধাবাদীর দল এখানেও গত কয়েক বছর সরকার পরিচালনাভার গ্রহণ করেছিলেন। এই রাজ্যের সম্পদ তাঁরা তছনছ ক'রে গেছেন। সাধারণের মঙ্গলচিন্তা তাঁদের কল্পনার বাইরে ছিল; নিজেদের ব্যক্তিগত স্বার্থসাধনকেই তাঁরা রাষ্ট্রীয় নীতির পর্যায়ে উন্নত করেছিলেন। আর্থিক ক্ষেত্রে তাঁরা যে অরাজক অবস্থা সৃষ্টি ক'রে গেছেন তার কিছু কিছু বিবরণ আমি একটু বাদেই দেব। সৌভাগ্যবশতঃ, সারা দেশে আজ একনায়কতন্ত্র পরাজিত। আমাদের রাজ্যেও জনগণ জয়ী হয়েছেন। জনগণের সার্বভৌমত্ব সুপ্রতিষ্ঠিত; এটি এক উজ্জ্বল মুহূর্ত। এই মুহূর্তের সুযোগ নিয়ে মেহনতি মানুষের অর্থনৈতিক অধিকারের সীমানা সম্প্রসারিত করতেই হবে। বর্তমান সামাজিক ও অর্থনৈতিক কাঠামোয় বহু গলদ, ত্রুটি, ভুলভ্রান্তি; রাজ্য সরকারের অর্থনৈতিক ক্ষমতা সংবিধানের ধারা অনুযায়ী নিগড়ে বাঁধা। এরই মধ্যে আমাদের নতুন পরীক্ষা-নিরীক্ষার কথা ভাবতে হবে, নতুন উদ্যোগে ব্রতী হ'তে হবে। যে মানুষদের মনের কথা কোনদিন সরকারী পরিকল্পনায় আমল পায়নি, তাদের আশা-আকাঙ্ক্ষাকে যে ক'রেই হোক অর্থনীতির ক্ষেত্রে, আংশিকভাবে হ'লেও, মূর্ত করতে হবে।

বাধাবিপত্তিগুলি সম্পর্কে আমরা সচেতন। যে বর্গীরা এখানে গত কয়েক বছর রাজত্ব ক'রে গেছেন তাঁদের কুকীর্তির ধাক্কা সামলানোও মস্ত কঠিন কাজ। এরই মধ্যে আমাদের কর্মসূচীর অগ্রাধিকার ঠিক ক'রে নিতে হবে। এ বিষয়ে অন্তত আমাদের মনে কোন দ্বিধা নেই। পশ্চিমবঙ্গে তিরিশ হাজারেও বেশি গ্রামে যে লক্ষ লক্ষ ভূমিহীন ক্ষেতমজুর, ক্ষুদ্রচাষী ও ভাগচাষীরা ছড়িয়ে আছেন, শহরাঞ্চলে যে লক্ষ লক্ষ বস্তিবাসী ও শ্রমজীবী মানুষেরা ভীড় ক'রে আছেন, তাঁদের দুঃখকষ্ট সামান্য কিছু লাঘব করাই আমাদের প্রাথমিক কর্তব্য। এই মানুষেরা যুগ যুগ ধ'রে শোষিত

হয়ে এসেছেন। এঁরাই রাজ্যের জনসমষ্টির গরিষ্ঠ অংশ। এঁদের জন্যই আমরা আমাদের সামর্থ্যের সিংহভাগ ব্যয় বরতে প্রতিশ্রুতিবদ্ধ। যে অসাম্যপূর্ণ সমাজ-ব্যবস্থায় আমরা আছি সেখানে যে যত নিঃস্ব সে তত বঞ্চিত। এটা তত্ত্বকথা নয়, একটি-দু'টি সাধারণ উদাহরণেই কথাটির যাথার্থ্য ধরা পড়ে। একজন সাধারণ ক্ষেতমজুর বা ভাগচাষী সরকারী তরফ থেকে যে ঋণ, সার, সেচের জল বা উন্নত বীজশস্য পেতে বিফলমনোরথ হন তার কারণ হয় তাঁর জমি নেই, নয় জমির পরিমাণ সামান্য। তাঁর সম্পদ নেই, সম্পদই সব; সম্পদ থেকেই উপার্জনের সুযোগ-সুবিধা, সম্পদ থেকেই কর্মসংস্থানের সম্ভাবনা। আমরা এটাই চাই যে, গ্রামের এবং শহরের দরিদ্রতম মানুষটিও যেন এই উপলব্ধিতে স্থিত হতে পারে যে, এবার ব্যবস্থা পাল্টে গেছে, এখন থেকে সম্পদই সব নয়, তাঁদের যদি সহায়-সম্পদ নাও থাকে তা হ'লেও তাঁরা আর্থিক উন্নতির সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হবেন না। আমরা রাতারাতি এই লক্ষ্যে পৌঁছতে পারব না। কিন্তু কিছুটা কাজ আমরা এখনই শুরু করতে পারি, এবং করবও। যে সাধারণ মানুষ গত তিরিশ বছর ধ'রে বঞ্চিত ও প্রতারিত হয়ে এসেছেন, আমরা এমন এক পরিবেশ সৃষ্টি করতে চেষ্টা ক'রে যাবো যাতে তিনি বুঝতে পারেন আর ভয় নেই, যা তাঁর প্রাপ্য এখন থেকে তা তাঁকে পৌঁছে দেওয়া হবে।

আমরা যতটুকু করতে পারবো তা দেশের মানুষের পুঞ্জীভূত দুঃখ-দুর্দশার পরিপ্রেক্ষিতে তা হ'লেও অবশ্যই নিতান্ত সামান্য। এই ব্যাপারে প্রতারণার আশ্রয় নেওয়া ঘোর অন্যায় হবে। আমাদের রাজ্যের দেউলিয়া অবস্থা, পূর্ববর্তী শাসকেরা কোষাগার শূন্য ক'রে দিয়ে গেছেন। আমাদের তাই সাদামাটাভাবে কাজ চালাতে হবে, অনাড়ম্বরতাকেই আমরা ভূষণ হিসেবে গ্রহণ করবো, সঙ্গতির সঙ্গে সমতা বজায় রেখে ছোটখাট কাজের দিকে অধিকতর নজর দেবো। সাধ্য যদিও সীমিত, যদি সততা ও অধ্যবসায়ের সঙ্গে এগোতে পারি, সফল আমরা হবই। অপচয় ও দুর্নীতি দূরীকরণের দিকে আমাদের দৃষ্টি সর্বদা নিয়োজিত থাকবে। যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ হয়েছে, সেই উদ্দেশ্যেই তা যাতে ব্যয়িত হয়, সেটা আমরা দেখবো।

গ্রামাঞ্চলের দিকে প্রথম থেকেই আমরা বেশি নজর দেবো। কারণ স্পষ্ট: গ্রামাঞ্চলেই শোষণ ও অবহেলা সবচেয়ে বেশি। এটাও স্বীকার করা ভাল, নগরে-শহরে উন্নয়ন সাধনের ক্ষেত্রে আমাদের ক্ষমতা তুলনায় সীমিত। শহরাঞ্চলে বেকার সমস্যা দূরীকরণ ও শিল্পোন্নয়নের জন্য প্রচুর বিনিয়োগের দরকার; কেন্দ্র,

রাজ্য সরকার ও শিল্পপতিদের আলাদা তথা যুক্ত প্রচেষ্টাতেই সেটা সম্ভব। আমরা শিল্পপতিদের বলেছি যে, তাঁরা যদি কেন্দ্র সরকার কর্তৃক নির্দেশিত নিয়মাবলী মেনে চলেন, শ্রমিকদের সঙ্গে ন্যায়সঙ্গত ব্যবহার করেন এবং ক্রেতাদের স্বার্থ বিসর্জন না দেন, এই রাজ্যে শিল্পপ্রসারে তাঁদের তা হ'লে স্বাগত জানানো হবে। শিল্প-প্রসারের উপযোগী প্রাথমিক সুযোগ-সুবিধার জন্য তাঁরা যে সমস্ত অনুরোধ করেছেন সেগুলোও যথাসম্ভব বিবেচনা করা হবে।

একচেটিয়া পুঁজি তথা বিদেশী কোম্পানীগুলি সম্বন্ধে আমাদের মনোভাব একটু স্পষ্ট ক'রে বলি। এদের সম্প্রসারণ হোক এটা আমাদের অবশ্যই অভিপ্রেত নয়। সম্প্রতি কয়েক বছর ধ'রে কেন্দ্রীয় সরকারের রীতিনীতিতে এ ব্যাপারে বহু বিভ্রান্তি দেখা দিয়েছে। একচেটিয়া পুঁজি ও বিদেশী কোম্পানীগুলি সম্বন্ধে জাতীয় নীতি কি হবে তা নিয়ে মনে হয় কেন্দ্রের পক্ষ থেকে একটি সুস্পষ্ট ঘোষণা হওয়া একান্ত প্রয়োজন। আমরা নিজেরা এটা বিশ্বাস করি সমস্ত পুঁজিই শোষণের ফল। কিন্তু যতদিন পর্যন্ত পুঁজির উৎস বন্ধ করা না যাচ্ছে, সেই পুঁজি আমাদের নিয়ন্ত্রণাধীনে প্রয়োজনমত কাজে লাগানো চলে, এমন কি এই পশ্চিমবঙ্গেও, সেটা দেখা আমাদের কর্তব্য।

ছোট ও মাঝারি শিল্পের অগ্রগতির ব্যাপারে আমরা বিশেষ আগ্রহান্বিত থাকব। স্বল্প মূলধনে অধিক কর্মসংস্থানের প্রচুর সুযোগ এ-সমস্ত শিল্পে আছে। সরকার ও রাষ্ট্রীয় সংস্থাগুলির ক্রয়ব্যবস্থা ঈষৎ পরিবর্তন ক'রে ছোট ছোট প্রতিষ্ঠানের অনেকটাই সুবিধা ক'রে দেওয়া সম্ভব। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি, সরকারের তরফ থেকে নলকূপ, পাম্পসেট ইত্যাদি এখন যা কেনা হয় তা অধিকাংশই বড় বড় সংস্থাগুলি থেকে আসে। কিন্তু একটু চেষ্টা করলেই ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের মারফত এগুলো কেনা চলে, এবং আমরা সেই চেষ্টা করব। কিছু কিছু সমস্যা থাকবে, ছোট শিল্পের আর্থিক সংস্থান, তাঁরা ঠিক সময়ানুযায়ী জিনিস পৌঁছে দিতে পারবেন কি না, মান বজায় থাকবে কি না, ইত্যাদি। কিন্তু এগুলি দুরতিক্রম্য বাধা নয়।

এই প্রসঙ্গে ব্যাঙ্ক ও অন্যান্য রাষ্ট্রীয় অর্থ সংস্থাগুলির প্রতি আমার একটি বিনীত আবেদন আছে। ব্যাঙ্কগুলি যখন রাষ্ট্রায়ত্ত করা হয়েছিল তখন বার বার বলা হয়েছিল সমাজের অবহেলিত শ্রেণীর মানুষের সমস্যা ঘোচানোই তাদের সর্বপ্রথম কর্তব্য হবে। কিন্তু হিসেব নিলে দেখা যাবে ব্যাঙ্ক এবং আর্থিক সংস্থাগুলির সমগ্র সামর্থ্যের অত্যন্ত নগণ্য ভগ্নাংশই ছোট শিল্প, ক্ষুদ্র কারিগর, বেকার যুবক প্রভৃতির স্বার্থে ব্যয়িত হয়েছে। কোন ব্যাঙ্ক হয়ত কোটি কোটি টাকা বড় বড় শিল্প ও ব্যবসায়ী প্রতিষ্ঠানদের লগ্নী দিয়েছে, বছরের পর বছর ঘুরে গিয়েছে, একটি পাই

পয়সাও ফেরত আসে নি, ব্যাঙ্ক চুপচাপ থেকেছে : কিন্তু সেই ব্যাঙ্কই ছোট চাষী বা কারিগরদের জন্য সামান্য এক লাখ-দু' লাখ টাকা ধ'রে দিতে বহু টালবাহানা করেছে। ব্যাঙ্ক ও অর্থ প্রতিষ্ঠানগুলির কাছে আমার অনুনয়, তাঁদের ঋণ পদ্ধতিতে একটু পরিবর্তন আনুন, সাধারণ মানুষের কথা ভাবুন, যাঁরা নিঃস্ব, যাঁরা অসহায় তাঁদের অবস্থার মোড় ফেরানোর দায়িত্ব তাঁদেরও অন্তত কিছুটা আছে।

শিল্পোন্নয়নের ব্যাপারে অনেক কিছুই অবশ্য শেষ পর্যন্ত জাতীয় নীতির ওপর নির্ভর করবে। অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে এবং আয়-বণ্টন ব্যবস্থার পুনর্বিন্যাসের ক্ষেত্রে কেন্দ্র কতটা কি করতে ইচ্ছুক তা এখানে প্রধান প্রশ্ন। ধন বণ্টনের অসাম্য দূরীকরণের নৈতিক দিকটা না হয় ছেড়েই দিলাম। তাতে আভ্যন্তরীণ চাহিদার ক্ষেত্রেও সুবিধা হবে, আভ্যন্তরীণ চাহিদা জোরদার হ'লে শিল্পপ্রসারও দ্রুততর হওয়ার সম্ভাবনা।

কিন্তু সব ছাপিয়ে মূল্যমানের প্রশ্ন। মূল্য-ব্যবস্থা নিয়ন্ত্রণে বিশৃঙ্খলা দেখা দিলে নিখুঁত নিটোল পরিকল্পনা, কর্মসূচী সব কিছুই ভেস্তে যাবে, এ ব্যাপারে আত্মতুষ্টির অবকাশ অল্প। পর পর ক'বছর খুব ভালো ফলন হওয়া সত্ত্বেও খাদ্যশস্যের দাম অস্বাভাবিক বেড়ে গেছে। তার ওপর এ বছর ডাল, তেল, মাছ ও শাকসব্জির বাজারেও আগুন। জোগানে ঘাটতি নেই অথচ দাম বাড়ে, তার মূলে কতিপয় ব্যবসায়ী ও ফাটকাবাজদের কারসাজি। এঁরা যদি ভেবে থাকেন আমরা নিরপেক্ষ দর্শকের মত নীরবে দাঁড়িয়ে তাঁদের ক্রিয়াকর্ম অনির্দিষ্টকাল ধরে সহ্য ক'রে যাবো তা হ'লে মস্ত ভুল করবেন। এই প্রসঙ্গে আরো মনে রাখা দরকার, মূল্যমানের স্থিতিশীলতার সঙ্গে শিল্পক্ষেত্রের স্থিতিশীলতার অঙ্গাঙ্গী সম্পর্ক। যদি মূল্যমান নিয়ন্ত্রণ সম্ভব না হয় এবং মূল্যবৃদ্ধির হারের সঙ্গে মজুরী বাড়ার হারের সামঞ্জস্য না থাকে, তাহলে অসন্তোষ ছড়িয়ে পড়তে বাধ্য। অত্যাবশ্যক দ্রব্যাদির সরবরাহের জন্য এই রাজ্য যেহেতু পরমুখাপেক্ষী, সমস্যা তাই একটু উৎকীর্ণ রূপ নিয়েছে। আমরা ভারতবর্ষের অর্থনৈতিক সংহতিতে গভীর বিশ্বাসী। অন্যান্য রাজ্যেও যে পশ্চিমবঙ্গের মত একই দামে কয়লা, লৌহপিণ্ড ও ইস্পাতের মত মৌলিক সামগ্রী বিক্রয় হচ্ছে এটা আমাদের পক্ষে গর্বের ও গৌরবের। কিন্তু এখানে একটি পরস্পরার প্রশ্ন থেকে যায়। এই রাজ্যের অধিবাসীরা স্বাভাবিকভাবেই এটা প্রত্যাশা করতে পারে যে, শুধু খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক ভোগ্যপণ্যের ক্ষেত্রেই নয়, শিল্পের জন্য কাঁচামাল ও রাসায়নিক দ্রব্যাদির ক্ষেত্রেও সারা দেশে এক দাম চালু হবে। এই লক্ষ্যে পৌঁছতে হ'লে যা প্রয়োজন তা গোটা দেশে প্রধান প্রধান ভোগ্যপণ্য ও তৈজসাদি সরবরাহের জন্য একটি বিস্তৃত সরকারী বণ্টন-ব্যবস্থার

প্রবর্তন করা। যতদিন এ ধরনের ব্যবস্থা সম্ভব না হচ্ছে ততদিন বিবেকবিহীন ব্যবসায়ী ও উৎপাদকদের শায়েস্তা করা সম্ভব হবে না। কি পদ্ধতিতে এই বিকল্প ব্যবস্থা গ'ড়ে তোলা হবে তাও বিচার্য। সংগ্রহ ও বণ্টনের কাজটি কমিশন এজেন্টদের হাতে কোনক্রমেই তুলে দেওয়া চলবে না, তা সরকারের সরাসরি তত্ত্বাবধানে হওয়া চাই। যদি সেটা সম্ভব হয় তাহলে এক দিকে যেমন সংগ্রহের খরচ কমানো যাবে, অন্য দিকে দরিদ্র কৃষিজীবী যে দাম পান এবং শহরের ক্রেতা যে দাম দিয়ে কেনেন তার মধ্যবর্তী দূরত্ব অনেকটাই হ্রাস পাবে। পশ্চিমবঙ্গে যে কুড়ি হাজার রেশনের দোকান ও ন্যায্যমূল্যের দোকান আছে, শুরুতে তাদের সাহায্যেই সরকারী বণ্টন-ব্যবস্থা সম্প্রসারণ সম্ভব। কিন্তু ক্রমশঃ, বিশেষ ক'রে গ্রামাঞ্চলে, এই সব বিপণির সংখ্যা বাড়িয়ে যেতে হবে।

কাছাকাছি অন্য একটি বিষয়ে আসছি। আমাদের এমনই উদ্ভট সমাজব্যবস্থা যে, একদিকে লক্ষ লক্ষ গ্রামবাসী অন্নাভাবে গ্রামে-গঞ্জে ধুঁকে-পুঁকে মারা যাচ্ছে, অন্যদিকে দু'কোটির ওপর খাদ্যশস্য সরকারী ভাণ্ডারে মজুত হয়ে পড়ে আছে, কারণ কোনো চাহিদা নেই। কেন্দ্রীয় সরকার তো নানা ব্যাপারে উদারহস্তে ভরতুকি দিচ্ছেন; আমরা আশা করবো গ্রামাঞ্চলের নিঃস্বরা যাতে দু' মুঠো খেতে পায়, সেই উদ্দেশ্যে খাদ্যের ব্যাপারেও কিছু কিছু ভরতুকি দেবার কথা চিন্তা করে দেখবেন।

মাননীয় সদস্যরা ভালই জানেন যে, মূল্যমান বৃদ্ধির একটি বড় কারণ দ্রুতহারে অর্থস্ফীতি। গত এক বছরে আমাদের দেশে টাকার জোগান বেড়েছে প্রায় আঠারো শতাংশ; এটা নিয়ন্ত্রণের সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। ভাবা দরকার, এই যে টাকার পরিমাণ বাড়ছে সেটা কি সত্যিই শিল্প-বাণিজ্য প্রসারে যথাযথ ব্যবহৃত হচ্ছে, না কি কোন ব্যবসায়ী বা ফাটকাবাজদের খপ্পরে গিয়ে পড়ছে। একটা মজার ব্যাপার হলো, যখনই শ্রমিকশ্রেণীকে কিছুটা সুবিধা ক'রে দেবার প্রসঙ্গ উত্থাপন করা হয় যেমন, বাধ্যতামূলক সঞ্চয় ফেরত দেওয়া অথবা বোনাস ঘোষণা করা, তখনই ত্রাহি-ত্রাহি রব ওঠে: এবার মুদ্রাস্ফীতির বন্যায় সারা দেশ ভেসে যাবে। অথচ জিনিসপত্রের দাম বাড়িয়ে যখন ব্যবসায়ীরা, শিল্পপতিরা নিজেদের হাতে কোটি কোটি বাড়তি টাকা জড়ো করেন তখন তেমন উচ্চবাচ্য শোনা যায় না। এ-সব কিছু নিয়েই সঠিক নীতি কি হওয়া উচিত একটু আলাদা করে ভাবা প্রয়োজন। সেই সঙ্গে রপ্তানি নীতি নিয়েও একটু চিন্তা করার সময় এসেছে ব'লে মনে হয়; আমাদের সঞ্চিত বৈদেশিক মুদ্রার পরিমাণ বাড়ছে, আমদানীর পরিমাণ কমছে, অথচ ঊর্ধ্বশ্বাস উৎসাহে রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ ঘটিয়ে যাওয়া হচ্ছে। মূল্যমানের স্থিতিশীলতার পক্ষে এ মস্ত সর্বনাশের ব্যাপার।

আপনার অনুমতি নিয়ে এবার আমি এ বছরের জন্য আমরা যে কার্যসূচী গ্রহণ করেছি তা নিয়ে সামান্য কিছু বলব। একটা মুশকিল হলো, সরকারী অর্থব্যবস্থা কখনই একটা জায়গায় থমকে দাঁড়িয়ে থাকে না। পূর্ববর্তী বছরগুলিতে যেসব কার্যক্রম নেওয়া হয়েছিল তাদের অবশিষ্ট ভাগ বর্তমান বৎসরে সম্পন্ন করবার তাগিদ থাকে। আমরা বর্তমান আর্থিক বৎসরের তৃতীয় মাসের শেষের দিকে কার্যভার গ্রহণ করি। আজ পঞ্চম মাসের শেষ সপ্তাহ, এবং এ বাজেট বরাদ্দ মঞ্জুর হ'তে হ'তে পুরো ছ'টা মাসই কেটে যাবে। সব ক্ষেত্রে ইচ্ছে থাকলেও আমরা পুরনো কার্যক্রম পাল্টে দিতে পারি না, তা হ'লে হয়তো পুরো প্রকল্পটি বরবাদ হবার আশঙ্কা থাকে। নতুন প্রকল্প গ্রহণের ব্যাপারে আমাদের আর্থিক দায়ভারের কথাটাও মনে রাখতে হয়েছে। পূর্ববর্তী সরকারের প্রকল্পগুলি যথেচ্ছ ছাঁটা যাচ্ছে না অথচ আমাদের নতুন কিছু কিছু কাজ শুরু করতেই হবে, এই সঙ্কট থেকে মুক্তি পাওয়া দুরূহ সমস্যা: মাননীয় সদস্যদের আমি এটা মনে রাখতে অনুরোধ জানাই। সেই সঙ্গে এটাও বলি, আগামী ফেব্রুয়ারি মাসে ১৯৭৮-৭৯ সালের বাজেট পেশ করা হবে, এখন যে প্রকল্পগুলি হাতে নেওয়া যাচ্ছে না সেগুলি নিয়ে তখন আমরা ফের চিন্তা করবো।

অনুদানের দাবি পেশ করার সময় আমার সহকর্মীরা চলতি বছরে প্রতিটি বিভাগের কাজকর্ম সম্বন্ধে বিস্তারিত বলবেন। আমরা শাসনভার গ্রহণ করার পর যে-যে নতুন কার্যসূচীতে হাত দিয়েছি তারই কেবল কয়েকটি এখানে আমি উল্লেখ করব। পশ্চিমবঙ্গের ভূমিহীন চাষীদের একটি বৃহৎ অংশ বছরের অনেকটা সময় জুড়ে জীবিকাহীন। সামান্য কিছু কর্মসংস্থানের ব্যবস্থা যদিও বা হয়, যে মজুরী তাঁরা পান তাকে কোনক্রমেই ন্যায্য বলা চলে না। এঁরা যাতে আইনানুগ প্রাপ্য মজুরী পেতে পারেন সেই উদ্দেশ্যে সর্বনিম্ন মজুরী আইনের বিধানাবলী কঠোরভাবে প্রয়োগ করতে আমরা বদ্ধপরিকর।

বর্ষা শেষ হলেই গ্রামাঞ্চলে একটি ব্যাপক কর্মসূচী আমরা আরম্ভ করব। এই কার্যসূচীর প্রধান উদ্দেশ্য হল সেচ ও জলনিকাশী ব্যবস্থা, পলি অপসারণ, বাঁধ ও জোড়-বাঁধ নির্মাণ, পুকুর খোঁড়া এ-ধরনের বহুবিধ প্রকল্প চালু করা, যার ফলে একদিকে যেমন গ্রামের ভূমিহীনরা মরশুমের বাইরেও কিছু কাজ পাবে, অন্য দিকে সেচের জলের বাড়তি ব্যবস্থাহেতু শস্যোৎপাদন বাড়বে। ছোটখাটো রাস্তা তৈরি ও পুরনো রাস্তা মেরামতের দিকেও নজর দেওয়া হবে। প্রতিটি পরিকল্পই গ্রামের মানুষের সঙ্গে আলাপ-আলোচনা করে বাছাই করা হবে, প্রকল্পের রূপায়ণেও গ্রামের মানুষের সহযোগিতা আমরা আশা করি পাবো। এ ব্যাপারে কিছু কিছু কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। সরকারী কর্মীরা প্রতিটি প্রকল্পের উপযোগিতা খুঁটিয়ে

বিচার করে দেখবেন এবং টাকা-পয়সা বণ্টনের ব্যাপারটাও তাঁদেরই দায়িত্ব হবে। তবু আমরা ধরে নিচ্ছি, গ্রামের সাধারণ মানুষ পাশে থেকে প্রকল্পগুলি বিচার-বিশ্লেষণ করে দেখবেন এবং ব্যয়িত অর্থের যাতে সৎপ্রয়োগ ঘটে সে বিষয়ে সতর্ক থাকবেন। বর্তমান আর্থিক বছরে এই গ্রামীণ কর্মসূচী রূপায়ণের জন্য আমরা বাড়তি ছ' কোটি টাকা বরাদ্দ রেখেছি। তা ছাড়া কেন্দ্রীয় সরকার থেকে অনুদানস্বরূপ প্রাপ্ত উদ্বৃত্ত মজুত গমও আমরা বিলোবো। সংযোগ-সড়ক নির্মাণ এবং গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য কেন্দ্র যে বিশেষ অর্থ দেবার কথা ঘোষণা করেছেন তার থেকেও একটা অঙ্ক এই প্রকল্পের সঙ্গে যুক্ত হবার সম্ভাবনা আছে।

আজ থেকে তিরিশ বছর আগে দেশ স্বাধীন হবার মুহূর্তে গ্রামাঞ্চলে পানীয় জলের যে তীব্র সমস্যা ছিল এখনও সেইরকম থেকে গেছে। প্রতি জেলায় এখনও এমন বহু গ্রাম আছে যেখানে জলের কোনো ব্যবস্থাই নেই। যাতে যথাশীঘ্র পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামে অন্তত একটি করে পানীয় জলের উৎসের ব্যবস্থা করা যায় সেজন্য আমরা এ বছর প্রায় দু' কোটি টাকা আলাদা বরাদ্দ ধরছি। যেখানে পানীয় জলের আদৌ কোনো ব্যবস্থা নেই সে সব গ্রামে অন্তত একটি করে নলকূপ কিংবা পাতকুয়ো বসানো হবে। তা ছাড়া তফসিলী শ্রেণীভুক্ত কিংবা আদিবাসী সম্প্রদায়-অধ্যুষিত কিছু কিছু অঞ্চলে এমন ব্যবস্থা নেওয়া হচ্ছে যাতে একই সঙ্গে পানীয় জল ও সেচের জল পাওয়া সম্ভব হয়।

শোষিত জনগণের চেতনাকে উদ্বুদ্ধ করতে শিক্ষার জুড়ি নেই। তিরিশ বছরের স্বাধীনতার পরেও আমাদের জনসংখ্যার শতকরা সত্তর ভাগের মত এখনও অক্ষর-জ্ঞান বর্জিত, গ্রামাঞ্চলে এই অনুপাত আরো বেশি। এরকম যে হয়েছে, তা, আমাদের অনেকেরই সন্দেহ, ষড়যন্ত্র-অভিসন্ধিরই ফলশ্রুতি, শাসকশ্রেণী এটা চাইতেন না যে গরীবরা লেখাপড়া শিখে মাথাচাড়া দেয়। আমাদের অন্যতম প্রধান লক্ষ্য অবৈতনিক প্রাথমিক শিক্ষার দ্রুত সম্প্রসারণ। পশ্চিমবঙ্গে প্রায় পঁয়তাল্লিশ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে; তা হলেও আজ পর্যন্ত অনেক গ্রামই বিদ্যালয়হীন। এরকম প্রতিটি গ্রামে ১৯৭৮ সালের মধ্যে অন্তত একটি ক'রে বিদ্যালয় স্থাপনের আমাদের অভিপ্রায়। চলতি আর্থিক বছরে এক হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় খোলার ব্যবস্থা আমরা নিচ্ছি। গরীব পরিবার থেকে যেসব শিশুরা শিক্ষালাভ করতে আসে, তাদের জন্য বিনামূল্যে আহার্য সরবরাহের পরিকল্পনাটিও সম্প্রসারিত হচ্ছে। ষাট লক্ষ বিদ্যার্থীর মধ্যে প্রায় দশ লক্ষ ছেলেমেয়ে আপাতত এই আহার্য বিতরণের কর্মসূচির আওতায় আছে, বর্তমান আর্থিক বৎসরে আরো দশ লক্ষ ছেলে-মেয়েকে আমরা বিনামূল্যে খাবার পৌঁছে দিতে চাই। আমরা এটাও সিদ্ধান্ত

নিয়েছি যে ১৯৭৮ সালের জানুয়ারি থেকে ষষ্ঠ শ্রেণী অবধি ছাত্রদের কাছ থেকে কোন বেতন নেওয়া হবে না।

ভূমি-রাজস্বের ক্ষেত্রে বর্তমানে যে ব্যবস্থা চালু আছে তার কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই ; ফলে, ছোট চাষীরা প'ড়ে প'ড়ে মার খাচ্ছে। ভূমি-রাজস্ব সম্পূর্ণ তুলে দিয়ে পরিবর্তে কৃষিজীবীদের আয় অনুযায়ী একটি প্রগতিশীল সুষ্ঠু কৃষি আয়-কর ব্যবস্থা প্রবর্তন করাই আমাদের লক্ষ্য। ইতিমধ্যে আমরা ভূমি-রাজস্বের ক্ষেত্রে ছাড়ের সীমা বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নিচ্ছি। পরিবারভিত্তিক জোতের ক্ষেত্রে আগে ছাড়ের সীমা যেখানে ছিল তিন একর, সেখানে ছাড়ের সীমা এখন থেকে হবে সেচ এলাকায় চার একর ও অসেচ এলাকায় ছয় একর। ছাড়প্রাপ্ত নয় এমন জোতের ওপর ধার্য করের পরিমাণও কমিয়ে দেওয়া হচ্ছে ; সেচ এলাকায় জোতের ক্ষেত্রে এই হার হবে ১৯৬৯ সালের দেয় হারের দেড়গুণ, যেখানে এখন দিতে হয় তিনগুণ ; আর অসেচ এলাকায় এই হার হবে ১৯৬৯ সালের হারের সমান, যেখানে বর্তমানে দিতে হয় তার দ্বিগুণ। পশ্চিমবঙ্গ ভূমি-রাজস্ব আইনে এই উদ্দেশ্যে প্রয়োজনীয় সংশোধন করা হচ্ছে। সংশোধিত আইন আগামী বাংলা শকাব্দ থেকে বলবৎ হবে। রাজস্ব সংগ্রহে যতটুকু ক্ষতি এই নতুন ব্যবস্থায় হবে তা আমরা প্রস্তাবিত কৃষি আয়-করের মাধ্যমে পুষিয়ে নেবো।

ভাগচাষীদের স্বার্থরক্ষার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের আরও কয়েকটি ধারা সংশোধন করা হচ্ছে। ফলে জোতদারের পরিবারভুক্ত নন এমন কৃষককে বর্গাচাষের ব্যাপারে স্বীকৃতি দেবার ব্যবস্থা পাকা হবে। বর্গাদার যে ফসল জমা দেবেন তার জন্য রসিদ না দিলে অথবা বেআইনীভাবে বর্গাদার উচ্ছেদের চেষ্টা করলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এই সব সংশোধনের ফলে বর্গাদারদের জমির অধিকারের রেকর্ড যথাযথ রক্ষণের অনেক সুবিধা হবে, জোতদারও বর্গাদারদের স্বীকৃতি দিতে বাধ্য হবেন।

উদ্বৃত্ত জমির, অনুসন্ধান আরও জোরদার করা হবে। বহু সহস্র উদ্বৃত্ত জমি আদালতের নিষেধাজ্ঞার ফলে এখনও বিলিয়ে দেওয়া সম্ভব হচ্ছে না ; আইনঘটিত সমস্যাগুলি তাড়াতাড়ি মেটানোর জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। যে সমস্ত জমি আইনত উদ্বৃত্ত ব'লে ঘোষণা করা সম্ভব, সেসব জমি ভূমিহীনদের মধ্যে যথাশীঘ্র পুনর্বণ্টন আমাদের স্থির লক্ষ্য। ভূমিসংস্কারের কাজ বেশ কিছুটা এগোলেই তবে কৃষি উৎপাদনে জোয়ার আসবে। এই পরিপ্রেক্ষিতেই এই রাজ্যের কৃষি প্রকল্পগুলি বিচার করতে হবে। অধিক তথা দ্রুত ফলনশীল বীজ কিংবা রাসায়নিক সার, কীটনাশক প্রভৃতির প্রয়োগে আমনধানের উৎপাদন বাড়ানোর এক কর্মসূচী সম্প্রতি

হাতে নেওয়া হয়েছে। এই সূচী যদি সফল হয় তা হ'লে একই জমিতে দ্বিতীয় ফসল ফলাবার সুযোগ দেখা দেবে।

ক্ষুদ্র সেচের উন্নয়নের জন্য এই রাজ্যে প্রচুর অর্থ ব্যয় করা হয়েছে, কিন্তু সব ক্ষেত্রে তাদের পূর্ণ সদ্ব্যবহার হয়েছে বলা চলে না। তার প্রধান কারণ ছোট ও মাঝারি চাষীরা সেচের সুযোগ-সুবিধাগুলি পাচ্ছিলেন না। বর্তমান বৎসরে আরও বেশ কিছু গভীর ও অগভীর নলকূপ খননের কাজ হাতে নেওয়া হয়েছে। গ্রামীণ কর্মপ্রকল্পের পাশাপাশি এগুলোও ছোট সেচের ব্যবস্থাকে পল্লী-অঞ্চলের সর্বত্র পরিব্যাপ্ত করতে সাহায্য করবে। ভূ-নিম্নস্থ জলের সাহায্যে উদ্যান চাষের জন্যও কিছু কিছু নতুন প্রকল্পের ব্যবস্থা নেওয়া হচ্ছে। তা ছাড়া কেন্দ্রীয় উদ্যোগে অন্য যে-সব প্রকল্প আছে, যেমন ক্ষুদ্র চাষী উন্নয়ন প্রকল্প, খরাপ্রবণ এলাকা প্রকল্প, সেচের আওতাভুক্ত উন্নয়ন প্রকল্প, সেগুলোও যথারীতি চালিয়ে যাওয়া আমাদের অভিপ্রায়।

বৃহৎ সেচের ক্ষেত্রে কতগুলি নতুন ব্যবস্থা নেওয়া হচ্ছে। মার্চ মাসে পূর্বতন সরকার যে বাজেট পেশ করেছিলেন তাতে তিস্তা বাঁধের জন্য বরাদ্দ ছিল পাঁচ কোটি টাকা। সেই বরাদ্দ আরও তিন কোটি টাকা বাড়ানো হচ্ছে। আশা করা যায়, এর ফলে এক বৎসরের মধ্যে আরও বাড়তি পঞ্চাশ হাজার একর জমিতে সেচের জল পৌঁছে দেওয়া যাবে। টাকীতে একটি স্লুইস নির্মাণ এবং যমুনা, ঘিয়া-কুন্তী ও শাঁকদা বেসিন জলনিকাশী প্রকল্পগুলির জন্য কিছু অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হচ্ছে।

কৃষিক্ষেত্রে যা-ই ঘটুক না কেন, সেই সঙ্গে গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্প ছড়িয়ে দেওয়া অবশ্য কর্তব্য, অন্যথা কর্মসংস্থানের সুযোগ তেমন বাড়বে না। সামান্য কিছু টাকা হাতে থাকলেই এখানে অনেক কিছু করা সম্ভব; প্রধান প্রয়োজন, ইচ্ছার ঐকান্তিকতা ও সুষ্ঠু সংগঠন। চলতি বছরে মাদুর শিল্পের জন্য অতিরিক্ত পাঁচ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কাঁচা মাল সংগ্রহ, বিপণন, গুদাম নির্মাণ, মূলধনের ব্যবস্থা এবং কারুশিল্পী ও সমবায় গোষ্ঠীদের সরঞ্জাম ক্রয়ের জন্য অনুদান ইত্যাদি কাজের জন্য এই অর্থ ব্যয়িত হবে। খনি শিল্পে কাঁচামালের ব্যবস্থা করার উদ্দেশ্যে দুই লক্ষ টাকা আলাদা ক'রে ধরা হয়েছে। কুটির ও হস্তশিল্পজাত দ্রব্যের বিপণনে মহিলাদের কর্মসংস্থান বাড়ানোর লক্ষ্য নিয়ে একটি বিশেষ কর্মসূচীও গ্রহণ করা হয়েছে।

আমাদের সাধ্য সীমিত, তা সত্ত্বেও আমরা বার্ধক্য পেনসনের হার মাসিক কুড়ি টাকা থেকে বাড়িয়ে পঁচিশ টাকা করার সিদ্ধান্ত নিয়েছি। পেনসন প্রাপকদের সংখ্যাও আরও এক হাজার বাড়ানো হচ্ছে। কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় দুটি নতুন অনাথ আশ্রম খোলা হচ্ছে।

জনস্বাস্থ্যের ব্যাপারে আমাদের প্রস্তাবিত অতিরিক্ত কর্মসূচীর ব্যাপারে দু'-একটি কথা বলব। সাধারণ হাসপাতালগুলির আউটডোর বিভাগ শক্তিশালী করা হচ্ছে; ক্লিনিকাল হাসপাতালগুলির দিকেও একটু বেশী নজর দেবার ইচ্ছা আমাদের। কলকাতার হাসপাতালগুলিতে আউটডোর বিভাগ খোলা রাখার সময় আপাতত কিছুটা বাড়ানো হয়েছে। শহর ও শহরতলীর বস্তি এলাকায় স্বাস্থ্য-কেন্দ্র ও ডিসপেন্সারী খোলার কথা আমরা ভাবছি। যে সমস্ত গ্রামে আদৌ কোনো স্বাস্থ্য-কেন্দ্র নেই সেখানে আউটডোর চিকিৎসার কিছু সুযোগ-সুবিধা আমরা পৌঁছে দিতে চাই। অঞ্চল পঞ্চায়েতগুলি যাতে হোমিওপ্যাথি ডিসপেন্সারী খুলতে পারেন তার জন্য কিছু আর্থিক সাহায্যের কথাও ভাবা হচ্ছে। উত্তরবঙ্গ জেনারেল হাসপাতালের সঙ্গে যুক্ত ক'রে শুশ্রূতনগরে একটি ক্যান্সার গবেষণাকেন্দ্র স্থাপন করা হচ্ছে। ব্লাড-ব্যাঙ্কের সংখ্যা বাড়ছে।

গ্রামাঞ্চলে অভিজ্ঞ চিকিৎসকের অভাব কিছুতেই মেটানো যাচ্ছে না। বছরের পর বছর ধ'রে স্বাস্থ্যকেন্দ্রগুলির ম্রিয়মাণ অবস্থা। গ্রামের মানুষের কথা ভেবে চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে এল এম এফ পাঠক্রম আবার চালু করা যায় কিনা তা আমরা বিবেচনা করে দেখছি। বিভিন্ন চিকিৎসক সংস্থা ও গণপ্রতিষ্ঠানের সঙ্গে আলাপ-আলোচনা ক'রেই আমরা এ বিষয়ে সিদ্ধান্তে পৌঁছবো। মাননীয় সদস্যরা লক্ষ্য করবেন যে, মার্চ মাসের বাজেটে পূর্ববর্তী সরকার স্বাস্থ্য দপ্তরের পরিকল্পনার খাতে যে বরাদ্দ ধরেছিলেন তার থেকে আরও দু' কোটি টাকা এখন বাড়ানো হয়েছে।

শিল্প-সমস্যা নিয়ে আমি ইতিমধ্যেই কিছু আলোচনা করেছি। সুতরাং হয়ত আর বেশী কিছু না বললেও চলে। মন্ত্রিসভার একটি উপ-সমিতি বন্ধ শিল্পসংস্থাগুলি সম্বন্ধে আপাতত চিন্তা-ভাবনা করছেন, বন্ধ হবার উপক্রম এমন কিছু সংস্থা নিয়েও ভাবছেন। সেই সঙ্গে নতুন শিল্প প্রকল্প কী কী স্থাপন করা যায় তা-ও খতিয়ে দেখছেন। এ সমস্ত ব্যাপারে পরামর্শ দেবার জন্য একটি বিশেষজ্ঞ কমিটির কথাও সম্প্রতি ঘোষণা করা হয়েছে। সমস্যা বহুবিধ: অর্থ, শ্রম নিয়োগ, উৎপাদন কাঠামো এবং পরিচালন-ব্যবস্থা, সব-কিছুই বিশ্লেষণ ক'রে দেখা প্রয়োজন। পুরনো সংস্থাগুলিকে পুনরুজ্জীবনের ব্যাপারেই হোক কিংবা নতুন সংস্থা গ'ড়ে তোলার ব্যাপারেই হোক, বিনিয়োগের টাকা জোগাতে আমাদের অন্যত্র অনুসন্ধান করতেই হবে। একটু-আধটু আর্থিক সহায়তা রাজ্য সরকারের তহবিল থেকে না ক'রে উপায় নেই; সে ব্যবস্থা আমরা রাখছি।

যতদিন শিল্পবাণিজ্যের উন্নতি না হচ্ছে, বেকার সমস্যার তেমন একটা উপশম হবার সম্ভাবনা কম। কর্মসংস্থানের ক্ষেত্রে যে নানা অনাচার চ'লে আসছে তা বন্ধ

করতে আমরা বদ্ধপরিকর। সরকারে এবং রাষ্ট্রীয় সংস্থাগুলিতে তাঁদের পেটোয়া লোকদের ঢুকিয়ে পূর্বতন সরকার যে যথেচ্ছাচার করেছেন, তার প্রতিবিধান আমরা করবো। আমরা স্থির করেছি, দু' একটি বিশেষ ক্ষেত্র ছাড়া এখন থেকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী নিয়োগে একমাত্র কর্মসংস্থান কেন্দ্রগুলিতে রেজিষ্ট্রিকৃত নামের তালিকা থেকেই শুধু বিবেচনা করা হবে। আমাদের অনুরোধ, বে-সরকারী সংস্থাগুলিও ঐ একই ব্যবস্থা গ্রহণ করুন।

শিল্পোদ্যোগ প্রসঙ্গ উত্থাপিত হ'লেই বিদ্যুৎ সমস্যার কথা আমাদের সেই সঙ্গে চিন্তা করতে হয়। ১৯৭৬-৭৭ সালে বিদ্যুৎ সরবরাহের অবনতি ঘটে, এ বছর অবস্থা আরও শোচনীয় হয়েছে। বিদ্যুতের এই ঘোর দুরবস্থার জন্য পূর্বতন সরকারকে দায়ী না করে পারছি না: তাঁরা গত ছ'-সাত বছর ধ'রে বাগাড়ম্বর করেছেন প্রচুর, কিন্তু বিদ্যুৎ শক্তি বিকাশের কোন সুষ্ঠু পরিকল্পনাই গ্রহণ করেন নি। কোন নতুন প্রকল্পে হাত দেন নি, যার ফল আমরা এখন ভোগ করছি। বিদ্যুতের সমস্যা নিয়ে গভীরভাবে পর্যালোচনা ক'রে যথাশীঘ্র স্বল্পমেয়াদী, মধ্যবর্তীকালীন এবং দীর্ঘমেয়াদী নানা ব্যবস্থার কথা শিগগিরই ঘোষণা করা হবে। আপাতত এইটুকুই বলতে চাই যে, নতুন ইউনিট চালু করার ব্যাপারে প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা রাখা হয়েছে। হঠাৎ কোনো বাড়তি খরচের প্রশ্ন দেখা দিলে তার জন্যও আমরা প্রস্তুত।

যানবাহনের বিপর্যয়ে কলকাতার এবং আশেপাশের জনসাধারণ যে দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন সে সম্বন্ধে আমরা সম্পূর্ণ সচেতন। প্রতিদিন হাজার-হাজার মানুষ জীবন বিপন্ন ক'রে অকথ্য ভিড়ের চাপ সহ্য ক'রে যেভাবে ট্রামে বাসে যাতায়াত করেন তার চেয়ে লজ্জাকর ও গ্লানিকর আর কিছু হ'তে পারে না। কলকাতা রাজ্য পরিবহন কর্পোরেশন ও কলকাতা ট্রামওয়েজ—দু'টি সংস্থারই হাল শোচনীয়। পরিরক্ষণ ও সম্প্রসারণ উভয় ব্যাপারেই বছরের পর বছর ধ'রে যথেষ্ট নজর দেওয়া হয় নি, ফল আমরা এখন সবাই মিলে ভোগ করছি। মার্চ মাসের বাজেটে যা বরাদ্দ ছিল তার থেকে আরও তিন কোটি টাকা পরিবহণ ব্যবস্থার সংরক্ষণের জন্য আমরা নির্দিষ্ট করেছি। পরিকল্পনার খাতেও আরও পঞ্চাশ লক্ষ টাকা ধ'রে দিয়েছি। কলকাতা রাজ্য পরিবহন কর্পোরেশনের পরিচালন ব্যবস্থা খোল-নলচে বদলাবার কথা ভাবা হচ্ছে। এখানে আরও একটি কথা বলি। ১৯৭৪-৭৫ সালে কেন্দ্রীয় সরকার পেট্রোলের ওপর বাড়তি শুল্ক ধার্য করার পর রাজ্য সরকারকে মহা অসুবিধার সম্মুখীন হ'তে হয়। সেটা বিবেচনা ক'রে কেন্দ্রীয় সরকার আমাদের বিশেষ ঋণ হিসেবে আট কোটি টাকা অনুদান দিয়েছিলেন। ১৯৭৫-৭৬ সালে এই খাতে মাত্র পনের লক্ষ টাকা এসেছিল কিন্তু তার পর থেকে আর কোন সাহায্যই আসে নি।

এ ব্যাপারে আমরা সম্প্রতি কেন্দ্রকে ফের অনুরোধ জানিয়েছি। আশা করব, কেন্দ্র তার পূর্ব প্রতিশ্রুতি রক্ষা করবেন। কেন্দ্রের কাছ থেকে যে টাকাটা পাওয়া যাবে তার পুরোটাই পরিবহণ ব্যবস্থার উন্নতির কাজে লাগানো হবে। পূর্বতন সরকার যে দু'টি প্লেন ও হেলিকপ্টার নিজেদের বিলাস ভ্রমণের জন্য ব্যবহার করতেন সব ক'টিই আমরা বেচে দেবার সিদ্ধান্ত নিয়েছি ; বিক্রয়লব্ধ অর্থের সম্পূর্ণ অঙ্ক পরিবহণ সংস্থাগুলিকে দেওয়া হবে।

অনুদান নিয়ে আলোচনার সময় মুখ্যমন্ত্রী কলকাতা মহানগরী উন্নয়ন কর্তৃপক্ষের কার্যাবলী সম্পর্কে অবশ্যই একটি পূর্ণাঙ্গ বিবৃতি দেবেন। সি এম ডি এ-র কর্মসূচী অতীতে যেভাবে প্রস্তাবিত ও রূপায়িত হয়েছে সে সম্পর্কে কলকাতার অধিবাসীদের মনে পুঞ্জীভূত বিক্ষোভ আমাদের অজানা নয়। ১৯৭০ সাল থেকে শুরু ক'রে আজ পর্যন্ত আড়াইশো কোটিরও বেশি টাকা খরচ করা হয়েছে ; ফলাফল কি, তা আমরা সকলেই নিজের চোখে দেখতে পাচ্ছি। সি এম ডি এ-র কর্মসূচী এখন আমরা অনেকটাই পাল্টে দিতে চাই। বস্তি উন্নয়নের ব্যাপারে আমরা বরাদ্দ বাড়াবার কথা ভাবছি। কলকাতা ও আশেপাশের প্রত্যেকটি বস্তিকে উন্নয়ন প্রকল্পের আওতায় আনতে চাই আমরা, বস্তি উন্নয়নের নির্ধারিত কার্যতালিকার সম্প্রসারণ ঘটাতে চাই, বিশেষ ক'রে নর্দমাগুলি যাতে ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর সঙ্গে যুক্ত হয় তার ব্যবস্থা নিতে চাই। পয়ঃপ্রণালী ও জল নিকাশের বরাদ্দও আমরা বাড়াবার কথা ভাবছি, বিশেষ ক'রে কলকাতার ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী পরিষ্কার করার একটি বড়ো প্রকল্প আমরা হাতে নিতে চাই, যার ফলে অন্তত শহরের রাস্তায় জল জমা খানিকটা কমবে। শহরের বস্তি এলাকায় পানীয় জলের সরবরাহ বাড়াবার ওপরেও আমরা জোর দিচ্ছি, জলনিকাশের ব্যবস্থা সম্প্রসারণের কথাও ভাবছি। সি এম ডি এ কর্তৃক প্রবর্তিত ঠিকাদারী ব্যবস্থা কি ক'রে পালটানো যায়, অর্থের অপব্যবহার কি ক'রে কমে, ইত্যাদি নিয়েও চিন্তা ভাবনা করছি।

সি এম ডি এ এলাকার বাইরে যে সমস্ত জেলাশহর ও অন্যান্য মফঃস্বল শহর আছে, তাদের শ্রীবৃদ্ধির দিকে আদৌ এতদিন কোনো নজর দেওয়া হয়নি। এটা একটা মারাত্মক ত্রুটি ; এই ত্রুটি ঘোচানোর জন্য আমরা কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করছি। মফঃস্বলের অন্তত ত্রিশটি শহরে কিছু কিছু বস্তী সংস্কারের প্রকল্পে হাত দেওয়া হয়েছে।

প্রচার ও জনসংযোগের ক্ষেত্রে কয়েকটি নতুন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলকাতায় একটি জাতীয় থিয়েটার প্রতিষ্ঠা করার ব্যাপারে বহু বছর ধ'রে আলোচনা চলছে। এ বছরের বাজেটে আমরা চার লক্ষ টাকার বরাদ্দ রেখেছি জাতীয়

থিয়েটারের জন্য একটি উপযুক্ত জমি কেনার উদ্দেশ্যে। একটি রঙিন ফিল্ম ল্যাবরেটরির অভাবে পশ্চিমবঙ্গের চিত্রশিল্প অনেকটাই পিছিয়ে পড়েছে। এই অভাব আমরা দূর করতে চাই ; এ বছরের বাজেটে সেই উদ্দেশ্যেও পাঁচ লক্ষ টাকা বরাদ্দ রেখেছি। দুঃস্থ শিল্পী ও ফিল্ম টেকনিশিয়ানদের সাহায্যের জন্য দু'টো আলাদা কর্মসূচী আমরা গ্রহণ করেছি।

শহর থেকে দূরে পল্লী-অঞ্চলে ও মফঃস্বলে অর্থনৈতিক ক্রিয়াকর্ম আমরা দ্রুততর করতে চাই, শহরের সঙ্গে মফঃস্বলের সংযোগ দৃঢ়তর করতে চাই। প্রধানতঃ সেই উদ্দেশ্যে বিভিন্ন জেলা শহরে টাউন হলগুলি সংস্কারের কাজে হাত দেওয়া হয়েছে। আসানসোল-রানীগঞ্জের কয়লাখনি অঞ্চলে পাঠাগার ও প্রেক্ষাগৃহ সম্বলিত একটি জনসংযোগ কেন্দ্র খোলা হচ্ছে। ঝাড়গ্রামে একটি লোকসংস্কৃতি কেন্দ্র প্রতিষ্ঠার ব্যবস্থা হচ্ছে।

মার্চ মাসে যে বাজেট উপস্থাপন করা হয়েছিল তাতে ত্রাণ নির্বাহের জন্য বরাদ্দ ছিল সাড়ে ছ' কোটি টাকা। গত দুই মাসে উত্তর ও দক্ষিণ বঙ্গে ভীষণ বন্যার প্রকোপে বহু শত নর-নারী-শিশু বিপন্ন হয়েছেন ; ত্রাণ কার্যের জন্য নির্দিষ্ট অর্থ তাই প্রায় নিঃশেষিত। আমরা অতএব সারা বছরের জন্য বরাদ্দ বাড়িয়ে দশ কোটি টাকা করেছি। কেন্দ্রীয় সরকারকেও এই ব্যাপারে বিশেষ সাহায্যের জন্য অনুরোধ জানানো হয়েছে।

সরকারী কর্মচারীদের বেতন, ভাতা ইত্যাদি নিয়ে অনেক সমস্যা জমা হয়ে আছে। বিগত সরকার খামখেয়াল বশতঃ বিচিত্র ধরনের এমন কয়েকটি সিদ্ধান্ত নিয়েছিলেন যাতে সমস্যাগুলি আরও জটিল হয়েছে। আমরা স্থির করেছি যে, সর্ব-স্তরের সরকারী কর্মচারীদের চাকরীর শর্ত, বেতন ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়গুলি বিচার ক'রে দেখবার জন্য অবিলম্বে একটি বেতন কমিশন গঠন করা হবে। এই কমিশন চিন্তাভাবনা ক'রে যে-যে সিদ্ধান্তে পৌঁছবেন তার ভিত্তিতেই আমরা সরকারী কর্মচারীদের বেতনক্রম ইত্যাদি পুনর্বিন্যাস করব।

(৩)

এবার আমি আমাদের প্রস্তাবিত কর্মসূচী ঢোকানো ও অন্যান্য পরিবর্তনের ফলে বাজেটের অবস্থা কি দাঁড়াল সে প্রসঙ্গে আসছি। এটাই আমার কঠিনতম কাজ। দু' মাস আগে ভোট-অন-এ্যাকাউন্টস পেশ করার সময়ে আমি বলেছিলাম, পূর্বতন সরকার যেখানে ঘোষণা করেছিলেন এ বছরের শুরুতে রাজ্যের কোষাগার ঘাটতির

পরিমাণ ছিল ৭ কোটি টাকা, আসলে তা ৪৬ কোটি টাকা। এ্যাকাউন্টেন্ট জেনারেল যে প্রাথমিক হিসেব দিয়েছিলেন তার ভিত্তিতেই তখন আমি এ কথা বলেছিলাম। এখন আমরা আরো পাকা হিসেব ঐ দপ্তর থেকে পেয়েছি; দেখা যাচ্ছে প্রারম্ভিক ঘাটতি ৭ কোটি নয়, ৪৬ কোটি নয়, আসলে তা ছিল ৫৬ কোটি টাকা।

নতুন দায়িত্ব গ্রহণ করার পর কোনো অর্থমন্ত্রীর পক্ষে এর চেয়ে মারাত্মক খবর কিছু হতে পারে না। পূর্বতন সরকার রাজস্ব সংগ্রহের ব্যাপারটাই শুধু অবহেলা করেননি, ১৯৭৬-৭৭ সালে প্রায় ৪৫ কোটি টাকার মত অননুমোদিত ব্যয় ক'রে গেছেন। এই ৫৬ কোটি টাকার প্রারম্ভিক ঘাটতিই একমাত্র দুঃসংবাদ নয়। মাননীয় সদস্যরা এটাও জানেন, পূর্ববর্তী সরকার পঁচিশে মার্চ ও তিরিশে এপ্রিলের মধ্যবর্তী সময়ে ৫০ কোটি টাকার মতো বাড়তি ব্যয়ের সিদ্ধান্ত নিয়ে বেরিয়ে যান। আমরা পর্যালোচনা ক'রে দেখেছি এই অঙ্কের অন্তত ৩৭ কোটি টাকার দায়িত্ব আমাদের গ্রহণ করতেই হবে। তা ছাড়া গত বছরের অভিজ্ঞতার ভিত্তিতে মনে হয় ক্ষুদ্র সঞ্চয় থেকে রাজ্য সরকারের প্রাপ্য ৭৫ কোটি টাকা না ধরে ৬০ কোটি টাকা ধরাই শ্রেয়। মার্চ মাসের বাজেটে বলা হয়েছিলো, ষষ্ঠ অর্থ কমিশনের অনুমোদনের ভিত্তিতে কেন্দ্র থেকে একটি বিশেষ খাতে অতিরিক্ত অনুদান হিসেবে আনুমানিক ২০ কোটি টাকার মত এ বছর পাওয়া যাবে। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের মাত্র ১০ কোটি টাকা দিতে সম্মত হয়েছেন, ফলে রাজ্য সরকারের আর্থিক অবস্থার আরো একটু অবনতি ঘটেছে। সবশেষে উল্লেখ করতে হয়, পূর্বতন সরকার এ বছর ১৩ কোটি টাকা বাড়তি রাজস্ব সংগ্রহের প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু সে ব্যাপারে কিছু করেন নি। সমস্ত দুঃসংবাদগুলি একত্র ক'রে হিসেব নিলে যা দাঁড়ায় তা এই: অন্য কোন বিধি-ব্যবস্থা না নেওয়া হলে বছরের শেষে রাজ্য সরকারের ঘাটতি ১৩১ কোটি টাকায় পৌঁছুবে।

এটা মস্ত বড় সংকট। এই রাজ্যে যাঁরা এর আগে হাল ধরেছিলেন তাঁরা সব কিছু এলোমেলো করে দিয়ে লুটে-পুটে গেছেন। কিন্তু তাই ব'লে আমরা বার্ষিক পরিকল্পনার বরাদ্দে কাট-ছাঁট করতে রাজি নই; আমাদের আদর্শ ও চিন্তাধারা অনুযায়ী যে প্রকল্পগুলির কথা ভাবছি সেগুলো স্থগিত রাখাও সমান অসমীচীন হবে। রাষ্ট্রীয় খাতে প্রকল্প সম্প্রসারণ করলেই অর্থনৈতিক সঙ্কট থেকে মুক্তি পাওয়া সম্ভব, আমাদের এই বিশ্বাসের কথা আগে বলেছি। সে জন্যই আমরা বাৎসরিক পরিকল্পনার বরাদ্দ পূর্বতন সরকার যা নির্ধারণ ক'রে গিয়েছিলেন, সেই ৩১১ কোটি টাকা থেকে বাড়িয়ে ৩১৭ কোটি টাকা ধার্য করেছি। পরিকল্পনার বাইরে খরচ কমিয়ে আমরা এই বাড়তি অঙ্কের ব্যবস্থা করছি। যেমন পুলিশের খাতে ভোট-অন-

এ্যাকাউন্টসে যা দেখানো হয়েছিল তার থেকে প্রায় চার কোটি টাকার মত কমানো হয়েছে। অন্যান্য আরো দু'একটি খাতেও টাকা কমিয়ে দেওয়া হয়েছে।

আমরা নানা সূত্র থেকে রাজ্য সরকারের যা বকেয়া প্রাপ্য তা যাতে এবছর অনেকটাই সংগ্রহ করতে পারি, সেদিকে বিশেষ নজর দিচ্ছি। ভূমিরাজস্ব সেচকর, কৃষিকর, কয়লাখনির দেয় রয়্যালটি ইত্যাদি মিলিয়ে আমাদের বকেয়া প্রাপ্যের প্রায় ২৭ কোটি টাকা বর্তমান আর্থিক বছরে আদায় করতে আমরা বদ্ধপরিকর। বিক্রয়-কর ও অন্তঃশুল্কের সংগ্রহ বাড়ানোর জন্য আমরা এবছরে একটি বিশেষ কর্মসূচী হাতে নিয়েছি, ফলে প্রায় ৩ কোটি টাকা বাড়তি সংগ্রহের সম্ভাবনা। তা ছাড়া প্রায় ১৫ কোটি টাকা বকেয়া আয়করের ভাগ হিসেবে কেন্দ্রের থেকে এবছর আমাদের পাবার কথা। কেন্দ্রের নানা মন্ত্রণালয় থেকে আমাদের প্রাপ্য ৯ কোটি টাকাও আশা করি এবছরে পাব। পশ্চিমবঙ্গে যেসব কয়লা খনি আছে সে খনির জমিগুলি আমাদের, সেই জমি বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের প্রাপ্য রয়্যালটির হার বহু বছর সংশোধন করা হয় নি। সম্প্রতি আমরা এই হার বাড়াবার অনুরোধ জানিয়ে কেন্দ্রকে চিঠি দিয়েছি; আশা করছি কেন্দ্র অনুরোধটি রক্ষা করবেন। যদি তা করেন, আমাদের রাজস্বের পরিমাণ আরো ৩ কোটি টাকা বাড়বে। রাজস্ব বৃদ্ধির নানা যে প্রস্তাবের কথা আমি বললাম তার ফলে ঘাটতির পরিমাণ অন্তত ৫৭ কোটি টাকা টাকা কমবে।

তা হ'লেও কিন্তু ৭৪ কোটি টাকার মত ঘাটতি থেকে যাবার আশঙ্কা। বাজেটে এতটা ঘাটতি রেখে দেওয়া আদৌ উচিত হবে না। মাননীয় সদস্যরা তো জানেন, রাজ্য সরকারগুলির রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে ওভার ড্রাফটের পরিমাণ বেড়ে যাওয়ায় কেন্দ্রীয় সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। ওভার ড্রাফটের মাত্রাধিক্য ঘটলে মুদ্রাস্ফীতি বাড়ে, সেই সঙ্গে জনসাধারণের দুর্গতির মাত্রাও।

ঘাটতি কমাবার অন্যতম উপায় রাষ্ট্রীয় উদ্যোগগুলি থেকে উদ্ভূত উদ্বৃত্তের শরণ নেওয়া। দুর্ভাগ্যবশতঃ আমাদের রাজ্যে রাষ্ট্রীয় উদ্যোগগুলির হাল বড়ই করুণ। ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত তাদের ক্ষতির বহর ছিল ১১৩ কোটি টাকা। আমাদের কাছে এখনো পাকা হিসেব পৌঁছয় নি, কিন্তু ধরেই নেয়া যায় ১৯৭৬-৭৭ সালে অবস্থার আরো অবনতি ঘটেছে। বিগত কয়েক বছরে এই সংস্থাগুলির কর্মমান উন্নতির কোন চেষ্টাই হয় নি। কিছু নীতিহীন রাজনীতিজ্ঞ কিংবা তাদের সাঙ্গোপাঙ্গোরা সংস্থাগুলির দখলদারি নিয়েছিলেন। অনেকগুলি সংস্থারই পরিচালনা ব্যবস্থা ঢেলে সাজানো প্রয়োজন। সেটা সময় সাপেক্ষ ব্যাপার। অদূর ভবিষ্যতে রাষ্ট্রীয়

উদ্যোগগুলি সরকারের রাজস্ব সংগ্রহের কাজে সামান্যতম সাহায্য করতে পারবে এটা মস্ত দুরাশা।

ঘাটতি কমাবার অন্য আর এক উপায় বাজারে আরো লগ্নী করা, কিন্তু এখানে আমাদের হাত-পা বাঁধা, কেন্দ্রীয় সরকারের বিধান আমাদের মেনে চলতেই হয়। আমাকে তাই কিছু কিছু নতুন করের কথা ভাবতে হচ্ছে। একটি দায়িত্বশীল সরকার চালাতে আমরা অঙ্গীকারবদ্ধ; সেই অঙ্গীকার পালন করতে গেলে কিছু অপ্রিয় ব্যবস্থা নিতেই হয়। সাধারণ লোকের অসুবিধার সৃষ্টি হয় এমন কোনো করের বোঝা চাপাবার কথা আমি কিন্তু আদৌ ভাবছি না।

জিনিসপত্র কেনা-বেচার ওপর কর ধার্যের অধিকার রাজ্য সরকারগুলির ওপর বর্তেছে। ক্রয় ও বিক্রয় করই রাজ্য সরকারের রাজস্ব সংগ্রহের প্রধান উৎস। বাধ্য হয়েই আমাকে তাই সবচেয়ে আগে এই উৎসের কথা ভাবতে হচ্ছে। আমাদের রাজ্যে কিছু কিছু জিনিসপত্রের ওপর বিক্রয়কর ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের ধারা অনুযায়ী বিক্রয়ের প্রথম বিন্দুতে ধার্য হয়। অন্য কিছু কিছু জিনিসের ওপর ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইন অনুযায়ী শেষ বিন্দুতে কর বসে। এই দুই আইনের আওতায় পড়ছে এমন সব জিনিসপত্রের ওপরই কর ব্যবস্থার কিছু অদল-বদলের প্রস্তাব আমি পেশ করছি। উল্লিখিত দু'টি আইন সম্পর্কে যে সংশোধন বিল বিধানসভার বর্তমান অধিবেশনে আনা হচ্ছে তাতে প্রস্তাবাদির বিশদ বিবরণ থাকবে, আলাদা বিজ্ঞপ্তিও বেরোবে। আমি শুধু এখানে মূল পরিবর্তনগুলি নিয়ে দু'টো চারটে কথা বলছি।

বিভিন্ন রাজ্যে পণ্য উৎপাদনের জন্য উৎপাদকের কাছে সরাসরি পণ্য বিক্রয় এবং পণ্যের আধার বিক্রয়ের ক্ষেত্রে ৩% বা ততোধিক হারে বিক্রয়কর আরোপ হয়ে থাকে। পশ্চিমবঙ্গে এ ধরনের পণ্যে দু'রকম হারে বিক্রয়কর বলবৎ আছে। ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইনের আওতায় পড়েন এমন পণ্য উৎপাদনকারীর ক্ষেত্রে বিক্রীত পণ্যের উপর এই হার ২% এবং ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের আওতাভুক্ত পণ্য উৎপাদকের ক্ষেত্রে পণ্য বিক্রয়ের উপর এই হার শতকরা ১ ভাগ। এ ধরনের পণ্য যখন সরাসরি কয়লা উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত হয় তখন বিক্রয় করের হার অবশ্য ১ শতাংশ। মাননীয় সদস্যবর্গ স্বীকার করবেন এ সমস্ত ব্যবস্থাই ভীষণ গোলমেলে। বিক্রয় করের এই কাঠামো সামগ্রিকভাবে সরল ও সঙ্গতিপূর্ণ করার উদ্দেশ্যে আমি সকল ক্ষেত্রেই একই ৩ শতাংশ হার প্রবর্তন করতে চাই। এই কারণে ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইন এবং ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের যথোচিত

সংশোধনের প্রস্তাব আনা হচ্ছে। ফলে আমরা বছরে অতিরিক্ত ১০ কোটি টাকার রাজস্ব পাব ব'লে আশা করছি।

নিবন্ধভুক্ত নন এমন ব্যবসায়িকগণের কাছ থেকে প্রস্তুতকারকগণ যেসব দ্রব্য ক্রয় করেন সেই ক্রয়কে উভয় প্রকার সংবিধির অধীন কর থেকেই বর্তমানে অব্যাহতি দেওয়া হয়। আমার মতে এটি একটি গুরুতর ত্রুটি। এর ফলে অনেক ব্যবসায়ী যাঁদের নিবন্ধভুক্ত থাকার কথা, তাঁদের নিবন্ধীকরণ এড়িয়ে কর ফাঁকি দেওয়ার প্রবৃত্তিকে উৎসাহ দেওয়া হয়। সেইজন্য আমি নিবন্ধভুক্ত নন এমন ব্যবসায়িগণের কাছ থেকে প্রস্তুতকারকগণ কর্তৃক ক্রীত সমস্ত ক্রয়ের উপর ৪ শতাংশ হারে ক্রয়কর বসাতে চাই। অবশ্য যেসব পণ্য বিক্রয়করের আওতায় পড়ে না সেগুলির উপর এই ক্রয়কর বসবে না। পশ্চিমবঙ্গের বাইরে পণ্যের মজুত হস্তান্তরের ক্ষেত্রেও কাঁচামাল ক্রয়ের উপর অনুরূপ করের প্রস্তাব করছি। এই প্রস্তাবের ফলে যে যে ক্ষেত্রে নিবন্ধভুক্ত ব্যবসায়ী এই রাজ্যে উৎপাদকের কাছে কাঁচামাল বিক্রয় করেন, অথচ ঐ কাঁচামালের সাহায্যে উৎপাদিত পণ্য রাজ্যের বাইরে বিক্রয় ছাড়া অন্য উপায়ে হস্তান্তর করা হয়, সেই সেই ক্ষেত্রে কাঁচামাল কেনার উপর কর বসবে। মহারাষ্ট্রের মত শিল্পোন্নত রাজ্যে উৎপাদিত পণ্য একমাত্র রাজ্যের মধ্যে বিক্রয় করা হ'লেই ঐসব পণ্যের কাঁচামালের উপর সুবিধাজনক হারে কর প্রযোজ্য হয়। আমি এ রাজ্যে মহারাষ্ট্রের প্রথা চালু করার প্রস্তাব রাখছি। নিবন্ধভুক্ত ব্যবসায়িগণের কাছ থেকে যেসব কাঁচামাল ক্রয় করা হয় সেগুলি যদি রাজ্যের মধ্যে বিক্রয় না করে পশ্চিমবঙ্গের বাইরে চালান দেওয়ার উদ্দেশ্যে পণ্য উৎপাদনে ব্যবহৃত হয় তাহ'লে ৪ শতাংশ হারে ক্রয়কর ধার্য হবে। ক্রয়কর সম্পর্কিত এ দু'টি প্রস্তাবের ফলে প্রায় ৫ কোটি টাকা বার্ষিক রাজস্ব বৃদ্ধি পাবে।

১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব বিষয়ক (বিক্রয়কর) আইন অনুযায়ী শেষ পর্যায়ের বিক্রয়ের উপর সাধারণ করের হার বর্তমানে শতকরা ৬ ভাগ। এই আইনে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী যেমন চাল, ডাল, গম, ময়দা, সরষের তেল, রেপসীড তেল, গেঞ্জী জাতীয় পোশাক ইত্যাদি করমুক্ত। তাছাড়া সাধারণ ব্যবহারের উপযোগী বেশ কিছু সংখ্যক পণ্যসামগ্রীকে ১৯৪১ সালের আইনে শেষ পর্যায়ে কর আরোপের আওতা থেকে ১৯৫৪ সালের আইনে প্রথম বিক্রয়ের উপর কর আরোপের আওতায় আগেই আনা হয়েছে। ফলে এই পণ্যগুলির বিক্রয়ের উপর শেষ পর্যায়ে আর শতকরা ৬ ভাগ হারে কর বসে না। কর আরোপের এই স্তর পরিবর্তনের আওতায় আছে বনস্পতি, সাবান, সাধারণ প্রসাধন সামগ্রী, গুঁড়ো দুধ, ওষুধ, কেরোসিন, কাগজ, দেয়াশলাই ইত্যাদি। ১৯৫৪ সালের আইন

অনুযায়ী প্রথম বিক্রয়ের উপর কর আরোপের জন্য আরো কিছু পণ্যসামগ্রীকে ঐ আইনে অন্তর্ভুক্ত করবার জন্য আমি প্রস্তাব করছি। এই পরিবর্তনের বিস্তারিত বিবরণ একটু বাদেই দিচ্ছি। সাধারণ ব্যবহারের কয়েকটি প্রধান পণ্য বস্ত্র, চিনি, তামাক ও তামাকজাত সামগ্রী—এমনিতেই কোন বিক্রয়করের আওতায় পড়ে না। সব মিলিয়ে বলা চলে অধিকাংশ নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যই ১৯৪১ সালের আইন অনুযায়ী শেষ পর্যায়ের শতকরা ৬ ভাগ হারে দেয় বিক্রয়করের আওতার বাইরে। তাই করের হারের উর্ধ্বমুখী পুনর্বিন্যাস করলে রাজ্যের সাধারণ মানুষের বিশেষ কোনো অসুবিধা হবে না। এই বিবেচনাবশতঃ আমি ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব বিষয়ক (বিক্রয়কর) আইনে শেষ পর্যায়ের বিক্রয়ের উপর করের হার শতকরা ৬ ভাগ থেকে ৭ ভাগ করার প্রস্তাব আনছি। অন্যান্য অনেক রাজ্যেও এই করের হার অনুরূপ বাড়ানো হয়েছে। এই প্রস্তাবের ফলে বার্ষিক অতিরিক্ত ৫ কোটি টাকা কর আদায় সম্ভব হবে।

বর্তমানে কুড়ি বা ততোধিক শ্রেণীর পণ্য ১৯৫৪ সালের আইনের আওতায় পড়ে এবং তাদের প্রথম বিক্রয়ের উপর কর আরোপ করা হয়। প্রথম বিক্রয়ের উপর কর আরোপের ব্যবস্থার প্রশাসনিক সুবিধা অনেক। তা ছাড়া ব্যবসা, শিল্প ও ক্রেতা সাধারণও এই ব্যবস্থা পছন্দ করেন। কর ফাঁকি বন্ধ করা এবং অধিক রাজস্ব সংগ্রহের ক্ষেত্রেও এই ব্যবস্থা সহায়ক। আমি তাই আরো ২০ শ্রেণীর পণ্য সামগ্রীকে ১৯৫৪ সালের আইনে প্রথম পর্যায়ে কর আরোপের আওতায় আনার প্রস্তাব করছি। এই পণ্যগুলির বিশদ বিবরণ এবং কোন্ তারিখ থেকে ১৯৫৪ সালের আইনে তা অন্তর্ভুক্ত করা হবে সেই তথ্য বিধিবদ্ধ বিজ্ঞপ্তির দ্বারা ঘোষিত হবে। প্রস্তাবিত পণ্যগুলির কয়েকটি বর্তমানে ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব বিষয়ক (বিক্রয়কর) আইনের ২ নং তফসিলের অন্তর্গত এবং তাদের উপর বর্তমান করের হার শতকরা ১২ ভাগের বেশী ; অথচ ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনে করের উর্ধ্বসীমা শতকরা ১২ ভাগের বেশী হতে পারে না। প্রস্তাবিত পরিবর্তনের সুবিধার জন্য অতএব ১৯৫৪ সালের আইন সংশোধন ক'রে করের হারের উর্ধ্বসীমা শতকরা ২০ ভাগ ধার্য করার প্রস্তাব আনছি। যেহেতু প্রথম পর্যায়ের করের ভিত্তি শেষ পর্যায়ের করের ভিত্তির তুলনায় সীমিত, তাই করের হারের কিছু পরিবর্তন-সাধন প্রয়োজন। রাজস্বের দিক থেকে চিন্তা ক'রেও প্রথম পর্যায়ের করের হার একটু বাড়াবার প্রস্তাব রাখছি।

অন্ততঃ একটি আনন্দের সংবাদ পরিবেশন করছি। ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের আওতাভুক্ত একটি অত্যাবশ্যক পণ্য, প্রস্তুত ভেষজের উপর

বিক্রয়করের হার শতকরা ৮ ভাগ থেকে কমিয়ে ৬ ভাগ করার আমরা সিদ্ধান্ত নিয়েছি। এর ফলে অন্যান্য রাজ্যে প্রচলিত হারের সঙ্গে আমাদের হারের সামঞ্জস্য স্থাপিত হবে। আমি আশা করবো ঔষধ শিল্প ও ঔষধ ব্যবসায়িগণ করহ্রাসের এই সুবিধাটি সাধারণ মানুষকে পৌঁছে দেবেন এবং উৎপাদন ও করযোগ্য বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির ব্যাপারে সচেষ্ট হবেন।

রাজ্য সরকারের কাছে ব্যবসায়ী সম্প্রদায় এবং ক্রেতা উভয়পক্ষই নিবেদন করেছেন, মোটরগাড়ির যন্ত্রাংশ ও আনুষঙ্গিক দ্রব্যের উপর বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইন, ১৯৪১ অনুসারে ১৫% হারে বিক্রয়কর অত্যন্ত বেশি। অন্য কোন কোন রাজ্যে ও অঞ্চলে এই বিক্রয়কর কম হওয়ায় অনেক অবাঞ্ছিত ব্যাপারের সৃষ্টি হচ্ছে, যেমন এই রাজ্যের নিবন্ধবহির্ভূত ব্যবসায়িকগণের কাছে আন্তঃরাজ্য পর্যায়ে বিক্রয় বেড়ে যাচ্ছে। সন্নিহিত রাজ্য বিহার ও ওড়িশায় এই হার ১২% হওয়ায় সমস্যা আরো বেড়েছে। মোটরগাড়ির যন্ত্রাংশ যাত্রী পরিবহণ ও মাল পরিবহণ উভয়-ক্ষেত্রেই অত্যন্ত প্রয়োজনীয়। এর উপর ধার্য করের প্রতিক্রিয়া অনেক দূর গড়াতে পারে। সমস্ত দিক বিবেচনা ক'রে আমি এই শ্রেণীর পণ্যাদিকে পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৪-এর আওতায় এনে প্রথম ধাপে শতকরা ১২ হারে কর আরোপ করতে চাই। ব্যবসায়ীরা এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে রাজস্ব বাড়ানোর ব্যাপারে আশা করি আমাদের সঙ্গে পূর্ণ সহযোগিতা করবেন। বিভিন্ন পণ্যকে প্রথম দফা করাধীনে নিয়ে যাওয়ার বিভিন্ন প্রস্তাব এবং করের হার বৃদ্ধি ও হ্রাস সংক্রান্ত আমার প্রস্তাবগুলির নীট ফলে প্রায় দেড় কোটি টাকা অতিরিক্ত রাজস্ব পাওয়া যাবে ব'লে অনুমান হয়।

১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন অনুসারে বর্তমানে মোবিল তেল, ব্রেকের তেল, অ্যাক্সেল অয়েল ও গ্রীজ সহ সব পিচ্ছিল তেলের উপর প্রস্তুতকারকদের কাছে বিক্রয়ের ক্ষেত্রে ১% হারে এবং অন্যদের কাছে ৬% হারে কর ধার্য হয়। অনেক রাজ্যেই এই শ্রেণীর পণ্যের উপর করের সাধারণ হার ৭% বা তারও বেশি। তা ছাড়া আমাদের এখানে দুই ধরনের কেনাবেচার উপর দুই রকম হারের মধ্যে ৫% তফাত হওয়ায় নানা অসাধুতা দেখা দিচ্ছে। আমি এই বিক্রয়করের হারের তফাত কমিয়ে আনতে চাই ; প্রস্তুতকারকদের জন্য হার প্রস্তাব করছি ৩%, এবং সাধারণ হার ৬% থেকে বাড়িয়ে করা হবে ৭%। এই ব্যবস্থার ফলে বছরে ১ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব পাওয়া যাবে ব'লে আশা করা যায়।

কলকাতা ও শিলিগুড়িতে চায়ের নীলাম, বিক্রয়কে ১৯৪১ সালের বিক্রয়কর নিয়মাবলী অনুসারে দেয় বিক্রয়কর থেকে বর্তমানে অব্যাহতি দেওয়া হয়। কোচিনে

চা-এর নীলামে এরকম ছাড় না দিয়ে সেখানে চা-এর উপর ৫% কর ধার্য হয়। সাম্প্রতিক বৎসরগুলিতে চা শিল্পে লাভের বহর প্রচণ্ড বেড়েছে। এই শিল্পের উচিৎ আমাদের রাজ্যের রাজস্ব আহরণের কর্তব্যে যথাযোগ্য সহযোগিতা করা। আমি কলকাতা ও শিলিগুড়িতে চা-এর নীলামের উপর বিক্রয়করে ছাড় আগামী ১লা সেপ্টেম্বর থেকে তুলে দেওয়ার প্রস্তাব করছি। এখন থেকে কলকাতা ও শিলিগুড়িতে নীলামে বিক্রীত চা-এর ক্ষেত্রে নিবন্ধভুক্ত ব্যবসায়ীদের মধ্যে সকল প্রকার কেনাবেচায় ১% বিক্রয়কর দিতে হবে। আমি আশা করবো শিল্প বাণিজ্য সংস্থাগুলি এই করের দায়ভার সাধারণ ক্রেতাদের উপর চাপাবার চেষ্টা করবেন না। এই ব্যবস্থায় পূর্ণ এক বৎসরে ৭০ লক্ষ টাকার অতিরিক্ত রাজস্ব পাওয়া যাবে।

বিক্রয় ও ক্রয়কর সংক্রান্ত আমার উল্লিখিত সবগুলি প্রস্তাবের ফলে বছরে মোট প্রায় ২৩ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব পাওয়া যাবে ব'লে আশা করা যায়। তবে এই প্রস্তাবগুলির কোন কোনটি সেপ্টেম্বরের গোড়া থেকে এবং কোন কোনটি ঐ মাসের আরও পরে বলবৎ হবে ব'লে চলতি বছরে এই বাড়তি আয় ১২ কোটি টাকার বেশি হবে ব'লে মনে হয় না।

মাননীয় সদস্যগণ জানেন যে, কেন্দ্রীয় সরকার চার বছরের মধ্যে পূর্ণ মাদকবর্জন কার্যকর করার অভিপ্রায় ঘোষণা করেছেন। এই লক্ষ্যে পৌঁছুতে হ'লে আইনের আশ্রয় নেওয়াই সর্বোত্তম পন্থা কিনা, অথবা সব কিছু ছেড়ে এ ব্যাপারে অগ্রাধিকার দেওয়া ঠিক না, সে বিষয়ে আমাদের মনে অবশ্য সংশয় আছে। যাই হোক, জাতীয় পর্যায়ে যখন একটি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তাকে সফল করার যথাসাধ্য চেষ্টা করা আমাদের কর্তব্য। আমি অতএব কতকগুলি সুরাজাতীয় পানীয়ের উপর বিক্রয়কর ও অন্তঃশুল্কের হার বৃদ্ধির প্রস্তাব করছি। বঙ্গীয় অর্থ (বিক্রয় কর) আইন (১৯৪১) সংশোধন ক'রে ভারতে প্রস্তুত বিদেশী মদের ক্ষেত্রে ১২ শতাংশ থেকে ২১ শতাংশে এবং বিদেশে তৈরি বিদেশী মদের ক্ষেত্রে ৫০ শতাংশে বিক্রয়কর বাড়ানো হচ্ছে। বিয়ারের ক্ষেত্রে অবশ্য কোন পরিবর্তন হবে না। ভারতে প্রস্তুত বিদেশী মদের উপর আবগারি কর সমহারে বাড়িয়ে লিটার প্রতি ত্রিশ টাকা থেকে ৩৫ টাকা করা হচ্ছে। "চালু" বা 'অন' দোকানের মাধ্যমে বিক্রীত ভারতে প্রস্তুত বিদেশী মদের উপর বসানো লাইসেন্স ফি, সাধারণভাবে যা লিটারেজ ফি ব'লে পরিচিত, বাড়িয়ে প্রতি লিটারে ১৩ টাকা থেকে ২৫ টাকা করা হচ্ছে। সীমিত সংখ্যক লাইসেন্সধারীরা যাতে অত্যধিক মুনাফা না করতে পারে এবং বেআইনি ব্যবসা যাতে না ছড়ায় সেজন্য "চালু" প্রতিষ্ঠানগুলি কর্তৃক বিক্রীতব্য মাদক দ্রব্যের দামের ঊর্ধ্বসীমা বেঁধে দেওয়া হচ্ছে। সামরিক বাহিনীর সদস্যদের এবং পুলিস

র্মচারীদের ভারতে প্রস্তুত বিদেশী মদের উপর আবগারি করের ক্ষেত্রে এখন পর্যন্ত া সুবিধা দেওয়া হচ্ছিল তা কমানো হচ্ছে। যেহেতু আমি অন্তঃশিল্পের উপর ালোচনায় পৌঁছে গেছি, তাই এখানে এটাও যোগ করছি যে, শিল্পে ব্যবহারের ন্য কয়েকটি বিশেষ ধরনের ডিনেচারড্ স্পিরিটের ক্ষেত্রে সুবিধাজনক 'পাস ফি'-র ার ১০ পয়সা থেকে বাড়িয়ে ২৫ পয়সা করা হচ্ছে। প্রসাধন সামগ্রী এবং ঔষধ ্তুত করার ক্ষেত্রে রেক্‌টিফায়েড স্পিরিটের উপর সুবিধাজনক হারে পাস ফি লটার প্রতি ১·১০ টাকা থেকে বাড়িয়ে ৩·৭৫ টাকা করা হচ্ছে। প্রতি কিলোগ্রামে াজার উপর কর ২০০ টাকা থেকে বাড়িয়ে ৩০০ টাকা করার প্রস্তাবও আমি রছি।

মদের উপর ধার্য বিক্রয়কর এবং অন্তঃশুল্ক সংক্রান্ত এইসব প্রস্তাবের ফলে বছরে ·৫ কোটি টাকার মত বাড়তি অর্থ সংগৃহীত হবে ব'লে আশা করা যায়। বর্তমান ছরে আনুমানিক ৩·৫ কোটি টাকার মত সংগ্রহ হতে পারে।

আরও কয়েকটি প্রস্তাব আমি উত্থাপন করতে চাই। বিভিন্ন চলচ্চিত্রকে প্রমোদ-র থেকে মুক্তি দেওয়ার ব্যাপারে নানা অভিযোগ উঠেছে; এই ব্যবস্থা তুলে দওয়ার জন্য বহু মহল থেকে উত্থাপিত দাবি আমার মতে যুক্তিসঙ্গত। সুতরাং আগামী সেপ্টেম্বর মাস থেকে এ ধরনের সব করমুক্তি প্রত্যাহার করার প্রস্তাব আমি করছি।

পশ্চিমবঙ্গে তৈরি অধিকাংশ চলচ্চিত্র সাদা-কালো, অথচ প্রদর্শিত চলচ্চিত্রের প্রায় ৬০ শতাংশই রঙিন চিত্র; সাদাকালোয় তৈরি চলচ্চিত্রের তুলনায় এ সব রঙিন ছবির বাণিজ্যিক সম্ভাবনা অনেক বেশি। বছরে ৫ কোটি টাকার মত অতিরিক্ত সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে, রঙিন ছবি প্রদর্শনের উপর বঙ্গীয় প্রমোদকর আইন (১৯২২) সংশোধন ক'রে আমি অতিরিক্ত অধিভার বসাতে চাই। এই অধিভার টিকিটের মূল্যানুযায়ী স্থির করা হবে। এই প্রস্তাব বাবদ যে টাকা আদায় হবে তার একটা অংশ খরচ হবে এ রাজ্যে যে রঙিন চলচ্চিত্র গবেষণাগার স্থাপনের কথা আমি আগে উল্লেখ করেছি সেই উদ্দেশ্যে। বর্তমানে বহু সঙ্গীত, নৃত্য, সার্কাস এবং ক্রীড়ানুষ্ঠান প্রমোদকর থেকে পুরোপুরি রেহাই পায়। অথচ বহু ক্ষেত্রেই খুব চড়া দামের টিকিট এ সব অনুষ্ঠানে বিক্রি হয়; সে সব টিকিট বিত্তবান শ্রেণীর লোকেরাই শুধু কেনেন। পয়লা সেপ্টেম্বর থেকে এ ধরনের অনুষ্ঠানে পনেরো টাকার বেশি দামের টিকিটের উপর কর দিতে হবে।

রাজ্য তালিকাভুক্ত কয়েকটি দলিলের উপর স্ট্যাম্প ডিউটি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাবও আমি এই সঙ্গে পেশ করছি। সাম্প্রতিককালে সম্পত্তি হস্তান্তর

সম্পর্কিত দলিল ছাড়া অন্যান্য অধিকাংশ দলিলের ক্ষেত্রে কোন সংশোধন করা হয়নি সেই ত্রুটি আমি পূরণ করছি। ৫০,০০০ টাকার মূল্য পর্যন্ত সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটি বাড়াবার কোন প্রস্তাব আমার নেই। তদপেক্ষা উচ্চমূল্যের ক্ষেত্রে ডিউটির হার বাড়ানো হচ্ছে। এই ব্যবস্থা থেকে আনুমানিক বাৎসরিক অতিরিক্ত অর্থ সংগ্রহের পরিমাণ ৩ কোটি টাকা।

রেজিস্ট্রেশন খাতে সরকারী ব্যয়ের পরিমাণ বহু গুণ বৃদ্ধি পেয়েছে, কিন্তু ১৯৬৪ সালের পর থেকে আজ পর্যন্ত রেজিস্ট্রেশন ফি-র ক্ষেত্রে কোন পরিবর্তন হয় নি। কোন কোন ক্ষেত্রে তাই আমি "রেজিস্ট্রেশন ফি" বাড়ানোর প্রস্তাব করছি। এ ব্যাপারে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি বের হচ্ছে; ফলে প্রায় ৮০ লক্ষ টাকা অতিরিক্ত রাজস্ব সংগ্রহ করা যাবে ব'লে আশা করি।

১৯৪৪ সালের বঙ্গীয় কৃষি আয়কর আইন সম্পর্কেও আমার কয়েকটি প্রস্তাব আছে। ১৯৭৭ সালের ১লা এপ্রিল থেকে কোম্পানী, সংস্থা বা অন্যান্য সমিতিভুক্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে করের হার বাড়বে। দেশীয় কোম্পানী, সংস্থা বা অন্য সমিতিভুক্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে যেখানে মোট কৃষি আয় ১ লাখ টাকা অথবা তার কম, সেখানে করের হার হবে টাকা প্রতি ৬৫ পয়সা; যেখানে এই আয় ১ লাখ টাকার বেশী সেখানে করের হার হবে টাকা প্রতি ৭৫ পয়সা। বিদেশী কোম্পানীর ক্ষেত্রে করের হার টাকা প্রতি ৮০ পয়সা ধার্য করা হচ্ছে। এ ছাড়া পারিবারিক আয়ের সংজ্ঞা প্রবর্তন, কর ফাঁকি রোধ ও দ্রুততর আদায় ব্যবস্থা সুনিশ্চিত করার উদ্দেশ্যে ১৯৪৪ সালের বঙ্গীয় কৃষি আয় কর আইনে আরো কয়েকটি সংশোধনী প্রস্তাব পেশ করবার আমার ইচ্ছা। এই প্রস্তাবগুলির ফলে বাৎসরিক অতিরিক্ত রাজস্বের পরিমাণ হবে ৭৫ লাখ টাকার মত।

যাঁরা বিত্তবান, রাজকোষে বাড়তি কিছু দেওয়া তাঁদের সামাজিক কর্তব্য। আমি পশ্চিমবঙ্গ বহুতল অট্টালিকা কর আইন (১৯৭৫) এবং পশ্চিমবঙ্গ শহরাঞ্চল জমি করাধান আইনে (১৯৭৬) কিছু সংশোধন আনতে চাইছি; এই দু'টি সংবিধিতে শ্রেণীবিন্যাস অনুযায়ী করাধানের ক্রমবর্ধমান হার চালু করার জন্যই এটা করা হচ্ছে। এই দু'টি সংশোধনী মারফত বছরে ২ কোটি টাকার মত অতিরিক্ত রাজস্ব আশা করা যায়।

দেশের বর্তমান অবস্থায় নিজস্ব মোটরগাড়ী রাখা বিলাসিতার পর্যায়ে পড়ে। আমি আগেই সরকারী পরিবহণক্ষেত্রে বিনিয়োগ বাড়ানোর কথা বলেছি। তার সূত্র ধ'রে বলছি, ব্যক্তিগত ও সংস্থাগত মোটরগাড়ীর মালিকরা রাজ্যের রাজস্ব বৃদ্ধির জন্য আশা করি কিছু অধিক কর দিতে কুণ্ঠিত হবেন না। অন্যান্য রাজ্যে

প্রচলিত কর-হারের পরিপ্রেক্ষিতে আমাদের এখানে মোটরগাড়ীর উপর করের হার বাড়ানোর যৌক্তিকতা আছে। সংশ্লিষ্ট আইনের সংশোধন ক'রে কোম্পানী এবং ব্যক্তির মালিকানাধীন মোটরগাড়ীর উপর করের হার বৃদ্ধির প্রস্তাব আমরা আনছি। ব্যক্তির মালিকানাধীন গাড়ীর ক্ষেত্রে কর বৃদ্ধির পরিমাণ বাৎসরিক ৫০ টাকার মত এবং কোম্পানীর ক্ষেত্রে এই বর্ধিত হার হবে ব্যক্তিগত মালিকানাধীন গাড়ীর ক্ষেত্রে প্রযোজ্য বর্ধিত হারের দ্বিগুণের পরিবর্তে তিনগুণ। এই প্রস্তাবগুলির ফলে বাৎসরিক অতিরিক্ত রাজস্ব সংগ্রহের পরিমাণ হবে প্রায় ৭½ লাখ টাকা।

১৯৭০ সালের বৃহত্তর কলকাতা পণ্য-প্রবেশ-কর আইনের প্রবর্তনের পর করের হারের এবং শ্রেণীবিন্যাসের কোনরূপ পর্যালোচনা আজ পর্যন্ত হয়নি। শ্রেণীবিন্যাসের ত্রুটি তৈজস নির্দিষ্টকরণের ক্ষেত্রে প্রশাসনিক অসুবিধা সৃষ্টি করেছে; ফলে কর ফাঁকির সুযোগ বৃদ্ধি পেয়েছে। শ্রেণীবিন্যাসের ত্রুটি দূর করার জন্য মাঝে মাঝে ইতস্তত কিছু সংশোধন হয়েছে, কিন্তু একটি সার্বিক পর্যালোচনা এবং আইনের তফসিলে পরিবর্তন আশু কর্তব্য। আমি এই মর্মে আইনের কিছু সংশোধনী আনার প্রস্তাব করছি।

আমার সর্বশেষ প্রস্তাব: সংবিধানে রাজ্য তালিকায় ৬০ ক্রমিকসংখ্যায় বর্ণিত ক্ষমতা অনুযায়ী বৃত্তি, কারবার এবং পেশার উপর কর ধার্য করা যায়। ভারতের সংবিধানের ২৭৬ অনুচ্ছেদ অনুযায়ী এই করের সর্বোচ্চ সীমা বাৎসরিক ২৫০ টাকা। আমরা ভারত সরকারের কাছে এই সীমা আরো উপরে তুলে রাজ্য সরকারের কর আরোপের ক্ষমতা বৃদ্ধির বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ জানাবো। পশ্চিমবঙ্গে ক'লকাতা এলাকায় ১৯৫১ সালের ক'লকাতা মিউনিসিপ্যাল আইন অনুসারে, অন্যান্য পৌর এলাকায় ১৯৩২ সালের বেঙ্গল মিউনিসিপ্যাল আইন অনুসারে এবং পঞ্চায়েত এলাকায় ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে এই কর ধার্য হয়ে থাকে। মহারাষ্ট্র, গুজরাট, কেরল প্রভৃতি রাজ্যে সাম্প্রতিক বছরগুলিতে এ ব্যাপারে রাজ্য আইন প্রবর্তিত হয়েছে। আমি মনে করি পশ্চিমবঙ্গেও আলাদা আলাদা ক'রে এই কর না চাপিয়ে এক সঙ্গে বিধিবদ্ধ করলে সুফল পাওয়া যাবে। এই উদ্দেশ্যে অতিশীঘ্র একটি সুসংবদ্ধ রাজ্য আইন পেশ করবার কথা চিন্তা করছি। এই আইন, আমি আশা করি, রাজ্য, নগর এবং আঞ্চলিক উন্নয়নের জন্য অধিকতর রাজস্ব জোগাতে সাহায্য করবে: পঞ্চায়েত ও ছোট শহরের জন্য আমরা প্রাপ্ত রাজস্ব থেকে বিশেষ প্রাপ্য আগে থেকে নির্দিষ্ট ক'রে দেব।

যে বিভিন্ন কর প্রস্তাব আমি আপনাদের সামনে উপস্থাপন করলাম তার ফলে

পুরো বছরে প্রায় ৪২ কোটি টাকার মতো রাজস্ব বৃদ্ধি পাবে। বর্তমান বছরে আনুমানিক ২৩ কোটি টাকা এই প্রস্তাবগুলির মাধ্যমে সংগ্রহ করতে পারব ব'লে আশা করি। তা ছাড়া মোটর গাড়ীর কর আদায় বৃদ্ধিকল্পে যে অভিযান শুরু করা হচ্ছে তার ফলেও বর্তমান বছরে অতিরিক্ত ২ কোটি টাকা সংগৃহীত হবে ব'লে আশা করি।

মাননীয় সদস্যরা আমার সঙ্গে নিশ্চয়ই একমত হবেন, এতক্ষণ ধ'রে যা-যা বর্ণনা করা হ'ল সব মিলিয়ে তা রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে খুবই বিস্তৃত প্রয়াস। কিন্তু এ ছাড়া আমাদের কোন গতি নেই। পূর্বতন শাসকগোষ্ঠী আমাদের জন্য যে উত্তরাধিকার রেখে গেছেন তাতে এই ধরনের ব্যাপক প্রচেষ্টা না করলে আমাদের অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন হ'তে হবে। সেটা আমরা কোনমতেই হ'তে দিতে পারি না।

চলতি বছরে রাজ্যকোষের সামগ্রিক চিত্র সম্বন্ধে এবার মন্তব্য সম্ভব। আমাদের প্রারম্ভিক ঘাটতি ছিল ৫৬ কোটি টাকা; আপাতত যে করব্যবস্থা আছে তাতে রাজস্ব খাতে উদ্বৃত্ত হওয়া উচিত আনুমানিক ৩৭ কোটি টাকা; রাজস্ব খাতের বাইরে সম্ভাব্য ঘাটতির পরিমাণ ফের ৫৬ কোটি টাকা। একটু আগে যা বলেছি, আমাদের ঘাটতির পরিমাণ তাই ৭৭ কোটি টাকার মতো দাঁড়াবার আশঙ্কা ছিল; রাজস্ববৃদ্ধির প্রস্তাবাদির ফলে আশা করা যায় তা ৪৯ কোটি টাকাতে নামবে। আমার আশা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের এই বিরাট প্রচেষ্টা যথাযোগ্য সম্মান জানিয়ে এই অবশিষ্ট ঘাটতি পূরণের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

আমি আমার বক্তব্যের উপান্তে পৌঁছেছি। আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য মনে রেখেই বাজেট রচনার দুরূহ কর্তব্য সাধ্যানুযায়ী সম্পন্ন করতে প্রয়াস পেয়েছি। যথার্থ ই আমরা আমাদের লক্ষ্যে পৌঁছুতে পারব কি না তা নির্ভর করছে আমাদের নিজেদের সততা ও অধ্যবসায়ের উপর, এবং সেই সঙ্গে রাষ্ট্রব্যবস্থার নানা স্তরে আমরা কতটা উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করতে পারি তার উপর। অপচয় ও অনাচার দূরীকরণের প্রতি আমাদের দৃষ্টি দিতেই হবে, ব্যয়বাহুল্য কমাতে হবে, সারলে পৌঁছুতে হবে। বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মচারীদের সক্রিয় সহায়তা ছাড়া এর কোন কিছুই সম্ভব নয়। তাঁরা এই রাজ্যের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে বরাবর আমাদের সঙ্গে থেকেছেন, আমরা আশা করব সুষ্ঠু ও শঠতাহীন একটি প্রশাসন গ'ড়ে তোলার সংগ্রামেও তাঁরা আমাদের পাশাপাশি থাকবেন।

কাছাকাছি আরও একটি প্রসঙ্গের উল্লেখ করি। বহু রাষ্ট্রীয় ব্যাপারে, যেমন কেনাকাটার ক্ষেত্রে অথবা রাস্তা বা ঘরবাড়ী নির্মাণ কার্যে, সরকার তথা রাষ্ট্রীয়

উদ্যোগগুলি এখনও ঠিকাদারী প্রথার ওপর নির্ভরশীল। ঠিকাদারদের প্রভাব খানিকটা কমিয়ে আনা গেলেই সরকারের পক্ষে ব্যয়সঙ্কোচ সম্ভব। ঠিকাদারী প্রথা যাতে আস্তে আস্তে সম্পূর্ণ বিলোপ করা যায় সেই উদ্দেশ্যে একটা-দুটো ক্ষেত্রে সরকারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে বেকার ইঞ্জিনীয়ার, কারিগর, ছোট দোকানদার ইত্যাদিদের সাহায্যে রাস্তাঘাট তৈরি অথবা জিনিসপত্র কেনাকাটা নিয়ে পরীক্ষা বাঞ্ছনীয়। এতে একদিকে যেমন ব্যয়সঙ্কোচ হবে, অন্যদিকে আমাদের ছেলেমেয়েদের কর্মসংস্থানের সুযোগ বাড়বে। এরকম পরীক্ষা আমরা শুরু করব। রাতারাতি আমরা কোন জাদু ঘটাতে পারব না, কিন্তু এই ব্যাপারে এই বছরই আমরা কিছুটা উদ্যোগ নিতে পারি।

উপসংহারে আর একবার বলি, আমরা বিনীত প্রচেষ্টার মধ্য দিয়েই একটি নীরব বিপ্লব ঘটাতে চাই, নীরব অর্থ নৈতিক বিপ্লব, যে বিপ্লবের উপান্তে যুগ যুগ ধ'রে যে মানুষেরা নিপীড়িত, বঞ্চিত, লাঞ্ছিত হয়ে আসছিলেন, তাঁরা জীবনের অন্য একটি ভাষা খুঁজে পাবেন। আমাদের সমস্ত ক্রিয়াকর্মের একমাত্র অভীষ্ট সাধারণ মানুষ; সম্মান নিয়ে, গর্ব নিয়ে সাধারণ মানুষ যেন একটু মাথা উঁচু ক'রে দাঁড়াতে পারে। আজ আপনাদের সামনে যে অর্থ নৈতিক বিবরণী উপস্থাপন করা হ'ল, আশা করি তা সেই অভীষ্টে পৌঁছনোর একটি সামান্য পাথেয় হিসেবে বিবেচনা করা হবে।

পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৭৭-৭৮

(হাজার টাকার হিসাবে)

	সংশোধিত, ১৯৭৬-৭৭	বাজেট, ১৯৭৭-৭৮ (১৯৭৭-এর মার্চে উপস্থাপিত)	বার্ষিক অর্থনৈতিক বিবরণী, (১৯৭৭-৭৮ (১৯৭৭-এর জুন মাসে উপস্থাপিত	বাজেট ১৯৭৭-৭৮ (এখন উপস্থাপিত)
প্রারম্ভিক তহবিল—	−৭,২৬,৭৩	−৬,৯৩,৬০	−৪৬,৫৪,৫৫	−৫৬,১১,৮০
রাজস্ব আদায়—	৬,৩৮,৭৯,৮৪	৭,২৬,২৯,৭৫	৭,২৬,২৯,৭৫	৭,৪৭,৫৯,৪৬
রাজস্ব খাতে ব্যয়—	৬,১৩,৮১,২৬	৬,৮৩,৩৮,৬০	৭,২০,৪৩,৬০	৭,১০,১৮,৯৪
নীট ফল— রাজস্ব খাতে [উদ্বৃত্ত (+) ঘাটতি (−)]—	+২৪,৯৮,৫৮	+৪২,৯১,১৫	+৫,৮৬,১৫	+৩৭,৪০,৫২
অন্যান্য খাতে আদায়	১৪,৮০,৪৯,৯২	১৫,১৩,৩৯,৯০	১৫,১৩,৩৯,৯০	১৫,১২,৮৯,০৬
অন্যান্য খাতে ব্যয়	১৫,০৫,১৫,৩৭	১৫,৪৫,৩৬,১৪	১৫,৪৫,৩৬,১৪	১৫,৬৮,৯৫,৬২
নীট ফল—অন্যান্য খাতে [উদ্বৃত্ত (+) ঘাটতি (−)]	−২৪,৬৫,৪৫	−৩১,৯৬,২৪	−৩১,৯৬,২৪	−৫৫,০৬,১২
নীট সামগ্রিক ফল— (ক) প্রারম্ভিক তহবিল বাদে নীট	+৩৩,১৩	+১০,৯৪,৯১	−২৬,১০,০৯	−১৮,৬৫,৬০

(খ) প্রারম্ভিক তহবিল				
সহ নীট ..	−৬,৯৩,৬০	+৪,০১,৩১	−৭২,৬৪,৬৪	−৭৪,৭৭,৪০
অতিরিক্ত সম্পদ সংগ্রহ	..	..	..	+২৫,০০,০০
			নীট ঘাটতি ..	−৪৯,৭৭,৪০

মিঃ স্পীকার: সভার অধিবেশন আগামীকাল শুক্রবার ২৬-৮-৭৭ বেলা ১-১৫মিঃ পর্যন্ত মুলতুবী থাকলো।

মুলতুবী

(এতদ্ অনুসারে অদ্য বেলা ২-৪৪ মিঃ হইতে আগামীকাল ২৬-৮-৭৭ তারিখের বেলা ১-১৫ মিঃ পর্যন্ত সভার কার্য মুলতুবী রহিল)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 26th August, 1977, at 1—1 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 23 Ministers, 4 Ministers of State and 232 Members.

[1—15—1—25 P.M.]

মিঃ স্পীকার ঃ আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। হেভি এণ্ড ফ্রিকোয়েণ্ট লোড সেডিং ডিউ টু সর্টেজ অব ইলেকট্রিসিটি—শ্রীগৌর চন্দ্র কুণ্ডু।

২। নদীয়া জেলার কালিগঞ্জ ব্লকে অকেজো গভীর নলকূপ—শ্রীদেবশর ঘোষ।

৩। নদীয়া জেলার কালিগঞ্জ থানার জুবানপুর গ্রামের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—শ্রীদেবশরণ ঘোষ।

৪। ওয়াণ্ট অব ডক্টর এ্যাট দি হেল্‌থ সেণ্টার এ্যাট হৃদয়পুর ইন নদীয় ডিষ্ট্রিক্ট—শ্রীসাহাবুদ্দিন মণ্ডল।

এর মধ্যে আমি গুরুত্ব হিসাবে হেভি এণ্ড ফ্রিকোয়েণ্ট লোড সেডিং ডিউ টু সর্টেজ অ ইলেকট্রিসিটি এটাকে গ্রহণ করছি। আজকে যদি সম্ভব হয় এই বিষয়ের উপ মাননীয় সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয় উত্তর দিতে পারেন অথবা বিবৃতি দেবা জন্য একটি দিন দিতে পারেন।

শ্রীভবানী মুখার্জী ঃ অন মানডে।

Mention Cases

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ মিঃ স্পীকার, স্যার, আমি একটি অত্যন্ত গুরুত্বপূ বিষয় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কালকে আমি টেলিফোনে একটি খবর পেলাম যে, মুর্শিদাবাদ জেলার মোবারকপুর গ্রামে শাহি মণ্ডল বলে এক ভদ্রলোক প্রকাশ্য দিবালোকে বোমার আঘাতে খুন হয়েছে। তিনি স্থানীয় অঞ্চল প্রধান। খবরটা ঠিক হলে এটা অত্যন্ত গুরুতর ব্যাপার—ঐ গ্রামে কিছুদিন আগে জ্যোতিবাবু যখন ইলেকসান মিটিং করতে যান সেই সময় আমাদে

একটি ছেলে মিটিং শুনে বাড়ীতে শুয়েছিলেন, তখন দুষ্কৃতকারীরা তাকে এবং তার আত্মীয়দের আক্রমণ করে। আমাদের ছেলে খুন হয়ে যায়, আত্মীয় কোন রকমে বেঁচে যায়। ঐ অঞ্চলে এর আগে কয়েকটি হত্যাকাণ্ড এবং আক্রমণাত্মক ঘটনা ঘটেছে। পুলিশ এক অদ্ভুত আচরণ করছে। প্রত্যেকটি ঘটনা ঘটার পরে পুলিশ কিছু সাধারণ মানুষ এবং আমাদের সমর্থকদের নানা রকম অত্যাচার, হয়রানি করছে। এই পুলিশ একটি অদ্ভুত জীব। জরুরী অবস্থায় কমরেড আইজুদ্দিনকে মিসায় আটকে রেখে তার উপর অকথ্য অত্যাচার করা হয় এবং রিভলবার দিয়ে তাকে খুন করবার চেষ্টা করা হয়। জনসাধারণের প্রতিরোধে কমরেড আইজুদ্দিন শেষ পর্যন্ত খুন হন নি। এই পার্টি নানা প্রকার সমাজবিরোধীদের নিয়ে চক্রান্ত করছে। কাজেই ভবিষ্যতে আরো যদি খুন হয় তাহলে আমি অবাক হব না—সেই জন্য আমি মুখ্যমন্ত্রী, পুলিশ মন্ত্রীকে এই বিষয়ে সতর্ক দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীননী কর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত রবিবার খবরের কাগজে দেখলাম একটি স্টেটমেন্ট বেরিয়েছে এই বলে যে, হাবড়ার অশোকনগরে—এটি আমার নির্বাচনী কেন্দ্র, সেখানে আই এন টি ইউ সি-র কোন অফিস সি আই টি ইউ দখল করে নিয়েছে। তারপর পরবর্তী সময়ে দেখলাম সোমবার এক বিবৃতি রেডিওতে প্রচার করা হল ওদের পুরবীদির নামে এবং তাতে আর একবার বলা হ'ল যে, সেখানকার অফিসটি দখল করে নিয়েছে সি আই টি ইউ। স্যার, এই ধরনের মিথ্যা প্রচার ওরা চালিয়ে যাচ্ছেন। স্যার, এ সম্পর্কে আমি ওদের অফিসে চিঠি লিখেছিলাম এবং সেই চিঠির উত্তরে ওরা আমাকে যা জানিয়েছেন সেটার কিছু অংশ আমি এখানে পড়ে দিচ্ছি এবং পরে সম্পূর্ণ চিঠিটি আপনাকে দিয়ে দেব যাতে আপনি খোঁজখবর করে দেখতে পারেন এবং এই ধরনের মিথ্যা প্রচার ওরা যাতে আর না করতে পারে সে বিষয়ে দেখতে পারেন। ওরা লিখেছেন: "Representatives of the INTUC, CITU, AITUC, Janata Unions as well as yourself and the General Secretary, Administrative Manager and Security Officer of the R.I.C. were also present at the time of discussion. It was revealed that shed in question was locked and stated that inside the room one steel almirah was kept by INTUC. Recently some cement of R.I.C. was also stored there. It was further revealed that the key was subsequently transferred in a friendly manner and was through Shri Salil Kumar Ghosh and Shri Birmohan Boral to Madhusudan Sutradhar. During the discussion it was stated that a dispute arose on 19.8.77 in connection with taking a bench inside the shed in question. Strong argument was started."

এর কোথাও আই এন টি ইউ সি বা সি আই টি ইউ-এর ব্যাপার নেই। পরবর্তী সময়ে আমি আবার চিঠি লিখেছিলাম এবং তাতে ওদের এডমিনিস্ট্রেটিভ ম্যানেজার—আর. আই. সি'র তাতে বলছেন একথা যে, "A team of officers made an on the spot enquiry on 23.6.77 at Habra Production Centre, R.I.C. Ltd. It transpired during the enquiry that the office room adjacent to the Foreman's office was occupied by the R.I.C. Employees' Congress (INTUC) was not occupied by the R.I.C. works & Employees Union (CITU). No official records could be traced as to the allotment of office room to INTUC Union at Habra P. C. স্যার, কথাটা হচ্ছে, ওরা ১৯৭২ সালের পর সরকারী অফিস জবর দখল করে সাইন-বোর্ড লাগিয়েছিলেন, আর এখন ওদের দলাদলি মেটাবার জন্য আমাদের নামে মিথ্যা প্রচার করছেন। স্যার, এই কুৎসা প্রচার বন্ধ করবার জন্য আমরা আপনার সাহায্য চাইছি।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে আমি বলছি যে, মেনশান করবার জন্য মাননীয় সদস্যদের এক মিনিটের বেশী সময় দেওয়া সম্ভব নয়।

শ্রীরাধিকা প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত অধিবেশনের শেষ দিনে জুলাই মাসের দু' তারিখে কংগ্রেসের মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় একটি ছেঁড়া জামা বলেই মনে হল, সেটা এই হাউসে দেখিয়ে বলেছিলেন যে, মগরাহাটের সংগ্রামপুর স্টেশনের কাছে নাকি সি পি এম গুণ্ডারা কংগ্রেসের উপর অত্যাচার করেছে। তার কিছুক্ষণ পরেই হাউস এডজর্ন হয়ে যায়। তারপরের দিন 'স্টেটসম্যান' কাগজে খুব ফলাও করে বেরোয়, এ্যালেজড এ্যাটাক অন কংগ্রেস ওয়ার্কার। এইভাবে প্রথম পাতায় বড় হরফে খবর ছাপা হয় এবং প্রচার করা হয় যে, সি পি এম গুণ্ডারা নাকি কংগ্রেসীদের মেরেছে। স্যার, ঐ মগরাহাটে আমরা সরেজমিনে খোঁজখবর করেছি এবং তাতে যা জেনেছি সেটা হচ্ছে, গোলাম মহিউদ্দিন নামে কংগ্রেসের একজন টাউট—যাকে সত্য বাপুলি মহাশয় জানেন, কারণ কংগ্রেসের যত গুণ্ডা আছে দক্ষিণ ২৪ পরগনাতে তাদের নেতৃত্ব দেন ঐ বাপুলিরা। স্যার, ওখানে সুধেন্দু মণ্ডল নামে একজন জোতদার আছেন যিনি ২২শো বিঘা জমির মালিক এবং মগরাহাট পশ্চিম কেন্দ্রের কংগ্রেসের প্রাক্তন এম এল এ, তিনি এবারে হেরে গিয়েছেন। তার টাউট ঐ গোলাম মহিউদ্দিন সে ট্রেনে ছিনতাই, চুরি, ডাকাতি এইসবের নেতৃত্ব দেয়, আর ওখানকার গরিব মানুষদের কাছ থেকে বা গরিব ছেলেদের কাছ থেকে টাকা-পয়সা নেয় চাকরি দেবার নাম করে।

[1-25—1-35 P.M.]

এবং ভাল ভাল লোকের নামে মিথ্যা মামলা দিয়ে থানায় হয়রানি করান। দীর্ঘদিন

রে কংগ্রেসী আমলে এইসব করে আসছিলেন। ঐসব tout-রা, যারা টাকা-য়সা নিয়েছিল তাদের মধ্যে কামাল মহীউদ্দিন একজন। যাদের কাছ থেকে চাকুরীর জন্য টাকা-পয়সা নিয়েছিল, যাদের বিরুদ্ধে ওরা সমস্ত হয়রানি কেস, মামলা-মোকদ্দমা করেছিল, তাদেরই একজন সংগ্রামপুর station-এ কামাল মহীউদ্দিনকে ধরে সেই সব টাকা-পয়সা চেয়েছিল চাকরী দেবার নাম করে যে টাকা দেওয়া হয়েছিল। তারপর তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা তুলে নেবার জন্য তাদের নিজেদের মধ্যে ধস্তাধস্তি হয়েছে, তাতে জামা ছিঁড়তে পারে তা আমি জানি না। কিন্তু এর সংগে CP(M)-এর কোন সম্পর্ক নেই। CP(M)-এ গুণ্ডা বলে কোন বস্তু নেই। গুণ্ডারা সব ওদের দলে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসংগে আমি একটি কথা বলতে চাই। সত্যরঞ্জন বাপুলী মাননীয় সদস্য, উনি এবং কংগ্রেসের যিনি পরাজিত সুধেন্দু মণ্ডল আর মড়া পোড়া ক্যাথেলিক মিশনের ফাদার, পাফরী আর কোলকা, যাকে লোকে C.I.A-এর চর বলে জানে, এদের ষড়যন্ত্র আমাদের CP(M)-এর বিরুদ্ধে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর বিরুদ্ধে। ঐ মিশনের ফাদাররা এবং এরা এসব চক্রান্ত করেছেন। আমি শুধু এই প্রসংগে বলতে চাই যে, ওদের ছেঁড়া জামা—আমরা নিউ মার্কেট থেকে নূতন জামা কিনে দেব, কিন্তু ওদের গুণ্ডারা মগরাহাট নগরের ৩টি ছেলেকে—যুগোল কিশোর মুখার্জীকে ওদের ইঙ্গিতে পুলিশ দাঁড় করিয়ে মেরেছে, সেই ছেলেদের ওরা ফিরিয়ে দেবেন? বেলেচণ্ডীর ছেলেদের ওদের নির্দেশে গুলি করে মেরে ডায়মণ্ডহারবারে ভাসিয়ে দেওয়া হয়েছিল, তাদের ফিরিয়ে দেবেন? আমরা ছেঁড়া জামার বদলে নূতন জামা কিনে দেব।

মিঃ স্পীকারঃ মাননীয় সদস্যদের আমি অনুরোধ করছি যে, আপনারা বিষয়টি আলোচনা করবেন, তার বাইরে যদি চলে যান তাহলে অধিকার খর্ব হবে। কাজেই সেটা আপনারা বিবেচনা করবেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যখন আমাকে নিয়ে বলেছেন তখন personal explanation-এ আমাকে জবাব দিতে হয়। উনি যেটা উত্তেজিত হয়ে বললেন, এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছি এবং উনি বলেছেন এ ব্যাপারে তদন্ত করছি। যেখানে ঘটনাটি হয়েছিল সে সম্বন্ধে রাধিকাবাবুর জানা নেই। কারণ উনি সেখানকার MLA নয়। ওনাদের হাউসের যিনি leader, মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি এটা দেখছেন। উনি যে কথাগুলি বললেন, সেই কথাগুলি বলতে গিয়ে কতকগুলি কথা বলেছেন ৩ বছর, ৫ বছর আগের কথা। ওনার ব্যক্তিগত রাগ থাকতে পারে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনয়ের

সংগে জানাতে চাই যে, মাননীয় সভ্য সরকারের সংগে আছেন, তাঁদেরই দল সরকারে আছেন। সুতরাং তিনি যখন কোন সভ্যের সম্বন্ধে বল্লেন, বলতে গিয়ে ৫ বছর আগে কোথায় ৫টা murder হয়েছে, কোথায় মারপিট, কোথায় গুণ্ডা—এসব আমার জানা নেই। ওনার হয়ত জানা আছে, কারণ উনি বোধহয় ধাক্কাটাক্কা খেয়েছেন, হয়ত ঘাড়ধাক্কা দিয়ে তাড়িয়ে দিয়েছে।

শ্রীকালীপদ বর্মণ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সুন্দরবন উন্নয়ন পর্ষদের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটি হচ্ছে এই যে, সুন্দরবন নদীবহুল এলাকা। এখানে launch একমাত্র পরিবহনের মাধ্যম। এই launch-গুলি ব্যক্তিগত মালিকানাধীন। এই মালিকরা যখন তখন launch বন্ধ করে দিয়ে reserve-এ পাঠিয়ে দেয় বেশী মুনাফা করার জন্য। সুতরাং আমি মনে করি এবং আমার সুন্দরবনের মানুষেরা মনে করেন যে, এই launch পরিবহন তথা নৌকা পরিবহনকে রাষ্ট্রায়ত্ত করা হোক। আর হুগলী নদীর উপরে যদি দ্বিতীয় সেতু নির্মিত হতে পারে এবং CMDA-এর মাধ্যমে যদি পাতাল রেল হতে পারে তাহলে ক্যানিং-এর মাতলা নদীর উপরে একটা ব্রীজ হতে কেন পারবে না? সুতরাং মাতলা নদীর উপরে একটা ব্রীজ করার দাবি জানাচ্ছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী মহাশয়ের নিকট মুর্শিদাবাদ জেলার বন্যা পরিস্থিতি সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। যদিও কাঁদি এবং জঙ্গীপুর মহকুমা ট্রাডিশন্যাল বন্যা এলাকা বলে পরিচিত এবং সেই এলাকা সম্পর্কে বহুল সংবাদ প্রচারিত হয়েছে এবং বিভিন্ন প্রতিনিধি এবং মন্ত্রীরা সেই এলাকা ভ্রমণ করছেন। সেই সমস্ত এলাকায় রিলিফ ভাল ভাবে পৌঁছনো দরকার কিন্তু তার সঙ্গে সঙ্গে বেলডাঙ্গা ব্লক টু এবং নওদা যে রকম বন্যায় প্লাবিত হয়েছে এবং প্রচণ্ড ভাবে ফসলের ক্ষতি হয়েছে, যার ফলে সেখানকার সাধারণ মানুষ, ক্ষেতমজুর, গরীব মানুষ, তারা কাজ পাচ্ছে না এবং মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি সেই সব এলাকায় ব্যাপক রিলিফ পাঠানো দরকার। বেলডাঙ্গা এবং নওদাতে নিজেরা গিয়ে দেখেছি, সেখানকার সাধারণ মানুষদের কর্মসংস্থানের সুযোগ না থাকার ফলে তারা বিপর্যস্ত হয়ে পড়েছে এবং প্রশাসন যে রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্টের ভিত্তিতেও দেখা যাবে সেই সব এলাকায় প্রয়োজনের তুলনায় কিছুই সাহায্য যাচ্ছে না। আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—যদিও সাধারণ মানুষের এই সরকারের উপর প্রবল আস্থা আছে কিন্তু তা সত্ত্বেও এই কথা মনে রাখতে হবে ক্ষুধা এবং ক্রোধের

মধ্যে ব্যবধান সামান্য। কাজেই সেই সমস্ত এলাকায় ত্রাণ ব্যবস্থা দ্রুত পৌঁছনো দরকার। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

শ্রীবিমল কান্তি বোস ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি কাগজে দেখেছেন কুচবিহারে আমার নির্বাচারী এলাকায় গত ২২ তারিখে উত্তর বঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের নিরাপত্তা রক্ষী বাহিনীর এক ব্যক্তির গুলিতে দু'জন মারা গেছে এবং একজন আহত হয়েছে এবং তারই তরবারীর আঘাতে আর একজন মারাত্মক ভাবে আহত হয়েছে। এই ঘটনা সম্পর্কে কাগজে সে সব খবর বেরিয়েছে, সে সব কিছুটা বিকৃত আকারে বেরিয়েছে এবং নূতন একটা ঘটনার আমদানি করা হয়েছে, সেখানে নদী থেকে কাঠ সংগ্রহের ব্যাপারে তাদের সঙ্গে হাংগামা হয় এবং তার ফলে এই ঘটনা ঘটে। কিন্তু আদৌ এই ঘটনা সত্য নয়। ঘটনার পেছনে কোনরকম প্রভোকেশন ছিল না, তিন তিনটে লোকের উপর গুলি চালানো হয়েছিল। ঘটনাটা হচ্ছে একজন এক্স-সার্ভিস ম্যান, তাকে ওই ঘটনা স্থলে পাঁচ কাঠা জমি দেওয়া হয়েছিল। কিন্তু ঐ গোটা এলাকার ভিতর ঐ লোকটি কাউকে ঢুকতে দিত না, সম্পূর্ণ এলাকাটা ঘিরে তারই রাজত্ব কায়েম রয়েছে, সেখানে পাশের মাঠে ছেলেরা খেলতে পর্যন্ত যেতে পারে না। সেখানে একজন বয়স্কা মহিলা গরু বাঁধেন। গরু বাঁধবার স্থানটি ছিল তার বাড়ির সীমানা থেকে৫০।৬০ হাত দূরে। সেখানে গরু বেঁধে যাবার পরে সেই লোকটি মহিলাটিকে অকথ্য ভাষায় গালাগাল করে এবং গায়ে হাত পর্যন্ত তোলে। তারপর পাড়ার একটা ছেলে প্রতিবাদ করে, আপত্তি করার পরে যখন তর্কাতর্কি হচ্ছিল তখন সেখানে একটি স্কুলের একটা ছেলে দাঁড়িয়েছিল, পাশে আর একটি ছেলে লোকটির বাঁ-হাতের রাস্তা ধরে সোজাসুজি এসে দাঁড়ায় হাত দুই দূরে, যার সঙ্গে তর্কাতর্কি হচ্ছিল তাকে নয়, তর্ক চলাকালীন অন্য একটি ছেলে—হাফিজার বলে, ঐ যে ছেলেটি এল তার উপর হঠাৎ লোকটি তার শট গান দিয়ে গুলি করে বসল এবং এর পরে আমনাল বলে আর একটা ছেলে এই ঘটনার পরে দৌড়ে এসে যায়, সঙ্গে সঙ্গে আমনালকে লক্ষ্য করে গুলি ছোঁড়া হয়। দু'জনেই তক্ষুণি মারা যায়। এই তর্কাতর্কির ঘটনার সঙ্গে কিন্তু কেউই যুক্ত ছিল না। এর পরে আর একটা ছেলে হাফিজরের ভাই হাবিবুল, সেও দৌড়ে আসতে থাকে, তার দিকেও গুলি ছোঁড়া হয়। সেও মারাত্মক ভাবে জখম হয়। এই ঘটনার পরে পুলিশ আসে এবং তাকে হাতকড়া না লাগিয়েই নিয়ে যাবার চেষ্টা করলে কিছু ঘটনা ঘটে এবং তারপর আমি এবং স্থানীয় ডি. সি, এস. পি ও অন্যান্য উচ্চ পদস্থ অফিসাররা ঐ জায়গায় গিয়ে উপস্থিত হই। এখন যে ঘটনাটা ঘটেছে—এই ঘটনাকে বিকৃত করে প্রচার করা হচ্ছে, এটা ঠিক কাগজের দোষ নয়, যে সমস্ত পুলিশ কর্মচারী

ওখানে উপস্থিত ছিলেন এবং যাদের ত্রুটি-বিচ্যুতির জন্য এই ঘটনা ঘটেছিল, তাঁরা আজকে একটা নতুন গল্প ফেঁদে ঐ লোকটাকে প্রটেকশন দিচ্ছে এবং বলছে প্রাইভেট ডিফেন্সের জন্য সে গুলি চালিয়েছিল। সুতরাং আমার দাবি হচ্ছে এই সম্বন্ধে একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া দরকার সত্য উদ্‌ঘাটনের এবং অপরাধীর উপযুক্ত বিচার ও শাস্তির জন্য।

[1-35—1-45 P.M,]

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা ও মফঃস্বলের টেলিফোন ব্যবস্থা সামগ্রিকভাবে বিপর্যস্ত এবং এর ফলে প্রশাসন ব্যবস্থার সঙ্গে দৈনন্দিন সংযোগ বিচ্ছিন্ন। কেন্দ্রীয় মন্ত্রিসভার মাননীয় মন্ত্রী মহাশয়কে চিঠি দিয়েছিলাম, উত্তর পেয়েছি, দেখছি—কিছু হয়নি। ক্যালকাটা টেলিফোনস-এর জেনারেল ম্যানেজারকে লিখলাম সমস্ত সমস্যার কথা, তাঁর পক্ষে উত্তর দেওয়া সম্ভব হলো না। অ্যাডিশনাল জেনারেল ম্যানেজার (অপারেশন) লিখলেন, আই য়্যাম গেটিং দি ম্যাটার একজামিণ্ড এবং এটা আমরা ৪ মাস, ৬ মাস ধরে শুনছি। এখন মফঃস্বল এলাকায় এর ফলে যে অবস্থা হয়েছে, সেটা ভয়াবহ, আমাদের হুগলী জেলার অবস্থা বিশেষ করে আরো খারাপ। আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয় বলেছেন, তাঁর বাড়ীতে এখনও টেলিফোন লাইন গিয়ে পৌঁছয়নি। আমাদের এম এল, এ-দের এব্যাপারে প্রায়রিটি আছে এবং সেই অনুযায়ী চিঠি গেল, রেজিস্ট্রেশন নম্বর পেলাম, কিন্তু আজ পর্যন্ত লাইন গেল না। এ সবের ফলে ব্যাপক অঞ্চলের থানা, মিউনিসিপ্যালিটি, কল-কারখানা, সমস্ত অচল হয়ে পড়ছে, ক্যালকাটার সঙ্গে কানেকশন কমপ্লিটলি কাট অফ্‌। আমি সমগ্র মন্ত্রিসভাকে অনুরোধ করছি যে, আপনারা ক্যালকাটা টেলিফোনের জেনারেল ম্যানেজারের সঙ্গে এব্যাপারে কথা বলুন।

শ্রীসরল দেবঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত আমি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, বারাসাত এবং বনগাঁ লাইনে দেশ বিভাগের ফলে অসংখ্য মানুষের বাস। প্রতি দিন লক্ষ লক্ষ যাত্রী কলকাতা শহরে সেখান থেকে আসে। কিন্তু ঐ অঞ্চলের পরিবহণের ব্যবস্থা অত্যন্ত জঘন্য। স্টেট বাসের গ্যারেজ থাকা সত্ত্বেও সেখানে স্টেট বাস চালু হয়নি। প্রাইভেট বাসের মালিকরা স্টেট বাসের গ্যারেজগুলি ব্যবহার করছে। সম্প্রতি দিল্লীতে পশ্চিম-বাংলার লোকসভার সদস্যরা বনগাঁ লাইনকে ডবল লাইন করবার জন্য যে প্রশ্ন

তুলেছিলেন, তাতে রেলওয়ে মন্ত্রক বলেছেন যে, তাঁরা বনগাঁ লাইনকে ডবল করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তবে এ সম্বন্ধে মতামত জানবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মতামত চেয়ে পাঠিয়েছেন। এজন্য পশ্চিমবাংলার জনপ্রিয় মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন বারাসত-বনগাঁ লাইন, গুরুত্বপূর্ণ লাইন, এটাকে ডবল করবার বিষয়ে আপনি নিজে ইনিসিয়েটিভ নিন, এই লাইনের লক্ষ লক্ষ যাত্রীকে দুর্দশার হাত থেকে বাঁচান।

শ্রীউপেন্দ্র কিস্কু ঃ অনাবৃষ্টির জন্য ফসল না হওয়ায় এ বৎসর রাইপুর, রানীবাঁধ, খাতড়া, ইন্দপুর, ছাতনা, শালতেড়ো, গঙ্গাজলঘাটী ইত্যাদি থানার মানুষের প্রচণ্ড খাদ্যাভাব দেখা দিয়েছে। চাষের কাজ তাড়াতাড়ি শেষ হওয়ায় খেত মজুরদের কোন কাজ নেই। বি ডি ও এবং ডি এম-এর নিকট বারবার ডেপুটেশন দেওয়ার পর গম এবং টাকা থাকা সত্ত্বেও নানা অজুহাতে কাজ চালু হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা স্যার, টি আর-এর যে কাজের পদ্ধতি, তাতে পে-মাস্টার-এর মোহরারদের দৈনিক ৫ টাকা হারে মজুরী দেওয়া হয় এবং সেটা পেতে ৩/৪ মাস সময় লেগে যায়। মাননীয় ত্রাণমন্ত্রী মহোদয়কে অনুরোধ করব এটা যাতে দৈনিক ৮ টাকা করা হয় তারজন্য এবং কাজের দিনই যাতে তাদের পেমেন্টের ব্যবস্থা করা হয়।

শ্রীদেব রণ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অধিক বর্ষণ এবং বন্যার ফলে এবারে পাটের ফলন খুব কম হয়েছে। অন্য দিকে জুট কর্পোরেশন এবং কো-অপারেটিভ সোসাইটিগুলি নিয়মিত পাট খরিদ করছে না, এর ফলে পাটের দাম অত্যন্ত হ্রাস পেয়েছে। কম উৎপাদন হওয়ার দরুন এবং পাটের মূল্য হ্রাসের ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, সরকারী নিয়ন্ত্রণে ন্যায্য মূল্যে পাট খরিদের ব্যবস্থা করার জন্য।

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম-বাংলার মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আপনি জানেন স্যার, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম দিন দিন কিভাবে বাড়ছে। আমরা বাজারে গিয়ে দেখতে পাচ্ছি প্রতিটি জিনিসের অগ্নিমূল্য। সরষের তেলের দাম ১২ টাকা কে জি, মসুর ডালের দাম ৪ টাকা কে জি, লবণ যেটা আগে আমরা ২০/২৫ পয়সায় কিনেছি সেটা এখন ৫০ পয়সা কে জি। আর পিঁয়াজ ২ টাকা ৫০ পয়সা কে জি, কাঁচালঙ্কা ৮ টাকা কে জি হয়েছে। এর ফলে সাধারণ মানুষ

দিশেহারা হয়ে পড়েছে। আমরা কাপড়ের দাম যা দেখছি তাতে কাপড়ের দাম দিন দিন যেভাবে বাড়ছে তাতে পশ্চিমবাংলার মানুষ আর কাপড় পরতে পারবে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, মূল্যবৃদ্ধি প্রতিরোধ ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করুন, তা না হলে মানুষ ভাববে তাদের দেখবার কেউ নেই।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া: স্যার, আপনার মাধ্যমে কুচবিহারের রেশনিং ব্যবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার আংশিক রেশন এলাকা। সেখানকার কিছু মানুষ রেশন পায়। সেই আংশিকের মধ্যে আবার অনেক ration card holder refused হয়ে যায়, কারণ প্রয়োজনের তুলনায় মাল কম দেওয়া হয়। M R dealer-রা বহুকালের পুরানো লোক—কংগ্রেস আমলের মনোনয়ন পাওয়া লোক। এরা চোরাকারবার করতে খুব ভালই জানে। যদি বলা হয় 25% কম ছাড়, তাহলে তারা তার জায়গায় 90% কম দেয়। এই রকম জিনিস ঘটছে। গোটা জেলায় রেশনের দোকান থেকে refusal-এর সুযোগ নিয়ে এইরকম কেলেঙ্কারি চলছে। অর্থাৎ 25% refusal-এর জায়গায় 80/90% refuse করে এবং সপ্তাহে একদিন দোকান খোলা রাখে। এইভাবে M. R-এর জিনিস নিয়ে চোরাকারবারী হচ্ছে এবং মানুষ রেশন পাচ্ছে না। এই অবস্থার প্রতিকার দাবি করছি।

শ্রীসুধীর প্রামাণিক: স্যার, কুচবিহার জেলায় গত এপ্রিল মাসে অতি বৃষ্টি ও শিলা বৃষ্টির ফলে পাট ও আউশ ধান নষ্ট হয়ে যায়। এবং ফলে ক্ষেতমজুর ও ভাগ চাষীদের অবস্থা খুব খারাপ। তাদের মধ্যে অনাহার অর্ধাহার আরম্ভ হয়ে গেছে। সুতরাং অনতিবিলম্বে ত্রাণের ব্যাপক ব্যবস্থা করার জন্য ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবিনোদবিহারী মাঝি: স্যার, বাঁকুড়া জেলায় চাষের কাজ শেষ হয়ে যাওয়ায় সেখানকার প্রায় ২ লক্ষ ৩০ হাজার দিন-মজুরের কোন কাজ নেই। ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাদের তাড়াতাড়ি কাজের ব্যবস্থা করা যায়। তারা অনাহারে অনশনে দিন কাটাচ্ছে। সুতরাং অনতিবিলম্বে যাতে T. R-এর কাজ আরম্ভ হয় তারজন্য অনুরোধ করছি।

শ্রীজয়েজয় ওঝা: স্যার, আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পটাশপুর থানায় ১২ মাসে ১৩ পার্বণের মত বছরে ২/৩ বার বন্যা হয়। এবারও এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে ৮০ হাজার মানুষ এবং ধান নষ্ট হয়ে গেছে। সেখানে সরকারী ত্রাণ ব্যবস্থাও খুব অপ্রতুল। আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে ব্যক্তিগত অনুরোধ করায় তিনি সঙ্গে সঙ্গে ভারত সেবাশ্রম সংঘকে পাঠিয়েছিলেন। কিন্তু তাদের নিয়ন্ত্রিত মূল্যে চালের পারমিট না দেবার ফলে তারা ১৭ হাজার মানুষকে

ধুঁড়ি খাওয়াবার ব্যবস্থা করতে পারছেন না। জেলা ম্যাজিস্ট্রেট তাদের কোন permit দিতে পারছেন না। সেজন্য অনুরোধ ভারত সেবাশ্রম সংঘকে ১৭ হাজার লোককে খাওয়াবার মত উপযুক্ত চালের পারমিট অবিলম্বে দেওয়া হোক এবং সরকারী ত্রাণ ব্যবস্থাকে আরও জোরদার করা হোক। এই October-এর মধ্যে আরও ২/৩ বার বন্যা হতে পারে। সেজন্য ত্রাণমন্ত্রী, মুখ্যমন্ত্রী ও সেচমন্ত্রীকে অনুরোধ করব সেখানে বন্যা নিরোধের জন্য যেন সমস্ত রকম ব্যবস্থা করেন এবং চুলনিকাশী সমস্যার সমাধানও করেন। এই কথা বলে আমি শেষ করছি।

[1-45—1-55 P.M.]

শ্রীনবনী বাউড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণ মন্ত্রীর পরিবহণ ব্যবস্থা সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই। দুর্গাপুর হইতে বাঁকুড়া এবং মালিয়াড়া-গঙ্গাজল বাড়ি রুটে অবিলম্বে আরও বাস বাড়ান দরকার। যা দু-একটি বাস চলে তাও নিয়মিত চলে না। সরকারী বাস যা চলে তাও একটি এবং নিয়মিত নয়। ঐ অঞ্চলে বাসে প্রচুর লোক যাতায়াত করেন, ফলে দেখা যাচ্ছে যে, যাত্রীদের তুলনায় বাস অনেক কম। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ অঞ্চলে বাস বাড়ান হয়।

শ্রীপান্নালাল মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার উদয়-নারায়ণপুরে মহামায়া কোল্ড স্টোরেজ বলে একটি কোল্ডস্টোরেজ আছে। সেই কোল্ড স্টোরেজে প্রায় ৭০।৮০ হাজার মন আলু জমা ছিল, তা ক্ষতিগ্রস্ত হয়েছে, সমস্ত নষ্ট হয়ে গেছে—কলা বেরিয়ে গেছে। কিন্তু এই নষ্ট আলুর জন্য চাষীরা কোন প্রকার ক্ষতিপূরণ পায়নি। ফসলের মূল্য চড়া হচ্ছে। কোল্ড স্টোরেজের জন্য এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেণ্ট থেকে লাইসেন্স নিতে হয়। কিভাবে যে এদের লাইসেন্স দেওয়া হয় জানি না। আমি কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, এই মহামায়া কোল্ড স্টোরেজে যেখানে ৭০।৮০ হাজার মন আলু নষ্ট হয়ে গেল তার তদন্ত অবিলম্বে করুন এবং চাষীরা যাতে ক্ষতিপূরণ পায় সেটা দেখুন। চাষীদের কণ্ডিশান অত্যন্ত খারাপ। তাদের জন্য ব্যবস্থা করুন, তা না হলে অপূরণীয় ক্ষতি হবে।

শ্রী শ্রীধর মালিক ঃ মিঃ স্পীকার, স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪শে আগস্ট তারিখে বর্ধমান জেলায় ছাত্র-ফেডারেশনের নেতা নারায়ণ মালিক এবং যুব নেতা কেশব দেবনাথ যখন গুসকোরা শহর থেকে মাত্র ৩ মাইল দূরে একটা মিটিং করে

আসছিলেন তখন জালাপাড়া বলে একটা গ্রামে কংগ্রেসী গুণ্ডা বাহিনীর নেতা বিনোদ পাল এবং তার নেতৃত্বে ৮।১০ জন গুণ্ডা ছোরা, রড ইত্যাদি নিয়ে মর্মান্তিক-ভাবে তাদের উপর আক্রমণ করে, কেশব দেবনাথের গায়ে ৮।১০ জায়গায় স্ট্যাব করা হয়। নারায়ন মালিকের মাথায় রড দিয়ে প্রচণ্ডভাবে আঘাত করা হয়। তাঁরা গুরুতর অবস্থায় বর্ধমান বিজয়চাঁদ হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এই ঘটনার মূল কারণ হচ্ছে গুসকোরা মহাবিদ্যালয়ে বিগত রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্যের খাস চেলা রথীন গুপ্ত, বিনোদ পাল, সেই গুণ্ডা দলের যাঁরা নেতা ছিলেন তাঁরা ১ লক্ষ টাকা এই সময়ের মধ্যে কারচুপি করেছেন, সেই ঘটনার প্রতিবাদে সেখানে বিক্ষোভ, মিছিল এবং তদন্ত কমিশন বসেছে। ইতিমধ্যে ৩০ হাজার টাকা চুরি করেছে বলে ধরা পড়েছে। তাই ছাত্র-পরিষদ যুব নেতা এবং সেখানকার মানুষ যাতে এই ঘটনার প্রতিবাদে কিছু না করতে পারে তার জন্য হামলা হয়েছে। এখন পর্যন্ত তারা এই ঘটনা ঘটাচ্ছে। তাই এই সমস্ত গুণ্ডা বাহিনী যাতে ইতিহাসের শিক্ষা ভালভাবে পায় তারজন্য আমি সভার কাছে আমার এই বক্তব্য রাখলাম।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্প-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ন্যাশানাল রাবার সম্পর্কে তাঁর কাছে আমরা ডেপুটেশন দিয়েছিলাম, সেখানে যে ভয়াবহ অবস্থা চলছে সেটা তিনি ভাল করে জানেন। বহু শ্রমিক না খেয়ে মারা গেছে এবং আরো অনেকে মারা যাবে, যদি তাড়াতাড়ি কারখানা খোলা না যায়। শিল্পমন্ত্রী আমাদের বলেছিলেন, এই ব্যাপারে কর্তৃপক্ষের সংগে, কেন্দ্রীয় সরকারের সংগে কি আলোচনা হয়েছে এখন কিছু বলবেন না, পরে বলবেন। অথচ আমরা রেডিও মারফত জানতে পারলাম, তিনি রেডিওতে বললেন যে, কারখানা খোলা হচ্ছে। এতে যাঁরা ডেপুটেশন দিয়েছিলেন এবং কারখানার যাঁরা লিডার তাঁরা খুব অসুবিধায় পড়েছেন। কাজেই মাননীয় শিল্প-মন্ত্রীকে আমরা বলব তিনি যেন পরিষ্কার করে এই ব্যাপারটা আমাদের বলেন এবং কবে কারখানা খোলা হচ্ছে সেটা যেন জানান। তিনি আমাদের একরকম বললেন রেডিওতে আর এক রকম প্রকাশ করলেন, আমরা কিছু বুঝতে পারছি না। সেই বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রীবংকিমবিহারী মাইতি ঃ মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি পূর্ত-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হলদি নদীর উপর নরঘাটে যে পুল তৈরি হচ্ছে সেই পুলটার অবস্থা মাননীয় মন্ত্রী মহাশয় নিজে দেখে এসেছেন। আমি বলছি ওই পুলের ছুটো থামবা হেলে গেছে। এক একটা থামবার জন্য ১৯ লক্ষ টাকা খরচ হচ্ছে। এই ছুটো থামবা কি করে নষ্ট হল সেই বিষয়ে তদন্ত করার জন্য আমি মাননীয় মন্ত্রী

মহাশয়কে অনুরোধ করছি। গ্যামন কোম্পানী এর কনট্রাক্ট নিয়েছে। আমরা লোক্যালি জানতে পেরেছি, আমার কাছে রিপোর্ট আছে যে, এ থামবার মধ্যে অনেক গলদ আছে। সে সম্বন্ধে এ্যাসিসটাণ্ট ইঞ্জিনীয়ার, এগজিকিউটিভ ইঞ্জিনীয়ার, চীফ ইঞ্জিনীয়ারের সংগে আলোচনা করেছি। তাঁরা এই বিষয়ে তদন্ত করবেন বলে বলেছেন। লক্ষ লক্ষ টাকার ব্যাপার, এক একটা থামবা তৈরি করতে ১৯ লক্ষ টাকা খরচ হচ্ছে, গ্যামন কোম্পানীর যে গলদ আছে সেই বিষয়ে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় তদন্ত করবেন এবং তদন্ত করে ব্যবস্থা অবলম্বন করবেন বলে আমি আশা করি।

[1-55—2-05 P.M.]

শ্রীনাথানিয়াল মুর্মুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ আমি কিছু বলতে চাই। আমি দেখছি বিধানসভায় একটা নিয়ম যা চলে আসছে তাতে এম এল এ হিসাবে আমাদের যে অধিকার সেটা কার্টেল হয়ে যাচ্ছে। আমি মনে করি নীতিগতভাবে এর একটা মীমাংসা হওয়া দরকার। আপনি জানেন আমরা নির্বাচিত হয়ে এখানে এসেছি, কিন্তু সেই আসার জন্য আমরা কোন টি. এ. পাইনি। অবশ্য এটা যে এবারেই শুধু হয়েছে তা নয়, আগেও এরকম ঘটনা ঘটেছে। আমরা যখন আপনাদের কর্মচারীদের প্রশ্ন করলাম তখন তাঁরা বললেন, আপনারা শপথ নেবার আগে এম এল এ হিসেবে আপনাদের যে অধিকার সেটা আপনারা ভোগ করতে পারবেন না। ১৯৬২ সালের নির্বাচনের পর এই বিধানসভায় একটা ঘটনা যা ঘটেছে তার ফলে আমার মনে হয় এই প্রিসিডেণ্ট বা রুল ঠিক নয়। আপনি জানেন ১৯৭২ সালের নির্বাচনে আমরা হেরে গিয়েছিলাম। রিগিং বা যে-কোন কারণেই হোক আমরা খুব অল্প সংখ্যক সদস্য এখানে এসেছিলাম। আর. এস. পি.-র ৩ জন এসেছিল, সি. পি. এম.-র ১৪ জন এসেছিল এবং এস. ইউ. সি.-র ১ জন এসেছিল। প্রথমে আর.এস.পি. এবং সি পি.এম. মোটামুটিভাবে এই বিধানসভা বর্জন করেছিল। স্যার, আপনি জানেন ওই সময় রাষ্ট্রপতির ইলেকশন হয় এবং তখন ফকরুদ্দীন আলি আমেদের সঙ্গে আমাদের নেতা ত্রিদিব চৌধুরীর প্রতিদ্বন্দ্বিতা হয়। তখন যে ভোটার লিস্ট তৈরি হয় বিধানসভায় কারা ভোট দিতে পারবেন তাতে আমরা দেখলাম যাঁরা শপথ নিয়েছেন তাঁদের নাম ছিল এবং যাঁরা শপথ নেননি, যেমন সি. পি. এম. এবং এস ইউ. সি.-র সদস্য তাঁদের নামও ছিল। তখন সরকারী ব্যাখ্যা দেওয়া হল যে, এঁরা বিধানসভায় এসে ভোট দিতে পারবেন। আপনি স্যার, মনে রাখবেন এইসব সদস্যরা কিন্তু শপথ নেননি। একজন লোক বিধানসভার সদস্য হিসেবে নির্বাচিত হবার পর যখন রিটার্নিং অফিসারের কাছ থেকে সার্টিফিকেট পেলেন বা গেজেটে

তাঁর নাম প্রকাশিত হল তখন তারই ভিত্তিতে তাঁকে এম. এল. এ. হিসেবে স্বীকৃতি দেওয়া হল এবং তিনি ভোট দিলেন রাষ্ট্রপতি নির্বাচনে। এই ব্যাপারে কিন্তু শপথ নেওয়া বা না নেওয়ার কোন সম্পর্ক ছিল না। আমি এখানে একটা প্রশ্ন তুলছি, যদি সি. পি. এম. এবং এউ. ইউ. সি.-র সদস্যরা ভোট দিতেন তাহলে তাঁরা কি কোন টি. এ. পেতেন ? আমি মনে করি শপথ নেওয়া একটা আনুষ্ঠানিক ব্যাপার। য খনই গেজেটে তাঁদের নাম প্রকাশিত হয় তখনই তাঁরা এম. এল. এ. হন এবং সেই অধিকারে তাঁরা রাষ্ট্রপতির নির্বাচনে ভোট দেন। কিন্তু আজ পর্যন্ত দেখেছি এম. এল. এ. হিসেবে নূতন নির্বাচিত হয়ে যাঁরা বিধানসভায় আসেন তাঁরা কোন টি এ পান না। আমি মনে করি এই নিয়ম সঙ্গতিপূর্ণ নয় এবং এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা কবে থেকে এম. এল. এ. সেই ব্যাপারে আমি আপনার কাছ থেকে রুলিং চাইছি—অর্থাৎ আমরা নির্বাচনের সঙ্গে সঙ্গে এম. এল. এ. না গেজেট নোটিফিকেশনের পরে এম. এল. এ না ওথ নেবার পর এম. এল. এ.? অ মি সমস্ত ঘটনাটি আপনার কাছে রাখলাম এবং আপনার কাছে অনুরোধ আপনি এই ব্যাপারের পরে রুলিং দেবেন।

শ্রীকমল গুহ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি এই ব্যাপারের কিছু বলবেন কি ?

মিঃ স্পীকার ঃ প্রস্তাবক নিজেই বলেছেন তিনি পরে এই ব্যাপারটা জেনে নেবেন।

Laying of Ordinance

The Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Ordinance, 1977.

Shri Sudhin Kumar : Mr. Speaker, Sir, I beg to lay the Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. XIV of 1977), under article 213(2)(a) of the Constitution of India.

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা ব্যাপারে আপনার এ্যাটেনসন ড্র করতে চাই। আমরা দেখলাম গভর্নর এ্যাসেম্বলী ডেকেছেন অন থার্ড কিন্তু এই অর্ডিন্যান্স করছেন অন নাইন্থ। এ্যাসেম্বলী ডাকার পর যদি অর্ডিন্যান্স করেন তাহলে এ্যাসেম্বলী ডাকার কি প্রয়োজন আছে ? গভর্নর যখন এ্যাসেম্বলী ডেকেছেন তখনই মনে করতে হবে হাউস ইন সেসন। সুতরাং আমার মনে হয় এটা যে আপনারা করেছেন এটা নট ইন অর্ডার। আমি অনুরোধ করছি আপনি আজকে যেটা দাখিল করেছেন সেটা উইথড্র করুন, কারণ দিস্ ইজ কনট্রা-ভেনসন অব দি কন্সটিটিউশন অব ইণ্ডিয়া।

মিঃ স্পীকার ঃ—আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, "Session" means the whole period, from the time when the Assembly meets to the time when it is prorogued ;—not when summonses are issued or when Governor summonses the Assembly. অর্থাৎ যেদিন এ্যাসেম্বলী মিট করবে সেদিন থেকে সেসন ধরা হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ আমি আপনার এ্যাটেনসন আবার ড্র করছি। আপনি বললেন গভর্নর সই করলেই এ্যাসেম্বলী ডাকা হয় না। অর্থাৎ আপনি বলছেন এ্যাসেম্বলী ডাকা হয়, কিন্তু এ্যাসেম্বলী মিট করে না। আমার বক্তব্য হচ্ছে গভর্নর এ্যাসেম্বলী ডাকার জন্য যখন বলেছেন তখন ৯ই তারিখে অর্ডিন্যান্স করে আজকেই সেটা প্লেস করার মত এমন কি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটল ?

মিঃ স্পীকার ঃ যখন এই অর্ডিন্যান্স করা হল তখন এ্যাসেম্বলী তো মিট করেনি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ এ্যাসেম্বলী তখন হয়ত মিট করেনি, কিন্তু শীঘ্রই তো মিট করবে। কাজেই দ্যাট ম্যাটার কুড্ হ্যাভ বিন প্লেসড্ বিফোর দি এ্যাসেম্বলী।

মিঃ স্পীকার ঃ—মাননীয় সদস্যকে জানাচ্ছি রুল ৭২(১) অনুযায়ী মন্ত্রী মহাশয় যখন তাঁর বিল রাখবেন তখন তিনি কেন অর্ডিন্যান্স করা হল সেটা বলবেন।

Laying of Reports

Annual Report on the working and affairs of the West Bengal Small Industries Corporation Limited for 1974-75.

শ্রীচিত্তব্রত মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিয়াল কর্পোরেশন লিমিটেডের ১৯৭৪।৭৫ সালের এ্যানুয়াল রিপোর্ট উপস্থিত করছি।

Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1975-76.

Shri Provash Roy : Mr. Speaker, Sir, In accordance with section 45(5) of the Damodar Valley Corporation Act, 1948, I beg to lay before the House the Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1975-76.

LEGISLATION

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977

[2-05—2-15 P.M.]

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ জমিদারী

অর্জন (সংশোধন) বিধেয়ক, ১৯৭৭ এখানে উপস্থাপনা করার জন্য আপনার অনুমতি চাচ্ছি।

(Secretary then read the title of the Bill.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ জমিদারী অর্জন (সংশোধন) বিধেয়ক, ১৯৭৭, এটা বিবেচনার জন্য এখানে রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল এস্টেট এ্যাকুইজেশন এ্যাক্ট-এর আশু সংশোধন প্রয়োজনীয় হয়ে পড়েছে প্রধানতঃ দুটি কারণে—

(১) বনভূমি সরকারে বর্তানোর সম্বন্ধে মাননীয় হাইকোর্টের বিপরীত সিদ্ধান্ত সত্ত্বেও বনভূমির বর্তান বৈধকরণ।

(২) খনির উপরস্থ জমির খাজনা স্থিরীকরণ।

এ পর্যন্ত এস্টেট এ্যাকুইজিসন অ্যাক্টের বিধান অনুযায়ী প্রায় ৯ লক্ষ ৬৮ হাজার একর বনভূমি সরকারে বর্তেছে। মাননীয় হাইকোর্টের সম্প্রতি এক রায়ের ফলে এই সব বনভূমির সরকারে বর্তানো অসিদ্ধ হয়ে পড়েছে। যদিও এই রায়ের বিরুদ্ধে আপীল করা হয়েছে, তবু সরকারের স্বার্থ সুসংরক্ষণের জন্য আইনের প্রয়োজনীয় সংশোধন করে হাইকোর্টের বিপরীত সিদ্ধান্ত সত্ত্বেও বনভূমির সরকারে বর্তানো বৈধ করা প্রয়োজন।

এস্টেট এ্যাকুইজিসন অ্যাক্টের ৩০ ধারা অনুযায়ী খনির উপরস্থ জমির খাজনা মালিক ও সরকারের সম্মতিক্রমে ধার্য করার কথা। সম্মতির অভাবে মাইন ট্রাইবুনাল কর্তৃক স্থিরীকৃত হারে খাজনা ধার্য হবে। কিন্তু এই পদ্ধতিতে খাজনা স্থির করা বহু ক্ষেত্রেই সম্ভবপর হয়নি, যার ফলে সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে। বিশেষ করে কয়লা খনির উপরস্থ জমির কি হারে খাজনা ধার্য করা সংগত হবে তা স্থির করার উদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়। ঐ কমিটি একর পিছু ৪৫ টাকা হারে খাজনা উচিত ও ন্যায্য বলে সুপারিশ করেন। সরকার মনে করেন যে, এ ব্যাপারে মাইন ট্রাইবুনালের কাছে আবার যাবার প্রয়োজন নেই। আইনেই সেজন্য এই বিধান রাখা হচ্ছে যে, সরকার ও মালিক পক্ষের সম্মতিক্রমে খাজনা ধার্য করা সম্ভব না হলে একর প্রতি ৪৫ টাকা হারে খাজনা আদায় করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আশা করি এই বিধেয়কটি সকল মাননীয় সদস্যের সম্মতি লাভ করবে।

Shri Sunirmal Paik : Mr. Speaker, Sir, I would like to draw the attention of the Minister concerned. The fact that the present Left Front Government have taken steps to smoothly solve the complication of the West Bengal land matters is a very good idea no doubt. But going to do this work Government

have proposed to omit the following lines of Section 5 of the West Bengal Estates Acquisition Act, 1953—"notwithstanding anything to the contrary in any judgement, decree or order of any court or tribunal". I think this kind of omission will also be able to avoid the scope of Indian Limitation Act and Indian Specific Relief Act so that the land may be made free from all encumbrances. The present Government should have thought of Sections 3 and 4 of West Bengal Restoration of Alienation Land Act, 1973 before enforcing this amendment. So far as the case of item (3) of the proposed amendment is concerned, I think the case of rate of payment proposed is very high to some extent. In this connection, the present Government could have devised out another new guideline keeping Article 226 of the Indian Constitution in fact to make the Debottar and Pirottar properties where already registered documents had been placed. Apart from this, I want to draw your attention to my area. I am an M. L. A. of Khejuri P. S. which is a Scheduled Caste constituency, where there are no irrigation systems, pitched roads, etc. So, I think these problems will be solved very soon, and I think the Minister in-charge of Irrigation will try his best to solve the problem arising in my area. With these words I conclude my speech. Thank you, Sir.

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে বলবার আগে আমি ছোট্ট একটা কথা বলে নিতে চাই। আমরা যখন পরীক্ষা ব্যবস্থায় টোকাটুকির জন্য দারুণভাবে আন্দোলন করছি, বিধানসভার এক সদস্য তখন টুকে টুকে কিছু বলে গেলেন। আমি একটা কথা বলতে চাই, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আজকে যে বিলটা ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় এনেছেন, আমি সেটাকে অন্তর থেকে সমর্থন করছি, এবং সমর্থন করে দুটি কথা বলতে চাই।

শ্রী সন্দীপ দাস ঃ Sir, what the honourable member has just now stated should be expunged.

শ্রী সুনীতি চট্টরাজ ঃ দেখে বলাটা তো নিয়ম নয়, সেজন্য বলছিলাম।

মিঃ স্পীকার ঃ আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব যে আপনি আপনার এই মন্তব্যটি তুলে নেবেন।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ আমি কোন আঘাত দেবার জন্য একথা বলিনি, তবে আপনি যখন বলছেন, আমি তুলে নিচ্ছি, আমি স্যার, শুধু হুঁশিয়ার করে দিতে চেয়েছিলাম যে এটা নিয়ম নয়। যাই হোক, আমি আসল কথায় আসি। মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী যে বিলটা এনেছেন, আমি তা অন্তর থেকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু চারটা কথা বলছি। আজকে দুটি সেকশনে যে স্পেশাল এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, তা অত্যন্ত সুন্দর। কিন্তু এটা অনেকেই দেখেছেন স্যার, যে, অনেক সময় যাদের কাছ থেকে নিয়ে নেওয়া উচিত, যাদের কাছ থেকে অধিগ্রহণ করা হয়, তারপরে অনেক সময় জমির অধিগ্রহণ আইনে আমাদের কথার প্রতিবন্ধক হয়ে দাঁড়াচ্ছে।

[2.15—2.25 P. M.]

কিন্তু এই পরিপ্রেক্ষিতে এটা সমর্থন করতে গিয়ে আমাকে একটু বলতে হচ্ছে মাননীয় ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রীকে এইখানে যদি তিনি বিশেষ করে লক্ষ্য করেন। এই এ্যামেণ্ডমেণ্টের সাথে সাথে অবজেক্টে আরও দুটো কথা এ্যাড করে দিন। যে জমি সরকারের হাতে আসছে তাতে কোর্টের ডিক্রি অন্তরায় হচ্ছে। কিন্তু তারপরও যেটা পাওয়া যাচ্ছে সেটা সৎভাবে কাজে লাগান। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি আমার নির্বাচনক্ষেত্র সিউড়িতে একটা ক্ষুদ্র মিনি ষ্টীল প্ল্যাণ্টের জন্য সরকারী আওতায় আসা ফরেস্ট ল্যাণ্ড পেতে অনেক বাধা পেতে হয়েছিল। লাল ফিতার বাধা অতিক্রম করতে হয়েছে। অনেক বাধা পেয়ে মিনি ষ্টীলের জন্য জায়গা অন্তর্ভুক্ত করতে পারা যায় নি যেটা করা সম্ভব ছিল। তাই ভূমি রাজস্বমন্ত্রীকে বলছি তিনি যে সৎ উদ্দেশ্যে এইটা করছেন এই সময় এই বিষয়ে চিন্তা করতে তাঁকে অনুরোধ করছি। দ্বিতীয় ব্যাপার, সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট যেটা এনেছেন, সেটা অত্যন্ত যুক্তিসঙ্গত। কারণ যতই চিৎকার করি না, আমরা বিবেকানন্দ, মহাপুরুষ বা রামকৃষ্ণ নই। আমরা যদি সুযোগ পাই এবং সুযোগ করে দিই তাতে আমরা অনেক সময় কোরাপসানের দাস হয়ে পড়ি। এই রেণ্ট ফিক্স করাতে যে কোরাপসন হতো সেগুলো হতো না। আমরা আগেই বলেছি, আমরা সরকার-এর ভালো কাজকে সমর্থন করবো এবং খারাপ কাজকে নিশ্চয়ই সমালোচনা করবো। বাস্তবিকপক্ষে বামপন্থী ফ্রণ্টের ভূমি রাজস্বমন্ত্রীর মারফত যেটা এসেছে এটাতে বিশেষ সমালোচনা করার নেই। আমি তাই অন্তরের সঙ্গে সমর্থন করছি। এখনও বুরোক্রেটিক ফরম অফ গভর্ণমেণ্ট আছে। হাইকোর্টের বাঁধন থেকে মুক্ত করলেও অফিসারদের বাঁধনে গিয়ে পড়ে। এইজন্য উপযুক্ত দৃষ্টি দিতে অনুরোধ করি। এই সাজেসান রেখে বিলটি সমর্থন করে এইখানে আমার বক্তব্য শেষ করলাম।

জয়হিন্দ, বন্দেমাতরম্।

শ্রীরামনারায়ণ গোস্বামী : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ভূমি সদ্ব্যবহার, সংস্কার, এবং ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীকে এস্টেট এ্যাকুইজিসান এ্যাক্ট-এর যে সংশোধনী এনেছেন আমি তাকে স্বাগত জানাই। মন্ত্রী মহাশয় ইতিপূর্বে বলেছেন কেন তিনি এই সংশোধনী এনেছেন। তিনি যে সংশোধনী এষ্টেট এ্যাকুইজিসান এ্যাক্ট এনেছেন এর থেকে তিনি কয়েকটি কথা বাদ দিতে চেয়েছেন এবং তিনি পরবর্ত্তীকালে সাব-সেকশান টুতে কয়েকটি কথা যুক্ত করতে চেয়েছেন এবং তিনি বলেছেন যে ইতিপূর্বে ১৯২৩ সালে যে আইন গৃহীত হয়েছিল সেটা ১৯৫৭ সালে এ্যামেণ্ডমেণ্ট হয়েছে এবং সেখানে লক্ষ্য করেছেন সেকশান "এতে" যেখানে

ফরেস্ট কথাটা বলা হয়েছিল সেটা তুলে দেওয়া হয়েছে এবং সেকশন ৫(১) এতে ক্লজ (এএ) যোগ করে দিয়েছেন। কারণ দেখা গেলো অভিজ্ঞতা থেকে যে ফরেষ্টগুলো নেওয়া হতো তার গাছগুলো মালিকপক্ষ কেটে নিয়ে যাচ্ছে। সেইজন্য ১৯৫৭ সালে একটা এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছিল, সেখানে ক্লজ 'এএ' যোগ করা হয়েছিল। এখন হাইকোর্ট সম্প্রতি রায় দিয়েছেন, এটা কাগজেও বেরিয়েছিল, উখড়া ফরেষ্ট এবং ফিশারিস লিমিটেড একটা মামলা করেছিলেন। ১৯৫৭ সালে এই এ্যামেণ্ডমেণ্ট হল। এটা বুঝতে হবে যে গভর্নমেণ্টের কোন জমি নিলে একই নোটিফিকেশনে সেটা প্রযোজ্য হবে না এবং নূতন করে নোটিফিকেশন করতে হবে। সুতরাং আবার নূতন গভর্নমেণ্টকে নোটিফিকেশন করতে হবে—কারণ তাদের অনুকূলে হাইকোর্ট রায় দিয়ে দিয়েছে। অবশ্য মন্ত্রী মহাশয় ইতিমধ্যে পুনর্বিবেচনা করার জন্য হাইকোর্টে আপীল করেছেন। এতে ১৯৭৪ সাল থেকে আজ পর্যন্ত যে সমস্ত ফরেষ্ট ল্যাণ্ড গভর্নমেণ্ট ভেষ্ট করেছে তাতে এটা যদি সংশোধন না করা হয় তাহলে গভর্নমেণ্টের ৯ কোটি ৩৮ লক্ষ টাকা ক্ষতি হবে। তাই এমেণ্ডমেণ্টটি অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এবং আমিও এই এমেণ্ডমেণ্টকে সমর্থন জানাচ্ছি। তিনি যে সেকশন ৪টি যোগ করেছেন তাতে আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত। দ্বিতীয়তঃ তিনি আর একটি সংশোধন আনতে চেয়েছেন সেটা হচ্ছে সেকশন ৩০-এতে একটা সাবসটিটিউট বসানো হয়েছে। যেখানে বলা হয়েছে In section 30 of the principal Act, for the words "subject to the payment of such fair and equitable rent as may be agreed upon between the State Government and the intermediary or the lessee, or in default of agreement, as may be fixed by the Mines Tribunal." এই কথাটি তিনি বাদ দিতে চেয়েছেন। কারণ যেটা আইনে বিধান ছিল সেটা হচ্ছে দুই পার্টি এক সংগে বসে একটা এগ্রিড রেন্ট-এ উপনীত হয়ে রেন্ট ঠিক করা। তা না হলে সেটা মাইনস ট্রাইব্যুন্যালে পাঠাতে হবে। কিন্তু অভিজ্ঞতায় দেখা গেছে যে, খুব অল্প সংখ্যক চুক্তি হয়েছে এবং বেশীর ভাগই মাইনস ট্রাইব্যুন্যালে পাঠানো হয়েছে। কিন্তু কার্যতঃ অনেক কেসই ঐ মাইনস ট্রাইব্যুন্যালে জমা পড়ে আছে। এবং ঐ মাইনস ট্রাইব্যুন্যাল ফাংশনও ঠিকমত অবস্থায় নাই। ইতিমধ্যে যে সমস্ত কোল মাইনস গভর্নমেণ্টে ভেষ্টেড হয়েছে, ন্যাশনালাইজড হয়েছে এবং সেই ন্যাশনালাইজড করার পর একটা মালিকদের কমপেনসেশন দেওয়ার একটা প্রশ্ন আছে। এবং ইতিমধ্যে গভর্ণমেণ্ট কমপেনসেশন পেমেণ্ট করার জন্য একটা কমিশন অব পেমেণ্ট নিয়োগ করেছেন—একটা অফিসারও নিয়োগ করেছেন। কিভাবে তাদের কমপেনসেশন দেওয়া হবে তাদের ক্লেম অনুপাতে কি ব্যবস্থা নেওয়া হবে।

কিন্তু যে সমস্ত মাইনস গভর্নমেণ্টে বর্তেছে তার রেণ্ট আদায় করতে পারছে না। মাইনস ট্রাইব্যুন্যাল-এর দিকে চেয়ে বসে থাকতে হচ্ছে এবং লক্ষ লক্ষ টাকা মাসে মাসে মারা পড়ছে। তাই এই সেকশন ৩০ যেটা মন্ত্রী মহাশয় এনেছেন সেটা সময়োচিত হয়েছে এবং এটা খুবই যুক্তিযুক্ত। একটা ডি এল আর এস নিয়োগ করা হয়েছে—একটা কমিটি এ্যাপয়েণ্ট করা হয়েছে সমস্ত কিছু হিসাব-নিকাশ ঠিক করার জন্য এবং তাঁদের সুচিন্তিত মতামত নিয়েছেন এবং অন্যান্য রাজ্যে নজীর দেখে বিভিন্ন ভাবে হিসাব-নিকাশ করে ৪০ টাকা খাজনা ধার্য করা হোক এই মতামত তাঁরা দিয়েছেন। তাই মন্ত্রী মহাশয় যে সেকশন ৩০-এ যে এমেণ্ডমেণ্ট এনেছেন তা খুবই যুক্তিপূর্ণ। তিনি মাইনস ট্রাইব্যুন্যালকে এ্যাভয়েড করে ঐ যে ৪৫ টাকা খাজনা ধার্য করার যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি এবং একথা বলতে পারি যে, এটা খুবই সময়োচিত এবং যুক্তিযুক্ত। এই বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-25—2-35 P.M.]

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের সমর্থনে আপনার মাধ্যমে হাউসের কাছে আমার কিছু বক্তব্য নিবেদন করতে চাই। আমি এই বিলটিকে কেন সমর্থন করছি সেই কথা মন্ত্রী মহোদয় আগেই বলেছেন। তবে আমাদের কংগ্রেসী বন্ধু যে কথা বললেন তাঁর ধারণাটি সুস্পষ্ট নয়—হাইকোর্টের জাজমেণ্ট তাদের যে বাধাস্বরূপ হয়েছিল এটা নয়—এই বিলের উদ্দেশ্য হাইকোর্টের বাধাটিকে দূর করার জন্য নয়—এতে কিন্তু তাঁদের ধারণা স্পষ্ট থাকা উচিত। বিলটি এসেছে হাইকোর্টের যে ডিসিশন তাকে সম্মান জানিয়ে—সেই সম্মান অর্থাৎ লেজিসলেশানে যেসব বাধা ছিল অর্থাৎ এ্যাক্টের মধ্যে ইনহেরেণ্ট ডিফেক্টস যা ছিল—অর্থাৎ ১৯৫৩ সালের এষ্টেট এ্যাকুইজিশন এ্যাক্টের মধ্যে ইনহেরেণ্ট ডিফেক্ট যেটা রয়েছে সেটাকে রিমুভ করা—মাননীয় সদস্য বোধহয় জানেন না হাইকোর্ট কোন নতুন আইন তৈরি করে না, হাইকোর্ট আইনের ব্যাখ্যা করে, মহামান্য হাইকোর্ট কোনদিনই কোন কিছু কাজে বাধা সৃষ্টি করে না। মাননীয় সদস্য যা বললেন তাঁর এই ধারণা কবে হল সেটা আমি জানি না। কিন্তু কোন আদালতই কোন বাধা সৃষ্টি করে না। অ্যাসেমব্লিতে যে আইন প্রণয়ন করা হয় কোর্ট, বিচারালয় সেটার ব্যাখ্যা করে এবং ব্যাখ্যা করতে গিয়ে কতকগুলি ত্রুটি বেরিয়ে পড়ে। কংগ্রেস সরকার থাকলেও ওরা এটা করতে পারতেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস সরকার ছিলেন, ওরা ইচ্ছা করলে এটা করতে পারতেন।

এই ইনহেরেন্ট ডিফেক্টগুলির জন্য কোর্ট বাধ্য হয়েছে এ্যাক্টের ইণ্টারপ্রিটেশন করতে গিয়ে, আইনের ব্যাখ্যা করতে গিয়ে তাকে জিতিয়ে দিতে অর্থাৎ আইনের বিপক্ষে গেছে। সেকশন ৫এ-তে রয়েছে Notwithstanding anything to the contrary contained in any judgment, decree or order of any court or tribunal in the state···তারপরে সাব-সেকশন (বি), (সি), (ডি) আছে, অন্যান্য প্রভিশনের বেলায় (এ) এ্যাপ্লিকেবল নয়। তাই এণ্টায়ার সেকশন এ্যাপ্লিকেবল করার জন্য এ্যামেণ্ডমেণ্ট করে পরবর্তী কালে ইনকরপোরেট করা হচ্ছে। এটা কংগ্রেসী সদস্যরা করতে পারতেন এবং এই এ্যামেণ্ডমেণ্ট করলে হাইকোর্ট কিছু বলতেন না, এই বাধা সৃষ্টি হত না। আপনারা যদি লেজিসলেচারে এসে আইন পরিবর্তন করতেন তাহলে হাইকোর্টে কেস হত না। এটা অনেক আগেই করা উচিত ছিল, কিন্তু করেননি। উনি বক্তৃতা দিলেন হাইকোর্ট বেঁধে রেখেছে, হাইকোর্টের বাঁধন থেকে মুক্ত করা—হাইকোর্ট কোন বাঁধন দেয়নি, হাইকোর্ট কিছু করেনি, এটা ওঁর জানা উচিত ছিল, হাইকোর্ট আইনের ব্যাখ্যা করে। এ্যাসেম্বলী হাউস যা আইন করে হাইকোর্ট বা নীচের কোর্ট তার ব্যাখ্যা করে। সুতরাং এই এ্যাক্ট বা সেকশন ব্যাখ্যা করতে গিয়ে ত্রুটি পেয়েছেন। সেই অনুযায়ী কনটেনশন অর ইনটেনশন অব দি লেজিসলেচার ইণ্টারপ্রিট করাই হল জুডিসিয়্যারির ফাংশন। মাননীয় সদস্য যিনি বললেন এটা ওঁর জানা উচিত ছিল বিফোর হি সেজ এনিথিং রিগার্ডিং দি কোর্ট অর দি হাইকোর্ট—আইনের ক্ষেত্রে কোন বক্তব্য বা মন্তব্য করার ব্যাপারে এটা ওঁর জানা উচিত ছিল। ১৯৫৩ সালে এই আইন তৈরি হয়েছিল। গত ৩০ বছরে কংগ্রেস শাসনে এই আইন ছিল। কিন্তু তাঁরাও দেখেছেন কোর্টে বহু মামলা হয়েছে, এই আইনের বহু ব্যাখ্যা হয়েছে, কিন্তু তাঁরা আইন সংশোধন করেন নি। ভেষ্টেড ইণ্টারেষ্টের জন্যই তাঁরা ইচ্ছা করে এটা রেখেছিলেন, যাতে করে কোর্টে গিয়ে ঐভাবে আইনের ব্যাখ্যা করে বহু জমি বিলি বন্দোবস্ত না হয়। আজকে ভাল ছেলের মত কোর্টের বাঁধন বললে হবে না। কোর্ট বাঁধন দেয় না, লেজিসলেচার যে আইন করে কোর্টে সেই আইনের ব্যাখ্যা হয়। তাই এই এ্যামেণ্ডমেণ্ট আনার জন্য আমি মন্ত্রী মহাশয়কে স্বাগত জানাচ্ছি। তারপর সেকশন ৩০-তে আর একটি এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। সেটাও একটা সুন্দর এ্যামেণ্ডমেণ্ট। সেকশন ৩০-তে রয়েছে ফেয়ার এণ্ড ইকুইটেবল ডিষ্ট্রিবিউশন—এখন এই ফেয়ার এণ্ড ইকুইটেবল ডিষ্ট্রিবিউশনের জন্য যাতে করে একটা পার্টিকুলার রেট তৈরি হয় সেটা এখানে বলা আছে। সুতরাং সেদিক দিয়ে সেকশন ৩০-তে যা বলা হয়েছে সেটা হল,

subject to the payment of such fair and equitable rent as may be agreed upon between the State Govt. and the intermediary of the lessee, or in default of agreement as may be fixed etc.

সুতরাং সেখানে ফেয়ার এ্যাণ্ড ইকুইটেবলের ইণ্টারপ্রিটেশন নিয়ে সে ৫ টাকাও করতে পারে আবার ৫শো টাকাও করতে পারে। সেখানে স্পষ্ট করে ৪৫ টাকা একেবারে করে দিয়ে আইনের ব্যাখ্যা করে দিয়ে লেজিসলেচারের ইণ্টেনসানটা ক্লিয়ার করে দেওয়া হয়েছে এবং এখানে রেট অব রেণ্ট সম্পর্কে কোন অস্পষ্টতা থাকছে না। এখানে ফেয়ার এবং ইকুইটেবলের হাত থেকে বাঁচবার জন্য এবং ট্রাইব্যুনালের হাত থেকে বাঁচবার জন্য আপনাদের ইনটেনশানটা ক্লিয়ার রইল। এখানে এইভাবে মন্ত্রী মহাশয় আইনের সম্পূর্ণতা করেছেন, এর জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই প্রসংগে স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বলব, আমাদের এই আইনসভায় এমন আইনের এ্যামবিগুয়িটি যেন না থাকে—এই এ্যামবিগুয়িটি রেখে বিগত ৩০ বছর ধরে কংগ্রেস সরকার বাইরের ভেষ্টেড ইণ্টারেষ্ট-দের সুযোগ করে দিয়েছেন। তারা সেই সুযোগ নিয়ে কোর্টের আশ্রয় নিয়ে হাজার হাজার বিঘা জমি আটকে রেখেছে এবং হাজার হাজার টাকা করেছে। এই সমস্ত এ্যামবিগুয়িটি তারা ইচ্ছা করে সেকশনের মধ্যে রেখে ঐ ভেষ্টেড ইণ্টারেষ্টদের সুযোগ করে দিয়েছেন। এখন আমাদের মন্ত্রী মহাশয় সেই সমস্ত ক্লিয়ার করে স্পষ্ট করে আমাদের ইনটেনশানটা কি সেটা বলেছেন। ফলে এই সমস্ত মামলা আর হবে না। আমি এইজন্য মন্ত্রী মহাশয়কে আবার ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবশরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী মহাশয় যে পশ্চিমবংগ জমিদারী অর্জন (সংশোধন) বিধেয়ক, ১৯৭৭ এই হাউসের সামনে উত্থাপন করেছেন আমি সেই সংশোধনী বিলটি সমর্থন করে দু/একটি কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য জানেন যে, এই আইনটি ১৯৫৩ সালে বিধানসভা থেকে পাশ করা হয় এবং এই বিলের মূল উদ্দেশ্য ছিল, যে সমস্ত জোতদার বহু জমি বে-আইনী করে গোপনে লুকিয়ে রেখেছিল এই আইনের বলে সেই সমস্ত জমি সরকার অধিগ্রহণ করে ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করবেন। দীর্ঘ ২২ বছর ধরে এই আইনের বহু সংশোধন হয়েছে এবং বিভিন্ন সময়ে বিভিন্ন সরকারী রিপোর্টও আমরা সংবাদ-পত্রের মাধ্যমে দেখতে পাই, কিন্তু এখনও পর্যন্ত কি পরিমাণ জমি সরকারে ন্যস্ত হয়েছে তার সঠিক হিসাব আমরা জানতে পারি নি। বিভিন্ন সময় বিভিন্ন হিসাব

আমাদের জানানো হয়েছে। সর্বোপরি যে সমস্ত জমি ভেস্টেড হয়েছে বলে সরকার অধিকার করে নিয়েছেন তার বিরুদ্ধেও বহু মামলা দেওয়ানী কোর্টে এবং হাইকোর্টে দীর্ঘদিন ধরে ঝুলে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই মামলার পদ্ধতি অত্যন্ত দীর্ঘস্থায়ী এবং জটিল। এই জটিলতার সুযোগ নিয়ে ভূমিচোরেরা ভেস্টেড জমির মালিকানা স্বত্ব এখনও ভোগ করে চলেছে। এমন কি বহু ভেস্টেড জমি যার সরকারী পাট্টা দেওয়া হয়েছে সেই রকম বহু জমি এখনও পর্যন্ত পাট্টাদাররা দখল নিতে পারে নি।

[2.35—2.45 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, জমির মালিকরা যখন মামলাটি শুরু করেন হাইকোর্ট থেকে অন্তর্বর্তীকালীন ইনজাংশান দেওয়া হয় স্থিতাবস্থা বজায় রাখার জন্য, স্ট্যাটাস কো-মেনটেন করার জন্য। এই প্রসংগে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই স্ট্যাটাস কো-মেনটেন করার কথাটি সম্পর্কে হাইকোর্ট বা কোর্টের যে নির্দেশ সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যেটা হওয়া উচিত—সরকার জমি ভেস্ট করেছেন, সরকারের মালিকানা, সরকার জমি বন্দোবস্ত দিয়েছেন, চাষীর সেই অধিকার, স্বত্ব যে মুহূর্তে মামলা হচ্ছে সেই মুহূর্তে জমির মালিকানা ভেস্ট যা হয়েছে, বন্দোবস্ত যা দেওয়া হয়েছে সরকারের হওয়া উচিত। স্ট্যাটাস কো-মেনটেন-এর অর্থ সরকারের অধিকার তথা পাট্টাদারের অধিকার বলে বিবেচিত হওয়া উচিত। তা নাহলে স্ট্যাটাস কো-মেনটেন করা হোক কোর্ট-এর এই নির্দেশের বলে দেখা যায় যে, প্রাক্তন জমির মালিকরা জমির অধিকার পেয়ে থাকেন এবং দীর্ঘসূত্রতার দরুন, মামলার দরুন সেই জমি ভেস্টেড ল্যাণ্ড ডিষ্ট্রিবিউশান হওয়ার পরেও চাষীর দখলে আসে না। সে জন্য স্ট্যাটাস কো-মেনটেন করার যে বিধি আছে সে সম্পর্কে কোন সংশোধনী আনা যায় কিনা, যে জমি চাষ করছে বা সরকারে ভেস্ট হয়েছে সেটা সরকারেই বর্তাবে, জমি প্রাপ্ত মালিকের হাতে থাকবে না। এই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অন্য আর একটি বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে ইতিপূর্বে সরকার থেকে নির্দেশ দেওয়া হয়েছিল যে, যারা ঋণের দায়ে জমি বিক্রয় করেছে সেই গরীব চাষীরা তাদের জমি ফেরত পাবে। কিন্তু এই ফেরতের আইন এত জটিল, আমি যতদূর জানি, এই ফেরত আইনের মামলাগুলি বিচারের জন্য জে. এল. আর. ও., এ. আর. ও., বি. ডি. ও. ইত্যাদি বিভিন্ন বিভাগের কর্তাদের ভাগ করে দেওয়া হয়েছে। যার ফলে গরীব চাষীরা জমি ফেরতের জন্য যে মামলা তাঁরা করছেন, দীর্ঘদিন ধরে মামলাটি কি অবস্থায় আছে, কোথায় আছে,

কার কাছে পড়ে থাকছে সেটা জানতে পারা যায় না। সে জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো জমি ফেরতের মামলা সংক্রান্ত বিষয় ব্লক লেভেলের একজন নির্দিষ্ট সরকারী কর্তৃপক্ষের হাতে দেওয়া উচিত। বিভিন্ন কর্তৃপক্ষের হাতে দিলে মামলার খোঁজ-খবর পাওয়া সম্ভবপর হচ্ছে না। আর একটি বক্তব্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। বিভিন্ন সময়ে সরকার বন্যা পরিস্থিতির জন্য বা অন্যান্য খরা পরিস্থিতির জন্য খাজনা মকুবের নির্দেশ বা আদেশ দিয়ে থাকেন। যে সমস্ত চাষীরা সরকারী লোন পেতে চান, সরকারী নিয়ম হচ্ছে যে, চেক দাখিল না করলে ব্যাংকের কোন লোন পাওয়া যায় না। খাজনা মকুব হবার ফলে তহশীলদাররা পথকর, শিক্ষাকর নিতে আপত্তি করে, কোন চেক দিতে চায় না, ফলে সরকারী লোন থেকে দরিদ্র কৃষকরা বঞ্চিত হচ্ছে। এই সম্পর্কেও আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় সুবন্দোবস্ত করবেন। আমি পরিশেষে এই বিলটি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি সম্পর্কে প্রথমে দু'টি বিষয়ে খুব পরিষ্কার করে বলতে চাই। এটা কিছুটা মাননীয় সদস্য রাম নারায়ণ গোস্বামী বলেছেন। এখানে এটার দুটো খালি উদ্দেশ্য। একটা উনি খুব সঠিকভাবে বলেছেন যে, হাইকোর্টের বিরূপ মন্তব্য এড়াবার জন্য আইনের যে সমস্ত অস্পষ্টতা আছে তাকে সুস্পষ্ট করে যাতে কোনরকম বাধা না আসে সেই উদ্দেশ্যে এটা করা। প্রথম কথা হচ্ছে এটা কেন করতে হচ্ছে? একটা মামলা হয় অজিত কুমার বাগচী বনাম স্টেট গভর্নমেন্ট এবং তাতে কি দেখা গেল? দেখা গেল সেই মামলা উঠার কথায় যে 'ফরেস্ট'—এই শব্দটি থাকলে তাতে ফরেস্টের অন্তর্ভুক্ত গাছ কাঠ ইত্যাদি বোঝায় কি না?···বললেন যে গাছ আগে অন্য লোককে বিক্রি করা হয়েছে, অতএব আগে যখন ট্রান্সফার্ড হয়ে গেছে তখন তার অধিকার আছে গাছ কেটে নেবার। অতএব সেখানে ঐ জিনিসটা ওঠাতে দেখা গেল, ফরেস্ট নামে জমি পাওয়া যাবে কিন্তু সব গাছ কেটে নিয়ে যাবে। সেটাকে দুরুক রবার জন্য তখন ঐ যে জায়গায় ফরেস্ট ছিল প্রথমে, সেটাকে সেখানে ড্রপ করা হল। পরে ২(এ), (এ)-তে বলা হয়েছে, সেই জায়গায় আরও এলাবোরেটলি জিনিসটা বলা হল, যাতে দেখবেন এই ভাষাটা দেওয়া হয়েছে, "all lands in any estate comprised in a forest with all rights to the trees or to the produce thereof as mentioned in clause (aa) of sub-section (1) ."

সেই জন্য ঠিক আরও পরিষ্কার করে দেওয়া হল যাতে ঐ বনের থেকে গাছ এবং গাছের থেকে উদ্ভূত যে-কোন প্রডিউস, এই সবই তার ভিতর ইনক্লুড করতে হবে।

পরবর্তীকালে আর একটা আইনের ফ্যাঁকড়া উঠেছিল, সেই ফ্যাঁকড়াটা এই দিক থেকে যে, ১৯৫৭ সালে যখন ফরেস্ট শব্দটা উঠিয়ে দেওয়া হল, আর ১৯৫৭ সালের এ্যামেণ্ড-মেণ্টে যখন এটা ইনসার্ট করা হল, এর ভেতর গ্যাপ আছে কি না। আসলে কোন গ্যাপ নেই। কারণ দুটো সাইমুলটেনাসলি হয়েছে। যে সংশোধনীর দ্বারা ঐ ফরেস্ট শব্দটি ওঠান হয় এবং আরও বিস্তৃত ব্যাখ্যা সহযোগ দেওয়া হয়েছে, দুটো এক সঙ্গে এক সময়েই হয়, কোন গ্যাপ, কোন ভ্যাকুাম নেই। তা সত্ত্বেও এই জিনিস হয়েছিল। সেই জন্য সেইগুলো কোনরকম আর পরে অসুবিধা সৃষ্টি না হয়, সেই জন্য এটা পরিষ্কার করে এখানে বলা হয়েছে। এই আইনের, বিলের সঙ্গে প্রাসঙ্গিক নয়—বন্ যেটা থাকবে, সেই বনের কি করে শ্রীবৃদ্ধি হতে পারে, সুরক্ষিত হতে পারে সেটা অন্য ডিপার্টমেণ্টেরও দায়িত্ব। সেই জন্য একটা আইনকে অবলম্বন করে অন্য বিষয় আনা প্রাসঙ্গিক নয়, সেটা অন্য প্রসঙ্গে আপনারা বলতে পারেন। দ্বিতীয় যেটা, সেটা খুব পরিষ্কার এবং অত্যন্ত প্রয়োজনীয়। সেটা হচ্ছে আগে যেটা বিধান ছিল সেকশন থার্টিতে, তাতে ঐ খনির উপরোক্ত জমি, তার আণ্ডার মাইনিং রাইট, সেটা আলাদা জিনিস, কিন্তু যেটা উপরের জমি যাকে সার্ফেস ল্যাণ্ড বলা হয় এবং সেই সার্ফেস জমির ক্ষেত্রে আগে বিধান ছিল—যখন এটা ব্যক্তিগত মালিকানায় ছিল, ইণ্টারমিডিয়ারীর হাতে যখন ছিল, তখন ছিল উভয় পার্টি মিলিত ভাবে খাজনা ধার্য করবে। যদি সেটা না হয়, তাহলে একটা মাইন্স ট্রাইবুন্যালের কাছে যাবে। তখন এই দুটো ক্ষেত্রে অনেক অসুবিধা হত এবং কোন মীমাংসা হত না। এখন আপনারা জানেন যে, খনি ন্যাশনালাইজ হয়েছে। এখন একটা সমস্যা হচ্ছে, ডেট অব ভেষ্টিং থেকে ডেট অব ন্যাশনালাইজেশন পর্যন্ত একটা ব্যবস্থা এবং ডেট অব ন্যাশনালাই-জেশন থেকে পরবর্তীকাল আর একটা ব্যবস্থা। সেখানে ইষ্টার্ন কোল মাইন্স লিমিটেড-এর কাছে, আর ওটা হচ্ছে এক্স-ইণ্টারমিডিয়ারী—এক্স-ইণ্টারমিডিয়ারীরা কমপেনসেশনের জন্য নানারকম ক্লেম করছে, আবার আমাদের কাছে তাদের কি ক্লেম সেটাও যদি আমাদের যথাযথ ভাবে ফেস করতে হয় তাহলে সার্ফেস রেণ্টটাও একটা ক্লেমের ভিতর, সেটা যদি সুনির্দিষ্টভাবে তৎপর করতে না পারা যায় সেই ক্লেমও আমরা পাবো না। এটা অত্যন্ত দরকারী, পরে দেখবেন, আমরা যখন অন্য বিল আনবো। আমরা যেমন একদিকে সাধারণ গরীব কৃষক, মাঝারী কৃষক, এদের যেমন আমরা খাজনার দিক থেকে রেহাই দেবার চেষ্টা করছি, তেমনি আবার স্টেট এক্স-চেকার-এ যাতে অর্থ আসে এবং এমন লোকের কাছ থেকে আসে যাদের দেবার ক্ষমতা আছে, দেবার সাধ্য আছে, সেদিক থেকে আমরা দেখেছি যে বর্তমানে যেখানে আগেকার নিয়ম অনুযায়ী যা আদায় হত, সেই অনুযায়ী প্রায় সাত কোটি

দু' লক্ষের মত তখন খাজনা আদায় হত, তখন অন্ততঃ পক্ষে আমাদের হিসেব মত ঠিক আদায় হলেও ঐ কোল রয়্যালটি, সার্ফেস রেন্ট ইত্যাদি নিয়ে অন্ততঃ পক্ষে ১২/১৩ কোটি টাকা,

[2·45—3·25 P.M.] (including adjournment)

অর্থাৎ মোট রাজস্বের চেয়ে বেশী এবং এ ব্যাপারে যদি কোনরকম আইনের জটিলতা দেখা দেয় এবং সেটা আমরা ষ্টেট এক্সচেকার থেকে দিতে পারি, সেই ব্যবস্থা করা দরকার। সেদিক থেকে এটা অত্যন্ত প্রয়োজনীয়। যে ৪৫ টাকা ধার্য করা হয়েছে, এটা আর্বিট্রারিলি করা হয়নি। ডাইরেক্টর অফ্ ল্যাণ্ড রেকর্ডস ও সার্ভে-র নেতৃত্বে একটা এক্সপার্ট টিম তৈরি করে খোঁজখবর নিয়ে আমরা দেখেছি, বিহার এবং অন্যান্য জায়গায় এর চেয়েও বেশী করা হয়েছে। সেই জন্য এখানে করা হচ্ছে একরে ৪৫, বিঘায় ১৫। এটা সাধারণ ল্যাণ্ড নয়, যে সমস্ত ল্যাণ্ডের যথেষ্ট মূল্য রয়েছে সেখানেই করা হচ্ছে এবং এটা সুনির্দিষ্ট ভাবেই করা হচ্ছে। সুতরাং দল-মত নির্বিশেষে আমাদের সকলের স্বার্থেই এই জিনিস করা উচিত। একজন বলেছেন খাজনা বা অন্যান্য ব্যাপারে রসিদ দেয়, কি না দেয়, সেটা এই আইনের আলোচ্য বিষয় নয়, সেটা এই প্রসঙ্গে প্রাসঙ্গিক নয়। এটা যথেষ্ট ছোট বিল, এটার প্রয়োজন রয়েছে এবং এটা বিতর্কের বিষয় নয়, সুতরাং বিতর্কের বিষয় না হলেও বিতর্ক করতে হবে, এটা ঠিক নয়। এটার যেহেতু প্রয়োজন রয়েছে সে জন্য মাননীয় সদস্যরা এটা নিশ্চয়ই অনুমোদন করবেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : এখন সভার বিবেচ্য বিষয় হচ্ছে বিধেয়কটি বিবেচনার জন্য গ্রহণ করা হোক অর্থাৎ বিল বি টেকেন ইনটু কনসিডারেশন।

যাঁরা এই প্রস্তাবের সপক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ'।

যাঁরা এই প্রস্তাবের বিপক্ষে তাঁরা বলুন 'না'।

(ধ্বনি ভোটের পর)

ধ্বনি ভোটে মনে হচ্ছে 'হ্যাঁ' পক্ষের সমর্থক বেশী।

'হ্যাঁ' পক্ষের সমর্থন বেশী।

অতএব বিধেয়কটির বিবেচনার প্রস্তাব গৃহীত হল।

খণ্ড বা ক্লজ ১ ও ৩ এবং প্রস্তাবনা (প্রিয়াম্বেল)

বিধেয়কটির ১ ও ২ ক্লজ বা খণ্ডের উপর এবং প্রস্তাবনা (অর্থাৎ প্রিয়াম্বেল)-এর উপর কোনও সংশোধনী প্রস্তাব নেই।

সুতরাং আমি ১ ও ২ ক্লজ বা খণ্ড এবং প্রস্তাবনা (অর্থাৎ প্রিয়াম্বেল) বিধেয়কটির অংশ বলে গ্রহণের জন্য সভায় পেশ করছি।

যাঁরা এর সপক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ'।

আর যাঁরা এর বিপক্ষে তাঁরা বলুন 'না'।

(ধ্বনি ভোটের পর)

ধ্বনি ভোটে মনে হচ্ছে 'হ্যাঁ' পক্ষের সমর্থক বেশী।

'হ্যাঁ' পক্ষের সমর্থক বেশী।

অতএব বিধেয়কটির ১ ও ২ খণ্ড বা ক্লজ এবং প্রস্তাবনা (অর্থাৎ প্রিয়াম্বেল) বিধেয়কটির অংশ বলে গৃহীত হল।

এখন বিভাগীয় মন্ত্রী বিধেয়কটি উত্তরণ (বা পাশ) করুন।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

মিঃ স্পীকার : এখন সভার বিবেচ্য বিষয় হচ্ছে, বিধেয়ক বা বিলটি যেভাবে সভায় স্থিরীকৃত হলো (অর্থাৎ সেটেল্‌ড হলো) সেটাকে সেই ভাবে উত্তরণ করা (বা পাশ করা)।

যাঁরা এর পক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ'।

যাঁরা এর বিপক্ষে তাঁরা বলুন 'না'।

এর বিপক্ষে কেউ নেই।

বিধেয়কটি সর্ব-সম্মতিক্রমে উত্তরণ (বা পাশ) করা হলো।

(এই সময় সভা ৩০ মিনিটের জন্য মুলতুবী রাখা হয়।)

(After adjournment)

3.25—3.35 P.M.

শ্রীশশবিন্দু বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র সংবাদ পেলাম প্রাথমিক শিক্ষণপ্রাপ্ত বেকার শিক্ষকদের একটি মিছিল যখন বিধানসভা অভিমুখে আসছিল তখন পুলিশ তাদের আটকে দেয়। আপনি জানেন বিগত কংগ্রেস সরকারের আমলে বহু প্রাথমিক শিক্ষক চাকুরী পেয়েছিল অর্থাৎ তারা প্রাথমিক শিক্ষকতা পেয়েছিল। কিন্তু এই সমস্ত শিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের বঞ্চনা করে অশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের এনে চাকুরী দেওয়া হয়। এর ফলে এরা দীর্ঘদিন শিক্ষণপ্রাপ্ত হয়ে রয়েছে এবং চাকুরীর সুযোগ পাচ্ছে না। আজ রাজভবনের কাছে পুলিশ তাদের আটকে দিয়েছে। আমি চাই তাদের সঙ্গে যোগাযোগ করে তাদের বক্তব্য শিক্ষামন্ত্রী মহাশয় শুনবেন।

মিঃ স্পীকার : বিধানসভার কার্যপ্রণালী ৩৪৬ ধারা অনুযায়ী আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে একটা বিবৃতি দিতে অনুরোধ করছি।

ডঃ অশোক মিত্র : গতকাল বাজেট পেশ করবার সময় উল্লেখ করেছিলাম যে, ২০টা অতিরিক্ত দ্রব্য ১৯৪১ সালের বিক্রয়কর আইনের আওতা থেকে সরিয়ে নিয়ে ১৯৫৪ সালের বিক্রয়কর আইনের আওতায় আনা। যে ২০টা জিনিসের কথা বলেছিলাম তার মধ্যে কি কি থাকবে তার একটা বিবৃতি এই মহাসভায় বিতরণের ব্যবস্থা করেছি। এই ২০টার ভেতর ১৪টার বিবরণ এখানে দেওয়া হয়েছে এবং কি কি দ্রব্যের উপর কি কি কর আরোপ করা হয়েছে তা বলা আছে। তা বাদ দিয়ে ১৯৫৪ সালের আইনের আওতায় এই রকম ৩টা দ্রব্য সম্বন্ধে আমি কতকগুলি নূতন হারে কর আরোপের কথা বিবৃতিতে বলেছি। মাননীয় সদস্যরা আশা করি এটা দেখে নেবেন।

A statement by Dr. Ashok Mitra, Minister-in-Charge, Finance, Development & Planning & Excise Department

26th August, 1977

Mr. Speaker Sir and Hon'ble Members,

I have the honour to state for the information of the House that in pursuance of some of the proposals made by me in connection with the budget for 1977-78, and under the provisions of the West Bengal Sales Tax Act, 1954, notifications are being issued to take effect from *1st September, 1977* to the following effect :

The following commodities are being transferred from Bengal Finance (Sales Tax) Act, 1941 to West Bengal Sales Tax Act, 1954 for taxation at first point at the rates of tax indicated against each.—

1.	Coffee and Chicory in whole or powdered form including instant coffee	12 per cent.
2.	(a) Aerated water and non-alcoholic beverages (including fruit juices, squashes, syrups and cordials) when sold in sealed, capsuled or corked bottels, jars, tins, drams and other containers	12 per cent.
	(b) Soda Water	9 per cent.
3.	Ice and Ice-cream of all varieties including ice candy	12 per cent.
4.	Fire Works	12 per cent.
5.	Bricks (other than fire bricks), roofing tiles and lime	6 per cent.
6.	(a) Tractors	9 per cent.
	(b) Power tillers	3 per cent.

7. *Footwears of all descriptions,*
   (i) when sold at a price not exceeding Rs. 15/- per pair — 6 per cent.
   (ii) when sold at a price exceeding Rs. 15/- but not exceeding Rs. 30/- per pair — 9 per cent.
   (iii) when sold at a price exceeding Rs. 30/- per pair — 12 per cent.
8. Shoe polish, including shoe-wax, cream and whitener — 9 per cent.
9. Cured or frozen meat and fish when sold in sealed containers. — 12 per cent.
10. Flourescent tubes and mercury vapour lamps of all varieties and their fittings including chokes and starters and other component parts and accessories appertaining to such tubes and lamps. — 12 per cent.
11. Electrical Appliances, that is to say,
   (a) fans, exhaust fans and air circulators,
   (b) heaters of all varieties and descriptions,
   (c) kettles, percolaters, food mixers, grinders, and liquidizers, cooking ranges and cooking ovens,
   (d) washing machines, geysers and vaccum cleaners — 12 per cent.
12. Crockery manufactured from porcelain, glazed earthenware or glass, in a factory as defined in Factories Act, 1948 — 12 per cent.
13. Sanitary wares and sanitary fittings made primarily from glazed earthenware or porcelain (other than pipes) in a factory as defined in Factories Act, 1948 — 12 per cent.
14. Spare parts, accessories and components (including storage batteries) of :
   motor vehicles, motor cycles and cycle combinations, motor scooters including mopeds and motorized cycle rickshaws, motorettes and tractors (but excluding tyres & tubes and flaps of tyres & tubes)
   (i) when sold to manufacturer as original equipment of motor vehicles, motor cycle and cycle combinations, motor scooters including mopeds and motorized cycle rickshaws, motorottes and tractors — 3 per cent.
   (ii) when sold to others — 12 per cent.

The following changes in rate of tax of commodities already covered by West Bengal Sales Tax Act, 1954 will take effect from 1st September, 1977 and notifications are being issued accordingly :—

1. Lubricating oils, including mobil oil, brake oil, axle oil and greases—
   (a) when sold to manufacturers — rate of tax revised to 3% from 1% at present.

(b) when sold to others	—	rate of tax revised to 7% from 6% at present.
2. Biscuits (manufactured in factories as defined in the Factories Act, 1948)	—	rate of tax revised from 6% at present to 9%
3. Finished Drugs, patent or proprietory medicines, and surgical dressing.	—	rate of tax reduced from 8% at present to 6%.

কার্য উপদেষ্টা সমিতি অর্থাৎ Business Advisory Committee-**র ৫ম প্রতিবেদন।**

মিঃ স্পীকার : আমি কার্য উপদেষ্টা সমিতি অর্থাৎ বিজনেস্ এ্যাডভাইজারী কমিটির ৫ম প্রতিবেদন পেশ করছি। এই সমিতির অধিবেশন আজ ২৬শে আগস্ট ১৯৭৭ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সমিতি উক্ত অধিবেশনে বিধানসভার আজকের অর্থাৎ ২৬শে আগস্ট, '৭৭ তারিখের পরবর্তী কার্যক্রম ও সময়সূচী নিম্নলিখিতভাবে আংশিক পরিবর্তনের সুপারিশ করেছে।

পশ্চিমবঙ্গ ভূমি হস্তান্তর (প্রনিয়ন্ত্রণ) (সংশোধন) বিধেয়ক ১৯৭৭-টি যাহা আজ ২৬শে আগস্ট, ১৯৭৭ তারিখের ৩ নং কার্যসূচী হিসাবে ধার্য ছিল তাহা পরবর্তী কোন এক নির্ধারিত দিনে আলোচনার জন্য গ্রহণ করা হইবে। অন্যান্য কার্যসূচী অপরিবর্তিত থাকিবে। অর্থাৎ আজকের পরবর্তী কার্যক্রম নিম্নরূপ :—

পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতা স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়ক—১৯৭৭

(উপস্থাপনা, বিবেচনা ও গ্রহণ)—১ ঘণ্টা

শ্রীভবানী মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য উপদেষ্টা সমিতির পঞ্চম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার : আমি ধরে নিচ্ছি যে, এ প্রস্তাবে কারুর আপত্তি নেই—এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হল।

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977.

Shri Benoy Krishna Chowdhury : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977.

(Secretary then read the title of the Bill.)

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৩৯ সালের ভারত রক্ষা আইনে প্রদত্ত ক্ষমতা বলে অধিগৃহীত ভূ-সম্পত্তিগুলিকে জনস্বার্থের প্রয়োজনে অধিগ্রহণের আওতায় রাখবার জন্য এবং প্রয়োজন বোধে ঐ সম্পত্তিগুলিকে স্থায়ীভাবে গ্রহণের জন্য ওয়েষ্ট বেঙ্গল রিকুইজিশাণ্ড ল্যাণ্ড (কন্টিনিউয়্যান্স অব পাওয়ার্স) এ্যাক্ট, ১৯৫১ পশ্চিমবঙ্গ বিধান-সভা কর্তৃক বিধিবদ্ধ হয়। এ যাবৎ এই আইনের কার্যকারিতার মেয়াদ কয়েকটি সংশোধনী দ্বারা মাঝে মাঝে বাড়ানো হয়েছে। এইরূপে ১৯৭৬ সালে এই আইনের সর্বশেষ সংশোধনী দ্বারা আইনটির মেয়াদ ১৯৭৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত বাড়ানো হয়েছে। বর্তমানে এই রাজ্যে প্রায় ১২২টি ভূ-সম্পত্তি এই আইনের আওতায় অধিগৃহীত অবস্থায় আছে। এই আইনের বিধান বলে অধিগৃহীত সম্পত্তির জন্য দেয় ক্ষতিপূরণের পরিমাণ একবার ধার্য হওয়ার পর সমগ্র অধিগ্রহণের মেয়াদের মধ্যে সেই ক্ষতিপূরণের আর কোন পরিবর্তন বা বৃদ্ধির অবকাশ ছিল না। রাজ্য সরকার এই বিষয়টি পর্যালোচনা করে অনুভব করেছেন যে, দীর্ঘকাল আগে ১৯৩৯ সালের ভারতরক্ষা আইনের বিধান বলে এই অধিগৃহীত ভূ-সম্পত্তিগুলির জন্য যে পরিমাণ ক্ষতিপূরণ নির্দিষ্ট হয়েছিল তা অনির্দিষ্টকাল একই থেকে যাবে এটা মোটেই সমীচীন ও যুক্তিযুক্ত নয়। তদনুসারে ১৯৭৬ সালে সংশ্লিষ্ট আইনটির একটি সংশোধন হয়েছে এবং তাতে ব্যবস্থা হয়েছে যে, এই সংশোধনী কার্যকরী হবার এক বছর পরেও যদি এই ভূ-সম্পত্তিগুলি অধিগ্রহণের আওতায় থাকে এবং স্থায়ীভাবে গ্রহণ করা না হয় তাহলে এই সম্পত্তিগুলির জন্য দেয় ক্ষতিপূরণের পরিমাণ বর্তমান ভাড়া অনুসারে পুনর্নির্ধারণ করতে হবে।

রাজ্য সরকার আশা করেছিলেন যে, ১৯৭৭ সালের ৩১শে মার্চের মধ্যে এই ভূ-সম্পত্তিগুলির বেশীর ভাগই স্থায়ীভাবে গ্রহণ করা সম্ভব হবে অথবা অধিগ্রহণ থেকে ছেড়ে দেওয়া যাবে। কিন্তু ইতিমধ্যে ১৯৭৬ সালের আর্বান ল্যাণ্ড (সিলিং এণ্ড রেগুলেশান) এ্যাক্ট প্রবর্তিত হওয়ায় নতুন এক জটিলতার উদ্ভব হয়। এই নতুন কেন্দ্রীয় আইনের বিধানে দেখা গেল যে, কোন মালিকের অধিগৃহীত ভূ-সম্পত্তি তাঁর জমির উর্ধ্বসীমা নির্ধারণের জন্য বিবেচনাযোগ্য হবে। উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা এই উর্ধ্বসীমা নির্ধারণের কাজ যথেষ্ট সময় সাপেক্ষ। এদিকে ১৯৭৬ সালের সংশোধনীর দরুন ১৯৭৭ সালের ১লা এপ্রিল থেকেই এই ভূ-সম্পত্তিগুলির ক্ষতিপূরণ বর্তমান ভাড়া অনুসারে পুনর্নির্ধারণের জন্য রাজ্য সরকার দায়বদ্ধ হয়ে আছেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমান বিধেয়ক দ্বারা আইনের সামান্য সংশোধন করে এক বৎসর সময় সীমার বদলে দুই বৎসর সময় সীমা বিধিবদ্ধ করা হচ্ছে যাতে এই

ভূ-সম্পত্তিগুলির ক্ষতিপূরণ পুনর্নির্ধারণের কাজটি ১৯৭৮ সালের ৩১শে মার্চের পর করা যেতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আশা করি এই বিধেয়কটি মাননীয় সকল সদস্য অনুমোদন করবেন।

শ্রীঅতীশচন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এখনই এই বিল মুভ করার সঙ্গে সঙ্গে এটা যে উদ্দেশ্যে আনা হয়েছে সেটা বললেন। আমাদের এই বিষয়ে আপত্তি নেই যদি এক বছরের জায়গায় আরো দু'বছর করা হয়। কিন্তু একটা জিনিস তাঁকে অনুরোধ করব, তিনি এই বিষয়ে তাঁর বক্তব্যে স্বীকারও করেছেন যে, ১৯৩৯ সালের ভারতরক্ষা আইনের সময় যে সমস্ত জমি রিকুইজিশান করা হয়েছিল সেই সময়ে যে ক্ষতিপূরণ বা সেই সময়ে যে রেন্ট ধার্য হয়েছিল সেটা স্বাভাবিকভাবে ১৯৭৭ সালে বা তার পরবর্তীকালে প্রযোজ্য হওয়া উচিত নয়। কাজেই সেটা যাতে তাড়াতাড়ি করা সম্ভব হয় তার জন্য নিশ্চয়ই মন্ত্রী মহাশয় দেখবেন। আমি তাঁকে অনুরোধ করব এই সময় যাতে আর বাড়াবার প্রয়োজন না হয় তার জন্য তিনি যেন নজর দেন। এই সঙ্গে সঙ্গে আরো কয়েকটি কথা বলা দরকার। সাধারণতঃ যে সমস্ত জমি রিকুইজিশান করা হয়েছে সেই সমস্ত জমির হয়ত কোনটা পরে এ্যাকুইজিশান হয়েছে, কিম্বা কিছুদিন পরে সরকার ছেড়ে দেবেন এই যে পদ্ধতি, রিকুইজিশান করার পর এ্যাকুইজিশান করার পদ্ধতি বা তার সময়, বা সেটাকে ছেড়ে দেওয়ার যে পদ্ধতি বা সময়, এটা অনেক সময় দীর্ঘ মেয়াদী হয়, দীর্ঘস্থায়ী হয়। এর ফলে অনেক সময় সেই সমস্ত জমির মালিকদের, তাঁরা অনেক সময় বিত্তশালী মানুষ নয়, ছোট জমির মালিক, তাঁদের বিশেষ অসুবিধার সৃষ্টি হয়। এই রকম বহু দৃষ্টান্ত আমাদের কাছে আছে।

[3.35—3.45 PM]

কাজেই এই দিকে তিনি যেন নজর দেন যে, এই পিরিয়ডটা অর্থাৎ রিকুইজিশান করা বা সেগুলিকে যদি আবার ডি-রিকুইজিশান করতে হয় অর্থাৎ করবার প্রয়োজনীয়তা থাকে তাহলে সেক্ষেত্রে যেন বছরের পর বছর দেরি না হয়। মাননীয় সদস্যরা একটা কথা নিশ্চয়ই স্বীকার করবেন ১৯৩৯ সালের যে দাম সেই অনুসারে ক্ষতিপূরণ দেওয়া নিশ্চয়ই উচিত হবে না। বর্তমানে যে হার চলছে সেই অনুসারে যাতে ক্ষতিপূরণ দেওয়া হয় সেটা আশা করি দেখবেন। আমরা লক্ষ্য করেছি আর্বান সিলিং এ্যাক্ট আসার পর জমির ব্যাপারটা জটিলতর হয়েছে। আর্বান সিলিং এ্যাক্ট, ১৯৭৬ সালে যেটা চালু হয়েছে তার জন্য এইসব জিনিস যাতে পেছিয়ে না যায় সেটা

আশা করি আপনারা দেখবেন। আর্বান সিলিং এ্যাক্টে কতখানি জমি সরকারে বর্তেছে সেটা আমাদের দেখা উচিত। যে সমস্ত ল্যাণ্ড ডি-রিকুইজিশান করতে হবে বা সেগুলিকে নূতন ভাবে পুনর্বিন্যাস করতে হবে সেখানে যেন ওই এ্যাক্ট এসে বাধা সৃষ্টি না করে সেটা আপনারা দেখবেন এই অনুরোধ আমি রাখছি। আমি এই বিল সমর্থন করছি, কিন্তু সঙ্গে সঙ্গে একটা কথা বলছি এই যে, ২ বছর সময় চেয়েছেন এর পরে এই সময় যেন আর না বাড়ে সেটা আপনারা দেখবেন।

শ্রীসুনীলকুমার মজুমদারঃ মাননীয় স্পীকার মহাশয়, যে বিল আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। ১৯৩৯ সালে যে রিকুইজিশান এ্যাক্ট ছিল ভারত রক্ষা আইন অনুসারে আজকে সেটা চলতে পারে না। কাজেই এই যে ২ বছর সময় আরও বাড়িয়ে নিতে চেয়েছেন এটা খুবই যুক্তিযুক্ত। আমি মনে করি ১৯৭৮ সালের ৩১শে মার্চের পর এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা উচিত। তারপর, ল্যাণ্ড রিকুই-জিশানের ব্যাপারে আমরা দেখেছি সেখানে ক্ষতিপূরণের প্রশ্ন থাকে। আমরা এটাও দেখেছি একবার একটা নেওয়া হয় আবার তাকে ছেড়ে দেওয়া হয়। কাজেই নানা রকম প্রশ্ন এর সঙ্গে জড়িত রয়েছে, যেগুলি নিয়ে খুবই চিন্তা করা দরকার। যাহোক, আজকে আমি এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবরঞ্জন সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি রাজস্বমন্ত্রী যে বিল আমাদের সামনে এনেছেন তাকে আমি সমর্থন করছি। ১৯৩৯ সালের ভারত রক্ষা আইনে আমাদের পশ্চিমবংলায় বহু জমি সরকার অধিগ্রহণ করেছেন। আমরা দেখেছি এই ব্যাপারে কোন কোন জায়গায় কমপেনসেশান দিয়েছে এবং কোন কোন জায়গায় দেয়নি। আমাদের এবারে সিদ্ধান্ত নিতে হবে কোন্ জমি আমরা রাখব, কোন্ জমি আমরা ফেরত দেব এবং কিভাবে সেটা দেব। আমার মনে হয় ১৯৭৬ সালে যে এ্যাক্ট পাশ হয়েছে তার মধ্যে অনেক ভুলত্রুটি রয়েছে যার জন্য সেই এ্যাক্ট পরিষ্কার ফল দেয়নি। সেই জিনিস সামনে রেখে আমরা যদি এই আইনের সংশোধন করতে পারি তাহলে নিশ্চয়ই উপকার হবে এবং ১ বছরের জায়গায় ২ বছরের মধ্যে আমরা সমস্যার সমাধান করতে পারব। যাদের জমি আমরা নিয়েছি সেটা তারা ফেরত পাবে কি পাবে না বা তাদের ক্ষতিপূরণ কিভাবে পাবে সেই বিষয়ে মন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন করছি। তার ক্ষতিপূরণ কি ধরনের হবে সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যে, প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে একটা কথা বলি যে, জমি অধিগ্রহণ করার পর জমির অনেক রূপান্তর হয়েছে। বহু খালি জমিতে কলকারখানা

হয়েছে, পানাগড় থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় পরিবর্তন হয়েছে, অনেক আবাস হয়েছে, সৈনিকদের বহু আবাস হয়েছে, সৈনিকদের প্রয়োজনে তাদের জিনিসপত্র রাখবার জন্য এবং অন্যান্য কারণে জমির প্রয়োজন হয়েছে। তাই আমার বিশ্বাস মাননীয় মন্ত্রী মহাশয় যদি সেই আইন করবার সময় বা আইন চলাকালীন ২ বছরের মধ্যে ক্ষতিপূরণের জন্য এ্যাক্টকে সামনে রেখে তার ভাল-মন্দের দিক থেকে বিচার করেন, সেটা যাতে সাধারণ মানুষের প্রতিবন্ধক না হয়, ক্ষতিপূরণ পেতে বিলম্ব না হয় সেই দিকে লক্ষ্য রেখে যদি আইন পাশ করা হয় তাহলে এই প্রস্তাব যে মন্ত্রী মহাশয় এনেছেন তাতে সাধারণ মানুষের উপকার হবে, সাধারণ মানুষের ভাল হবে। তাই আমি মনে করি ১ বছরের জায়গায় ২ বছর সময় দেওয়া খুবই যুক্তিসঙ্গত। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগণেশ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই বিধানসভায় জমি অধিগ্রহণ সম্পর্কিত যে আইন এসেছে সেই আইনকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। যদিও আমরা জানি এই সমাজ ব্যবস্থার মধ্যে আমরা যা চিন্তা করি সেই চিন্তা বাস্তবে রূপ দেওয়া সম্ভব নয় জনহিতকর উদ্দেশ্যে। এখানে জনহিতকর উদ্দেশ্যে কতকগুলি আইন আনা হচ্ছে যার উপর দাঁড়িয়ে সাধারণ মানুষের কিছু কল্যাণ করতে পারা যায়। প্রত্যেক আইনই যখন বিধানসভায় পাশ হয় তখন তার মধ্যে জনহিতকর দিক থাকে এবং সেই দিকে লক্ষ্য রেখে আমরা সাধারণতঃ আইন প্রণয়ন করি এবং দেশের পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে আইন প্রণয়ন করা হয়। আমরা জানি ১৯৩৯ সালে ভারতরক্ষা বিধি বলে এই আইন পাশ হয়ে ছিল, সুতরাং ভারতবর্ষের এবং পঃ বাংলায় তখন যে অবস্থা ছিল আজকে তার আর্থিক এবং সামাজিক এই দুটো দিকেরই পরিবর্তন হয়েছে। সুতরাং এই পরিবর্তনের মাঝে আমাদের সরকারের কাজকর্ম করবার জন্য দ্রুততার সঙ্গে আইন করার প্রয়োজন আছে। কিন্তু প্রতি ক্ষেত্রেই দেখা যায় সাধারণতঃ একটা প্রশাসনিক দুর্বলতা বা প্রশাসনিক গড়িমসির জন্য প্রত্যেকটি আইন বাস্তবে পরিণত করবার পক্ষে বিঘ্ন সৃষ্টি হয়। সেই দিক থেকে লক্ষ্য রেখে যাতে প্রশাসনিক ত্রুটির জন্য এই আইনের কার্যকারিতা যাতে বিঘ্নিত না হয় সেটা মাননীয় মন্ত্রী মহাশয় যেন লক্ষ্য রাখেন তার জন্য তাঁকে আমি অনুরোধ করব। তাছাড়া ক্ষতিপূরণ ধার্য করবার জন্য শুধু বড় লোকদের নয় গরীব মানুষ এবং সাধারণ মধ্যবিত্ত মানুষের জমি প্রয়োজনের জন্য রিকুইজিশান করতে হয়। সুতরাং তাদের যাতে অনিশ্চিত ভবিষ্যতের দিকে না তাকিয়ে থাকতে হয়, যত তাড়াতাড়ি সেই ব্যাপারে একটা ডিসিশন হয়ে যায় সেদিকে সরকারের দৃষ্টি থাকা উচিত।

সুতরাং এই আইনকে বাস্তবে রূপায়িত করার জন্য এর সময়সীমা না বাড়িয়ে ত তাড়াতাড়ি সম্ভব এর সমস্ত ব্যবস্থা ত্রুটিমুক্ত করে, যাতে করে এই আইনের ল্যাণকর দিকটা সাধারণ মানুষ উপলব্ধি করতে পারে তার দিকে লক্ষ্য রাখার জন্য ন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.45—3.53 PM]

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই ্নিসটা পরিষ্কার করে দিতে চাই যে, সাধারণভাবে এ্যাকুইজিশন এ্যাণ্ড রিকুইজি-ান-এর যে আইনটা আছে এটা তা নয়। এই আইনে নূতন কিছু গ্রহণ করা হয়নি। ১৩৯ সালে ডি আই আর এ কতকগুলি—এখন আছে প্রায় ১২২টি, তার ভিতর ৷টি হচ্ছে বাড়ী যা অধিকাংশই হচ্ছে ফুড ডিপার্টমেণ্টের গোডাউন, আরো অন্যান্য পার্টমেণ্টও আছে, আর বাকী জমি। এখন দেখবেন এর মেয়াদটা বাড়িয়ে াড়িয়ে যাওয়া হচ্ছে এবং এইভাবে কন্টিনিউয়েশন অব পাওয়ার নেওয়া হচ্ছে। খানে নূতন কিছু নেওয়া হয়নি। এটা করছি এই কারণে যে, এখানে যে জিনিসগুলি হেতু ছাড়া সম্ভব হয়নি এই ডিপার্টমেণ্টগুলির পক্ষে তার ফলে যাতে প্রশাসনিক ক্ষেত্রে যাতে কোন অসুবিধা না হয় তার জন্য মাঝে মাঝে বাড়িয়ে নিয়ে যাওয়া হচ্ছে ব এটা '৭৬ সালে বাড়ান হয়েছে তিন বৎসরের জন্য। ওই আইনের মেয়াদ আছে ৯ সালের মার্চ পর্যন্ত। কিন্তু '৭৬ সালেই এটা অনুভব করা হয় যে, ১৯৩৯ সালে রেণ্ট—কারণ দেখবেন যে রিকুইজিশানে যেভাবে কমপেনসেশন দেওয়া হয় খানে তা হয় না, এখানে হচ্ছে রেকারিংভাবে তার থেকে যে আয় হতে পারতো, ণ্ট হিসাবে যে আয় হতে পারতো, সেটা তাকে দেওয়া হয়। এখন সেটা ১৯৩৯ ালের নিয়ম অনুযায়ী করা হয়েছিল সেটা সত্যিই আজকের দিনে পাঁচগুণ, াথাও কোথাও ১০ গুণ পর্যন্ত বেড়েছে, সেটা এখন খুব অযৌক্তিক, সেটা বুঝেই মন ব্যবস্থা করা হয়েছিল—এটাকে আমরা এক বৎসরের জায়গায় দু'বৎসর করছি। খানে এই ব্যবস্থা করা হয়েছিল '৭৬ সালে যে এক বৎসরের ভিতর অর্থাৎ '৭৭ ালের ৩১শে মার্চ-এর ভিতর হয় এগুলিকে ছেড়ে দেওয়া হবে, না হয় বর্তমান াজার দর দিয়ে পার্মানেণ্টলি এ্যাকয়ার করা হবে, আর উভয়ের যদি কোনটাই রতে না পারা যায় তাহলে পর আজকের বাজার দর অনুযায়ী যে দর হয়, রেণ্ট য়, সেইভাবে এটাকে পুনর্নির্ধারণ করা এই ছিল ব্যাপারটা। এটা আপনারা নুধাবন করবেন যে, এই মন্ত্রিসভা ২২শে জুন তারিখে হয়েছে তার আগেই কিন্তু ময় পেরিয়ে গিয়েছে, এটা মনে রাখতে হবে। এটা অতীতের একটা দায়ভার

নেওয়া এবং সেইজন্য আমরা কৈফিয়ত দিতে পারবো না যে, কেন এটা করা সম্ভব হয়নি। তবুও আমরা বুঝেছি ঐ '৭৬ সালেই আরবান ল্যাণ্ড সিলিং এ্যাক্ট হয় যার ফলে অসুবিধা হচ্ছে, এখন সেইজন্য আমরা চাচ্ছি যে, যাতে আর এক বৎসরের বেশী না হয়। হয় তাদের ছেড়ে দিতে হবে, না হয় তাদের পার্মানেণ্টলি এ্যাকয়ার করতে হবে, আর তা না হলে ভাড়া নির্ধারিত করতে হবে, এর সময় আর নিশ্চয়ই বাড়ান হবে না। এর সময় কিন্তু অলরেডি উত্তীর্ণ হয়ে গিয়েছে। অতীতে যা কিছু হয়েছে—নূতন কোন সরকার এলেই তার উপর অতীতের কিছু দায়ভার বর্তায় এবং সেইজন্যই সেই পরিস্থিতিতে এই বিধেয়কটি আমরা আনতে বাধ্য হয়েছি। তারপর অন্য কথাও এর সঙ্গে উঠেছে, আপনাদের স্মরণ আছে এর আগে স্বল্পকালীন অধিবেশনে সাধারণ ভাবে ঐ এ্যাকুইজিশান, রিকুইজিশান বিলটা আনা হয়েছিল তখনি আমি বলেছিলাম আমাদের ভাল করে বিচার করে দেখতে হবে যাতে উপযুক্ত কমপেনসেশন দেওয়া হয়, দ্রুত দেওয়া হয়। তা না হলে নানা রকম অসুবিধার সৃষ্টি হবে কিন্তু এটা তো এখানকার বিবেচ্য বিষয় নয়। এখানে যেটা হচ্ছে তাতে এক বৎসরের জায়গায় দু'বৎসর করা ছাড়া বর্তমান অবস্থায় আর কিছু করার নেই এবং সেইদিক থেকে এটা বিচার করবেন। আশা করি আপনারা সকলেই এই অবস্থাটা বুঝে এটা গ্রহণ করবেন। যদি সদস্যরা এটা প্রয়োজন বলে মনে করেন তাহলে সময় দিতে হবে। এক বৎসরের বেশী আমরা চাচ্ছি না, এর ভিতর আমরা যা হোক একটা কিছু করবো। এই কথা বলে আমি আশা করবো যে এটা সকলেই সমর্থন করবেন।

মিঃ স্পীকার ঃ এখন এই সভার বিবেচ্য বিষয় হচ্ছে এই বিল অর্থাৎ এই বিধেয়কটি বিবেচনার জন্য গ্রহণ করা হোক। যাঁরা এই প্রস্তাবের পক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ', আর প্রস্তাবের বিপক্ষে যাঁরা তাঁরা বলুন 'না'; এই প্রস্তাবের বিপক্ষে কেউ নেই, অতএব এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হল অর্থাৎ বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হল।

খণ্ড বা ক্লজ এক নম্বর এবং দুই নম্বর এবং প্রিয়াম্বেল-এর উপর কোন সংশোধনী প্রস্তাব নেই, সুতরাং এই এক নম্বর ও দুই নম্বর ক্লজ খণ্ড ও প্রস্তাবনা, এই বিলের অংশ বলে গ্রহণের জন্য সভার কাছে পেশ করা হল, যাঁরা এই প্রস্তাবের সপক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ', আর যাঁরা বিপক্ষে তাঁরা বলুন 'না'। এই প্রস্তাবের বিপক্ষে কেউ নেই। অতএব বিধেয়কটির এক নম্বর ও দুই নম্বর ক্লজ বা খণ্ড এবং প্রস্তাবনা এই বিধেয়কটির অংশ বলে গৃহীত হল।

এখন ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের বিধেয়কটি পাশ করার প্রস্তাব রাখা হচ্ছে।

শ্রীবিনয় চৌধুরী : Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

মিঃ স্পীকার : এই সভায় বিবেচ্য বিধেয়কটি সভায় যেভাবে স্থিরীকৃত হল অর্থাৎ সেটেল্ড হল, সেইভাবে পাশ করা হল বা উত্তরণ করা হল, যাঁরা সপক্ষে তাঁরা বলুন 'হ্যাঁ', আর যাঁরা বিপক্ষে তাঁরা বলুন 'না'। এই প্রস্তাবের বিপক্ষে কেউ নেই। অতএব প্রস্তাব গৃহীত হল এবং বিধেয়কটি উত্তরণ বা পাশ করা হল।

আগামী কাল ২৭শে আগষ্ট ১৯৭৭, বেলা বারটা পর্যন্ত সভা মুলতুবি রইল।

ADJOURNMENT

The House was then adjourned at 3·53 pm. till 12 noon on Saturday, the 27th August, 1977.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled Under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 27th August, 1977, at 12 noon.

PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 19 Ministers, 3 Ministers of State and 211 Members.

[12.00—12.10 P M]

শোক প্রস্তাব

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ সভার কাজ আরম্ভ করার পূর্বে আমি প্রথমে প্রাক্তন তিনজন বিধানসভা সদস্য এবং অধুনালুপ্ত বিধান পরিষদের একজন সদস্যকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি।

আজ এই সভায় খ্যাতনামা শিক্ষাবিদ, আইনজ্ঞ, সমাজচিন্তাবিদ ও প্রাক্তন বিধান পরিষদ সদস্য ডক্টর শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুতে আমি গভীর শোক জ্ঞাপন করছি। গত ১৪ই জুলাই ৮৯ বৎসর বয়সে কলকাতায় তাঁর বাসভবনে শ্রীবন্দ্যোপাধ্যায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

১৮৮৮ সালে বীরভূম জেলার কীর্ণাহার গ্রামে শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায় জন্মগ্রহণ করেন। ১৯১১ সালে তদানীন্তন ডাফ কলেজ থেকে তিনি বিজ্ঞানে স্নাতক হন এবং

১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বিশুদ্ধ গণিতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করে এম এ পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর তিনি রিপণ অর্থাৎ অধুনা সুরেন্দ্রনাথ কলেজে অধ্যাপনা শুরু করেন। ১৯২২ সালে প্রিভি কাউন্সিলে একটি মামলা সংক্রান্ত ব্যাপারে তিনি ইংল্যাণ্ডে যান এবং সেখানে ব্যারিষ্টারী পাশ করে আইন ব্যবসায় যোগ দেন। ১৯২৪ সালে তিনি কলকাতা হাইকোর্টে ওকালতি শুরু করেন। সেই সময় তিনি রিপন কলেজে অপরাধ আইন এবং হিন্দু আইনের অধ্যাপকরূপে নিযুক্ত হন। তিনি ছিলেন একজন প্রথিতযশা আইনজ্ঞ। ১৯৪৮ সালে তিনি কলকাতা হাইকোর্টের বিচারপতি নিযুক্ত হন। ১৯৫০ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদেও রত হন। তিনি একই সঙ্গে কলকাতা হাইকোর্টের বিচারপতি ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এই দুইটি গুরুত্বপূর্ণ পদের কার্যভার গ্রহণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে সাম্মানিক 'ডক্টর অফ ল' উপাধিতে ভূষিত করেন। ১৯৫২ সাল পর্যন্ত তিনি হাইকোর্টের বিচারপতি ছিলেন। অবসর গ্রহণের পর তিনি পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্থায়ী 'আরবিটেটার' নিযুক্ত হন। তিনি আয়কর তদন্ত কমিশনের চেয়ারম্যানও ছিলেন। ১৯৫৭ সালে তিনি পশ্চিমবঙ্গ বিধান পরিষদের সদস্য মনোনীত হন। বিভিন্ন সমাজ কল্যাণমূলক কাজে তাঁর ছিল অফুরন্ত উৎসাহ এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে কয়েকটি বিশ্লেষণমূলক প্রবন্ধে তিনি তাঁর মনীষার স্বাক্ষর রেখেছেন। বীরভূমের লাভপুর গ্রামে তিনি একটি কলেজ প্রতিষ্ঠা করেন এবং তাঁর সমস্ত সম্পত্তি 'বিন্দুলাল মিশ্রবেণী' এডুকেশন ট্রাষ্টকে দান করেন। তিনি এক লক্ষ টাকা মূল্যের তাঁর সমস্ত আইনের বইয়ের সংগ্রহ লিগ্যাল এড এ্যাণ্ড এ্যাডভাইসরি সোসাইটিকে দান করেন।

তাঁর মৃত্যুতে আমরা একজন অন্যতম শিক্ষাবিদ, আইনজ্ঞ ও মহানুভব সমাজ সেবককে হারালাম। তাঁর দেহাবসানে তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে আমি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

আজকের এই সভায় আমি গভীর শোকের সঙ্গে প্রয়াত প্রাক্তন বিধানসভা সদস্য শ্রীঅমরকৃষ্ণ ঘোষকে স্মরণ করছি। গত ১৩ই জুলাই ১৯৭৭ সালে ৮৬ বৎসর বয়সে কলকাতায় তাঁর বাসভবনে এই স্বাধীনতা সংগ্রামের অক্লান্ত যোদ্ধা ও প্রবীণ বিপ্লবীর জীবনাবসান হয়। অবিভক্ত বাংলার যুগান্তর বিপ্লবীগোষ্ঠীর তিনি ছিলেন অন্যতম সদস্য। তিনি নেতাজী সুভাষচন্দ্র বসুর ঘনিষ্ঠ সহযোগীরূপে পরিচিত ছিলেন এবং বৃটিশ শাসনকালে তাঁর সঙ্গে বর্মার মান্দালয় জেলে বন্দীজীবন যাপন করেন। এরপরও তিনি বহুবার বৃটিশ সরকার কর্তৃক কারারুদ্ধ হন। স্বাধীনতার পরে পশ্চিমবঙ্গের প্রথম বিধানসভায় তিনি কংগ্রেস দলের মুখ্য সচেতক পদে নিযুক্ত হন।

তিনি ছিলেন একনিষ্ঠ দেশসেবক। তাঁর মৃত্যুতে আমরা একজন নির্ভীক দেশ-প্রেমিককে হারালাম। তাঁর দেহাবসানে তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে গভীর সমবেদনা জ্ঞাপন করছি। এবং এর সঙ্গে আজ এই সভায় আমি অত্যন্ত শোকার্ত-চিত্তে প্রয়াত প্রাক্তন বিধানসভার সদস্য শ্রীটুরকু হাঁসদাকে স্মরণ করছি। শ্রীটুরকু হাঁসদা ১৯৫৭ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য ছিলেন। ১৯৫৭ সালে তিনি সিউড়ী বিধানসভা কেন্দ্র থেকে তফসিল ভুক্ত উপজাতির জন্য সংরক্ষিত আসনে কম্যুনিস্ট প্রার্থী হিসাবে নির্বাচিত হন। বীরভূম জেলার মহম্মদ বাজার থানার নিমপাহাড়ী গ্রামের এক গরীব কৃষক পরিবারে তাঁর জন্ম। শ্রীহাঁসদা বীরভূম জেলার কৃষক আন্দোলনের একজন অগ্রণী নেতা ছিলেন। উপজাতি ভুক্ত জনগণের সমস্যা, তাদের অধিকার সংরক্ষণ প্রভৃতি নিয়েও তিনি একাধিক আন্দোলনে নেতৃত্ব দেন। ১৯৪৯ সালে তিনি কম্যুনিস্ট পার্টির সংশ্রবে আসেন এবং পরবর্তীকালে বীরভূম জেলা কমিটির সদস্য হন। ১৯৬৪ সালে তিনি সি পি আই এম-এ যোগদান করেন। ১৯৭৩ সালের ৩১শে মার্চ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। কৃষক আন্দোলনের একজন একনিষ্ঠ সৈনিক হিসাবে তাঁর অবদান গ্রাম বাংলার দরিদ্র কৃষককে আগামী দিনের অনুপ্রেরণা যোগাবে। তাঁর মৃত্যুতে আমরা তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে গভীর সমবেদনা জ্ঞাপন করছি। এর পর আমি প্রয়াত প্রাক্তন বিধানসভা সদস্য শ্রীদীনতারণ মণিকে গভীর শ্রদ্ধার সঙ্গে আজকের এই সভায় স্মরণ করছি। ১৫ই মে, ১৯৭৪ সালে ৭৫ বৎসর বয়সে তাঁর মৃত্যু হয়। ১৯৫২ সালে জয়নগর সংরক্ষিত আসনে নির্দলীয় প্রার্থী রূপে পশ্চিমবঙ্গ বিধানসভায় তিনি নির্বাচিত হন। ১৯২৫ সালে জয়নগর থানার মণিপুর বাঁশতলা গ্রামে তিনি মণিপুর বাঁশতলা এম ই স্কুল প্রতিষ্ঠা করেন। ১৯৫৯ সালে এটি হাই স্কুলে উন্নীত হয় এবং তিনি ঐ স্কুলের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক ছিলেন। দীর্ঘ ৪১ বৎসর প্রধান শিক্ষকের পদে কাজ করে ১৯৬৬ সালে তিনি অবসর গ্রহণ করেন। শ্রীদীনতারণ মণি ছিলেন একজন লেখক ও কবি। 'কবিতা কুসুম' নামে একটি কাব্যগ্রন্থ, 'হরিণাম' ও 'বৈঠকী সঙ্গীত' ও কয়েকটি নাটক তিনি রচনা করেন। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন সৎ ও নিষ্ঠাবান। তাঁর মৃত্যুতে তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে আমরা গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মাননীয় সদস্যগণ এখন আমি আপনাদের অনুরোধ করছি আপনারা অনুগ্রহ করে নিজ নিজ আসনে ২ মিনিট নীরবে দণ্ডায়মান থেকে প্রয়াত এই ৪ জন প্রাক্তন সদস্যগণের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করিবেন।

(সদস্যগণ নীরবতার সহিত নিজ নিজ স্থানে দণ্ডায়মান হইয়া শ্রদ্ধা জ্ঞাপন করেন)।

মিঃ স্পীকার : ধন্যবাদ, বিধানসভার সচিব প্রয়াত প্রাক্তন সদস্যদের পরিবার-বর্গকে শোকবার্তার প্রতিলিপি পাঠাবেন।

[12.10—12.20 PM]

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কাগজে দেখলাম গতকাল ২৬ তারিখে কলকাতার কসবা এলাকায় প্রায় সকাল ৯টার সময় প্রকাশ্য দিবালোকে তাপস ঘোষাল নামে এক যুবককে নৃসংশভাবে কুপিয়ে হত্যা করেছে। তিনি মারা গেছেন। আক্রমণকারীরা কোন রাজনৈতিক দলভুক্ত কিনা সে সব প্রসঙ্গে আমি যেতে চাই না, সেটা আপাততঃ যুক্তিযুক্ত ব্যাপার বলে রেলেভেন্ট বলে মনে হয় না। কারণ মারাত্মক অপরাধ সংঘটিত হয়েছে। এই হত্যাকাণ্ডের ফলে ঐ এলাকায় দারুণ ত্রাস এবং ভীতি সঞ্চার হয়েছে। মানুষের মনে আতঙ্ক সৃষ্টি হয়েছে আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে। তাছাড়া আগের দিন ঐ একই জায়গায় তারাপদ ঘোষ নামে আর একজন যুবক ছুরিকাহত হন। এই ধরনের ঘটনা চলতে থাকলে অবস্থা আরো খারাপ হয়ে যেতে পারে। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন, তাঁকে অনুরোধ করব তিনি এই সম্পর্কে হাউসে কনফিডেন্স নিয়ে একটি বিবৃতি দেবেন। আমি শুনেছি ঐ এলাকার মানুষ বিশেষ করে তিলজলা, কসবা, সোনারপুরের কিছু মানুষ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি লিখিত স্মারকলিপি দিয়েছিলেন, এই ধরনের কয়েকটি ঘটনা ঘটেছে, সমাজবিরোধীরা নানা রকম উপদ্রব করছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাঁরা দু'টি চিঠি দেন। ২৩শে আগস্ট তারিখে মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তর শেষ স্মারকলিপিটি পান। তারপর এই ধরনের ঘটনা ঘটে গেল। আগে একটি ঘটনা ঘটেছিল, তারপর গতকাল আর একটি ঘটনা ঘটল। গতকাল যে ঘটনা ঘটেছে তা অত্যন্ত মর্মন্তুদ ঘটনা। মৃতের বাবা হলেন কেন্দ্রীয় সরকারের কণ্ট্রোলার অব ডিফেন্স এ্যাকাউন্টসের কর্মচারী এবং মৃত একটি কলেজের ছাত্র ছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে রিএ্যাসিওরিং দিয়েছিলেন এবং আমি ব্যক্তিগতভাবে তাঁর সঙ্গে দেখা করেছিলাম, তিনি সুস্পষ্টভাবে বলেছিলেন আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে দেওয়া হবে না এবং এই বিষয়ে নিশ্চয় কঠোর ব্যবস্থা নেব। আমি ফিরে এসে মাননীয় মুখ্যমন্ত্রীর কথা আমাদের সদস্যদের জানিয়েছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতিতে তাঁরা খুব সন্তুষ্ট হয়েছিলেন। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি

অবস্থাটির গুরুত্ব উপলব্ধি করে এইরকম মর্মন্তুদ ঘটনার প্রতিকার যাতে হয় সেদিকে দৃষ্টি দেবেন। আমি শুনেছি ৬ জন ব্যক্তির নাম প্রকাশিত হয়েছে। এই জঘন্য নারকীয় ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের অধিকাংশের বিরুদ্ধেই মিসা, আইনের অন্যান্য ব্যবস্থা নেওয়া হয়েছিল এবং হত্যা, খুন ইত্যাদি কয়েকটি অপরাধের সঙ্গে জড়িত এই অপরাধীরা এক সময় মামলায় বিচারাধীন ছিলেন। একজন অপরাধীর নাম স্বপন চক্রবর্তী, ওরফে বাবলু, গতকাল পুলিশ তাকে গ্রেপ্তার করেছে এবং আমার অনুরোধ এই রকম কোন পক্ষ থেকে অভিযুক্ত ব্যক্তিদের যেন মুক্তি না দেওয়া হয়। আমি অনুরোধ করছি পুলিশ প্রশাসন যাতে নিরপেক্ষভাবে চলে সেটা মাননীয় মুখ্যমন্ত্রী দেখবেন এবং এই ধরনের ঘটনা ঘটলে পুলিশ নিরপেক্ষভাবে যাতে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে পারেন সেটা তিনি দেখবেন এবং শান্তিপ্রিয় মানুষের মনে যাতে আস্থা ফিরিয়ে আনতে পারেন সেই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী একটি বিবৃতি দিয়ে আমাদের আশ্বস্ত করবেন।

শ্রীজ্যোতি বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, এই ঘটনা কালকে শোনবার পর যাতে করে সঠিক তদন্ত হয় তার জন্য পুলিশ, যাদের বলার কথা, তাদের আমি বলি এবং এটা আমি বলে দিই যে, নানা রকম খবর আমি সেখান থেকে পেয়েছিলাম যে সমাজবিরোধীদের মধ্যে হাঙ্গামার ঘটনা চলেছে। কারণ, আজকে নয়, ৬ বছর ধরে ঐসব অঞ্চলে—ওটাকে সমাজবিরোধী অঞ্চল বলা চলে, সেই হিসাবে তাদের দৌরাত্ম্য সেখানে হয়েছে। কিন্তু এই কথা আমি শুনি যে রাজনীতি এর মধ্যে এসে যাচ্ছে এবং সেই কারণে আমি আগে থেকে বলে দিই যে, এই সব কোন জিনিস বিচার করবার প্রয়োজন নেই, যেভাবে তদন্ত হয় সেইভাবে তদন্ত হওয়ার প্রয়োজন আছে এবং তারপর আদালতে গিয়ে যে সিদ্ধান্ত হবার সেই সিদ্ধান্ত হবে। ইতিমধ্যে আর যাতে আতঙ্ক না ছড়ায় তার জন্য পুলিশ ব্যবস্থা করবে—কাল রাত্রে এই সব কথা আমি পুলিশকে বলেছি।

কাজেই এর বেশী আজকে আর কিছু বলতে পারবো না। কারণ, যে আইন আছে সেই অনুযায়ী সেখানে কাজ হবে। তবে আমি সংবাদপত্রে নানা রকম দেখছি, সে সব নিয়ে মন্তব্য করে লাভ নেই, কারণ, আমার যা খবর ছিল এখন অন্য রকম খবর দেখছি। এটা কি দাঁড়াবে সেটা তদন্ত রিপোর্ট পেলে তবেই আমি বুঝতে পারবো। কেউ বলছেন যে, যে মারা গিয়েছে সে কংগ্রেসের, তারাও বলছেন সে আমাদের লোক, আবার দেখছি আর একজন লোক আগে যিনি কংগ্রেসে ছিলেন, এখন জনতা পার্টিতে গিয়েছেন, তিনি বলছেন, না, ও আমাদের লোক। আবার অন্য পার্টি হয়ত বলবেন, ও আমাদের লোক। কাজেই এসবের ভেতরে আমি এখন যাচ্ছি

না। এটার সম্পর্কে রিপোর্ট এলে তদন্ত করে, বিচার করে আমার যদি কিছু বলার থাকে সেটা আমি বলব যেটুকু বলা যায় একটা সাবজুডিস মামলা সম্পর্কে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই প্রসঙ্গে কয়েকটি বিশেষ কথা বলতে চাই। এই তাপস একটি কলেজের স্টুডেন্ট এবং কংগ্রেসের সক্রিয় কর্মী ছিল। সমাজবিরোধীদের দৌরাত্ম্য বলে এটাকে এড়িয়ে গেলে আমি খুবই দুঃখ পাব একজন কংগ্রেসী সদস্য হিসাবে। প্রকাশ্য দিবালোকে সমাজবিরোধীকেও পুলিশের সামনে হত্যা করা হলে জঙ্গলের রাজত্ব কায়েম করা হচ্ছে কিনা সেটা অনুমান করার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। আপনি সমাজবিরোধী বলতে পারেন, অন্য কথা বলতে পারেন কিন্তু প্রকাশ্য দিবালোকে নৃশংস হত্যার যে ইতিহাস সেটা অনেকদিন পরে আবার পশ্চিমবাংলায় শুরু হয়েছে। আমি তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে কঠিন হস্তে এই জঙ্গলের রাজত্ব শেষ করার জন্য এবং পুলিশের নিষ্ক্রিয় ভূমিকা নষ্ট করবার জন্য ব্যবস্থা করতে অনুরোধ করছি।

দৃষ্টি আকর্ষণ

অধ্যক্ষ মহোদয় ঃ আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা :—

(১) ২৪ পরগনা জেলার প্রাথমিক শিক্ষকদের রাজপথে অনশন। দৃষ্টি আকর্ষণ করেছেন—শ্রীকিরণময় নন্দ।

(২) Closure of Sri Durga Cotton and weaving Mills at Konnagore by Shri Santasri Chattopadhyay.

আমি ২৪ পরগনা জেলার প্রাথমিক শিক্ষকদের রাজপথে অনশনের বিষয়ের উপর মাননীয় সদস্য শ্রীকিরণময় নন্দ কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

শ্রীভবানী মুখার্জী ঃ আগামী মঙ্গলবার।

শ্রীপার্থ দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টি সম্পর্কে আমার যেটুকু জানা আছে সেটুকুই এখন বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪ পরগনা জেলাতে ১৯৭৩ সাল থেকে শুরু করে ২৪ পরগনা জেলা স্কুল বোর্ডের অফিসে এবং কয়েকটি বিভিন্ন রাজনৈতিক দলের প্রভাবিত কিছু সংগঠনের কিছু ব্যক্তি কিছু অতিরিক্ত ভেকেন্সী দেখিয়ে—প্রায় দু' হাজার ভেকেন্সী দেখিয়ে, দুর্নীতির সাহায্যে কিছু অল্প

বয়সী ছেলে এবং মেয়েকে বে-আইনীভাবে নিয়োগ করেছিলেন। নিয়োগ করার পরবর্তী পর্যায়ে যখন সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল তখন তদানীন্তন সরকারের মুখ্যমন্ত্রীর যে একটা সেল ছিল—যেটা দিয়ে তদন্ত করা হত, তারা একটা তদন্ত করেছিলেন এবং তা করে একটা রিপোর্ট দিয়েছিলেন। সেটা মুখ্যমন্ত্রীর সেলেই পড়েছিল, সেটা বার করে দেখা হচ্ছে। কিন্তু ডিপার্টমেন্টেরও একটা রিপোর্ট আছে এবং সেই রিপোর্টের ভিত্তিতে এইটুকু বলা যায় যে, এখানে কোনরকম ভেকেন্সী ছিল না, বাড়িয়ে ভেকেন্সী দেখানো হয়েছিল। কিছু খালি এ্যাপয়েন্টমেন্ট লেটার, সেই খালি এ্যাপয়েন্টমেন্ট লেটার কিছু প্রভাবশালী ব্যক্তির হাতে দেওয়া হয়েছিল এবং তারা নিয়ম বহির্ভূত উপায়ে অর্থ সংগ্রহ করে সেগুলি ভর্তি করে হাতে হাতে ধরিয়ে দিয়েছিলেন।

ধরা পড়ার পরে তাঁদের ছাঁটাই করা হয় ১৯৭৪ সালে। এখন তার পরবর্তী পর্যায়ে এই ছাঁটাই শিক্ষকরা হাইকোর্টে মামলা করেন। তাঁরা বলেন যে, আমাদের কাজে ফিরিয়ে নেওয়া হোক। হাইকোর্ট তার রায় দিয়েছিলেন যে, না আপনাদের ফিরিয়ে নেওয়া যায় না। এই পরিস্থিতিতে তাঁরা এক সময় আমাদের কাছে এসেছিলেন এবং তাঁদের কাছে আমাদের অসুবিধার কথা বলেছি। আমরা এ কথাও বলেছিলাম যে, সাধারণ ভাবে যখন শিক্ষক নিয়োগ হবে, সাধারণ ভাবে শিক্ষকদের যেভাবে নিয়োগ করা হয় সেই নিয়মে আপনারা আবার শিক্ষক হিসাবে নিযুক্ত হতে পারবেন। কিন্তু এটাকে শিক্ষক নিযুক্ত হিসাবে স্বীকার করা যায় না, আইনেতেও যায় না এবং সরকারের সেই রকম কোন ব্যবস্থা নেই। এছাড়াও আরো অনেক রকম অভিযোগ আছে, সে সম্পর্কে তদন্তের ব্যাপার যেগুলি আছে সেগুলি দেখে এটা নিশ্চয়ই হাউসের জানার দরকার আছে—পরবর্তী পর্যায়ে আমি পরিষ্কার করে বলে দেবো।

মিঃ স্পীকার : এর পরে আপনি আর কোন বিবৃতি দেবেন ?

(নো রিপলাই)

[12.20—12.30 P. M.]

শ্রীমির ফকির মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, যে সমস্ত শিক্ষিত বেকার যুবকরা এই পর্যন্ত বহু এ্যাপলিকেশান করেছিলেন তাঁদের চাকুরী তো হয়নি বরং এই এ্যাপলিকেশান করতে করতে বছরের পর বছর যেতে যেতে তাঁদের বয়স পর্যন্ত সরকারী চাকুরীর ক্ষেত্রে পার হয়ে গেছে। এখন তাঁদের বয়স যে পর্যায়ে পৌঁচেছে তাতে তাঁদের আর

কোন সরকারী চাকুরী করবার ক্ষমতা নেই। সে জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, সেই সমস্ত যুবকরা যাতে সরকারী চাকুরী পায় তার জন্য বয়সসীমা বাড়ান হোক।

শ্রীরাম চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর এলাকায় লক্ষ লক্ষ যাত্রীর সমাবেশ হয়। পাশে বিরাট বিরাট চটি আছে যাকে ধর্মশালা বলে। সেই চটিগুলি বড় বড় ব্যবসায়ীদের দ্বারা পরিচালিত হয়, যারা কলকাতা থেকে প্রচুর টাকা তোলে এই ব্যবসার নামে এবং যারা চলেছে ওখানে সেই যাত্রীদের কাছে ৪/৫ টাকা পার বিক্রয় করে একটা ব্যবসা করছে ঐ ধর্মের নামে। ঐ সমস্ত চটি-গুলিতে অন্ধকার রাত্রে কলকাতার ব্যবসায়ীরা গিয়ে মেলে এবং কিভাবে কালো-বাজারী চালানো যাবে সেই সমস্ত ঠিক হয়। রাতের পর রাত, দিনের পর দিন এটা একটা ইনকামের ব্যবসা হয়ে দাঁড়িয়েছে ধর্মের নামে। এই প্রসংগে আর একটি কথা বলবো যে, তারকেশ্বর এস্টেটের চারিদিকে কাদা ভর্তি। এখানে এক এক দিনে ২/৩ লক্ষ করে লোক যায়। যদি পিলগ্রিম ট্যাক্স সেই সমস্ত যাত্রীদের উপর বসান হয় তাহলে পশ্চিমবঙ্গের সব চেয়ে বড় তীর্থস্থান সেই তারকেশ্বরের রাস্তাঘাট মানুষের বসবার জায়গা ইত্যাদির সুবিধা হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসন্তোষ কুমার দাস : মাননীয় স্পীকার মহাশয়, বাংলার গ্রামে গঞ্জে, স্কুল, পাঠশালায়, লাইব্রেরীতে, ক্লাবের ধারে ও হাটে-বাজারে প্রকাশ্যে চোলাই মদ বিক্রি ও সাট্টা জুয়া চলছে। এর সঙ্গে যুক্ত রয়েছে এক শ্রেণীর শোষক সম্প্রদায় ও পুলিশের একাংশ। প্রাক্তন কংগ্রেসী সরকার দ্বারা সৃষ্টি এই সামাজিক ব্যাধি ও অবক্ষয় দূর করতে হবে। লোক শিক্ষা, যাত্রা, থিয়েটার, লোক সঙ্গীত, আলোচনাসভা, সংবাদপত্র, রেডিও ও টেলিভিশন প্রচারাভিযানের মাধ্যমে সুস্থ জনমত সৃষ্টি করতে হবে। এই বিষয়ে উদাসীন না থেকে এখনই সচেষ্ট হতে আপনার মাধ্যমে আমি জনপ্রিয় সরকারকে অনুরোধ করছি।

শ্রীমহাদেব মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ঘটনাটা সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে কলকাতা থেকে পুরুলিয়া যাবার কোনরকম এক্সপ্রেস ট্রেন আজ পর্যন্ত হয়নি। কিন্তু পুরুলিয়া থেকে রাঁচি যাবার রাস্তায়—কলকাতা থেকে রাঁচি যেতে হলে পুরুলিয়া হয়ে যেতে হত এবং ছোট লাইন একটা ছিল। সেই ছোট লাইন পুরুলিয়া টু রাঁচি, এটা তুলে দেওয়া হয়েছে। কোটশিলা থেকে রাঁচি পর্যন্ত এবং একটা

এক্সপ্রেস ট্রেন চক্রপুরা হয়ে রাঁচি যাচ্ছে। বর্তমানে কোটশিলা থেকে পুরুলিয়া ১০ মাইল রাস্তা, এখনও সেই ছোট লাইন রয়েছে। একটি মাত্র গাড়ি দেয় এবং তাতে মানুষের অত্যন্ত অসুবিধা হয়। এই অসুবিধার জন্য আমরা বারেবারে দৃষ্টি আকর্ষণ করেছি সরকারের এবং গতবারে যখন প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এসেছিলেন তখন বিক্ষোভ দেখানো হয়েছিল, সত্যাগ্রহ আন্দোলন প্রভৃতি বিভিন্ন আন্দোলন আমরা করেছি কিন্তু আজ পর্যন্ত এই অবহেলিত পুরুলিয়া জেলার দিকে কেউ দৃষ্টি দেন নি। তাই আজকে আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে এই বিষয়টা রাখছি, যেন কেন্দ্রীয় সরকারের কাছে এটা সুপারিশ করা হয় এবং অবিলম্বে দৃষ্টি আকর্ষণ করা হয়। অন্যান্য জায়গায় যেমন ছোট লাইনগুলো বড় লাইন হচ্ছে, তেমনি পুরুলিয়া থেকে কোটশিলা পর্যন্ত ব্রড গেজ লাইন করলে কলকাতা থেকে রাঁচি পর্যন্ত এক্সপ্রেস ট্রেন রান করতে পারবে এবং পুরুলিয়ার মানুষের একটা সুবিধা হবে। এই আশা করে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীযামিনী কিশোর মজুমদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায়মন্ত্রী মহোদয়কে জানাতে চাই যে, প্রাক্তন কংগ্রেসী সমবায়মন্ত্রী মহোদয়ের সময় পশ্চিম দিনাজপুরে রায়গঞ্জ হোলসেল কো-অপারেটিভ সহ বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটিতে লক্ষ লক্ষ টাকা তছরূপ হয়েছে বলে অডিট রিপোর্টে আছে এবং কেস হয়েছে। তছরূপের ষড়যন্ত্রে লিপ্ত বড় বড় কর্মচারী বদলির জন্য আকুল হয়েছে। তাদের ট্রান্সফার বন্ধ, দুর্নীতির তদন্ত ত্বরান্বিত করা হোক।

শ্রীকৃপাসিন্ধু সাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা আবেদন আছে, আপনি জানেন পশ্চিমবাংলার পরিবহণ সমস্যা কিরূপ তীব্র আকার ধারণ করেছে। পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে এবং শহরের আশপাশ থেকে কলকাতায় হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষকে আসতে হয় কলকাতা শহরে, কিন্তু সরকারী বাসের যা অবস্থা, সেখানে সাধারণ মানুষ কোনরকম সুযোগ-সুবিধা পাচ্ছে না। প্রতিদিন একটা না একটা দুর্ঘটনা ঘটছে। সেইখানে এই সমস্ত সমস্যার যাতে অবিলম্বে সমাধান করা যায় সেই দিকে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমলেন্দু মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার শান্তিপুর ব্লকে সাতটি ডিপ টিউবওয়েল কিছুদিন যাবৎ নষ্ট হয়ে পড়ে রয়েছে। অথচ মেরামত করা যায়, রাণাঘাটে যে এগ্রিকালচারাল ইনজিনীয়ারিং অফিস আছে সেখানে যাওয়া হয়েছিল,

তাঁরা বলেছেন যে, সেখানকার কর্মচারীদের ডি এ বাকী পড়ে আছে, দেওয়া হচ্ছে না, সেই জন্য তারা কাজ করছে না। আমরা এস. ডি. ও, ডি এম কে সমস্ত ঘটনা বললাম। তারা অসহায় বোধ করছে। চিফ ইন্‌জিনীয়ারের সংগেও দেখা করেছিলাম —চাষের ক্ষতি হচ্ছে। সুতরাং এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি সত্বর ব্যবস্থা অবলম্বন করেন।

[12.30—12.40 P.M.]

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যগণ, আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, যে-সমস্ত বিষয়গুলি উল্লেখের জন্য আপনারা দেন, সেগুলিতে বিষয়বস্তুর অনেক সময় উল্লেখ থাকে না। এতে এগুলি আমাদের বিভাগীয় দপ্তরে পাঠাতে অসুবিধা হয়। যদি বিষয়টি না লেখা থাকে, শুধু একটা নাম বা ঘটনার কথা লেখা থাকলে সব সময় এ জিনিস পাঠানো যায় না।

শ্রীমলিন ঘোষ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই, গত ২১-৭-৭৭ তারিখে আনন্দবাজার পত্রিকায় প্রদেশ কংগ্রেসের সম্পাদক নুরুল ইসলাম স্থানীয় কংগ্রেস কর্মীদের উপর সি পি এম কর্তৃক আক্রমণের যে মিথ্যা সংবাদ পরিবেশন করেছে, তার প্রতিবাদপত্র আমরা দিই, কিন্তু সেটা ছাপা হয়নি। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা যে, সরকারী ঘোষিত নীতি, 'গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশী আক্রমণ হবে না বা পুলিশ পাঠানো হবে না'। কিন্তু আমরা দেখছি হুগলী জেলার ম্যাজিস্ট্রেট এবং সাব-ডিভিশনাল অফিসার শ্বেত-মজুরদের মজুরী বয়কট আন্দোলনের উপর পুলিশ পাঠাচ্ছে। এর পেছনে স্বপন ঘোষ এবং অন্যান্যরা রয়েছে তারা কংগ্রেসের নামাবলী গায় দিয়ে সেখানে ঐ আন্দোলনকে ধ্বংস করবার চেষ্টা করছে। এ ব্যাপারে সেখানে একটি আলোচনার ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু স্বপন ঘোষ সেখানে উপস্থিত হয়নি। যদিও তিনি কংগ্রেসের লোক নন, তথাপি তিনি কখনো এদিক, কখনো ওদিক করে সেখানে ঘোরা-ঘুরি করছেন এবং সেখানে বিশৃংখলার সৃষ্টি করছেন। তাই আমি স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে বলছি যে, সেখানকার ম্যাজিস্ট্রেট এবং সাব-ডিভিশনাল অফিসাররা দিনের পর দিন ৩০ ৪০ জন করে সশস্ত্র পুলিশ ওখানে পাঠাচ্ছে এবং এর ফলে সরকারী কোষাগার থেকে টাকার অপব্যয় করা হচ্ছে। আমার এখানে প্রশ্ন হচ্ছে, কেন পুলিশ পাঠানো হচ্ছে? ওখানে গণতান্ত্রিক আন্দোলন চলছে, মজুরী বয়কট আন্দোলন চলছে এবং এর ফলে সেখানে একটাও ধান তারা কুইতে পারেনি। সেই জন্য এমতাবস্থায় এই বিষয়টির প্রতি আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং মাননীয় সদস্যদের শ্রীরামপুরের সরকারী পরিচালনাধীন একটি কারখানার কয়েকটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই কারখানাটি হচ্ছে 'ইণ্ডিয়া বেল্টিং লিমিটেড' এবং এটি বর্তমানে সরকারী পরিচালনাধীন। এই কারখানায় প্রাক্তন কংগ্রেসী মন্ত্রী ডাঃ গোপাল দাস নাগের প্রাক্তন সি. এ. পার্সোনেল অফিসারের পদে কাজ করে। তাকে ডাঃ গোপালদাস নাগই ওখানে পার্সোনেল অফিসার করে দিয়েছিলেন। মাননীয় সদস্যরা শুনলে হাসবেন যে, সেই লোকটি একটি সার্কাসের ঘোড়া কিনেছিল এবং ঘোড়ায় চেপে কারখানা পরিদর্শন করত এবং কখনো কখনো কারখানা পরিদর্শন করতে করতে গড়গড়ায় তামাক খেত আর কোন কোন শ্রমিক সেটা বয়ে নিয়ে বেড়াত। আর কারখানার লাগোয়া সে তার পিতৃদেবের নামে একটা মঞ্চ করেছে। বিভাগীয় মন্ত্রীর কাছে এ বিষয়ে শ্রমিকরা স্মারকলিপি পেশ করেছে, তদন্ত হচ্ছে। কিন্তু এখনো তার সেই সব বেআইনী কাজ অব্যাহত দেখছি। তাই আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন এখনো এই ভদ্রলোক কি করে এই অবস্থা চালিয়ে যাচ্ছে? যখন বংশীলাল যুব কংগ্রেসের টাকা তছরূপের দায়ে হাতকড়া পরে কোর্টে হাজির হয়েছে তখন আমার মনে হয় ঐভাবে ওকেও কোর্টে হাজির করা উচিত। কারণ এইভাবে চললে আমার মনে হয় এই কারখানায় লোকসান আরো বাড়বে। আজকে কংগ্রেসের দুর্নীতির ভুরি ভুরি সংবাদ বেরচ্ছে, এটা আমরা জানি এবং সেই জন্য আমি এটার উল্লেখ করছি যে, প্রাক্তন কংগ্রেসী মন্ত্রিসভার অত্যন্ত ক্ষমতাশালী মন্ত্রী ছিলেন ডাঃ গোপালদাস নাগ এবং তাঁরই প্রাক্তন সি. এ. একটি সরকারী কারখানায় পার্সোনেল অফিসার হয়ে যথেচ্ছাচার চালাচ্ছে। আমি অবিলম্বে এ বিষয়ের প্রতিকার দাবি করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেব: স্যার, আপনার মাধ্যমে উচ্চতম শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, প্রাক্তন আই. জি. শ্রীরঞ্জিৎ গুপ্ত যিনি বহু হত্যাকাণ্ডের নায়ক এবং যাঁর আমলে জেলের ভেতরে বহু রাজনৈতিক কর্মী খুন হয়েছিল, সেই ভদ্রলোক কি করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের Anthropology বিভাগের research guide হতে পারেন—এর তদন্ত করে এই ভদ্রলোককে জেলে পাঠান যায় কিনা তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্যার, রঞ্জিৎ গুপ্ত সম্পর্কে যে প্রশ্ন এখানে করা হয়েছে সেটা মাত্র দু'দিন আগে আমার দৃষ্টিতে আসে। এ বিষয়ে আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের V C-র কাছ থেকে বিবরণ জানার জন্য নির্দেশ দিয়েছি।

শ্রীহাজারী বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। আমি সাগরদ্বীপ তফশিলী কেন্দ্র থেকে নির্বাচিত। ঐ এলাকায় যে সমস্ত টিউবওয়েল ২/৩ বছর যাবৎ অকেজো হয়ে পড়ে আছে সেগুলি এ পর্যন্ত মেরামত হয়নি। সেখানে জলকষ্ট প্রচুর। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতি সত্বর এগুলি মেরামত হয়।

শ্রীরামচন্দ্র সৎপতি : স্যার, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার নির্বাচন কেন্দ্র ঝাড়গ্রামে বিগত সরকার ভূমিহীনদের জন্য কিছু ঘরবাড়ী করেছিলেন। কিন্তু সেগুলি এক বছর যেতে না যেতেই ভেঙে গেছে এবং টালি ও বাঁশগুলি সব নষ্ট হয়ে গেছে। এগুলি যাতে নষ্ট না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। স্কুল বা রেজিষ্ট্রীকৃত ক্লাবগুলিকে এগুলি দিলে ভাল কাজ হবে। আর যে ঘরগুলি পড়ে গেছে সেগুলিকে নূতন ভাবে করার জন্য অনুরোধ করছি।

শ্রীহরিপদ জানা : স্যার, আপনার মাধ্যমে ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার ভগবানপুর কেন্দ্রে প্রচুর ভাগচাষী উচ্ছেদ হচ্ছে। সেখানে ২/৩ জন মহাজন ভাগচাষীদের বিরুদ্ধে মিথ্যা case করে উচ্ছেদের ব্যবস্থা করছে। লোকেরা তার প্রতিরোধ করার ব্যবস্থা করছে, সম্ভব হবে কিনা জানি না। তারা মন্ত্রী মহাশয়ের কাছে যে দরখাস্ত করেছে তাতে আমি enquire করার জন্য recommend করেছি—জানিনা কি হয়েছে। আবার অনুরোধ তাঁকে তিনি যেন এইদিকে দৃষ্টি দেন। তাদের নাম হচ্ছে ভগবানপুর কেন্দ্রে বাজাবেড়িয়ার মহাজন যোগেন্দ্রনাথ প্রধান ভাগচাষী রাধানাথ দাসকে উচ্ছেদ করার চক্রান্ত করছে, বড়বাড়ী গ্রামে মহাজন অমল প্রধান ভাগচাষী ভাস্কর রাণা ও আর একজনকে উচ্ছেদ করার প্রচেষ্টা করছে। এদের বিরুদ্ধে অনেক ক্রিমিন্যাল মামলা সৃষ্টি করছে। মন্ত্রী মহাশয়কে অনুরোধ তিনি যেন অবিলম্বে এদিকে দৃষ্টি দেন। আর যদি না দেখেন তাহলে water logging পেরিয়ে যে ফসল পাবার আশা থাকবে তা আর থাকবে না।

শ্রীশশাঙ্ক মণ্ডল : স্যার, আপনি জানেন যে, load shedding-এর মাধ্যমে কি বিরাট সমস্যা দেখা দিয়েছে এবং তাতে আমাদের সরকারের বিরুদ্ধে নানারকম অভিযোগ আসছে। কিন্তু এর সঙ্গে কি রকম tear shedding হচ্ছে সেটা আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত সপ্তাহের মঙ্গল, বুধ থেকে এ সপ্তাহের মঙ্গল, বুধ পর্যন্ত রামপুরহাট শহরে কেরোসিনের লিটার ১·৩০ থেকে ৩ টাকা উঠে যায়। এবং তারপর সেটা অমিল হয়ে যায়।

[12.40—1.50 P.M.]

বন্যা এলাকার কাছাকাছি রামপুরহাট থানার বিভিন্ন জায়গায় কেরোসিনের ভাবের জন্য কারা দায়ী? এক সপ্তাহের মধ্যে এ বিষয়ে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে অনুরোধ করছি।

[12.40—12.50 P.M.]

শ্রীবুদ্ধদেব সিং: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। নয়ারাং থানায় ও গোবিন্দপুরের ১নং ব্লকে বর্ষা রেখায় যে বন্যা হয়েছে তাতে সমস্ত বাঁধ এবং Canal ভেঙ্গে গেছে। এই Canal-এর বাঁধ ভেঙ্গে যাওয়ার জন্য গোবিন্দপুর ১নং ব্লকের বন্যার জলে ধরমপুর বাঁধ ভেসে গেছে। এর পর আবার যদি বন্যা হয় তাহলে ৩/৪ একর জমি নদীগর্ভে চলে যাবে। এই কারণে আমি ঐ বাঁধ অবিলম্বে মেরামতের জন্য সরকারের কাছে অনুরোধ করছি।

শ্রীশিবনাথ দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়ায় F. C. I.-এর কারখানা হচ্ছে। অসুবিধা যে কারণে সেখানে দেখা দিয়েছে সে সম্পর্কে আমি কিছু বলছি। এই F. C. I. কারখানায় জল সরবরাহের একান্ত প্রয়োজন। এই জল সরবরাহ সাময়িক চলছিল তা মেটানোর জন্য বাসুদেবপুর গ্রামে কিছু জায়গা নিয়ে Tank সৃষ্টি করে জল সরবরাহের সৃষ্টি করা হচ্ছিল। সেটা বাধা পেয়েছে স্থানীয় যারা জমির মালিক তাদের দ্বারা। কারণ বিগত সরকার সে জমির মালিকদের উপযুক্ত জমির মূল্য না দিয়ে তাদের ভাঁওতা দিয়ে—পরে জমি দেওয়া হবে, এই কথা বলে সে জমি নিজেদের কাজে ব্যবহার করেছে।

জনসাধারণ প্রথমে সেই ভাঁওতায় ভুলে সেই জায়গা ছেড়ে দিয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তারা টাকা পায়নি। তারা যাতে জমির উপযুক্ত মূল্য পায়, স্থানীয় বর্তমান মূল্যের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে তাদের যাতে মূল্য দেওয়া হয় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন রাখছি।

শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি সরকারের শ্রম দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। চাঁপদানি টমাস ডাফ পরিচালিত এ্যাঙ্গাস জুট মিল-এ গত ১৮ তারিখে রাত্রি ১০ টায় লক-আউট ঘোষিত হয়। এর মালিক গত ৩ মাসের মধ্যে এই কারখানা পরিবর্তিত পরিস্থিতিতেও দু-দু'বার লক-আউট করল। আজকে ঈদ, দুর্গাপূজার মুখে প্রায় ৫ হাজার শ্রমিকের অবর্ণনীয় অবস্থা। এর মালিকরা ষড়যন্ত্রে লিপ্ত, তারা চক্রান্ত করছে। তারা শ্রম

দপ্তরের যে সমস্ত অফিসার আছেন, ডেপুটি লেবার কমিশনার, এ্যাসিস্ট্যাণ্ট লেবার কমিশনার, তাঁদের বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখান। এঁরা মিটিং ডাকলে উপস্থিত হন না। হুগলীর ডেপুটি লেবার কমিশনার ২২ তারিখে মিটিং ডেকেছিলেন, কিন্তু সেই মিটিং-এ এঁরা উপস্থিত হবার প্রয়োজন বোধ করলেন না। এই বিষয়ে আমি শ্রম দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন, তাঁকে আমি এই বিষয়ে অবগত করিয়েছি বাঁকুড়া জেলার ওন্দা থানায় কংগ্রেসী নেতা কিভাবে ফরওয়ার্ড ব্লকের সদস্যকে কুপিয়ে কুপিয়ে মেরেছেন। সেই পরিপ্রেক্ষিতে তিনি ব্যবস্থা নিয়েছেন, দোষী পুলিশকে তিনি শাস্তি দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় অভিযুক্তদের দু'জন মাত্র ধরা পড়েছে, এখনও দু'জন নেতা ধরা পড়েনি। আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি যাতে সেই দু'জন কংগ্রেসী নেতা অবিলম্বে ধরা পড়ে।

শ্রীমনোহর টিরকি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমাদের জলপাইগুড়ি জেলায়, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার সাব-ডিভিশানে সর্ষের তেলের অভাব দেখা দিয়েছে। গত এক মাসের মধ্যে ২/৩ টাকা কিলো প্রতি দাম বেড়ে গেছে কালো-বাজারী, মজুতদারীদের কারসাজিতে। তার ফলে সাধারণ মানুষের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে। এই কালোবাজারী, মুনাফাখোরীরা বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিকে নষ্ট করার জন্য যে চক্রান্ত করেছে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং ন্যায্য দামে সর্ষের তেল সরবরাহ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীতারক বন্ধু রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি সদর হাসপাতালে দীর্ঘদিন ধরে এক্স-রে মেশিন এবং ই. জি. সি. মেশিন অচল অবস্থায় পড়ে আছে। তার ফলে সেখানে চিকিৎসা ব্যবস্থায় খুব জটিলতার সৃষ্টি হয়েছে। অশ্রুমতি দে টি. বি. হাসপাতালে ডার্ক রুমের জন্য এ্যাসিস্ট্যাণ্ট টেকনিকালের পদ দীর্ঘদিন শূন্য আছে, সেই পদের জন্য প্রার্থী রয়েছে, অথচ সেখানে এ্যাপয়েনমেণ্ট দেওয়া হচ্ছে না। ফলে সেখানে চিকিৎসা ব্যবস্থায় একটা অচলাবস্থা দেখা দিয়েছে।

শ্রীহাবিবুর রহমান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে ত্রাণমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন ধরে সারা পশ্চিমবাংলায় যে বন্যার তাণ্ডব লীলা চলছিল এই বন্যার তাণ্ডব থেকে আমাদের মুর্শিদাবাদ জেলা অব্যাহতি

য়নি। আমাদের মন্ত্রিসভার কয়েকজন মন্ত্রী মুর্শিদাবাদ জেলা পরিদর্শন করেছেন, ন্ত এলাকায় গেছেন, কিন্তু দুঃখের বিষয় সেখানকার দুঃস্থ মানুষের জন্য খয়রাতি হায্য বিতরণ করা হয়নি।

12.50—1-00 P.M.]

আমাদের মুর্শিদাবাদের দু'নম্বর ব্লকে ১ তারিখ রাত্রে বন্যা আরম্ভ হয় এবং প্রায় হাজার পরিবার বন্যার কবলে পড়ে। কিন্তু দুঃখের বিষয় তাদের ১৩ তারিখ পর্যন্ত কোনরকম খয়রাতি সাহায্য দেওয়া হয়নি। শুধু তাই নয়, ৩ তারিখে সমস্ত পরিবারকে জল থেকে উদ্ধার করে স্টেট হাই ওয়েতে রাখা হয়েছে তাদের ত্র ১১০ গ্রাম চিড়া এবং ৫০ গ্রাম করে গুড় দেওয়া হয়েছে। আমি ত্রাণমন্ত্রীর কাছে জ্ঞাসা করছি যে—সমস্ত পরিবারকে ৩ তারিখে উদ্ধার করা হল তাদের যে ওই রিমাণ খাদ্য দেওয়া হয়েছে তাতে তাদের পক্ষে জীবনধারণ করা কি সম্ভব? এই হাজার পরিবারের মধ্যে শতকরা ৯০ জন ভূমিহীন এবং দিনমজুর। এখন ৫ দু'মাস তাদের কাজের কোন সংস্থান থাকবে না। তাই অনুরোধ করছি এই সমস্ত স্থ মানুষদের মধ্যে ব্যাপকভাবে জি আর দেওয়া হোক। ১৭ তারিখে শুনলাম দের মাত্র ২ কে জি করে গম দেওয়া হয়েছে। আমি মনে করি একটি পরিবারে খানে ১৫ ১৭ জন লোক সেখানে ওই ২ কে জি করে গম দেওয়া পরিহাস ছাড়া আর কিছুই নয় এবং এটা বাঞ্ছনীয়ও নয়। আমি অনুরোধ করছি এদের মধ্যে য়রাতি সাহায্য দেবার ব্যবস্থা করা হোক এবং যাদের ঘরবাড়ী নষ্ট হয়েছে তাদের ন নির্মাণের জন্য সাহায্য দেওয়া হোক।

শ্রীনবকুমার রায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র-ন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়গঞ্জ শহরের পাশে আমার অঞ্চলে খলসী গ্রামে পরপর ৩টি মার্ডার হয় এবং তার একটি হয় ১১ তারিখে। সমাজ-বিরোধীরা এইভাবে মানুষ খুন করে যাচ্ছে অথচ পুলিশ কিছুই করতে পারছেনা এবং গ্রামবাসীদের কোনরকম সান্ত্বনাও দিতে পারছেনা যে, এই ধরনের কার্যকলাপ বন্ধ হবে কিনা। আমি এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ রাখছি তিনি নিজে অনুসন্ধান করে জানুন এক্ষেত্রে পুলিশের ভূমিকা কি এবং সেখানের জনসাধারণের জন্য কিছু করা সম্ভব কিনা সেটাও আমাদের একটি বিবৃতির মাধ্যমে জানান।

ডঃ শ্রীবিনোদ বিহারী মাঝি: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলায় ৬২ জন অস্থায়ী সরকারী কর্মচারী আজ ১ মাস ধরে জেলা শাসকের অফিসের সামনে

অবস্থান ধর্মঘট করছেন। এই কর্মচারীরা ১৯৭১ সাল থেকে ত্রাণ দপ্তরে কাজ করছেন অথচ আজ পর্যন্ত তাঁদের স্থায়ীভাবে নিয়োগ করা হয়নি। বাঁকুড়া জেলা ছাড়া অন্যান্য জেলায় যে সমস্ত অস্থায়ী কর্মচারী রয়েছেন তাঁদের জন্য কিন্তু ব্যবস্থা করা হয়েছে। এখানে যে বাণ্ডিক্রম দেখা যাচ্ছে তার কারণ হচ্ছে আগেকার মন্ত্রী গুরুপদ খাঁ চেয়েছিলেন তাঁর নিজের লোকদের নিযুক্ত করতে এবং সেইজন্যই এই ৬২ জন লোক পড়ে রয়েছে। তারা আন্দোলন করছেন এবং মুখ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রীকে সমস্ত কিছু জানিয়েছেন। আমার অনুরোধ হচ্ছে তাদের অবস্থা গভীরভাবে চিন্তা করুন এবং বিবেচনা করুন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ আপনার মাধ্যমে সরকারের কাছে করছি। পলাশী যুদ্ধক্ষেত্রের অনতিদূরে বীর যোদ্ধা দেশপ্রেমিক মীরমদনের স্মৃতি রক্ষার জন্য একটি কবরের ব্যবস্থা করা হয়েছিল কিন্তু সেটি আজ ধ্বংসস্তূপে পরিণত হচ্ছে। রাজ্য সরকার যদি মুর্শিদাবাদের ঐতিহাসিক জায়গাগুলো সুন্দর করে গড়ে তুলতে চান তাহলে মীরমদনের কবর এবং ওই বিস্তীর্ণ পলাশী যুদ্ধক্ষেত্রে অন্যান্য দেশপ্রেমিকদের যে স্মৃতি রয়েছে সেগুলোকে ভালভাবে সংরক্ষণ করতে হবে। এই ব্যবস্থা করলে মুর্শিদাবাদ পর্যটকদের কাছে আকর্ষণীয় স্থান হবে। তারপর আমার বক্তব্য হচ্ছে ওখানে যে পর্যটক ভবনটি রয়েছে সেটি দেখছি ধনী লোকদের বিলাসবহুল জীবনযাপন করবার স্থান হয়ে দাঁড়িয়েছে। মুর্শিদাবাদকে যদি আকর্ষণীয় স্থান হিসেবে গড়ে তোলা যায় তাহলে মনে হয় ওই পর্যটক ভবনে বহু পর্যটক যাবেন।

শ্রীসন্দীপ দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি যে কাজ করেন তার জন্য মেনটেনান্স এবং রিপেয়ারের কোন ব্যবস্থা না থাকার জন্য কলকাতার পানীয় জলের স্যালিনিটি এত বেড়ে গেছে যার জন্য সি এম ডি এ যে জল দিচ্ছে তা খাওয়া যায় না। তাছাড়াও কলকাতার মুন্সিগঞ্জ ও গার্ডেনরীচ অঞ্চলে নর্দমার জলের সঙ্গে পানীয় জল মিশে যাওয়ার জন্য ওয়াটার পলিউশন হয়ে গেছে। এ বিষয়টা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি জানিয়েছিলাম, তিনি আমাকে আশ্বাস দিয়েছিলেন যে, উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু স্যার, আমার কাছে খবর এসেছে যে, এখনো যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেজন্য এই অঞ্চলে রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। নর্দমার জলের সঙ্গে পানীয় জল মিশে যাওয়ার জন্য কলেরা ও অন্যান্য মহামারী রোগের আশঙ্কা দেখা দিয়েছে। আমি অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন অবিলম্বে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীধীরেন্দ্র নাথ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার দিনাজপুর কুশমণ্ডি অঞ্চলে সদ্য মিসা থেকে রাজনৈতিক বন্দী ও অন্যান্য বন্দীদের মুক্তি দেওয়ার ফলে এই অঞ্চলে নানারকম উপদ্রব দেখা দিয়েছে। কুশমণ্ডি এলাকার ৫ নং ব্লকে নদী মাহাতোকে সন্ধ্যা সাড়ে আটটার সময় নতুন কায়দায় বন্দুক দিয়ে তাকে গুলি করে মারা হয়। এছাড়াও চুরি ডাকাতির ঘটনা বেড়েই চলেছে। গরু এবং ছাগল প্রভৃতি চুরি করে গ্রামের বাইরে নিয়ে গিয়ে তার চামড়া তুলে বডিটা ফেলে রাখা হচ্ছে। এই রকম উদ্ভট চুরির ঘটনা প্রায়ই ঘটছে। এই ধরনের কার্যকলাপ যাতে অবিলম্বে বন্ধ হয় সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

শ্রীঅতীশ চন্দ্র সিংহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার মুর্শিদাবাদ জেলার কান্দী সাব-ডিভিশানে প্রচণ্ড বন্যা হয়েছে এবং সেখানে তিন জন লোক প্রাণ হারিয়েছে। খুব দুঃখের সঙ্গে জানাতে চাই যে, ত্রাণ ব্যবস্থা যা করা হয়েছে তা অত্যন্ত অপর্যাপ্ত। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীকে অনুরোধ করব যাতে ত্রাণ ব্যবস্থা যথোপযুক্ত হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। বন্যার জল চলে যাবার পর টি. আর. ওয়ার্ক এবং অন্যান্য রিলিফ ব্যবস্থা পর্যাপ্ত পরিমাণে করবার জন্য আমি আবেদন করছি। আগে আমরা দেখেছি যে, স্থানীয় এম. এল. এ-রিপ্রেজেন্টিটিভদের সঙ্গে পরামর্শ করে সরকারী কর্মচারীরা রিলিফ দিতেন। কিন্তু এবারে সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও কার্যক্ষেত্রে আমরা অন্য রূপ দেখতে পাচ্ছি।

1.00—1.10 P.M.

এবং সেখানে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মীরা কিছু কিছু সরকারী কর্মচারীদের আগসাজশে সেখানকার যিনি এম. এল. এ বা তাদের যারা রিপ্রেজেনটেটিভ তাদের কথা মোটেই শোনে না। তারা যে লিস্ট দেয় সেই লিস্ট ফিরে আসে। এইভাবে তারা অপমানিত হচ্ছে। কিন্তু এটা যদি সরকারের উদ্দেশ্য হয় যে, এম এল এ-দের কথা শুনতে হবে বা তাদের রিপ্রেজেনটেটিভদের সঙ্গে আলোচনা করতে হবে তাহলে এই ঘটনা যাতে আর না ঘটে তার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় স্টেপ নেবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরজনীকান্ত দোলুই: মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার অবনতি কিভাবে ঘটে যাচ্ছে সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা দেখতে পাচ্ছি

প্রকাশ্য দিবালোকে খুন হচ্ছে, ছিনতাই হচ্ছে, ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে গত দু'এক মাসের মধ্যে যেভাবে খুন, ছিনতাই, ডাকাতি ও রাহাজানি হয়েছে তাতে দেখতে পাচ্ছি যে, একটা রেকর্ড সৃষ্টি হয়েছে। গত ২৯।৭।৭৭ তারিখে আড়াই ঘণ্টার মধ্যে তিনটি ডাকাতি হয়েছে, ২৬।৭ তারিখে ৩ লক্ষ টাকা লুঠ হয়েছে, ২১ শে জুলাই রাণীগঞ্জ ডাক ঘরে ডাকাতি হয়েছে, ৮ই আগষ্ট একটি হাসপাতালের টাকা লুঠ হয়েছে, ট্যাক্সি ড্রাইভারদের রাস্তার মধ্যে দাঁড় করিয়ে তাদের টাকা-পয়সা ছিনিয়ে নেওয়া হচ্ছে। এইভাবে আমরা দেখতে পাচ্ছি আমাদের পূর্বে যে জঙ্গলের রাজত্ব সৃষ্টি হয়েছিল আবার সেই রাজত্ব, সেই অরাজকতার যেন সৃষ্টি হতে চলেছে। এই পরিস্থিতির যাতে উন্নতি ঘটে সেই দিকে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবিজয় বাউড়া: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুরুলিয়া জেলার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পুরুলিয়া জেলা দীর্ঘদিন ধরে অবহেলিত ও অনুন্নত হয়ে আছে, সেখানে আজ পর্যন্ত কোন সেচ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ফলে আজ পর্যন্ত এই জেলার চাষীরা আকাশের দিকে তাকিয়ে থাকে। তাই গত বছর অনাবৃষ্টির জন্য এই পুরুলিয়া জেলায় কোন চাষ হয়নি, ফলে তার প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বর্তমান বছরে আমাদের এই জেলায়, বিশেষ করে উত্তর অঞ্চলে রঘুনাথপুর, পাড়া, ঝালতিপুর, মিথু ডুয়া, সাতুড়ি—এই সমস্ত ব্লকে যে সমস্ত গরীব, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষ আছে তাদের বাড়ীতে গত বৎসর ফসল না হওয়ার দরুন অভাব অনটন দেখা দিয়েছে। তাদের বাড়ীতে একদানাও অন্ন নেই। কয়েকদিন আগে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যখন পুরুলিয়া জেলায় গিয়েছিলেন আমরা তখন এই অবাবস্থার কথাটা তাঁর কাছে তুলে ধরেছিলাম। তিনি অবশ্য আমাদের আশ্বাস দিয়েছিলেন যে, এই সমস্ত ব্যাপার মন্ত্রিসভার সঙ্গে আলোচনা করে পুরুলিয়া জেলার জন্য যাতে যথাযথ ব্যবস্থা করা হয় তার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু আমরা দেখছি যে, এখন পর্যন্ত এই সমস্ত কৃষক, ক্ষেত-মজুর তারা চাষ উঠে যাওয়ার পর তাদের কাজ দেবার ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই সমস্ত গরীব, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষ, তারা আজকে অনাহারে, অর্ধাহারে জীবন যাপন করছে। এদের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যেন ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীসমর কুমার রুদ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এটা বলছি যে, আমার এলাকায় কয়েকজন শ্রমিক নেতা গত বৃহস্পতিবার থেকে আমরণ অনশন শুরু করেছেন। তাঁরা বিহার স্টেট বিড়ি মজদুর এ্যাসোসিয়েশনের নেতা। তাঁদের যে মালিক তার কলকাতায় হেড অফিস আছে ১৭১ নং কেশব সেন ষ্ট্রীটে, এস কে নাসিরুদ্দিন ফার্ম। তারা সেটা লক-আউট করে দিয়েছে এবং তাদের গোডাউনটি

বন্ধ করে দিয়েছে এবং ১৫ হাজার কর্মীকে বিচ্যুত করে দিয়েছে। তাই তাঁদের দাবি যে এই লক-আউট প্রত্যাহার করে নেওয়া হোক এবং গোডাউন খুলে দেওয়া হোক ও তাঁদের বেতন দেওয়া হোক। বিহারে যখন কংগ্রেস সরকার ছিল তখন এই বিড়ি শিল্পের যারা মালিক তারা শ্রমিকদের পুরো কাজ না দিয়ে অর্ধেক, অর্ধেকের অর্ধেক কাজ দিয়ে সামান্য মজুরী দিতো। শ্রমিকরা বিহার সিগারেট অর্ডার, ১৯৭৬ পালন করা হচ্ছে না বলে তারা দাবি করেছে। সি. আই. টি. ইউ. এবং এ. আই. টি ইউ সি শ্রমিকদের এই দাবি সমর্থন করেছে। মালিকরা বিহারের ১ শত গোডাউন লক-আউট করে দিয়েছে এবং ৩০ ৩১ হাজার শ্রমিক বেকার হয়ে গেছে এবং এই নাসিরুদ্দিন খান ১৫ হাজার মজুরকে চাকরি থেকে বিচ্যুত করে দিয়েছে।

এই লক-আউটের প্রতিবাদ করে বিহার স্টেট বিড়ি মজদুর ইউনিয়ন বিহারে ডেপুটেশন দেয় মালিককে গো-ডাউন খুলতে বাধ্য করার জন্য। কিন্তু সেই একই নীতি, সেজন্য আমি জনতা দলের যাঁরা আছেন এবং পশ্চিমবঙ্গ সরকারের যিনি শ্রমমন্ত্রী, তাঁকে অনুরোধ করছি যে, এই দাবির সমর্থনে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র যে বাজেট ভাষণ আমাদের সামনে রেখেছেন, সত্য কথা বলতে গেলে, সেই ভাষণে আমি আশার আলো পাইনি, আমি নিরাশই হয়েছি। অবশ্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে এটুকু বলছি যে, আমার সমালোচনা আমি সংক্ষেপে ব্যক্ত করব, তবু আমি জানাতে চাই যে, এই বাজেট বরাদ্দ যখন ভোটের সময় আসবে, তখন আমাদের সমর্থন আপনি পাবেন, আমাদের সমালোচনা সত্ত্বেও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয়, অর্থমন্ত্রী মহাশয় শুধু যে অর্থমন্ত্রীরূপে আমাদের কাছে বাজেট পেশ করেছেন, সেদিক দিয়ে বাজেট যে গুরুত্বপূর্ণ তা নয়, অর্থমন্ত্রী দেশের একজন স্বীকৃত অর্থনীতিবিশারদ, সুপণ্ডিত ব্যক্তি, তার দীর্ঘ অভিজ্ঞতা সম্বন্ধে আমার প্রগাঢ় আস্থা আজও অম্লান রয়েছে। সেদিক থেকে আমি আশা করেছিলাম যে, যখন মাননীয় অর্থমন্ত্রী বাজেট ভাষণ রাখবেন, বাজেটের মধ্যে সরকারের অভিপ্রায় এবং অভিলাষ দৃঢ়ভাবে ব্যক্ত হবে। আমার যেন মনে হচ্ছে যে প্রত্যয়, যে দৃঢ়তা অর্থমন্ত্রীর তাঁর ভোট অন এ্যাকাউন্ট ভাষণে প্রতিফলিত হয়েছে, আজকে বিস্তৃত সুচিন্তিত বাজেট ভাষণে সেই আত্মপ্রত্যয় দৃঢ়তার সঙ্গে ব্যক্ত হয়নি। এবং সবচেয়ে বড় কথা যে, দেশের যে মূল সমস্যা, তাঁর মত একজন অর্থনীতিবিশারদ, পণ্ডিত ব্যক্তি এই মূল সমস্যার কিভাবে প্রতিকার করবেন, নতুন সরকারের কি কি অবজেকটিভ,

কি কি লক্ষ্য সামনে রেখে এগুতে চাইছেন, সেগুলি আমাদের সামনে রাখলে মূল্যায়ন আরও অনেক সহজ হত। আমার নিজের ধারণা মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যদি সেই অবজেকটিভগুলি স্পেল আউট করতেন, আমাদের সামনে রাখতেন সরকার এই বছর কি কি কাজ করতে চান, কি কি পদক্ষেপ নিতে চান, সেগুলি যদি বিস্তারিত বলতেন, তাহলে আমরা আগামী বছর অর্থমন্ত্রীর কাছে আশা করতাম যে, আপনি একটা পারফরমেন্স বাজেট দেশের সামনে রাখুন, তাহলে আপনার যে অভিব্যক্তি আপনার সরকারের যে ইচ্ছা, অভিলাষ, সেটা কতটা পূরণ হয়েছে, সেটা এই পারফরমেন্স বাজেটের মাধ্যমে জানতে পারতাম, সেই সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি বলেই আমার ধারণা। অর্থমন্ত্রী কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্নের অবতারণা করেছেন, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এটা অবশ্য ঠিক নয় যে, এবারেই এই প্রশ্ন প্রথম উঠেছে, মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে আছেন, ডঃ কানাই ভট্টাচার্য পুরানো দিনের যুক্তফ্রন্টের মন্ত্রী ছিলেন, জানেন, ১৯৬৯ সালেও এই ধরনের কয়েকটি প্রশ্ন উঠেছিল। কিন্তু তাত্ত্বিক দিক থেকে মাননীয় অর্থমন্ত্রী আরও বিস্তৃতভাবে এই প্রশ্ন তুলেছেন, বিশেষ করে কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক সম্বন্ধে। আমি খুশি হতাম ডঃ মিত্র এই সরকারের পক্ষ থেকে যদি আরও দৃঢ়ভাবে, আরও বলিষ্ঠভাবে কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক, অর্থনৈতিক সম্পর্ক কি হওয়া উচিত, রাজ্য সরকার আরও কি কি ক্ষমতা চান কেন্দ্রের কাছে, এবং রাজ্যের অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য কি কি বাধা সেগুলি দূরীকরণের জন্য এবং দ্রব্যমূল্য প্রতিরোধ করার জন্য কর্মসংস্থান সম্প্রসারণ ঘটাবার জন্য কি কি ক্ষমতা রাজ্যের দরকার ছিল, কি কি লেজিসলেটিভ সাবজেক্টস এন্ট্রির দরকার ছিল, সেগুলি যদি আমাদের কাছে বলতেন, তাহলে আমাদের পক্ষে আরও সহজ হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার দলের পক্ষ থেকে পরিষ্কার আশ্বাস দিচ্ছি যে, রাজ্য সম্পর্কে এটা কোন বিশেষ দলের প্রশ্ন নয়, এটা কোন বামপন্থী সরকার এবং মার্কসবাদীর প্রশ্ন নয়, এটা জনতা পার্টির প্রশ্ন নয়, এটা একটা সর্বভারতীয় প্রশ্ন। যতদিন দেশে ফেডারেলিজম-এর এক্সপেরিমেন্ট চলবে, ততদিন এই বিতর্ক চলবে। পৃথিবীর কোন দেশের কেউ এই ফেডারেলিজমের এক্সপেরিমেন্ট সম্বন্ধে বলতে পারবেন যে, কোন রকম সংঘাত, কোন রকম বিচ্ছেদ, কোন রকম মতবৈষম্য আসবে না? এটা হতে পারে না। সুতরাং জনতা পার্টির সদস্য হিসাবে, আমার দলের পক্ষ থেকে বলতে চাই যে, কেন্দ্র-রাজ্যের সম্পর্কের একটা রি-ওরিয়েন্টেশন হোক।

[1.10 - 1.20 P.M.]

আমি একটা কথা পরিষ্কারভাবে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী কেন পরিষ্কার-ভাবে বলছেন না যে, আমরা কোন্ কোন্ জিনিসে ক্ষমতা হারিয়েছি। কোন্ কোন্ ক্ষমতা এখনই প্রয়োজন। যেমন আমি বলছি, এই সাংবিধানিক যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আরও কয়েকটি রাজ্য তাদের কাজ করে যাচ্ছে। পাঞ্জাব, সেখানে প্রচুর কাজ হয়েছে। হরিয়ানা, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র প্রভৃতি বিভিন্ন রাজ্যে আমরা দেখছি এই যুক্তরাষ্ট্রীয় সাংবিধানিক কাঠামোর মধ্যে, সেখানেও এই ক্ষমতার সীমাবদ্ধতার মধ্যেও অনেক কাজ হয়েছে। পশ্চিমবাংলায় সেরকম কাজ হয় নি। তার কারণ কি? আমার নিজের মনে হয়েছে কেন্দ্র-রাজ্য সম্পর্কের চেয়েও বড় প্রশ্ন দাঁড়াচ্ছে যে, দিল্লীতে কার, কোন্ দলের, কোন গোষ্ঠীর লবি কি রকম জোরালো। এই যে অবস্থা চলে আসছে গত ৩০ বছর ধরে। এর পরিবর্তন প্রয়োজন। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখেছি। মন্ত্রিসভার সদস্যরা আমার দপ্তরের ফাইল যখন দেখবেন তখন দেখতে পাবেন খাদ্যের ব্যাপারে আমি দিল্লী গিয়ে পরিষ্কার বলে এসেছি পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য। এই রাজ্যের মন্ত্রী মহাশয়কে কেন ভিক্ষার ঝুলি নিয়ে বারবার বলতে হবে আমাকে সিদ্ধ চাল দাও, ভাল চাল দাও, সস্তা দরে গমের তেল দাও। কেন আমাদের বলতে হবে? কেন এই রাজ্যের মানুষ অন্য রাজ্যের মতো হরিয়ানা, উত্তরপ্রদেশের মতো ভাল চাল, সিদ্ধ চাল পাবে না। আমিই প্রথম এই রাজ্যের ফুড ট্রান্সজাকশানের উপর তদন্ত কমিশন বসিয়েছিলাম। কারণ জানতে চেয়েছিলাম, কেন বাংলার মানুষ দীর্ঘদিন ধরে এই ধরনের অখাদ্য চাল পেয়ে আসবে? বারবার কনজিউমারসরা প্রতিবাদ করছেন, অথচ কোন প্রতিকার নেই। কিন্তু আমরা যদি স্টেট লিস্ট, সেন্ট্রাল লিস্ট বা ইউনিয়ান লিস্টের এন্ট্রি গুলো ভালো করে পর্যালোচনা করি তাহলে দেখবো আমাদের আতপ চাল পাওয়ার জন্য যে বঞ্চনা, যে দুঃখ, কষ্ট আমরা ভোগ করছি তার জন্য কিন্তু সেন্ট্রাল ষ্টেট রিলেশান্স দায়ী নয়, তার জন্য কনষ্টিটিউশন্যাল প্যাটার্ন দায়ী নয়, তার জন্য entry in the state list, concurrent list and union list. দায়ী নয়। দায়ী হচ্ছে আমরা সোচ্চার হতে পারছি না। এই ব্যাপারে বিভিন্ন রাজ্যের সঙ্গে আমাদের ডায়লগ ওপেন করা প্রয়োজন। প্রত্যেক রাজ্য কিন্তু এই ব্যাপারে উৎসাহী হবে। এইটুকু শুধু বলবো যে, এটা কোন বিশেষ দলের বা সরকারের সমস্যা নয়। যেমন আর একটা সমস্যা তুলোর সমস্যা। ইকোয়েলাইজেশান অফ স্টীল প্রাইস হচ্ছে, ইকোয়েলাইজেশান অফ কোল প্রাইস হচ্ছে। সব রাজ্যে বাংলার তৈরি স্টীল, লোহা, ইস্পাত, কয়লা সমান দরে পাওয়া যাচ্ছে। কিন্তু অন্য রাজ্য থেকে গুজরাট,

মহারাষ্ট্র, তামিলনাড়ু থেকে আমরা কটন শিটস বা তুলা সমান দরে না পাওয়ার জন্য এখানকার তন্তুজীবীরা, বয়নশিল্পীরা বারবার মার খাচ্ছে। এই সম্পর্কে বিগত সরকার, পরলোকগত সরকার আমি বলবো, রাজ্যপালের ভাষণে ছিল যে কটন প্রাইস ইকোয়েলাইজেশান করে দেওয়া হোক। কিন্তু কিছুই হয় নি। সুতরা আমাদের কেন্দ্রীয় পার্লামেন্টে এবং বাংলাদেশের বিধানসভা সদস্যদের এই ব্যাপারে সোচ্চার হওয়ার প্রয়োজন আছে এবং আলোচনার প্রয়োজন আছে। এর মধ্যে কিন্তু কোনরকম তিক্ততা, কোন টেনশান, কোন ডিসটেম্পার, কিছু করবার অবকাশ নেই। তা যদি আমরা করতে চাই তাহলে কিন্তু একটা ডেলিকেট কনষ্টিটিউশনাল কোশ্চেন, ডেলিকেট কোশ্চেন অফ কনষ্টিটিউশনাল মোরালিটি—ডেলিকেট কোশ্চেন অফ কনষ্টিটিউশনাল এথিক্স—এটাকে আমরা নিছক রাজনৈতিক পর্যায়ে নিয়ে যাবো এবং তাতে আমাদের রাজ্যের ক্ষতি হবে। তৃতীয়তঃ, এখন তো কেন্দ্রের কাছ থেকে বিমাতৃসুলভ আচরণের প্রশ্ন নেই। কারণ আমরা দেখেছি, কেন্দ্রের জনতা সরকার কয়েকটি প্রতিশ্রুতি দিয়েছিলেন সে প্রতিশ্রুতি তারা এক এক করে পালন করে যাচ্ছেন। হলদিয়া কমপ্লেক্স-এর ব্যাপারে এই রাজ্য সরকার যেমন দাবি তুলেছিলেন, আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিসভার সদস্যদের এবং মাননীয় বিধানসভার সদস্যদের জানাচ্ছি যে, আমিও কেন্দ্রের পেট্রোলিয়াম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বহুগুণাজীকে বিস্তারিতভাবে লিখেছিলাম যে, এটা পশ্চিমবাংলার দীর্ঘ দিনের দাবি। এটা কার্যকর করা দরকার এবং হলদিয়াতে নাপথার অভাবের জন্য এটা হবে না, এই ধরনের অজুহাতে এটা যেন কখনও বন্ধ না হয়। এটা হওয়া উচিত এবং এই ব্যাপারে আমরা সম্পূর্ণভাবে একমত রাজ্য সরকারের সঙ্গে এবং বহুগুণাজী এখানে এসেছিলেন। আলোচনার পর তিনি যে ঘোষণা করেছিলেন তাতে আমরা সবাই সন্তুষ্ট হয়েছি এবং তিনি বলে গিয়েছেন রাজ্য সরকার সম্পূর্ণ দায়িত্ব নেবেন, অতএব এই কাজ এগোবে। পেট্রো-কেমিকেল কমপ্লেকস্ হলদিয়াতে যে নির্দিষ্ট নির্ঘন্ট রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী, ডঃ ভট্টাচার্য, এবং মাননীয় শ্রীযতীন চক্রবর্তী রেখেছিলেন বহুগুণাজীর কাছে সেই সময় নির্ঘন্টের মধ্যে আমি আশা রাখবো হবে। সুতরা এখন তো বিমাতৃসুলভ আচরণের কোন প্রশ্ন নেই। রেডিও টেলিভিশনকে তাঁরা অটোনমাস করপোরেশন করতে চেয়েছেন। সুতরা এখানে কেন্দ্রের কোন নিয়ন্ত্রণের প্রশ্ন আসে না। তারা তাদের নির্বাচনের প্রতিশ্রুতি পালন করছে। ভারতের বিভিন্ন রাজনৈতিক দল ৮·৩৩% বোনাসের কথা বলেছিলেন এবং জনতা পার্টির নির্বাচন ইস্তাহারেও তারা বলেছিলেন যে, bonus is deferred wage এবং সেই প্রতিশ্রুতি তারা পালন করেছে বোনাস

দেবার সিদ্ধান্ত তাঁরা ঘোষণা করেছেন। সুতরাং এখানে কোন সংঘাত বা বৈরীতার প্রশ্ন নাই। এই প্রশ্ন নিয়ে আমরা যেন রাজনৈতিক বিতর্কের সৃষ্টি না করি। এই জটিল সাংবিধানিক প্রশ্নটাকে রাজনৈতিক সংবিধানিক দৃষ্টিকোণ থেকে আমরা যেন উপস্থিত করতে পারি। এটা যাতে পাবলিক ডিবেট করে তাদের কল্যাণের জন্য যেন ব্যবহার করতে পারি। আমি জানি যে, আজকে রাজ্যগুলিকে কেন্দ্রের উপর অর্থের জন্য অত্যন্ত নির্ভরশীল হতে হয়। আমি পরিষ্কার বলেছি এখানে অনেক বিধানসভার সদস্য আছেন যাঁরা নবাগত। যদি বিধানসভার বিবরণী দেখেন তাহলে দেখবেন যে, আমি কংগ্রেস সদস্য যখন ছিলাম তখন পরিষ্কার ভাবে বলেছিলাম যে, কেন রাজ্যগুলি এই ক্ষমতাগুলি পাবেন না। আমি দেখতে পাচ্ছি কৃষি শিক্ষা, স্বাস্থ্য, সমাজ উন্নয়ন, সোস্যাল ওয়েলফেয়ার এই সমস্ত আইটেম স্টেট লিষ্টে আছে। রাজ্য বিধানসভার ক্ষমতার অধীনস্থ এবং এই রাজ্যের যে এক্তিয়ার সেখানে আমরা যে এই সব কাজ করবো আমি বলেছিলাম যে, রাজ্য সরকার দাবি করুন যে, আমরা কাজ করতে চাই—কেন কেন্দ্র আমাদের সেই সুযোগ দেবেন না। এবং আমি অনুরোধ করি আমরা একটা reorientation of Centre State relations হোক। আমি আবার বলছি এখানে বিতর্ক সৃষ্টি বিতর্কের দুয়ারগুলি যেন সৃষ্টি করার চেষ্টা না করি। এটা বৈরীতার কোন প্রশ্ন নয়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট প্রস্তাবের মধ্যে মহামতী লেনিনের একটি উদ্ধৃতি তুলেছেন। অর্থনীতি পরিশ্রুত রাজনীতি Economics is distilled politics—কিন্তু এটা হচ্ছে যে রাজনীতির কিছু কোন নিয়ম নেই। Politics is not governed by any inexorable law like economics or like physical laws or economic laws. অর্থনীতি কিন্তু কতকগুলি নিয়মের দ্বারা নিয়ন্ত্রিত। অর্থনীতি রাজ্যকে মার্কেট থেকে বাদ দিতে পারে না। অর্থনীতির ডিমাণ্ড সাপ্লাই-এর ল'-কে কেউ বাদ দিতে পারে না। একজন বিশিষ্ট অর্থনীতিবিদ বিশারদ হিসাবে ডঃ মিত্র বলেছেন যোগান বাড়াবার কথা। উৎপাদন বৃদ্ধি ঘটিয়ে মূল্যবৃদ্ধি হ্রাস করার কথা বলেছেন। ইকনমিক ল-ও আর আনঅলটারেবল। ষ্টালিন এক সময় বলেছিলেন Economic problems of socialism in U S S R. তাঁর একটা স্মরণীয় রচনা ছিল তাতে তিনি বলেছিলেন Economic laws are unalterable. অতএব দেশের অর্থনীতি পুনর্গঠনের প্রশ্ন এসে যায়। সরকারের কাছে বিরাট দায়িত্ব এসেছে তখন কিন্তু distilled politics or undistilled politics এটাকে যদি প্রাধান্য দেওয়া হয় তাহলে কিন্তু ইকনমিক ল-ও হয়তো ইগনোর হয়ে যাবে। এবং যে অর্থনীতিকে রাজনীতির ক্ষেত্রে নিয়ে যাওয়ার অর্থ হোল দাসবৃত্তি করতে

নিয়ে যাওয়া হবে রাজনীতির হেঁসেলের ঘরের ব্যাপার হয়ে যায়। তাহলে সেই রাজনীতিতে কনট্রোভারসি আসবে। বেসিক ইকনমিক ফরমুলেশন্স ব্যাহত হতে পারে। তাতে সরকারের যে লক্ষ্য সরকারের ৩৬ দফা কর্মসূচীর মধ্যে যে বস্তু রেখেছিলেন সেই বক্তব্যে প্রচণ্ড বাধা এসে যায়। এখানে প্রাগমেটিস্ট হিসাবে একটি আদর্শ দৃষ্টিভঙ্গি রাখবো। আমার বিশ্বাস মহামতি লেলিন দৃষ্টান্ত রেখেছিলেন কেন সংজ্ঞা দিলেন It is electricity plus Soviets. অর্থাৎ পঞ্চায়েত রাজ এবং তার সঙ্গে যুক্ত করতে হবে বিদ্যুৎ সম্প্রসারণ। অতি অনুপম ভঙ্গিতে সামগ্রিক সমাজতন্ত্রের আদর্শ হিসাবে তিনি একটা শ্লোগান-এর মধ্যে রেখেছিলেন এবং পরবর্তী কালে বোঝা গেল মহামতি লেনিন কি বলতে চেয়েছিলেন। বিদ্যুৎ সম্প্রসারণের কথা গ্রামে গঞ্জে বিদ্যুৎ সরবরাহ করলে বিপুল কর্মসংস্থানের ব্যবস্থা হবে, এমপ্লয়মেন্ট বাড়বে, পাবলিক সেক্টরে, প্রাইভেট সেক্টরে যেখানেই হোক সেল্ফ এমপ্লয়মেন্ট হোক বিশাল দিগন্ত উন্মোচিত হবে। এটা যেমন এক দিক, আর সঙ্গে সঙ্গে পঞ্চায়েত রাজ তৈরী করে জনগণের হাতে ক্ষমতা দিয়ে দেওয়া। যে কথা নেতাজী সুভাষ চন্দ্র এক সময় বলেছিলেন "all power to the Indian people." সমস্ত ক্ষমতা জনগণের হাতে তুলে দিতে হবে। আজকে সবচেয়ে বড় অন্তরায় হচ্ছে, এমন কি সরকারী কর্মসূচী মূল্যায়নের ক্ষেত্রেও সেটা হচ্ছে বিদ্যুৎ ঘাটতি। ৯০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি। এর মোকাবিলা করতে হবে এবং মোকাবিলা আমরা যদি করতে না পারি সর্বনাশ হয়ে যাবে। জলঢাকা প্রোজেক্টকে যদি আমরা সাকসেসফুল করতে না পারি তাহলে সমগ্র উত্তরবঙ্গে শিল্প সম্প্রসারণ একেবারে ব্যর্থ হয়ে যাবে।

[1.20—1.30 P.M.]

আজকের কাগজে দেখছি সাঁওতালদি আবার নতুন অসুবিধার মধ্যে গিয়ে পড়েছে। তাহলে আমাদের প্রশ্ন বিদ্যুৎ উৎপাদনের জন্য এই সরকার কি ব্যবস্থা নিচ্ছেন? এখানে কঠোর বাস্তববাদী ভূমিকা নিয়ে যদি এগোতে না পারি তাহলে আগামী দিনে আরো সংকটময় হয়ে উঠবে, জিনিসের দাম কমার চেয়ে আরো বেশী বেড়ে যাবে। এই ইলেকট্রিসিটির উপর বিরাট অগ্রাধিকার দেওয়ার প্রয়োজন রয়েছে এবং কিভাবে বাড়ানো যায় সেটা দেখা একান্ত প্রয়োজন। ডালখোলা প্রোজেক্ট, কোলাঘাট থার্মাল প্রোজেক্ট, এই দুটির একটি যাতে চালু করা যায় তার জন্য চেষ্টা করতে হবে—যেমন করে হলদিয়া কমপ্লেক্সের ব্যাপারে আমরা উদ্যোগী হয়েছি—এই দুটি প্রোজেক্টকে কি করে কার্যকরী করা যায় সেদিকে একান্ত দৃষ্টি দেওয়া প্রয়োজন। তা যদি না করি তাহলে আমরা মার খেয়ে যাব। পঞ্চায়েতীরাজ—এই

ভাষণের মধ্যে গণতন্ত্রীকরণ পঞ্চায়েতীরাজের প্রতিশ্রুতি পাচ্ছি না, সেটা একটা নৈরাশ্য-জনক দিক। পঞ্চায়েতীরাজের হাতে যদি ক্ষমতা দিতে না পারি,—পঞ্চায়েতের নির্বাচনে যারাই ক্ষমতায় আসুক, তাদের হাতে যদি ক্ষমতা দিতে না পারি তাহলে বিরাট হতাশা আবার ঘিরে ফেলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের কাছ থেকে টাকা আনছি, আরো টাকা চাইছি। সত্যিই এটা ন্যায়সঙ্গত দাবী, এই দাবীতে সোচ্চার হব। কেন্দ্রের কাছ থেকে টাকা দাবী করছি, টাকা দাবী করব, পাব। তেমনি মনে রাখতে হবে জেলাগুলিও রাজ্যসরকারের কাছ থেকে সমহারে টাকা দাবী করবে। আমি একটি ফিগার দিচ্ছি, ভুল হলে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী কারেক্ট করবেন। আনুমানিক এ্যাপ্রক্সিমেটলি প্রায় বছরে ৩০০ কোটি টাকা ডেভেলাপমেণ্ট খাতে গত ৫ ৬ বছর খরচ করেছি—এতে প্রায় ১৮০০ কোটি টাকা খরচ হয়েছে, কিন্তু কোন্ জেলা কত টাকা পেয়েছে ? আমি জানি নদীয়া জেলায় ৭ লক্ষ লোকের বসবাস ছিল পার্টিশনের সময়, আজ সেখানে ২১ লক্ষ লোকের বাস হয়েছে। মাননীয় মন্ত্রী অমৃতেন্দু মুখার্জি আমার জেলার মন্ত্রী। তিনি জানেন আমার জেলার অবস্থা ভয়াবহ। প্রচণ্ড বেকার, কোন কলকারখানা কিছু নেই, কৃষিতে দারুণ পিছিয়ে পড়া জেলা; এই রকম জেলা বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের ঝাড়গ্রাম, ২৪-পরগনার সুন্দরবন আছে—আরো বিভিন্ন জেলা আছে। যেমন টাকা এখানে আসবে তেমনি ডিভলিউশন পোরশান টাকা আমরা দাবী করব—হারাহারি ভাবে টাকা আমাদের দেওয়া হোক, ঠিক তেমনি করে, যেমন আমরা দিল্লীতে দেখেছি যে দল দিল্লীতে জোরালো, যা তাদের ন্যায্য দাবী নয় তারও বেশী টাকা তারা নিয়ে চলে যাচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার মত এই রকম কয়েকটি রাজ্য তাদের ন্যায়সঙ্গত দাবী থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। ঠিক তেমনি বিশেষ বিশেষ জেলায় দেখলাম লবিং হয়েছে, টাকা এল রাস্তার জন্য সেখানে বিপুল টাকা ব্যয় হয়েছে, ইরিগেশন ব্যবস্থার জন্য টাকা বিশেষ বিশেষ জেলার জন্য ব্যয় হয়ে গেল। আমি দুঃখের সঙ্গে বলতে পারি আমার ৬ বছর বিধানসভার সদস্য থাকাকালে আমার জেলা শহরের বস্তি এলাকায় একটি পানীয় জলের কলও বসাতে পারি নি, এক আধ মাইল রাস্তাও হয় নি, ক্রাস প্রোগ্রামের একটি রাস্তা পর্যন্তও হয়নি, অথচ জানি টাকা পেয়েছে, নিজেদের জেলায় চলে যাচ্ছে। কেন্দ্রে লবিং হচ্ছে, রাজ্যগুলি বিচার পাচ্ছে না, জেলাগুলিও রাজ্যের কাছ থেকে বিচার পাচ্ছে না। আমি সেই জন্য দাবী করব রাজ্যের হাতে যে টাকা আসবে সমহারে ইকুইটেবল প্রিন্সিপল-এ এখানকার টাকা বণ্টন করা উচিত, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি প্রশ্ন তুলেছিলাম। আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে তাঁর সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করেছিলাম—তিনি চিঠি লেখার পরে দেখা করে-

ছিলাম। আমি বলেছিলাম কলকাতা, কলকাতা সুবার্বস-এর কথা বলছেন, কিন্তু কলকাতার বাইরে বিপুল মফঃস্বল জেলাশহর নগর রয়েছে। গত ৩০ বছর ধরে এগুলি নেকলেকটেড হয়ে রয়েছে, কিছু কাজ করে নি। উনি বলেছিলেন আমরা মনে করি মফঃস্বল শহরগুলির দিকেও নজর দেওয়া দরকার। ৩০টি মফঃস্বল শহরের বস্তি সংস্কার করা দরকার। মফঃস্বল শহরেও বিপুল সংখ্যক বস্তি রয়েছে। মফঃস্বল শহরগুলি অবহেলায় বস্তি হয়ে গেছে, সেখানে বিপুল অর্থ ব্যয় করার প্রয়োজন আছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই জেলার জেলাশাসকের হাতে আনুমানিক ৯ থেকে ১০ লক্ষ টাকা বেশ কয়েক মাস ধরে লাল ফিতের বাঁধনে আটকা পড়ে রয়েছে। ড্রেনেজ স্কীম চালু করবার জন্য টাকা পড়ে রয়েছে। রিলিজ অর্ডার পেলে জেলাশাসকের কাছে গ্রিন সিগন্যাল পেলে কাজ করা যায়। কিন্তু গ্রিন সিগন্যাল পাওয়া যাচ্ছে না বলে একজিকিউশন হচ্ছে না, ফলে ওয়াটার লগিং থেকে যাচ্ছে, এই প্রবলেমের শেষ হচ্ছে না।

বিভিন্ন জেলাতে এই রকম সমস্যা দেখা দিয়েছে। টাউন এ্যাণ্ড কানট্রি প্লানিং ডিপার্টমেণ্ট যেটা রয়েছে আমি জানি, সেখানে বছরে এক কোটি টাকা এস্টাবলিশমেণ্ট খরচ। সেখানে প্রায় এক হাজার অফিসার, কর্মচারী ইত্যাদি মিলিয়ে লোক আছেন। পশ্চিমবাংলার বিশিষ্ট দক্ষ কারিগর। জ্ঞানসম্পন্ন ইঞ্জিনীয়ার, বিশেষজ্ঞ এবং তরুণ অফিসাররা সেখানে আছেন, আমি তাঁদের অনেককে জানি। তাঁরা সত্যিকারের রাজ্যের এ্যাসেট। আজকে তাঁদের এই কলকাতায় শীততাপ নিয়ন্ত্রিত ঘরে বসিয়ে রেখে আমরা এই টাউন এ্যাণ্ড কানট্রি প্লানিং ডিপার্টমেণ্টের জন্য বছরে এক কোটি টাকা খরচ করছি। এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি বলব, শহর ও গ্রামের উন্নতির জন্য তাঁদের কাজে লাগানো। এই অফিসার এবং কর্মচারীদের যদি আমরা জেলায় জেলায় পাঠাতে পারি এবং জেলার জন্য টাইম বাউণ্ড স্কীম এ্যাণ্ড প্ল্যান দিতে পারি তাহলে দ্রুত কাজ হতে পারে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মফঃস্বলের দিকে দৃষ্টি দেবেন বলেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সেখানে আমি একটা কার্পণ্য লক্ষ্য করেছি এবং তার জন্যই আমার ক্ষোভ। সেখানে ব্যাপক অর্থ বিনিয়োগ করা দরকার। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, রাষ্ট্রীয় ক্ষেত্রে বা পাবলিক সেকটার আণ্ডারটেকিং-এর উপর তিনি গুরুত্ব দিয়েছেন, কিন্তু এই পাবলিক সেকটার ভেনচার এটা হলেই কি মুশকিল আসান হয়ে যাবে? এটা কি আলাদীনের আশ্চর্য-প্রদীপ যে পাবলিক সেকটার ভেনচারস্ তৈরি করলেই সেখানে বিপুল কর্মযোগ হবে? মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলি, আপনারা নতুন ক্ষমতায় এসেছেন,

আপনারা দেখুন, প্রতে কটি সংস্থা—স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন থেকে আরম্ভ করে ছোট বড় সব সংস্থা যেখানে কোটি কোটি টাকা নিয়োগ করা হচ্ছে এবং হয়েছে সেখানে বছরের পর বছর লোকসান হচ্ছে। এটা কেন? পাবলিক সেকটারে কাজ বলেই যদি মুশকিল আসান হয়ে যেত তাহলে তো সমস্যার সমাধান হয়ে যেত। কর্মসংস্থান সম্বন্ধে তিনি একটা জায়গাতে খালি ইঙ্গিত দিয়েছেন, তিনি বলেছেন, গুলি যদি করতে পারি অর্থাৎ রাষ্ট্রায়ত্ত বিনিয়োগের ব্যবস্থা যদি করতে পারি তাহলে সেখানে আমরা কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবো। এখানে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন করে বলব, আমি কোন পারোকিয়াল দৃষ্টিভঙ্গী নিয়ে কথা বলছি না, আমি নিজেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত যে সমগ্র ভারতবর্ষ একটা অর্থনৈতিক সত্তা, অবিভাজ্য সত্তা। সমগ্র ভারতবর্ষ একটা অখণ্ড ভৌগোলিক অবিভাজ্য সত্তা এবং পশ্চিমবাংলা তার একটা গুরুত্বপূর্ণ অঙ্গ। সুতরাং সারা ভারতবর্ষের মানুষ কলকাতায় আসছে এবং তাদের স্থান হবে এবং আমরাও সারা ভারতবর্ষের যেখানে ছড়িয়ে যাব সেখানে কর্ম-সংস্থানের সুযোগ পাব। কিন্তু এটা আমাদের ভাবতে হবে—মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এক জায়গায় বলেছেন তাঁর ভাষণে যে, আমরা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেব। খুব ভাল কথা, সাধু প্রস্তাব। কিন্তু এই প্রসঙ্গে আমি বলব, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে আপনারা যেমন লোক নেবেন তেমনি সেখানে কতকগুলি নির্দেশনও নিশ্চয় আরোপ করতে হবে। যেমন একটা হল, সেখানে ক্রোনোলজি-কাল অর্ডারেতে যারা আগে আগে নাম লিখিয়েছেন তাদের ডাকুন। দ্বিতীয়তঃ, যখন ডাকা হবে তখন পরীক্ষা করে দেখুন, যে সমস্ত পরিবারের কেউ চাকরি করছেন সেই পরিবারের বেকারদের অগ্রাধিকার দিন। তৃতীয়তঃ, যাদের বয়স ৩০ বছরের কাছাকাছি হয়ে গিয়েছে তাদের অগ্রাধিকার দিন। আমরাই বাড়িয়ে ছে বয়সটা ৩০ বছর করেছিলাম, আমাদের এই রাজ্যেই প্রথম এই আইন হয়েছিল, খানে ৩০ বছর হয়ে গেলে সরকারী চাকরিতে তাদের আর নিয়োগ করা সম্ভব বে না, কাজেই যাদের বয়স ৩০ বছরের কাছাকাছি হয়ে গিয়েছে তাদের গ্রাধিকার দিন। কারণ সেই অসহায় মানুষগুলি তাদের তো কোন অপরাধ নেই। বেকারী অবস্থা, অকর্মণ্যতার জন্য আজও তারা বেকারীর দুঃসহ জীবন যাপন করছেন, কাজেই তাদের কথা বিবেচনা করে তাদের অগ্রাধিকার দেওয়া দরকার। সেই সঙ্গে এই দেশের বেকার সন্তানদের কর্মসংস্থানে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যতদূর মনে আছে তাতে বলতে পারি, সমগ্র পশ্চিমবাংলার সমস্ত ট্রেড ইউনিয়নের প্রতিনিধির —এখানে অভিজ্ঞ পার্লামেন্টেরিয়ান,

মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয় আছেন, তিনিও ট্রেড ইউনিয়ন নেতা হিসাবে ছিলেন, ডঃ ভট্টাচার্য্য ছিলেন, আমরা শুনেছিলাম, দলমত নির্বিশেষে পশ্চিমবাংলার সমস্ত ট্রেড ইউনিয়ন সংস্থা এই দাবী করেছিলেন। আজকে আমাদের এই দিকটার দিকে ভাবতে হবে, কারণ এটা এক্সপ্লোশানের দিকে চলে যাবে। আজকে পশ্চিমবঙ্গ সরকারেরই হিসাব হল, নথিভুক্ত বেকারের সংখ্যা হচ্ছে প্রায় ৯ লক্ষ। আর গ্রামে ৩২ লক্ষ ভূমিহীন কৃষক, যাদের কোন জমিজমা নেই, বছরে ১২০ দিন তারা বেকার বসে থাকছে। আর শহরে ও গ্রামে শিক্ষিত ও অর্দ্ধ শিক্ষিত বেকার হচ্ছে প্রায় ৯ লক্ষ। ৯ লক্ষ যদি নথিভুক্ত বেকার হয় তাহলে তার ৪ গুণ করলে আসল বেকারের সংখ্যা পাওয়া যাবে, তাহলে সংখ্যাটা দাঁড়াচ্ছে ৩৬ লক্ষ। এই বেকার বাহিনীকে আমরা রেখে দিয়েছি। এর মধ্যে কতজনকে সরকারী কর্মচারী হিসাবে কাজ দিতে পারবেন বলুন? সবাইকে সরকারী কর্মচারী হিসাবে কাজ দেওয়া সম্ভব নয়। ডক, পোর্ট, কয়লাখনি, জুট মিল ইত্যাদি যে সমস্ত সংস্থা আছে সেখানে কাজ দিতে হবে। যারা আসছেন তারা নিশ্চয় সুযোগ পাবেন কিন্তু এ ব্যাপারে রাজ্য সরকারকে একটা উদার দৃষ্টিভঙ্গী নিতে হবে। এই লক্ষ লক্ষ ছেলে চিরদিন বসে থাকবে, তাদের নাম কোনদিন যাবে না তা হয়না। [আমি এখানে অকপটে বলতে পারি, মাননীয় মুখ্যমন্ত্রী If he does not take me amiss.

[1.30—1.40 P.M.]

রাইটার্স বিল্ডিং-এ তাঁর সঙ্গে প্রথম সাক্ষাৎকারের সময় বলেছিলাম, পরলোকগত ডাঃ রায়ের আমলে একটা আইন হয়েছিল কমপালসারি নোটিফিকেশন অব ভ্যাকান্সিজ এ্যাক্ট। সেই আইন বলে যে কোন সংস্থায়, যে কোন এমপ্লয়ার তার কারখানায় লোক নিয়োগ করতে গেলে খবরের কাগজে তাকে বিজ্ঞাপন দিতেই হবে। কিন্তু আমরা কি দেখছি? এখানকার রাজ্যে বড় বড় কলকারখানায় নিয়োগ হচ্ছে তার এ্যাডভারটাইজমেণ্ট বেরুচ্ছে মহারাষ্ট্রে, তার এ্যাডভারটাইজমেণ্ট বেরুচ্ছে অন্য রাজ্যে, দিল্লীতে কিন্তু কলকাতার কাগজে তার বিজ্ঞাপন বেরুচ্ছে না। ফলে এখানকার বেকার শিক্ষিত যুবকের দল অসহায়ের মত ঘুরে বেড়াচ্ছে এবং তারা কোন সুযোগ পাচ্ছে না। কেন হচ্ছে? এখানে আমাদের ত্রুটি থেকে গেছে। ডঃ মিত্র বলেছেন যে, আমরা অনুরোধ করেছি। অনুরোধ, আপনারা ক্ষমতার দাবি করছেন, আপনারা অনুরোধ করবেন কেন? আপনার রিট গিয়ে সেখানে পৌঁছাবে? আপনার পিছনে গোটা জনগণ থাকবে, সমস্ত বিধানসভা সেখানে থাকবে, আপনি সেখানে চাপ দিন যে, এই

রাজ্যে যারা বেকার থাকবে, নথীভুক্ত বেকার যারা আছেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাদের নাম রেজেষ্ট্রি করা আছে তাদের সম্পর্কে বিচার করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে বলেছেন, আমি আপনার সঙ্গে এই বিষয়ে এক মত এবং এই ব্যাপারে আমাদের ট্রেড-ইউনিয়নের নেতাদের দায়িত্ব আছে এবং উনি বলেছিলেন যে এটা যদি সম্ভব না করতে পারা যায় তাহলে মুশকিল। হয় দিল্লীতে গিয়ে আমাদের বলতে হবে, সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী সম্মেলনে প্রত্যেকটি রাজ্যকে একটা সিদ্ধান্ত নিতে হবে Every Indian is born in indivisible economic entity, political entity, social and cultural entities. Every son, every citizen of India has equal indivisible right to get employment or to get gainful employment in any part of the country no matter what is his race, his caste or his creed. যে কোন প্রান্তে যাব আমরা চাকুরী পাব যদি আমাদের সেই যোগ্যতা থাকে—দিল্লী থেকে এই সিদ্ধান্ত নিতে হবে, সর্বভারতীয় ভিত্তিতে ডায়লগ তৈরি করতে হবে এবং সঙ্গে সঙ্গে প্রত্যেকটি রাজ্য সৃষ্টি করেছে—মহারাষ্ট্র করেছে, বিহার করেছে, পাঞ্জাব করেছে, হরিয়ানা করেছে, আসাম করেছে—আমরা যদি না করতে পারি তাহলে মাননীয় অর্থমন্ত্রীর শত সদিচ্ছা থাকা সত্ত্বেও তিনি বারবার হোঁচট খেয়ে যাবেন, এবং তাঁর সরকারও বারবার হোঁচট খাবেন। সেই জন্য আমি বলছি যে, এখানে এই দৃষ্টিভঙ্গী রাখবার প্রয়োজন আছে এবং এখানকার বেকারদের কর্মসংস্থানের ব্যাপারে অগ্রাধিকার দিতে হবে। মাননীয় অর্থমন্ত্রী যে কর্মসূচী ঘোষণা করেছেন তার মধ্যে নিশ্চয়ই কতকগুলি প্রশংসনীয় উল্লেখ রয়েছে। যেমন পঞ্চম, ষষ্ঠ শ্রেণী পর্যন্ত ফি করে দিয়েছেন। আপনি আমাকে মাপ করবেন, আমি এটাকে প্রতিক্রিয়াশীল বলতে চাচ্ছি না। এটা ভেবে দেখবেন যে অগ্রাধিকারের দিক থেকে এটার অগ্রাধিকার পাওয়া উচিত ছিল, না ওই টাকাটা যেটা খরচ হবে সেই টাকাটা ওখানে খরচ না করে যে রাজ্যে শতকরা ৭০ ভাগের উপর লোক নিরক্ষর তাদের শিক্ষার জন্য, প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য টাকাটা খরচ করা উচিত ছিল। আমাকে যদি জিজ্ঞাসা করেন আমি বলবো অগ্রাধিকার পাওয়া উচিত ছিল গ্রামের প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য যেখানে গ্রামের গরীব ঘরের ছেলেরা, তাদের অভিভাবকরা তাদের ৫ টাকা, ৮ টাকার জন্য রাখালীর কাজ করান, স্কুলে না পাঠিয়ে তাদের মাঠে পাঠিয়ে দেন সেখানে প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য এই টাকা খরচ করলে এই সরকারের যে লক্ষ্য, যে অভিপ্রায় সেটা আরো সার্থকভাবে রূপায়িত হত বলে মনে করি। সুতরাং ওটা ভুল করেছেন, অন্যায় করেছেন বলছি না। কিন্তু অগ্রাধিকারের দিক থেকে অর্ডার অব প্রাইওরিটির

দিক থেকে সেটা পাওয়া উচিত ছিল। আপনি যে ট্যাক্স চাপাচ্ছেন, আমার দৃঢ় বিশ্বাস যে এই ট্যাক্সের বোঝা পরোক্ষভাবে সাধারণ মানুষের উপরেই পড়বে। বিভিন্ন জিনিসের আইটেম আমি দেখেছি কাগজে তার প্রতিক্রিয়া হবেই, বাজারে জিনিসের দাম বাড়ছে। আমি সে জন্য সরকারকে এবং মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করবো যে, আমি সংকীর্ণ দৃষ্টিভঙ্গী নিয়ে কোন কথা বলছি না, আমি পরিষ্কার বলতে চাই যে, এই বাজেটের মধ্যে কর্মসংস্থানের সেই রকম আশাব্যঞ্জক কোন প্রয়াস আমি দেখছি না—সেটা হওয়া প্রয়োজন ছিল। ডঃ মিত্রের কাছ থেকে আমি অন্ততঃ ব্যক্তিগতভাবে আশা করেছিলাম, কারণ আমি একটা জিনিস জানি যে, একটা মহৎ সংকল্প, একটা মহৎ উদ্দেশ্য নিয়ে পদক্ষেপ নিতে গেলে সেখানে ভুলভ্রান্তি, ত্রুটি হবে। সেজন্য আমি যদি হোঁচকর খাই, ব্যর্থ হয়ে যাই, সেই ব্যর্থতার মধ্যে কোন গ্লানি নেই। ভারতবর্ষের মানুষ জানবে পশ্চিমবাংলার বেকার এবং পশ্চিমবাংলার নিপীড়িত, লাঞ্ছিত, বঞ্চিত মানুষ বুঝবে যে, এই সরকার এখানে একটা বিরাট পদক্ষেপ নিয়েছিলেন, যে পদক্ষেপ হল ব্যাপকভাবে কর্মসংস্থানের ক্ষেত্র সম্প্রসারিত করা। আমি কিন্তু আজও মনে করি রাজ্য সরকার নিজেদের শক্তির ভিত্তিতে তাদের নিজস্ব রিসোর্সের মোবিলাইজ করেন, রাজ্য সরকার এখনও যদি ডেয়ারী, পশুপালন, সেচ, কৃষি, বৃহৎ সেচ, ক্ষুদ্রসেচ, ক্ষুদ্র গ্রামীণ কুটিরশিল্প, সমবায় ইত্যাদি এগুলির প্রতি যদি নজর দেন তাহলে আমার দৃঢ়বিশ্বাস যে, সরকার বিপুল কর্মসংস্থান করতে পারবেন। আমি জানি, আমি আবার আপনাদের বলছি যে, কেন্দ্র-রাজ্যের ব্যাপার নিয়ে আমাদের দৃষ্টিভঙ্গী যেন আচ্ছন্ন না হয়। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে বন্ধুর মত কাজ করে যাবে। কেন্দ্রীয় সরকার চান ভারতবর্ষে এই গণতান্ত্রিক পরীক্ষা-নিরীক্ষা ঠিকভাবে যাতে চলে। আমরাও সেটাতে আশাবাদী। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করবো যে, আপনি ভেবে দেখুন যে গ্রামের ৩২ লক্ষ লোক, সব লোককেই আমরা ১১ বছরের মধ্যে কাজ দিতে পারবো না। আগের সরকারের মত আপনি যেকোন চমকদারী বা চটকদারী কথা বলেন নি সেজন্য আপনি আমার কাছে অভিনন্দনযোগ্য।

আমরা হলদিয়া করে লক্ষ লোকের চাকরি দেব, মানুষের মনে ফলস টল হোপস রাইজ করেন নি, এটা ঠিক, কিন্তু এটাও ঠিক যে এই সরকারকে এই সমস্ত ভাষাহীন মানুষ, এই সমস্ত শুষ্ক শীর্ণ মুখ ভরে তুলিতে হবে আশা'—সেই সমস্ত ম্লান মুখের মেলা যেখানে ভীড় করে চারধারে দাঁড়িয়ে রয়েছে, তাদের কাছে আশাবাদী কথা শোনাতে হবে। এই সরকারের কাছ থেকে আমরা সেটা প্রত্যাশা করে বসে

আছি। অতএব সেই জন্য বলছি, যদি আপনি মনে করেন বা সরকার যদি মনে করে থাকেন ল্যাণ্ড রিফর্মস্ করে আপনারা বিপুল সংখ্যক মানুষকে জমি দিয়ে জমির ক্ষুধা মিটিয়ে গ্রামের মানুষের কর্ম সংস্থান করবেন—আমি বলছি, তাহলে আমরা বিরাট ভুল করবো। কোন সরকারের পক্ষে এটা সম্ভব হবে না। কারণ পশ্চিমবাংলার ল্যাণ্ড রিফর্মস-এর যেটুক স্কোপ আছে, অলমোস্ট সিলিং-এ আমরা পৌঁছে এসেছি, স্যাচুরেশন পয়েন্টে আমরা পৌঁছে এসেছি। কিছু মার্জিন্যাল বেনিফিট্স্ হবে। কিছুই হবে না তা বলছি না। মার্জিন্যাল রিলিফ দিতে পারবো কিন্তু ব্যাপক ভাবে রিলিফ দিতে গেলে heavy dose of investments in agriculture, in co-operation, in fishery, in animal husbandry, in dairy চাই। এইগুলোতে আমাদের ব্যাপকভাবে টাকা লগ্নী করতে হবে। দুঃখের কথা যে ইকনমিক রিভিউ-এ সম্ভবতঃ পড়েছিলাম কয়েকদিন আগে, তাতে বলা হয়েছে—ডঃ মিত্র সংশোধন করে নেবেন যদি ভুল হয়—এই রাজ্যে দেখা যাচ্ছে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক মোট যে টাকা লগ্নী করেছে, বোধ হয় ৭১৩ কোটি টাকা, তার মাত্র শতকরা দু'ভাগ ১২ থেকে ১৪ কোটি টাকা কৃষিতে নিয়োগ হয়েছে। আমাদের দেশ গ্রামে গাঁথা দেশ, আমরা সোস্যালিজমের কথা বলছি, আমরা গ্রাম উন্নয়নের কথা বলছি, অথচ মাত্র দু' কোটি টাকা ব্যাঙ্কের লগ্নীর টাকা পৌঁচেছে গ্রামের কৃষকদের কাছে, ও সঙ্গতিপন্ন চাষীদের কাছে। সেই জন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, এল. আই সি., এই রকম যে সব স্টেট ফাইন্যান-শিয়াল ইন্সটিটিউশন আছে, সেইগুলোকে জোরদার করতে হবে। তাদের উপর দাবী রাখতে হবে যাতে আমাদের এদিকে দৃষ্টিভঙ্গী নিবদ্ধ রাখা যায়, কর্মসংস্থান বাড়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর ভাষণের মধ্যে কাঁচা মাল সম্পর্কে কয়েকটি কথা বলেছেন, আমি তাঁর সঙ্গে একমত, এই বিষয়ে একটা সেন্ট্রাল পলিসির প্রয়োজন আছে এবং কাঁচামাল সরবরাহের প্রয়োজন আছে। এবং আমি বলছি যে আমাদের এই রাজ্যে যে কেমিক্যাল ইণ্ডাষ্ট্রিজ আছে, এর বিরাট সম্ভাবনা হলদিয়া ছাড়াও রয়েছে। দুর্গাপুরে আছে। আপনারা দেখবেন পিগমেণ্টস্ ইণ্ডাষ্ট্রি—সমগ্র পিগমেণ্ট ইণ্ডাষ্ট্রি মহারাষ্ট্রের দিকে চলে গেছে। খুব দুঃখের কথা। এটা কেন্দ্র এবং প্রাদেশিকতার ব্যাপার নয়। র' মেটিরিয়্যাল সব দুর্গাপুর-এ হয় বর্ধমান জেলার, আর পিগমেণ্ট ইণ্ডাষ্ট্রির ৯০ পার্সেণ্ট হল ওয়েস্টার্ন ইণ্ডিয়ায়। কি ট্রাজেডি! ৩০ বছর ধরে আমাদের প্ল্যানার্সরা, আমাদের অর্থনীতি বিশারদরা, রাজনীতিবিদরা দৃষ্টি দিচ্ছে না, খালি আমরা এটা ভাবছি, এটা সঙ্কীর্ণতাবাদ স্বরূপ, কিন্তু এটা সঙ্কীর্ণতাবাদ নয়, কারণ সমগ্র অঙ্গ রাজ্যগুলিকে যদি আমরা বাঁচাতে পারি তাহলে কেন্দ্র জোরদার হবে, তাহলে ভারতবর্ষের স্বাস্থ্য সমৃদ্ধির পরিচয় আমরা পাবো।

সমগ্র শরীরকে প্রবঞ্চিত করে শুধু মুখে যদি রক্ত সঞ্চারিত করা হয় তাহলে সেই স্বাস্থ্যকে ভাল বলা যায় না। প্রফেসার ল্যাস্‌কির ভাষায় State becomes gouty oldman with anaemia and apoplexy at the centre. আজকে আমাদের ডেভলপমেন্ট চাই, প্ল্যানিং ষ্ট্রাটেজি চাই এবং মূল কথা হবে এগ্রিকালচার। তার আর একটা মূল স্তম্ভ হবে এগ্রিকালচারের সাথে সাথে স্মল এ্যাণ্ড কটেজ ইণ্ডাষ্ট্রিজ। বিগ ইণ্ডাষ্ট্রিতে—ডঃ ভট্টাচার্য্য তিনি একজন অভিজ্ঞ মন্ত্রী, পণ্ডিত ব্যক্তি, তাঁর বক্তব্যকে ছোট করছি না, কিন্তু তিনি একমত হবেন—আমরা দেখেছি বৃহৎ শিল্পে দু' কোটি ৪৭ লক্ষ টাকা খরচ করলে একটা লোকের নিয়োগ সম্ভব। এবং তার জন্য যা প্রডাকশন হয় ৮ পার্সেন্ট। আর ক্ষুদ্র শিল্পে আরও অনেক কম। এই একটা লোকের জন্য জব এ্যাণ্ড এমপ্লয়মেন্ট অপারচুনিটি ক্রিয়েট করতে বিগ ইণ্ডাষ্ট্রিতে প্রায় অনেক খরচ হয়, আমাদের সেই জন্য ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর জোর দিতে হবে, গ্রামের দিকে তাকে নিয়ে গিয়ে যদি সম্প্রসারণ ঘটাতে পারি তাহলে আমরা বিপুল সংখ্যক মানুষের সেলফ এমপ্লয়মেন্ট এর ব্যবস্থা করতে পারবো। সুতরাং আমরা নতুন সরকারের কাছ থেকে সেলফ এমপ্লয়মেন্ট সম্বন্ধে কিছু শুনতে চাই। বাজেটের মধ্যে সে সম্বন্ধে কোন উল্লেখ নেই। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে সি. এম. ডি এ-কে তিনি সাজাবেন এবং তিনি বলেছেন ঠিকাদার প্রথার বিলোপ সাধন করতে চান। নিশ্চয়ই করবেন, এটা প্রশংসনীয় উদ্যোগ। আমি আবার বলছি যে শুধু সি. এম. ডি.-এর দিকে যেন দৃষ্টি না থাকে, মফঃস্বলের শহরগুলোর দিকেও যেন দৃষ্টি থাকে।

[1.40—1.50 P.M.]

গ্রামীণ রাস্তা সম্বন্ধে আপনারা কিছু বলছেন না। আপনারা বলছেন ২ কোটি টাকা ব্যয় করবেন গ্রামে জলের জন্য। একটা গ্রামে কয়টি টিউবওয়েল আছে আপনি জানেন? এই বিধানসভার মাননীয় সদস্যদের প্রতিটি কেন্দ্রের প্রায় শতকরা ৫০ ভাগ টিউবওয়েল অকেজো হয়ে আছে। সুতরাং এ-অবস্থায় একটা করে টিউবওয়েল করে কি হবে? গ্রামের রাস্তা মানে বড় বড় পিচের রাস্তা নয়। আমার এলাকার রাস্তার ব্যাপারে আমি মাননীয় যতীন চক্রবর্তী মহাশয়কে চিঠি লিখেছিলাম, কিন্তু দুঃখের বিষয় তিনি ব্যস্ত থাকায় চিঠির উত্তর পাইনি, নিশ্চয়ই সময় মত উত্তর দেবেন। তাতে আমি বলেছিলাম আমার এলাকায় কয়েকটি রাস্তার দীর্ঘ দিন ধরে একই অবস্থায় রয়েছে। লিঙ্ক রোড এক জিনিস, আর গ্রামীণ রাস্তা আর এক জিনিস। গ্রামের ভিতরে রাস্তা লিঙ্ক রোডের আওতায় পড়ে না, ফলে আমলারা বলবে এটা লিঙ্ক রোডের ডেফিনিশনে আসছে না। তখন সেটা আটকে যাবে।

সুতরাং আজকে সেখানে প্রোগ্রাম নেওয়া হোক গ্রামে গ্রামে কাজ করার জন্য রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছ থেকে টাকা ধার করে সেখানে কাজ করতে হবে। এটা কি ভাবে করা যায় সেটা আজকে মন্ত্রিসভাকে চিন্তা করতে হবে। মুখ্যমন্ত্রী ইতিপূর্বে খুবই আবেগের সঙ্গে বলেছিলেন যে, চাকুরী-বাকুরী দিতে পারব কিনা জানি না, তবে পানীয় জল যেন গ্রামের মানুষকে দিতে পারি সে চেষ্টা করব। আজকে সেটাও আমরা দিতে পারছি না। অতএব এখানে আমাদের বিরাট দায়িত্ব রয়ে গেছে। এর সঙ্গে প্রতিটি অঞ্চলে অন্ততঃ একটা করে প্রাইমারী হেলথ সেন্টার-এর সমস্যা রয়েছে, প্রাইমারী স্কুলের সমস্যা রয়েছে। সমস্যায় সমস্যায় আমাদের জর্জরিত করে তুলেছে। মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে পশ্চিমবাংলার শিক্ষণপ্রাপ্ত বেকার প্রাথমিক শিক্ষকরা এসেছিলেন তাদের চাকরীর দাবি নিয়ে। তিনি তাদের সঙ্গে কথা বলেছেন। কিন্তু আজকে শত শত স্কুল পড়ে রয়েছে, এত দিন অর্গানাইসড টিচাররা এগুলি চালিয়েছে, বছরের পর বছর তারা বিনা বেতনে এগুলি চালিয়েছে। কারণ পূর্বের সরকার দলবাজী করে, নিন্দনীয় দল-বাজী করে সে-সমস্ত স্কুলকে স্বীকৃতি দেয়নি। সেগুলি স্কুল পরিদর্শক দেখে গিয়েছেন, কিন্তু তবুও মঞ্জুর হয়নি। আমি অধ্যাপক দেকে লিখেছি, আমি জানি তিনি নিশ্চয়ই কিছু করবেন। তারা তাদের কর্ম-সংস্থানের দাবিতে কালকে এখানে ডেপুটেশন নিয়ে এসেছিলেন। আমরা দেখছি নিরক্ষরতা দূরীকরণের জন্য কেন্দ্রীয় সরকার বিপুল অর্থ ব্যয় করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন এবং সেটা আমরা সংবাদপত্রে দেখেছি। এটার সুযোগ রাজ্য সরকারকে নিতে হবে। গ্রামে গ্রামে প্রাথমিক স্কুল করতে হবে। গ্রামে গ্রামে নন্-ফর্মাল এডুকেশনের জন্য নাইট স্কুল খুলতে হবে, যদি ১০০ টাকা বেতন দিয়ে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করতে হয়, তাহলেও সেটা করতে হবে এবং এটা শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা হিসাবে করতে হবে। আমি আবার বলছি সমস্ত বিষয়ের প্রচেষ্টাগুলির লক্ষ্য হবে, বেসিক অবজেক্ট হবে মনোপলিস্টদের কাবু করা। এব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী, ডঃ মিত্র, ডঃ ভট্টাচার্য, শ্রদ্ধেয় প্রভাস রায় প্রমুখকে বিবেচনা করতে বলছি—আপনারা বিবেচনা করবেন, আপনারা জয়েন্ট সেক্টর করছেন, কিন্তু বিওয়ার অফ দি বিড়লাস। এই মনোপলিস্ট বিড়লা, এদের সম্বন্ধে সচেতন হোন। এই বিড়লা হাউস গোটা ইস্টার্ন রিজিওনকে শুষে খেয়ে গেল। তারা এখানে ব্যবসা করে, কিন্তু এখানে ফাণ্ডামেন্টাল রিসার্চের ব্যবস্থা করে না। তারা এখান থেকে টাকা নিয়ে রাজস্থানে ইউনিভার্সিটি বানায়। টাটা বোম্বেতে ব্যবসা করে এবং ফাণ্ডামেন্টাল রিসার্চও করে, বিজ্ঞান ও কারিগরিজ্ঞানের প্রসার ঘটাচ্ছে, সারা ভারতের শিক্ষার্থীদের জায়গা দিচ্ছে। এদের কি আছে? এরা হাসপাতাল

করলে, সেটা হবে বেলভিউ নার্সিং হোম বা ডায়মণ্ডহারবার রোডের ক্যালকাটা হাসপাতাল, সেখানে ১০০ টাকা দিনে লাগে। সেখানে কারা যাবে বা যেতে পারে? গরীবরা যেতে পারে না। তারা তাদের কল-কারখানার শ্রমিকদের জন্য হাসপাতাল করে না, তাদের ছেলে-মেয়েদের জন্য স্কুল করে না। তারা এখান থেকে টাকা-পয়সা লুঠ করে নিয়ে যাচ্ছে। তাদের কারখানার দায়িত্ব কেন রাজ্য সরকার নেবে? তারা লুঠ-পাট করে শিল্পকে সিক্ করছে আর সেই সিক্ বেবি-কে রাজ্য সরকার মানুষ করে তারপর আবার তুলে দেবে তাদের হাতে এবং আবার লুঠ-তরাজ শুরু হবে। এইরকমই কি চলবে? সুতরাং আজকে বিড়লার সম্বন্ধে সাবধান হতে হবে। এই সমস্ত মনোপলিস্ট, যারা পশ্চিমবাংলাকে লুঠ করছে, তাদের বিরুদ্ধে আমাদের সজাগ হতে হবে, এ ব্যাপারে আমি মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী ডঃ মিত্রর কাছে এই আবেদন করছি।

আমি আবার বলছি আমার দারুণ সঙ্কট হচ্ছে যে, আমাদের অর্থনৈতিক পরিস্থিতি ভীষণ খারাপ। আমাদের objection থাকবে একচেটিয়া অধিকারকে কিভাবে কমান যায়। দ্বিতীয়, মূল্য বৃদ্ধি রোধ করতে হবে উৎপাদন বৃদ্ধি করে এবং যারা কাজ করছেন তাঁদের কাছে আবেদন জানাই আপনারা শান্তি-শৃঙ্খলা রক্ষা করুন এবং তৃতীয়, আমাদের কর্মসংস্থান যেভাবেই হোক বৃদ্ধি করতে হবে। পশ্চিম-বাংলার অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য আমাদের নূতন কর্মোদ্যোগ আরম্ভ করতে হবে। আমি বলব This is time not for historics but for healing. This is time not for rhetoric but for economic rejuvination. This is time not for nostrum but for normalcy. আমাদের আজ healing দরকার—যেখানে ক্ষত সেখানে প্রলেপ দিতে হবে আমাদের সহযোগিতা দিয়ে। আমাদের তাত্ত্বিক কথাবার্তা বললে হবে না। আমাদের বাস্তববাদী হয়ে দুঃখিত মানুষের চোখের জল কিভাবে মোছান যায় সেটা দেখতে হবে। পশ্চিমবঙ্গকে সর্বশ্রেণীর মানুষের বাসযোগ্য করতে হবে। তাদের সামনে নূতন অঙ্গীকার রাখতে হবে। মনে রাখতে হবে ভোজনাগারে যে বস্তু আমরা তৈরি করি তার সত্যি-কারের সমঝদার cook নয়, যারা ভোজন করে তারাই। এজন্য Aristotole বলেছিলেন—The best judges are those who partakin the feast and not the cooks. আমাদের দৃষ্টিভঙ্গীর মূল ভিত্তি হবে যুক্তি, নীতি, প্রীতি এবং মুক্তি এই ক'টা স্তম্ভের উপর পশ্চিমবাংলার আর্থিক বুনিয়াদ গড়ে তুলতে হবে। আমাদের প্রশাসনিক আদর্শকে অলঙ্ঘনীয় রাখতে হবে যাতে আমাদের আইনের শাসনকে যোগ্যরূপে তুলতে পারি। হিংসা, অরাজকতা যদি মাথাচাড়া দেয় তাহলে

তে দেশের কল্যাণ সাধিত হবে না। সেজন্য হিংসাকে পরিহার করতে হবে, ইনের শাসনকে সুনিশ্চিত করতে হবে এবং সঙ্গে সঙ্গে প্রশাসন যে নিরপেক্ষতা নিশ্চিত করতে হবে। এই কয়টি কথা বলে আমি শেষ করছি।

শ্রী ভোলানাথ সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে দেখলাম কতকগুলি ভাল কথা আছে। কতকগুলি আমার মত অনুসারে দেশের মঙ্গল হবে না এবং কতকগুলি হয়ত গোঁজামিল দেবার চেষ্টা আছে। আমরা গত Session Governor's speech-এ 36 points দেখেছিলাম। Writers Buildings থেকে যে West Bengal পত্রিকা ছাপান হত সেখানেও 36 points কর্মসূচীর কথা দেখেছিলাম। এর মধ্যে সবচেয়ে বেশী যে দুটি জিনিস আমাকে আকর্ষণ করেছিল তা হল বেকারীর জ্বালার অবসান করা হবে এবং monopoly house-কে আর শোষণ করতে দেওয়া হবে না। এই Budget speech-এ তিনি ৪ নং পাতায় বলেছেন for a number of reasons in which one must include the role of monopoly capital, the eastern region has remained the neglected segment of the Indian economy during the entire Plan era. তা সত্ত্বেও তিনি বলছেন monopoly house-কে আহ্বান করছি এবং Business Standard ও Economics Time-এ মুখ্যমন্ত্রীর যে বক্তৃতা দেখেছি তাতে সেখানেও বলা হয়েছে আমরা তাদের সাদরে আহ্বান করব।

[1-50—2-00 P.M.]

আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, আমরা তাদের facility দেবো তাদের সাহায্য করবো। তিনি হয়তো সবটা খতিয়ে দেখবার সময় পাননি। এই যে Monopoly house, এই Monopoly house এর Majority share holder কারা? বাংলায় share holder যারা তারা কেউ Devidend পান না। Majority share holder-রা বাইরের লোক—পশ্চিমবঙ্গের বাইরের লোক। পশ্চিমবঙ্গের লোকেরা এর share-এর Dividend পাবে না। সে টাকা ঐ share holderদের কাছ থেকে ক্ষুদ্র সঞ্চয়ে যাবে না। Sales tax এ ব্যবহৃত হবে না। অর্থাৎ সে টাকা চিরতরে বাইরে চলে যাবে। এই Monopoly house এর সঙ্গে Joint Sector হতে চলেছে। Joint Sector মানে কি? Joint Sector 'বিড়লা'র সঙ্গে হতে চলেছে যার নাকি টাকার কোন অভাব নেই। Joint Sector মানে Government সেখানে টাকা দেবে আর ওরাও টাকা দেবেন, Percentage আছে, আর কিছু Public share নেবে, কিন্তু Management থাকবে ঐ Private

Sector এর হাতে। Day to Day Management ঐ তাদেরই হাতে। আপনারা জানেন Company law বারে বারে change করা হয়েছে Company Management এর নানান অন্যায় কাজের জন্য। 'বিড়লা'কে টাকা দিয়ে তাকে support এর কি দরকার আমি তা বুঝি না। কাশীবাবুও কি এটা বোঝেন নি? তাঁর বক্তৃতা শুনে আমার মনে হলো Monopoly ব্যাপারে ও State centre relationship-এর ব্যাপারে তিনি বলেছেন State centre relationship হলো Financial relationship. It is a very, very important matter. ডাঃ বিধানচন্দ্র রায়ের সময় থেকে প্রতিবারই Finance Commission এর কাছে বা অন্যত্র এই একই কথা উঠেছে যে State centre relationship এক হওয়া দরকার। কিন্তু আমি যা খবরের কাগজে পড়েছি, যে কথা প্রধানমন্ত্রী বলেছেন, যে এ ব্যাপারে Chief Ministerদের Meetidg হয়েছিল, তাতে মুখ্যমন্ত্রী কোন কথা বলেননি State Centre relationship এর ব্যাপারে—যা নাকি আমরা আশা করেছিলাম।

আমাদের দেশের দুর্দশা হল এই যে আমরা পাট, চা, ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রি, আমাদের যত রকম র' মেটিরিয়ালস এক্সপোর্টেড হয় সমস্ত র' মেটিরিয়ালসের ফরেন এক্সচেঞ্জ গভর্নমেন্ট অব ইণ্ডিয়া পায়। আমাদের দেশে রোজগার করছে মানুষ, বড় বড় কোম্পানী ফাংকশান করছে, মনোপলি হাউস ফাংকশান করছে, কিন্তু তার ট্যাক্স ডিভিজিবল পুলের মধ্যে আসে না। যদিও তারা এখানকার র' মেটিরিয়ালস ব্যবহার করছে, এখানে ফাংশান করছে, এখানকার লোকেশনাল ফেসিলিটিজ পাচ্ছে, এখানকার মানুষ সেখানে খাটছে, তবুও কিন্তু তার ট্যাক্স ডিভিজিবল পুলে আসে না। আমি বাজেট স্পীচ দেখছিলাম, তখনকার ফাইনান্স মিনিষ্টার ছিলেন আমাদের এখানকার মুখ্যমন্ত্রী, তিনি বলছেন ফাইনান্স কমিশনের কাছে আমরা যাব এবং আমরা চাইব একটা ন্যায় বিচার, একটা সুবিচার এবং আবার ফাইনান্স কমিশন আসছে, আমাদের প্রয়োজন টার্মস অব রেফারেন্স খতিয়ে দেখা এবং টার্মস অব রেফারেন্স যদি এমনভাবে হয় যাতে আমরা আমাদের বক্তব্য সম্পূর্ণভাবে বলতে পারি, যাতে তাদের অধিকার থাকে, যাতে তারা আমাদের বক্তব্যের উপর রায় দিতে পারেন। আমাদের দেশে ট্যাক্স ষ্ট্রাকচার—আমাদের দেশে মানুষ ইনকাম করছে, কিন্তু গ্যাডগিল ফরমুলা আমাদের টুঁটি চেপে ধরছে। গ্যাডগিল ফরমুলা অনুযায়ী আমাদের দেশের মানুষ দরিদ্র থেকে দরিদ্রতর হচ্ছে, আর বংশ বৃদ্ধি হচ্ছে। ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে যা মানুষ ছিল এখন তার ডবল হয়েছে, সেকথা স্বীকার করেছেন অর্থমন্ত্রী মহাশয়। তিনি বলেছেন হ্যাঁ, খাদ্য বেড়েছে, কিন্তু

মানুষের তুলনায় বেড়েছে কিনা সন্দেহ আছে। আমরা একটা বিষয়ে ভারতবর্ষের মধ্যে প্রথম সেটা হচ্ছে বেকারী। এত বেকারী কোথাও নেই। অর্থমন্ত্রী নিজে বলেছেন যে শতকরা ৮ ভাগ পপুলেশন হচ্ছে পশ্চিমবাংলায়, কিন্তু সেই অনুযায়ী টাকা আমরা পাই না। তার জন্য শুধু লবি নয়, লবি আমরা বহুকাল করেছি, জ্যোতি-বাবুও করেছেন, লবিতে হয় না, ঐ গ্যাডগিল ফরমুলা ভাঙতে হবে, বদলাতে হবে, করতে হবে ডিভিজিবল পুল থেকে। ইনকামের উপর, রিসোরসের উপর বেস করে ২০ পার্সেণ্ট, পপুলেশান বেস করে বাকিটা। ঐ ফিলজফি, ঐ ইকোয়েশান চেঞ্জ করতে হবে, অন্ততঃ বলতে হবে পরিষ্কার করে আমাদের দেশ থেকে যত ইনকাম রিসোরস মোবিলাইজেশান করে সেণ্টার পান তার শেয়ারের অন্ততঃ ৪০ পার্সেণ্ট আমাদের দিতে হবে। গ্রাণ্ট-ইন-এড আমরা চাই না, গ্রাণ্ট-ইন-এডের উপর ডিপেণ্ড করে চলে না। তার কারণ হচ্ছে এই যদি কোন বয়েন্সি হয়, স্টেট কাণ্ট্রি ইকনমিক বয়েন্সির যদি শেয়ার না পায় তাহলে আমাদের প্রদেশ চিরকালের মত দরিদ্র থেকে যাবে। আমাদের দেশের ইকনমিক কণ্ডিশান অনেক খারাপ হয়ে গেছে একদিক থেকে কতকগুলি পলিসির ফলে। ফ্রেট ইকোয়ালাইজেশান লোহার ব্যাপারে কয়লার ব্যাপারে হয়েছে, কিন্তু তুলোর ব্যাপারে হয়নি, অনেক জিনিসের বা মেটিরিয়ালসের ব্যাপারে হয়নি। নিশ্চয়ই সেগুলি দেখা দরকার এবং আমার দৃঢ় ধারণা আজ যদি আমরা সবাই মিলে চেষ্টা করি, সমস্ত প্রদেশ থেকে স্টেট গভর্নমেণ্ট যদি চেষ্টা করে, যদি পার্লামেণ্টে ডিবেট করে, কিংবা এ্যাসেম্বলী ফ্লোরে ডিবেট শুরু করে তাহলে একটা কিছু সিদ্ধান্তে আসা যায়। আমাদের মাননীয় ফাইনান্স মিনিস্টার বলেছেন বটে কিন্তু কোন ইঙ্গিত দেন নি যে কিভাবে এই স্টেট-সেণ্টার ইকনমিক রিলেশানসিপ সেটাকে রিভাইটা-লাইজ, রিমডেল, রিসেপ করা যায়। এটা প্রয়োজন। আমরা পাট তৈরি করব, সেই পাট গ্রামে তৈরি হবে, সেই পাটে গভর্নমেণ্টের মনোপলি নেই। টু পার্চেজ দিস জুট এবং হ্যাণ্ডফুল অব বিগ জুট মিলস ইচ্ছা করে পাটের দাম কমিয়ে দিয়ে সস্তায় পাট কিনে এক্সপোর্ট করে লাভ করে। এক্সপোর্ট করলে লাভ হয় সেণ্ট্রাল গভর্নমেণ্টের, আর লাভ হয় যিনি টাকা পান রুপি ইকুইভ্যালেণ্টে সেই ইণ্ডাষ্ট্রিয়া-লিস্টের।

[2.00—2-10 P.M.]

চাষী যে আসল জিনিস তৈরি করে সে কিছুই পায় না। কাজেই এই জিনিস-গুলি ভাববার বিষয়। এই বাজেট সেসনে বেশী বলার সময় নেই, কিন্তু আমার

বক্তব্য রইল আপনাদের কাছে যে, সেন্টার-স্টেট রিলেশনসিপ অন ইকনমিক ফ্যাকেয়ার্স মাস্ট বি রিভিউড। দেয়ার ইজ নো ওয়ে আউট টু সেভ দি পিপল অব বেঙ্গল আনলেস্ উই রিভিউ দি হোল পজিশন। প্ল্যানিং কমিশন প্রাইওরিটি ঠিক করেন এবং চিরকালই এটা করছেন। আমার বক্তব্য হচ্ছে আমরা যদি আমাদের প্রাইওরিটি ঠিক করতে না পারি তাহলে দিল্লী থেকে সেটা হবে না। আমরা চাই আমাদের যে শেয়ার অব ট্যাক্সেস্ দেবে, আমাদের যে গ্রান্ট ইন-এইড দেওয়া হবে সেটা আমাদের দিয়ে দিন। আমাদের যখন লাইবালিটি রয়েছে আণ্ডার দি কনস্টিটিউশন টু মেনটেন ল এ্যাণ্ড অর্ডার, টু ডু ডেভেলপমেন্ট ওয়ার্ক টু সার্ভ দি পিপল অব দিস্ স্টেট, তখন আমাদের সেই টাকা দিয়ে দেওয়া হোক যাতে আমরা আমাদের প্রাইওরিটি ঠিক করে সেই অর্থ বিনিয়োগ করতে পারি এবং তারজন্য আমাদের স্বাধীনতা থাকা দরকার। সাটেন্‌লী, আই ওয়ান্ট রিভিউ অব দিস্ একজিশটি সিসটেম। কতটা প্রক্সিমিটি আনা দরকার ফাইনান্স কমিশন এবং প্ল্যানিং কমিশনের মধ্যে সেটা বিবেচ্য বিষয়। কিছু জিনিসের উপর আমরা ট্যাক্স করতে পারি, কিন্তু সারচার্জ এবং অন্যান্য জিনিসের নাম দিয়ে সেই টাকা কেন্দ্রীয় সরকার নিয়ে নিচ্ছে। কাজেই অনেক কিছু চিন্তা করবার বিষয় আছে। এটা শুধু পলিটিক্স-এর ব্যাপার নয়, দেশকে কিভাবে আমরা উন্নত করতে পারি সেই চেষ্টা আমাদের সকলকে করতে হবে। আমি এই প্রসঙ্গে প্রতাপ সিং কায়রনের কথা উল্লেখ করছি। আমরা জানি পাঞ্জাব এবং হরিয়ানায় এমন একটি গ্রামও নেই যেখানে লিঙ্ক রোড বা রাস্তা নেই। সেখানে হায়েস্ট স্ট্যাণ্ডার্ড অব লিভিং, হায়েস্ট কণ্ডিশন অব হেলথ। কিন্তু আমাদের এখানে কি হচ্ছে? দি প্রাইওরিটি ইজ বিয়িং ফিক্সড বাই দি প্ল্যানিং কমিশন ফর রোডস এ্যাণ্ড ইট ইজ নট এ প্রাইওরিটি সেক্টর আট অল। ইলেকট্রিসিটি নিশ্চয়ই দরকার এবং আমি ভেবেছিলাম কোন স্কীম-এর নাম এই বাজেট বক্তৃতায় পাব। কিন্তু আমি সেটা দেখতে পাচ্ছি না। আমরা দেখছি প্রতাপ সিং কায়রন যে কাজ করেছিলেন আমরা তা করতে পারিনি। আমি জানি সি পি এম নেতা জ্যোতির্ময় বসু পার্লামেন্টে বলেছেন রোড-কে প্রাইওরিটি সেক্টরে আনুন। এক্ষেত্রে অবশ্য ইন্টার-স্টেট-এর ব্যাপার রয়েছে যেগুলি প্ল্যানিং কমিশন ঠিক করবেন। কিন্তু যেগুলি পিওরলি ইন্টারন্যাল অ্যাফেয়ার সেখানে আমাদের প্রাইওরিটি ঠিক করতে দেওয়া উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বক্তব্য এখানে বলতে চাই ট্যাক্স সম্বন্ধে। ট্যাক্স উনি করেছেন। আমি এখানে সামান্য কথাই বলব কতগুলো

জিনিস কি রকম হয়েছে। আমার হয়ত বোঝার ভুল হতে পারে। কাজেই আমাকে বুঝিয়ে দেবেন। আমি যা বলতে চাই সেটা হচ্ছে নোটিফায়েড এসেনসিয়াল কমোডিটি। নোটিফায়েড কমোডিটিস এসেনসিয়াল গুডস্ কন্ডার্ড বাই ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাকস্ এ্যাক্ট, ১৯৫৪। সেটাতে এভরি এসেনসিয়াল গুডস্-এ এপ্রিল, ১৯৭৭ সাল পর্যন্ত কোন ট্যাকস্ ছিল না। এপ্রিল, ১৯৭৭-এর পরে হল ১ পারসেন্ট ট্যাকস্। এখন যেটা করা হচ্ছে সেটা দি রেট অব সেলস্ ট্যাকস্ ইভেন অন এসেনসিয়াল কমোডিটি থ্রি পারসেন্ট। কিন্তু ইভেন অন নন-এসেনসিয়াল কমোডিটির মেটেরিয়ালস্ পার্চেজড ইন ওয়েস্ট বেঙ্গল ফর ম্যানুফ্যাকচার অব এভরি কমোডিটিস্ কন্ডার্ড বাই বেঙ্গল সেলস্ ট্যাকস্, এ্যাক্ট, ১৯৪১ নন-এসেনসিয়াল কমোডিটিস-এর উপর ছিল ১ পারসেন্ট আপটু ১৯৭৭। কিন্তু আপটু ১৯৭৭ এসেনসিয়াল কমোডিটিস-এর উপর কোন ট্যাকস্ ছিল না। আফটার ১৯৭৭ ওয়ান পারসেন্ট হয়েছিল। আর নন-এসেনসিয়াল কমোডিটিস আপটু ১৯৭৭ ওয়ান পারসেন্ট ছিল এবং আফটার এপ্রিল, ১৯৭৭ এটা ইনক্রিজ করা হয়েছিল টু পারসেন্ট। কিন্তু এখন করা হচ্ছে এসেনসিয়াল কমোডিটিস থ্রি পারসেন্ট এবং নন-এসেনসিয়াল কমোডিটিস-এর উপরেও থ্রি পারসেন্ট। এসেনসিয়াল কমোডিটিস-এর উপর যদি থ্রি পারসেন্ট হয় তাহলে নন-এসেনসিয়াল কমোডিটিস-এর উপরেও যে থ্রি পারসেন্ট এটা কি বেশী হবে না? অথচ আপনি বলছেন এসেনসিয়াল কমোডিটিস-এর দাম বেশী হবে না। কিন্তু ট্যাকস্ তো সমান হয়ে গেল। এটা কি বিচার আমি বুঝতে পারছি না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট স্পীচে যা বলেছেন আমি তা বুঝতে পারছি না। ইরিগেটেড ল্যাণ্ড-এর উপর এক্সেমশন দেওয়া হচ্ছে ৪ একর পর্যন্ত এবং ৪ একরের বেশী হলে এক্সেমশন দেওয়া হবে না। নন-ইরিগেটেড ল্যাণ্ডের উপর ৬ একর পর্যন্ত এক্সেমশন দেওয়া হচ্ছে এবং তার বেশী হলে আর এক্সেমশন দেওয়া হবে না। এটা ভাল কথা। তাহলে ৪ একরের বেশী হলে হাফ অব দি রেভিনিউ এ্যাজ আপ্ট প্রেজেন্ট। আর নন-ইরিগেটেড ল্যাণ্ডের উপর হাফ অব দি রেভিনিউ অ্যাজ এ্যাট প্রেজেন্ট। গরীব মানুষের উপর ট্যাকস্ করে ইরিগেশন দেওয়া হচ্ছে। তাদের বেলায় যদি হাফ অব দি রেভিনিউ হয় তাহলে সেখানে কিছুই খরচ করা হচ্ছে না, নন-ইরিগেটেড ল্যাণ্ডের উপর সেখানে কেন তাদের চেয়ে কম হবে না। যে সব ইরিগেটেড ল্যাণ্ডে ২ ৩টি ফসল হচ্ছে সেখানে হাফ অব দি রেট, আর যেখানে সম্পূর্ণ বৃষ্টির উপর নির্ভর করে থাকতে হয়, যেখানে সরকারের কোন খরচ নেই, কখনও বৃষ্টি হয়, কখনো হয় না—সেখানেও হাফ অব দি রেট, এটা কি রকম ধরনের ন্যায় বিচার আমি বুঝতে পারছি না। তারপর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা

বলছি, ভাল কথা। কিন্তু আমরা দেখছি এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জের মাধ্যমে প্রার্থী খেতে পায় কি পায় না, তার দরিদ্রতা আছে কি না সেটা জানা যায় না। এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জে কতগুলি নাম পাবেন। এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জ গ্রামে গ্রামে নেই এবং তার ফলে গ্রামের মানুষ এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জে গিয়ে তাদের নাম লেখাতে পারে না।

2-10 — 2-20 P. M.

কিন্তু দারিদ্র পশ্চিমবঙ্গে [illegible] এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জ যদি গ্রামে না থাকে তাহলে কি করে [illegible] পাওয়া যাবে এবং কি করে এমপ্লয়মেন্ট একস্‌চেঞ্জ থেকে জানা যাবে যে, মানুষটা গরীব কি গরীব নয়। [illegible] কি করে আমরা দেখবো যে, গরীব যদি হয় তাহলে সে প্রিসিডেন্স বেশী পাবে। পাওয়ার সম্বন্ধে অবশ্য কোন স্পেসিফিক প্রোগ্রাম নেই, যখন আসবে তখন বলা যাবে। ট্রান্সপোর্ট সম্বন্ধে উনি বলেছেন যে, ট্রাম বাস ইত্যাদি বাড়াবেন এবং রিপেয়ার ইত্যাদি করবেন। তার জন্য খরচ দিতে হবে, কিন্তু তার বাজেট স্পীচে দেখতে পেলাম না বাস বা ট্রাম চলার যে রাস্তা সেই রাস্তাগুলির কি হবে, তার মেন্টিনেন্স কি হবে, তার জন্য আগামী দিনে কি স্টেপ নেওয়া হবে এই বাজেট স্পীচে আমি আশা করেছিলাম তা পাবো। এইজন্য একথা বলছি যে, ট্রান্সপোর্টটা খুব এসেনসিয়াল। তারপর বলেছেন যে, যারা আন-রেজিষ্টার্ড ডিলার তাদের সকলকেই রেজিস্টার্ড করতে হবে। আন-রেজিস্টার্ড ডিলার মানে হচ্ছে স্মল ট্রেডার্স—তাদের বেনিফিট দেবার জন্য, লার্জ ডিলাররা আন-রেজিষ্টার্ড থাকতে পারে না, ওনলি স্মল ডিলার্সরা আন-রেজিষ্টার্ড থাকতো। এখন স্মল ডিলার্সদের যদি রেজিস্টার্ড করা হয় তাহলে পর তারা যে বেনিফিট বা ইনসেনটিভ পেতো সেই ইনসেনটিভ আর পাবে না। কারণ লোকে বড় রেজিস্টার্ড ডিলার্সদের কাছে যাবে, গিয়ে তাদের কাছ থেকে তার মাল নেবে। ছোট ব্যবসায়ী ঐ হাওড়া, কুমারটুলি, মেটিয়াবুরুজ ইত্যাদি জায়গায় গিয়ে দেখবেন আন-রেজিষ্টার্ড ডিলার্স যারা ছোট ছোট বস্তির মধ্যে ছোট ঘরের মধ্যে কাজ করে তারা কোন ইনসেনটিভ পাবে না। এটা তাদের বিরুদ্ধেই যাচ্ছে। তারপর এখানে চায়ের উপর দাম বাড়ছে, কিন্তু বিয়ারের উপর দাম বাড়ছে না। চায়ের উপর দাম বাড়ছে যে চা আমাদের দেশে, অন্তত পশ্চিমবঙ্গের মানুষের জল ছাড়া একমাত্র পানীয় সেই চা-র উপর ট্যাক্স বসাচ্ছেন। কলকাতায় আছে, শিলিগুড়িতে একটা নূতন গ্রোথ সেন্টার গড়ে উঠছে, সেখানে যদি ট্যাকস্ বসান হয় তাহলে গ্রোথ সেন্টার উইল সাফার—দেয়ার ইজ নে ডাউট এবাউট ইট, ড্রিঙ্ক সম্বন্ধে

বলেছেন, ড্রিঙ্ক সম্বন্ধে আমাদের প্রধানমন্ত্রী মুরারজী দেশাই বলেছেন, চার বৎসরের মধ্যে সব এ্যাভোলিশন হয়ে যাবে, প্রহিবিশন হবে, সুতরাং আমি ফরেন লুইস্কি ও ইণ্ডিয়ান মেড ফরেন লিকার বুঝি না, আমি সকলের উপরেই ট্যাকস বসাবো, কিন্তু বিয়ারকে তিনি ছেড়ে দিলেন। এর আমি কোন যৌক্তিকতা দেখি না। যদি বসাতেই হয় ট্যাকস্ তাহলে সকলের উপরেই বসান, আর যদি না বসাতে হয় তাহলে কারো উপরেই বসাবেন না। তার কারণ আমাদের এখানে মাত্র দুটি ইণ্ডাষ্ট্রি আছে, একটা হল কল্যাণীতে, আর একটা হল আসানসোলের কাছে আমি যতদূর জানি। বাংলাদেশে এইসব ট্যাকস বসানর জন্য স্মাগলি-এর রেট কি হারে বেড়েছে তা কলকাতায় বসে বোঝা যাবে না, সেখানে স্মাগলি বিয়ারে কমেছে। এর ফলে ইণ্ডাষ্ট্রিস সাফার করবে। এখানে মাত্র দুটি ইণ্ডাষ্ট্রিস আছে, এছাড়া থার্ড ইণ্ডাষ্ট্রিস আজ পর্যন্ত হতে পারেনি। স্মাগলিং মহারাষ্ট্রের কমেছে, সেখান থেকে স্মাগলি হবে। এর দ্বারা স্মাগলিকেই এনকারেজ করা হবে। আপনি ফিল্মের উপর বলেছেন যে, কালার্ড ফিল্ম তার উপর আমি ট্যাকস বসাব। আমি বুঝতে পারি না যদি তাই বসান তাহলে আবার কালার্ড ফিল্মের জন্য এ্যারেটরি করার কি প্রয়োজন আছে?

মোটর ভিহিকলসের কথা উনি বলেছেন যে, মোটর ভিহিকলস পার্টসের ক্ষেত্রে কিছু রিডাক্শন করেছেন, থ্রী পারসেন্ট করেছেন, স্পীচের মধ্যে বলেছেন। মোটর পার্টস কত কেনে? যে এসেনসিয়াল জিনিসের কথা বলেছেন—ডিজেল অয়েল এর আদার অয়েল, পাম্প সেট এই সমস্ত জিনিস যা লাগে তার কি করেছেন? অয়েল কত খরচ হয় ট্রাকে, বাসে, লরীতে? এই অয়েল কত খরচ হয় ছোট ছোট কারখানাতে, মেশিনে, সেই অয়েলের দাম বাড়ান হয়েছে। অর্থাৎ কিনা দরিদ্র মানুষ যারা ছোট ছোট কুটিরশিল্পে কাজ করে, ঘরে বসে কাজ করে, তাদের উপর তো করের বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। তাদের কাছ থেকে, ট্রাক ড্রাইভার, বাস ড্রাইভারের কাছ থেকে ছাড়া আর কারও কাছ থেকে তো আদায় করবেন না। আর একটা জিনিস আমি বাজেট স্পীচের মধ্যে অদ্ভুত দেখতে পাচ্ছি। সেটা হল—রিভাইজ্‌ড বাজেট প্রেজেন্টেড ইন মার্চ, তাতে ডেফিসিট হল ৬ কোটি ৯৩ লক্ষ টাকা, খুব বক্তৃতা দেওয়া হল, জাল-জোচ্চুরি ইত্যাদি বলা হল, তারপরে জুন মাসে বললেন ৭৬ কোটি ডেফিসিট, তারপরে এবারে বললেন ৬ কোটি টাকা ডেফিসিট, তাহলে আমরা কি দোষ করেছি? আপনাদের যে ফিগার দিচ্ছে, আমাদেরও তো সেই একই লোক ফিগার দিয়েছে। আমাদের দোষ

দিচ্ছেন, কত পলিটিকিং হয়েছে। তিনি তো চীফ ইকনমিক এ্যাড্‌ভাইজার, গভর্নমেন্ট অব ইণ্ডিয়া, যে এ্যাড্‌ভার্টাইজ হয়েছে, অন্ততঃ আমার বাড়ীর দেওয়ালে হয়েছে, এতে দেখবেন ফোর্টি নাইন ক্রোরস্ সেভেন্টি সেভেন লাক্‌স, ফোর্টি থাউজেণ্ড ডেফিসিট বাজেট, will it not cause inflation ? I am asking everybody, will it not cause inflation in these state of affairs ? যখন আমাদের দেশে ঘিয়ের দর বাড়ে, অন্যান্য জিনিসপত্রের দর বাড়ে, শাক-সব্জীর দর বাড়ে, কটনের দাম বাড়ে তখন কেন্দ্রকে দোষ দেওয়া হবে কেন ? তার ওপর এখানে ফোর্টি নাইন ক্রোরস্ সেভেন্টিসেভেন লাক্‌স ফোর্টি থাউজেণ্ড ডেফিসিট বাজেট। এই ডেফিসিট কোথা থেকে মীট করা হবে, যদি তার কোন প্রোগ্রাম দেখতে পেতাম, যদি বুঝতাম যে, এতে করে ইমিডিয়েট রেজাল্ট পাওয়া যাবে, ইমিডিয়েট বেনিফিট পাওয়া যাবে, তাহলেও বুঝতাম। যদি বুঝতে পারতাম ছোট ছোট এগ্রিকাল্‌চার যারা করে, যারা কটেজ ইণ্ডাষ্ট্রী করে, তাতে সেই টাকা রোল করবে, সেল্‌স ট্যাক্‌স থেকে অনেক টাকা আসবে, তাহলেও হতো. কিন্তু সে রকম কোন জিনিস দেখতে পাইনি, সেজন্য দুঃখিত হয়েছি।

আমি আর একটা জিনিস বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করব। সেটা হল—জনসংখ্যা সম্বন্ধে আমাদের অর্থমন্ত্রী বলেছেন, খাবার বাড়ছে, শস্য বাড়ছে। বাড়ছে এটা ঠিক, কিন্তু জনসংখ্যার অনুপাতে সেটা বাড়বে কি না জানি না। আমি দেখলাম স্টেট্‌সম্যান, টুয়েন্টি আগস্ট, সেভেন্টিসেভেন, তাতে লিখেছে, স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে, গত বছর যা হয়েছিল তা থেকে এবারে অনেক কম স্টেরিলাইজেশন, ফ্যামিলি প্ল্যানিং অপারেশন কম হয়েছে, বোধ হয় ওয়ান এইট্‌থ ভাগ হয়েছে। কারণ কি ? কারণ তিনি বলেছেন : minister said that the Government had paid no incentive money since April and the cases registered since then were voluntary ones. আমি আপনার কাছে প্রশ্ন করি, আজকে ১৫০ টাকা ব্যয় বন্ধ করেন তো ভবিষ্যতে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা ব্যয় করতে হবে প্রতিটি মানুষের জন্য যারা এই স্টেরিলাইজেশন করেনি। এটা কোন অর্থনীতির কথা নয়, কোন উচ্চ স্তরের কথা নয়, এটা সাধারণ বক্তব্য। জনসংখ্যা তো চায়নাতে কণ্ট্রোল করেছে। আমাদের এখানে ১৫০ টাকা বাঁচাচ্ছেন, কিন্তু যে সন্তান হচ্ছে, তাকে খাওয়াতে হবে, পরাতে হবে, দুধ দিতে হবে, হাসপাতাল করতে হবে, চাকুরির সংস্থান করতে হবে, সমস্ত দায়িত্ব নিতে হবে এবং সরকারকে সমস্ত করতে হবে। এটা আমি মনে করি খুব দরকার যে

সেন্টার-স্টেট রিলেসান্স ফাইন্যানসিয়াল ম্যাটার নিয়ে আলোচনা। আমার শেষ বক্তব্য সেন্টার-স্টেট ফাইন্যানসিয়াল রিলেসান্স যেটা আছে সেই সম্পর্কে ডিবেট একদিন অন্তত এই হাউসে হক যদি পালামেন্টেও না হয়। আমি অনুরোধ করি এই বিষয়ে পার্লামেন্টে আলোচনার জন্য। সেখানে এই নিয়ে আলোচনা হলে সবাই ওয়াকিবহাল থাকতে পারেন এবং প্রত্যেক প্রদেশই তার বক্তব্য রাখতে পারেন। সে বক্তব্য রাখতে পারলে পরিবর্তন যেটা প্রয়োজন হয়ে পড়েছে সেইটার পরিবর্তন হবেই হবে এবং এই গ্যাডগিল ফরমূলার অবসান হবে।

[2-20—2-50 P. M.] (Including Adjournment)

মিঃ স্পীকার ঃ সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বিধানসভার চলতি অধিবেশনকালে সদস্যদের ফটো সহ নতুন পরিচয়পত্র দেওয়া হইবে। তদনুযায়ী বিধানসভা ভবনের দোতলায় ৪১ নং ঘরের পার্শ্বকক্ষে সদস্যদের ফটো তুলিবার ব্যবস্থা করা হইয়াছে।

সদস্যদের অনুরোধ করা যাইতেছে এই উদ্দেশ্যে তাঁহারা যেন শনিবার ও ছুটির দিন ব্যতীত যে-কোন দিনে কর্তব্যরত ফটোগ্রাফারদের সংগে দুপুর ১২ টা হইতে বিকেল ৪টার মধ্যে যোগাযোগ করেন।

শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য ঃ ফটো কি বিনা পয়সায় তোলা হবে, না পয়সা দিতে হবে ?

মিঃ স্পীকার ঃ এটা সরকারী পয়সায় করে দেওয়া হচ্ছে পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে।

(After Adjournment)

শ্রীলক্ষ্মীচরণ সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ মিত্র কর্তৃক উত্থাপিত যে বাজেট সেই বাজেট, প্রসঙ্গে এতক্ষণ যে আলোচনা হয়েছে, বিরোধী দলের দুইজন সদস্য যে বক্তব্য রেখেছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। কংগ্রেস দলের মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন তা শুনে আমার মনে হয়েছে এবং আমার ধারণা যে, বিগত লোকসভা নির্বাচন এবং বিধানসভা নির্বাচন থেকে তাঁরা কোন শিক্ষা গ্রহণ করতে পারেন নি এবং এখনও তাঁরা বিধানসভার সদস্যদের এবং পশ্চিমবাংলার জনগণকে বিভ্রান্ত করার

প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমি বলতে চাই যে, বাজেট প্রস্তাব কেবল মাত্র একটি রাজ্যের আয় ও ব্যয়ের হিসাব নয়। এই সরকারের কি দৃষ্টিভঙ্গি, কি মনোভাব, বাজেট হচ্ছে তারই প্রতিচ্ছবি। বামফ্রন্ট সরকার ভবিষ্যতে কি করতে চান সুস্পষ্টভাবে এই বাজেটের মাধ্যমে উত্থাপন করা হয়েছে। কংগ্রেস দল বিগত ৩০ বছর ধরে যে নীতি অনুসরণ করেছেন তারই ফলে দেশের আজ এই অবস্থা—কি শিল্পের ক্ষেত্রে কি কৃষির ক্ষেত্রে। ভয়াবহ বেকারী, ক্রমবর্ধমান দ্রব্যমূল্য বৃদ্ধি। কংগ্রেস দলের অনুসৃত নীতির পরিণতিতে আজকে দেশের জনগণ এক কঠিন অবস্থার সম্মুখীন। দেশ সুগভীর অর্থ নৈতিক সঙ্কটে জর্জরিত। বামপন্থী সরকারের দৃষ্টিভঙ্গি এবং নীতি হচ্ছে কংগ্রেস অনুসৃত নীতির সম্পূর্ণ বিপরীত। কংগ্রেস সরকারের নীতি ছিল একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করা, জমিদার জোতদারদের স্বার্থ রক্ষা করা এবং তারই ফলে দেশের অগণিত জনসাধারণের জীবনে দুঃখকষ্ট এবং দারিদ্র্যতা নেমে এসেছে। বামফ্রন্ট সরকারের নীতি এবং দৃষ্টিভঙ্গি হোল যুগ যুগ ধরে যে অগণিত মানুষ শোষিত ও লাঞ্ছিত হয়েছে তাদের সবাইয়ের অনুকূলে থেকে এই বাজেট প্রস্তাবে সেই নীতি ও দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে। কংগ্রেসের যে নীতি সেই নীতির উপর দাঁড়িয়ে তারা যে এই বাজেট প্রস্তাবকে প্রশংসা করবে এটা আমরা আশা করতে পারি না।

[2-50—3-00 P.M.]

কারণ, তারা সেই পুরানো নীতিতেই দাঁড়িয়ে আছেন, কোন শিক্ষাই তারা গ্রহণ করতে পারেন নি। মূল কথা হচ্ছে এই যে, সম্পদ সৃষ্টি এবং তার বন্টনের প্রশ্নে যেই বঞ্চিত, শোষিত বা লাঞ্ছিত যে জনগণ, সেই জনগণকে কতটা সুবিধা আমরা দিতে পারছি। সাধারণ মানুষ সম্মানের সঙ্গে, গর্বের সঙ্গে মাথা উঁচু করে যাতে দাঁড়াতে পারে এই লক্ষ্য নিয়ে এই বাজেট রচনা করা হয়েছে এবং এখানে উত্থাপন করা হয়েছে। আমরা জানি যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে, সীমিত ক্ষমতা নিয়ে ভাঙ্গা বন্ধে বামপন্থী সরকার অগ্রসর হবার চেষ্টা করছেন। কংগ্রেস দলের অপশাসনে জনগণের জীবনে, সমাজ জীবনে যে পর্বত প্রমাণ সমস্যার সৃষ্টি হয়েছে তার মোকাবিলা করে নতুন সুখী ও সমৃদ্ধশালী সমাজ গঠন করা নিশ্চয় সুকঠিন কাজ, কিন্তু এই কাজ আমাদের করে যেতে হবে দৃঢ়তার সঙ্গে, স্বভাবতঃই সময় লাগবে। আমি দৃঢ়ভাবে মনে করি এই কাজ খুবই কঠিন। আমাদের সামনে যে মূল সমস্যা, সেই মূল সমস্যার দিকে যদি দৃষ্টি দেওয়া না হয়, তাকে যদি

[illegible] যাবার চেষ্টা করা হয় বা এড়িয়ে গিয়ে বক্তব্য রাখার চেষ্টা করা হয় তাহলে সমস্যা সমাধান তো দূরের কথা তা হবে মানুষকে বিভ্রান্ত করার অপচেষ্টা। কৃষি ও কৃষকের সমস্যাই হল আমাদের দেশের জীবনে প্রাথমিক গুরুত্বপূর্ণ সমস্যা এবং জাতীয় জীবনের সর্বপ্রধান সমস্যা। তাই কৃষিতে যদি উল্লেখযোগ্য অগ্রগতি ঘটাতে পারি এবং দেশের জনগণের জন্য পর্যাপ্ত খাদ্য এবং শিল্পের জন্য পর্যাপ্ত পরিমাণে [illegible] সংস্থান যদি করতে পারি তাহলে বঞ্চিত, লাঞ্ছিত কৃষক সমাজের উন্নতি [illegible] পারে। কৃষির উন্নতির জন্য সবচেয়ে প্রথম প্রয়োজন হল সার এবং তার সঙ্গে অন্যান্য উপকরণ। কিন্তু জমি বঞ্চিত ও দারিদ্র পীড়িত কৃষক সমাজের ক্রয় ক্ষমতা পর্যন্ত নেই। ৩০ বছর কংগ্রেসী শাসনের ফলে দেশের কৃষক সমাজ আজকে [illegible] অবস্থায় এসে দাঁড়িয়েছে। দেশের শতকরা ৮০ ভাগ মানুষ শিল্পজাত দ্রব্যের [illegible] পরিমাণও ক্রয় করতে পারছে না, তার অক্ষম। কংগ্রেসের অপশাসনের [illegible] আজ এই অবস্থা হয়েছে। আজকে শ্রমিক শ্রেণী উন্নতি করতে পারে নি। [illegible] আজকে শত সহস্র দরিদ্র মানুষ গ্রামাঞ্চল পরিত্যাগ করে শ্রমের বাজারে [illegible] করেছে। তার শহরে আসতে বাধ্য হচ্ছে। [illegible] শ্রমের দাম দিনের পর [illegible] কমে যাচ্ছে। আমরা পারি না সাংস্কৃতিক পশ্চাদপদ অবস্থা দ্রুত কাটিয়ে [illegible] কেন না দেশের সংখ্যাগরিষ্ঠ অংশ দরিদ্র কৃষক, তারা তাদের [illegible]-সন্ততিদের শিক্ষা দিতে অক্ষম। সরকার তথ্যে প্রমাণ করেছে গ্রামের [illegible] পরিবারের মধ্যে শতকরা ৫০ ভাগের আদৌ কোন জমি নেই, থাকলেও খুবই [illegible]। যারা কৃষি শ্রমিক, ক্ষেত মজুর। আর ১০ ভাগ মানুষ, যাদের সামান্য [illegible] আছে, কিন্তু তাতেও তাদের বছরের খাবার হয় না। আর [illegible] ভাগ মানুষের [illegible] প্রায় ৪০ ভাগ জমি কেন্দ্রীভূত হয়ে রয়েছে। এই যদি দেশের অবস্থা হয় [illegible] লাভের ৩০ বছর পরে তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে গভীর [illegible] চিন্তা করতে হবে। ৩০ বছর পর্যন্ত কংগ্রেস দল যে এই নীতি অনুসরণ [illegible] তারই অনিবার্য পরিণতি হিসাবে এই অবস্থার সৃষ্টি হয়েছে। [illegible] কারণেই কৃষি সমস্যা সর্বপ্রধান জাতীয় সমস্যা। কাজেই এই সমস্যা [illegible] গিয়ে দেশের কল্যাণের কথা চিন্তা করা বা জনগণের কল্যাণের কথা [illegible] করা কি করে সম্ভব? এই অবস্থা বহাল থাকলে দেশের অগ্রগতি কি [illegible] সম্ভব হতে পারে? দেশের অগ্রগতির কথা ভাবাও যায় না, যদি না মূল [illegible] দিকে দৃষ্টি দিতে পারি। প্রয়োজন রাষ্ট্র ব্যবস্থার পরিবর্তন, সমাজ [illegible] পরিবর্তন। সর্বপ্রধান সমস্যার সমাধান এইভাবে করতে হবে। আমাদের [illegible] বলেছেন, রাষ্ট্র ব্যবস্থার পরিবর্তন, সমাজ ব্যবস্থার পরিবর্তনের সংগে এই

মূল সমস্যা সমাধানের প্রশ্ন যুক্ত। বামফ্রন্ট সরকার, আমাদের দল নিরলসভাবে চেষ্টা করে যাচ্ছে, প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে করে এই সমাজ ব্যবস্থার পরিবর্তন আমরা করতে পারি। কাজেই এই হচ্ছে মূল কথা—এই মূল কথা মনে রেখে আমাদের, পশ্চিমবাংলার উন্নয়নের কথাই বলুন, আর সমগ্র ভারতবর্ষের উন্নয়নের কথাই বলুন, দেশের জনসাধারণের কল্যাণের কথাই বলুন—এই মূল সমস্যার প্রতি দৃষ্টি রেখে আমাদের সমস্ত কাজেও বক্তব্য রাখার চেষ্টা করা উচিত। এইবার বাজেট সম্পর্কে দু'-একটি কথা বলতে চাই। মার্চ মাসে এখানে যখন ভোট অন এ্যাকাউন্ট পেশ করা হয় তখন ক্ষমতায় কংগ্রেস দল ছিলেন। তাঁরা তখন জানতেন যে, তাঁদের দিন সীমিত। মাত্র কিছুদিন তাঁরা ক্ষমতায় থাকতে পারবেন, এই কথা বুঝতে পেরেই তাঁরা ভোট অন এ্যাকাউন্ট করেছিলেন। তখন তারা পূর্ণাংগ বাজেট পেশ করেননি।

আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্যে এটা আছে যে, তখন দেখানো হয়েছিল ৭ কোটি টাকা মাত্র ঘাটতি। আমরা যখন এখানে জুন মাসে ভোট অন এ্যাকাউন্ট বাজেট পেশ করি তখন যেটুকু হিসাব পাওয়া গিয়েছিল তাতে দেখা গিয়েছিল ৪১ কোটি টাকা হচ্ছে সেই ঘাটতি এবং তারপরে যখন পূর্ণাংগ রিপোর্ট পাওয়া গেল দেখা গেল আসলে ঘাটতি হচ্ছে ৫৬ কোটি টাকা। কংগ্রেসী সদস্যরা এই প্রসঙ্গে কিন্তু একটি কথাও বললেন না। ওরা সমস্ত ভুল তথ্য এখানে প্রকাশ করেছিলেন। আসলে ৫৬ কোটি টাকার ঘাটতি ছিল এবং সেই প্রারম্ভিক ঘাটতি নিয়ে আমাদের যাত্রা শুরু করতে হয়েছে। এই ঘটনা আজকে আর অস্বীকার করা যায় না। কিন্তু কংগ্রেসী সদস্যরা সেই সব ঘটনা চেপে গিয়ে অন্য সব কথা এখানে বলবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো দেখুন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, কংগ্রেস দল ১৯৭৬-৭৭ সালে ৪১ কোটি টাকা অননুমোদিত ব্যয় করে গিয়েছেন। কিন্তু এ সম্বন্ধে কোন কৈফিয়ত দেবার প্রয়োজন আছে বলে তাঁরা মনে করেননি, যেটা তাঁদের দেওয়া উচিত ছিল কেন তাঁরা এই ৪১ কোটি টাকা অননুমোদিত ব্যয় করলেন? শুধু তাই নয়, কংগ্রেস দল ২১শে মার্চ থেকে ৩০শে এপ্রিলের মধ্যে ৫০ কোটি টাকা ব্যয় করার একটা সিদ্ধান্ত নিয়ে রাইটার্স বিল্ডিংস পরিত্যাগ করে চলে গেলেন। তাঁরা এটা ইচ্ছা করে উদ্দেশ্যমূলক ভাবেই করলেন। পরবর্তী কালে সরকারে যারা আসবেন তাঁরা যাতে এই বিপুল ব্যয়ভার বহন করতে বাধ্য হন। স্যার, এই রকম একটা অপরাধমূলক কাজ কোনমতেই সমর্থনযোগ্য নয়। কিন্তু এইসব কাজ তাঁরা করে গেলেন। আজকে বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী পর্যালোচনা করে বলেছেন, এর মধ্যে ৩৭ কোটি টাকার

বারভার বামফ্রন্ট সরকারকে গ্রহণ করতে হবে। কাজেই বর্তমান বছরের এই যে ঘাটতি এই ঘাটতি নিয়েই আমাদের কাজ শুরু করতে হয়েছে এটা প্রথমেই বোঝা দরকার। তারপর মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, ১৩১ কোটি টাকার মূল টতি ছিল সেটা কমিয়ে এনে এখন ৪৯ কোটি ৭০ লক্ষ টাকাতে দাঁড় করানো হয়ে । কংগ্রেস সরকার যে ঘাটতি রেখে গিয়েছে সেই দায়ভার নিয়েই এই ট সরকারকে কাজ শুরু করতে হয়েছে। তবে ঘাটতি কমানোর ব্যবস্থাও । যেমন একদিকে বাৎসরিক পরিকল্পনার খাতে ৬ কোটি টাকা ব্যয় বৃদ্ধি করা , তেমনি পুলিশ খাতে ৪ কোটি টাকা ব্যয় কমানো হয়েছে। আর চেষ্টা করা হচ্ছে ব্যবস্থার মধ্যেও অন্যান্য খাতে যে খরচ সেই খরচ কমিয়ে জনগণের কল্যাণের জন্য কিছু কাজ করার। তারপর রাজস্ব, সেচকর, কৃষিকর, কয়লাখনির রয়্যালটি ইত্যাদি বাবদ বকেয়া পাওনা ২৭ কোটি টাকা, এই টাকা আদায় করে পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে ব্যয় করার চেষ্টা করা হচ্ছে। তা ছাড়া আয়করের ভাগ হিসাবে ১২ কোটি টাকা সেটা যাতে আদায় করা যায় সে চেষ্টা করা হবে। বিক্রয়কর ও গ্রন্থশুল্ক বাড়িয়ে আরো ৩ কোটি টাকা আসতে পারে, সে প্রস্তাবও করা হয়েছে। কেন্দ্রের বিভিন্ন মন্ত্রণালয়ের কাছে যে ৯ কোটি টাকা পাওনা আছে সেটাও আদায় করার চেষ্টা করা হবে। এই ভাবে বামফ্রন্ট সরকার ঘাটতি কমিয়ে যে টাকা পাওয়া যাবে তা দিয়ে পশ্চিমবঙ্গের জনগণের কল্যাণকর কাজ যাতে করা যায় তারজন্য চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লাখনির জমি বাবদ রয়্যালটির যে হার সেটা সংশোধন করে ৫৭ কোটি টাকা পাওয়া যাবে। প্রস্তাবে বলা হয়েছে ঘাটতি কমিয়ে পশ্চিমবাংলার অগ্রগতির জন্য সেই টাকা যাতে ব্যয় করা যায় সে চেষ্টা করা যাবে। এই ভাবে ঘাটতি কমাবার একটা প্রচেষ্টা করা হয়েছে।

3.00—3.10 P.M.]

কিছু কিছু বক্তব্য এসেছে ট্যাক্স বৃদ্ধি সম্পর্কে। দু'জনের বক্তব্য শুনেছি। কংগ্রেস সদস্যদের বক্তব্যও শুনেছি। কিন্তু আমি বলতে চাই যে, মাদক দ্রব্যের উপর ট্যাক্স বৃদ্ধির ফলে যদি কংগ্রেস সদস্যরা অসুবিধা ভোগ করে থাকেন তাহলে নিরুপায়। এটাতে আপনাদের অসুবিধা হতে পারে আমরা বুঝি কিন্তু উপায় নেই, এটা আমাদের করতে হবে। দেশের কল্যাণের জন্য, জনসাধারণের কল্যাণের জন্য এটা আমাদের করতে হবে। এই মাদক দ্রব্যের উপর যে ট্যাক্স বাড়ান হয়েছে সেটা যথ ঠিকই করা হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। ৫০ হাজার টাকার বেশী মূল্যের যে সম্পদ হস্তান্তর করার জন্য যে স্ট্যাম্প ডিউটি লাগবে সেটা বৃদ্ধি করার

প্রস্তাব করা হয়েছে। কংগ্রেস সদস্যরা বোঝেন যে, ৫০ হাজার টাকার বেশী মূল্যের যে সম্পত্তি তা হস্তান্তর করার ব্যাপারে যদি স্ট্যাম্প ডিউটি বাড়ে তাহলে সাধারণ মানুষের স্বার্থে আঘাত করে না। কংগ্রেস সদস্যরা তার জন্য উষ্মা প্রকাশ করার কারণ দেখতে পারেন। কিন্তু পশ্চিম বাংলার শোষিত,, বঞ্চিত জনসাধারণ যারা যুগ যুগ ধরে কংগ্রেসের শোষণে নিপীড়িত, অত্যাচারিত তাদের অসন্তুষ্ট হওয়ার কোন কারণ নেই, তারা যে সন্তুষ্টই হবেন তাতে কোন সন্দেহ নেই কাজেই এই বাজেট প্রস্তাবে আতংকিত হবার কোন কারণ নেই, অন্ততঃ আমার ত মনে হয় না। বরং বামফ্রন্ট যে দৃষ্টিভঙ্গি, যে মনোভাব নির্বাচনের সময় পশ্চিম বাংলার জনগণের সামনে রেখেছিলেন এবং যে মনোভাব, যে দৃষ্টিভঙ্গি বিচার করে পশ্চিমবাংলার জনগণ মতামত দিয়েছেন এবং কংগ্রেস দলকে সাইজ মত ছাটকাট করে বিধানসভায় এনে উপস্থিত করেছেন, সেই জনগণের সামনে আমরা একথা বলতে চাই যে, তাদের মতামতের মর্যাদা দিয়েই এই বাজেট তৈরি হয়েছে এবং সেই দিকে নজর রেখে আমরা কাজ করার চেষ্টা করছি। যে সমস্ত ভুল কথা বলা হচ্ছে তা সংশোধন করার দরকার আছে। দরকার আছে যদি দেশের কল্যাণ করতে হয়। যদি জনসাধারণের স্বার্থে কাজ করতে হয় তাহলে মূল বিষয়ে যেতে হবে। উৎপাদন বাড়লেই যে দ্রব্যমূল্য কমে না এটা বুঝতে হবে। একটা নীতি— কোন্ শ্রেণীর স্বার্থে সেই নীতি অনুসৃত হচ্ছে, কারা লাভবান হচ্ছে সেই নীতির মাধ্যমে সেটাই হচ্ছে আসল ব্যাপার, এটাই বিচার্য বিষয়। দু' একটি উদাহরণ দিচ্ছি। হোলসেল প্রাইস ইনডেক্স ১৯৭০-৭১ সালে ১০০ ধরে নিয়ে যদি অগ্রসর হই দেখা যাবে ১৯৭৪ সালের সেপটেম্বর মাসের ২৮ শে যে সপ্তাহ শেষ হচ্ছে তখন ইনডেক্স নম্বর ছিল ১৮৩.৪। তারপর দ্রব্যমূল্য কিছুটা কমতে শুরু করে এবং ১৯৭৬ সালের ২০শে মার্চ যে সপ্তাহ শেষ হয় তখন কমে সেই ইনডেক্স নাম্বার হয় ১৬২.২, অর্থাৎ ১৮ মাসে ১১.৬ পারসেন্ট কমেছিল। তারপর জিনিস-পত্রের দাম বাড়তে শুরু করে। কি দাঁড়াল? ৬ মাস বাদে যে সপ্তাহ শেষ হল সেই ১৮ই সেপটেম্বর ১৯৭৬ সাল, তখন প্রাইস ইনডেক্স বেড়ে দাঁড়াল ১৮০। অর্থাৎ ৬ মাসে ১১ পারসেন্ট জিনিসপত্রের দাম বেড়ে গেল। তারপর দেখুন মার্চ মাসে ১৯৭৭ সালে ১৮১, ৫ই এপ্রিলে ১৮৪, ৭ই মে-তে ১৮৬, ৯ই জুন মাসে ১৮৭.৭। কেন হল এটা বুঝতে হবে। এই ঘটনা ঘটেছে ১৯৭৬-৭৭ সালের রেকর্ড উৎপাদনের পটভূমিতে। ১৯৭৭-৭৬ সালে কৃষিতে ১৫ পারসেন্ট বেশী প্রোডাকশান হয়েছে। ১৯৭৬ সালে রাইস প্রোডাকশান ২০ পারসেন্ট বেশী ছিল। হুইট প্রোডাকশান ১৭.৬ পারসেন্ট বেশী ছিল, মাইজা ২৬.৬ পারসেন্ট বেশী ছিল, বজরা ৭৫.২

পারসেন্ট বেশী ছিল, গ্রাউণ্ড নাট ৩৬'৮ বেশী ছিল। সুগার ক্যান-এর উৎপাদন এর প্রায় সমান ছিল। উৎপাদন জোয়ারে কম ছিল, রেপসীড ও মাস্টারড-ও কম ছিল, কটনে সামান্য কম ছিল। কৃষিজাত জিনিসের উৎপাদন বাড়া সত্ত্বেও, কিন্তু জিনিষপত্রের দাম বেড়েছে। কেন বাড়লো? উৎপাদন তো বেড়েছিল, শুধু কৃষি-জাত দ্রব্য নয়। আপনারা তিন বছরের এ্যাভারেজ ধরলে অর্থাৎ ১৯৫৯ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত যদি এ্যাভারেজ ১০০ ধরেন তাহলে ১৯৭৪-৭৫ সালে এ্যাভারেজ উৎপাদন ছিল ১২৮'৬, ১৯৭৫-৭৬ সালে ১৪৮'৬ never these prices have been on the rise. কেন হলো, উৎপাদন তো বেড়েছিল। শুধু কৃষি-জাত দ্রব্য নয়—চালের কথা বলি, ১৯৭৫-৭৬ সালে খাদ্যশস্য উৎপাদন হয়েছিল অল টাইম রেকর্ড, ১২০.৩০ মিলিয়ন টন। ডিউরিং ১৯৭৫ ১২.৭৩ মিলিয়ন টন প্রক্রিয়োর করা হয়েছিল, তার মধ্যে ৯'২৭ মিলিয়ন টন, পাবলিক ডিস্ট্রিবিউশন ব্যবস্থা মারফৎ দেওয়া হয়েছিল। ৩.৫ মিলিয়ন টন এ্যাড হয়েছিল স্টকে। ৬.৫২ মিলিয়ন টন ইম্পোর্ট করা হয়েছিল এবং ১৯৭৬ সালের অক্টোবরে স্টকে ছিল ১৭.১ মিলিয়ন টন। ১৯৭৬-৭৭ সালে আজ ২৩ মিলিয়ন টন খাদ্যশস্য মজুত আছে বাফার স্টকে, সুতরাং কেন চালের দাম বেড়েছে? কেন রেশনে দাম বাড়ছে, কিন্তু পরিমাণ বাড়ছে না? সমস্ত ভারতবর্ষের এই চিত্র। উৎপাদন বাড়লো, বাফার স্টক বাড়লো, অথচ খাদ্যশস্য মানুষের ভাগ্যে জুটলো না, উৎপাদন তো বেড়েছে, কেন হলো না? এছাড়া যদি বলেন, ফার্টিলাইজার, ষ্টীল, কোল, ইঞ্জিনীয়ারিং গুডস, কেমিক্যালস, সিমেন্ট, পেপার, টেক্সটাইল গুডস্—পাইলিং আপ হচ্ছে একদিকে, অপরদিকে জিনিসপত্রের দামও বাড়ছে। কেন জিনিসপত্রের দাম কমছে না? কাজেই উৎপাদন বাড়লেই যে জিনিসপত্রের দাম কমবে, এটা কোন থিয়োরী নয়, এটা কোন বক্তব্য নয়। এবং বাস্তবের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। কারণ শ্রমিক, কৃষক ও সাধারণ মানুষ পরিশ্রম করে, তারা উৎপাদন বাড়িয়েছে, আর সেই সমস্ত সম্পদের মালিকানা গিয়েছে বাক্তি গোষ্ঠীর হাতে, লাভবান হয়েছে তারা, যাদের স্বার্থে কংগ্রেস তার নীতি অনুসরণ করেছিল বিগত ৩০ বছর ধরে। এই ঘটনাকে অস্বীকার করার কোন উপায় নেই। আমি একটা গুরুত্বপূর্ণ কথা বলবো, কটন টেক্সটাইলের উৎপাদন বেড়েছিল, তা সত্ত্বেও দাম বেড়েছে ৮২ পার্সেন্ট। কি করে বাড়লো? উৎপাদন বাড়লো, কিন্তু দাম তো কমলো না। কাজেই মূল কথা হচ্ছে, নীতি কি? কিভাবে সম্পদ সংগ্রহ হচ্ছে? বণ্টন কি ভাবে হবে? ব্যক্তিগত মুনাফা অর্জনের ব্যবস্থা যদি থাকে তাহলে স্বভাবতঃই উৎপাদন বাড়লে তাতে লাভবান হওয়া যায় না, এই কথা আমরা জানি। একটা ঘটনার কথা বলা যাক,

আপনারা আজ ট্যাক্সের কথা বলেছেন এবং ভুল তথ্য দিচ্ছেন। ১৯৬৯-৭০ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল এই কবছরে প্রত্যক্ষ ট্যাক্স বেড়েছে ৯৬৩ কোটি টাকা এবং পরোক্ষ কর বেড়েছে ৫ হাজার ৩১২ কোটি টাকা। অর্থাৎ গড়ে প্রতি বছর প্রত্যক্ষ কর যেখানে বেড়েছে ১৩৮ কোটি টাকা। সেখানে পরোক্ষ কর বেড়েছে ৭৫৯ কোটি টাকা। আপনারা করেননি এই কাজ? তা না হলে এমনি অবস্থা হবে কেন? বিধানসভায় ২০ জন এসে বসবেন কেন? ৩০ বছর এক টানা একচেটিয়া শাসন ব্যবস্থা পরিচালনা করেছেন গোটা ভারতবর্ষে এবং সমস্ত রাজ্যে। আজকে ২০ জনে এখানে এসে দাঁড়াবেন কেন? কেন না জনসাধারণের স্বার্থের বিনিময়ে মুষ্টিমেয় ব্যক্তির স্বার্থ রক্ষা করার জন্য কংগ্রেস দল এই কাজ করেছিল এবং এর বিরুদ্ধে যাতে গণতান্ত্রিক আন্দোলন গড়ে না উঠতে পারে। তার জন্য সমস্ত অপকর্ম তারা করেছিলেন। শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষেই কংগ্রেসের এই অবস্থা হয়েছে বিগত লোকসভার নির্বাচনের এবং বিধানসভার নির্বাচনের মাধ্যমে। ১৯৭২-৭৩ সালে বিড়লার সম্পত্তির মূল্য যেখানে ৭২৫ কোটি টাকা ছিল, ১৯৭৫-৭৬ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ৬৪ কোটি টাকা। কার স্বার্থ রক্ষা করেছেন? এর পরেও কি প্রমাণ দিতে হবে? টাটার সম্পত্তির মূল্য ছিল ৬৮৫ কোটি টাকা, সেটা বেড়ে হয়েছে ৯৭৪ কোটি টাকা। ২০টি পরিবারের সম্পত্তি বেড়েছে, কোটি কোটি টাকা বেড়েছে। আর দেশের ৭০ ভাগ মানুষ তারা আজকে দারিদ্র্যসীমার নিচে বাস করছেন। কংগ্রেস যে নীতি অনুসরন করেছিল তার জন্য জনসাধারণ আপনাদের ধিক্কার জানিয়েছেন, তাই আজকে এই আপনাদের বোঝবার চেষ্টা করা উচিত, ভাববার চেষ্টা করা উচিত এবং মনোভাব পরিবর্তন করার চেষ্টা করা উচিত। যদি বিন্দুমাত্র পশ্চিমবাংলার জনগণের প্রতি বিন্দুমাত্র সম্মান বা মর্যাদাবোধ থাকে, পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যদি এতটুকু সদিচ্ছা কংগ্রেস সদস্যদের থাকে তাহলে এ কাজ আপনাদের করাই উচিত।

[3.10—3.20 P.M.]

আমি আগেই বলেছি যে, যদি মূল সমস্যাগুলির সমাধান না করা যায় তাহলে দেশের উন্নতি বা কোন অগ্রগতিই সম্ভব নয়। আজকে কাশীকান্ত বাবু বেকারদের কথা বলেছেন। শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতবর্ষের ক্রমবর্ধমান বেকারী জাতীয় জীবনের একটা ভয়াবহ সমস্যা। আমরা দেখছি ১৯৭১ সালে ছিল ৫১ লক্ষ বেকার, ১৯৭২ সালে ছিল ৬৮ লক্ষ, ১৯৭৩ সালে ছিল ৮২ লক্ষ, ১৯৭৪ সালে ৮৪ লক্ষ, ১৯৭৫ সালে ৯৫ লক্ষ আর ১৯৭৭ সালে অর্থাৎ এখন ১ কোটির ওপর। কেন

বেকার বাড়ল ? দেশের জন-জীবনে এই ভয়াবহ অবস্থার সৃষ্টি হলো কেন ? শিল্পের বিকাশ সম্ভব নয় যদি কৃষি সমস্যার সমাধান না হয়। কৃষকদের যদি জমি দেওয়া না হয়, অর্থাৎ মূল সমস্যার সমাধান যদি না করে, যদি জোতদারদের স্বার্থ রক্ষা করা হয় তাহলে দেশের এই অবস্থা দাঁড়াবে। আজকে সামন্ততান্ত্রিক শোষণ ব্যবস্থার অবসান ঘটিয়ে ভূমিহীন ও দরিদ্র কৃষকদের জমি দেওয়া হলে, তারা মাথার ঘাম পায়ে ফেলে ফসল ফলাবে, দেশের খাদ্য শস্য বাড়বে, কৃষি উৎপাদন বাড়বে, তাদের ক্রয় ক্ষমতা বাড়বে এবং তারা শিল্প-জাত দ্রব্য ক্রয় করতে পারবে এবং এর ফলে আভ্যন্তরীণ বাজার উন্মুক্ত হবে এবং দেশে শিল্প বাড়বে। দেশের লক্ষ লক্ষ বেকার চাকুরি পাবে। কিন্তু পূর্বেকার কংগ্রেসী সরকার এ-কাজ করেনি। তারা মুষ্টিমেয় জমিদার, বড় বড় একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করেছে। মূল সমস্যার গায়ে হাত দেয়নি। কারণ কায়েমী স্বার্থের সংগে তাদের গাঁট-ছড়া বাঁধা ছিল। এর ফলে শুধু বেকার বেড়েছে, শ্রমের দাম কমেছে। ওরা দেশের সর্বনাশ করেছে। এই সব কারণেই আজ জিনিসপত্রের দাম বাড়ছে এবং এই কারণেই যেকাজ ওরা করে-ছিল তার জের আজ আমাদের বহন করতে হচ্ছে। ১৯৭৬ সালে যেখানে গ্রস ন্যাশনাল প্রোডাকশান বেড়েছিল ২% কিন্তু মানি সাপ্লাই হয়ে গিয়েছিল ১৮·৮%। এর জের বহন করতে হবে না ? ১৯৭৭ সালে করা হয়েছিল বহন করতে হবেই। শুধু একাজ করে গিয়েছে। মুদ্রাস্ফীতি ঘটেছে, ডেফিসিট ফাইনানসিং করেছে, নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের ওপর বছরের পর বছর কর বসানো হয়েছে। এসেনসিয়াল কমোডিটিস-এর ওপর লেভি বসিয়েছে, ট্যাক্স বসিয়েছে। আজকে সেই দায় দায়িত্ব নিয়ে যাত্রা শুরু করতে হচ্ছে। আমরা পশ্চিমবাংলার মানুষের কাছে একথা বলেছি এবং পশ্চিমবাংলার মানুষ তাদের জীবনের তিক্ত অভিজ্ঞতা দিয়ে বুঝেছে। তাই তারা রায় দিয়েছে এবং তারা আজকে তাকিয়ে আছে বামফ্রন্ট সরকারের দিকে। বামফ্রন্ট সরকার কোন পথে অগ্রসর হচ্ছে, কোন নীতি নিয়ে অগ্রসর হচ্ছে, কি ভাবে নিপীড়িত, শোষিত, বঞ্চিত মানুষ, যারা কংগ্রেস আমলে দুরবস্থার সম্মুখীন হয়েছিল তাদের আজকে কি করে সুখী ও সমৃদ্ধশালী জীবন দিতে পারা যায় তা দেখবার জন্য পশ্চিমবাংলার মানুষ আগ্রহান্বিত। তাই তারা বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠা করেছে এবং তাদের চতুর্দিকে এসে দাঁড়িয়েছে। মাদক দ্রব্যের উপর ট্যাক্স বাপানো হয়েছে কংগ্রেসীরা তাতে দুঃখিত। কারণ ওরা এই জিনিস দিয়ে কিছু লোককে কলুষিত ও বিভ্রান্ত করে বিভিন্ন অন্যায় কাজ করিয়েছিলেন। এটা আমরা জানি। আমাদের বক্তব্য এই যে, মূল যে সমস্যা সেই সমস্যার দিকে নজর রেখে চলবার চেষ্টা করছি। আমরা একথা বলেছি এবং আবার সোচ্চারে বলতে চাই

কেন্দ্রের সংগে রাজ্যের যে সম্পর্ক, যে রিলেশান তার পরিবর্তন ঘটানো দরকার। তার মানে অর্থনৈতিক ক্ষেত্রে আজকে প্রত্যেক রাজ্যের বিকাশের জন্য, তার সমস্য দূরীকরণের জন্য যে সম্পদ প্রয়োজন তা কেন্দ্রের কাছ থেকে যাতে পাওয়া যায় এব রাজ্যের যে সম্পদ আছে সেই সম্পদ যাতে রাজ্যের জনসাধারণের স্বার্থে ব্যবহার করা যায় সেই জন্য নিশ্চয়ই এটা প্রয়োজন। আজকে গোটা ভারতবর্ষের ঐক্যের জন্য, শান্তির জন্য, সমৃদ্ধির জন্য, সমগ্র দেশের অগ্রগতির জন্য একাং করা দরকার।

আমরা জানি যদি একটা বাড়ী তৈরি করতে হয় তাহলে তার প্রতিটি ইট সঠি ভাবে বসাতে হবে এবং তাহলে সেই বাড়ী মজবুত হবে। সেইরকম রাজ্যগুলি যদি দুর্বল থাকে তাহলে ভারতবর্ষ শক্তিশালী হতে পারে না। সেজন্য সমস্ত জাতির ঐক্যে জন্য এই কাজ করা দরকার। আপনারা যদি এ বিষয়ে আলোচনা করতে চান তাহলে বামপন্থী সরকার এই বিষয়ে আলোচনা করবে। আমরা বলতে চাই কেন্দ্র রাজ্যগুলির সম্পর্কের পরিবর্তন একান্ত দরকার। আমি জিজ্ঞাসা করছি কংগ্রেস সদস্যরা এতদিন কি করছিলেন? তাঁরা কেন এই প্রচেষ্টা করেন নি? এই প্রচেষ্টা পশ্চিমবাংলার মানুষ কি আপনাদের সঙ্গে আসত না? আজ পশ্চিমবাংলায় অন্যান্য রাজ্যের কল্যাণের জন্য এই কাজ করা দরকার। কিন্তু আপনারা তা করে আপনাদের ইন্দিরা গান্ধী যে স্বৈরতন্ত্র কায়েম করেন এবং আপনারাও তার পক্ষে দাঁড়িয়ে মানুষের গণতান্ত্রিক অধিকার হরণ করে তাদের উপর অত্যাচার চালিয়েছেন। আজ এসব কথা আপনারা অস্বীকার করতে পারেন না। সেজন্য দেশের জনসাধারণ আপনাদের কথার কোন মূল্য দেয় না। সেজন্য এ বিষয়ে যদি কোন আলোচনা করতে হয় তাহলে দেশের জনসাধারণের সামনে দাঁড়িয়ে আমরা এ বিষয় আলোচনা করব। মুখ্যমন্ত্রী সম্মেলনে কেন্দ্র ও রাজ্যের সম্পর্কের কথা উত্থাপন করা হয়নি, একথা আপনাদের কে বলেছে? গোটা ভারতবর্ষের সামনে দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী এসব কথা সজোরে উত্থাপন করেছেন। রাজ্যের কল্যাণের জন্য এই রাজ্যে কি কি কাজ আমরা করতে চাই অর্থমন্ত্রীর ভাষণে সে সব কথা আছে। পানীয় জল, প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ইত্যাদি সমস্ত কথা আছে। আমাদের রাজ্য থেকে বিড়লা সমস্ত শোষণ করে নিয়ে গেল বলা হবেই। বস্তু একচেটিয়া পুঁজিবাদ সম্পর্কে কি আপনাদের দৃষ্টিভঙ্গি সাধারণ মেহনতী মানুষ সম্পর্কে কি আমাদের দৃষ্টিভঙ্গি সেকথা বলা আছে। আমরা কোন দিকে আছি তাও বলা হয়েছে। বামফ্রন্ট সরকারকে এই কথা বলতে হয়েছে দেশের শতকরা ৮০ ভা

মানুষ যাতে সম্মানের সঙ্গে মাথা উঁচু করে দাঁড়াতে পারেন। সেই কথাই এই বাজেটের মধ্যে আছে। সেজন্য এই বাজেটকে আমরা সমর্থন করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেট সমর্থন করছি। অর্থমন্ত্রী মহাশয় এই বাজেট উত্থাপন করেছেন। এই বাজেট সমস্ত সাধারণ মানুষের বাজেট। এই বাজেট যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে বিভিন্ন খাতে সীমিত ক্ষমতার মধ্যে যেভাবে ব্যয়ের পরিকল্পনা করা হয়েছে—ইতিপূর্বে ৩০ বছর ধরে কংগ্রেস শাসনের কোন সময়ে তা করা হয়নি। আমার পূর্বে বিরোধী নেতা কিছু কিছু বক্তব্য রেখেছেন। যদিও তিনি বলেছেন এই বাজেটকে সমর্থন করবেন। তাঁর পক্ষে ভোট দেবেন, কিন্তু তাঁর কথার মধ্যে কিছু কিছু বক্তব্য ছিল। যেমন তিনি Power Shortage সম্পর্কে বলেছেন যে, এ সম্পর্কে বাজেটে কিছু বলা নেই। তা ঠিক নয়। সীমিত ক্ষমতার মধ্যে এই বাজেটে অর্থমন্ত্রী বলেছেন বিদ্যুৎ সমস্যা সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে। ১৯৭৬-৭৭ সালে বিদ্যুৎ সরবরাহের অবনতি ঘটে।

[3-20—3-30 P.M.]

এবং কংগ্রেস সরকার জানতেন যে বিগত দিনে অর্থাৎ যখন তাঁরা ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি করেন তখন তাঁরা চিন্তা করেন নি যে, কোন্ দিনে পশ্চিমবাংলায় কত বিদ্যুৎ লাগবে। তাঁরা বিদ্যুতের মেসিনগুলির অবস্থাও জানতেন—কারণ সে সব মেসিনগুলি তাঁরা বিদেশ থেকে আনিয়েছেন। এ সব জেনেশুনে আগামী দিনে যে পরিকল্পনা করা দরকার সে পরিকল্পনা তাঁরা করেন নি। আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, আমাদের টাকার অভাব হবে না। আমরা যে কোন উপায়ে টাকা নিয়ে আসবো। এবং তাঁর কথা আছে, "আপ তত এটুকু বলতে চাই, নূতন ইউনিট চালু করার ব্যাপারে প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা রাখা হয়েছে। হঠাৎ কোন বাড়তি খরচের প্রশ্ন দেখা দিলেও আমরা প্রস্তুত"—সুতরাং মাননীয় সদস্য আগে যা বললেন তা ঠিক না। সমালোচনার জন্যই সমালোচনা করা উচিত নয়। বিদ্যুৎ সম্পর্কে অর্থমন্ত্রী মহাশয় ৫ ৬ মাসের বাজেটের মধ্যেই যথেষ্ট প্রতিশ্রুতি রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনতা পার্টির নেতা আর একটা কথা বলেছেন, সেটা হল পাবলিক সেক্টার এবং প্রাইভেট সেক্টার সম্পর্কে। সেটা শুনে মনে হচ্ছিল যে, তিনি বোধহয় প্রাইভেট সেক্টারের প্রোপাগেশান করবার জন্যই এ্যাসেম্বলির ফ্লোরে

এসেছেন। নিশ্চয়ই ত্রুটি আছে—প্রাইভেট সেক্টার আর পাবলিক সেক্টার এক ন এ ধরনের কথা নেই, আসলে শিল্প উদ্যোগ আমাদের করতে হবে। এই ধরনে কথাই আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেটের মধ্যে রেখেছেন। তিনি কেবল পাবলিক সেক্টার করবেন তা নয়, প্রাইভেট সেক্টার সম্পর্কে তিনি বিভি শিল্পপতিদের কাছে আহ্বান জানিয়েছেন। সুতরাং মাননীয় সদস্য যা বলেছেন ঠিক নয়। শিল্প যাতে পশ্চিমবাংলায় গড়ে ওঠে, বিশেষ করে মৃতপ্রায় পশ্চিমবঙ্গ যাতে গড়ে তোলা যায় তার যথেষ্ট স্বাক্ষর তিনি রেখেছেন। আর একটা কথ বলেছেন শিক্ষা সম্পর্কে। অত্যন্ত আশ্চর্য লাগে। তিনি বলেছেন : আমি বিরোধিত করছি না, কিন্তু ষষ্ঠ শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় পড়াবার ব্যবস্থা করে সরকা অর্থের অপচয় করেছেন, কারণ যখন নাকি নিরক্ষরতা রয়েছে। স্পষ্ট করে তা ভাষণে লেখা আছে যে, ১৯৭৮ সালের মধ্যে এই সরকার প্রত্যেকটি গ্রা একটি করে প্রাথমিক বিদ্যালয় করবার প্রতিশ্রুতি দিয়েছেন। এই সরকা গ্রামে গ্রামে শিক্ষা পৌঁছে দিতে চায়, এই সরকার গ্রামে গ্রামে জল পৌঁ দিতে চায়। যা ৩০ বছরে কোনো সরকার দিতে পারেনি। এবং তার আর একটা পদক্ষেপ হিসাবে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক ক হয়েছে এবং ৩৬-দফা কর্মসূচীর মধ্যে আছে অষ্টম শ্রেণী পর্যন্ত আগামী ৫ বছ করব। প্রথম ধাপে ৬ মাসের মধ্যে ৩৬-দফার সামান্য পরিপূরক হিসাবে ষ শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় শিক্ষা দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। সুতরাং নিরক্ষরত দূরীকরণের জন্য প্রাথমিক শিক্ষা যদি প্রতি গ্রামে যায় তাহ নিরক্ষরতা কি দূর হবে না? নিশ্চয়ই হবে। তিনি পানীয় জলের কথা বলেছেন। পানী জলের ব্যবস্থা এই বাজেটের মধ্যে আছে। আমি আগেই বলেছি ১৯৭৮ সালে মধ্যে প্রত্যেক গ্রামে হয় একটা নলকূপ, নয় একটা কুয়া হবে। ইতিমধ্যে আপনা জানেন যে, বিভিন্ন জায়গায় আমরা অন্ততঃ দেখেছি ব্লকে এবং জেলা স্তরে এ এল এ-দের নিয়ে আলোচনা হয়েছে, পরিকল্পনা হচ্ছে, ইন্সপেকশান হচ্ছে কোন্ কো গ্রামে স্কুল নেই, কোথায় কোথায় জলের ব্যবস্থা নেই। সুতরাং এই বাজে জলের ব্যবস্থা, প্রাথমিক শিক্ষার ব্যবস্থা যথেষ্ট রয়েছে, তার জন্য অর্থ বরাদ্দ ক হয়েছে। আমাদের পশ্চিমবাংলার যেগুলি মৌলিক সমস্যা তার কিছু কিছু সমাধা এই বাজেটের মধ্যে আমরা দেখেছি। আজকে একেবারে সমস্ত সমস্যার সমাধা করে দেওয়া কারোর পক্ষে সম্ভব নয়। কারোর হাতে কোন ম্যাজিক ল্যাম্পটা নেই যেটা জ্বেলে সঙ্গে সঙ্গে ৩০ বছরের যে অর্থনৈতিক দুর্গতি সেটাকে দূর কে দেবেন। বামফ্রন্ট মনে করে যে, টাটা বিড়লা আমাদের কাছে সবাই সমান

বাজেটের প্রত্যেকটি লাইনে একচেটিয়া পুঁজিপতিদের সম্পর্কে বামফ্রন্টের নীতি স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। বিড়লাকে বাদ দিয়ে টাটাকে আমন্ত্রণ করবেন এই রকম প্রতিশ্রুতি অর্থমন্ত্রী দিতে পারেন না। তিনি সাধারণভাবে বলেছেন, আমাদের দেশে বেকার সমস্যা যে অবস্থায় আছে তাতে অর্থনৈতিক পরিবেশের কথা, পশ্চিমবঙ্গের ভয়াবহ অবস্থার কথা চিন্তা করে শিল্পপতিদের ব্যবসা করবার জন্য আহ্বান করা হয়েছে। মনোপলি একচেটিয়া পুঁজিপতিদের আমাদের এই দেশে বড় তুলব কোথা বাজেটের মধ্যে নেই। বিরোধী দলের মাননীয় সদস্য মিঃ সেন কিছু কিছু বক্তব্য রেখেছেন। তাঁর বক্তব্যের মধ্যে একই কথা ছিল, আন-এমপ্লয়মেন্ট সম্পর্কে তিনি বললেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, যেখানে ৫ হাজার স্কুল হবে সেখানে ৩ হাজার ছেলে চাকরি পাবে, যেখানে রাস্তা তৈরির পরিকল্পনা আছে সেখানে কনট্রাকটারকে বাদ দিয়ে বেকার যুবকদের কো-অপারেটিভের মাধ্যমে কাজ করান হবে, যে সমস্ত জায়গায় নলকূপ করবেন অথবা গ্রামে যে সমস্ত কৃষকদের কাজ করবেন এই রকম প্রত্যেকটি জায়গায় কর্ম সংস্থানের ব্যবস্থা রয়েছে। কর্মসংস্থানের ক্ষেত্রে এতদিন অনাচার চলে এসেছে তৃতীয় চতুর্থ শ্রেণী কর্মচারী নিয়োগ সম্পর্কে। এই সম্পর্কে যে নানা রকম অব্যবস্থা হয়েছে তা তিনি দূর করবেন—এই রকম কথাও বাজেটের মধ্যে আছে। বাজেট পর্যালোচনা করলে দেখা যাবে যতদূর সম্ভব শিল্পোদ্যোগ, কর্মসংস্থান, কৃষি এবং সেচ পরিকল্পনার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। বিগত দিনে আমি ব্লকে গিয়ে শুনেছি স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে এম এল এ'র টাকা অর্থাৎ কংগ্রেসী এম এল এ-দের টাকা দিয়ে দেওয়া হয়েছে। খোলা বাঁধ বলে একটা বাঁধের জন্য ১ লক্ষ ৭৬ হাজার টাকা এম এল এ-কে দিয়েছেন, সেই টাকা খরচ হয়েছে, আরো ২ লক্ষ টাকা খরচ হবে, কিন্তু সেই বাঁধে জল থাকবে না। আমি সরকারকে অনুরোধ করছি সেখানে কমিশন করুন। পুরুলিয়ায় সাড়ে তিন ফুট পাইপ করবার কথা, সেখানে ২৬ ফুট করেছেন। এইভাবে তাঁরা সমস্ত কাজে দেশকে ধ্বংসের পথে নিয়ে গেছেন। ব্রীজ তৈরি করেছেন, যেখানে ১০ ফুট প্রাচীর তৈরি করার কথা সেখানে ৩ ফুট প্রাচীর দিয়েছেন, ব্রীজ ভেঙ্গে যাচ্ছে। বাঁকুড়া জেলায় দ্বারকেশ্বরে কিছুদিন আগে ব্রীজ হয়েছে, সেই ব্রীজ ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। ট্যাক্স সম্পর্কে বলেছেন। আমি অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই যে, তিনি সাধারণ মানুষের উপর কোন চাপ দেননি। বড় লোকদের উপর করের চাপ আরোপ করার ব্যবস্থা করা হয়েছে। মোটর গাড়ীর উপর, বিলাস দ্রব্যের উপর তিনি কর আরোপ করেছেন। এর যে কোন ব্যাপারে হোক, এনি কাইন্ড অব ট্যাক্সেশান, ডাইরেক্ট অর

ইনডাইরেক্ট ফর্ম অফ্ ট্যাক্সেশান হোক আল্টিমেট্লি সেটা এক জায়গায় গিয়ে এ্যাফেক্ট করে।

[3.30—3.40 P.M.]

সুতরাং এই ধরনের জিনিস বাদ দিয়ে মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর থেকে কর ছাড় দেবার চেষ্টা করা হয়েছে। কংগ্রেস দল থেকে বলা হয়েছে ৭ কোটি টাকা, একই অর্থমন্ত্রী দু'রকম কথা বলেছেন ইত্যাদি, ইত্যাদি। তিনি কি করে জানবেন যে, দু'রকম খাতা রয়েছে? তিনি দু'রকম হিসেব দু'বার দিয়েছেন মানি, কিন্তু ওই যে ৪৫ কোটি টাকা আনঅথরাইজ্ড এক্সপেনডিচার সেটা কেন আপনারা করলেন? আগেকার মুখ্যমন্ত্রীর বাথরুমের জন্য যে খরচ হয়েছে সেটা কি অথরাইজ্ড বাই দি পিপল? শুধু তাই নয়, আপনারা যাবার সময় যে ৫০ লক্ষ টাকার কমিটমেন্ট করে গেলেন তাতে আপনারা বেহিসেবী খরচ বাড়িয়েছেন। এই যে হিসেব বহির্ভূত খরচ এবং আগেকার মুখ্যমন্ত্রীর বাথরুমের খরচ সেটা নিশ্চয়ই নট অথরাইজ্ড বাই দি পিপল। স্যার, বেহিসেবী খরচ আরও আছে। বেলেঘাটায় যে কংগ্রেস সম্মেলন করলেন সেখানেও বহু আনঅথরাইজ্ড খরচ হয়েছে। আপনারা জানেন জনগণ আপনাদের ডাস্টবিনে ফেলে দিয়েছে। তাই যাবার সময় কিছু কমিটমেন্ট করে চলে গেলেন। আপনাদের ভাবা উচিত ছিল এই যে, আমরা কমিটমেন্ট করছি এতে আমরা পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে যাচ্ছি। আপনারা ভাবলেন এই ৩৭ কোটি টাকায় আমরা ১০ লক্ষ পরিবারের ব্যবস্থা করেছি। আপনারা ৫ বছরে ১০ লক্ষ করেছেন, আর আমরা এই ক'মাসের মধ্যে সেটা করেছি। কিন্তু আপনারা যদি ওই ৩৭ কোটি টাকা এইভাবে খরচ না করতেন তাহলে আমরা ৬০ লক্ষ শিশুকে খাওয়াতে পারতাম। আপনারা পশ্চিমবাংলার মানুষকে অন্ধকারে ফেলে গেছেন এবং তার চিত্র হচ্ছে এই ৫০/৬০ কোটি টাকা ঘাটতি করে গেছেন। তারপর, যাতায়াতের ক্ষেত্রে আপনারা কি করেছেন? আমরা ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে তো আর রাস্তাগুলো ফুটো হয়ে যায় নি। আমরা ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে তো বাসগুলোর ইঞ্জিন বদল হয়ে যায় নি বা বাসগুলো পড়ে যায় নি। এইগুলো তো আগেকার মন্ত্রী জ্ঞান সিং সোহনপাল করেছেন। পাঞ্জাবী কনট্রাক্টরকে কনট্রাক্ট দিয়ে এই অবস্থা করে গেছেন আপনাদের জন্যই এই অবস্থা হয়েছে, আর জনসাধারণকে বলছেন বাস খারাপ রাস্তা খারাপ। তারপর, রাস্তাগুলো এমনভাবে করেছেন যে, বর্ষার জল আসা

সঙ্গে সঙ্গেই সেখানে পুকুর হয়ে যাচ্ছে। সারা, কংগ্রেস সরকার এই সমস্ত কাজ করে গেছেন। আর একটা কথা বলতে চাই চায়ের উপরে কর যেটা আরোপ করা হয়েছে সেটা আগে যে নীলামের ওপর ছিল সেটা তুলে দিয়ে সর্বশেষে বিক্রয় কর করেছেন, অতএব নতুন করে কর চাপানো হয় নি। একটা কর তুলে দিয়ে আর একটা কর দেওয়া হয়েছে। সুতরাং চায়ের দাম মন্ত্রী মহাশয় আশা করছেন ব্যবসায়ীরা বাড়াবে না। কারণ চায়ের বাজারে যে নীলাম হয় তার উপর বিক্রয় কর তুলে দেওয়া হয়েছে। সবশেষে বিক্রয় কর দিয়েছেন। সুতরাং নতুন করে কর পরিবর্তন করেন নি, একটা জায়গা থেকে আর একটা জায়গায় পরিবর্তন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট বিবরণীকে সম্পূর্ণ সমর্থন করে দু' একটি বিষয়ে এখানে বক্তব্য রাখতে চাই। এই বিষয়ে বিতর্কের কোন অবকাশ আছে বলে মনে করি না যে, আজকে বামফ্রন্ট সরকারকে প্রচণ্ড সীমাবদ্ধতার মধ্যে কাজ হাতে নিতে হয়েছে, সেই সীমাবদ্ধতা শুধু অর্থনীতিতে নয়, রাজনৈতিক, অর্থনৈতিক, সমাজনীতি—সমস্ত কিছুতে যে সীমাবদ্ধতা, সেই সীমাবদ্ধতার মধ্যে আমাদের কাজ হাতে নিতে হয়েছে। কাজে কাজেই আজকে একথা মনে করার কোন কারণ নেই যে, আমাদের সরকার তৈরি হওয়ার সঙ্গে সঙ্গেই রাতারাতি পশ্চিমবঙ্গে স্বর্গরাজ্য কায়েম হয়ে যাবে। আমি নিজে একথা বলব না, কারণ আমি জানি কাজটা এত সহজ নয়। তবে ওপারে যাঁরা বসে আছেন তাঁরা কি ভাবেন সেটা তাঁদের কথার মধ্যে দিয়েই কিছু কিছু প্রকাশ পেয়েছে। সে সম্পর্কে আমি কোন বিতর্কের মধ্যে যেতে চাইছি না।

আমি একথা বলতে চাইছি যে, ভোলাবাবু জোর গলায় আজকে বিধানসভায় যে কথাগুলি বললেন, ওদের নেতা ইন্দিরা গান্ধীর পদসেবা যখন তাঁরা করছিলেন তখন তো একটা কথাও বলতে শুনি নি। রাজ্যে রাজ্যে আজকে যেভাবে গণতন্ত্র চালু করা হয়েছে, ঘোরতর অবিচার যেভাবে চালু করা হয়েছে, এই সীমাবদ্ধতার মধ্যে আজকে একথা বলি যে, তারজন্য তাঁদের দায়ী না করে পারি না। আমি একথা বলতে চাই, এই সীমাবদ্ধতার মধ্যে পশ্চিমবাংলার জাতীয় অর্থনীতির বাঁধন কিভাবে স্থায়ী হয়েছে, পশ্চিমবাংলার অর্থনীতি কিভাবে ভেঙে চুরমার হয়েছে, আজকে সেকথা বলার অপেক্ষা রাখে না।

শুধু যে পশ্চিমবঙ্গ তা নয়, সারা ভারতবর্ষে আজকে যে সীমাবদ্ধতা অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষেত্রে আছে, সে সীমাবদ্ধতার মধ্যে আমরা জ্বলে পুড়ে মরছি, তাই নয়: যখন কলমের এক খোঁচায় পণ্ডিত জওহরলাল নেহরু এবং সর্দার প্যাটেল দেশ ভাগ করে দিলেন, কোটি কোটি মানুষকে বাস্তুচ্যুত করা হলো এবং সেই বাস্তুচ্যুত মানুষগুলি যখন পশ্চিমবাংলায় ভিড় করল, সেই সময় থেকে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙে গেল, যখন পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের মধ্যে এভাবে মার খাচ্ছে, সেদিন ঐদিকে যাঁরা বসে আছেন তাঁরা কোন প্রতিবাদ করেন নি।

(3.40—3.50 P.M.)

তাদের অর্থনৈতিক পুনর্বাসনের বন্দোবস্ত হয়নি এবং এই রকমভাবে ঘোরতর অবিচার একটার পর একটা চলে এসেছে। আর আজকে বলছেন রিভিউ করতে হবে, ডিভিজিবিল পুলের টাকা, ইনকাম ট্যাক্সের টাকা, এ্যাডিশনাল একসাইজ ডিউটি, বেসিক একসাইজ ডিউটির টাকা কেন আমরা পাবো না, এইসব ভাল ভাল কথা তাঁরা বলছেন। ভোলাবাবু যদি একটু ভাল করে পড়ে দেখতেন তাহলে দেখতে পেতাম ভোলাবাবুর মুখে যেকথা আজকে শুনতে পাচ্ছি, কংগ্রেস দলের মুখে আজকে যে কথা শুনতে পাচ্ছি, ৩০ বছর আগে তাঁরা তা বলতেন তাহলে হয়তো কিছুটা সুবিধা এই সীমাবদ্ধতার মধ্যেও পেতে পারতাম। কিন্তু তা পাইনি।

অর্থমন্ত্রী মহাশয় সেইসব কথা তুলেছেন। ওঁরা জ্ঞান পাপী তাই এইসব কথা উল্লেখ করে কোন লাভ নেই। ওঁরা জ্ঞান পাপী তাই এখন একটা পরিবর্তন চাচ্ছেন। কিন্তু ওঁরা কি জানেন না যে, ফিনান্স কমিশন কোন দিন আমাদের প্রতি সুবিচার করে নি? এত বড় একটা প্রলয়কারী ঘটনা ঘটে যাওয়ার পর যখন আমাদের অর্থনীতি ভেঙ্গে চুরমার হয়ে গেল তখন নিজের পায়ে দাঁড়াবার জন্য যা করা প্রয়োজন ছিল তা তাঁরা করেন নি। তাঁরা নেহরু-লিয়াকত আলীর চুক্তির দোহাই দিয়ে বললেন, পার্টিশনের পর যাঁরা এখানে এসেছেন তাঁদের প্রপার্টির রাইট আছে, তাঁদের জন্য কিছু করা হবে না। অন্যদিকে দেখলাম পশ্চিম পাকিস্তান থেকে যাঁরা বাস্তুচ্যুত হয়ে এখানে এসেছেন তাদের সমস্ত রকম স্থাবর অস্থাবর সম্পত্তির ক্ষতিপূরণ তাঁরা পেলেন। অথচ আমাদের এখানে এক পয়সাও ক্ষতিপূরণ দেওয়া হয়নি। এই রকম ঘোরতর অবিচার, ঘোরতর বৈষম্য, ঘোরতর অন্যায় চলার ফলে এই কাঠামোর মধ্যে যেটুকু হতে পারতো তাও হতে পারেনি। সুভাষচন্দ্র ছিলেন শেষ বাঙালী কংগ্রেস নেতা—যার কথার মূল্য তাঁদের দিতে হতো। কিন্তু তারপর বাংলাদেশে কংগ্রেসের যাঁরা নেতৃত্ব করেছে তাঁরা পণ্ডিত

নেহরুর চাপড়াশী ছাড়া বা ইন্দিরা গান্ধীর পাইক, বরকন্দাজ, পেয়াদা ছাড়া আর কিছু ছিলেন না, তাঁদের দ্বারা সামান্য একটু কাজও হতে পারেনি। বাঙ্গালী জাতি শুধু পড়ে পড়ে মার খেয়েছে। আজকে ফাইনান্স কমিশন, প্ল্যানিং কমিশন, ব্যাংক ন্যাশনালাইজেশন করে নাকি কোটি কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছে। কোথায় ইনভেস্টমেন্ট করা হয়েছে? খালি নিজেদের ব্যক্তিগত স্বার্থসিদ্ধি করার চেষ্টা হয়েছে, আবার এখানে এসে বড় বড় কথা বলছেন। আমরা জানি যে, ওদের চোখ খুলে দেখবার সাহস ছিল না এবং দেখলেও মুখ ফুটে বলবার সাহস ছিল না। ব্যাংক ন্যাশনালাইজ করার ফলে আমাদের এখানে যে সমস্ত ফিনান্স ইনষ্টিটিউশন ছিল, তারা কি সাহায্য দিয়েছে? আমরা কোন সাহায্য পাইনি। আজকে অর্থমন্ত্রী মহাশয় এই কথাগুলিই তুলে ধরেছেন। আমার বন্ধু কাশীবাবু বলেছেন যে, পশ্চিম-বাংলার কোন লবি ছিল না। এঁরা এদের পাইক, বরকন্দাজ, চাপড়াশী হয়ে ছিলেন এবং নিজেদের ঘর গোছানোর জন্য যেটুকু সুযোগ-সুবিধা এদের পদসেবা করে পাওয়া যায় তাই আদায় করেছিলেন। কিন্তু বাংলাদেশের অর্থনীতি, বাংলাদেশের সমাজ-নীতি, বাংলাদেশের ভাগচাষী, মজুর, মধ্যবিত্ত মেহনতি জনতা তাদের জন্য তাঁরা একটা কথাও বলেনি এবং এই ৩০ বৎসর ধরে আমাদের অর্থনীতি ভেঙ্গে চুরমার হয়ে ধূলায় মিশে গিয়েছে। আজকে একযোগে চেষ্টা করার কথা বলছেন। এখন হয়ের কিছু নেই, তাই আজ প্রমাণ হয়ে গেল হাউসের ভিতরে, তাই ভোলাবাবু তার-স্বরে বলছেন যে, সেন্টার স্টেট রিলেশন রিভিউ করা হোক, ডিভিজিবিল পুলে কোন্ কোন্ খাতে কত টাকা পাওয়া উচিত এটা দেখার কথা বলছেন, ভাল কথা।

তাঁরা যদি আমাদের সংগে যোগদান করেন এবং যোগদান করে বিধানসভার ভিতরে যে আন্দোলন আমরা করছি সরকারের মারফত সেই আন্দোলনের সংগে সামিল হন, তাহলে তাদের আমি ধন্যবাদ দেব। কিন্তু শুধু বিধানসভার ভিতরে আন্দোলন করে বাংলাকে গড়া যাবে না। সিদ্ধার্থবাবুও বলেছিলেন সোনার বাংলা গড়বেন, কিন্তু সোনার বাংলা গড়তে গিয়ে তিনি সোনার পাথরবাটি গড়েছেন। এমন সোনার বাংলা গড়েছেন যে, তিনি শেষ পর্যন্ত জনতার সামনে দাঁড়াবার সাহস পর্যন্ত করেন নি, তিনি খিড়কী দিয়ে পালিয়ে গেলেন। সোনার বাংলা গড়ার স্বপ্ন এবং বাসনা সিদ্ধার্থবাবু বর্জন করেছিলেন। এখন ওঁরা যদি আমাদের সংগে হাত মেলান, জেনে রাখুন, এই যে আন্দোলন সেটা শুধু এই বিধানসভার চৌহদ্দির মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। দেশে যে রাজনীতি, সমাজনীতি আছে, যার জন্য দেশের মেহনতি মানুষ পড়ে পড়ে মার খাচ্ছে তাদের অবস্থা

পাল্টানোর জন্য এই চৌহদ্দির বাইরে যে লড়াই করতে হবে, সেই লড়াইয়ের সামিল তাঁরা হতে পারবেন কি? যদি পারেন তো তাঁদের আমি দু'হাত তুলে ডাকছি। যদি আসেন তো খুব ভাল হয়, যে অবিচার হয়েছে তা দূর করার জন্য যদি ওঁরা আমাদের সংগে একসংগে কাজ করেন তো খুব ভাল হয়। আমি সেজন্য তাঁদের কাছে আমাদের সংগে কাজ করার জন্য আবেদন জানিয়ে, অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব রেখেছেন, সেটাকে অল্প কথায় সমর্থন করে আজকে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীকিরণময় নন্দ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৬ মাসের জন্য যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে দেখতে পাচ্ছি একদিকে অভিযোগের সুর, একদিকে কিছু কিছু ভাল কথা, আর এক দিকে দেখছি বিরাট করের বোঝা। এই তিনটি জিনিস মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে দেখতে পাচ্ছি। অভিযোগ এই যে পূর্ববর্তী সরকারের যে কার্য পদ্ধতি, তাতে তাঁরা করের বোঝা, ঋণের দায়-দায়িত্ব এবং তার বোঝা বর্তমান সরকারের উপর চাপিয়ে দিয়েছেন। পূর্বতন সরকার যে আর্থিক দায়-দায়িত্ব এই সরকারের উপর চাপিয়ে গেছেন, এটা অন্যায় ঠিক কথা, কিন্তু সেই দায়-দায়িত্বের কথা বলে এই সরকার যে প্রগতিশীল কর্মসূচী নিয়েছেন সেগুলি ব্যাহত হবে তাঁদের কাছে এটা নিশ্চয়ই আশা করব না। সেই দায় দায়িত্ব তাঁদের মাথায় করে নিতে হবে। তাঁরা জনসাধারণের কল্যাণের দিকে লক্ষ্য না করে লুটেপুটে নেবার রাজনীতি পশ্চিমবঙ্গে প্রতিষ্ঠা করছিল বলেই আজকে পশ্চিমবাংলার মানুষ তাঁদের জবাব দিয়েছে, এবং এই সরকারকে ক্ষমতায় বসিয়েছে এই আশায় যে, এই সরকার নতুন আশার আলো দেখাতে পারবেন। যাঁরা অভিযোগ করেন যে কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ না করার জন্য, সীমাবদ্ধ আর্থিক ক্ষমতায় রাজ্যের আর্থিক উন্নতি করার সুযোগ কম, আমি তাঁদের সঙ্গে একমত। কেন্দ্রীয় অর্থনৈতিক বিকেন্দ্রীকরণ করে রাজ্যের হাতে বেশী আর্থিক ক্ষমতা না দিলে, সীমাবদ্ধ আর্থিক ক্ষমতায় রাজ্যের উন্নতি গড়ে তোলা যাবে না। সেজন্য পশ্চিমবাংলার যে উন্নয়ন কর্মসূচী আছে, যে সমস্ত নতুন নতুন পরিকল্পনা আছে, পশ্চিমবাংলার অনগ্রসরতা দূর করার জন্য, সেই কর্মসূচীকে রূপায়ণ করার জন্য তাঁরা যে দাবি জানাবেন, তাতে তাঁদের সঙ্গে একমত হয়ে জনতা পার্টির সদস্যরা কেন্দ্রের কাছে দাবি আদায়ের জন্য হাতে হাত মিলিয়ে, কণ্ঠে সুর মিলিয়ে, আপনাদের সঙ্গে আমরাও বক্তব্য রাখব। কিন্তু এই সঙ্গে একটা কথা বলতে চাই। সারা ভারতবর্ষে অন্যান্য যে প্রাদেশিক সরকারগুলি আছে, তার

যদি এই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে উন্নয়ন কর্মসূচী নিয়ে পশ্চিমবাংলা থেকে অনেক উন্নয়নমূলক কাজে এগিয়ে যেতে পারে, তাহলে পশ্চিমবাংলা কেন পিছিয়ে পড়ে আছে, তার কারণ আমাদের অনুধাবন করতে হবে।

[3.50—4.00 P.M.]

শুধু রাজ্যের দাবি-দাওয়া কেন্দ্রের উপর চাপিয়ে দিয়ে নিজেদের দায়-দায়িত্ব এড়িয়ে যাবো—এটা করলে চলবে না এবং কেন পশ্চিমবাংলা পিছিয়ে আছে তার কারণ অনুধাবন করতে হবে। আজকে অর্থমন্ত্রী বাজেটের মধ্যে কিছু কিছু ভালো কথা বলেছেন। আমি প্রথমেই সাধুবাদ জানাচ্ছি কয়েকটি বিষয়ের জন্য। যেমন মদের উপর তিনি যে শুল্ক বসিয়েছিলেন তার জন্য তাকে সাধুবাদ জানাচ্ছি। বড়লোকদের বলতল অট্টালিকার জন্য যে নূতন করে কর বসিয়েছেন সেজন্য সাধুবাদ জানাচ্ছি। সাধুবাদ জানাচ্ছি পুলিশ খাতে ৭ কোটি টাকা ব্যয় কমিয়েছেন সেজন্য। সাধুবাদ জানাচ্ছি গ্রামাঞ্চলে এক হাজার প্রাথমিক বিদ্যালয় খোলার কথা তিনি ঘোষণা করেছেন বলে। কিন্তু এই বাজেটের কর্মসূচীর মধ্যে একটা কথা আমি দেখতে পাচ্ছি স্পেসিফিক টাইম বাউণ্ড প্রোগ্রাম এক বছরের মধ্যে এক হাজার প্রাথমিক বিদ্যালয় গড়ে তুলবেন। আর কোথাও কোন স্পেসিফিক টাইম বাউণ্ড প্রোগ্রাম নেই। আমাদের অর্থমন্ত্রীর কাছে এইটাই আশা করেছিলাম যে, সুনির্দিষ্ট কর্মসূচী সময় সীমার ভিত্তিতে তিনি ঘোষণা করবেন। বাজেটে বলা হয়েছে গ্রামাঞ্চলের অবস্থার অবনতির কথা, বাজেটে বলা হয়েছে কৃষকদের দুঃখ-দুর্দশার কথা, ভূমিহীন চাষীদের কথা। অনেক ভালো ভালো কথা বলা হয়েছে। সেই সঙ্গে বলা হয়েছে বিভিন্ন জায়গায় ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল করা হবে এবং বিভিন্ন জায়গায় কুটিরশিল্প গড়ে তোলা হবে, রাস্তাঘাটের—যোগাযোগের ব্যবস্থার উন্নতি করা হবে। কিন্তু এই উন্নতি কতদিনে হবে, কি করে হবে, সে সম্পর্কে সুস্পষ্টভাবে কোন কর্মসূচী নেই। বাজেটে বলা হয়েছে নূতন করে স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলা হবে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই, নূতন করে স্বাস্থ্যকেন্দ্র, হাসপাতাল গড়ে তুলবেন, কিন্তু আগে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র গড়ে তুলেছেন সেগুলি তার মধ্যে বহু জায়গায় ডাক্তার অভাবে বন্ধ হয়ে আছে, তালাচাবি দেওয়া আছে আগে সেই সমস্ত স্বাস্থ্যকেন্দ্র খোলবার চেষ্টা করুন। সেখানে ডাক্তার নিয়োগ করুন। আপনারা বলেছেন, নূতন এল. এম. এফ. কোরস চালু করবেন, হোমিওপ্যাথিক শিক্ষার জন্য নূতন ব্যবস্থা চালু করবেন এবং গ্রামে গ্রামে এল. এম. এফ. এবং হোমিওপ্যাথিক ডাক্তার পাঠাবেন। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই এই পশ্চিমবাংলায়

যে সমস্ত মেডিকেল কলেজ চালু আছে সেগুলো সব চলছে সরকারী আর্থিক আনুকূল্যে। সেই সমস্ত মেডিকেল কলেজ থেকে যে সমস্ত ডাক্তার বেরোচ্ছেন তাঁরা কেন চিকিৎসার জন্য গ্রামাঞ্চলে যাবেন না। আমি আশা করেছিলাম মাননীয় অর্থমন্ত্রী এই বক্তব্য রাখবেন যে, এই পশ্চিমবাংলার মেডিকেল কলেজ থেকে যেসব ডাক্তার বেরোচ্ছেন, তাঁদের অন্ততঃ ৫ বছর বাধ্যতামূলকভাবে গ্রামে চাকরি করতে হবে। কিন্তু তাঁর সে বক্তব্য নেই, এটা দুঃখের কথা। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, এক হাজার নতুন স্কুল করবেন। নিশ্চয়ই এটা হওয়া উচিত। কিন্তু এটাও আশা করেছিলাম যে সমস্ত বিদ্যালয় আগে অনুদান পেয়ে চলেছে সেগুলোর অবস্থার উন্নতির দিকে দৃষ্টি দেবেন। মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় জানেন, অধিকাংশ সদস্য আমার সাথে একমত হবেন যে, গ্রামাঞ্চলে অধিকাংশ বিদ্যালয়েই ছাউনি বাড়ী নেই, অধিকাংশ বিদ্যালয়েই চেয়ার-টেবিল নেই, ছাত্ররা চাটাইয়ে বসে পড়ে। সেখানে শিক্ষার পরিবেশ গড়ে উঠে নি। এক হাজার নূতন বিদ্যালয় গড়ার সাথে সাথে যে সমস্ত বিদ্যালয় সরকারী অনুদান পেয়ে চলেছে সে সমস্ত বিদ্যালয় যাতে চলে সে সম্পর্কে তাঁর বক্তব্য স্থান পাবে আশা করেছিলাম। মাননীয় অর্থমন্ত্রী ভরতুকির কথা বলেছেন। আমাদের দেশে যে সমস্ত গরীব মানুষ আছেন তাঁরা যাতে সস্তা দরে গম চাল কিনতে পারেন তারজন্য কেন্দ্রীয় সরকারের ভরতুকি দেওয়ার কথা বলেছেন। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের পশ্চিমবাংলা সরকার মাসে প্রায় দু' কোটি টাকা স্টেট ট্রান্সপোর্টের নামে যে ভরতুকি দিয়ে থাকেন সেই ভরতুকি বন্ধ করা হোক। সেই ভরতুকির টাকা গ্রামের মানুষের জন্য খরচ করা হোক। শহরের মানুষ পয়সা খরচ করে ষ্টেট ট্রান্সপোরটে চড়বার ক্ষমতা আছে। কিন্তু সেই ভরতুকি বন্ধ করে দু' কোটি টাকা গ্রামের মানুষের রেশন দেওয়ার জন্য লাগান। সেই কমসূচীকে আমাদের অগ্রাধিকার দিতে হবে। তারপর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করবো। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, ভূমিহীন চাষীকে ভূমি বিতরণ করা হবে এবং তাদের সমস্ত রকম ব্যবস্থা করা হবে। কিন্তু আগে যে সমস্ত চাষীদের ভূমি বন্টন করা হয়েছে সে সমস্ত চাষীদের কাছে ভূমি কি আছে? অধিকাংশ জমি বন্ধকী দেওয়া হয়েছে বা বেচে দেওয়া হয়েছে। ভূমিহীন কৃষকদের কেবল ভূমি দিলেই চলবে না, তার চাষের আনুষঙ্গিক উপকরণও দিতে হবে। তারজন্য চাই বলদ, তারজন্য চাই লাঙ্গল, তারজন্য চাই মজুরী, তারজন্য চাই বীজ ধান, তারজন্য চাই সার। কিন্তু আমাদের দেশে যে ক্যাটল পারচেজ লোন দেওয়া হয় সেটা দেড়শো, দুশো টাকা দেওয়া হয়। তাতে কি গরু-মহিষ কেনা চলে? এই ঋণ নীতিকে বদলাতে হবে। তবেই ভূমিহীন চাষী জমি

ঠিকমত কাজে লাগাতে পারবে। শুধু তাই নয়, ভূমিহীন চাষীদের আমরা যেভাবে ভূমি বণ্টন করছি সেই দৃষ্টিভঙ্গির আমাদের পরিবর্তন চাই। এক বিঘে, দু' বিঘে করে চাষীদের যদি ভূমি বিতরণ করতে থাকি প্রত্যেক চাষী যদি তার জমিতে আল বাঁধ দিতে থাকে তাহলে ভাবুন যত জমি আমরা বণ্টন করেছি আল বাঁধ দিতে তার কত চলে যাবে। এইবার এই যে জমি আমরা বণ্টন করছি এই জমিতে উন্নয়ন করে চাষবাস কি কখনও সম্ভব? এক বিঘা, দু' বিঘাতে ফ্রাগমেনটেশান অফ ল্যাণ্ড গড়ে উঠছে, সেই ফ্রাগমেনটেশান অফ ল্যাণ্ডে উন্নয়ন প্রথায় কৃষিকাজ কি করে সম্ভব হবে? যে জমি আমরা ভূমিহীন কৃষকদের দিচ্ছি সেই জমি যদি সমবায়ের ভিত্তিতে কৃষকদের চাষ করবার ব্যবস্থা করে দিই তাহলে আল বাঁধায় বহু জমি নষ্ট হবে না। উন্নয়ন প্রথায় জমিকে কাজে লাগাবার মতো পথ কৃষকরা গ্রহণ করতে পারবে।

অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয় সেদিকে নজর দেবেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, শহরাঞ্চলের সঙ্গে পল্লী অঞ্চলের সংযোগ রক্ষা করতে চান। কিন্তু নূতন করে রাস্তাঘাট নির্মাণের কথা কিছুই বলা হয় নি। খুবই দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, পশ্চিমবাংলায় এমন অনেক কেন্দ্র আছে যেখানে এক মাইলও পাকা রাস্তা হয় নি। আমার কেন্দ্রে তিনটি থানা আছে, কয়েকটি ব্লক আছে। সেখানে একটা রাস্তাও পাকা হয় নি। ১৯৫৭ সাল থেকে রাস্তার কথা শুনে আসছি। আজ ১৯৭৭ সাল হলো সেখানে দু' মাইল রাস্তাও হলো না। ৫ বছর ধরে একটা ব্রীজ করার কথা হচ্ছে। ১০ বছর আগে যে টাকায় একটা রাস্তা হোত এখন সেটা করতে হলে তার পাঁচ গুণ ব্যয় হয়ে যাবে। যে কর্মসূচী নেওয়া হবে সঙ্গে সঙ্গে তা বাস্তবে রূপায়িত না করতে পারলে দেরি হয়ে ব্যয় আরও অনেক বেড়ে যাবে। একটা সময় সীমা নির্দিষ্ট না থাকার জন্য সরকারী রাজকোষ থেকে বেশী টাকা খরচ হচ্ছে। তাই আমি বলছি আমরা যা করবো তার একটা সময়সূচী ঠিক করে করা উচিত। একটা টাইম বাউণ্ড প্রোগ্রাম আমাদের নিতে হবে যে, পাঁচ বছরে আমরা এতোগুলো টিউব-ওয়েল করবো, এতোগুলো ডিপ টিউবওয়েল করবো, এতোগুলো স্যালো টিউবওয়েল করবো, আমরা এতোগুলো রাস্তাঘাটের উন্নতি করবো, এতোগুলো রাস্তাতে মাটির কাজ করবো, এতোগুলো রাস্তাকে পাকা করবো, এতোগুলো জলনিকাশী ব্যবস্থা করবো। এবং এই ব্যবস্থা করলে আমাদের এখানে যে আমলাতান্ত্রিক প্রথা সেই আমলাদের উপর চাপ পড়বে এবং তারা সেইভাবে কাজ করতে বাধ্য হবে। পূর্বতন সরকার যে নীতি গ্রহণ করেছিলেন তাতে আমরা দেখেছি এক একজন মন্ত্রী যেন এক একটা জেলার মন্ত্রী। যিনি সেচ দপ্তরের মন্ত্রী তিনি তাঁর জেলায় সম্পূর্ণ ভালরূপে

স্রেচের ব্যবস্থা করেছেন। যিনি পূর্তমন্ত্রী তাঁর জেলায় সমস্ত রাস্তা পাকা করে নিয়েছেন। এই যে অবিচার চলেছিল তার আর পুনরাবৃত্তি যেন না হয় সেই দিকে সরকার যেন বিশেষভাবে লক্ষ্য রাখেন। যে এলাকায় রাস্তা নেই, রাস্তার জন্য যেন সেই এলাকায় টাকা খরচ করা হয়। আমি বিশেষভাবে অনুরোধ করবো, আমরা যা যা কিছু করবো তার জন্য একটা সময়সূচী নির্ধারণ করে যেন সেই কাজে হাত দেওয়া হয়। আজকে এই বিক্ষুব্ধ পশ্চিমবাংলার যিনি নৌকাকে যথাযথ পরিচালনা করে পাড়ে ভিড়াতে পারবেন তিনিই উপযুক্ত কাণ্ডারী। এই সরকার নিশ্চয় সেইরূপ পরিচয় দেবেন। এই আশা নিয়ে আমরা সেই দিকে তাকিয়ে আছি। নিশ্চয় আমরা অপেক্ষা করবো ভারতবর্ষের যত প্রদেশ রয়েছে পশ্চিমবাংলা যেন তাদেরকে পথ দেখাতে পারে। সেই আশা নিয়ে আমরা বামপন্থী সরকারের দিকে তাকিয়ে বসে আছি। আশা করি মন্ত্রী মহাশয় সেই আশার আলো দেখাতে পারবেন।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট সম্বন্ধে বলতে গিয়ে একটা পুরানো কথা আমার মনে পড়ে গেল। তাই আলোচনার আগে আমি আপনার মাধ্যমে সেই কথাটা জানাচ্ছি। বেশ কয়েক দিন আগে আমি আমার বন্ধুর সাথে এক জমিদারের বাড়ীতে বেড়াতে গিয়েছিলাম। বাড়ীতে গিয়ে ঢোকার সংগে সংগে আমি লক্ষ্য করলাম বাড়ীর মালিক চীৎকার করতে আরম্ভ করলো—এই জল নিয়ে এসো, খাবার নিয়ে এসো, কুরশি নিয়ে এসো। কিন্তু কেউ আসছে না। আমি বেরিয়ে এলাম—বাইরে এসে বন্ধুকে জিজ্ঞাসা করলাম, জমিদার মহাশয় যে জল নিয়ে আসতে বল্লেন, কুরশি নিয়ে আসতে বল্লেন এবং ঐভাবে যে চীৎকার করলেন কিন্তু কেউ এলো না কেন? পুরানো জমিদার বটে, কিন্তু একটা চাকরও নেই—একটু জল আনবারও কেউ নেই। তো এই বাজেট পড়ে আমার এইটুকু মনে হোল এবং আগামী দিনে পশ্চিমবাংলার মানুষও বুঝবে যে, এতে কেবল বড় বড় কথা বলা আছে, এতে কোন সমস্যার সমাধান হবে না, সমস্ত ভাঁওতা, সমস্ত মিথ্যা বুলিতে ভরা।

4.00 - 4.10 P.M.

স্যার, আপনি জানেন গভর্নরস এ্যাড্রেসে বলেছেন, আমার গভর্নমেণ্ট ৩৬-দফা কর্মসূচী রূপায়ণের জন্য অক্লান্ত পরিশ্রম করবেন। কিন্তু বাজেটের মধ্যে কি লক্ষ্য করছি? মাননীয় অর্থমন্ত্রী তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ্। তিনি কিন্তু একটি জায়গাতেও ৩৬-দফার এক দফা সম্বন্ধেও উল্লেখ করেন নি, বিশেষ বিশেষ স্পেসিফিক

ফাও উল্লেখ করেন নি। ৩৬-দফার রফা করে দিয়েছেন। ৩৬-দফা ইলেকশান স্টান্ট দিয়ে ইলেকশান জেতানো হয়েছিল—ইলেকশান স্টান্ট দেওয়া হয়েছে—সে কথা আমি বলতে চাই না। কিন্তু আমি দেখছি কংগ্রেস সরকারকে আক্রমণ করা হয়েছে, তারা কিছুই করে নি, তারা সমস্ত কিছু ভুল করেছে। তর্কের খাতিরে হয়ত আমি মনে নিলাম—কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে আমি অনুরোধ করব তাঁর সরকার কারেন্ট ইকনমিক রিভিয়ু একটু প্রেস করুন, তাহলেই বুঝতে পারবেন—এই ইকনমিক রিভিয়ুটা কেন পেশ করছেন না আমি জানি না—এই কারেন্ট ইকনমিক রিভিয়ুতে পশ্চিমবাংলার অনেক তথ্য পাওয়া যাবে যে, সত্যিই বিগত সরকার কিছু করেছিল কিনা, সত্যিই পশ্চিমবাংলা সরকার বামপন্থী সরকারের মত প্রথম দিকে ভাঁওতা দিয়েছিল কিনা—তিনি কেন প্রকাশ করছেন না? এই প্রশ্ন আমি রাখছি। বাজেটের ৮ পাতায় বড় বড় কথা বলা হয়েছে। আমরা জানতাম দেওয়ালের মধ্যে লেখা থাকতো কংগ্রেস পুঁজিবাদের দালাল—যুব বয়সে আমি যখন কংগ্রেস করতে গিয়েছিলাম তখন ভেবেছিলাম সত্যিই বুঝি কংগ্রেস পুঁজিবাদের দালাল, বামপন্থীরা পুঁজিবাদ ঘৃণা করে। আমি বিগত ৩০ বছরের দলিল আনতে বলছি। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ—তিনি হনলুলু, হার্ভেরী, হল্যাণ্ড, য়ুক্রিকার কয়েকটি জায়গা থেকে পাশ করে এসেছেন, তিনি মার্কসিস্ট, লেনিনিস্টের কথা চিন্তা করেন, তিনি যে এ্যাসিওরেন্স পশ্চিমবাংলার পুঁজিবাদীদের দিয়েছেন—সেই এ্যাসিওরেন্স ৮ পাতায় স্পষ্টভাবে বলেছেন, "কিন্তু যতদিন পর্যন্ত পুঁজির উৎস বন্ধ করা না যাচ্ছে, সেই পুঁজি আমাদের নিয়ন্ত্রণাধীনে এনে প্রয়োজনমত কাজে লাগানো চলে"—এত ক্লিয়ার এ্যাসিওরেন্স, এত সুন্দর এ্যাসিওরেন্স পশ্চিমবাংলায় আগে কোন সরকার বা কেন্দ্রের কোন সরকার দেয় নি। আজকে পুঁজিবাদীদের ক্লিয়ার এ্যাসিওরেন্স দেওয়া হয়েছে। এই বাজেটে বেকারদের জন্য কোন এ্যাসিওরেন্স নেই, বেকার সমস্যার সমাধানের কোন এ্যাসিওরেন্স নেই, এই বাজেটে শ্রমিক বন্ধুদের সমস্যার সমাধানের কোন এ্যাসিওরেন্স নেই। এই বাজেটে আমরা লক্ষ্য করেছি যে সমস্যার সমাধানের কোন এ্যাসিওরেন্স নেই। আমি স্যার, কয়েকজন বন্ধুর আলোচনা শুনছিলাম—অর্থমন্ত্রীর বক্তব্যে দেখলাম কংগ্রেস সরকার ভুল করেছে, কংগ্রেসের ভুলের ফল, কংগ্রেস সরকার এই করে নি, ও করতে পারে নি—এসবই শুনছিলাম। কিন্তু স্যার, মাননীয় অর্থমন্ত্রী তিনি কি করবেন, পশ্চিমবাংলার মানুষের জন্য কতটা কি করতে পারবেন, কতটা করবার স্বপ্ন দেখেন, সেই স্বপ্নের কথা কিন্তু তিনি এখানে ব্যক্ত করতে পারেন নি। আপনি জানেন আজকে অর্থমন্ত্রী তাঁর পার্টির নির্দেশ মত বক্তব্য রাখছেন। আজকে অর্থমন্ত্রী তাঁর এই বাজেট স্পীচে কংগ্রেসের

কুৎসা, কংগ্রেস সরকারকে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে গালাগাল দিয়েছেন। স্যার, আপনি ৭ পাতায় লক্ষ্য করুন—তিনি একজন শিক্ষাবিদ মানুষ, তাঁর কাছ থেকে ভদ্র, পরিষ্কার ব্যবহার আশা করেছিলাম। তিনি ৭ পাতায় বলছেন, "যে বর্গীরা এখানে গত কয়েক বছর রাজত্ব করে গেছেন তাঁদের কুকীর্তির ধাক্কা সামলানোও মস্ত কঠিন কাজ", কোন এনকোয়ারি প্রমাণ নেই, কমিশন প্রমাণ নেই, এর কোন এভিডেন্স নেই, অথচ তিনি বলে দিলেন, "বর্গীরা রাজত্ব করে গেছেন", তিনি বলে দিলেন, "কুকীর্তি পাওয়া গেছে"। মাননীয় অর্থমন্ত্রী তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ হয়ে উদ্দেশ্য-প্রণোদিত হয়ে এই রকম কথা বলতে পারেন, এটা আমাদের চিন্তার বাইরে। ১৭ পাতাতেও তিনি উদ্দেশ্যপ্রণোদিত ভাবে বলেছেন, "এই রাজ্যে যাঁরা এর আগে হাল ধরেছিলেন তাঁরা সব কিছু গোলমেলো করে দিয়ে লুটে-পুটে গেছেন"। কাজেই এই সমস্ত আন-পার্লামেন্টারি কথা বলা যুক্তিসঙ্গত নয় এবং এই সমস্ত অযৌক্তিক কথা—আমার মত একজন অর্ডিনারি এম এল. এ. তিনি নন, তিনি ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার একজন বিশিষ্ট শিক্ষাবিদ, সুদূর আমেরিকা থেকে শিক্ষা নিয়ে এসেছেন, তাঁর সংস্কৃতির সঙ্গে এই সংস্কৃতি মেলে না, তাঁর এই ধরনের কথায় আমি অত্যন্ত দুঃখ ও বেদনা পেলাম—কি ধরনের এক অযৌক্তিক কথা তাঁর বক্তব্যের মধ্যে আমি পেলাম।

স্যার, পশ্চিমবাংলায় আমরা লক্ষ্য করেছি, এদের কাজ সম্বন্ধে নতুন কিছু বলার নেই। স্যার, এঁরা আজকে চিৎকার করছেন আমরা ২০ হয়ে এসেছি বলে। হাঁ, এটা বাস্তব কথা আজকে আমরা ২০ হয়ে এসেছি, কিন্তু '৭১ সালে আপনারা ১৭ হয়েছিলেন বলে যেমন ভয়ে আসেন নি আমরা তা করি নি। আপনারা সেদিন পশ্চিমবাংলার মানুষের রায়কে অগ্রাহ্য করেছিলেন, কিন্তু আজ আমরা ২০ হয়েও এই বিধানসভায় এসেছি। পশ্চিমবাংলার মানুষ আপনাদের সুযোগ দিয়েছে। কিন্তু সুযোগ দিয়ে তারা আজকে আঙ্গুল কামড়াচ্ছে, পশ্চিমবাংলার মানুষ আজকে বুঝতে শুরু করেছে। ঐ দেওয়ালে দেওয়ালে স্লোগান লেখা অত্যন্ত সস্তা কিন্তু কাজে করা অনেক শক্ত। ঐ এক টাকা কেজি চাল দিতে হবে, বেকারভাতা দিতে হবে ইত্যাদি সমস্ত কথা মুখে বলা অত্যন্ত সোজা, কিন্তু বাস্তব ক্ষেত্রে যখন এডমিনিস্ট্রেশানের দায়িত্ব পেয়েছেন তখন অর্থমন্ত্রী মহাশয় বুঝছেন এই পশ্চিমবাংলায় এত সস্তা বুলি দিয়ে, মানুষের মাথায় হাত বুলিয়ে বেশীদিন টেঁকা যাবে না। তাই প্রথম থেকেই কেন্দ্রের উপর দায়িত্ব চাপিয়ে নিজেদের দায়িত্ব তাঁরা এড়িয়ে যাবার চেষ্টা করছেন। কিন্তু এমনিভাবে বেশীদিন চলবে না। আজকে আসুন, নতুনভাবে

আপনারা চিন্তা করতে শুরু করুন। আপনারা তো জানতাম মার্কসের বন্ধু, মার্কসের তত্ত্ব অনুযায়ী চলেন। গান্ধীজী, নেতাজীর কথা বাদ দিন, আমরা জানি আপনারা এঁদের মানেন না। কিন্তু আপনারা তো মার্কসের কথা মানেন, এখানে একটা জায়গায় দেখছি একটা লাইনে লেনিনের কথা বলেছেন, কিন্তু মার্কসের কথা রাখেন নি কেন? আজকে মাননীয় বন্ধুদের বলি, আপনারা জিজ্ঞাসা করুন আপনাদের অর্থমন্ত্রীকে কেন তিনি বাজেট বক্তৃতায় মার্কসের কথার উল্লেখ না করে শুধু লেনিনের কথা উল্লেখ করে ছেড়ে দিলেন? আজকে তাই বন্ধুদের বলি, আপনাদের মধ্যেই কনফিউশান সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। কাজেই স্যার, যারা নিজেদের মধ্যেই কনফিউশান ক্রিয়েট করছেন তাঁরা পশ্চিমবাংলার মানুষকে কি আর নতুন শেখাবেন, আর নতুন তত্ত্বই বা কি আর দেবেন—সেটা বুঝতেই পারছেন। স্যার, এঁরা করের বোঝা চাপিয়ে এই বাজেট যেভাবে এনেছেন এবং তা করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন পশ্চিমবাংলার মানুষের একজন প্রতিনিধি হিসাবে আমি তা সমর্থন করতে পারছি না। স্যার, আমি সমর্থন করতে পারছি না কয়েকটি কারণে। এখানে দেখুন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, তাঁর বাজেট বক্তৃতার এক জায়গাতে যে, গ্রামাঞ্চলের কৃষক এবং কৃষির উন্নতির জন্য আপ্রাণ চেষ্টা করা হবে, কিন্তু সঙ্গে সঙ্গে দেখুন কন্ট্রাডিকশান। সেখানে ডিজেল অয়েল, মবিল অয়েল ইত্যাদি যেগুলি পাম্পসেটে লাগে—নিম্ন-মধ্যবিত্ত চাষী বন্ধুরা পাম্পসেটে যে অয়েল ব্যবহার করেন —একদিকে বলছেন গ্রামের কৃষির উন্নতি করবো, আবার উল্টো দিকে সেখানে ট্যাক্স বাড়িয়ে দিলেন যাতে গরিব চাষীরা পাম্পসেটে সেই তেল আর ব্যবহার করতে না পারেন। স্যার, এসবের কোন যুক্তি আমি খুঁজে পাচ্ছি না। স্যার, এই স্টেটমেন্টটির মধ্যে ভুলভ্রান্তি প্রচুর রয়েছে। আমি নিজে ইকনমিস্ট নই, কিন্তু মাননীয় অর্থমন্ত্রী নিজেকে একজন ইকনমিস্ট বলে ক্লেম করেন, তাই আমরা আশা করেছিলাম নতুন কিছু কথা তাঁর কাছ থেকে শুনতে পাব। কিন্তু তা না হয়ে অফিসাররা যে রকম বলে দিয়েছেন বা লিখে দিয়েছেন সেই ভাবেই উনি পেশ করেছেন, এটা অনুমান করেই আমি আমার বক্তব্য শেষ করলাম। জয়হিন্দ। বন্দেমাতরম।

4.10—4.20 P.M.

শ্রীশুভেন্দু মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা রেখেছেন, আমি প্রথমে তাঁর বাজেট বক্তৃতাকে বা পুরো বাজেটকে পুরোপুরি সমর্থন করছি। এজন্য সমর্থন করছি যে, এই প্রথম আমি জানতে পারলাম যে, ১৯৫০-৫১ সালে কি ঘটনা ঘটেছিল এবং তারপরে আজকে সারা দেশে, বিশেষ করে

পশ্চিমবাংলায় যে অর্থনৈতিক সংকট চলছে—চাকুরি বলুন, জিনিসপত্রের মূল্য বৃদ্ধিই বলুন, গ্রামের কৃষকের উন্নতি বা অবনতি বলুন, রাস্তাঘাট, স্কুল প্রভৃতি সব বিষয়েই সংকট দেখা দিয়েছে। যাকে সার্বিক সংকট বলে, সেই সংকটের গোছা রয়ে গেছে ১৯৫০-৫১ সাল থেকে সেটা উল্লেখ হয়েছে। এটা একটা মস্ত বড় জিনিস বলে মনে করি। কারণ আমাদের বাংলাদেশের গ্রামাঞ্চলে আমরা দেখেছি, ৩০ বছর চলে গেছে—ঐ যে আমাদের একজন সভ্য বললেন, যে কত বছর হয়ে গেছে সেখানে একটা পিচের রাস্তা পর্যন্ত হয়নি। অথচ দেখা যাবে যে, সেখানে বারেবারে কংগ্রেস সদস্য জয়লাভ করেছেন। পশ্চিমবাংলায় ৩০ বছর ধরে কংগ্রেস সরকার চলছিল। মাঝখানে কয়েকটি মাস হিসাব করলে দেখা যাবে কংগ্রেস সরকার ছিল না। কিসের জন্য এই অবনতি তার একটা মূল কারণ এখানে উল্লেখ করা রয়েছে। আর একটা জিনিস দেখেছি, সেটা আমরা বামফ্রন্টের লোক, আমাদের কাছে বড় কথা, সেটা হচ্ছে, বাজেট আগেও হয়েছে, সেই বাজেট আর এই বাজেটের মধ্যে একটা মূল পার্থক্য আছে। এই বাজেট হচ্ছে নিপীড়িত মানুষের বাজেট, বঞ্চিত মানুষের বাজেট। কিভাবে দেশের অর্থব্যবস্থা সরকারের হাতে তহবিল বা সম্পদ কিভাবে সংগ্রহ করা হবে, কিভাবে ব্যয় করা হবে—জনসাধারণ এতদিন পর্যন্ত বাজেট নিয়ে মাথা ঘামাত না, কারণ তারা বারবার দেখেছে যে, বাজেট হলে সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা আরো বেশী বেড়ে যায়। বাজেট মানেই সাধারণের ব্যবহার্য জিনিসের উপর ট্যাক্স চাপত, দর বেড়ে যেত, এবার তা হয়নি। গত কয়েক বছরে প্রাইমারী স্কুল হয় নি। একজন সদস্য বললেন যে, জনসাধারণকে ভাঁওতা দেওয়া হচ্ছে, কিছুই করার কথা নেই। আবার কেউ মার্কস, লেনিনের কথা বললেন। মার্কস, লেনিন তিনি কতটুকু বোঝেন জানি না, তবে যা বললেন তা থেকে বোঝা যাচ্ছে যে, তিনি কিছুই বোঝেন না। তাঁদের হাতে যে রাজত্ব ছিল, সেই রাজত্বে সেটা দেখা গেছে। আর আমাদের এইমাত্র কয়েকদিনের রাজত্বে একটা খবর কলকাতায় এসে জেনেছি সেটা হচ্ছে ইতিমধ্যে কিছু কিছু High School. ১১ ১২ ক্লাসের মঞ্জুরী দেওয়া হয়েছে। কলকাতার মানুষের কাছে আমরা জেনেছি, তারা ভাবতে পারেনি যে, এত তাড়াতাড়িতে এতগুলি ১১/১২ ক্লাসের স্কুল মঞ্জুরী হতে পারে। কি করে হল ? মন্ত্রীদের সংগে দেখা করার সংগে সংগে স্কুল মঞ্জুরী হয়েছে। কোন M. L. A-.কে না ধরে হয়েছে, কোন M. L. A.-কে সংগে নিতে হচ্ছে না, কোন পয়সা লাগে নি। বাঙ্গালী-অবাঙ্গালী সকলেই বলেছে, তারা একথা শুনে অবাক হয়ে গেছে। তারা বলেছে, এইরকম এক একটা ১১/১২ ক্লাসের স্কুল মঞ্জুরী করতে গেলে ৩০/৪০ হাজার টাকা কংগ্রেস M. L A.-দের ঘুষ দিতে হয়েছে। আর এটা বিনা

পয়সায় হচ্ছে, এত অবাক কাণ্ড। কাজেই কাজ হচ্ছে এবং এই কাজ শুরু হয়েছে। মেদিনীপুর জেলায় গত ২ বছরে কোন প্রাইমারী স্কুলের মঞ্জুরী হয়নি এবং যেগুলি তাঁরা করতে চেয়েছিলেন সেগুলিও তাঁদের দল আপত্তি করেছে বলে কিছু হয়নি। অপর দিকে শুধু M. L. A. নয়, কংগ্রেস সেক্রেটারী, জেলা লেভেল থেকে তলার পর্যন্ত হাজার হাজার টাকা, লক্ষ লক্ষ টাকা ঘুষ নিয়েছে। এখানে একজন M. L. A., তার নামে অভিযোগ আছে, তিনি চাকুরি দেবার নাম করে, স্কুল করে দেবার নাম করে লক্ষ টাকারও বেশী করে নিয়েছেন। এ জিনিস আমাদের সরকার বন্ধ করতে চান। সেজন্য জনসাধারণের বাজেট শুধু নয়, এই সরকার জনসাধারণের স্বার্থ দেখবে। কত বছরে কোন্‌টা করা হবে এসব কথা বলে বাজার গরম হবে না। কারণ পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ জানে, গ্রামের মানুষ জানে যে, সত্যিকারের কাজ হচ্ছে কিনা। মন্ত্রীদের, সরকারের নীতি কি এটা উল্লেখ করা হচ্ছে। এতদিন ধরে জনসাধারণের যে আশা-আকাঙ্ক্ষা পূরণ করা হয় নি, সেটা পূরণ করা হবে। কি করা হবে, কতটা করা হবে—৩৬-দফা, ৩২-দফা কর্মসূচীর। কংগ্রেস বেঞ্চ থেকে বলা হয়েছে যে, বাজেটে এটা নেই, সেটা নেই করেন নি তো—৩৬-দফা কর্মসূচীতে যা লেখা ছিল, তার কিছুই করেন নি। ওরা বলেছেন শুধু গরম করার জন্য ৩৬-দফা বলা হয়েছে লোককে বিভ্রান্ত করার জন্য। কিন্তু ৩৬-দফাতে কি লেখা আছে? ৩৬-দফাতে তিনটি কথা লেখা আছে। কি করবো, কতটুকু পারবো, এক নম্বর, কি চেষ্টা করবো, সেটা দু' নম্বর, কেন্দ্রের কাছে কি আমরা সুপারিশ করবো, এই তিন নম্বর কথা লেখা আছে। এবং এই তিন নম্বরের ভিত্তিতেই কাজ চলছে। কেন এই অর্থনৈতিক সংকট—অর্থনৈতিক সংকট সম্বন্ধে ১৯৭০-৭১-কে টানা হয়েছে, বিশ্লেষণ করা হয়েছে কেন্দ্রের রিলেশন কি হবে, রাজ্যে এবং কেন্দ্রের সংগে অর্থনৈতিক সম্পর্কের পরিবর্তন যদি ঘটানো না যায় তাহলে একটা রাজ্যকে উন্নত করা যাবে না, জনগণের কোন সমস্যার সমাধান করা যাবে না, এমনকি কলকারখানা পর্যন্ত খোলা যাবে না। পশ্চিমবাংলার কাপড়ের কলগুলো, জুটকলগুলো, এইগুলো যদি উত্তর প্রদেশের হতো তাহলে সাবসিডি দিয়ে চালানো হতো, একটাও বন্ধ হতো না। কিন্তু উত্তর প্রদেশে সমস্ত চিনিকলগুলো চলছে, লাভ হচ্ছে, বিদেশে পাঠানো হচ্ছে চিনি। সাবসিডির দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কাজেই এই বাজেটে একটা নীতির প্রশ্ন আছে, সেই নীতির প্রশ্ন নিয়ে, একটা নতুন সূচনা নিয়ে সারা ভারতবর্ষে এই প্রথম বলতে পারি, যাতে বাজেটে একটা নতুন দৃষ্টিভঙ্গি আসছে। হয়তো আরও সুন্দর ভাবে, আরও ব্যাখ্যামূলক ভাবে, হয়তো আরও শক্ত ভাবে এটা রচনা করা যেতো, যেতে পারেও হয়তো, তবুও তিনি যা রেখেছেন অল্প দিনের মধ্যে, এটা

অভিনন্দনযোগ্য। এবার আমি অন্য কয়েকটি কথায় আসছি, যেটা পরে কাজে লাগবে। গ্রামের দিকে কতকগুলো কাজ রয়েছে, যেগুলোর দিকে অবিলম্বে দৃষ্টি দিতে হবে। কৃষির উন্নতির বিষয়ে যে সব কথা রয়েছে সেইগুলো সম্পূর্ণ সমর্থন করে আমি উল্লেখ করছি, রাস্তা যদি নাও হয়, কোন কোন জায়গায় সাঁকো করে দিতে হবে, ছোট ছোট কালভার্ট করে দিতে হবে, তার জন্য অনেক টাকা লাগবে না। কোথাও ছোট ছোট খালের উপর ব্রীজ করে দিতে হবে, এটা করলে দেখা যাবে মাটির রাস্তায়ও যাতায়াত তাড়াতাড়ি হবে এবং গ্রামাঞ্চলের কৃষি উৎপাদন বাজারে নিয়ে যাবার জন্য সুবিধা হবে, উৎপাদনে সুবিধা হবে, বৃদ্ধি পাবে। দ্বিতীয় কথা গ্রামাঞ্চলে গরু ব্ল্যাক কোয়ার্টার কিভাবে ভীষণ মারা যায়, গরীব কৃষক এর ফলে ভীষণ ক্ষতিগ্রস্ত হয়, কারণ এক একটা গরুর দাম চারশো/পাঁচশো টাকা। গরুই হচ্ছে গরীব চাষীর অর্থনৈতিক ক্যাপিট্যাল, হালের গরু, গাই গরু মরে যাওয়ার শোক তার কাছে পুত্রশোকের মত। গরু মারা যাবার ফলে সে চাষবাস করতে পারে না। কাজেই এ রোগের প্রতিষেধক ইনজেকশন যদি ঠিক ভাবে মজুত রাখা যায় রেফ্রিজারেটারের মাধ্যমে ব্লকে ব্লকে যে সেন্টার আছে সেখানে, তাহলে গরীব চাষীরা বিশেষ উপকৃত হয়। এই বছর আমরা দেখেছি, মেদিনীপুর জেলায়—খবর দেওয়া হল জেলাকেন্দ্রে কিন্তু ওষুধ পাওয়া গেল না যথাসময়ে। যার ফলে কিছু গরু মারা গেল। আর একটা কথা বলতে চাই, সোস্যাল ওয়েলফেয়ার ট্রেনিং সম্বন্ধে। এই বিষয়ে পশ্চিমবাংলায় কলকাতা বিশ্ববিদ্যালয়ে কোন ডিগ্রী কোর্সের ব্যবস্থা নেই। যা আছে তা হল 'learn while you earn' স্কীমে ৯ মাসের ডিগ্রী কোর্স চালু আছে, সপ্তাহে ২ দিন ক্লাস হয়, মালিকরা পাঠায় যা ডিগ্রী কোর্স নয়। আমার যতটুকু জানা আছে এই সোস্যাল ওয়েলফেয়ার অফিসার হবার জন্য ডিগ্রী কোর্সের লোককে নেওয়া হয়, কিন্তু এই ডিগ্রী কোর্স পাটনা ইউনিভার্সিটিতে পড়তে যেতে হয়, আর বেনারসে কাশী বিশ্ববিদ্যালয়ে পড়তে যেতে হয়। সুতরাং এই ডিগ্রী কোর্স কেন ক্যালকাটা ইউনিভার্সিটিতে চালু করা হবে না? এটা চালু করা হোক, এটাই আমি উল্লেখ করে যেতে চাই। এই বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.20—4.30 PM]

শ্রীপ্রলয় তালুকদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সীমাবদ্ধ আর্থিক সুযোগের মধ্যে যে পরিচ্ছন্ন এবং বলিষ্ঠ বাজেট পেশ করেছেন তার জন্য

তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমরা জানি যে গত ৩০ বছর যাবৎ আমাদের দেশে অর্থনীতি বিধ্বস্ত করে দিয়েছে, কংগ্রেসের যে শাসন তার ফলে। বিশেষ করে গত ১৯৭২ সালের পর থেকে যে মন্ত্রীসভা ছিল, যার মধ্যে দিয়ে মন্ত্রীসভা গঠিত হয়েছিল, সেই মন্ত্রীসভা যে ভাবে পশ্চিমবাংলার অর্থনীতিকে বিধ্বস্ত করে দিয়েছে, তার দায়ভার আজকে আমাদের নিতে হচ্ছে এবং তার ফল ভোগ আমাদের করতে হচ্ছে।

এটাও জানি যে আমরা যে অর্থনৈতিক কাঠামোর মধ্যে রয়েছি সেই অর্থনৈতিক কাঠামো ধনতান্ত্রিক অর্থনৈতিক কাঠামো এবং এই ধনতান্ত্রিক অর্থনৈতিক কাঠামোর মধ্যে থেকে একটা সুষ্ঠু সমাজতান্ত্রিক বাজেট পেশ করা সম্ভব নয়। কারণ এই অর্থ নৈতিক কাঠামোর মূল উদ্দেশ্য হলো পুঁজিপতি শোষণকে কায়েম রাখা এবং এর মধ্যেই আমাদের বাজেট করতে হয়েছে। তাছাড়া রাজ্যের হাতে ক্ষমতা অত্যন্ত সীমিত। স্বাধীনতার পরবর্তীকালে আমাদের দেশে যে সংবিধান রচিত হয়েছে এবং পরবর্তীকালে যে সমস্ত সংশোধন হয়েছে—বিশেষ করে গত ৩/৪ বছরের মধ্যে যেভাবে সংবিধান সংশোধিত হয়েছে তার মধ্যে দিয়ে রাজ্য আজকে একটা মিউনিসিপ্যালিটিতে পরিণত হয়েছে। কোন ক্ষমতা তার নেই। অত্যন্ত সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে রাজ্যগুলিকে আজকে চলতে হচ্ছে। কাজেই এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে, আর্থিক দিক থেকে বিপর্যস্ত দেশেও আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় একটা সুন্দর পরিচ্ছন্ন বাজেট পেশ করেছেন।

স্পীকার স্যার, এই বাজেটকে বলা হচ্ছে ঘাটতি বাজেট। এক বিরাট ঘাটতির বোঝা নিয়ে রাজ্য সরকার গত জুন মাসে প্রতিষ্ঠিত হয়েছে। এর ফলেই আজকে এই বাজেটে একটা বিরাট ঘাটতি থাকছে। ঘাটতি সম্বন্ধে বিরোধী দলের অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু তারা একথা কোন সময়েই বলেন নি যে, এই ঘাটতি কেন হলো। আজকে পশ্চিমবাংলাকে এই অবস্থায় তারাই নিয়ে এসেছেন, তার ফলেই এই ঘাটতি। কিন্তু একথা তারা স্বীকার করেন না। তারা অনেক বাগড়াম্বর করেছেন এবং ওয়াংচু কমিশনের একজন আসামী, তিনিও বক্তৃতা রেখেছেন। আমাদের অর্থমন্ত্রী তাঁর বাজেট বিবৃতির মধ্যে কতগুলি সুস্পষ্ট বক্তব্য রেখেছেন, যেমন বেকার সমস্যা, কেন্দ্র ও রাজ্যের মধ্যে সম্পর্ক, অর্থনৈতিক বৈষম্য ইত্যাদি। তারপর মূল্য বৃদ্ধি এবং কিভাবে মূল্য বৃদ্ধিকে সীমিত করা যায় ইত্যাদি সম্পর্কে তিনি বক্তব্য রেখেছেন। তিনি বলেছেন কেন্দ্র রাজ্য সম্পর্কের একটা সুষ্ঠু মীমাংসা না হলে রাজ্যের হাতে আর্থিক ক্ষমতা বৃদ্ধি না হলে যুক্ত রাষ্ট্রীয় কাঠামো, ফেডারেল

কাঠামো যদি ঠিক ভাবে করা না যায় তাহলে এই সমস্যাগুলির সমাধান হতে পারে না। কিন্তু এতদ সত্ত্বেও আমরা দেখলাম এই বাজেটে জনহিতকর কাজের জন্য অনেকগুলি বরাদ্দ রাখা হয়েছে। সবচেয়ে বড় কথা হচ্ছে এই বাজেটে আমরা দেখলাম বিদ্যুৎ সমস্যা সম্পর্কে সুন্দর বক্তব্য রাখা হয়েছে। গত ৫ বছর যাবৎ এটা পশ্চিমবাংলার দৈনন্দিন সমস্যা। গ্রামে বিদ্যুৎ চলে গিয়েছে—গ্রামেও অন্ধকার, শহরে অন্ধকার। এই অবস্থায় বিদ্যুৎ সমস্যা সম্পর্কে এই বাজেটে রয়েছে, এর মোকাবিলা করবার জন্য সরকার প্রস্তুত এবং এর জন্য তারা চেষ্টা করবেন এবং এর জন্য অতিরিক্ত আর্থিক ব্যয়বরাদ্দও তারা বহণ করবেন। শিক্ষা সম্পর্কে এই বাজেটে রয়েছে, প্রাথমিক শিক্ষার বিস্তার করা হবে। ১৯৭৮ সালের জানুয়ারী মাস থেকে ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা হবে এবং ২০ লক্ষ ছাত্রকে টিফিন দেওয়া হবে। বর্তমানে এটা ১০ লক্ষ আছে, আরো ১০ লক্ষ বাড়ানো হবে। এসব কিন্তু বিরোধী দলের বন্ধুরা দেখতে পেলেন না। যানবাহন সম্বন্ধে রয়েছে, এই সমস্যার সমাধানের জন্য এই বাজেটে আরো অতিরিক্ত ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে।

তবে আমাদের ঘাটতি বাজেট। এর মধ্যে একদিকে যেমন খরচ বৃদ্ধি করতে হবে, তেমনি অন্যদিকে কিছু কিছু জায়গায় রাজস্বের কথা আছে সে সম্বন্ধে Enquiry করতে হবে। কারণ আমরা জানি আমরা কেন্দ্রের কতকগুলি স্কুল সম্বন্ধে যেগুলি প্রাথমিক স্কুল, ভুতুড়ে স্কুল—অর্থাৎ টাকা খরচ হয়েছে, কিন্তু স্কুল নেই। ঠিক সেরকমভাবে বিভিন্ন সমিতি social welfare-এর টাকা নিয়েছে। কিন্তু সমিতি নেই। কংগ্রেসের বহু কর্মী যাদের বাজারে সুখ্যাতি আছে তারা স্কুলের নামে টাকা নিয়েছে, কিন্তু সেখানে ছাত্র নেই। এগুলি সম্বন্ধে খোঁজ নেওয়া দরকার এবং এ রকমভাবে যারা চুরি করেছে তাদের শাস্তি হওয়া দরকার। তারপর C.M.D.A-এর জন্য ২৫০ কোটি টাকা খরচ হয়েছে, কিন্তু কি কাজ হয়েছে তা আমরা জানি। গত জুন-জুলাইয়ের বর্ষায় সে সব আমরা দেখেছি। বহু রাস্তা ও ড্রেন করা হয়েছে। কিন্তু ড্রেনের জল বার করার কোন জায়গা নেই। এরকম ভাবে টাকার অপচয় হয়েছে। আমার শিবপুর অঞ্চল একটা বড় শিল্প এলাকা—দক্ষিণপাড়া, শালিমার, তাঁতীপাড়া, Guest Keen ইত্যাদি জায়গাগুলি বছরের ৩ মাস জলে ডুবে থাকে। C.M.D.A.-এর টাকা জলে ফেলে দেওয়া হয়েছে। এমন কি এবার দেখলাম Guest Keen-এর পেছন থেকে নৌকা নিয়ে এসে উদ্ধার করতে হল। ভোলা সেন মহাশয় বললেন, road-কে priority দেওয়া হোক। কিন্তু তিনি যখন ছিলেন তখন তিনি কি করেছিলেন? সমস্ত রাস্তা নষ্ট করা হয়েছে। যানবাহনের

কথায় অর্থমন্ত্রী দরদের সঙ্গে বলেছেন কিভাবে জীবনের ঝুঁকি নিয়ে মানুষ সমস্ত যাতায়াত করে। এক্ষেত্রে আমি বলব শুধু road transport নয়, water transport-এর কথাও চিন্তা করতে হবে। গঙ্গার দু'ধারের মানুষ জলযানের মাধ্যমে যেতে যাতে পারেন তার ব্যবস্থা করা দরকার। আমি বলব Inland water transport নামে যে একটা wing আছে সেটা সম্পূর্ণ অকেজো হয়ে আছে। তার যথাযথ সুব্যবস্থা যদি করা যায় তাহলে কিছুটা সমস্যার সমাধান হবে। এরপর শিল্পের সঙ্কটের কথা বলব। আমার কেন্দ্র বিরাট শিল্পাঞ্চল। শালিমার ৪ বছর বন্ধ, Industrial Gas ৩ বছর বন্ধ ইত্যাদি—এই রকম বহু বহু কারখানা আছে। বেনামী metal ইত্যাদির মতন বহু কারখানায় শিল্প সঙ্কটের নাম করে ছাঁটাই হয়ে যাচ্ছে। হাসপাতালের চিকিৎসা সম্বন্ধে বলব। আমার এলাকায় একটা Poly clinic আছে, যেটা প্রায় উঠে যাবার যোগাড় হয়েছে। কারণ তার out-door-এ রুগী ভর্তি ব্যবস্থা না থাকার ফলে সেটা উঠে যাবার যোগাড়। সর্বশেষে C.M.D.A সম্বন্ধে বলতে চাই যে, C.M.D.A.-এর কাজের maintenance-এর কোন ব্যবস্থা নেই। C.M.D.A কাজ করে চলে গেল, কিন্তু কে maintain করবে?

[4-30—4-40 P.M.]

এইগুলি কে করবে, Municipality করবে, না কোন Body করবে তার কোন ব্যবস্থা নেই। তার ফলে C.M.D.A যে সব pipe বসিয়েছে সে সব pipe ফেটে গেছে। রাস্তা সব জলে ভর্তি হয়ে গেছে। মানুষ জল পাচ্ছে না, রাস্তা নষ্ট হয়ে গেছে। তার কোন প্রতিকারের ব্যবস্থা নেই। কারণ Municipality করতে পারবে না। C.M.D.A School করেছে, Private School, কিন্তু সেই School Building সব ভেঙে পড়ে গেছে। এই School Building repair-এর কোন ব্যবস্থা নেই। কে করবে? প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মাত্র ২৫ টাকা contingency পাওয়া যায়। তারমধ্যে School-এর কাগজ-কলম কেনার ব্যবস্থা করে সারানোর কোন টাকার ব্যবস্থা করা যায় না। সেইজন্য C.M.D.A.-র কাজের নূতন করে পুনর্বিন্যাস করা উচিত ও আগামী দিনে C.M.D.A.-এর maintenance-এর ব্যাপারে ব্যবস্থা করা উচিত। এ ব্যাপারে যে টাকা খরচ হবে সেই টাকা খরচের কোন মানেই হবে না, যদি না maintenance-এর টাকা থাকে। মাননীয় স্পীকার মহাশয়, ক্ষুদ্র শিল্পের ব্যাপারে বলছি যে, শিল্পে বিকেন্দ্রীকরণ দরকার। বাজেটে শিল্পের প্রসারের ব্যাপারে অনেক কথা বলা হয়েছে, নানান পরিকল্পনার কথা বলা

হয়েছে। মাননীয় সদস্যরা সকলেই জানেন যে, ভয়াবহ আর্থিক ঘাটতি ও বেকার সমস্যা আমাদের রয়েছে। এই বেকার সমস্যা হতে উদ্ধার হতে হলে আমাদের ব্যাপক পরিকল্পনা নিতে হবে। এই ক'টি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫শে আগষ্ট আমাদের মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট বক্তৃতা উপস্থাপিত করেছেন, আমি তা যথাসম্ভব খুঁটিয়ে পড়েছি। খুঁটিয়ে পড়ে আমি দেখেছি তিনি তাঁর বক্তৃতার উপসংহারে বলেছেন যে, এই বাজেটের মধ্য দিয়ে তিনি নীরব বিপ্লব ঘটাবেন —তিনি নীরব অর্থনৈতিক বিপ্লব ঘটাবার চেষ্টা করেছেন। এর মধ্যে আমাদের দেশের নিপীড়িত বঞ্চিত লাঞ্ছিত অপমানিত মানুষ তাদের জীবনে নতুন ভাষা খুঁজে পাবে, মাথা উঁচু করে দাঁড়াবার সুযোগ পাবে। আমি জানি না আজকে ক্ষয়িষ্ণু পুঁজিবাদের যুগে, সাম্রাজ্যবাদের যুগে, তৃতীয় বিশ্বজোড়া বাজার সংকটের যুগে একটা পুঁজিবাদী রাষ্ট্রনৈতিক এবং অর্থনৈতিক কাঠামোর উপর দাঁড়িয়ে নিছক বাজেট ফর্মুলেট করে হাজার চেষ্টা করেও এই নীরব অর্থনৈতিক বিপ্লব ঘটনা সম্ভব কি না। আমি মার্কসবাদ লেনিনবাদের ছাত্র, মার্কসবাদ-লেনিনবাদের শিক্ষায় আমার জানা নেই কোথাও এই রকম ইঙ্গিত আছে কিনা। উল্লেখ করলাম এইজন্য যে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের গোড়ায় লেনিনের উদ্ধৃতি উল্লেখ করেছিলেন এবং যেখানে বলা হয়েছে যে, অর্থনীতি পরিস্কৃত রাজনীতি রাষ্ট্র কাঠামোর মৌলিক পরিবর্তন ছাড়া অর্থনীতির মৌলিক পরিবর্তন সম্ভব নয়, সেখানে কিভাবে এই উপসংহারে এইভাবে আমরা এক্সপেক্ট করতে পারি যে, বাজেটের মধ্য দিয়ে সেই নীরব অর্থনৈতিক বিপ্লব সম্ভব? হাজার প্রগতিশীল প্রচেষ্টা নিলেও, প্রগতিশীল সরকার হলেও এটা কি সম্ভব? আমার এখানে মনে হয়েছে অতীতে যেভাবে বাজেটের মধ্য দিয়ে বিভিন্ন সময় এক্সপেক্টেশান জনমানসে সৃষ্টি করার চেষ্টা করা হয়েছে এই উপসংহারে বক্তব্যের মধ্য দিয়ে সেই রকম বিভ্রান্তি সৃষ্টির অবকাশ থাকবে। সমস্যার কথা তিনি বলেছেন, কিন্তু আজকে দেশের সামনে দেশের অর্থনীতির যে মূল সংকট সেই সংকট সম্পর্কে ভাসা ভাসা কিছু কিছু বক্তব্য এসেছে, কিন্তু মূল সমস্যা আজকে বাজেট উত্থাপন প্রসঙ্গে জনসাধারণের সামনে এসেছে বলে আমার মনে হয় না। আজকে সেটা আসা উচিত। বিনিয়োগ হচ্ছে না, বিনিয়োগে শৈথিল্য, মন্দা দেখা দিয়েছে, এইসব কথা উঠেছে। কিন্তু বিনিয়োগ কি করে হবে? সেই বিনিয়োগ শিল্পপতিদের আবেদন করলে হবে—এ কি

শিল্পপতিদের আবেদনের অপেক্ষায় শিল্পপতিরা বিনিয়োগ করবে কি না করবে তার উপর নির্ভর করে? সরকারী খাতে রাষ্ট্রীয় খাতে, বিনিয়োগ করলে সমস্যার সমাধান হবে কি না এই প্রশ্নগুলি বিবেচনা করার দরকার আছে। এখানে যদি আমরা মোটিভ ফোর্স অব প্রোডাকশান অর্থাৎ উৎপাদনের যে মূল চালিকা শক্তি তার কথা না ভাবি —আমাদের দেশে উৎপাদনের মূল চালিকা শক্তি হচ্ছে ম্যাক্সিমাইজেশান অব প্রফিট, সর্বাধিক লাভ, তাহলে হবে না। লাভভিত্তিক উৎপাদন, আর সেই লাভ নির্ভর করে দেশের বাজারের উপর। দেশের মানুষের ক্রয়ক্ষমতা, এফেক্টিভ ডিমাণ্ড, তাদের যে চাহিদা তার উপর নির্ভর করে বাজার এবং সেই বাজার ক্রমাগত সঙ্কুচিত হচ্ছে পুঁজিবাদী শোষণের ফলে। এই রকম একটা অবস্থায় আজকে কি রাষ্ট্রীয় ক্ষেত্রে, কি বেসরকারী ক্ষেত্রে বিনিয়োগের কোন সুযোগ আছে কি না। সুতরাং আজকে গোটা সমস্যাটা এই জায়গায় দাঁড়িয়ে আছে। যতক্ষণ পর্যন্ত না মূল অর্থনৈতিক কাঠামো, রাষ্ট্রনৈতিক কাঠামো পরিবর্তন করা যাচ্ছে অর্থাৎ সমাজ বিপ্লব রাষ্ট্র বিপ্লবের কর্মসূচী ছাড়া আজকের দিনে আমাদের মূল সমস্যার সমাধান সম্ভব নয়। এই বিষয়টাকে সামনে রেখে বাজেট উপস্থাপিত করা উচিত ছিল। কিন্তু উপসংহারে যে জিনিস দেখলাম তার দ্বারা সাধারণ মানুষের মূল সমস্যার সমাধান হবে না। তাই আজকে আমরা মনে করি যে, বাজেট উত্থাপনের ক্ষেত্রে শুধু মূল সমস্যা কেন, এমন কি সমস্যার আংশিক পরিবর্তনের কণ্টেক্সট নেই। আজকে ক্যাপিটালিস্ট ইকনমিক ষ্ট্রাকচারের মধ্যে জনসাধারণের জীবনে কিছু রিলিফ দেওয়ার অর্থে বাজেট ফর্মুলেট হওয়ার দরকার আছে এবং একটা বাম সরকার যখন তার বাজেট ফর্মুলেট করবেন স্বাভাবিকভাবে তার বাজেটের মধ্যে তার কিছু প্রতিফলন থাকবে। বাজেট উত্থাপনের ক্ষেত্রে বাজেট বক্তব্যের মধ্যে দেশের মানুষের কাছে একথা অকপটে স্বীকার করতে হবে যতক্ষণ পর্যন্ত পুঁজিবাদী শোষণ ব্যবস্থা থাকছে ততক্ষণ পর্যন্ত মূল সমস্যার সমাধান করা সম্ভব নয়। শোষণ ব্যবস্থা না ভেঙ্গে শুধুমাত্র বাজেট ফর্মুলেশানের দ্বারা মানুষের মৌলিক সমস্যার সমাধান করা সম্ভব নয়। সুতরাং একদিকে যেমন পুঁজিবাদী ব্যবস্থার বিরুদ্ধে সাধারণ মানুষকে রাজনৈতিক সচেতন করে তুলতে হবে, তাদের সঠিক পথ দেখাতে হবে, অপরদিকে সীমাবদ্ধ ব্যবস্থার মধ্যে সীমিত অর্থে পুঁজিবাদী শোষণের যে কুফল সেই কুফলগুলি প্রতিহত করে জন জীবনে কিভাবে রিলিফ দেওয়া যায় সেই পরি-প্রেক্ষিতে আজকে বাজেট উপস্থাপিত করা উচিত।

[4.40—4.50 P.M.]

এই বাজেটের মধ্যে মূল্য স্তরকে প্রতিরোধ করা, খাজনা এবং কর যা মানুষের জীবনকে দুর্বিষহ করে তুলেছে তাকে কমান এবং কালোবাজারী ও মজুতদারী বন্ধ করার ব্যাপারে কার্যকরী ব্যবস্থা নেওয়া উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় এই বাজেটে সেইসব পদক্ষেপ কিছু দেখতে পাচ্ছি না। মূল্যস্তর, করের বোঝা এবং এই পুঁজিবাদী ব্যবস্থায় আমাদের দেশের মানুষের জীবন যখন দুর্বিষহ হয়ে উঠেছে তখন তারা বামফ্রন্ট সরকারের কাছে আশা করেছিল করের বোঝা কমান হবে, মূল্যবৃদ্ধি রোধ করবার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। করের বোঝা যা বেড়েছে তাতে দেখছি অধিকাংশ ক্ষেত্রে তা সাধারণ মানুষকে বহন করতে হবে সেটা যেভাবেই হোক। আমরা জানি এই সমাজ ব্যবস্থায় প্রডিউসার কস্ট অব প্রোডাকশনের সংগে করকে বেঁধে দেবে এবং দেশের মানুষকে সেই বোঝা বহন করতে হবে। আমরা দেখছি করের বোঝা কমাবার চেষ্টা দুটি ক্ষেত্রে হয়েছে এবং তার একটি হচ্ছে মোটর পার্টস। এখানে ১৫ পারসেন্টের জায়গায় ১২ পারসেন্ট করা হয়েছে। আমাদের অর্থমন্ত্রী বলেছেন, এর সুদূরপ্রসারী প্রভাব আছে। কিন্তু আমরা দেখছি এখানে যে কর মকুব করা হল সেই রিলিফ যারা মোটর গাড়ীর মালিক, সেই শিল্পপতি ভোগ করবে। তাঁরা যাত্রীদের ক্ষেত্রে টিকেটের হার কমাবেন তার গ্যারান্টি কোথায়? এক্ষেত্রে দেখছি শুধু আবেদন এবং এক্সপেক্টেশন। কিন্তু আমরা কি শিল্পপতিদের কাছে আবেদন এবং এক্সপেক্টেশনের উপর নির্ভর করে থাকতে পারি? তারপর, ড্রাগস্ অর্থাৎ ভেষজ ঔষধের ক্ষেত্রে দেখছি ৮ পারসেন্টের জায়গায় ৬ পারসেন্ট করা হয়েছে, অর্থাৎ কর কমান হয়েছে। এই যে করের বোঝা কমান হয়েছে তাতে দেখছি আমাদের অর্থমন্ত্রী ঔষধ ব্যবসায়ী অর্থাৎ শিল্পপতিদের কাছে আবেদন করেছেন যে, এর ফল যেন কনজিউমাররা পায়, সাধারণ মানুষ পায়। আমাদের বক্তব্য হচ্ছে, আবেদনের উপর নির্ভর করে আমরা কি করে চলব? তাঁরা যদি এটা কার্যকরী না করেন তখন কি হবে। এটা যে কার্যকরী করা হবে তারজন্য কোন এফেকটিভ মেজার তো এই বাজেটে দেখতে পাচ্ছি না। তারপর অর্থমন্ত্রী বলেছেন যে, পুলিশ বাজেট কমান হয়েছে। এ কথা ঠিক ভোট অন এ্যাকাউন্ট-এর সময় যে পুলিশ বাজেট ছিল তাতে দেখছি ৪ কোটি টাকা পুলিশ বাজেটে কমান হয়েছে। বামফ্রন্ট সরকারের কাছে দেশের মানুষ আশা করেছিল যে, উন্নয়নমূলক কাজে বাজেট বাড়ান হবে। কিন্তু আমরা দেখছি লাস্ট ইয়ারে কংগ্রেস সরকারের আমলে তারা যে পুলিশ বাজেট করেছিল এটাও ঠিক সেই রকম

ইনফ্লেটেড বাজেট। গত বছর ৫০ লক্ষ ছিল, এবারে ৫৫ কোটি ৮৮ লক্ষ টাকা। ফলে আমার বক্তব্য এই বাজেটে আরো কিছু কাটেল করা উচিত ছিল। মাথাভারী এ্যাডমিনসট্রেশন কমিয়ে আরো উন্নয়নমূলক কাজের জন্য কার্যকরী ব্যবস্থা নেওয়া উচিত। তারপর বেকার সমস্যা প্রচণ্ড আকার ধারণ করেছে, মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন। কিন্তু বেকার সমস্যার মৌলিক সমস্যা কিছু অন্তত লাঘব করবার জন্য সরকারের কিছু দায়-দায়িত্ব গ্রহণ করবার দরকার আছে বলে মনে করি। বেকার ভাতা দেবার বিষয়টি বিবেচনা করা দরকার। রুগ্ন শিল্পে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা উচিত। তারা যদি না খোলে তাহলে এই রকম কনডিশন ইমপোস করা উচিত যাতে তাদের কমপেল করা যায়। এই ব্যবস্থা গ্রহণ করলে বেকার সমস্যার কিছুটা লাঘব হতে পারে। শিক্ষার প্রশ্নে আমরা দেখছি বামফ্রন্ট সরকার ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করতে চেয়েছেন। কিন্তু মাধ্যমিক শিক্ষাকে অবৈতনিক করা উচিত। অন্তত ৮-ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করা উচিত ছিল। ক্লাশ এইট পর্যন্ত তো মেয়েদের আছেই। সুতরাং ৮ম শ্রেণী পর্যন্ত এটা বাড়ানো উচিত ছিল। তা ছাড়াও অন্যান্য ক্ষেত্রে পাবলিক হেলথ, স্যানিটেশন, হেলথের যা অবস্থা, বিশেষ করে গ্রামের ব্যাপারে তা কল্পনাই করা যায় না। ঔষধ নেই, হাসপাতালে মিনিমাম ঔষধ পর্যন্ত রুগীকে দেওয়া যায় না। ৬/৭ মাইল, ৮ মাইল পর্যন্ত রুগীকে হাসপাতালে হেঁটে যেতে হয়। সুতরাং এই সমস্ত বিষয়ে একটা পরিকল্পনা গ্রহণ করা উচিত।

শ্রীঅরবিন্দ ঘোষাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বামপন্থী সরকারের তরফ থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেটের আলোচনা আমরা সকাল থেকে শুনছি। আমরা আশা করেছিলাম যে, আমাদের বিরোধী দল কংগ্রেস-এর তরফ থেকে তাঁদের ৩০ বছরের শাসনের ফলে যে বিপর্যয় দেখা দিয়েছে তার পরিপ্রেক্ষিতে তাদের কাছ থেকে গঠনমূলক আলোচনা শুনবো বলে আশা করেছিলাম, কিন্তু আমরা হতাশ হয়েছি। মাননীয় অর্থমন্ত্রী আমাদের সমাজের লক্ষ লক্ষ মানুষের উপকার করবার জন্য এই বাজেট উপস্থিত করেছেন। সমাজের শেষ নিচু শ্রেণীর মানুষের জন্য এই বাজেট প্রাথমিক পদক্ষেপ হিসাবে তিনি রেখেছেন। তা কংগ্রেস সদস্যরা গুরুত্ব দিয়ে দেখেনি।

[4.50—5.00 P.M.]

তাঁরা আলোচনা করেছেন ভাসা ভাসা, সেই সম্পর্কে তাঁদের কোন সুস্পষ্ট বক্তব্য রাখেন নি। একথা ঠিক, আমরাও বলেছি আমাদের এই বাজেট যুগান্তকারী ঘটনা

নয়, এমন কিছু বহন করে আনে নি। আমার পূর্বে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গি নিয়ে যে বক্তৃ আলোচনা করলেন সেই রকম ধরনের কোন একটা ঘটনা নয়, তবে একথা ঠিক যে, আমাদের এই বাজেটের মধ্যে দিয়ে আমরা কোন্ পন্থী, সরকার কোন নীতিতে বিশ্বাস করে তার পরিচয় এর মধ্যে পাওয়া যায়। আমরা সেই মানুষ, সেই শ্রেণীর, যদিও আমরা জানি আজকে নাগরিক সভ্যতার চাষকে চারদিকে আয়োজন চলছে তাহলেও এখন পর্যন্ত আমাদের দেশে দরিদ্র কৃষক শ্রেণীর মানুষ যারা শতকরা ৮০ ভাগ তাদেরই গ্রামীণ সভ্যতার এখানে আমাদের এই সমাজ গড়ে উঠেছে। সেই যে গ্রামের সেই স্তরের মানুষ যাদের কোন উপকার ৩০ বৎসর ধরে কংগ্রেসশাসন করেও করতে ব্যর্থ হয়েছে তাদের নিয়ে প্রথমে কাজ আরম্ভ হয়েছে। সেই শ্রেণীর মানুষের কাছে, তাদের যে প্রধান দাবি যে দাবিগুলি এত সামান্য, তাদের পানীয় জলের ব্যবস্থা, তাদের প্রাথমিক স্কুলের ব্যবস্থা, তাদের সামান্য রাস্তাঘাটের ব্যবস্থা এবং জল নিকাশের খাল-নালার ব্যবস্থা, এই চারটি ব্যবস্থা আজকে যারা গ্রামে আছে তাদের মূল দাবি হয়ে দাঁড়িয়েছে। এই বাজেটের মধ্যে আমরা দেখছি যে, অর্থমন্ত্রী পানীয় জলের ব্যবস্থা করবার জন্য বিভিন্ন গ্রামে গ্রামে জল কল করবেন বলেছেন. এই বাজেটের মধ্যে দেখছি যে প্রত্যেক গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার কথা আছে, এই বাজেটের মধ্যে আমরা দেখছি যে, গ্রামে গ্রামে যে খাল বিল নালা ছিল সেগুলি সংস্কারের কথা এর মধ্যে বলা আছে। আমরা জানি জমিদারী প্রথা বিলোপের সময় থেকে গ্রামের মধ্যে যে সব খাল বিল ছিল তা সব মজে এসেছে যার জন্য একটু জল হলে আজকে জলবন্দী হয়ে পড়ে বা খরার সময় জল বড় খাল থেকে নিয়ে যাওয়া যায় না। সেইজন্য আজকে খালগুলি সংস্কার করতে পারলে হয়তো বড় খাল থেকে জল নিয়ে যাওয়া সম্ভব হবে এবং জলবন্দী ও জল নিকাশ করাও সম্ভব হবে। বাজেটে আরো বলা হয়েছে যে, গ্রামের রাস্তাঘাট নেই, যে গ্রাম ১৯/২০ মাইল দূরে কলকাতা থেকে সেখানে যেতে একদিন দেরি হয়ে যায়। বাজেটে বলা আছে যেখানে দেড় হাজার লোকের বাস সেগুলি বড় রাস্তার সঙ্গে সংযোগ করা হবে। তা যদি করা হয় তাহলে আমাদের সেই চারটি দাবি পূরণ করা সম্ভব হবে। এবং এই দাবিগুলি বাজেটের মধ্যে আছে বলে বলা যায় যে, এই বাজেট নূতন দৃষ্টিভঙ্গি দিয়ে তৈরি করা হয়েছে। আর একটি জিনিস হচ্ছে এমপ্লয়মেন্ট সম্বন্ধে, গ্রামে বেকার আছে, তাদের চাকরি দেওয়ার ব্যবস্থা করার জন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলবো যে, গ্রামে ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের দ্বারা বহু বেকারের কর্ম-সংস্থান করা সম্ভব এবং সেই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমাদের হাওড়া জেলায় বহু ছোট ছোট কুটির শিল্প ছিল। যেমন হাওড়ায় খুব ভাল পোলো বল

তৈরি হতো, সেখানকার তালা সারা ভারতবর্ষে বিক্রি হতো। এখন তা আলিগড় থেকে আসছে।

কুটির শিল্পে হাজার হাজার মানুষ কাজ করত, আজকে সেখানে ফ্যাক্টরি ছাড়া আর কিছু নেই। কুটির শিল্পকে যদি পুনর্জীবিত করতে পারি তাহলে বহু মানুষের কর্ম সংস্থান হতে পারে। সেজন্য আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করছি যে, কুটির শিল্পকে পুনর্জীবিত করতে হবে, এটা করতে পারলে আমি মনে করি আমাদের এ বিষয়ে কিছু কর্ম সংস্থান হতে পারে।

আমি আর একটা বিষয়ে বলব, বলেই শেষ করছি। সেটা হচ্ছে পাবলিক আণ্ডারটেকিং সম্বন্ধে। এখানে দেখতে পাচ্ছি এর ৯৯-টিতেই লোকসান হচ্ছে। গ্যাস এবং দুধ সাপ্লাই ছাড়া, আর যে সব রয়েছে সেগুলি আমাদের খুব বেশী প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এর প্রতিটিতেই লোকসান হচ্ছে। আমি জানি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটগুলিতে এত বেশী দুর্নীতি, এত বেশী ঘুষ চলছে যে, সেগুলি সম্বন্ধে পুরোপুরি একটা কমিটি যদি গঠন না করতে পারি তাহলে এখানে যে লোকসান হচ্ছে তা চলতেই থাকবে। এই লোকসান বন্ধ করে এগুলিকে যদি পুনর্জীবিত করা যায়, তাহলে অনেক লোকের অন্নের সংস্থান হতে পারে। সেজন্য এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। এই কথা বলে আমাদের বামপন্থী সরকারের তরফ থেকে প্রাথমিক পদক্ষেপ হিসাবে যে বাজেট বরাদ্দ বিবরণী রাখা হয়েছে তাকে সমর্থন করে আমি অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ এখানে রেখেছেন, সে সম্পর্কে বলতে গিয়ে আমাদের নেতা কাশীবাবু যা বলেছেন, সেটাই বলি। আমরা ভোট দেব, সেই সঙ্গে আমার যে বক্তব্য আছে, সেটাও রাখছি। আমাদের যে সমালোচনা আলোচনা করার অধিকার আছে, সেই অধিকারের বলেই বলছি। আমাদের অর্থমন্ত্রী মহাশয় অনেক জায়গায় অনেক অভিজ্ঞান পেয়েছেন, আমরা তাই মনে করেছিলাম যে নতুন সরকারের নতুন আলোর দিক দেখাবেন। যেটা আমাদের প্রথম প্রয়োজন সেটা হল কৃষির উপর বেশী জোর দেওয়া। উনি জানেন যে আমাদের কেন্দ্রীয় সরকার এবার কৃষির উপর শতকরা ২৮ ভাগ বরাদ্দ করেছেন। বাংলাদেশের অর্থনীতিও কৃষির সঙ্গে জড়িত। কৃষির উপর যদি চাপ না দেওয়া হয়, তাহলে আমাদের কখনও আর্থিক উন্নতি হবে না হতে পারে না। আমাদের কৃষিখাতে ১৭ পারসেন্ট বরাদ্দ রাখা হয়েছে, ইতিপূর্বে টেন টু টুয়েলভ ছিল, কি এইট পারসেন্ট ছিল আমরা যারা গ্রাম বাংলা

থেকে নির্বাচিত হয়ে এসেছি, আমরা গ্রামাঞ্চলের সদস্যরা আশা করেছিলাম যে কৃষিখাতে বেশী বরাদ্দ করা হবে, কিন্তু তার ব্যতিক্রম হওয়ায় হতাশ হয়েছি, কেননা কৃষিখাতে বেশী বরাদ্দ হয়নি। তাই এদিকে নতুন করে চিন্তা করতে বলি। কর ধার্য্য সম্পর্কে মাদক দ্রব্যের কথা বলতে গিয়ে যে সমস্ত মাদকদ্রব্য বাদ গেছে সেগুলি আমি সংযোজন করতে বলি। বিয়ার, আফিং, সিদ্ধি এই সমস্তর কথাই বলছি। মদের কথা বলেছেন কিন্তু বিয়ার বাদ গেছে, সেটাও রাখা দরকার, মাদক বলতে যে জিনিস বুঝায় সব কিছুর উপরই ট্যাক্স ধার্য করা উচিত। সেক্ষেত্রে বিলাস দ্রব্যের কথা বলি, সেটা হচ্ছে যেমন মিহি সূতার কাপড়, সিল্ক অর্থাৎ যে সমস্ত জিনিস বিলাস বহুল সেই সমস্তের উপরই কর ধার্য্য করা হোক। আর কতকগুলি জিনিস আছে—যেমন বিস্কুট, চুন, জুতোর কালি, কাচের জিনিসপত্র, দেশলাই, প্রভৃতির উপর কর আসছে, এগুলিকে করের আওতা থেকে রেহাই দেবার জন্য আবেদন রাখছি। সেই সঙ্গে শিক্ষার ব্যাপারেও একটু বলি। গ্রামে এক হাজার প্রাথমিক স্কুল করার কথা বলেছেন, গ্রামে যদি স্কুল করতে হয়, তাহলে এটা স্বীকার করতেই হবে যে এই স্কুল গ্রামে আরও বেশী করা যেতে পারে।

[5 00- -5-10 P.M.]

অর্থাৎ প্রাথমিক বিদ্যালয় যেখানে প্রয়োজন সেখানে দেওয়া উচিত। সেই সঙ্গে বলবো কলকাতা পৌরসভার যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে তাদের অর্থনৈতিক দিকের কথা চিন্তা করে গ্রামের বিদ্যালয়গুলির দিকে দেখা দরকার। অর্থাৎ শহর এবং গ্রামের সঙ্গে যে ব্যবধান থেকে গিয়েছে সেটা পূরণ করতে হবে। সেটা যদি করা যায় তাহলে অর্থনৈতিক সমস্যার সমাধান হবে। আপনারা জানেন শহরের মানুষ প্রতিদিন যেখানে ২৫ টাকা থেকে ৫ শো টাকা খরচ করেন কেবল মাত্র খাওয়ার জন্য, সেখানে গ্রামের মানুষ ২৫ পয়সা থেকে ৫০ পয়সাও খরচ করতে পারেন না। সেখানে যদি সমতা আনতে হয় তাহলে গ্রামের দিকে দেখতে হবে। গ্রামের কাজ বেশি করতে হবে। গ্রামের অর্থনৈতিক সমস্যার সমাধান করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই সমস্ত জানেন নিশ্চয়, তাঁর জ্ঞানের মধ্যে এই সমস্ত আছে। গ্রামের মধ্যে যে সমস্ত হাসপাতাল আছে তাতে ঔষধ পাওয়া যায় না, অনেক জায়গায় ডাক্তার নেই, নার্স নেই। সে সমস্ত ব্যবস্থা করতে হবে। এতদিন দেখছি দরাজ হাতে ব্যয় হয়েছে শহরের জন্য। সেটা কমিয়ে আনতে হবে। সেই সঙ্গে উল্লেখ করতে চাই তিনি এক জায়গায় বলেছেন গ্রামের মানুষের দুঃখের কথা এবং খাদ্য

সম্পর্কে বলেছেন, "কেন্দ্রীয় সরকার তো নানা ব্যাপারে উদারহস্তে ভরতুকি দিচ্ছেন। আমরা আশা করবো গ্রামাঞ্চলের নিঃস্বরা যাতে দু'মুঠো খেতে পায়, সেই উদ্দেশ্যে খাদ্যের ব্যাপারেও কিছু কিছু ভরতুকি দেবার কথা চিন্তা করে দেখবেন।" আমি অত্যন্ত আন্তরিকতার সঙ্গে তাঁর এই বক্তব্যকে সমর্থন জানাচ্ছি। আমি একথা জনতা পার্টির সদস্য হিসাবে বলবো যদি কেন্দ্রের কাছে ন্যায়সঙ্গতভাবে কোন দাবী করেন তাহলে আমরা সমবেতভাবে তা সমর্থন করবো এবং তা আদায় করার চেষ্টা করবো। সঙ্গে সঙ্গে বলেছেন, 'আমরা ভারতবর্ষের অর্থ নৈতিক সংহতিতে গভীর বিশ্বাসী'। তাহলে কেন্দ্র এবং রাজ্যের অর্থ নৈতিক অসমতা নেই বলে মনে করি। পরস্পরের সহিত যদি মিলে থাকি তাহলে কোন ন্যায্য ব্যাপারে কেন্দ্র থেকে টাকা আদায় করে আনতে পারবো। নলকূপের কথা বলেছেন। গ্রামে যখন যাই তখন লোকে বলে খেতে না দাও, মড়কের হাত থেকে বাঁচবার জন্য একটা নলকূপ দাও। আমার এলাকাতে যেখানে ১০ হাজার লোকের বাস, সেখানে একটাও নলকূপ নাই। সমস্ত বন্ধ হয়ে গিয়েছে। ৫/৭ বছরেও তার সংস্কার হয়নি। সেদিকে জোর দিন। ঐ সঙ্গে কৃষির উপর জোর দেওয়ার জন্য বলছি। সেচের ব্যবস্থা অত্যন্ত খারাপ। আমি জানি আমার কনষ্টিট্যুয়েন্সীতে একটা খালও এই বরাদ্দে নেই। আমার এলাকায় অন্ততঃ ৫০ টা খাল আছে, কিন্তু একটা খালও বরাদ্দের মধ্যে ধরা হয়নি। সেচমন্ত্রীকে আবেদন করেছি, এখনও আবেদন করবো। গ্রামের মানুষের মধ্যে যাতে অর্থ বিনিয়োগ করা হয় সেজন্য সরকারকে চিন্তা করতে হবে। পরিশেষে একটি কথা বলবো, বেকার ছেলেরা শিক্ষিত এবং অশিক্ষিত তারা চাকরির জন্য ঘুরছে। তাদের জন্যে ব্যবস্থা করবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোৎস্নাকুমার গুপ্ত: মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী কর্তৃক আনীত অর্থ বিলকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানাচ্ছি। এবং তাঁর আশা যাতে ফলবতী হয় সেটা আমি কামনা করছি। আজকে আমাদের এই ভারতবর্ষে মানুষ আছে ট্যালেন্ট আছে, মাটি আছে আবহাওয়া খারাপ নয়, তবুও এই ৬ শতকরা ৭০ জন লোক খেতে পায় না তার কারণ কি? কারণ হচ্ছে পরিকল্পার অভাব এবং শিক্ষাকে সার্বজনীন না করার জন্য এবং তার মূলে আমাদের এরিয়ান শাসন। আর্যরা যেমন রাজার নামে ধর্মের নামে শাসন করতো তেমনি শিক্ষিত সুযোগ সন্ধানীরা গণতন্ত্রের নামে দেশের শাসনভার করায়ত্ত করে রেখেছে। তার ফলে আজকে আপনি স্পীকার স্যার, এবং আমরা সবাই ভোটদাতাদের কনভিক্ট করে এসেছি। কেন বলছি যে We are known by our symbols

and not by our names. এর থেকে দুঃখের আর কি হতে পারে! ৩০ বছর স্বাধীন হয়েছি। ৩০ বছর পরেও ভোটারদের আমরা সিম্বল দিয়ে জানাই—তারা আমাদের নাম জানে না। আমরা অনেক বড় কথা বলি, ইন্দিরা গান্ধী বড় কথা বলছে। আমি এমন একটা জায়গায় থাকি যেখানে বিদেশ থেকে অনেক বিদেশী বহু সংস্কৃতিসম্পন্ন লোক আসেন। তারা আমাদের জিজ্ঞাসা করে that you are known, that your votes are held and you are known by your symbol. আমরা বলি yes, my symbol is 'kodal' and 'balcha'. আমরা বলতে বাধ্য হই যে, They cannot read the names. এর থেকে দুঃখের বেদনার আর কি হতে পারে? আমি অর্থমন্ত্রীকে একটি মাত্র কথা বলবো শুধু অবৈতনিক শিক্ষা দিলে হবে না। অবৈতনিক শিক্ষা এখনও আছে। গ্রামে যেখানে স্কুল আছে ক'টা ছেলে যায়? আর কেন যায় না? তারা রিড টু লাইফ তার ষ্ট্রিট অরচিন তাদের শিক্ষা দিতে গেলে তাদের খেতে দিতে হবে। যদি তারা খেতে না পায় যতই স্কুল হোক না কেন আমাদের এ সিম্বল দিয়ে ১০০ বছর ধরে ইলেকটেড হয়ে আসতে হবে। আমি অবাক হয়ে ভাবি যে আমাদের সিম্বল দিয়ে ইলেকটেড হয়ে এখানে আসতে হয়েছে। আমাদের নামে কিছু আসে যায় না। কাজেই আমি অর্থমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি অবৈতনিক স্কুল করলেই হবে না, গ্রামবাংলার ছেলেদের স্কুলে এ্যাট্রাক্ট করবার জন্য একটা খাবার দেবার ব্যবস্থা করুন। যে দিন থেকে এটা কার্যকরী হবে, এ খাবার দেবারও ব্যবস্থা যেন কার্যকরী হয়। তা না হলে মনিব বাড়ী চলে যাবে—নামে স্কুলে ১০০ ছেলে, আসলে ক'জন যায়—৩০ জন ছেলে স্কুলে পড়ে। মনিব বাড়ী যায় কারণ চা মুড়ি পাবে। আমরা ১০ থেকে ১৫ টাকা পার ক্যাপিটা খরচ করতে পারি—আপনি দেখুন, যাতে সেখানে ৬০ থেকে ৮০ টাকা খরচ করতে পারা যায় কিনা। প্রাইমারী এডুকেশনে ৩০০ টাকা খরচ করতে পারলে আমরা খাবার দিয়ে এ্যাট্রাক্ট করে তুলতে পারবো। কেন না শিক্ষা ছাড়া কোন জাতি বাঁচতে পারে না, বড় হতে পারে না। আর একটা কথা বলবো; আমাদের মাটি হাংরী নয় থার্ষ্টি। একজন বড় ইকনমিস্ট বলেছিলেন আমাদের জমি হাংরী থার্ষ্টি নয়। পৃথিবীর ওয়ান অব দি গ্রেটেস্ট ইকনমিস্ট একথা বলেছিলেন। এখন এটা ইনইকুলিটি ইকনমিক ওয়ালডে ইট ইজ এ সেজ হয়ে দাঁড়িয়েছে।

অর্থাৎ একটা এপিক জাতীয় বই কিন্তু আমার ধারণা মোর থার্ষ্টি দ্যান হাংরি। সেই জন্য আমার অনুরোধ অর্থমন্ত্রী তিনি যেন দয়া করে সেচের ব্যবস্থা করেন—এখন এই সেচ আর শিক্ষা যদি হয় তাহলে তারা রাস্তা বানিয়ে নেবে। আমার

আর বিশেষ কিছু বলার নেই, লাল আলো জ্বলে গেছে, সময়ও শেষ হয়ে গেছে। কাজেই আপনার মাধ্যমে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 5-20 P. M.]

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেট শুধু বাজেট নয়, আমি মনে করি এটা একটা দলিল হিসাবে ইতিহাস সৃষ্টি করেছে। তার কারণ, এর মধ্যে শুধু কতকগুলি হিসাব নিকাশ নেই—সেচ খাতে, অমুক খাতে কত খরচ হবে এই হিসাব নিকাশ অন্যান্য বাজেটেই থাকে, দীর্ঘ ৩০ বছরে কংগ্রেসের বাজেটেও ছিল, কিন্তু এখানে একটা বিশেষ ব্যতিক্রম হল প্রত্যেকবারই বাজেটে সমস্যা থাকে তার কোন সমাধান হয়নি, তার কোন ইঙ্গিত থাকতো না, যেমন মানুষ মাথা আঁচড়ে মরে তার কোন সমাধান হয় না—এখানে সমাধানের বিশেষ কোন পথ নেই তা ঠিক, কিন্তু ইঙ্গিত আছে। যেমন পরিষ্কার ভাবে বলা হয়েছে রাষ্ট্র কাঠামো না পাল্টানো পর্যন্ত এই সমস্যার সমাধান সম্ভব নয়—এটা একটা পরিষ্কার খোলাখুলি স্বীকৃতি। এই স্বীকৃতি কখনও আমরা এর আগে কোনদিন পাইনি। এই স্বীকৃতি থেকে পরিষ্কার বোঝা যায় রাষ্ট্র কাঠামো যেভাবে আছে তাতে এই পুঁজিবাদ এবং সামন্তবাদ শাসনই বর্তমানে চলছে। এই শাসনের ফলে যে উপজাতি সম্প্রদায় সেই সম্প্রদায় গাজন চলে আসছে। এই রকম শোষণ, বেকার সমস্যা ইত্যাদি ইত্যাদি—কোন কোন বিরোধীপক্ষের নেতা বলেছেন বেকার সমস্যা সমাধানের ইঙ্গিত নেই। আমার মনে হয় বেকার সমস্যার সঠিক পার্সপেকটিভ দিকটা ধরতে পারেন নি। বেকার সমস্যা নিজের রোগ নয়, অন্য আর একটা উপসর্গ মাত্র। জাতির দেহে এটা দেখা দেয়, অর্থ-নৈতিক সংকটে দেখা দেয়। বিস্তৃত অর্থ নৈতিক কারণ আছে—কনস্ট্যান্ট ক্যাপিটাল, ভারিয়্যান্ট ক্যাপিটাল ইত্যাদি নানা রকম কাণ্ডকারখানা আছে—সোজা কথা পুঁজিবাদ। একজন সদস্য মুনাফামুখী সভ্যতার কথা বললেন। মুনাফামুখী সভ্যতার ফলে হঠাৎ এই সমস্ত জিনিস এসে যায়। এই বাজেটের মধ্যে সব কিছুর ইঙ্গিত দেওয়া আছে। বাজেটে সমাধানের কথা কিছু বলা আছে। বাজেটের মধ্যে রাস্তাঘাট, স্কুল, বেকার সমস্যার টাইমটার্গেট ইত্যাদি দেওয়া নেই কেন, মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছেন—নিশ্চয় টাইমটার্গেট-ট দেওয়া নেই। শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর কথা শুনেছি। সংবিধানে ১৪ বছর বয়সের বালক বালিকাদের কথা শুনেছি—১৯৫০ সনের প্রতিশ্রুতিও আমরা দেখেছি। এই প্রতিশ্রুতি কি সব

সময় রাখা হয়? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের মধ্যে যে প্রচেষ্টা আছে অর্থাৎ অর্থনৈতিক ব্যবস্থাকে ঢেলে সাজাবার একটা ইঙ্গিত আছে। সেই ইঙ্গিতই দু' একটি জিনিসের মধ্যে এখানে ফুটে উঠেছে। দু-একটি কথা বাজেট স্পীচের মধ্যে বলা হয়েছে যেমন—একদিকে আমাদের আয় ব্যয়ের হিসাব বলা হয়েছে—আমাদের পশ্চিমবঙ্গের মাথা পিছু আয়টা কয়েকটি প্রদেশ বাদ দিলে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের চেয়ে কম বা সমান হয়ে যায়—এই একটা নতুন আলোকপাত হয়েছে।

এটা একটা নতুন আলোকপাত হয়েছে বাজেটের মধ্যে। হয়ত অনেকে প্রশ্ন করবেন, এই বাজেটের দ্বারা কি নীরব বিপ্লব সম্ভব হবে? তা ঠিক নয়। এটা একটা প্রচেষ্টা এবং সেই প্রচেষ্টার কথাই এখানে বলা আছে। সেখানে কেন্দ্র-রাজ্য সম্পর্ক ইত্যাদি নানান দিকে সেই প্রচেষ্টার কথা বলা আছে। শুধু কয়েকটা স্কুল করবো বা কয়েকটা টিউবওয়েল করবো এটা নিয়ে নিশ্চয় নীরব বিপ্লবের কথা বলা হয়নি, সেখানে প্রচেষ্টার কথাই বলা আছে এবং এইভাবে অর্থ নৈতিক বিপ্লবের মধ্যে যাওয়া যাবে এটা বলা আছে। এটা অত্যন্ত সত্য কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে এবং আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীনবকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন এবং তা করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন আমি তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের জনসাধারণ এই বাজেটের দিকে তাকিয়ে ছিল তাদের জন্য কি কর্মসূচী তুলে ধরা হবে তা দেখার জন্য কিন্তু বর্তমান সরকার এই বাজেটে পশ্চিমবঙ্গের জনসাধারণের জন্য কিছু প্রলোভন সূচক বক্তব্য ছাড়া আর কিছুই রাখেন নি। স্যার, সরকারী কর্মচারীরা আভাস পেয়েছিলেন এবং আশাও করেছিলেন যে, এই বাজেটে তাদের জন্য সুস্পষ্ট কিছু কর্মসূচী বা বক্তব্য থাকবে কিন্তু দেখা গেল বর্তমান সরকার সরকারী কর্মচারীদের নাভে ঘা দিয়ে তাদের জন্য পে-কমিশন গঠনের কথা ঘোষণা করেই চুপ করে গেলেন। আর পশ্চিমবঙ্গের জনসাধারণের জন্য কি কর্মসূচী ঘোষণা করলেন বা কি বক্তব্য রাখলেন: আপনারা হয়ত বলবেন যে, আমি কংগ্রেসের এম. এল. এ. কাজেই আমি বাজেটের বিরোধিতা করবোই, কিন্তু আপনারাই বলুন কি সুস্পষ্ট কর্মসূচী আপনারা বাজেটে রেখেছেন? ভোট অন এ্যাকাউন্ট বাজেটের সময় আমরা শুনেছিলাম, অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন কংগ্রেস সরকারকে অনেক গালাগালি দিয়ে যে, এখন নতুন কোন

কর্মসূচীর কথা আমরা বলব না, যখন পূর্ণাঙ্গ বাজেট আনা হবে তখন নতুন কর্মসূচীর কথা তাতে আপনারা পাবেন। আজকে তিন মাস পেরিয়ে যাবার পর যখন এই পূর্ণাঙ্গ বাজেট আমরা পেলাম তখন তাতে কি সুস্পষ্ট কোন কর্মসূচী আমরা পেয়েছি? শুধু জ্বালাময়ী কিছু বক্তৃতা ছাড়া এতে আর কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই ভারতবর্ষ কৃষি ভিত্তিক দেশ এবং আমাদের এই পশ্চিমবাঙলাও কৃষি নির্ভর প্রদেশ। কিন্তু এই কৃষির ব্যাপারে বা কৃষকদের ব্যাপারে কি কোন সুস্পষ্ট কর্মসূচী আমরা পেয়েছি? এরজন্য যে পরিকল্পনা হওয়া দরকার তার কোন ইঙ্গিত কি আমরা পেয়েছি? অথচ কৃষিই হচ্ছে আমাদের সব কিছু, কিন্তু তারজন্য কোন প্রয়াস আমরা দেখিনি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আর একটি জাতীয় সমস্যা হচ্ছে, বন্যা নিয়ন্ত্রণ এবং জলনিকাশী সমস্যা। কিন্তু এই ব্যাপারটিও বর্তমান সরকারের বাজেটে কোথাও স্থান পায়নি। বন্যা নিয়ন্ত্রণ এবং জলনিকাশের ব্যাপারে বর্তমান সরকারের কর্মসূচী কি হবে আমরা জানি না। অথচ এই বন্যা ৩ বছর ধরে আমাদের কৃষিকার্যে একটা বিরাট বিপদ হয়ে দাঁড়িয়েছে। প্রতি বছর এরজন্য হাজার হাজার একর জমির ফসল নষ্ট হচ্ছে।

[5.20—5.31 P.M.]

কারণ এই বন্যানিয়ন্ত্রণ, জলনিকাশী ইত্যাদি ব্যাপারে সুস্পষ্ট কর্মসূচী ঘোষণা করতে হবে, কিন্তু তার কোথাও কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে পাইনি। আর একটা জিনিস আমি লক্ষ্য করেছি যে পশ্চিমবাঙলার জনসাধারণ এবারে বাজেটের উপর লক্ষ্য রেখেছিল। পশ্চিমবাঙলার জনসাধারণ ৬ মাস ধরে যেভাবে নিত্য-প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে তাতে অতিষ্ঠ হয়ে উঠেছিল। তাই তারা আশা প্রকাশ করেছিল, যে এমন একটা কর্মসূচী আপনারা প্রকাশ করবেন যাতে পশ্চিম-বাঙলায় জিনিসপত্রের দাম কমবে, তারা কিছু কম দামে কিনতে পারবে। কিন্তু আপনারা কি এই বাজেটে কোথাও পরিষ্কার ভাবে বলেছেন এই নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাবার ব্যাপারে কোন সক্রিয় প্রচেষ্টা নিয়েছেন? তার প্রতিবিধান করবেন সেটা বলেছেন? কোথাও সুস্পষ্ট কোন কথা বলা নেই। খালি গলাবাজী করে কোন কাজ হবেনা, কোথাও বলা হয়নি। তবে একটা জিনিস আমরা দেখেছি। এই কর্মসূচীর ভিত্তিতে আজকে ভূমিরাজস্বের ব্যাপারে সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর মকুব করেছে। বেশ ভাল করেছেন কিন্তু একটা জিনিস কি লক্ষ্য করেছেন যে এই ভূমিরাজস্ব যারা জনসাধারণের কাছ থেকে কালেকশান করে সরকারী ভাণ্ডারে জমা দেয় সেই সব তহশীলদারদের, তাদের

অবস্থা কি দাঁড়িয়েছে ? এটা আপনারা একটু পরিষ্কার ভাবে শুনতে চেষ্টা করবেন। এখন বর্তমানে যে হারে মকুব দিচ্ছেন সেই হারে একটা তহশীলদারের আণ্ডারে ৫ হাজার টাকা কালেকশানের ভার পড়েছে। সেই হারে একটা তহশীলদার শতকরা ৪ টাকা পায়। ৫ হাজার টাকা বছরে কালেকশান করে সেই ২ শত টাকা ইনকাম করছে। এক বছরে তার ২ শত টাকা ইনকাম হচ্ছে। মাসের হিসাব ধরতে গেলে তার ১৮ টাকা পড়ছে। অন্যদিকে গভর্ণমেন্ট তাকে কিছু সাহায্য হিসাবে ৯০ টাকা পার মান্থ দিচ্ছে। সেই ৯০ টাকা আর কালেকশানের ১৮ টাকা নিয়ে মোট তার ১০৮ টাকা মান্থলি ইনকাম হচ্ছে। এই ১০৮ টাকা নিয়ে একটা তহশীলদারের পক্ষে বর্তমান জগতে, বর্তমান সমাজ ব্যবস্থায় একটা ফ্যামিলি চলতে পারে ? এটা আপনারা চিন্তা করেছেন কি ? বর্তমান বাজেটে এক শ্রেণীর মানুষকে কমপ্লিট অবহেলা করা হয়েছে। এই গরীব শ্রেণীর তহশীলদারদের কথা একবারও চিন্তা করেননি বা বলেননি যে তাদের কথা পে কমিশনে চিন্তা করা হবে এবং সরকারী কর্মচারী হিসাবে স্বীকৃতি দেওয়া হবে—একথা স্পষ্ট ভাবে কোথাও বলা হয়নি। আর একটা বক্তব্য হচ্ছে এই পশ্চিমবাংলায় তপসিল আদিবাসীস সম্প্রদায়-এর একটা বিরাট অংশ রয়েছে। বিদায়ী কংগ্রেস সরকার এই তপসিল আদিবাসী ভায়েদের জন্য একটা আলাদা বাজেট রেখেছিল তাতে ২৫ লক্ষ টাকার প্রতিবিধান করা হয়েছিল। এই ২৫ লক্ষ টাকা দিয়ে আদিবাসী তপসিল ভাইরা যাতে শিক্ষা পেতে পারে এবং সাধারণ চাকুরীতে যোগ্যতা সহকারে বসতে পারে, উত্তীর্ণ হতে পারে তার জন্য ব্যবস্থা করা হয়েছিল। এবারের বাজেটে সেই আদিবাসী তপসিল ভায়েদের জন্য কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। এদের জন্য সুস্পষ্ট কর্মসূচী আপনারা ঘোষণা করবেন কি করবেন না এবং অনুদান সম্পর্কেও প্রশ্ন রয়েছে সে সম্পর্কেও কিছু ভাবেন নি। আমার সময় শেষ হয়ে গেছে, আমি এই বাজেটের বিরোধিতা করে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মোহিনী মোহন পাণ্ডা : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এই সভায় উপস্থিত করেছেন, সেই বাজেটকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু' একটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন সেই বাজেট সত্যই পশ্চিমবাংলার নির্যাতিত, নিপীড়িত, বঞ্চিত মানুষ যারা, যারা দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেস শাসনে বঞ্চিত, সেই বঞ্চিত মানুষের কথা, সেই বঞ্চিত মানুষের অবস্থা কি ভাবে কিছুটা পরিবর্তন করা যায়, তাদের যে সমস্যা, সেই সমস্যার সমাধান কি ভাবে করা যায় তার একটা সুস্পষ্ট পদক্ষেপ এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। অর্থমন্ত্রী তাঁর বক্তৃতার মধ্যে অত্যন্ত পরিষ্কার ভাবে এই কথা

রাখছে যে, কংগ্রেস সরকার যেভাবে ৩০ বছর এই দেশকে চালিয়ে নিয়ে গেছে, সেখানে তারা এই দেশের অর্থনীতিকে একটা সাংঘাতিক দুরবস্থার মধ্যে ফেলেছে। এই যে অর্থনৈতিক একটা দারুণ অবনতি, এই অর্থনৈতিক অবস্থার মধ্যে আমাদের আজকে যে সমস্যা, এই যে সীমিত অর্থনীতি, সীমিত অর্থনীতির দ্বারা আজকে মানুষের জনজীবনের প্রতিটি দিক আজকে দারুণ সমস্যার মধ্যে আচ্ছন্ন, সেই সমস্যাগুলোকে কাটিয়ে কি ভাবে সাধারণ মানুষের অবস্থার কিছুটা পরিবর্তন করা যায়, সেই ব্যাপারে সুস্পষ্ট ইঙ্গিত এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। আমি গ্রামাঞ্চল থেকে আসছি, সেখানে ক্ষেত মজুর, গরীব চাষী, তারা বিগত বছরগুলোতে কি একটা দারুণ দুরবস্থার মধ্যে পড়েছিল, তাদের কোন অর্থনৈতিক সংস্থান ছিল না, গ্রামের ৭০ ভাগ মানুষ, তারা কংগ্রেস রাজত্বের অত্যাচারে দারিদ্রসীমা রেখার নিচে বাস করছে। কুটির শিল্পীদের জীবন জীবিকা নিশ্চিহ্ন হয়ে গেছে। গ্রামের ৭০ ভাগ মানুষ, যারা দারিদ্রসীমার নিচে বাস করছে, সেই মানুষের অবস্থার কিভাবে পরিবর্তন করা যায় সেই বিষয়ে সুচিন্তিত একটা চিন্তাধারা, একটা সুচিন্তিত পদ্ধতি এই বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী আজকে পেশ করেছেন। আমরা লক্ষ্য করেছি বিগত বছরগুলোতে, বিশেষ করে বিগত পাঁচ বছর ধরে, এই কংগ্রেস সরকার গ্রামীণ অর্থনীতিকে তিলে তিলে পঙ্গু করে দিয়েছে। আজকে কংগ্রেসীরা বড় বড় কথা বলছে, দেশের অর্থনৈতিক উন্নতির ব্যাপারে, কিন্তু আমরা দেখেছি বিগত পাঁচ বছর ধরে শুধু যে দেশের অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করে দিয়েছে তাই নয়, বিভিন্ন এলাকায় কংগ্রেসী এম এল. এরা কংগ্রেসী মন্ত্রীদের নিয়ে যে সমস্ত টাকা মানুষের সৃষ্টির জন্য ব্যয়িত হবার কথা, তার একটা বিরাট অংশকে নিয়ে স্বজনপোষণ করেছেন এবং ব্যক্তিগত স্বার্থে ব্যয় করেছেন। যার জন্য জনসাধারণের যে সমস্ত গঠনমূলক কাজকর্ম, তার কোনটাই বাস্তবে রূপায়িত হয় নি। অনেক কাজ অর্ধ সমাপ্ত অথবা সিকি ভাগ হয়ে পড়ে রয়েছে। তাই আজকের সমস্যা একটা বিরাট সমস্যা। গত ৫ বছরে কংগ্রেস সরকার যে ভূতেরনৃত্য পশ্চিম বাংলায় চালিয়েছে তার জন্য পশ্চিম বাংলার অর্থনীতি আজকে বিপর্যস্ত অবস্থায় এসে পৌঁচেছে। সাধারণ মানুষের এই যে সমস্যা, এই সমস্যাকে কিভাবে তুলে ধরা যায়, এই যে একটা ভয়প্রায় মুমূর্ষু অর্থনৈতিক অবস্থা, এর থেকে সাধারণ মানুষের জীবন-জীবিকা কিভাবে, সুন্দরভাবে গড়ে তুলতে পারা যায় তার একটা প্রচেষ্টা এই বাজেটের মধ্যে ফুটে উঠেছে। দেশ ৩০ বছর স্বাধীন হয়েছে, কিন্তু গ্রামাঞ্চলের পানীয় জলের কোন সুষ্ঠু ব্যবস্থা ওরা করেনি। আমি আমার বাঁকুড়া জেলার কথা বলছি। সেখানে খরার সময় গ্রামের পর গ্রাম মানুষ জল খেতে পায় না, জলের জন্য এক একটা মানুষকে

তিনচার মাইল দূর থেকে জল সংগ্রহ করতে হবে। এই যে একটা অবস্থা, এই ব্যাপারে অর্থমন্ত্রী সুস্পষ্টভাবে বলেছেন, পানীয় জলের ব্যবস্থা আমরা করবো। প্রাথমিক শিক্ষার ব্যাপারে বলেছেন, গ্রামের অধিকাংশ মানুষ প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত। তিনি তা দূর করবার চেষ্টা করবেন। এই বাজেটের মধ্যে সমস্ত কথা আছে খাদ্য সমস্যা, পানীয় জল, স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা, সমস্ত কথা অত্যন্ত ভালভাবে উপস্থিত করা হয়েছে এই বাজেটের মধ্যে। এই কাজগুলো যদি সুপরিকল্পিত ভাবে বিভিন্ন এলাকায় রূপায়ণ করতে পারি তাহলে নিশ্চয়ই সামগ্রিক ভাবে উন্নতি হবে। যদিও সব কিছু একসঙ্গে করা যায় না সেটা আমরা জানি। এই যে একটা বুর্জোয়া সমাজবাদ, এর মধ্যে মানুষের যে মৌলিক সমস্যা সেই সমস্যা সমাধান করে মানুষের জীবনের যে অগ্রগতি সেই অগ্রগতি করা সম্ভবপর নয়, কিন্তু এর মধ্যে থেকে কি ভাবে সাধারণ মানুষের সমস্যাকে কিছুটা লাঘব করা যায়, কিছুটা মানুষের সুযোগ-সুবিধা করে দিতে পারা যায়, সেই ব্যাপারে স্বচ্ছভাবে এই বাজেটের মধ্যে বলা আছে। বিরোধী দলের বিভিন্ন বক্তা বিভিন্নভাবে এই বাজেট সম্বন্ধে সমালোচনা করেছেন, সুনীতি চট্টরাজ তিনি অনেক কথা বললেন। তিনি বললেন, এই বাজেট ভাঁওতা। যারা ৩০ বছর ধরে দেশের মানুষকে ভাঁওতা দিয়ে আসছেন—যে সুনীতি চট্টরাজ ভাঁওতা দেবার জন্য তাঁর বিরুদ্ধে ওয়াংচু কমিশন হয়েছিল, তিনি—একটা দেশের সাধারণ মানুষের অগ্রগতির জন্য যে বাজেট আমাদের সামনে উপস্থিত হয়েছে, সাধারণ মানুষের কথা বলা হয়েছে, সেই বাজেটকে কি করে ভাঁওতা বলতে পারেন সেটা আমরা বুঝতে পারি না। কারণ ওদের ভাঁওতা দেওয়াই অভ্যাস। ভাঁওতা দিয়ে মানুষকে আজকে এই পর্যায়ে নিয়ে এসেছে। সুতরাং এটাই স্বাভাবিক। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট উপস্থিত করেছেন, সেই বাজেটকে আমি আমাদের দলের পক্ষ থেকে সর্বান্তকরণে সমর্থন করছি। এই জন্য সমর্থন করছি যে, এই বাজেটের মাধ্যমে সাধারণ মানুষের সমস্যার আংশিক সমাধান—যা বামফ্রন্ট সরকার চান, তা নিশ্চয়ই হবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : সভার অধিবেশন আগামী সোমবার ২৯শে আগস্ট, ১৯৭৭ বেলা ১২টা পর্যন্ত মুলতুবী রইল।

Adjournment

The House was then adjourned at 5.31 P. M. till 12 noon on Monday, the 29th August, 1977.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 29th August, 1977 at 12 Noon.

PRESENT

Mr Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 22 Ministers, Ministers of State and 213 Members.

Starred Questions :
(to which oral answers were given)

SALES TAX

*2 (Admitted question No. *57.) **Shri RAJANI KANTA DOLOI** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the Central Government has asked the West Bengal Government to give up Sales Tax as a source of revenue ; and

(b) if so, what the State Government is contemplating in this matter ?

UNIVERSITY IN MIDNAPORE DISTRICT

*4 (Admitted question No. *61.) Shri RAJANI KANTA DOLOI : Will the minister-in-charge of the Education (Higher Education) Department be pleased to state what is the present position in the matter of setting up of a university in Midnapore district ?

OCTROI DUTY

*6. (Admitted question No. *121.) Shri RAJANI KANTA DOLOI : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has received any recommendation from the Centre for abolition of Octori Duty ; and

(b) if so,—

(i) whether the recommendation has been accepted by the State Government, and

(ii) what are the financial implications of the proposal ?

12.00—12.10 P.M.]

মিঃ স্পীকার : তারকা চিহ্নিত ১ নং প্রশ্ন এখন স্থগিত রইল।

*2. Dr. Asoke Mitra (a) No.

(b) Does not arise.

শ্রীরজনীকান্ত দলুই ঃ আপনি জানাবেন কি গত ৩১ শে জুলাই দিল্লীতে মুখ্যমন্ত্রী সম্মেলনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী Sales Tax বাদ দেবার ব্যাপারে তাঁর কিছু বক্তব্য রেখেছিলেন কিনা ?

ডঃ অশোক মিত্র ঃ না।

শ্রীরজনীকান্ত দলুই ঃ জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে তাতে Sales Tax বাদ দিলে জিনিসের দাম কমবে বলে কি আপনি মনে করেন ?

ডঃ অশোক মিত্র ঃ এটা প্রাসঙ্গিক ব্যাপার নয়। তবে এটা সাধারণ কথা সুন্দর পৃথিবী যদি থাকতো, কাউকে কোন রকম কর দিতে হোত না তাহলে জিনিসের দাম কমতো। কিন্তু কারা ব্যবসা চালাচ্ছে, কারা জিনিসপত্র তৈরি করছে, তারা কতটা শোষণকারী তার উপর এবং আমরা কি সমাজ ব্যবস্থায় বাস করি তার উপর।

শ্রীরজনীকান্ত দলুই ঃ 1st Aug. Business Standard-এ দেখতে পাচ্ছি মুখ্যমন্ত্রী সম্মেলনে Mr. Patel বলেছেন, বিভিন্ন state-এর মুখ্যমন্ত্রীদের সঙ্গে এ বিষয়ে ব্যক্তিগত ভাবে আলোচনা করব। কিন্তু অর্থমন্ত্রী বললেন, এ বিষয়ে কোন আলোচনা হয়নি। যাহোক, তিনি কি দয়া করে জানাবেন যদি এ রকম কোন প্রস্তাব আসে Sales Tax বাদ দেওয়া সম্বন্ধে তাহলে এ বিষয়ে আপনাদের কি বক্তব্য থাকবে ?

ডঃ অশোক মিত্র ঃ যদিও প্রশ্নের জবাব দিতে পারব না, নূতন ভাবে যদি বাস্তব পরিস্থিতির উদ্ভব হয় তাহলে তখন জবাব দেব।

মিঃ স্পীকার ঃ তারকা চিহ্নিত ৩ নং প্রশ্ন স্থগিত থাক।

শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ **Answer :** The matter is still under consideration. Members of the Committee lately appointed by the University Grants Commission in this connection are due to hold discussions shortly with the Minster for Higher Education, authorities of Calcutta University and members of the Executive Council of Regional Education Association, Midnapore.

শ্রী শম্ভু চরণ ঘোষ ঃ বিষয়টা বর্তমানে সরকারের বিবেচনাধীন। বিশ্ববিদ্যালয়

মন্ত্রী কমিশন কর্তৃক নিযুক্ত একটি কমিটির এ বিষয়ে উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রীর সঙ্গে আলোচনা করার কথা আছে। উক্ত কমিটি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং মেদিনীপুর আঞ্চলিক শিক্ষা সংসদের সঙ্গে মিলিত হবেন।

শ্রী রজনীকান্ত দলুই : খবরের কাগজে দেখলাম যে Univ. Grants Commission মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব অগ্রাহ্য করেছেন এবং সেখানে একটা Study Centre করার কথা হচ্ছে। অথচ আপনি বললেন বিষয়টি বিবেচনাধীন—এর মধ্যে কোনটা ঠিক দয়া করে জানাবেন কি ?

শ্রী শম্ভু চরণ ঘোষ : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে প্রশ্নকর্তাকে জানাচ্ছি যে, সিদ্ধান্তটি নিয়েছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেট। এটা সরকারের কোন বক্তব্য নয়। সরকার বিবেচনা করতে পারেন, কিন্তু বিশ্ববিদ্যালয় তার স্বাধীন মতবাদ জানাতে পারেন। গতকাল সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছে সেটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের সংবাদ।

শ্রীরজনীকান্ত দলুই : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এ ব্যাপারে যে একটা মিটিং হওয়ার কথা আছে সেটা কবে হবে ?

শ্রীশম্ভু চরণ ঘোষ : ৩রা সেপ্টেম্বর তাঁরা আমাদের সঙ্গে আলোচনা করবার জন্য এখানে আসছেন।

শ্রীরজনীকান্ত দলুই : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তাঁর সরকার কি মনে করেন না যে, মেদিনীপুরে একটা বিশ্ববিদ্যালয় হওয়া দরকার ; কারণ কলকাতা বিশ্ববিদ্যালয় যেখানে ওভারক্রাউডেড সেখানে এই বিশ্ববিদ্যালয়কে বিকেন্দ্রিকরণ করা উচিত কি না ? কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার যদি এই ব্যাপারে উদগ্রীব হন তাহলে তাঁরা একটা প্রস্তাব রাখবেন যাতে মেদিনীপুরে একটা বিশ্ববিদ্যালয় করার সিদ্ধান্ত নেওয়া হয়।

শ্রীশম্ভু চরণ ঘোষ : এ বিষয়ে গনি-কমিটির সুপারিশ আমরা লক্ষ্য করেছি। গনি-কমিটির সুপারিশে মেদিনীপুরে বিশ্ববিদ্যালয় করার বিষয়ে তাঁরা সুপারিশ

করেন নি। আমরা আঞ্চলিক শিক্ষা প্রতিষ্ঠানগুলির মনোভাব লক্ষ্য করছি এবং সমস্ত জিনিস বিবেচনা করে আমরা দেখছি। পূর্বতন সরকার তাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার দিকটা যত না গুরুত্ব দিয়েছিলেন তার চেয়েও বেশী গুরুত্ব দিয়েছিলেন রাজনৈতিক দিকটায়।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিগত সরকার শিক্ষার দিকের চেয়েও রাজনৈতিক দিকে বেশী গুরুত্ব দিয়েছিলেন। আপনি কিসের ভিত্তিতে এই কথা বললেন জানাবেন কি ?

[12.10 -12.20 P. M.]

শ্রীশম্ভু চরণ ঘোষ : মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে প্রশ্নটার উত্তর দিতে গিয়ে বলেছিলাম বিশ্ববিদ্যালয় স্থাপনের পিছনে দৃষ্টিভঙ্গি শিক্ষাগত হোক এটা আমরা চাই। পূর্বতন সরকার কিছুটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এর মধ্য দিয়ে এনেছিলেন সেকথা উল্লেখ করেছিলাম। মাননীয় সদস্য জানতে চাইছেন রাজনৈতিক দৃষ্টিভঙ্গি কি ? আমি শুধুমাত্র পূর্বতন সরকারের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তাঁর একটা নোট সভার সামনে উপস্থাপিত করছি। নোট দিয়েছেন সিদ্ধার্থশংকর রায়, মুখ্যমন্ত্রী, এডুকেশান মিনিস্টারের কাছে।

Let us make a last attempt, let us write to the Education Minister and say that this is a political question and we should get the University.

(Noise and interruptions)

ডঃ শাশ্বতী বাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন রাখছি পূর্বতন সরকার মেদিনীপুরে বিশ্ববিদ্যালয় গঠনে হয়ত রাজনৈতিক সিদ্ধান্ত নিয়েছিলেন, কিন্তু আজকে কলকাতা বিশ্ববিদ্যালয় এর অবস্থা যদি পর্যালোচনা করেন এবং মেদিনীপুর শুধু শিক্ষার দিক থেকে নয়, সর্বদিক থেকে ব্যাকওয়ার্ড ছিল এটা সেন্ট্রাল গভর্ণমেন্ট পর্যন্ত স্বীকার করেছেন, সেই পরিস্থিতিতে মেদিনীপুরে নতুনভাবে বিশ্ববিদ্যালয় স্থাপন হওয়া দরকার, সে সম্বন্ধে কিছু চিন্তা করেছেন কি না ?

মিঃ স্পীকার ঃ আলোচনা চলবে না, সাপ্লিমেন্টারী করুন।

শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ স্পীকার মহোদয়, আমি উত্তরে বলেছি শনি-কমিটির সুপারিশ আমাদের সামনে আছে, মেদিনীপুর আঞ্চলিক শিক্ষা সংসদের বক্তব্য এবং সেই অঞ্চলের মানুষের মনোভাব এবং পূর্বতন সরকারের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আমাদের সামনে আছে। সবটা আমরা বিবেচনা করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই তিনি পলিটিক্যাল কথাটা দেখিয়ে বলেছেন ...

(নয়েজ)

ডঃ জয়নাল আবেদিন ঃ Mr. Speaker, Sir, you should stop him. He is always disturbing

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন পশ্চিমবাংলার মেদিনীপুর জেলা হচ্ছে রাজনৈতিক চেতনাসম্পন্ন জেলা, রাজনীতির উৎস স্থান, সেখানে মাতঙ্গিনী হাজরা থেকে আরম্ভ করে পশ্চিমবাংলার ইতিহাসে.....

মিঃ স্পীকার ঃ এটা সাপলিমেন্টারী নয়।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মেদিনীপুরে কোন ইউনিভার্সিটি নেই, অথচ একটা বিরাট জেলা যেখানে রাজনৈতিক চেতনা আছে। সে ক্ষেত্রে তিনি পলিটিক্যাল কথাটা বলেছেন বলে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আছে এ নোট থেকে প্রমাণিত হয় না। পলিটিক্যাল কথাটা আছে বলে রাজনৈতিক সেইজন্য আমি বলছি।

মিঃ স্পীকার ঃ এটা সাপ্লিমেন্টারী নয়, সাপ্লিমেন্টারী হিসাবে আমি এটা এলাও করছি না।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ পলিটিক্যাল কথাটার ব্যাকগ্রাউণ্ডে কিছু আছে কিনা?

মিঃ স্পীকার ঃ সেটা আপনার মত হতে পারে, সাপ্লিমেন্টারী হতে পারে না।

শ্রীআবদুল কায়ুম মোল্লা : মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন রাজনৈতিক কারণের পিছনে পূর্বতন সরকারের এটা তৈরি করার পিছনে টাকা মারার কি কিছু ধান্দা ছিল।

মিঃ স্পীকার : এই প্রশ্ন সাপ্লিমেন্টারী হিসাবে আসতে পারে না।

শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে গনি-কমিটি এসেছিল, তারা মেদিনীপুরে একটা এডুকেশান সেন্টার করার সুপারিশ করেছিলেন। কিন্তু গনি-কমিটি একটা জায়গায় উল্লেখ করেছেন—New University jn West Bengal should be set up at Midnapore. সুতরা ইউনিভার্সিটি করার কথা বিবেচনা করবেন কিনা?

মিঃ স্পীকার : আপনি কোন ইনফরমেশান দেবেন না, আলোচনা করবেন না, শুধু সাপ্লিমেন্টারী করবেন।

শ্রীশম্ভু চরণ ঘোষ : গনি কমিটির সুপারিশ যদি ভালভাবে মাননীয় সদস্য লক্ষ্য করেন, তাহলে দেখবেন সেখানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে বিরাট সমস্যা—ছাত্র সমস্যা, প্রশাসনিক সমস্যা, এগুলি সম্বন্ধে আলোচনা করতে গিয়ে সাধারণভাবে রিজিয়নাল কাউন্সিল স্থাপন করার কথা বলেছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে, এবং আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ের পুনর্বিন্যাসের কথা বলেছেন, কিছু কলেজ বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আসুক, কলকাতা এবং শহরাঞ্চলের কলেজগুলি যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আসে সেজন্য সেখানে রিজিয়নাল কাউন্সিলের কথা বলেছেন। কলিকাতা—উত্তর, মধ্য এবং দক্ষিণ কলিকাতায় তিনটি রিজিয়নাল কাউন্সিল আছে, মেদিনীপুর সম্পর্কে বলেছেন মেদিনীপুর বর্ধমানের সঙ্গে যুক্ত হবার অসুবিধা আছে, কিন্তু এখন বিশ্ববিদ্যালয় স্থাপনে যৌক্তিকতা নাই। সেখানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ যে রিজিয়নাল কাউন্সিল আছে, অনুরূপ অটোনমাস রিজিয়নাল কাউন্সিল প্রথমে সুরু করতে পারি।

শ্রীপ্রদ্যোত কুমার মোহান্তি : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি গনি কমিটির রিপোর্টের মধ্যে কি এ কথা আছে যে পশ্চিমবঙ্গে নতুন কোন ইউনিভার্সিটি

যদি করতে হয়, তাহলে মেদিনীপুর হচ্ছে একমাত্র জায়গা, এখানেই করা উচিত। আর একটা কথা, মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি পূর্বতন সরকারের শিক্ষাদপ্তর এবং শিক্ষামন্ত্রী ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশনের কাছে মেদিনীপুরে বিশ্ববিদ্যালয় করা হোক—এর অনুকূলে কোন অভিমত প্রদান করেছিলেন কি ?

শ্রীশম্ভুচরণ ঘোষ : পূর্বতন সরকারের মন্ত্রীমণ্ডলী সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন, বিধানসভায় প্রস্তাব গ্রহণ করেছিলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে পাঠান হয়েছিল, কিন্তু বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সমস্ত বিচার করে, তাঁদের প্রস্তাব স্বীকার করেননি, তার পরিবর্তে বলেছেন autonomous Concil may be set up for the post graduate studies under Calcutta University. Let us make a last attempt, let us write to the Education Minister and say that this is a politicals question and we should get the University···(Noise and interruptions).

'C' *6 Dr. Ashok Mitra : (a) There has been some correspondence between the Government of India and the State Government on the issue of devising alternatives of Octrio. The question of Octori is also covered by the terms of reference of the Indirect Taxation Enquiry Committee appointed by Government of India.

(b) (i) No decision has been taken on the issues raised as yet.

(ii) Does not arise.

শ্রীরজনীকান্ত দলুই : গত ৩১শে জুলাই দিল্লীতে যে মুখ্যমন্ত্রী সম্মেলন হয়েছিল সখানে নগর শুল্ক তুলে দেওয়া হোক এই মর্মে কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী মিঃ বিজু পট্টনায়কের কাছ থেকে কোন প্রস্তাব রাখা হয়েছিল কিনা জানাবেন কি ?

ডঃ অশোক মিত্র ঃ সেখানে কোন প্রস্তাব সরকারীভাবে ষ্টীল এণ্ড মাইন্স মিনিস্টার রাখেননি, তাঁর লেখা একটি ছোট্ট আর্টিকল সেখানে বিলি করাহয়েছিল, কোন প্রস্তাব সরকারীভাবে রাখা হয়নি।

শ্রীরজনীকান্ত দলুই ঃ সেই আর্টিকলে মিঃ বিজু পট্টনায়ক নগর শুল্ক তুলে দেবার ব্যাপারে বক্তব্য কি রেখেছিলেন, জানাবেন কি ?

ডঃ অশোক মিত্র ঃ যেহেতু তাঁর সই আছে, সেজন্য ধরে নিচ্ছি সেই আর্টিকল তাঁর লেখা, কিন্তু এতে কি লেখা আছে সেটা আমি পড়িনি, কোন কপিও আমার কাছে এসে পৌঁছয়নি, সরকারীভাবে কোন প্রস্তাবও হয়নি, যদি সরকারী প্রস্তাব আসত তবে সেই প্রস্তাব আসত অর্থ মন্ত্রক হতে, খনি মন্ত্রক থেকে, প্রস্তাব আসত না, তাই সেটা নিয়ে আপাততঃ আলোচনা করার সুযোগ নেই।

শ্রীরজনীকান্ত দলুই ঃ তামিলনাড়ু, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, বিহার, আসাম, নাগাল্যাণ্ড, ত্রিপুরা এবং মেঘালয় এই নগর শুল্ক তুলে দিয়েছে এটা কি ঠিক এবং তা যদি তারা করে কিভাবে রাজস্ব আদায় করছে, সেইভাবে আমাদের নগর শুল্ক তুলে দিয়ে রাজস্ব আদায়ের পরিকল্পনা আছে কিনা ?

ডঃ অশোক মিত্র ঃ প্রতিটি রাজ্যের নিজস্ব কর ব্যবস্থা আছে, আমাদের এক ধরণের, তাদের আরএক ধরণের, অকট্রয় থেকে এখানে ২০ কোটি টাকা পাই, অকট্রয় সম্বন্ধে চিন্তাভাবনা করছি। অকট্রয় তুলে দিলে আর্থিক সমস্যা দেখা দেবে, তাই নিয়েই ভাবনা। পূর্বতন সরকার গত ৫ বছরে যেভাবে আর্থিক ব্যাপারে তচনছ করে গেছেন, সেই পরিপ্রেক্ষিতে অকট্রয় তুলে দেবার কথা ভাবতে পারছিনা।

[12.20—12.30 P.M.]

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ১৯৫৯ সালে রোড ট্রান্সপোর্ট রি-অর্গানাইজেশান কমিটি অকট্রয় কর তুলে দেবার জন্য রেকমেনডেশান করেছিলেন, তারপরে ১৯৬৫ সালে এ হাই লেবেল কমিটি অফ লোকাল সেল্ফ মিনিস্টারস অন অগুমেণ্টেশান অফ ফিনানসিয়াল রিসোর্সেস অফ

আবেবান লোকাল বডি—তারাও অকট্রয় কর তুলে দেবার জন্য রেকমেণ্ড করে ছিলেন। তারপর ১৯৬৬ সালে কমিটি অন ট্রান্সপোর্ট পলিসি এণ্ড কো-অর্ডিনেশান কমিটি—তারাও রেকমেণ্ড করেছিলেন অকট্রয় কর তুলে দেবার জন্য—এই সমস্ত রিপোর্টের পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয় কি অকট্রয় কর তুলে দেবার জন্য চিন্তা করছেন ?

শ্রীঅশোক মিত্র ঃ তারপরে বহু জল গড়িয়ে গেছে। ১৯৭২ সালে কলকাতা মহানগরী প্রবেশ করের জন্য ভারত সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ভারত সরকার এটা বিবেচনা করেছিলেন। তবে আমরা বলতে পারি যে, আমরা সজীব মানুষ, সুতরাং ভবিষ্যতে কি হবে সে সব সম্বন্ধে আমরা চিন্তা করে যাব।

শ্রীমনোরঞ্জন হাজরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কি জানেন যে, গত বছরে অকট্রয় কর সংস্থা এমন কতকগুলি লোককে নিয়োগ করেছিলেন যারা জনসাধারণের উপর পীড়নমূলকভাবে এই প্রবেশ কর আদায় করেছে, কিন্তু সরকারের কাছে জমা দেয় নি ?

শ্রীঅশোক মিত্র ঃ এই কয় বছর বহু অরাজকতা দেখা দিয়েছে সর্ব ক্ষেত্রে, সুতরাং অকট্রয় কর আধিকারিক অফিসেও খাদ ঢুকেছে। আমরা এই খাদকে নিষ্কাশন কিভাবে করা যায় তার চেষ্টা করছি।

Calling Attention

মিঃ স্পীকার ঃ গত ২৬ আগস্ট একটা দৃষ্টি আকর্ষণী প্রস্তাব মাননীয় সদস্য গৌর কুণ্ডু মহাশয় দিয়েছিলেন, যেহেতু মাননীয় বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় হাউসে তাঁর এই সংক্রান্ত ব্যাপারে স্টেটমেণ্ট দিয়েছেন সেই হেতু মাননীয় সদস্য তাঁর দৃষ্টি আকর্ষণী প্রস্তাব প্রত্যাহার করে নিয়েছেন। আমি হাউসের অনুমতি নিয়ে এই প্রস্তাবটি প্রত্যাহার করে নেবার অনুমতি দিয়েছি। আর আজকে দুটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাব আমি পেয়েছি। প্রথম প্রস্তাবটি হচ্ছে মাননীয় সদস্য রাধিকারঞ্জন প্রামাণিক মহাশয় কর্তৃক প্রেরিত, টি. বি. হসপিটাল এসকুলুসিভলি ফর দি বিড়ি ওয়ার্কার্স এ্যাট মগরাহাট সংক্রান্ত। আরেকটি প্রস্তাব হচ্ছে মাননীয় সদস্য এ. কে. এম. হাসানাজুমান কর্তৃক প্রেরিত। পশ্চিমবঙ্গের মুসলমানদের নাগরিক সার্টিফিকেট প্রথা সংক্রান্ত। আমি এ প্রস্তাবটি গ্রহণ করেছি। আমি পড়ে দিচ্ছি। পশ্চিমবঙ্গের মুসলমানদের উপর

কলঙ্কজনক নাগরিক সার্টিফিকেট প্রথা চাপান আছে। ক্ষতিপূরণ প্রভৃতি বিভাগে এই নাগরিক সার্টিফিকেট প্রদান করতে হয়। এই নাগরিক সার্টিফিকেট তুলে দেওয়ার দাবি দীর্ঘদিনের। ১৯৬৯ সালে বিধানসভায় দাবি মোতাবেক বর্তমান মুখ্যমন্ত্রী ও তৎকালীন উপ-মুখ্যমন্ত্রী জমি বিক্রয়ের ক্ষেত্রে নাগরিক সার্টিফিকেট প্রথা বিলোপ করেছিলেন। কিন্তু জমিদারী ক্ষতিপূরণের ক্ষেত্রে এই কলঙ্কজনক প্রথা এখনও বিদ্যমান। এই প্রথা তুলে দেওয়ার বিষয়ে মাননীয় মন্ত্রীকে বিবৃতি দিতে অনুরোধ করি।

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ বৃহস্পতিবার দেব।

Mention Cases

শ্রীমহাদেব মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ অবস্থার কথা, আমাদের যে গ্রামের এলাকা তার সম্বন্ধে বলতে চাই, পুরুলিয়া শহর থেকে সেই গ্রাম মাত্র ১৬ মাইল দূরে এবং এর মধ্যে মাত্র ৮ মাইল পাকা রাস্তা আছে আর বাকী সবটাই কাঁচা রাস্তা। এই রাস্তাটা পড়িয়া থেকে নিয়ে গিয়ে অহল্যাবাই-এর সংগে যদি যুক্ত হয় তাহলে লোকের দুঃখ অনেকটা লাঘব হবে। এই ৮।৯ মাইল রাস্তার সংগে রেল বা বাসের কোন যোগাযোগ নেই। সেখানকার গ্রামবাসীরা অত্যন্ত দুরবস্থায় আছে। আমি প্রথমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম মৌখিক-ভাবে। আমরা শুনেছি যে, এই রাস্তার কাজের অর্ডার হয়ে আছে—এখন ঠিকাদাররা কাজ আরম্ভ করলেই হয়। এই রাস্তাটি যাতে অবিলম্বে করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। বিশেষ করে বর্ষাকালে কোন বাস পাওয়া যায় না। এখানে যদি কোন লোক অসুস্থ হয়ে পড়ে তাহলে সদর থেকে যে ডাক্তার নিয়ে আসবেন তার উপায় নেই, সে রাস্তা নেই। অথচ এখানে হাই স্কুলে আছে, সবই আছে। তাই আমি অনুরোধ করবো এই কাজটা যেন শীঘ্রই টেক আপ করা হয়।

শ্রীসুমন্ত হীরাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আজকে দেশ স্বাধীন হবার পরেও পুলিশ, বিশেষ করে স্পেশাল ব্রাঞ্চ পুলিশ সেই সাম্রাজ্যবাদের রেশই টেনে চলেছেন। তাঁরা ট্রেডইউনিয়ন ভাঙ্গার জন্য মালিকের হয়ে উঠেপড়ে লাগছেন। আমার কনষ্টিটিউয়েন্সিতে এই রকম একটা ঘটে গিয়েছে তার উল্লেখ করছি। সি. আই. টি. রোডের এন্টালি এলাকার কারখানায় একটি মুসলিম সম্প্রদায়ভুক্ত ছেলেকে

ভয় দেখানে হচ্ছে, যেহেতু সে সেখানে ট্রেডইউনিয়ন গড়ে তুলেছে। সেখানে সেই কারখানার মালিকের পরামর্শে তাকে থানায় ডেকে নিয়ে গিয়ে ধমকায় যে, তুমি ট্রেড-ইউনিয়ন না ছাড়লে তোমার জেল হবে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এদিকে দৃষ্টি দেবেন। তাকে সংশ্লিষ্ট অফিসার এস. গুহ ডেকে নিয়ে গিয়ে জিজ্ঞাসা করে যে, কেন সে এই ধরনের কাজ করছে। তার যে সুপিরিয়র, এস. কে মুখার্জী, তিনিও এর সংগে যুক্ত আছেন। তাকে বলা হচ্ছে যে, তুমি বাংলাদেশের নাগরিক, কাজেই তোমাকে জেলে পোরা হবে। সেই যুবক বলে যে, সে এখানে জন্মেছে, এখানেই লেখাপড়া করেছে, তার সার্টিফিকেট আছে এবং পাড়ার সব লোক জানে যে, সে বাংলাদেশী নয়। কিন্তু তাকে এইভাবে হুমকি দেওয়া হচ্ছে। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এই দিকে দৃষ্টি দেবেন আশা করি।

শ্রীদাউদ খান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, আমার নির্বাচনী কেন্দ্র ভাঙড়ের ২ নং ব্লকে সাবসিডিয়ারি হসপিটাল আছে। সেখানে কয়েকদিন আগে গিয়ে দেখেছি যে, সেখানে একজন ডাক্তার, একজন কম্পাউণ্ডার, দু'জন নার্স ইত্যাদি আছে কিন্তু এখানে ডাক্তার থাকে না। আমি যেদিন সেখানে গিয়েছি সেদিনও দেখেছি যে, ডাক্তার নেই। তাছাড়া কোন ঔষধপত্র নেই, এমন কি যে গোলা জল প্রত্যেক প্রাইমারি হেলথ সেন্টারে থাকে তাও নেই। এমন কি এই সমস্ত বিল্ডিং-এ জলের সময় সমস্ত জায়গা দিয়ে জল পড়ছে। অফিসে বসে তারা কাজ করতে পারছে না।

[12.30—12.40 P.M.]

ব্যাপারটা সত্য কিনা জানিনা, তবে আমি শুনেছি ১৯৭২ সালে ৬টি বেড সাংশন হয়েছিল, কিন্তু বিগত কংগ্রেস সরকার ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত সেখানে সিটের ব্যবস্থা করে নি। তারপর গ্রামের লোকের অভিযোগ সেখানে যে, ডাক্তাররা রয়েছেন তারা হাসপাতালে আসেন না এবং পরিবার পরিকল্পনায় যাঁরা রয়েছেন তাঁরাও আসেন না। আমি সমস্ত বিষয়গুলি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টিতে আনছি প্রতিকারের জন্য।

শ্রীআবদুর রেজাক মোল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যানিং এলাকায় মৎস্য দৈত্যদের উৎপাত শুরু হয়েছে। থানা অফিসাররা মেছোভেড়ির মালিকদের কাছে

যায়, খাওয়া-দাওয়া করে এবং রাত্রে পাড়ার লোকদের উপর হামলা করে। আমরা ব্যাপারটি সি আই এবং থানা অফিসারকে জানিয়েছি, কিন্তু কোন ফল হচ্ছে না। এঁরা নূতন করে মাছের ভেড়ি তৈরি করতে শুরু করেছে এবং নোনাজল ঢুকিয়ে দিয়ে আদিবাসীদের ঘর ডুবিয়ে দিচ্ছে। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন না করলে সেখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দেবে।

শ্রীক্ষুদিরাম সিং: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুবর্ণরেখা নদীর উপর যদি একটি সেতু নির্মাণ করা হয় তাহলে তার ফল হবে সুদূরপ্রসারী। এই সেতু নির্মাণ করা হলে উড়িষ্যার সঙ্গে স্থানীয় জেলা শহরের এবং পশ্চিমবাংলার একটা বানিজ্যিক যোগাযোগ সৃষ্টি হবে এবং তার ফলে অর্থনৈতিক উদ্দেশ্য সাধনে সাহায্য করবে। তারপর সর্বনাশা কেলেঘাইর উপর যদি সেতু নির্মাণ করা হয় তাহলে নারায়ণগড় এবং কেশিয়ারির কিছু অংশ উদ্ধার পেতে পারে। এই ব্রীজ নির্মাণের পেছনে মানুষের জীবন ও জীবিকার প্রশ্ন জড়িত রয়েছে। কাজেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই ব্যাপারে দৃষ্টি দিন।

শ্রীশিবনাথ দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বারসুন্দরা গ্রামে একটি সাবসিডিয়ারী হাসপাতালের জন্য ঘর তৈরি সম্পূর্ণ হয়েছে প্রায় দুবছর হল, কিন্তু সেখানে হালপাতাল খোলার কোন ব্যবস্থা হয় নি। কাজেই সেই হাসাপাতাল যাতে অবিলম্বে খোলা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর বেগনাবেড়ায় অনুরূপ একটি হাসপাতাল তৈরি করবার জন্য ঘর তৈরির কাজ চলছে, কিন্তু যে ঠিকাদার এই ঘর তৈরির দায়িত্ব নিয়েছে সে এমনভাবে খারাপ জিনিস দিয়ে, নোনা ইট দিয়ে বাড়ি তৈরি করেছে যার ফলে দেওয়াল ফেটে যাচ্ছে এবং মেঝের অবস্থাও খুব খারাপ। কাজেই অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করে যাতে সুষ্ঠুভাবে সেই কাজ সম্পন্ন হয় এবং সেই হাসপাতালটি তাড়াতাড়ি খোলা হয় তারজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরাজকুমার মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদিও এর মাসখানেক আগে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই বিষয়টা লিখিতভাবে রেখেছিলাম। কিন্তু আজ পর্যন্ত কার্যকর কোন

ব্যবস্থা দেখতে পাচ্ছি না। সেইজন্য আপনার মাধ্যমে আবার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি বলতে চাই ফোরট গ্লস্টর শ্রমিক বস্তির ব্যাপারে। এই শ্রমিক বস্তিতে প্রায় ৫০ হাজার শ্রমিকের বাস। যে ড্রেন পায়খানা আছে সেগুলো ভীষণ অপরিষ্কার। পায়খানার ময়লা পরিষ্কার হচ্ছে না, ড্রেন পরিষ্কার হচ্ছে না। সেখানে ময়লা পচে পোকা হয়েছে। সেগুলো বস্তির ঘরে ঘরে ঢুকছে। পুকুরগুলোর জল দুর্গন্ধ। যে চারটি কারখানা এখানে আছে এই চারটি কারখানার ম্যানেজিং এজেন্ট হচ্ছে বাঙ্গুর ব্রাদার্স। এই শ্রমিক বস্তির দুরবস্থা চরমে উঠেছে। সেখানে শ্রমিকেরা বাস করতে পারছে না এবং শীঘ্র একটা মহামারি হওয়ার সম্ভাবনা রয়েছে। সেইজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমি কয়েকটা পুকুরের জলের স্যাম্পল নিয়ে এসেছি। আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দপ্তরে সেটা দিতে চাই। তিনি জল পরীক্ষার ব্যবস্থা করুন এবং শীঘ্র যাতে বস্তির ময়লা, দুর্গন্ধ যায় তার একটা ব্যবস্থা করুন। আগেকার সরকার যে দুরবস্থা সৃষ্টি করছে তার হাত থেকে বস্তিবাসীরা যাতে রক্ষা পায় সেদিকে দেখুন। বস্তিবাসীরা সুরাহা পেতে চায়। এইটুকু কথা আপনার মাধ্যমে রাখতে চাইছি।

শ্রীমীর ফকির মহম্মদ: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। নদীয়া জেলার দেবগ্রামের জে. এল. আর. ও. শ্রীবিমানবিহারী দাস বর্গাদারদের খারিজ করে জোতদারদের জমি পাইয়ে দিয়েছেন। তিনি অফিসে বসে মদ খান এবং আমি এই ব্যাপার বার বার ডেপুটি ম্যাজিস্ট্রেট সাহেবকে বলেছি। বারবার বলার পর ডেপুটি ম্যাজিস্ট্রেট সাহেব অফিসে গিয়ে নিজে দেখেন যে, জে. এল. আর. ও. সাহেব মদ খাচ্ছেন। তিনি মদের বোতল হাতে নিয়ে পালিয়ে যাচ্ছিলেন। তিনি লোক দিয়ে তাকে নিচে থেকে হাতে-নাতে ধরে ফেলেন। এরপর তিনি জে. এল. আর. ও. সাহেবকে বদলি করে সরিয়ে দিয়েছেন। তিনি যে সমস্ত বর্গাদারকে খারিজ করে জোতদারদের পুনর্বাসন দিয়েছিলেন সে ব্যাপারে কিছু হয় নি। আমি এই সম্পর্কে দৃষ্টি দিতে অনুরোধ করছি এবং বর্গাদাররা যাতে জমি ফিরে পায় সেব্যবস্থা করতে অনুরোধ জানাচ্ছি।

শ্রীযামিনী কিশোর মজুমদার: মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মহোদয়কে জানাইতে চাই যে, যদিও উপদেশ দেওয়া হয়েছে যে, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকরি প্রার্থী হতে হবে, কিন্তু পশ্চিম দিনাজপুরের

জেলা সদরে কোন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ নেই। ফলে ১২ টাকা খরচ করিয়া সব জায়গা হতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ রায়গঞ্জ যাওয়া সম্ভব নয়। আগে পূর্বতন সরকার নিজেরাই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের কাজ করতেন। জনসাধারণের দাবি অবিলম্বে জেলা সদর বালুরঘাটে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস বসানো হোক।

শ্রীসুধীর ভাণ্ডারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সপ্তাহে মহেশতলা কেন্দ্রের রেশন দোকানগুলিতে এফ. সি. আই. গুদাম থেকে যে গম দেওয়া হয়েছে তা মানুষের খাদ্যের অযোগ্য এবং পশুর খাদ্যেরও অযোগ্য। সেইজন্য দৃষ্টি আকর্ষণ করতে চাইছি খাদ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের। এফ. সি. আই. গুদামের দিকে দৃষ্টি রাখা দরকার এবং পরীক্ষা-নিরীক্ষা করে রেশন দেওয়া দরকার। তা না হলে ওই গম খেয়ে মানুষের ব্যাপক রোগ দেখা দিতে পারে। তাছাড়া আতপ চাল যা দেওয়া হয় তা ধূলায় এবং বালিতে ভর্তি, ভীষণ অপরিষ্কার। ঝাড়াই-মাড়াই করলে তিন ভাগের এক ভাগ বাদ হয়ে যাবে। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ঐ সমস্ত এফ. সি. আই.-এর গোডাউনগুলি পরীক্ষা-নিরীক্ষা করবার ব্যবস্থা করেন।

[12.40—12.50 P.M.]

মিঃ স্পীকার : একজন সদস্য একদিন একটি বিষয়ের উল্লেখ করতে পারবেন। এখানে দেখতে পাচ্ছি কেউ কেউ দুইটি বিষয় উল্লেখ করার জন্য আবেদন করেছেন। তাই আমি জানিয়ে দিচ্ছি একজন সদস্যের একটি বিষয়ের উল্লেখ করার ব্যবস্থা থাকবে।

শ্রীরাধিকা রঞ্জন প্রামাণিক : মিঃ স্পীকার স্যার, ইস্ট মগরাহাট বেসিন ড্রেনেজ স্কীম কার্যকরী না হবার জন্য অতীতে কয়েকবার বন্যা হয়ে লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হয়ে গেছে। এই স্কীমের জন্য ১৯৭২ সালে ২ কোটি ৯৬ লক্ষ টাকা খরচ হয়, কিন্তু সে টাকা সব জলে চলে গেছে। ১৯৭২ সালে এই স্কীম পাশ করা হয়েছিল। কংগ্রেস সরকারের প্রাক্তন সেচমন্ত্রী এ. বি. এ. গনি খান চৌধুরী ঐ টাকা মাটির তলায় ফেলে দিয়েছে। লক্ষ লক্ষ মানুষের কি সর্বনাশ করেছে তা দেখলেই বোঝা যায়। তারপর ১৯৭৩ সালে ৪ কোটি ৪৪ লক্ষ টাকা স্যাংশন হয়। কিন্তু বেশীর ভাগ টাকা কন্ট্রাকটরদের সংগে যোগসাজশ করে তাদের পকেটে চলে গিয়েছে।

এ সম্বন্ধে এনকোয়ারী হওয়া দরকার। এবং যে সমস্ত লোক দোষী সাব্যস্ত হবে তাদের শাস্তি হওয়া দরকার। আজকে ঐ স্কীমকে যদি কার্যকরী করা না যায় তাহলে ১০ কোটি টাকার ফসল নষ্ট হয়ে যাবে। বহুদিন থেকে এই ওয়াটার লগিং হয়ে ফসল নষ্ট হয়ে আসছে। তাই আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি একটা পূর্ণাঙ্গ তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তি দেবার ব্যবস্থা করুন। এবং সংগে সংগে এই স্কীমকে কার্যকরী করার জন্য অনুরোধ জানাচ্ছি। এবং অবিলম্বে এটা কার্যকরী করার জন্য ব্যবস্থা নিতে হবে। সমস্ত টাকা মাটির তলায় চলে গেছে।

মিঃ স্পীকার : আপনি যে বক্তব্য রাখলেন তাতে ঐ স্কীমকে কার্যকরী করতে বললেন, না দোষী ব্যক্তিকে শাস্তি দেবার ব্যবস্থা করতে বললেন ?

শ্রীরাধিকা রঞ্জন প্রামাণিক : আমি দুটোই বলেছি। অবিলম্বে ঐ স্কীমকে কার্যকরী করা হোক এবং একটা তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তি দেবার ব্যবস্থা করা হোক।

শ্রীহরিপদ জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেড়দিঘি উদবাদল খালটি সংস্কারের জন্য ১৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। কিন্তু সেখানে ৯ লক্ষ টাকা মাত্র খরচ হয়েছে। অতি সামান্য পরিমাণ কাজ হয়েছে। সরকারী কণ্ট্রাকটার অর্থাৎ সরকারের রেকমেণ্ডেড কণ্ট্রাকটার যা আছে তাদের সংগে দুর্নীতিপরায়ণ অফিসাররা এক সংগে যোগসাজশ করে টাকা সব আত্মস্যাৎ করেছে। অতি সামান্য কিছু কাজ হয়েছে এবং বাকী যে ৯ লক্ষ টাকা আছে তাতে মোটেই সংস্কার হবে না তাই আমি সেচমন্ত্রীকে অনুরোধ করবো তদন্ত না করেযেন ঐসব কণ্ট্রাকটরদের পেমেণ্ট করা না হয়। আর একটি বিষয়ের প্রতি আমি জানাচ্ছি যে, কেলেঘাই ও দেড়দিঘি, উদবাদল খালের সংযোগ স্থলে যে স্লুইস গেট আছে সেটা একেবারে অকেজো। ঐ গেট যে কণ্ট্রাকটর তৈরি করেছে আমি তার নাম জানি—তার নাম হলো রবি সামন্ত। এই কণ্ট্রাকটরকে পেনালাইজ করা দরকার। কেন না যে ক্যালকুলেটেড এ্যামাউণ্ট অব মেটিরিয়ালস দেওয়া উচিত ছিল তা মোটেই দেওয়া হয়নি। তার পেনালাইজ হওয়া উচিত, কণ্ট্রাকটরের পেমেণ্ট বন্ধ করে রেখে দেওয়া উচিত এবং এই গেটটির যদি উপযুক্ত ব্যবস্থা করা না যায় তাহলে বহু জায়গা বন্যায় বিধ্বস্ত হবে।

ডঃ শাশ্বতী বাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহিষাদলে একটি হাসপাতাল আছে, কিন্তু তাতে বিদ্যুৎ সরবরাহ নেই, যদিও মহিষাদল বাজার তার থেকে ২০০ গজ দূরে, সেখানে বিদ্যুৎ আছে। এই হাসপাতাল ঠিক নির্বাচনের ৭ দিন আগে তাড়াহুড়ো করে বিল্ডিং না হওয়া সত্ত্বেও অকজিলিয়ারি হসপিটাল থেকে রোগী এনে ভর্তি করে হাসপাতাল চালু হয়ে যায়। কাজেই হাসপাতাল যখন চালু হয়েছে, তখন আমি অনুরোধ করব এখুনি যেন মাননীয় মন্ত্রী মহাশয় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করেন।

শ্রীআবদুল কায়ুম মোল্লা ঃ মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কলকাতার বাগমারিতে যে গোরস্থান আছে তার চারদিকের দেওয়াল ভেঙ্গে গেছে। তার ফলে সাধারণ মানুষ তার ভিতর দিয়ে যাতায়াত করছে এবং ওখানে কবরের উপর যে পাথরের ফলক ছিল সেই পাথরের ফলকগুলি চুরি হয়ে যাচ্ছে। এমন কি স্যার, ওখানকার ডেড বডিগুলি পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে। এটা একটা সাংঘাতিক ঘটনা। শুনেছি আবদুল রৌফ আনসারি মহাশয় প্রাক্তন কংগ্রেসী এম. এল. এ., তিনি নাকি ঐ সংস্থার চেয়ারম্যান ছিলেন। তিনি ঐ সংস্থার টাকাগুলি মেরে দিলেন কি না—এর জবাব দিলেই সেটা বোঝা যাবে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীরজনীকান্ত দোলুই ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার এই বিধানসভায় যখন আলোচনা চলছিল যে, কসবায় শুক্রবার দিন তাপস ঘোষাল বলে একটি ছেলে প্রকাশ্য দিবালোকে মার্ডার হয়েছে, তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু বললেন, এই ব্যাপারে সি. পি. এম. বা অন্য কোন কর্মীরা জড়িত নেই, ঘটনাটি সমাজবিরোধীদের সংঘর্ষের ব্যাপার, কিন্তু আজকে আনন্দবাজার পত্রিকায় দেখতে পাচ্ছি কসবায় শুক্রবার দিন হত্যাকাণ্ডে সি. সি. এম.-এর একজন কর্মীকে পুলিশ গ্রেপ্তার করে। তার ফলে রবিবার দিন সকাল বেলায় প্রায় ঘণ্টা তিনেক ধরে ঐ এলাকায় সি. পি. এম.-এর কর্মীরা প্রতিবাদ মিছিল বের করে কয়েকটি রাস্তা পরিক্রমা করে, পুলিশবিরোধী ধ্বনি দেয়। ঐ হত্যার ব্যাপারে আর কাউকে গ্রেপ্তার করা হয় নি। তাহলে কি স্যার, আমরা ধরে নিতে পারি না, এই হত্যার মধ্যে যারা জড়িত আছে তার মধ্যে সি. পি. এম.ও আছে ? মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলছেন যে, সমাজবিরোধী—তাহলে কি আমরা এটা মনে করতে পারি না যে,

আজকাল মাননীয় মুখ্যমন্ত্রী সি. পি. এম.-কে সমাজবিরোধী আখ্যা দিচ্ছেন ? আমরা কি স্যার, এটাও ধরে নিতে পারি না বা মনে করতে পারি না যে, যাতে প্রকাশ্য দিবালোকে খুন হয়, পুলিশ যাতে এ্যারেস্ট না করে, এ্যাকশন না নেয়, চুরি, ডাকাতি, বাহাজানি যাতে হয়, তারই জন্য পুলিশ-বিরোধী ধ্বনি দেওয়া হয়েছে ?

শ্রীশচীন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই, যে এলাকার ঘটনা সম্পর্কে বলা হচ্ছে, যদিও সেটা সাবজুডিস ব্যাপার, কিন্তু তা সত্ত্বেও কিছু তথ্য পরিবেশন করা দরকার। আমি নিজে ঐ অঞ্চল পরিক্রমা করেছি, রিপোর্ট সংগ্রহ করেছি। আমাদের মুখ্যমন্ত্রী এখানে বিবৃতি দিয়েছিলেন ওটা সম্পূর্ণ সমাজবিরোধীদের কাজ—সেখানে সমাজ-বিরোধীদের মধ্যে ভাগ-বাঁটোয়ার ব্যাপার ছিল।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গ প্রদেশ প্রাক্তন শিবির কর্মচারীরা বালুরঘাট ডি. এম. অফিসের সামনে গত ১৪-২-৭৭ তারিখ থেকে অবস্থান চালিয়ে আসছে তাদের দাবির পরিপ্রেক্ষিতে। এই ব্যাপারে গত ২-৮-৭৭ তারিখে মাননীয় জেলমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় বালুরঘাট পরিদর্শনের সময় সেইখানে গিয়েছিলেন এবং তাদের কাছ থেকে তিনি একটি স্মারকলিপিও পেয়েছেন। কিন্তু সেই সমিতি এখন পর্যন্ত সঠিকভাবে কিছু আশ্বাস পায় নি। প্রাক্তন শিবির কর্মচারীরা যে অবস্থান করে বসে আছে তাদের দাবির পরিপ্রেক্ষিতে, সেই বিষয়ে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় এখুনি একটা কিছু ব্যবস্থা গ্রহণ করে তাদের কাছে তারবার্তা পাঠান বা আশ্বাস দান করুন—এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12.50—1.00 P. M]

শ্রীসুরেন্দ্রনাথ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননিয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পুরুলিয়া জেলার কাশীপুর কেন্দ্রে একটি পশু চিকিৎসার হাসপাতাল আছে। সেখানে ৭ ৮ মাস যাবৎ কোন ডাক্তার নেই। ঐ এলাকাতে আমি যখন গিয়েছিলাম তখন শুনলাম সেখানে মুরগী আর গরু, মোষের মড়ক লেগেছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে স্যার, আপনার মাধ্যমে আমার অনুরোধ, সেখানে অবিলম্বে ডাক্তার পাঠানো হোক।

শ্রীবিক্রম টুডু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের পুরুলিয়া জেলার বলরামপুর শহরে গালা শিল্প বহুদিন ধরে চলে আসছে। সেই শিল্পের প্রতি প্রাক্তন সরকারের আমল থেকে দিনের পর দিন নজর না দেবার ফলে সেটা বন্ধ হতে থাকে এবং এখন সরকারের নজর না থাকায় সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। ফলে স্যার, সেখানকার ৫/৭ হাজার মজুর বেকার হয়েবসে আছে। ওই শহরে অন্য কোন কারখানা না থাকায় শ্রমিকরা তো বেকার হয়েছেই তার সঙ্গে সঙ্গে ছোট ছোট দোকানদার ইত্যাদিরাও ধুঁকে ধুঁকে দিন কাটাচ্ছে। শ্রমিকদের অবস্থা এখন চরমে। শ্রমিকরা ব্লকে গিয়ে ভিড় করছে এবং জি. আর.-এর জন্য নাম লেখাচ্ছে ও চাপ সৃষ্টি করছে। স্যার, গালা শিল্পের যাঁরা শ্রমিক তাঁরা সেখানে ছাড়া আর কাজ করতে পারে না। তাদের হাত, পা পঙ্গু হয়ে যায়। এই অবস্থায় অবিলম্বে যাতে সেইসব কারখানা খোলার ব্যবস্থা করা হয় তারজন্য স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে আবার অনুরোধ করে আমি শেষ করলাম।

শ্রীরাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত জুলাই মাসের প্রবল বন্যায় কেতুগ্রামের নিম্ন অঞ্চল বন্যাপ্লাবিত হয়েছিল, সেটা ত্রাণমন্ত্রী মহাশয় দেখে এসেছেন। স্যার, সেই বন্যায় সেখানকার হাজার হাজার বিঘা চাষ করা জমি ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, সেই অগণিত গরিব কৃষকরা যাতে অন্ততঃ খাজনা এবং কানেল কর থেকে রেহাই পায় তার ব্যবস্থা করুন।

শ্রীজন অর্থার বাস্কলা ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে ডুয়ার্স এলাকায় কমলালেবুর চাষ। কমলালেবু বর্তমানে খুবই অর্থকরী ফল বটে। এই ফল জন স্বাস্থ্যের পক্ষে প্রয়োজনীয়ও বটে। এই ফলের মধ্যে প্রচুর পরিমাণে ভিটামিন সি পাওয়া যায়। জলপাইগুড়ি জেলার ডুয়ার্স-এর কেবলমাত্র বক্সার, চামুরচী এলাকায় নামমাত্র এই ফলের চাষ হয়। কিন্তু কালচিনী, কুমারগ্রাম, মাদারীহাট প্রভৃতি এলাকায় সরকারী খামারের মাধ্যমে ব্যাপকভাবে কমলালেবু চাষ করার সুযোগ নেওয়া যেতে পারে। এইসব এলাকায় কমলালেবুর চাষ করলে দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়েও এর দ্বারা বৈদেশিক মুদ্রা অর্জনের ব্যবস্থা করা যেতে

পরে। সভার মাধ্যমে আমি এই বিষয়ের প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীকিরণময় নন্দঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-এর বিরুদ্ধে ইতিমধ্যে বেশ কিছু সংবাদপত্রে বহু খবর বেরিয়েছে। আজকে ভূমিলক্ষ্মীতে এই সম্পর্কে খবর আছে। নবদ্বীপ লোকসভার সদস্য বিভা গোস্বামী কেন্দ্রীয় সরকারের কাছে তারবার্তা পাঠিয়েছেন অবিলম্বে এর অপসারণের দাবিতে। ১৪ই আগস্ট সত্যযুগে এবং ১৫ই আগস্ট আনন্দবাজার পত্রিকায় এ সম্পর্কে উল্লেখ আছে এবং কৃষিমেলার লক্ষ লক্ষ টাকার হিসাব পাওয়া যাচ্ছে না। এহেন ব্যক্তিকে ইউ. জি. সি. মেদিনীপুর বিশ্ববিদ্যালয়ের জন্য একটা কমিটিতে পাঠাচ্ছেন। এই এস. পি. চ্যাটার্জীকে সেই কমিটিতে স্থান দেওয়া হচ্ছে। আমি পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি তিনি যেন কেন্দ্রীয় সরকারের কাছে তার তীব্র প্রতিবাদ পাঠান এবং এই এস. পি চ্যাটার্জীকে যেন এই কমিটিতে স্থান না দেওয়া হয়। কৃষি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ উঠেছে তার জন্য একটা হাই পাওয়ার কমিশন বসিয়ে অবিলম্বে তার তদন্ত করার জন্য যেন কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানান হয়।

শ্রীতারকবন্ধু রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি সদর মহকুমার ধূপগুড়ি, জলপাইগুড়ি, ময়নাগুড়ি, মাল, মেটেলী, নাগরাকাটা, ধূপগুড়ি এই সাতটি থানা এলাকার জন্য জলপাইগুড়ি শহরে মাত্র একটি কলেজ রয়েছে। এইসব এলাকা থেকে কলেজের শিক্ষার্থীদের এখানে পড়তে আসতে হয়, কিন্তু তাদের যাতায়াতের জন্য কোন বাসের ব্যবস্থা নেই। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট থেকে যে দু' একটা বাস আছে তার টাইম টেবল কলেজের সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি হয় না। উদাহরণ স্বরূপ বলা যায় যে, জলপাইগুড়ি শহর থেকে সকাল ৮টায় একটি বাস বানারহাটী হয়ে ঢেলাকোটা যায়—কিন্তু সেটা দেওয়া উচিত ঢেলাকোটা থেকে বানারহাটী হয়ে জলপাইগুড়ি শহরের দিকে আসা। সান্ধ্য কলেজ জলপাইগুড়িতে একটি আছে এবং এই ৭টি থানা থেকে শিক্ষার্থীরা এখানে পড়তে আসে কিন্তু, সেখানে কোন বাসের ব্যবস্থা নেই। ডুয়ার্সের দিকে যে বাস চলে বিকাল ৫টা থেকে—আর কোন বাস থাকে না। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য রাখছি যে, অচিরে সান্ধ্য কলেজের শিক্ষার্থীরা যাতে পড়াশুনা করতে পারে তার জন্য অবিলম্বে বাসের ব্যবস্থা করা প্রয়োজন।

শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, জিনিসের উপর সেটা অনেক সদস্যই জানেন। আজকে যাঁরা সরকারে এসেছেন তাঁদের মধ্যে অনেক মন্ত্রী আছেন, তাঁরাও জানেন যে, ১৯৬৯ সালের থেকে ১৯৭২ সাল পর্যন্ত সরকার থেকে মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত চাষীদের অনেক পাম্প বিলি করা হয়েছে। সেই পাম্পগুলি, এখানে সকলেই জানেন যে, শতকরা ৯০ থেকে ৯২ ভাগ পাম্প সেটগুলি নিকৃষ্টমানের। তার ফলে যে সমস্ত চাষীরা এগুলি নিয়েছে তারা বারে বারে সরকারের কাছে বলেছে যে এই পাম্পের দ্বারা তারা কাজ করতে পারছে না, তারা লোন শোধ করতে পারবে না। কিন্তু সরকার কখনই কোন ব্যবস্থা করেন নি আমি এখন দেখছি যে, এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রিস-এর কাছ থেকে সমস্ত এ্যাডভোকেট-এর নোটিশ হয়ে গেছে পাবলিক ডিম্যাণ্ড রিকোভারী এ্যাক্ট অনুযায়ী তাদের উপর ক্রোক করার জন্য। আমি সরকারের কাছে অনুরোধ করছি এবং দাবি করছি যে, সত্যিকারের যারা পাম্প সেট চালিয়ে লাভবান হয়েছে তাদের উপর লোন আদায় করা হোক। যাঁদের নিকৃষ্ট মানের পাম্প সেট দেওয়া হয়েছে তাদের উপর এই রকম অন্যায়ভাবে ক্রোক বন্ধ করা হোক। কাজেই এগুলি এনকোয়ারী করে তাদের রেহাই দেওয়া হোক, তা না হলে তাদের উপর অন্যায় করা হবে।

[1.00—1.10 P.M.]

শ্রীসুনীল বসু রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রি-সভার কাছে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন কলে-কারখানায় যে শিক্ষানবিসি নিয়োগ করা হয়, সেই শিক্ষানবিসি কাল শেষ হয়ে যাবার পর তাদের কোন কর্মসংস্থানের ব্যবস্থা হয় না। এই শিক্ষানবিসি কাল শেষ হয়ে যাবার পরে তাদের যাতে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়, এই সমস্ত দক্ষ কারিগরদের যাতে কর্মের ব্যবস্থা করা হয়, সেদিকে সবিশেষ দৃষ্টি দেবার জন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা জরুরী বিষয়ের প্রতি মন্ত্রিসভার, বিশেষ করে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পাণ্ডুয়া থানার চাঁদপুর হাসপাতালে, সেখানে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে এবং সেখানকার রোগীদের ঘর থেকে বের করে দেওয়া হয়েছে। সেখানে ডাক্তার নেই দীর্ঘ চার মাস

ধরে এবং কংগ্রেসী শাসকরা এটা আমাদের উপহার দিয়ে গেছেন, সেখানে নানা রকম দুর্নীতি চলছে, এই দুর্নীতির আড্ডা ভাঙ্গার জন্য অবিলম্বে তদন্ত করা হোক। আমরা গণ-দরখাস্ত নিয়ে সিভিল সার্জেনের কাছে গিয়েছিলাম এই দুর্নীতি বন্ধ করার জন্য, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, তিনি তাঁর অক্ষমতা প্রকাশ করেছেন। সুতরাং এই দুর্নীতি অবিলম্বে বন্ধ করার জন্য এবং ডাক্তার দেবার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীএ. কে. এম হাসানুজ্জামান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে যে মাসটি চলছে সেটি হচ্ছে রমজান মাস, কিন্তু দুঃখের বিষয় মুসলমানদের এই মাসে কোন অতিরিক্ত চিনি দেওয়া হচ্ছে না, আমি অনুরোধ করবো মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যেন এই রমজান মাসে এবং ইদলফতরের উৎসব উপলক্ষে অতিরিক্ত চিনি, ময়দা এবং সুজি সরবরাহের ব্যবস্থা করেন।

GENERAL DISCUSS ION ON BUDGET

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে এক বিরাট ঘাটতি বাজেট উপস্থিত করেছেন। তিনি তাঁর বক্তব্যে বলেছেন যে, ৫৬ কোটি টাকা প্রারম্ভিক তহবিলে ঘাটতি ছিল এবং এখন সব মিলিয়ে ১৩১ কোটি টাকা ঘাটতি দাঁড়িয়েছে। এটা একটা অভাবনীয় ব্যাপার। বাংলাদেশে এর পূর্বে এই রকম ঘাটতি বাজেট এসেছে বলে আমার জানা নেই। এই অবস্থায় নিশ্চয়ই আমাদের চিন্তাগ্রস্ত হতে হচ্ছে। এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই ঘাটতি পূরণের জন্য নানা প্রকার চেষ্টা করছেন, তার মধ্যে কিছু কিছু বিক্রয় কর, যেগুলো বিক্রয় কর যোগ্য ছিল, তার উপর কিছু কিছু টাকা বাড়াবার চেষ্টা করেছেন। আমি মনে করি অন্যান্য অনেক বিষয়, যেমন মদের উপর ট্যাক্স ধার্য করেছেন, মোটর গাড়ির এ্যাকসেসারীর উপর এবং অন্যান্য অনেক বিষয় ট্যাক্স ধার্য্য করেছেন। এইসব নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর যে কর ধার্য করেছেন, তার ফলে পরোক্ষভাবে সাধারণ মানুষের উপর করের বোঝা চেপে যাবে সেই জন্য বিষয়টা বিবেচনা করতে বলছি। আমি মনে করি দিনের পর দিন যেভাবে কর বেড়েছে তার ফলে বর্তমানে জনসাধারণের নূতন করে কর দেবার আর ক্ষমতা নেই। আজকে আমরা দেখতে পাচ্ছি, নূতন কর কিভাবে বেড়ে চলছে—১৯৫২-৫৩ সালের

তদানীন্তন সরকারের বাজেট যদি দেখি তাহলে দেখতে পাবো, তখন রাজস্ব খাতে আয় ছিল ৩৫ কোটি ৯১ লক্ষ টাকা। আজকে ১৯৭৭-'৭৮ সালে রাজস্ব খাতে আয় দাঁড়িয়েছে ৭৪৭ কোটি ৫৯ লক্ষ টাকা। প্রায় ২১/২২ গুণ বেড়ে গেছে। যদি বলেন লোকসংখ্যা বেড়েছে। আমি বলবো, ১৯৫১ সালের যে সেনসাস ছিল, তাতে দেখা যাচ্ছে ২ কোটি ৫৮ লক্ষ লোক ছিল, আজকে সেটা দাঁড়িয়েছে সাড়ে চার কোটি পাঁচ কোটিতে।

কিন্তু আমরা দেখছি কর বেশ বেড়ে গেছে। অন্ততঃ পক্ষে জনসাধারণকে প্রত্যক্ষ কর এবং পরোক্ষ কর প্রায় ২১ গুণ বেশী দিতে হচ্ছে। সেই জন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে বলব যে, সাধারণ মানুষের উপর করের বোঝা যেন আর না বাড়ে। তিনি নিশ্চয়ই জানেন, শতকরা ৭০ জন লোক আজ দারিদ্র সীমার নীচে বাস করছেন। তারা খেতে পায় না, পরতে পায় না, এ অবস্থায় আছে। তাদের ওপর যেন করের বোঝা চাপানো না হয়। আর একটা কথা তাঁকে বলব, তিনি নিশ্চয়ই এই ঘাটতি টাকা যেমন করেই হোক সংগ্রহ করবেন। এই বাজেটে যে টাকা জনকল্যাণ খাতে বরাদ্দ করা হয়েছে তার জন্য নিশ্চয়ই তাঁকে টাকা সংগ্রহ করতে হবে। সেখানে আমি তাঁকে কয়েকটি প্রস্তাব দিচ্ছি—প্রথমেই বলব মাথাভারী প্রশাসন ব্যবস্থার উপর হাত দিতে। আমরা মাথাভারী প্রশাসন ব্যবস্থা সম্বন্ধে এই বেঞ্চ থেকে বার বার বলেছি। আজকে যদি সে জায়গায় হাত দেন তাহলে লক্ষ লক্ষ টাকা সেখান থেকে সংগ্রহ করতে পারবেন, টাকা বাঁচাতে পারবেন। জেনারেল এ্যাডমিনিসট্রেশনের ক্ষেত্রে বহু অফিসার আছেন, যেখানে হয়ত একজন সেক্রেটারী আর একজন এ্যাসিসটেন্ট সেক্রেটারী এবং কয়েকজন ক্লার্ক দিয়ে কাজ চলতে পারে, সেখানে বহু অফিসার রাখা হয়েছে। এ ব্যাপারে আমি পি. ডবলু. ডি.-র কথা বলতে পারি, সেখানে দেখা যাচ্ছে একটি বিভাগ করলেই চলতে পারত, অথচ সেখানে পি. ডবলু. ডি.-র চারটি বিভাগ আছে। পি. ডবলু. ডি. পি. ডবলু. ডি. (হাউস), পি. ডবলু. ডি. (কন্সট্রাকসন বোর্ড) পি. ডবলু ডি (রোডস) এই ভাবে চারটি বিভাগ আছে। চারজন চীফ ইঞ্জিনীয়ার আছেন, তার সঙ্গে সঙ্গে সেক্রেটারী, সুপারিনটেনডিং ইঞ্জিনীয়ার, এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার, জয়েন্ট ইঞ্জিনীয়ার ইত্যাদি অনেক রকম আছে। এই ভাবে কাজ চলছে, হয়ত এ বিষয়ে সকলেই এক মত যে, এই সবগুলিকে একজন চীফ্ ইঞ্জিনীয়ারের আণ্ডারে এনে চীফ্ ইঞ্জিনীয়ার ইনচার্জ এবং তাঁকেই চীফ্ ইঞ্জিনীয়ার কাম্ সেক্রেটারী করে দেওয়া যায় এবং তারই সঙ্গে ডেপুটি সেক্রেটারী, সুপারিনটেনডিং ইঞ্জিনীয়ারের সংখ্যা কমিয়ে আনা যায় তাহলে অনেক টাকা বাঁচতে পারে। যে রকম পাবলিক

হেল্‌থ ডিপার্টমেণ্ট সম্বন্ধেও বলতে পারি—সেখানে দেখছি একজন ব্যক্তি আছেন, যিনি মেডিকেল সাইডের লোক। তিনিই সেখানকার সেক্রেটারীও বটে, আবার ডাইরেক্টরও বটে। সেখানে সুন্দরভাবে কাজ চলছে। কিন্তু পাবলিক্ হেলথ ইঞ্জিনীয়ারিং-এ একজন আই. এ. এস. অফিসারকে সেক্রেটারী করা হচ্ছে এবং সেখানে চীফ্ ইঞ্জিনীয়ারকে একটা ডিপার্টমেণ্ট রাখা হচ্ছে। কিন্তু অন্যান্য ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেণ্টকে আমরা দেখতে পাই সেখানে চীফ্ ইঞ্জিনীয়ার ইনচার্জ করা হয়েছে এবং সঙ্গে সঙ্গে কাম্ সেক্রেটারীর দায়িত্ব দেওয়া হচ্ছে। কিন্তু ওখানে কর হয় নি। যদি পাবলিক্ হেল্‌থ ইঞ্জিনীয়ারিংকে সেভাবে করে আনা যায় তাহলে আমার মনে হয় সেখানে অনেক টাকা বাঁচানো সম্ভব। সেখানে সেক্রেটারী, এ্যাসিসটেণ্ট সেক্রেটারী, জয়েণ্ট সেক্রেটারী ইত্যাদি করে রাখা হয়েছে। কিন্তু ওই ব্যবস্থা করলে অনেক টাকার সাশ্রয় হতে পারে। আমরা দেখতে পাই চীফ্ ইঞ্জিনীয়ার ডিপার্টমেণ্টে এমন অনেক লোক আছে যাদের জন্য ফাইনান্স ডিপার্টমেণ্টের কোন অনুমোদন না নিয়েই এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে। আরো দেখছি যাদের বয়স হয়ে গেছে, যাঁরা ১০০০/৩০০০ টাকা বেতন পান তাঁদের আবার এক্সটেনশন দিয়ে বসানো হচ্ছে, অর্থাৎ সেখানে আবার ২০০০/৩০০০ টাকা ব্যয় করা হচ্ছে। কিন্তু যদি সেখানে পরবর্তী অফিসারকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হত তাহলে ৭০০/৮০০ টাকায় সেই কাজ চালানো যেতে পারত। অথচ তাদের এক্সটেনশন দিয়ে বসিয়ে রাখা হচ্ছে। তারপর শিক্ষা বিভাগেও সেই একই ব্যাপার। প্রাইমারীর জন্য একটা আলাদা বিভাগ, সেকেণ্ডারীর জন্য একটা আলাদা, আবার কলেজ বা হায়ার এডুকেশনের জন্য একটা আলাদা বিভাগ। সব আলাদা আলাদা সেক্রেটারী করা হয়েছে, এমন কি সোসিয়াল এডুকেশনের জন্যও একটা আলাদা বিভাগ করা হয়েছে। যেখানে ডঃ ডি. এন. সেন ডাইরেক্টর কাম্ সেক্রেটারী ছিলেন। সেখানে আজকে বিভিন্ন ডিপার্টমেণ্টের জন্য বিভিন্ন সেক্রেটারী, বিভিন্ন ডেপুটি সেক্রেটারী, জয়েণ্ট সেক্রেটারী, এ্যাসিসটেণ্ট সেক্রেটারী, বহু অফিসার ইত্যাদি করে অর্থের অপচয় করা হচ্ছে। এগুলি যদি আজকে সব একই সঙ্গে করে দিতেন তাহলে আজকে বহু লক্ষ টাকা বাঁচাতে পারতেন।

[1.10—1.20 P.M.]

ক্ষুদ্র ক্ষুদ্র ভাবে ট্যাক্স ধার্য করে ২/৩ কোটি টাকা সংগ্রহ করার চেষ্টা না করে এগুলি যদি করেন তাহলে অনেক টাকা বেঁচে যাবে। এরকম ভাবে agriculture,

irrigation Deptt. মাথাভারী শাসন চলছে। সুতরাং ব্যয় সঙ্কুলন করে তিনি অনেক কিছু করতে পারেন। আগেকার সরকারের কেনা ২টি বিমান ও হেলিকপ্টার বিক্রি করে পরিবহণ ব্যবস্থাকে সুষ্ঠুভাবে চালাবার যে ব্যবস্থা করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তারপর পুলিশ খাতে ৪ কোটি টাকা কমাবার যে ব্যবস্থা করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই রকমের নিপীড়ন যন্ত্রের জন্য খরচ আরও কমান উচিত। বৃটিশরা যে উদ্দেশ্যে পুলিশকে ব্যবহার করত বর্তমানে তাদের সেই মনোভাবেরও কোন পরিবর্তন হয় নি। এদের কার্যকলাপের বহু উদাহরণ আমি গতবারে দিয়েছিলাম। লালবাজারে ধোলাইখানায় নিয়ে গিয়ে গোপীকে কিভাবে তার চুল টেনেছিল, কিভাবে সিগারেটের ছেঁকা দিয়েছিল সে সব কথা সকলেই জানেন। C. I. D Officer বিভূতি চক্রবর্তী, রঞ্জিত ও সমীর চক্রবর্তী পুলিশের Constable, তাদের বাড়ীর রকে বসেছিল তাদের কিভাবে হত্যা করেন সে কথা সকলের জানা আছে। এছাড়াও আমরা দেখছি প্রতিটি থানা এক একটা দুর্নীতির কেন্দ্র। Enforcement Branch, আবগারী বিভাগগুলিও একটা দুর্নীতির কেন্দ্র। আমাদের এক লক্ষের মত পুলিশ আছে—যাদের জন্য আমরা ৫৮ কোটি টাকা বরাদ্দ করেছি—যেটা ১৯৫২-৫৩ সালে ছিল ৬ কোটি ৫ লক্ষ টাকা। অথচ পুলিশের কি কাজ আমরা দেখছি? খুন, জখম, রাহাজানি বেড়েই চলেছে। সেদিন কসবায় দিনের বেলায় তাপস ঘোষালকে কিভাবে হত্যা করা হল জানা সকলের আছে। পুলিশ সেখানে দর্শক ছিল। চুরি, ডাকাতি, খুন ইত্যাদি সবই পুলিশের সহযোগিতায় হচ্ছে। অতএব সেখানে পুলিশ রেখে কি হবে? সেজন্য মনে করি ৫ কোটি টাকা আরও কমিয়ে সেই টাকা জনকল্যাণমূলক কাজে দেওয়া হোক এবং পুলিশকে জনকল্যাণমূলক কাজে ব্যবহার করা হোক। অনেকে জিজ্ঞাসা করবেন তাহলে কিভাবে দুর্নীতি দমন হবে, শান্তি শৃঙ্খলা রক্ষা হবে? আমি বলব জনসাধারণের উপর এই দায়িত্ব দেওয়া হোক। প্রতিটি মহকুমায় S. D. O স্থানীয় M. L. A এবং জনসাধারণকে নিয়ে শান্তি-শৃঙ্খলা কমিটি করা হোক এবং তারাই পুলিশ ও থানার উপর নজর রাখবে এবং তাহলেই কাজ ভাল হবে। এই রকম কমিটি করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব। সেচ বিভাগে অনেক কোটি কোটি টাকা ব্যয় ধরা হয় এবং সেখানে অনেক বড় বড় অফিসার আছেন। কিন্তু তাঁদের অবহেলার জন্য পশ্চিমবঙ্গে প্রতি বছর বন্যা হচ্ছে। সেখানে জল নিকাশের কোন ব্যবস্থা নেই এবং সেদিকে তাঁদের কোন দৃষ্টি নেই। আমার কেন্দ্রে রামনগরে যে একটা বেসিন আছে সেখানে ১৯ ফুট জল উঠেছিল। সেখানে officer-দের দেখানো হয়। relief-দেওয়া হয়। কিন্তু কোন স্থায়ী ব্যবস্থা হয় না। এর ফলে

থেকে থানার ৬টি গ্রাম ও রামনগরের ৬টি গ্রাম ভেসে যাচ্ছে। সেচ বিভাগ যদি জনস্বার্থে কাজ না করে তাহলে এই বিভাগ রেখে কি লাভ? অথচ এই বিভাগের জন্য আমরা কোটি কোটি টাকা খরচ করি।

তারপর সেখানে আমাদের অর্থমন্ত্রী মহাশয় অনেক অর্থনৈতিক বিশ্লেষণ করেছেন, তাঁর সঙ্গে আমি একমত কিন্তু তাঁর যে ৩২-দফা কর্মসূচীর কথা তিনি বলেছেন তাতে প্রতিকারের বা সমস্যা সমাধানের কোন পথ দেখতে পাচ্ছি না, তাই আমি হতাশ হয়েছি। যা হোক তিনি পল্লীবাংলার হাজার হাজার বুনিয়াদী শিক্ষণ প্রাপ্ত শিক্ষক যাঁরা ৪।৫ বছর ধরে বসে আছেন, যাঁদের আপনি জানেন যে, তাঁদের বণ্ড দিতে হয়, পড়া শেষ করলে সরকারের অধীনে তিন বৎসর কাজ করতে হবে, এই ধরনের যে বহু শিক্ষক রয়েছেন তাঁদের কোন ব্যবস্থা হচ্ছে না। আপনি জানেন যে, বার বার করে তাঁদের ইনটারভিউ করা হয়েছে, Panel করা হয়েছে, বলা হয়েছে তাঁদের কথা চিন্তা করা হবে, কিন্তু কিছুই করা হয় নি। সারা বাংলাদেশে আজ বহু ছেলে বেকার, সঙ্গে সঙ্গে সারা বাংলাদেশে এও আমরা দেখেছি যে, অনেক Organised School আছে, যাদের শিক্ষকরা দু-তিন বৎসর ধরে পড়া করিয়ে যাচ্ছেন, কিন্তু তবুও তাঁদের কিছু হচ্ছে না। গ্রামবাসীরা ঘরবাড়ী করিয়ে দিয়েছেন এবং তাঁরা পড়িয়েও আসছেন, কিন্তু তাঁরা কোন চাকরি পাচ্ছেন না। তাদের কথা আপনাকে আজ চিন্তা করতে হবে কারণ সারা বাংলাদেশে এ ধরনের অনেক ঘরগড়া স্কুল আছে যেখানে গ্রামবাসীরা ঘর করে আসবাবপত্র কিনে দিয়েছেন এবং তাঁরা দু-তিন বৎসর ধরে পড়িয়ে আসছেন। আজকে যদি আপনারা সেগুলিকে অনুমোদন দেন তাহলে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অনেকটা অগ্রসর তথা সফল হবে। এ ছাড়া আমি লক্ষ্য করেছি যে বয়স্ক শিক্ষার জন্য আপনি মাত্র ২৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। এই টাকা অতি অল্প কারণ সারা বাংলাদেশে যেখানে ৭০ ভাগ লোক নিরক্ষর সেখানে এটা অতি অল্প বরাদ্দ। আমি মনে করি যে, দেশের লোককে যদি আমরা শিক্ষিত করতে না পারি তাহলে আমাদের গণতন্ত্র ব্যর্থ হবে। গণতন্ত্র নির্ভর করে শিক্ষার উপর, দেশের উন্নয়নমূলক কাজ নির্ভর করে আমরা দেশের লোককে কতটা শিক্ষিত করতে পেরেছি। সেই কারণে আপনাকে অনুরোধ করছি যাতে বয়স্ক শিক্ষার দিকে আপনি একটু নজর দেন।

আপনি নলকূপের কথা বলেছেন। ২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। খুব ভালো কথা। কিন্তু আপনি জানেন, শতকরা ৭০।৮০টা নলকূপ অকেজো হয়ে আছে। কাজেই সেদিকে আপনাকে লক্ষ্য করতে হবে। আগের সরকার কি

করেছেন জানি না। আপনি যদি একটা water supply committee করে অন্যান্য রাজ্যে যা হয়েছে সেইমত water supply board-এর মাধ্যমে পরিকল্পনা করে যদি নলকূপ দেবার ব্যবস্থা করেন তাহলে আমি মনে করি দু বছরের মধ্যে প্রত্যেক মানুষ পানীয় জল পাবে। এই যে টাকা বরাদ্দ করেছেন এতে ৫ হাজার নলকূপ হতে পারে কিন্তু বাংলাদেশে ৩৮ হাজার গ্রাম তার কি হবে? আপনি বলেছেন যে, প্রতিটি গ্রামের লোক পানীয় জল পাবে, কিন্তু শতকরা ৭০/৮০টা নলকূপ তো অকেজোই হয়ে আছে।

[1.20—1.30 P.M.]

আপনাকে একটা কথা বলব বিশ্বব্যাংক ৪০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে দেবার প্রতিশ্রুতি দিয়েছে পাইপ ওয়াটার সাপ্লাই-এর জন্য। তার জন্য স্কীম না দিলে সেই টাকা ফেরত যাবে। সেই বিষয়ে আপনি নজর দেবেন যাতে টাকাটা ফেরত না যায়। এবার কর্মসংস্থান সম্বন্ধে আপনার কাছে বলব। দেশের লক্ষ লক্ষ বেকারদের আমরা কৃষি, শিল্প, কুটির শিল্পের মাধ্যমে কাজ দিতে পারি, তারজন্য আমাদের বিশেষ নজর দিতে হবে। এই রাজ্যে বহু কুটির শিল্প ছিল, ক্ষুদ্র শিল্প ছিল, সব নষ্ট হয়ে গেছে। তাদের পুনরুজ্জীবনের ব্যবস্থা করতে হবে। তাদের কাঁচামালের ব্যবস্থা করতে হবে, তাদের জন্য বাজার সৃষ্টি করতে হবে এবং তাদের মূলধন দিতে হবে। সারা বাংলাদেশের ৩৮ হাজার গ্রামের কুটির শিল্প আজ ধ্বংস হয়ে গেছে। তাদের পুনরুজ্জীবিত করতে হবে। সে জন্য আপনার কাছে নিবেদন করছি, আপনি জানেন পশ্চিম বাংলার দীঘা কোস্টে ১০ হাজার একর লবণ উৎপাদনের জমি আছে। আপনি জানেন আমরা মাত্র সেখান থেকে ২১ হাজার টন লবণ পাই। সেই দশ হাজার একর লবণ উৎপাদনের জমিকে যদি ডেভেলপ করা যায় তাহলে ১২ লক্ষ টন লবণ আমরা সেখানে উৎপাদন করতে পারি। কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছেন উদ্যোগী হবেন বলে, আপনি যদি উদ্যোগী হন তাহলে সেখানে লবণ শিল্পের মাধ্যমে বহু কর্মসংস্থানের আমরা ব্যবস্থা করতে পারব। সেখানে কাজুবাদাম, ডিপ. সি. ফিসিং-এর ব্যবস্থা হতে পারে। এক এক গ্রামে ক্ষুদ্র চাষী, বৃহৎ চাষী, ভাগচাষী, কৃষি, ক্ষেতমজুর সকলকে একসঙ্গে নিয়ে সমবায়ের ভিত্তিতে যদি কৃষি উৎপাদন করতে পারি তাহলে বহু লোকের কর্মসংস্থান হবে, উৎপাদন বৃদ্ধি হবে এবং ব্যয়ও কম হবে। আমার শেষ বক্তব্য হচ্ছে আমরা জানি নতুন অর্থ নৈতিক সংকটের মধ্যে আছে কেন্দ্রীয় সরকার: তবুও

নিশ্চয়ই আমরা টাকার জন্য দাবি জানাব মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে। তাঁর কাজকে আমরা সমর্থন করব। জনতা পার্টির পক্ষ থেকে এই প্রতিশ্রুতি দিয়ে এই যে বাজেট উপস্থিত করা হয়েছে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৮শে আগস্ট, ১৯৭৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি এখানে দিয়েছেন সেই বাজেটের রূপ বিপুল পরিমাণ ঘাটতি বাজেট। সেই বাজেটের রূপ বিপুল করভারে ভারাক্রান্ত। সেই বাজেটের রূপ মৌলিক সমস্যাকে পাশ কাটিয়ে যাওয়ার একটা প্রয়াস, সেই বাজেটের রূপ যে জনতা দলের সঙ্গে আঁতাত করে লোকসভা নির্বাচনে তাঁরা গড়েছিলেন সেই জনতা সরকার কেন্দ্রে আসীন থাকা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংঘাতের একটা পূর্বাভাস এবং বাজেট বিবৃতির শেষে এই প্রশ্ন সকলের মনে থেকে যায় পশ্চিমবঙ্গের মূল সমস্যা—একদিকে দারিদ্র্য, অপর দিকে বৈষম্য এবং এই বিরাট বিপুল আনএমপ্লয়মেন্ট-এর কোন সমাধান আছে কি, বাজেটে মূল সমস্যা সমাধানের প্রয়াস আছে কি এবং এই বাজেটের যারা রূপকার সেই সরকারের কোন ভিশন আছে কি? সাধারণভাবে মনে হয় নেই। এই বাজেটে আরো দুটো জিনিস লক্ষণীয়—এই বাজেটে অনেক অসত্য উক্তি আছে, অনেক বিষয় অনুক্ত রাখা হয়েছে। আমরা আশা করব রিপ্লাই দেওয়ার সময় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সেই বিষয়ে আমাদের পরিষ্কার করে দেবেন, যে বিষয় অনুক্ত রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রীর মতে এই বাজেট পাশ করাতে সেপ্টেম্বর মাস চলে যাবে এবং আর্থিক বছরের আর ৬ মাস হাতে থাকবে। শেষ যষ্ঠ পরিকল্পনা খাতে এ বছর ব্যয় ধরা হয়েছে ৩১১ কোটি টাকা। আমার প্রশ্ন হচ্ছে, এই ৬ মাসে তিনি কতটা ব্যয় করতে পেরেছেন এবং পরবর্তী ৬ মাসের জন্য তিনি যে পরিকল্পনার কথা চিন্তা করছেন সেই ৩১১ কোটি টাকা থেকে বাড়িয়ে ৩১৭ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে কি? কালকেই ওঁদের একজন নেতা বলেছেন, আমলাদের মধ্যে উদাসীনতা এবং ঢিলেমী দেখা যাচ্ছে। কাজেই আমি তাঁকে তর্ক করে দিতে চাই যে, যে ৬ মাস আপনার হাতে আছে সেই ৬ মাসের মধ্যে এই ৩১৭ কোটি টাকার পরিকল্পনা রূপায়ণ করতে পারবেন কি? আমাদের এখানে যখন যুক্তফ্রন্ট সরকার ছিল তখন আমরা দেখেছি এর চেয়ে অপেক্ষাকৃত নিম্নতম অঙ্কের পরিকল্পনা এঁরা রূপায়ণ করতে পারেন নি। আপনি দেখবেন ১৯৬৭/৬৮ সালে ৬৯ কোটি টাকা ছিল পরিকল্পনার বার্ষিক বরাদ্দ কিন্তু সেখানে ব্যয়

হয়েছিল ৫১ কোটি টাকা। ১৯৬৯-৭০ সালে ছিল ৫৪.৪৪ কোটি টাকা, কিন্তু ব্যয় হল ৪৫ কোটি টাকা। কাজেই আমি হুঁশিয়ারী করে দিতে চাই যে, এই ৬ মাসের মধ্যে ৩১৭ কোটি টাকার পরিকল্পনা রূপায়ণ করা সম্ভব হবে কি না সেটা আপনি চিন্তা করুন। সামনে যে ৬ মাস সময় পাচ্ছেন তাতে এই পরিকল্পনাকে যদি ২৪৫ কোটি টাকায় সীমাবদ্ধ রাখতেন এবং ৩১৭ কোটি টাকা থেকে যদি ২৪৫ কোটি টাক বাদ দেই তাহলে হাতে আসে ৭২ কোটি টাকা এবং আপনি ধার করে পেতেন ৫০ কোটি টাকা। কর সঞ্চয়ের প্রয়াস করে অর্থাৎ ব্যাপক প্রয়াস করে ২৫ কোটি টাকার সংস্থান আপনি করতে পেরেছেন। আমার মনে হয় আপনাকে বোধহয় এই বাজেটকে ঘাটতি বাজেট হিসেবে এখানে পেশ করতে হত না। তারপর, কর আরোপ যেখানে যেখানে করেছেন তার অনেকগুলো ক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ থাকলেও অনেক ক্ষেত্রে বিষয়টা বিতর্কিত। আপনারা শোষিত এবং নিপীড়িত মানুষের কথা বলেন, কিন্তু আপনাদের কার্যকলাপ দেখে মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে। আপনি মোটর গাড়ীর পার্টস-এর উপর ট্যাক্স হ্রাস করেছেন। আমি জিজ্ঞাসা করি এটা কোন্ শ্রেণীকে সাহায্য করবে? মোটর গাড়ীর মালিক কি ক্ষুদ্র চাষী বা ক্ষুদ্র ব্যবসায়ী? তারপর মাদক দ্রব্যের উপর ট্যাক্স করতে গিয়ে আপনি বিয়ারের উপর ট্যাক্স করেন নি। আমি জানতে চাই বীরেনবাবুর প্রয়োজনে কি বিয়ারের উপর ট্যাক্স বাতিল করে দিয়েছেন? তারপর, শিলিগুড়ির টি অকসনের চেয়ারম্যান মিঃ বি. সি. ঘোষ একটা বিবৃতিতে বলেছেন, চায়ের উপর ১ পারসেন্ট হারে যে ট্যাক্স বেড়েছে তাতে তার দুটি ফল আছে এবং তার একটি হচ্ছে সাধারণভাবে চায়ের দাম বাড়াবার প্রবণতা এবং অন্যদিকে খোলা বাজার গৌহাটিতে ট্রান্সফার হবার একটা সম্ভাবনা। আমরা জানি এই ব্যাপারে অন্য রাষ্ট্রের সঙ্গে প্রতিযোগিতা রয়েছে। কাজেই এতে অন্য চা-রপ্তানীকারী দেশগুলির সুবিধা হবে কি না সেটা চিন্তা করুন। এর বিপরীত প্রস্তাব হিসেবে ওঁরা রেখেছেন এগ্রিকালচারাল ট্যাক্স ৬০ পারসেন্ট থেকে বাড়িয়ে ৬৫ পারসেন্ট করবেন। ট্যাক্স না করলে আপনার যে রেভিনিউ লস্ হবে সেটা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর দ্বারা সংগ্রহ করা সম্ভবপর কি না সেটা চিন্তা করুন। আমরা জানি এইটি অকসন সেন্টার সবে তৈরি হয়েছে। এঁরা চেষ্টা করছেন কেন্দ্রীয় শুল্ক কমিশনের জন্য। এখানে উদ্বৃত্ত ট্যাক্স করলে একটা উদ্যোগ নষ্ট হয়ে যাবে এবং তার ফলে পশ্চিম বাংলার চা-শিল্প সম্প্রসারণের যে সম্ভাবনা রয়েছে এবং এটা থেকে উদ্বৃত্ত কর সংগ্রহের যে সম্ভাবনা রয়েছে সেটা নষ্ট হয়ে যাবে কাজেই এই ব্যাপারে আমার মত নেই, অর্থাৎ সেলস্ ট্যাক্স ফর টি ট্রেড ইন শিলিগুড়ি। আপনি নিশ্চয়ই এটা দেখেছেন

য়, তারা নিছক হিসেবে এটাকে নিয়েছেন এবং টেলিগ্রাম করে জানিয়েছেন। তারপর আমি জিজ্ঞাসা করি এই যে মবিল অয়েল, ডিজেল অয়েলের উপর বা এই জাতীয় জিনিসের উপর ট্যাক্স বাড়িয়ে আপনারা কি উপকার করছেন? আজকে এই জাতীয় জিনিসের উপর ট্যাক্স বাড়ালে কৃষির আধুনিকীকরণ হবে না এবং যান্ত্রিক উপায়ে আপনারা সেচ পৌঁছে দিতে পারবেন না। আপনারা বহু ফসল করতে চান, কিন্তু এই জিনিসের উপর ট্যাক্স বাড়ালে সেই কৃষির উপর আঘাত আসবে কি না সেটা আপনি বিবেচনা করে দেখবেন। আপনি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাড়াবেন বলেছেন। আপনাকে আমি বলছি পূর্বতন সরকার এটা নিয়ে অনুসন্ধান করেছিলেন এবং বিনয় চৌধুরী মহাশয় সেটা জানেন। এগ্রিকালচারাল হোলডিং-এর উপর ট্যাক্স করবার যে সুপারিশ রাজাকমিটির ছিল তার জন্য আমরা প্রতি জেলায় দুটি করে ব্লক বেছে নিয়েছিলাম এবং সমীক্ষা করেছিলাম। এপ্লিকেশনের দিক থেকে একটা যে জটিলতা আছে সেটা কাটিয়ে তাকে সিমপ্লিফাই করা যায় কিনা তার জন্য আপনাকে রাজ-কমিটির সুপারিশ অনুধাবন করবার জন্য অনুরোধ করছি।

[1.30—1.40 P.M.]

আজকে যে কথা বলছিলাম—এই বাজেটে অনেক অসত্য উক্তি আছে। আমাদের ল্যাণ্ড রেভিনিউ যা আছে তার অনেক জায়গায় কোন বেসিস নেই। এটা কোথাও দেড় গুণ কোথাও দুই গুণ আবার কোথাও তিন গুণ। পূর্ববর্তী বাজেটে গোপালবাবু এই হাউসে ঘোষণা করে গেছেন যে, এখানে ল্যাণ্ড রেভিনিউ সমান হবে। আপনি যে বক্তব্য রেখেছেন যে "বঙ্গীয় শতাব্দ", হয় বলুন বঙ্গাব্দ না হয় আপনি কি মনে করছেন ১৩৮৫ সাল থেকে এটা প্রয়োগ করবেন—সেজন্য কথাটা ভগ থেকে যাচ্ছে, তার একটা আলাদা তারিখ আছে। সেজন্য বলছি হয় শকাব্দ বলুন, আর না হয় বঙ্গাব্দ বলুন। তারও আলাদা প্রয়োগ আছে—সেজন্য এটি পরিষ্কার করে জানতে চাইছি। আমাদের ঘোষণা ছিল ল্যাণ্ড রেভিনিউ কমান হবে সেচ এরিয়াতে এবং অসেচ এরিয়াতে। আপনারা তিন একর বাড়িয়ে সেটা ৫ একর করেছেন। আজকে সেজন্য বলছি এই ঘোষণা আমাদেরই ঘোষণা সেই হিসাবে। আপনি আজকে যে কথা বলছেন আমি মনে করি সেটা পুরোপুরি সত্য নয়। তারপর আপনারা বলেছেন বেহিসাবী খরচার জন্য আজকে এই দায়ভার আপনাদের নিতে হচ্ছে। আপনারা নির্বাচনের আগে যে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছিলেন আমরা সেই সমস্ত খাতেই ব্যয় করেছি। আপনাদেরই কথা আজকের সমস্যা দ্রব্যমূল্য

বৃদ্ধির সমস্যা। আমরা সরকারী কর্মচারীদের ডি. এ. কেন্দ্রীয় হারে ঘোষণা করতে পারিনি, আমরা এডিশানাল ডি. এ. দিয়েছি। সেটা কি আপনারা অস্বীকার করতে চান যে, পূর্বতন সরকারের ঘোষণা অনুচিত হয়েছে—তাহলে আপনারা তা বাতিল করে দিতে পারেন। তার জন্য যে কটাক্ষ করেছেন বোধ করি এটা পূর্বতন সরকারের প্রাপ্য ছিল না। কারণ আপনাদের যে নির্বাচনী ইস্তাহার তাতে তো এই কথাই আপনারা বলেছেন যে, মাইনা প্রয়োজনভিত্তিক হবে—বোধ করি তাতেও সরকারী কর্মচারীদের দাবি থামে নি। তারপরে স্যার এই বাজেটে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের কোন প্রয়াস দেখতে পাচ্ছি না। আমাদের অনেক জিনিসের ঘাটতি, যদিও বিষয়টা মূলত রাজ্য সরকারের এক্তিয়ারের মধ্যে নেই, শুধু রাজ্য সরকার চেষ্টা করলেই দ্রব্যমূল্য নিয়ন্ত্রিত করতে পারবে না। কিন্তু আমরা জানি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের একটা মস্তবড় হাতিয়ার হচ্ছে কো-অপারেটিভ। এই ব্যবস্থা আপনি নিতে পারেন বাই এডুকেশান, বাই লেজিসলেশান এ্যাণ্ড বাই অরগানাইজেশান। কিন্তু এখানে ক্রেতা সমবায়, ক্রেতা প্রতিরোধ এর কোন প্রয়াস আপনাদের নেই। সেজন্য আজকে আমি মনে করি দ্রব্যমূল্য বৃদ্ধির ক্ষেত্রে কনজুমারস কো-অপারেটিভ এবং গ্রামাঞ্চলে ফার্মার সোসাইটি সংগঠিত করে আপনি যে রেজিসটেন্স দিতে পারতেন, কিন্তু আপনাদের বক্তব্যের মধ্যে এই সম্বন্ধে কোন কিছুই উল্লেখ দেখতে পাচ্ছি না। শিক্ষার সম্বন্ধে আপনি বলেছেন, প্রতি গ্রামে একটি করে বিদ্যালয় প্রতিষ্ঠা করবেন। আমাদের ৩৮ হাজার গ্রাম আছে, ৪২ হাজার বিদ্যালয় আছে, কিন্তু প্রত্যেক গ্রামে একটা করে বিদ্যালয় হয় নি। সুতরাং স্থান নির্বাচনেই ত্রুটি আছে। সেটাই আমাদের দেখতে হবে। বেকার সমস্যার কথা এখানে বলা হয়েছে। আমি বলতে চাই দলবাজীর প্রয়াস যেন না থাকে। আমি হাউসে আসবার আগে ট্রেণ্ড শিক্ষকদের একটা মেমোরাণ্ডাম পেলাম তাতে তাঁরা দাবি করেছেন যে সমস্ত শিক্ষক বেসিক ট্রেনিং নিয়েছেন তাঁরা যেন অগ্রাধিকার পান। আমি আশা করি সেটা আপনারা দেখবেন।

এঁরা যেন অগ্রাধিকার পান সেদিকে দেখবেন এবং যে কথা আজকে নির্বাচনী ইস্তাহারে আছে যে, অনুন্নত সম্প্রদায়ের ক্ষেত্রে এদের স্বার্থ আপনারা রক্ষা করবেন—অনুন্নত সম্প্রদায় এবং মুসলিম, এটা আপনাদের নির্বাচনী ইস্তাহারে আছে, সেটা আপনাদের দেখবার জন্য অনুরোধ করবো। কারণ একদিকে যেমন দেশে প্রতিক্রিয়াশীল শক্তি মাথাচাড়া দিয়ে উঠছে, অন্যদিকে সাম্প্রদায়িক শক্তিগুলি চুপ করে বসে নেই। এইদিকে আপনি দৃষ্টি দেবেন বলে মনে করি। আপনি স্বাস্থ্যে

কথা বলতে গিয়ে বলেছেন, এল. এম. এফ. কোর্স আদার দ্যান ড্রিংকিং ওয়াটার। অনেক জায়গায় গ্রামে টিউব ওয়েল নেই, অনেক জায়গায় তা অকেজো হয়ে আছে। এই চিরন্তন সমস্যা, আপনি কি ঘোষণা করতে পারেন এই তারিখের মধ্যে গ্রামে পানীয় জল যাবে। আজকে সেই ঘোষণা যদি করতে পারেন তাহলে আমরা আশ্বস্ত হবো। নইলে টিউব অয়েল নির্মাণ হবে, রিসিংকিং হবে, আবার খারাপ হবে, আবার সারা হবে। পাইপ ওয়াটার নিশ্চয়ই চালু হবে, খারাপ হবে, আবার নতুন করে করতে হবে। এটা যেহেতু সমাজ আমাদের বাড়ছে, লোক সংখ্যা বাড়ছে, জলের চাহিদা বাড়ছে, ড্রিংকিং ওয়াটারের চাহিদা বাড়ছে, ক্রমশঃ আর্বানাইজেশন বাড়ছে. সেইজন্য পাইপ ওয়াটারের ডিমাণ্ডও বাড়ছে। আজকে এই জিনিস আপনারা দেখবেন। কেন? রিপেয়ারিং, রিসিংকিং আছে. এ্যাট দি সেম টাইম রিকয়ারমেন্ট অব নিউ সিংকিং—সেগুলি যাতে র‍্যাশনালাইজ করা হয় সেজন্য স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে একটা প্রোফর্মা দিয়েছেন। কিন্তু এট এত জটিল, এটা যদি একটু সিমপ্লিফাই করে দিতে পারতেন তাহলে এটা সম্ভবপর হতো এবং যখন চিঠিটা আমরা পেলাম তখনি কিন্তু নূতন বিধানসভা শুরু হল. এলাকায় তদারকি করা সম্ভব নয়। বিধানসভার পর যদি সময় দেওয়া হয় আমরা তাহলে এলাকায় গিয়ে দেখে এ প্রোফর্মাটা যদি আর একটু সিমপ্লিফাই করেন তাহলে উত্তর দিতে পারি। কিন্তু এই মুহূর্তে যা বলছিলাম মেডিকাল শিক্ষা সম্বন্ধে। গ্রামাঞ্চলে চিকিৎসক পাওয়া যায় না তার কি এটা এ্যানটি ডোট? এই কারণে কি এল. এম. এফ. কোর্স চালু করতে হবে? আজকে তারা উপযুক্ত স্থায়ী চিকিৎসা পাবে না, সায়েনটিফিক চিকিৎসা পাবে না? আজকে এটা রেট্রোগ্রেড মেথোড হবে কি না, ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশন, ইণ্ডিয়ান মেডিকাল কাউন্সিল এবং ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিস কিম্বা এই জাতীয় যে সমস্ত স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলি আছে সেই প্রতিষ্ঠানগুলির সংগে আপনাদের পরামর্শ করার জন্য অনুরোধ করবো। অনেক জায়গায় নেই, ৭টা জায়গায় না হয় ১০টি জায়গায় মেডিক্যাল কলেজ করার প্রস্তাব করুন, কিন্তু এটা রেট্রোগ্রেড মেথোড কি না এটা ভাববার কথা। যেহেতু চিকিৎসক পাওয়া যাচ্ছে না গ্রামে, তার বেসিক সলিউশনের জন্য গ্রামগুলির মান উন্নয়ন করা, গ্রামের দিকে এ্যামেনিটিস নিয়ে যাওয়া তার জন্য অল অন এ সাডেন মেডিক্যাল কোর্স এম. বি. বি. এস. থেকে এল. এম. এফ. করে দিলে এই সমস্যার সমাধান হবে বলে আমরা মনে করি না।

তারপর আপনারা অনেকেই বাহবা দিয়েছেন পুলিশ খাতে ব্যয় কমান হয়েছে বলে। আমরা খুশী হতাম যদি আপনাদের এই কথার সংগে আমরা একমত হতে

পারতাম। নিশ্চয়ই আপনারা ঘোষণা করেছেন একাধিকবার যে, আপনার প্রশাসনের গণ-সংযোগগুলির সাহায্য নিয়ে যাবেন। বেশ, পুলিশ খাতে যদি ব্যয় কমান সম্ভব হয়ে থাকে কিন্তু এর সংগে আপনাদের ঘোষিত কথা যে আপনার গণ-সংযোগগুলির সাহায্য নিয়ে থাকবেন, কলকাতায় স্পেশাল পুলিশ ফোর্স অর্গানাইজেশন—আমাদের কাছে সংবাদ আছে, এই অর্গানাইজেশন নাকি আপনার ডিসব্যাণ্ড করে দেবেন, ডিসব্যাণ্ড করার কথা চিন্তা করছেন। আমাদের এখানে বক্তব্য একটাই, নট এ্যাট দি কস্ট অব ল' এ্যাণ্ড অর্ডার সিচুয়েশন ইন দি স্টেট। পুলিশ বাজেট কমাবেন, ভাল কথা; কিন্তু আজকে সামাজিক নিরাপত্তা যেন অটুট থাকে। আমরা কি দেখছি—যা কোন দিন হয় না, হাসপাতালের সামনে দিবালোকে খুন, আজকে এসব বিতর্কের বিষয়, আজকে রেলযাত্রা নিরাপদ নয়, আজকে এট মেনশনে বলা হয়েছে, আমরা এই বিষয় যখন আলোচনা হবে তখন বলবো। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, একটা অরাজকতার আবহাওয়া তৈরি হচ্ছে, আমরা দেখতে পাচ্ছি, খবরের কাগজ দেখলেও দেখতে পাবেন। এই পরিবেশে ক্যালকাটা স্পেশাল পুলিশ ফোর্স অর্গানাইজেশন ডিসব্যাণ্ড করা ঠিক হবে কি না সেটা ভেবে দেখবার জন্য অনুরোধ করবো। আজকে বাজেটে বিভিন্ন কথা বলতে গিয়ে বলেছেন, কেন্দ্র-রাজ্য সম্পর্ক। কেন্দ্র ও রাজ্য সম্পর্ক এবং আর্থিক বিষয়ে সুনির্দিষ্ট হওয়া উচিত। আমি অনুরোধ করবো পূবতন সরকার, যাকে আপনার বেঠিকভাবে গালাগালি দিয়েছেন তাদের সময় কি সংবিধান শিথিল ছিল, না অন্য কোন সংবিধান তখন প্রচলিত ছিল—যেটা আপনারা আসার সময় তুলে নেওয়া হল? আজকে মহারাষ্ট্র অনেকটা এগিয়ে গিয়েছে অন্য সব অঙ্গ রাজ্যের মধ্যে, তার জন্য কি ভারতবর্ষে অন্য সংবিধান প্রযোজ্য ছিল। আমার মূল কথা আমাদের এই সংবিধানের মধ্যে নিশ্চয়ই আমাদেরও একটা বিচার্য বিষয় যে, কতটুকু রাজ্য সরকারের আর্থিক ক্ষমতা সম্প্রসারিত করা যায়।

[1.40—1.50 P.M.]

কিন্তু তার মানে এই নয় যে, এক দিকে বলবেন সম্প্রীতির কথা, সংহতির কথা, অন্য দিকে সংঘাতের ক্ষেত্র প্রস্তুত করবেন। সব কিছু কেন্দ্র হতে এই যে ভিউ আপনাদের এটা আমরা শেয়ার করি না। এই মনোভাবের সঙ্গে আমরা একমত নই। আমাদের যে পাওনা পাবার কথা—প্ল্যান এ্যালোকেশন, সেন্ট্রাল রিসোর্সের আওার আর্টিকল্ টু সেভেনটি ফাইভ, যে স্টেট রিসোর্সেস আমরা পেতে

পারি এবং যে ফিনান্স কমিশন আপনারা একবার দাবি করেছিলেন, সেই রকম পারমেনেন্ট ফিনান্স কমিশন আপনারা দাবি করুন না কেন? পারমানেন্ট ফিনান্স কমিশন হোক্ এবং রাজ্যগুলির কাছ থেকে আদায়ীকৃত করের একটা স্পেসিফিক পারসেন্টেজ সেই রাজ্যের জন্য ব্যয় করা হবে, সেই স্পেসিফিক দাবি আপনারা স্পেল আউট করুন যে, আমাদের ফাণ্ড, আমাদের অর্থনৈতিক পাওয়ার এই এই এরিয়াতে সংবিধানে সংশোধন করা প্রয়োজন। এক দিকে পভার্টি, পুপুলেশন এবং আর এক দিকে ন্যাশনাল ইন্টিগ্রিটি প্রকট প্রবলেম, সেদিকে বিবেচনা করার জন্য অনুরোধ করব। আজকে যে কথা বলছিলাম এখানে অনেক জিনিস অসত্য আছে। এই যে বলেছেন, ২৫ পাতা বাজেটের মধ্যে, সি. এম. ডি. এ. এলাকার বাইরে যে সমস্ত মফঃস্বল শহরগুলি আছে সেই শহরগুলির দিকে নজর দেওয়া হয় নি, সেটা একটা মারাত্মক ত্রুটি। ইকনমিক রিভিউ ১৯৭৬-৭৭, আপনার নজরে নিয়ে আসছি। এইট্রিকাইন্ড (বি) যেখানে বলেছে—With a view to create and strengthen the civic amenities and improve the living and environmental condition of the people of the district towns outside the Calcutta Metropolitan Development Authority area programmes of urban development were taken up first in 1974-75 in seven district headquarter towns viz., Jalpaiguri, Bankura, Suri. Balurghat, Midnapore, Purulia and Krishnanagar এবং তার পরবর্তীকালে দেখবেন—The coverage of the programme in 1975-76 was extended to four more towns viz., Berhampore, Burdwan Coochbehar and Malda incurring a total expenditure of Rs. 35.11 Lakhs.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: এটা কারা লিখেছে?

ডাঃ জয়নাল আবেদিন: বলে দিন যে এই বই চলবে না। সুতরাং এখানে যে লিখেছেন, সেখানে বোধহয় কিছুটা অবকাশ আছে আপনার বাজেট বিবৃতি সংশোধনের। আর যদি বলেন এটা ঠিক নয়, তাহলে বলে দিন এগুলি মিথ্যা কথা ছিল, অসত্য লেখা ছিল। আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে এই যে, আজকে অনেক বিষয় অনুক্ত আছে। আমার কথা হচ্ছে এখানে অমিশন কিছু আছে। এত বড় বাজেট বিবৃতি রাখলেন, এখানে সমবায় সম্বন্ধে আপনাদের কি নীতি জানতে পারিনি, ফিশরিজ সম্বন্ধে আপনাদের কি নীতি জানতে পারিনি,

এখানে এ্যানিম্যাল হাজ্‌ব্যাণ্ড্রি সম্বন্ধে আপনাদের কি নীতি জানতে পারিনি, এখানে অনেক বিষয় অনুক্ত রয়েছে। আমি আপনাকে অনুরোধ করব যে আমার বোধ হয় যে, ট্র্যাডিশনাল শিল্পগুলি ধরতে গিয়ে আমরা অন্য রাজ্যের সঙ্গে পারব না কিন্তু যে এরিয়াগুলি এখনও আনএক্সপ্লোরড্‌ আছে, সে এরিয়াগুলিতে যদি আমরা এ্যাটেনশন দিই, তাহলে অনেক অগ্রগতির সূচনা হবে। যেমন এই রাজ্যের এতগুলি ফিশারিজ আছে, এত জলাশয়ে আমরা কাজ করি এগুলি কো-অপারেটিভ ভিত্তিতে যদি সংগঠন করতে পারি তাহলে অনেক বেকার ছেলের কাজ হতে পারে, বেকার সমস্যা সমাধান হতে পারে। এই সুযোগ এখানে আছে। এখানে লেদার ইণ্ডাষ্ট্রি আছে, ৪৫ হাজার পিস্‌ লেদার হয় কিন্তু এখানে সব প্রসেস করতে পারি না, আমাদের নির্ভর করতে হয়, তামিলনাড়ুর উপর মাদ্রাজের উপর, আজকে যদি আমরা এই এরিয়াতে কন্‌সেন্‌ট্রেট্‌ করি তাহলে লেদার ইণ্ডাষ্ট্রি ইমপ্রুভমেণ্টের দারুন স্কোপ আছে। এখানে সেরামিক কারখানা তৈরীর কথা বরাবর বলবার চেষ্টা করেছি।

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ আপনারা পারলেন না কেন ?

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমরা শুরু করেছি, কানাইবাবু, খোঁজ করে দেখুন আমরা শুরু করেছি, আপনারা যদি ফলো আপ করেন, তাহলে দেখবেন, আমরা শুরু করছি। আজকে সেরামিক, লেদার, ফিশারিজ, এই সব জিনিস যদি দেখেন তাহলে অনেক কাজ হতে পারে। এ্যাগ্রো বেস্‌ড সেরিকালচার-এ জাপান ইণ্টার-ন্যাশন্যালমার্কেট অধিকার করে আছে, আমরা যদি সেখানে স্টেপ ইন করতে পারি, তাদের মনোপলি ভাঙ্‌তে পারি কিনা দেখতে পারি।

আজকে এ্যাগ্রো-বেস্‌ড ইণ্ডাষ্ট্রি দরকার। আপনি যখন এগ্রিকালচার ইণ্টেন্সিফিকেশানের কথা বলেছেন, মালটিক্রপের কথা চিন্তা করছেন। এখানে পাওয়ার যাবে, ট্রান্সফরমার যাবে, পাম্পসেট ইত্যাদি যাবে সেই জন্য বারবার খারাপ হবে, বারবার মেরামতের প্রয়োজন হবে। একদিকে এ্যাগ্রো-এগ্রিক্যাল-চারাল ইণ্ডাষ্ট্রির প্ল্যানিং করা যাবে, অন্য দিকে এগ্রিকালচারাল ইকুইপমেণ্ট তৈরী করার জন্য এবং রিপেয়ার করার জন্য এখানে ইণ্ডাষ্ট্রি বাড়ানোর দরকার আছে। সেই জন্য আপনি যদি প্ল্যান ঠিক করেন ৩১৭ কোটি টাকা, এর কিছু একটা পারসেনটেজ আপনি এ্যালট করতে পারেন গ্রাম লেভেল, ব্লক লেভেলে ইণ্ডাষ্ট্রির ইন্‌ফ্রাষ্ট্রাক্‌চরস করার জন্য এবং সেইখানে আমাদের যারা শিক্ষিত বেকার ট্রেণ্ড, হাফ-ট্রেণ্ড বসে আছে তাদের দিয়ে Agro-based industries both for

Agricultural products এবং এগ্রিকালচারাল ইকুইপমেন্ট তৈরী করাতে পারেন। যেখানে পাম্প সেট বিকল হয়ে রয়েছে একটা স্ক্রু লাগালেই পাম্প সেট চলু হয় এই সমস্ত কাজ করাতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দেশে সমস্যা আছে, যে দেশে দারিদ্র্য আছে, রিলিফ প্রয়োজন যেখানে অভূতপূর্ব বৃষ্টির জন্য অনেক জায়গায় অভূতপূর্ব বন্যা দেখা দিয়েছে, ফসল হানি হয়েছে, এখানে রিলিফ খাতে যে বরাদ্দ সেটা অপ্রতুল মনে করি। মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টিতে নিশ্চয় এই অভিযোগ এসেছে যে রিলিফ নিয়ে কোথাও কোথাও দলবাজির প্রয়াস হচ্ছে। দলবাজি অন্ততঃ রিলিফের ক্ষেত্রে বন্ধ হওয়া বাঞ্ছনীয়।

(শ্রীঅমলেন্দ্র রায়ঃ কেমন করে দলবাজি হচ্ছে একটু ব্যাখ্যা করে বলুন।)

যেমন নদীয়ার কালিগঞ্জে আমি গিয়েছি, বলছে রিলিফ দিচ্ছে না, বলছে তোমরা কংগ্রেসকে ভোট দিয়েছ, তোমাদের জন্য রিলিফ নেই। এটা লজ্জার কথা।

(সরকার পক্ষ হইতে বাধাদান।)

আবার আস্ফালন। লজ্জা নেই বলে এই রকম বলছেন। আমার স্পেসিফিক সাজেশান নম্বর ওয়ান টু-ফাইন্যান্স মিনিষ্টার। আপনি প্ল্যানের বাকি ৬ মাস-এর জন্য ২৪৫ কোটি টাকায় ধরে রাখতে পারেন কিনা—আপনি এটা বিবেচনা করুন। নম্বর টু, আপনি যে ট্যাক্স প্রপোজাল করেছেন ইন অল এরিয়াস সর্বক্ষেত্রে বলছি না, মটর পার্টসের ক্ষেত্রে বিবেচনা করতে বলছি। টি ইনডাষ্ট্রির ক্ষেত্রে tea uaction sales tax inpose করেছেন সেটা রিকনসিডার করতে পারেন কিনা দেখুন। পশ্চিমবঙ্গ এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স থেকে আমাদের রাজস্ব পূরণ করতে পারে কি? নম্বর থ্রি, আমার মূল কথা, এক দিন লক্ষ্মীবাবু বললেন যে এখানে উৎপাদন বাড়ালেই সব সময় জিনিসের দাম কমে না—একথা ঠিক। কিন্তু উৎপাদন না বাড়িয়েও জিনিসের দাম কমাবার বিকল্প নেই। উৎপাদন বাড়ান এবং সঙ্গে সঙ্গে ডিসট্রিবিউশানের রেশনাইজেশন করতে পারা উচিত। আপনি সেইদিক দিয়ে কিছু উদ্যোগ নিতে পারেন কিনা, এসেনসিয়াল কমডিটিসের যে প্রাইস রাইজ হচ্ছে কো-অপারেটিভ ফর্ম করে রেসিসটেন্স ইমপোজ করতে পারেন কিনা দেখুন এসেনসিয়াল কমডিটিসের যে মূল্যবৃদ্ধি হচ্ছে কোঅপারেটিভকে এনকারেজ করে তার ব্যবস্থা করতে পারেন কিনা? তাতে দ্রব্যমূল্য ধরে রাখতে সাহায্য করবে। কিন্তু এইটাই আলটিমেট সলিউশান নয়। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্প-নীতির মৌলিক কিছু নীতির পরিবর্তন করতে চাই। যেমন, কয়লা এবং লৌহ

পিণ্ডের দাম ওরা সমান করেছে। এই দপ্তরে মেমোরানডাম আছে। আমরা ১৯৭২ থেকে ফাইট করে যাচ্ছি—সুতো এবং তুলোর দাম ফ্রাইট ইকুইলাইজেশান হয়নি। ১৯৭২ থেকে আমরা চেষ্টা করছি। আপনি দেখবেন যে বৈষম্য আছে। স্পেসিফিক এরিয়াতে সেই বৈষম্য দূর করতে চাইছি West Bengal at par with other States.

নূতন কিছু সুযোগ-সুবিধা চাইছি না, at par with other States, পাবেন কিনা। In Case other essential Commodities, এবং টেক্সটাইল বোধ হয় মানুষের খুব এ্যাসেনসিয়াল কমডিটিস এটা করতে হবে। কিন্তু এতেও সমস্যার সমাধান হবে না। আপনাকে দু' জায়গায় বিশেষ করে দৃষ্টি দিতে হবে। এখানে এগ্রিকালচারাল মিনিষ্টার কমলবাবু আছেন, তাঁকে আলটিমেটলি চিন্তা করতে হবে তুলোর চাষ এখানে হতে পারে কি না, অয়েল শীডস চাষ এখানে বাড়ানো যায় কি না, নিজেরা চাষ না করলে ডিপেনডেন্সী আপন আদারস কমবে না। এইটাই একমাত্র পথ নয়। ইনটার ষ্টেট ট্রেডে আমরা দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করতে পারবো না। আলটিমেট সলিউশন—আমরা তুলো উৎপাদনে যদি না যেতে পারি, অয়েল শীডস আমরা যদি নিজেরা উৎপাদন না করতে পারি, অপরের উপর নির্ভরশীলতা আমাদের কমবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী দরিদ্রকে ষ্ট্রাইক করার জন্য প্ল্যানিংয়ের জন্য ৩১৭ কোটি টাকা রেখেছেন। রুরাল এরিয়া ইনডাষ্ট্রিয়ালাইজেশনের জন্য ঐ টাকা রেখেছেন বলে ঢাকঢোল পেটাতে শুরু করেছেন। কিন্তু কটেজ ইনডাষ্ট্রির সঙ্গে সঙ্গে যদি ইনফ্রাষ্ট্রাকচার ডেভেলপ করাতে পারতেন তাহলে অল্প টাকায় বেশী লোকের কর্মসংস্থান হোত। সটাটার্ম ট্রেডিং করে উৎপাদন বাড়াতে পারতেন তাদের এ্যাসিসটেন্স দিয়ে। ওই যে ৭ম ফাইনান্স কমিশন হচ্ছে তার শুরুতে আমাদের যে পাওনা, আমাদের যে দাবি তার সপক্ষে যুক্তি রাখার জন্য কাগজ-পত্রের, নথিপত্রের সাহায্যে প্রয়োজনীয় দাবিকে জোরদার করার জন্য—আমাদেরও পক্ষের প্রতিশ্রুতি পেয়েছেন এবং আমরাও বলেছি যে, বর্তমান যে অবস্থা তা পরিবর্তন করা দরকার। পার্মানেন্ট ফাইনান্স কমিশন যাতে হয় তার রিকোয়েস্ট রাখতে হবে। স্পেসিফিক এরিয়ায় স্পেসিফিক প্রবলেম আছে—যেমন রিহ্যাবিলিটেশন প্রবলেম, আনএমপ্লয়মেন্ট প্রবলেম বিভিন্ন প্রবলেম, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের প্রবলেম—এই সব জিনিস তুলে ধরতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা বলা আছে বইতে। এই রমজানের সময় চলছে—লোড

শেডিং যাতে না হয়। ইন সার্টেন এরিয়া ইন সার্টেন পিরিয়ড লোড শেডিং চলছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সুযোগ পেয়েছেন। তিনি বলেছেন পাওয়ার সম্বন্ধে নাকি কিছুই হয় নি। আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের Power stations for which work has been taken up after 1972.

1) Santhaldih Thermal Power Station 3rd Unit—120 M. W. .....
Work is in progress.

2) Santhaldih Thermal Power Station 4th Unit—120 M. W. .....
Work is in progress.

3) Bandel Thermal Power Station 5th unit—
Work is in progress.

4) Kolaghat Thermal Power Station 3 × 200 M. W.....
Work is in progress.

5) Jaldhaka Stage II—8 M. W. .....
Work is in progress.

6) Rinchingtan Hydel Project—2 M. W. .....
Work is in progress.

7) Diesel generating Unit 2 × 3.5 M. W. .....
Work is in progress.

সুতরাং বোধ করি অনেক অসত্য এবং অপ্রাসঙ্গিক বক্তব্য তিনি রেখেছেন সেটা সত্যই অবাঞ্ছিত। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট প্রস্তাব পুনর্বিবেচনা না করে যে বাজেট উত্থাপন করেছেন সেটাই যদি রাখেন তাহলে তা বিরোধিতা না করে আমাদের উপায় নেই। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

(1.50—2.00 P. M.)

শ্রীবিনয় কোনার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করার আগে আমি আমাদের দেশের, বিশেষ করে এলাকার মানুষদের, গণতন্ত্রপ্রিয় মানুষ এবং সারা ভারতবর্ষের সংগ্রামী মানুষদের কৃতজ্ঞতা জ্ঞাপন করতে চাই। কারণ আমার এখানে আসার সময় দু'পাশে অনেক মৃতদেহ, অনেক মায়ের চোখের জল ফেলে রেখে এখানে আসতে হয়েছে। সোনারপুরে গীতা চ্যাটার্জীর রক্তাক্ত স্বামীর পাশে তার ধর্ষণের ছবি ফেলে রেখে, কাশনায় জনপ্রিয় নেতা মহাদেব ব্যানার্জীর মৃতদেহ, বর্ধমানে থানার সামনে শিবশঙ্কর চৌধুরীর মৃতদেহ, শ্রদ্ধেয় কাশদার মৃতদেহ—এই সব ফেলে রেখে আমাকে এখানে আসতে হয়েছে।

বাংলাদেশের মানুষ, সারা ভারতবর্ষের মানুষ, রেলের বীর শ্রমিকরা, বিহারের

কিষানরা, ইউ. পি., গুজরাটের মানুষ, এই সমস্ত দেশের যে চাষী, মজুর তা সংগ্রামের পটভূমিকা যদি না থাকতো তাহলে আজকে এই আমি যে ষড়যন্ত্রের হয়েছিলাম সেই ষড়যন্ত্রকে ফাঁস করে এইখানে আসতে পারতাম না—তাই তা প্রতি আমি আমার কৃতজ্ঞতা আপনার মারফত পেশ করছি। মাননীয় অধ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করছি এই জন্য যে, কোন জিনিস সমর্থন তার বিরোধিতা করতে হলে কোন্ পরিবেশে কোন্ পারিপার্শ্বিক অবস্থায় তা ে করতে হয়েছে সেটা বিবেচনা করতে হয়। কোন কিছুই স্বতন্ত্র, স্বাধীন, নিরপে পরস্পর সম্পর্ক বিচ্ছিন্ন নয়। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন যে হচ্ছে ৭ কোটি লোকের দেশ, যে দেশ স্বাধীনতালাভের ৩০ বছর পরেও দে কোটিপতিরা বিদেশী কোটিপতিদের সঙ্গে হাত মিলিয়ে লুঠের রাজত্ব অব্যা রেখেছে, যে দেশে ইংরেজ কোটিপতিদের সঙ্গে স্বাধীনতার পরেও সংযোগ হয়ে সাম্রাজ্যবাদ পুঁজিপতি, কোটিপতিদের সমাবেশ, যে দেশে আমাদের আগেক ছোট ছোট পুঁজিপতি, যারা গত ৩০ বছরে বিদেশী সাম্রাজ্যবাদের সঙ্গে গাঁটছ বেঁধে ফুলে ফেঁপে ঢোল হয়েছে, যাদের কথা আজকে কংগ্রেস শাসকরাও অস্বীক করতে পারেন না, যার জন্য মনোপলি কমিশন তৈরি করতে হয়েছিল, যে দে ইংরেজ আমলে বলা হয়েছিল জমিগুলি কৃষকের হাতে যাবে, যে দেশে এখনও পা জমিগুলি কৃষকের হাতে যায় নি, এমন কি প্রশান্ত মহলানবিশ-কমিটিও কংগ্রে আইনকে মূক বোঝেন নি, যে আইনে বহু ফাঁক ছিল, যে আইনে মাথাপিছু সিলিং নির্ধারিত হয়েছিল, সেই আইনে তিনি যেখানে ৬৩ মিলিয়ন একর জ পাবেন বলে হিসাব করেছিলেন—আজকে আমরা দেখতে পাচ্ছি ৬৩ মিলিয় ৬ কোটি ৩০ লক্ষ তো দূরের কথা ৩০ লক্ষ জমিও ভারতবর্ষে বিলি হয়নি—মাননী অর্থমন্ত্রী এমন একটি দেশের বাজেট পেশ করছেন, যে দেশ হচ্ছে পুঁজিবাদী সঙ্ক জর্জরিত, যে দেশ বিংশশতাব্দীর শেষার্ধে যখন সারা দুনিয়ায় পুঁজিবাদের পচন শু হয়েছে, যখন আমেরিকা, বৃটেন, জাপানের মত দেশেও বেকার সমস্যা বেড়ে চলে নিজেদের মধ্যে গুঁতোগুঁতিতে, খেয়োখেয়িতে মারাত্মক আকার ধারণ করে তখন সেই পুঁজিবাদে বৃদ্ধ বয়সে সন্তান লাভের কামনায় আমাদের দেশের শাস শ্রেণী পুঁজিবাদ কায়েম করতে চেয়েছিল। তারা কৃষকের হাতে জমি দেবার ক বলতে পারেন নি, টাটা, বিড়লাকে নাকচ করতে পারেন নি, ইংরেজ, মার্কি পুঁজিপতিদের সম্পত্তি বাজেয়াপ্ত করে আমাদের দেশের অগ্রগতির স্বর্গদ্বার খু দিতে পারেন নি, যা পেরেছে মহাচীন। আমি মহাচীনের কথা বলতে গি কম্যুনিস্টদের নাক সিটকাতে পারি, তবে তাদের খুব ঘনিষ্ঠ বন্ধু আপনজন, যা

অনেক পয়সা খাইয়েছেন, জয়নালবাবুদের পয়সায় তার অনেক জিনিসপত্র আছে, এই আনন্দবাজারের বরুণ সেনগুপ্ত যিনি ১৯৭২ সালে নির্বাচনে যে রিগ হয়েছিল এটাকে অস্বীকার করবার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন। বইও লিখেছিলেন, পরবর্তীকালে পেয়ার ছুটে যাবার পর জেলেও গিয়েছিলেন। তিনি কয়েকদিন আগে চীন দেশ সম্পর্কে লিখেছেন। লিখতে গিয়ে তিনি অস্বীকার করতে পারেন নি এই কথা—কারণ একটা প্রশ্ন উঠেছে আজকাল বুর্জোয়ারা কিছু তাত্ত্বিক বাজারে ছাড়ছে এবং কিছু কিছু সৎ বুদ্ধিজীবী তাঁরা বিভ্রান্ত হচ্ছেন—সেটা হচ্ছে এই ভূমি সংস্কারের সঙ্গে বেকার সমস্যার নাকি কোন সম্পর্ক নেই। তাছাড়া তিনি এখানে উল্লেখ করে দেখিয়েছেন কেমন করে একটা পশ্চাৎপদ জাতি যাদেরকে বছরের মধ্যে ৯ মাস ভিক্ষা করতে হত, অন্য জায়গায় চলে যেতে হত, ভূমি সংস্কার করার ফলে, কৃষকের হাতে জমি চলে যাবার ফলে, মহাজন কোটিপতিদের লুঠ বন্ধ হবার ফলে তারা এক নতুন উৎসাহে মেতে উঠেছে। তারা মনে করছে আমাদের মেহনতের ফল আজ থেকে আর জমিদারদের নয়, কোটিপতিদের নয়, আমরা নিজেরাই ভোগ করব। এই ভাবে তারা দিন রাত পরিশ্রম করে নিজেরাই নিজেদের উৎপাদনের হাতিয়ার তৈরি করে নিচ্ছে, তারা নিজেরাই নিজেদের কৃষি পত্তন করে নিচ্ছে, সেচের ব্যবস্থা করে নিচ্ছে। তাদের ক্রয় ক্ষমতা অত্যন্ত বেড়েছে। এখন এই কেনবার ক্ষমতা বাড়বার ফলে কৃষি শিল্প বিপ্লবের ভিত্তি স্থাপিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমাদের দেশে যে সমস্যা—যদি কৃষকের উপর থেকে চাপ কমানো না যায়, যদি শিল্প বিপ্লব ঘটানো না যায় তাহলে দেশের অগ্রগতি আমরা করতে পারব না।

[2.00—2.10 P.M.]

কিন্তু শিল্পবিপ্লব ঘটাতে হলে তার দুটি শর্ত আছে, একটা হচ্ছে, সঙ্গতির যোগান, আর একটা হচ্ছে তার বাজার চাই। কিন্তু দীর্ঘদিনের লুণ্ঠনের ফলে কৃষক গিয়েছে শেষ হয়ে। গ্রামের ৩/৪ ভাগ ক্ষেতমজুর তারা অর্ধ উলঙ্গ অবস্থায় থাকে, তাদের চিকিৎসার কোন সুযোগ নেই, তারা ঔষধ কিনতে পারে না। তাহলে কেমিক্যালের কারখানা কি এমনি বাড়বে? তারা অর্ধ উলঙ্গ থাকে, কাপড় কিনতে পারে না, কাজেই কাপড়ের কল কি করে বাড়বে? আমাদের দেশে মাথাপিছু ষ্টীলের ব্যবহার যেখানে মাত্র ১৪ কে. জি., জাপানে সেখানে সেই হিসাব হচ্ছে মাথা-পিছু ৫ শো কে. জি.। কাজেই কোথা থেকে হবে? ঐ অর্ধ উলঙ্গ মানুষগুলি, তারা কিছুই কিনতে পারে না। কিন্তু ঐ কৃষকদের হাতে জমি গেলে তাদের

ক্রয়ক্ষমতা বাড়বে এবং সেই ক্রয়ক্ষমতা বাড়লে হোম মার্কেট বা স্থানীয় বাজারে সম্প্রসারণ ঘটবে। বাজার ছাড়া শিল্পবিপ্লব ঘটতে পারে না। মাননীয় অধ্য মহাশয়, এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলি। ১৮৯৫ সালে বৃটিশ পুঁজিপতিদে অন্যতম প্রবক্তা সিসিল রোডস, ম্যালটি মিলিওনিয়ার, তিনি একবার বেকারদে একটা সভা থেকে বক্তৃতা শুনে এসে বলেছিলেন আক্ষেপ করে যে, 'ওখানে বক্তৃতা হল শুনে এলাম তাতে আমার মনে হল, সাম্রাজ্যবাদ অবশ্য প্রয়োজনীয় কারণআমাদের দেশের বাড়তি যে জনসংখ্যা সেই জনসংখ্যাকে অন্য জায়গায় সেটে করতে না পারলে এবং নতুন নতুন বাজার দখল করতে না পারলে পুঁজিবাদ আ চলবে না।' তিনি আরো বলেছিলেন, 'আজ বৃটেনের সামনে দুটি পথ। হ সিভিস ওয়ার, হয় বিপ্লব, আর না হয় সাম্রাজ্যবাদ।' আজকে অনেকদিন পা হয়ে গিয়েছে, আজকে যাঁরা ভারতবর্ষে পুঁজিবাদ গড়ে তুলতে চেষ্টা করছেন তাঁদে খেয়াল রাখতে হবে, সেদিন বৃটেনের সামনে যে রাস্তা খোলা ছিল আজকে তাদে সামনে সে রাস্তা খোলা নেই। কারণ সারা দুনিয়ার বাজার ভাগ-বাঁটোয়ারা হ গিয়েছে। সারা দুনিয়ার অনেক দেশ আজকে সমাজতন্ত্রে পৌঁছে গিয়েছে। আ পুঁজিপতিদের লুণ্ঠনের বাজার সঙ্কুচিত হয়ে গিয়েছে। আর তা ছাড়া সেখা আগে থেকেই তৈরি হয়ে আছে আমেরিকা, বৃটেন, পশ্চিম জার্মানী, জাপানের মত বাঘা বাঘা সাম্রাজ্যবাদী দেশ। তাদের সঙ্গে প্রতিযোগিতায় নামতে পারে যে সাধ্য ভারতবর্ষের পুঁজিপতিদের ১৪ পুরুষেরও নেই, বা বিদেশের বাজার দখ করতে পারে সে সাধ্যও তাদের নেই। তাই আজকে আমাদের দেশে বেকা বাড়ছে। আমাদের দেশে এই সমস্যার একটাই সমাধান হতে পারে—জয়নাল সাহেবদের জেনে রাখা ভাল, সেটা হচ্ছে, ঐ সিসিল রোডস যা বলেছিলেন, হয় বিপ্লব না হয় বিদেশের বাজার অর্থাৎ সাম্রাজ্যবাদ। কিন্তু সাম্রাজ্যবাদের পথ আর খোলা নেই, তাই আমাদের দেশের বেকার ছেলেদের সামনে অপেক্ষা করে আছে ঐ বিপ্লবের পথটাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে জয়নাল সাহেব বলে গেলেন এবং আমি ছিলাম না, শুনলাম ভোলা বাবুও বলেছেন, এই বাজেট যা পেশ করা হয়েছে তাতে নাকি একচেটিয় পুঁজিপতিদের কায়েম করা হবে। একথা শুনে আমি আশ্চর্য হলাম। স্যার, ছোটবেলায় এবং এখনও দেখি মায়েরা দোলনায় শিশুদের দোল খাওয়ায়। দোল খাওয়ার সময় শিশুরা মায়ের দিকে তাকিয়ে হাসতে হাসতে মাঝে মাঝে লাথি ছোঁড়ে তো স্যার, ঐ ভোলাবাবু আর জয়নাল সাহেবের বক্তৃতা শুনে আমার মনে হচ্ছিল, ওঁরা কোটিপতিদের দোলনায় শুয়ে আছেন, আর মাঝে মাঝে লাথি

ছুঁড়ছেন। ভাবখানা হচ্ছে যেন বিরোধিতা করছেন। জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করি, কারা এই কোটিপতিদের গড়ে তুলেছেন? তাঁরা বলেছেন, কোটিপতিদের কনটেন করতে হবে, মনোপলিকে কনটেন করতে হবে। স্যার, এখন মাঝে মাঝে এ রকম সব আওয়াজ শুনি। মনোপলি কমিশন হচ্ছে ইত্যাদি। অর্থাৎ মনোপলি ক্যাপিটালকে বাজেয়াপ্ত করা নয়, তাকে দমিত করতে হবে। এ যেন আম্বার, ছেলে বড় হবে অথচ তার গোঁফ বেরুবে না। পুঁজিবাদ থাকবে, অথচ মোনোপলি ক্যাপিট্যাল গড়ে উঠবে না। এ এক অদ্ভুত আব্দারের কথা আমরা আজকাল শুনছি। কিন্তু এই প্রসঙ্গে বলি, না বন্ধুগণ, এটা করা যায় না। মহান এঙ্গেলস্ যে কথা বলে গিয়েছেন যে, এ্যাসিড মিশ্রিত ব্যাটারিতে জলেতে যদি ইলেকট্রিসিটি চালানো যায় তাহলে একদিকে হাইড্রোজেন আর একদিকে অক্সিজেন—যে দিকে আপনার ধনাত্মক মেরু সেখানে অক্সিজেন, অন্যদিকে হাইড্রোজেন জমা হবেই। পুঁজিবাদ যদি থাকে তাহলে তার একদিকে পুঞ্জিভূত দারিদ্র্য অন্যদিকে পুঁজি কেন্দ্রীভূত হতে বাধ্য। কোন তাত্ত্বিকের ক্ষমতা নেই এটাকে নাকচ করার। সুতরাং আজকে উনি যে বাজেট পেশ করেছেন সেখানে ওঁকে এই লিমিটেশানের ভেতরেই তা করতে হয়েছে। আমাদের দেশের মানুষের দুর্ভাগ্য এখনও কোন বিপ্লব করতে পারে নি। আমাদের দেশের কোটিপতি জমিদার ও মহাজনদের সম্পত্তি বাজেয়াপ্ত করে তাকে নিজেদের কব্জায় আনার মতন—যা পৃথিবীর অনেক দেশ করেছে, যোগ্যতা এখনও অর্জন করা যায় নি। তাহলে সেই রকম একটা দেশ যেখানে জমি ও কারখানাগুলি পুঁজিপতি ও জমিদারদের হাতে রয়ে গিয়েছে সেইরকম একটা দেশের একটা ক্ষুদ্র অংশ যার স্বতন্ত্রভাবে অর্থনীতি গড়ে তোলার ক্ষমতা নেই—কিউবা পারতো, সেখানে এক কোটিরও কম লোক, সেই কিউবা পারতো কারণ সে ছিল স্বতন্ত্র ও স্বাধীন, কিন্তু পশ্চিমবাংলা তা নয়। পশ্চিমবাংলার অর্থনীতি গোটা ভারতবর্ষের অর্থনীতির একটা অংশ।

সেখানে যদি কেউ আশা করেন যে, ঘড়ির ভিতরে অসংখ্য পেনিয়ান থাকে, অসংখ্য দাঁত থাকে, গোটা ঘড়িটাকে সচল না করে একটা দাঁতকে খুশি মত সচল করে তাতে সেটা চালান যায় না। মাননীয় অর্থমন্ত্রী বাজেটে বলেছেন যে, আমাদের লিমিটেশান কি, আমাদের অবস্থা কি, আমাদের সীমাবদ্ধতা কি, আমাদের হাতে কতটুকু ক্ষমতা আছে। কেন্দ্র-রাজ্য সম্পর্কের কথা তিনি তুলেছেন, এটা কোন ব্যক্তি বিশেষ, কোন দল বিশেষের প্রতি কটাক্ষের বিষয় নয়। প্রশ্ন হচ্ছে, উনি বলেছেন কেমন করে আমাদের দেশে অসম বিকাশ ঘটেছে—মানুষের চেতনার অসম বিকাশ, শিল্পের অসম বিকাশ। এই রকম অবস্থায় প্রত্যেকটি রাজ্যের হাতে যদি

বেশী ক্ষমতা না থাকে—কিন্তু রাজ্যের হাতে বেশী ক্ষমতা থাকুক এটা ওনারা পছন্দ করেন না। কেন্দ্রের হাতে বেশী ক্ষমতা যাক এর একটা কারণ আছে সেটা আমরা জানি। আমাদের দেশে একচেটিয়া পুঁজি গড়ে উঠেছে। একচেটিয়া পুঁজির চরিত্র হচ্ছে এই যে, সে চায় না রাজ্যগুলির হাতে বেশী ক্ষমতা যায়। টাটা, বিড়লার বাড়ী বড় কথা নয়। ভারতবর্ষের আসাম থেকে আরম্ভ করে গুজরাট পর্যন্ত, এখানে কাশ্মীর থেকে আরম্ভ করে তামিলনাড়ু পর্যন্ত প্রত্যেকটি জায়গায় তাদের পুঁজি খাটছে। তারা চায় যে, যদি রাজ্যগুলির হাতে বেশী ক্ষমতা থাকে, তারা যদি স্বতন্ত্রভাবে আইন-কানুন করে অর্থনীতি হাতে নেয় তাহলে বিভিন্ন প্রদেশে এই সমস্ত পুঁজিপতিদের অসুবিধা ভোগ করতে হতে পারে। অতএব তারা চায় কেন্দ্রের হাতে বেশী ক্ষমতা থাকুক। কেন্দ্রের হাতে ক্ষমতা কেন্দ্রীভূত হবে, যত ঐখানে জমা পড়বে তত এই মনোপলি ক্যাপিটালিস্টদের সুবিধা হবে, এটা তারা চায়। তাই আজকে কেন্দ্র-রাজ্যের যে সম্পর্কের বিষয়, এই বিষয়টা কেন্দ্রের সঙ্গে রাজ্যের বিষয় নয়, এটা হচ্ছে এই মনোপলি ক্যাপিটালের বিরুদ্ধে সংগ্রামের হাতিয়ার. এটা আমাদের দেখতে হবে এবং যাঁরা এই সভায় দাঁড়িয়ে একচেটিয়া পুঁজির বিরুদ্ধে কথা বলেছেন এবং বলতে চান তাঁদেরকে এটা বিবেচনা করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী যে কথা রেখেছেন সেটাকে বিবেচনা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় অত্যন্ত সীমাবদ্ধতার ভিতরে তিনি এ কথা বলেছেন। আমাদের হাতে কি ক্ষমতা আছে? এই রাজ্যের হাতে কি ক্ষমতা আছে সেল্‌স ট্যাক্স আর এক্সাইজ ছাড়া একটা ছিল এগ্রিকালচার ইনকাম ট্যাক্স—সেটা উনি বাড়িয়েছেন বলে জয়নাল সাহেবের রাগ দেখলাম। অতএব এই তো সেলস ট্যাক্স, এতে কি করবেন? হ্যাঁ আমরা মনে করি তাতেও কিছু করা যায়। আমরা একথা মনে করি না যে, যতক্ষণ পর্যন্ত আমাদের দেশে কোটিপতিদের সম্পত্তি বাজেয়াপ্ত করে ব্যবস্থা নেওয়া যাচ্ছে ততক্ষণ মৌলিক সমাধান হবে না। এটা করা যায় বৈকি। জয়নাল সাহেবের গায়ে লাগতে পারে, গনি সাহেবের গায়ে লাগতে পারে, সুনীতি চট্টরাজের গায়ে লাগতে পারে। গায়ে লাগতে পারে এই জন্য যে, টাকা মারার পথটা বন্ধ হয়ে যাবে। ঐ বাজেটে যে টাকা আছে সেই টাকা পুরোপুরি জনস্বার্থে ব্যয় হবে। এই বাজেট সাধারণ মানুষের বাজেট, সাধারণ মানুষের পক্ষে অনেকখানি কাজ করতে পারবে আমার নির্বাচনী ক্ষেত্রে, আমার জেলায় নির্বাচন সম্পর্কে বেরিয়ে কিছুদিন ঘুরে ছিলাম। ঘুরতে গিয়ে দেখেছি আমাকে গাঁয়ের লোক শুধু শ্রেণী-সংগ্রামের বিষয় নয়, তাঁরা আমাকে টেনে নিয়ে গিয়ে বলেছেন যে, দাদা এটা ৬২ হাজার। আমি বলেছি, ৬২ হাজার কি? তাঁরা বলেছেন, এই যে রাস্তাটা যেটা দিয়ে যাচ্ছেন

একটা সাইকেল পর্যন্ত চলছে না, এটাতে ৬২ হাজার টাকার মাটি পড়েছে। আমি জানি, আপনাদের কিছু অসুবিধা হবে, কিন্তু কি করা যাবে ; সুতরাং আমি জানি যে বাজেট তিনি পেশ করেছেন, আপনারা এই টাকাতে যে কাজ করতেন, আমার দৃঢ় বিশ্বাস বাংলাদেশের মানুষের যে ভালবাসা, যে সংগঠন, তাদের যে দৃঢ়তা, তাদের যে চেতনা, তাদের সাহায্য নিয়ে আমরা যদি কাজ করতে পারি এবং মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, আমরা জনগণের উদ্যোগের প্রতি বিশ্বাস রাখি, সেই জনগণের উদ্যোগকে আমরা ব্যবহার করবার চেষ্টা করবো—এই কথা তিনি বলেছেন। সুতরাং আমরা বিশ্বাস করি এই বাজেট থেকে আমরা মানুষের কিছু চাহিদাকে পূরণ করতে পারবো।

[2.10—2.20 P.M.]

মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি একটা ষড়যন্ত্র হচ্ছে। এই সরকারকে এখন থেকে নানা ভাবে আমলাতন্ত্র, পুলিশ ইত্যাদির সংগে যোগসাজশে আপ্রাণ চেষ্টা করছে, তারা ল' এ্যাণ্ড অর্ডারের প্রশ্ন তুলেছে একদিকে, অন্য দিকে এখন থেকে কমুনিস্ট কর্মীদের খুন করতে আরম্ভ করেছে। আমরা সংযমের কথা বলেছি, কংগ্রেসী বন্ধুরা এই বিষয়ে একটু ভুল বুঝেছেন, আমরা চাইনি প্রতিহিংসা, কিন্তু দেখা যাচ্ছে কিছু কিছু কংগ্রেসী বন্ধু এটাকে দুর্বলতা বলে মনে করছেন। তাই আমরা দেখছি ২১শে আগস্ট, এই কয়েক দিন আগে ভাতার থানায় যেখানে টাকার শ্রাদ্ধ করেছেন সরকারী টাকা নিয়ে, পৈত্রিক টাকার মত জলের মত খরচ করা হয়েছে, সেই ভাতারের ডাংগাপাড়া গ্রামে, সেখানে একজনকে খুন করা হয়েছে, আমরা জানি এখনও চলছে এবং এই সবগুলো চলবে। কিন্তু এর সংগে সংগে আমরা হুঁশিয়ার করে দিতে চাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, তিনি যে বাজেট পেশ করেছেন, একদিকে এই বাজেটকে নিয়ে যেটুকু টাকা পাওয়া যায় তা নিয়ে বাংলাদেশের মানুষ, তার সীমিত ক্ষমতার ভেতর কিছু কাজ করবার চেষ্টা করবেন, তেমনি অন্যদিকে যে সমস্ত বদমায়েসের দল, যে সমস্ত নরকের কীটের দল, যারা মানুষের ভিতর যে শুভ বোধ, গত পাঁচ বছরে তা নষ্ট করেছে, যারা আমাদের দেশের লক্ষ লক্ষ যুবককে, যারা বিপ্লবের হাতিয়ার হতে পারতো, সমাজের পরিবর্তনের যারা হাতিয়ার হতে পারতো, তাদের হাতে মদের গ্লাস দিয়ে জাহান্নামে পাঠিয়ে দিয়ে চরিত্রকে নষ্ট করেছে, তারা যেন খেয়াল রেখে দেয় বাংলাদেশের মানুষ তার প্রাথমিক জড়তা কাটিয়ে আবার জাগতে শুরু করেছে, অতএব আমার দৃঢ় বিশ্বাস, আমি এই বাজেটকে সমর্থন করার সংগে সংগে এই আশা আমি পোষণ করি, এই সীমাবদ্ধ বাজেটের ভিতর

দিয়ে আসল যে কাজ, সেটা বাংলাদেশের মানুষ করে যাবে। কেউ কেউ আশার আলো দেখতে পান নি এই বাজেটে। কেউ কেউ আবার এতে বিপ্লব খোঁজবার চেষ্টা করেছেন, আমি বলি এই বাজেটের পাতায় বিপ্লব খোঁজবার চেষ্টা করবেন না, ১৯৬৭ সালে, ১৯৬৯ সালে খোঁজবার চেষ্টা করেছিলেন, পারেন নি, কিন্তু পেয়েছিলেন মাঠে, পেয়েছিলেন কলে-কারখানায়। তাই ১৯৭১ সাল পর্যন্ত উচ্ছেদ হয়ে গিয়েছিলেন; আর ১৯৭২ সালে জানোয়ারের মত আপনাদের ক্ষমতায় আসতে হয়েছিল, মানুষের মত নয়। বুর্জোয়া পার্লামেন্টারী ডেমোক্রাসিকে খুন করে দিয়ে, আমি আবার আপনাদের বলছি, যাঁরা বিপ্লব খুঁজছেন তাঁরা পাবেন তবে এই বাজেটে নয় এই বাজেটকে উপলক্ষ করে লক্ষ লক্ষ বাংলাদেশের শ্রমিক, কৃষক যাঁরা গ্রামেগঞ্জে কোটিপতি এবং মালিক এবং জমিদারদের বিরুদ্ধে সংগ্রামকে তুংগে তুলবেন, শ্রেণী-সংগ্রামকে বাড়িয়ে তুলবেন এবং আগামী দিনে আমাদের দেশের লুঠেরা কোটিপতি, জোতদার, জমিদারদের কবরের স্থানকে যাঁরা নির্ধারিত করবেন তাদের জাগাবার কাজ এই সরকার করবে তার সীমিত সুযোগ, তার সীমিত বাজেটকে নিয়ে সাধারণ মানুষের সংগে চলবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ে এই প্রসংগে বলতে গিয়ে দৃষ্টি আকর্ষণ করবো, ইতিপূর্বে সংগ্রামকে হাতিয়ার করে বাংলাদেশের শ্রমিক, কৃষক সংগ্রাম করছে, কৃষকরা সংগ্রাম করছে—এই মাত্র খবর এলো যে, সেন র‍্যালের শ্রমিকরা, যারা এ্যাপ্রেনটিশ ছিল, যারা শিক্ষানবীশ ছিল, তারাও সংগ্রাম করছে ওখানে কাজের দাবিতে। আন্দোলন করতে গিয়ে তাদের একজন অজ্ঞান হয়ে পড়েছে। সেই খবরও আমাদের কাছে এসে পৌঁচেছে। বর্তমান সরকারের এই সীমাবদ্ধতা সত্ত্বেও তারা যে শ্রমিক, কৃষকের আন্দোলনকে বাড়িয়ে তুলতে পারে, তার প্রমাণ হচ্ছে এই সেন র‍্যালের শিক্ষানবিশী শ্রমিকদের সংগ্রাম। এটা যদি জয়নাল সাহেবদের সরকারের সময় হত, তাহলে আজকে সেন র‍্যালের ওখানে অন্য অবস্থা সৃষ্টি হতো, রক্তে মাটি ভিজে যেত। আমি যেটা বলতে চাই যে, বর্তমান সরকার, বামপন্থী মন্ত্রিসভা এবং তার অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, এই বাজেটকে আবার আমি সমর্থন জানিয়ে এবং আগামী দিনে জনসাধারণের উদ্যোগে এই বাজেটের প্রস্তাবকে কার্যকর করার এবং সংগে সংগে শ্রেণী-সংগ্রামকে বাড়িয়ে তোলার জন্য এই বামপন্থী সরকার চেষ্টা করবে—এই বিশ্বাস এবং এই আশা নিয়ে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেবঃ মাননীয় স্পীকার স্যার, আপনার মারফৎ অর্থমন্ত্রীর বাজেট ভাষণকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলব। গত দু'দিন ধরে কংগ্রেস দলের

নেতাদের বক্তব্য শুনলাম। ভোলাবাবু গত দিন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কটাক্ষ প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার একচেটিয়া পুঁজিপতি বিড়লাকে সমর্থন করছে। ইকোনমিক রিসার্চ 1975-76 ব্যুরোর যে রিপোর্ট ১৯৭৫-৭৬ সালে বেরিয়েছে তাতে দেখেছি জরুরী অবস্থার কালে, যে বিড়লারা জরুরী অবস্থাকে সমর্থন করেছিল এবং তার ফলে সেই বিড়লাদের সে সময়ে টাকার অঙ্কের পরিমাণ ৪১৮·০৯ কোটি থেকে বেড়ে ১০৬৯·৬ কোটি টাকা হয়েছে। ভারতবর্ষের অর্থনৈতিক ক্ষেত্রে বিড়লাদের স্থান ছিল দ্বিতীয়। যাঁরা রাতারাতি একেবারে চরমপন্থী হতে চাইছেন, তাঁদের কল্যাণে বিড়লারা আজ প্রথম স্থানে উত্তীর্ণ হয়েছে, তাদের টাকার পরিমাণ টাটাদের চেয়ে ৯০ কোটি টাকা বেশী হয়েছে। ওদের লজ্জা নেই, ওরা আমাদের ওপর কটাক্ষ করছে।

মাননীয় স্পীকার স্যার, আমি বাজেটকে সমর্থন করতে গিয়ে একথা বলব যে, ওদের শাসন ব্যবস্থার কু-ফল হিসাবে পশ্চিমবাংলার ৮ শতাংশ জমির মালিক ৩৬ শতাংশ জমি কুক্ষিগত করে রেখেছে। এর ফলে অপর পক্ষে আমাদের দেশের গরীব চাষীরা মাত্র ১০ শতাংশ জমির মালিক। আবার আমাদের এই পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার ৬৭ শতাংশ হচ্ছে গরীব চাষী, অথচ তাদের ১০ শতাংশ মাত্র জমির মালিক। আর একটা সমীক্ষায় প্রকাশিত হয়েছে এর মধ্যে কৃষিযোগ্য জমি হচ্ছে শতকরা ২৮ ভাগ মাত্র এবং তার শতকরা ৫ ভাগ-এর মালিক হচ্ছে চাষীরা। রাজ্যের চাষ যোগ্য জমির শতকরা ২০ থেকে ৩০ শতাংশে চাষ হয় বর্গা অথবা ভাগচাষীর মাধ্যমে। তাহলে দেখা যাচ্ছে আমাদের দেশে যে ভাগ-চাষীরা আছে, তাদের সংখ্যা কোন অবস্থায়ই ২০ থেকে ৩০ লক্ষের কম নয়। অথচ রেকর্ড হচ্ছে ৮ থেকে ১০ লক্ষ। স্বাভাবিক ভাবেই আমাদের অর্থমন্ত্রীর প্রস্তাব থাকা উচিত ছিল যে, মাত্র ৮ থেকে ১০ লক্ষ লোক রেকর্ডেড হলে, বাকি লোকেদের কিভাবে রেকর্ডভুক্ত হবে সে সম্বন্ধে সুব্যবস্থা থাকা উচিত ছিল বলে আমি মনে করি। আমাদের পশ্চিমবাংলার ভাগ চাষীদের মাথাপিছু বার্ষিক আয় ১৩২ টাকা এবং খেতমজুরদের ১০৮ টাকা। এদের সম্বন্ধে সুব্যবস্থা থাকা উচিত ছিল বলে আমি মনে করি।

স্যার, আমাদের জয়নাল সাহেব বোধহয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিটি পড়েন নি, বড় বই, বোধহয় ওঁর পড়ার সময় হয় নি। উনি বলেছেন, বাজেটে এ্যানিমেল হাসবেণ্ড্রির ডিপার্টমেণ্ট সম্বন্ধে কোন উল্লেখ নেই। বইটি পড়লে তিনি দেখতে পেতেন, কিন্তু না পড়েই কটাক্ষ করলেন। তারপর আমি বলব পশ্চিমবাংলা থেকে নিরক্ষরতা দূরীকরণের জন্য আরো টাকা নিয়োগ করা উচিত ছিল ঠিকই, সরকারের

বাজেটে আরো টাকার কথা বলা উচিত ছিল। কিন্তু জয়নাল সাহেবরা পশ্চিমবঙ্গ সরকারের অর্থ ভাণ্ডার একেবারে শূন্য করে দিয়ে গেছেন। ওঁরা বলছেন উন্নতির কথা—৩০ বছর ধরে পশ্চিমবাংলা ওঁদের কুক্ষিগত ছিল, তাহলে আজকে পশ্চিম-বাংলার এহেনো কেন? ১৯৬১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবাংলা সম্বন্ধে যে রিপোর্ট বেরিয়েছে তাতে দেখা যায় পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ, খেতমজুর এবং শিল্পে নিয়োজিত শ্রমিকদের ৩৩% পূর্বে কাজ পেতেন, আর এদের শাসনের ফলে সেটা কমে নেমে ২৪%-এ এসেছে। তারপর দেখা যাচ্ছে এগ্রিকালচার লেবার বাদ দিলে ১৯৬১-তে শিল্পে নিয়োজিত ছিল ৪৬·২%, আর '৭১ সালে কমে সেটা এসে দাঁড়িয়েছিল ৪২·৫%। পশ্চিমবাংলার রেকর্ডেড বেকারের হিসাব হচ্ছে ১৯৭৫-৭৬ সালে যে রিপোর্ট প্রকাশিত হয়েছে তাতে পশ্চিমবাংলার রেকর্ডেড বেকার ১৭·১৪ লক্ষ এবং সারা ভারতবর্ষের রেকর্ডেড বেকারের সংখ্যা ৯৩·৫৩ লক্ষ, সেখানে পশ্চিমবাংলায় রেকর্ডেড বেকারের সংখ্যা ১৮·৩২%। সারা ভারতের তুলনায় জয়নাল সাহেবদের ৩০ বৎসরের শাসনের ফলেই এটা হয়েছে। ওঁরা আমাদের দেড় মাস এবং দু'মাসের শাসনকে কটাক্ষ করছেন। কিন্তু এই যে বেকার পশ্চিমবাংলায় সৃষ্টি হলো এর জন্য কারা দায়ী আমরা, না কংগ্রেসীরা।

[2.20—2.30 P. M.]

আমাদের দেশে প্রবাদ আছে যারে দেখতে নারী তার চলণ বেঁকা—ঠিক সেইরকম অবস্থা আজ হয়েছে। মাত্র দেড় মাস হল আমরা এসেছি এবং তার উপর এই পুঁজিবাদী শাসন ব্যবস্থার মধ্যে থেকে এর চেয়ে ভাল বাজেট পেশ করা যায় না। সেজন্য এই বাজেটকে অভিনন্দন জানাব। পশ্চিমবাংলায় ৩৮ হাজার গ্রামে বিগত সরকার কোন পানীয় জলের ব্যবস্থা করতে পারেন নি। আজ যা হচ্ছে তা প্রয়োজনের তুলনায় নগণ্য। স্বাস্থ্য বিভাগে আরও অর্থ বরাদ্দ করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। ১৫ই আগস্টে আমাদের মন্ত্রীরা গান্ধীঘাটে যান নি বলে ওঁরা কটাক্ষ করেছেন। কিন্তু মাত্র ২ মাসের শিশু যে বাম-সরকার তাঁরা গ্রামে পানীয় জল দিতে পারেন নি বলে ওঁরা কটাক্ষ করছেন। কিন্তু ওঁরা বিগত ৩০ বছরে কি করেছেন? আজ পশ্চিমবাংলায় বিদ্যুৎ সঙ্কট, শিল্পে-সঙ্কট। পূর্ববর্তী বিদ্যুৎমন্ত্রী, যিনি E.M.C.-র মালিক কমলনাথের সঙ্গে গাঁটছড়া বেঁধে বিদ্যুতের এই হাল এখানে করেছেন। মদের ও বিয়ারের উপর আরো কর বসানো দরকার। পূর্বতন সরকার দেশের ছাত্রদের সমস্ত নেশাগ্রস্ত করে দিয়ে গেছেন এবং তাদের demoralise করে

রেখে গেছেন। তারপর সরকার বলেছেন, Employment Exchange-এর মাধ্যমে লোক নিয়োগ হবে, কিন্তু এর আগে Employment Exchange-এ ওঁরা যে দুর্নীতির বাসা রেখে দিয়ে গেছেন তা ভাঙা দরকার। সেজন্য বলছি যে, সেখানে M.P. ও M.L.A. নিয়ে Employment Exchange-গুলিতে একটা করে supervisory কমিটি করা দরকার। তারপর পশ্চিমবাংলায় ৩৬৫ দিনের মধ্যে ১৯০ দিন ক্ষেতমজুরদের কাজ থাকে। সেজন্য learn period এ কিভাবে তাদের কাজের ব্যবস্থা করা যায় সে চিন্তা করতে হবে। আজ কেন্দ্র ও রাজ্যের সম্পর্কের কথা বলা হয়েছে। আমাদের দেশে Federal Govt. একটা অদ্ভুত structure. মাদ্রাজ ও দিল্লীতে কয়লার যা দাম, এখানেও তাই। কিন্তু সব জিনিসের বেলায় কি তাই? কেন্দ্র শক্তিশালী হবে, রাজ্য যদি স্বাবলম্বী হয়। সারা দেহে রক্ত না থেকে যদি শুধু মুখে রক্ত থাকে তাহলে তাকে যেমন সুস্থ বলা যায় না, সেরকম রাজ্যগুলি যদি দুর্বল হয়, তাহলে কেন্দ্র শক্তিশালী হতে পারে না। আমাদের অর্থমন্ত্রী বলেছেন, পূর্ব ভারতের রাজ্যগুলির উপর অবিচার হয়েছে। তাই বলবো রাজ্যকে শক্তিশালী করতে গেলে এই ব্যবস্থার পরিবর্তন করা দরকার। কাশীবাবু বলেছেন, লেনিন বলেছেন all power to Soviet people, নেতাজীও বলেছিলেন all power to Indian people. কিন্তু পুঁজিবাদী সংবিধানের মধ্য থেকে এই ব্যবস্থাকে কায়েম করা যায় না। সর্বশেষে বলব এই বাজেট পশ্চিমবাংলার কৃষক, নিপীড়িত মানুষের কল্যাণ করবে এবং ক্ষেতে ও খামারে বিপ্লবকে বাস্তবায়িত করতে হবে। এই কথা বলে আমার পার্টি ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে এই বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রীগণেশ মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বামপন্থী সরকারের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটে পশ্চিমবাংলার যে অর্থনৈতিক চিত্র এবং তার ভয়াবহ রূপ আমাদের সামনে তুলে ধরেছেন, আমরা জানি যে অর্থনীতি কোন একটা রাজ্যকে কেন্দ্র করে গড়ে ওঠে না, গোটা ভারতবর্ষের অর্থনীতির সঙ্গে জড়িত। সুতরাং কোন একটা স্বতন্ত্র অঙ্গ রাজ্যের নির্দিষ্ট ক্ষমতার মধ্যে থেকে কোন রাজ্য তার অর্থনৈতিক সমস্যার সমাধান করতে পারে না। আমাদের রাজ্য অর্থনৈতিক দুর্দশার মধ্যে রয়েছে এবং তা প্রকট হয়ে উঠেছে। ভারতবর্ষ বিশেষ করে পশ্চিমবাংলার অর্থনীতি হলো গ্রামীণ অর্থনীতি এবং তা কুটির শিল্পের ওপর নির্ভরশীল। পশ্চিমবাংলার অর্থনীতিও সেই কুটির শিল্পের উপর

নির্ভরশীল ছিল। ব্রিটিশ সাম্রাজ্যবাদ যখন ছিল, সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদ তাদে দেশী এবং বিদেশী পুঁজির মাধ্যমে দেশের যে অর্থনৈতিক কাঠামো গড়ে উঠেছিল ত ভেঙ্গে যায়। তখন থেকে ভারতবর্ষের তথা পশ্চিমবাংলায় কুটির শিল্পের ধ্বংস হ থাকে ও এই বেকার সমস্যা আমাদের দেশে এক ভয়াবহ রূপ ধারণ করে। এ বড়লোকের সম্পদ আরও বাড়ছে, বড়লোক দিনের পর দিন আরও বড়লোক হচ্ছে অথচ সাধারণ মানুষের কল্যাণ হচ্ছে না। আমাদের এই সীমিত ক্ষমতার মধ্যে আমাদের কেন্দ্রীয় সরকার এবং বামপন্থী সরকার ঘোষণা করেছেন যে, তাঁরা কুটি শিল্পের যাতে পুনঃ প্রবর্তন হয়, তার উপর তাঁরা জোর দেবেন। আমরা এর আগে দেখেছি যে, গত ৩০ বছরের মধ্যে বুনিয়াদী শিল্প গড়ে ওঠার কোন ব্যবস্থা হয় নি কেবল বড় বড় শিল্প-কারখানা গড়ে উঠেছে, কুটির বা ক্ষুদ্র শিল্প বিকাশের কো ব্যবস্থা হয় নি।

[2.30—3.10 P.M.]

তার ফলে আমাদের কুটির শিল্প বিশেষ করে তাঁত শিল্প যেটা পশ্চিমবাংলার অন্যতম একটা প্রধান কুটির শিল্প বলে পরিগণিত হয়েছিল সেটা দীর্ঘকাল মার খেয়ে এসেছে। তার ফলে বৃহৎ পুঁজিবাদীদের সংগে প্রতিযোগিতা করতে গিয়ে কুটির শিল্প মার খেয়েছে, গ্রামীণ অর্থনীতি ভেংগে পড়েছে। ভারতবর্ষ গ্রাম প্রধান দেশ পশ্চিমবংগও তাই। পশ্চিমবংগের গ্রামীণ অর্থনীতি যদি ভেংগে পড়ে তাহলে সার পশ্চিমবংগের অর্থনীতির সজীবতা আনা যাবে না। সেজন্য গ্রামীণ অর্থনীতির উপর জোর দিতে হবে। কৃষিনির্ভরশীল ভারতবর্ষ, কৃষির উপর নির্ভর করে গ্রামীণ অর্থনীতি গড়ে উঠেছে, আমরা জানি। তাই ভারতবর্ষের, বিশেষ করে পশ্চিমবংগের কৃষিজীবী মানুষের আয় যদি না বাড়ান যায়, তাহলে গ্রামীণ অর্থনীতিকে কিছুতেই সচল করে তোলা যায় না। আমরা দেখেছি গ্রামাঞ্চলে চাষের মরশুম ছাড়া অন্য কোন সময়ে লক্ষ লক্ষ মানুষ কাজ পায় না। তার ফলে গ্রামীণ অর্থনীতি ভেংগে পড়ছে। গ্রামীণ কৃষি ব্যবস্থার উন্নতি করতে হলে প্রথম কথা হচ্ছে আমাদের যে কৃষি ব্যবস্থা তার মধ্যে আমরা দেখেছি পুঁজিবাদের অনুপ্রবেশ ঘটেছে, তার ফলে উন্নত ধরনের যন্ত্রপাতি যা কিছু কৃষির জন্য সরবরাহ করা হয়, সেটা গ্রামীণ জোতদার মহাজন বিত্তশালী লোকেদের হাতে চলে যায়। প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীর হাতে এই সরকারী সাহায্য যায় না। ফলে তাদের অবস্থা যে তিমিরে ছিলো সেই তিমিরেই থেকে যাচ্ছে। গ্রামে দেখেছি চাষীরা যখন ব্যাংক ঋণ নিতে যায় তখন

নানা রকম ডিফিকালটির প্রশ্ন উঠে, জমি জমার প্রশ্ন উঠে। সেদিক থেকে সরকারী ঋণ, ব্যাংক ঋণের সুফল ভোগ করছে গ্রামের বিত্তশালী মানুষ। প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদের কাছে এর ফল পৌঁছাচ্ছে না। শ্রমজীবী মানুষের অবস্থা ভয়াবহ, তারা দু'বেলা দু'মুঠো অন্নের সংস্থান করতে পারে না। বিভিন্ন জায়গায় তাদের অত্যন্ত কম মজুরী দেওয়া হয়ে থাকে। তাদের মজুরী যথাযথভাবে নির্দিষ্ট করার জন্য যদিও সরকারের আইন আছে, কিন্তু সেই আইন নানারকম চক্রান্তে পড়ে বাস্তবে রূপায়িত হতে পারে না, ফলে তারা ন্যায্য মজুরী পাচ্ছে না। গ্রামে যে সামন্ততন্ত্র প্রথা, জোতদার মহাজন তারা তাদের নানা রকমভাবে শোষণ করছে, ফলে গ্রামের মানুষ, দীন-মজুরদের অর্থনৈতিক অবস্থা খারাপ হয়ে যাচ্ছে, তাদের ক্রয়ক্ষমতা থাকছে না। এর ফলে অন্যান্য যে শিল্প, কুটির শিল্প যেগুলির বাজার দেশের মধ্যে আছে, মানুষের ক্রয় ক্ষমতা কমে যাওয়ার ফলে শিল্পের উৎপাদিত পণ্য বিক্রি হচ্ছে, চারিদিকে অরাজকতা দেখা দিচ্ছে। গত ৩০ বছরে নানা রকম পরিকল্পনা হয়েছে, কিন্তু গ্রামের মানুষের অর্থনৈতিক চিত্রের এতটুকু পরিবর্তন দেখিনি। আমরা দেখেছি প্রাচীন কাল থেকে কৃষকদের যে দুর্দশা ছিল সেই দুর্দশা আজো রয়েছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সাধারণ মানুষের কল্যাণের জন্য কিছু করার চেষ্টা করছেন এবং বাজেটে তার কিছু ইংগিত রেখেছেন। আশা করছি সামান্য কিছু পরিবর্তন হবে। যদিও আমরা জানি এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্য দিয়ে একটা অংগ রাজ্যের অর্থমন্ত্রী এবং মন্ত্রিসভা যতই চেষ্টা করুন না কেন তার স্বতন্ত্র অর্থ নীতি কিছুতেই গড়ে তুলতে পারবেন না, কিন্তু আমরা জানি যদি সদিচ্ছা থাকে তাহলে এতদিন যে সুযোগ সুবিধা বড়লোকরা পেয়ে এসেছে সেই সুযোগ সুবিধা সাধারণ গরীব মানুষের মধ্যে বিতরণ করা যায়, তাহলে হয়ত বা সাধারণ মানুষের অর্থনৈতিক অবস্থা একটু উন্নত হয়, তারা দু'বেলা খেয়ে পরে বেঁচে থাকতে পারে। আজকে প্রশ্ন উঠেছে যে দেশে অরাজকতা দেখা দিয়েছে। আমরা গ্রামাঞ্চলের মানুষ, সাধারণ মানুষের সংগে মিশে চলি এবং সর্বত্র চলাফেরা করি, কিন্তু অরাজকতার চিহ্ন চোখে পড়েছে বলে মনে হয় না। গত ৫ বছরে যে অরাজকতা দেখেছি, মানুষের কথা বলার অধিকার ছিল না, স্বাধীনভাবে চলতে ফিরতে পারত না, অনেক যুবককে পাড়া ছেড়ে অন্য জায়গায় বাস করতে হয়েছিল, মন্ত্রীদের পাড়া ছেড়ে অন্যত্র বাস করতে হয়েছিল, জলন্ত দৃষ্টান্ত হচ্ছে প্রশান্ত শূর, বিশিষ্ট লোকদের যদি পাড়া ছেড়ে অন্যত্র বাস করতে হয় কংগ্রেসের বিরুদ্ধে কথা বললে তাহলে সাধারণ মানুষ কি করে কথা বলবে প্রচলিত সমাজ ব্যবস্থার বিরুদ্ধে। গত ৫ বছরে রাতের অন্ধকারে কত লোককে নিহত করা হয়েছে তার প্রমাণ সরকারের কাছে নেই। কিছুক্ষণ আগে বিনয়বাবু

বলে গেছেন তাঁর এলাকায় অনেককে খুন করা হয়েছে। আমি জানি আমাদের একজন কমরেড, তিনি পার্লামেন্টের সদস্য ছিলেন ১৯৭১ সালে, তাঁকে রাতের অন্ধকারে হত্যা করা হয়েছিল। তাঁরা প্রশ্ন তুলেছেন অরাজকতার, মানুষের ন্যায্য অধিকার পাওয়ার জন্য কংগ্রেসের উপর যে চাপ এসেছে সেই চাপের জন্য আজ তাঁরা চিৎকার শুরু করে দিয়েছেন অরাজকতার। সুতরাং আমি বলতে চাই অরাজকতার কথা বলে যতই চিৎকার করা হোক না কেন মানুষের ন্যায্য অধিকার পাবার জন্য যে আন্দোলন গড়ে উঠেছে সেটা আরো তীব্র হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : এখন বিরতি। আবার আমরা ৩টা ৫ মিনিটে মিলিত হব।

ডাঃ শাশ্বতী বাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২৫ আগস্ট যে বাজেট আমাদের সামনে রেখেছেন তাতে আমার মনে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। পশ্চিমবাংলার বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে কোন অর্থমন্ত্রীর পক্ষে একদিকে সি পি আই (এম এল), এস ইউ সি, অন্যদিকে মুসলিম লীগ এবং কংগ্রেসকে সন্তুষ্ট করে কোন বাজেট প্রস্তাব রাখা দুরূহ এটা আমাদের মনে রাখতে হবে। জুন মাসের বাজেট ভাষণে শহর এবং গ্রামাঞ্চলে সাধারণ মানুষের অবস্থার উন্নতি সাধনের যে প্রতিশ্রুতি ছিল এবং আর্থিক কাঠামো রচনার যে প্রতিশ্রুতি ছিল যার সাহায্যে দ্রুত সার্বিক বিকাশ ঘটবে ও আয় এবং কর্মনিয়োগ বহুগুণ বৃদ্ধি পাবে সেটার আমরা একটা রূপরেখা আশা করেছিলাম। কিন্তু এই বাজেটে তার কোন আশা ব্যঞ্জক চিত্র দেখতে পেলাম না। এই বাজেট দেখে আমরা খানিকটা হতাশ হয়েছি। সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে থেকে মাননীয় অর্থমন্ত্রী বাজেটের যে ভাষণ দিয়েছেন তাতে চারটি অধ্যায় আছে। প্রথম অধ্যায় হচ্ছে সেন্টার ও স্টেট রিলেশান-সীপ। সে সম্বন্ধে আমাদের নেতা কাশীকান্ত মহাশয় গতদিন এখানে বিস্তৃতভাবে আলোচনা করেছেন। সুতরাং আমি এই সম্বন্ধে বিশেষ কিছু বলবো না। আমি শুরু করবো দ্বিতীয় অধ্যায় থেকে যেখানে একটা বিরাট কর্মযোগের ইঙ্গিত দেওয়া হয়েছে। গ্রামীণ অর্থনীতিকে পুনরুদ্ধার এবং পুনরুজ্জীবিত করতে আরও ৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। স্বাস্থ্য প্রকল্পের জন্য ২ কোটি টাকা, তিস্তা প্রকল্পের জন্য আরও ৩ কোটি টাকা এবং আরও ছোট ছোট প্রকল্পের জন্য আরও কিছু কিছু টাকা রাখা হয়েছে। পাবলিক হেল্‌থ, স্যানিটেশান, ওয়াটার সাপ্লাই, রোড এ্যাণ্ড ওয়াটার

ট্রান্সপোর্ট, মাইনর ইরিগেশান, এডুকেশান ও নানা খাতে টাকা দেওয়া হয়েছে, কিন্তু জুন মাসের বাজেটে যেটা আমরা দেখেছিলাম রাজস্ব খাতে ৭২০ কোটি টাকা পরিবর্তন করে আগস্ট মাসে ২৫ আগস্ট যে বাজেট দেওয়া হয়েছে তাতে ৭১০ কোটি টাকা বরাদ্দ হিসাবে রাজস্ব খাতে ধরা হয়েছে। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন তাঁর রিপোর্টে গ্রামীণ উন্নতির জন্য ৬ কোটি টাকা, পানীয় জলের জন্য ২ কোটি টাকা, স্বাস্থ্য প্রকল্পের জন্য ২ কোটি টাকা বাড়ান হয়েছে সেটা আমি আগেই বলেছি। এ্যানুয়াল রিপোর্টে আমরা দেখছি আইটেম অনুযায়ী পাবলিক হেলথ, স্যানিটেশান এবং ওয়াটার সাপ্লাই ১.০২ কোটি টাকা, রোড এ্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট ১.০২ কোটি টাকা, মাইনর ইরিগেশান ২.৪৬ কোটি টাকা, রিলীফ অন স্যাচারাল ক্যালামিটিস ৩.৫ কোটি টাকা, এডুকেশান(একসক্লুডিং স্পোর্টস এ্যাণ্ড ইউথ ওয়েলফেয়ার) ২৪.১ লক্ষ টাকা, ফায়ার বিগ্রেড এ্যাণ্ড কণ্ট্রোল ৪২ লক্ষ টাকা, এরিয়া ডেভেলপমেণ্ট ৫০ লক্ষ টাকা, ফরেস্ট ১২ লক্ষ টাকা, স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি ১১ লক্ষ টাকা, কো-অপারেশান ১১ লক্ষ টাকা, ইনফরমেশান এ্যাণ্ড পাবলিসিটি ১৮৩ লক্ষ টাকা প্রভৃতি।

[3.10—3.20 P. M.]

অন্য দিকে ব্যয় সংকুচিত করা হয়েছে, ব্যয় সংকোচ করে পুলিশ খাতে প্রায় ৪ কোটি টাকা কমান হয়েছে। এছাড়া আরো কয়েকটি খাতে কিছু কিছু কমান হয়েছে, যেমন মালটিরিভার প্রজেক্টে কমান হয়েছে ১.০৫ ক্রোড়স, রোড এ্যাণ্ড ব্রিজেস-এ কমান হয়েছে ১.০১৫ কোটি, পাবলিক ওয়ার্কস ৭০ লক্ষ, মেডিক্যাল ৫০ লক্ষ, লেবার এ্যাণ্ড এমপ্লয়মেণ্ট ৫০ লক্ষ, রিলিফ এ্যাণ্ড রিহ্যাবিলিটেশন অব ডিসপ্লেসড্ পারসন্স ৭১.২ লক্ষ, আরবান ডেভেলাপমেণ্ট ১৭.৬ লক্ষ, এডুকেশন, স্পোর্টস এ্যাণ্ড ইয়োথ ওয়েলফেয়ার—এ্যাবাউট ৫ লক্ষ, এইগুলি সমস্ত কমান হয়েছে। পুলিশ খাতে আমার মনে হয় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আরো টাকা কমাতে পারতেন। এখানে ১৯৭৬-৭৭ সালের রিভাইজড এস্টিমেটে আমরা দেখতে পাচ্ছি খরচ ৫০.৫ কোটি, যদি এক বৎসরে তার ৫ পার্সেণ্ট ইনক্রিজ দরকার হয়ে থাকে তাহলে ৫৩ কোটি হয়, এই বাজেটে ৫৫.৯ কোটি ধরা হয়েছে, আমার মনে হয় ২.৯ কোটি টাকা তিনি বাঁচাতে পারতেন। এটা সংশোধন করে যদি এর ব্যয়বরাদ্দ কমাতে পারেন তাহলে খুশী হবো। পুলিশের ব্যয় কায়েম রাখার জন্য পূর্বতন সরকারের বিপুল অর্থের দরকার ছিল কিন্তু আজকে গণরাজ প্রতিষ্ঠিত হয়েছে তাই এর জন্য এত টাকা কি

দরকার। আর একটা খাতে ব্যয়বরাদ্দ অনেকটা কম দেখছি অবশ্য আপনার ভাষণে তার উল্লেখ নেই, সেটা হচ্ছে ফ্যামিলি প্ল্যানিং, সেখানে কমে গিয়েছে ৮·৪ কোটি। যেখানে বরাদ্দ ছিল ১৯৭৬-৭৭ সালে রিভাইজড এস্টিমেটে আমরা দেখতে পাচ্ছি ৮·৭০ কোটি, আর আজকে জুন মাসের শেষে যে বাজেট বরাদ্দ দেখছি ১৬·৮ কোটির কাছাকাছি। বর্তমান বাজেট-এর পরিমাণ প্রায় ৮ কোটি টাকা। জানি না ফ্যামিলি প্ল্যানিং-এ ব্যয় সংকোচ করা ভাল কিনা। এটা আর একটু ভাল করে দেখবেন। মনে হয় এই ব্যাপারে বাজেট ভাষণে উল্লেখ থাকলে ভাল হোত। এর পরে গ্রামীণ অর্থনীতি পুনরুজ্জীবনের কথায় আসছি। গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নের জন্য মাত্র কিছু টাকার ব্যবস্থা করা হয়েছে, এখানে কোন স্পেসিফিক টাইম-বাউণ্ড প্রোগ্রাম নাই, কৃষি এবং তার সহযোগী অন্যান্য বিষয়ের জন্য বাজেটে ১৭ পার্সেণ্ট মাত্র খরচ ধরা হয়েছে, আমার মনে হয় এটা অপ্রতুল হয়েছে। অর্থমন্ত্রী মহাশয় গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবনের দিকে তাকালে দেখবেন যে এই পশ্চিমবঙ্গে আজকে ৭০ পার্সেণ্ট লোক একটা বৃত্তির উপর নির্ভরশীল তা হচ্ছে কৃষি। এই কৃষি এবং কৃষিজাত শিল্পের উপর আমেরিকায় ৭ থেকে ৮ ভাগ মানুষ নির্ভর করে, সোভিয়েত রাশিয়ায় কৃষি এবং কৃষিজাত শিল্পের উপর নির্ভরশীল শতকরা ১৫ থেকে ২০ ভাগ, আমাদের পশ্চিমবঙ্গে ৭০ ভাগ। এই ৭০ ভাগকে কমিয়ে ২০ ভাগে আনা হয়তো এখনি সম্ভব নয় তবে আশা করবো যে আপনারা একটা প্রোগ্রাম দেবেন যাতে আগামী ১০ বছরের মধ্যে কৃষি নির্ভরশীল লোক ৭০ থেকে ২০ ভাগে নিয়ে আসতে পারেন। শুধু কৃষি বরাদ্দ বাড়াতে বলছি না, আমি বলতে চাই সেটা যেন বৈজ্ঞানিক উপায়ে হয়, মালটিপিল ক্রপিং-এর যেন ব্যবস্থা রাখা হয়। এখন আমরা জানি বর্তমান আইন অনুযায়ী ১৭ একর পর্যন্ত ম্যাকসিমাম জমি মালিক রাখতে পারে। দেখা গিয়েছে যদি ভাল বৃষ্টি হয় তাহলে বড় জোর সমস্ত জমির ধান করার খরচা বাদ দিয়ে তার বৎসরে ৮ হাজার টাকার মত হয়। তার উপর ট্যাক্স ইত্যাদি আছে।

এই কারণে বৃষ্টির উপর নির্ভরতা রেখে মালিকানা ৬৭ ভাগে এনে, মাত্র ১৭ একর ম্যাকসিমাম লিমিটে এনে যদি এটাকে ধীরে ধীরে কালেকটিভ ফার্মিং-এর দিকে না নিয়ে যান, তাহলে আমার মনে হয়, কৃষি থেকে আমরা যে আশা করছি, গ্রামীণ অর্থনীতি পুনরুজ্জীবিত হবে, তা সম্ভব হবে না। সুতরাং আপনি যেমন এক দিকে কৃষি ব্যবস্থার আমূল পরিবর্তন করবেন, সেই সাথে সাথে কিন্তু অন্যান্য বৃত্তিমূলক ব্যবস্থা করবেন। কৃষির উপর এখানে যে সমস্ত বৃত্তিমূলক কাজ আছে সেগুলি যাতে লোকেরা পায় সেই ব্যবস্থা রাখবেন।

প্রথমে আমি তাঁত শিল্পের কথা বলি। কিছুকাল আগেই এই তাঁত শিল্প প্রসিদ্ধ

ছিল, আজও কিছু কিছু আছে, এই দিকে বৃত্তি নির্ভরতা কমিয়ে বস্ত্র প্রজেক্ট নিন, তার ভিতর অনেক লোককে কাজ দিতে পারবেন। দ্বিতীয় কথা হচ্ছে মাটি, তামা, লোহা প্রভৃতি মোল্ডিং শিল্প যেগুলি আছে, সেগুলিকে পুনরুজ্জীবিত করুন, তাহলে অনেক লোককে কাজ দিতে পারবেন। কাষ্ঠ শিল্পের উন্নতির জন্য এই শিল্প পুনরুজ্জীবিত করুন, এদিকে মন দিন, পশ্চিমবাংলার অনেক ছেলে এই বৃত্তি গ্রহণ করতে আমার মনে হয় পিছিয়ে থাকবে না। কৃষি এবং এলায়েড সাবজেক্টস যেগুলি আছে যেমন মৎস্য চাষ, গোপালন, এ্যানিম্যাল হাজব্যাণ্ডরি, পোলট্রি এই জিনিসগুলি যে কারণেই হোক আপনার বাজেটে বরাদ্দের পরিমাণ কমিয়ে দিয়েছেন। আমি আপনাকে অনুরোধ করবো, যে এতে অর্থ না কমিয়ে এগুলিতে অর্থ বাড়ান এবং এই সমস্ত জায়গাতে সমবায় ভিত্তিতে এগুলিকে উন্নত করার ব্যবস্থা করুন, তাহলে আমার বিশ্বাস কৃষি নির্ভরশীল ৭০ ভাগ লোক যারা আছে, তারা কৃষির দিক ছেড়ে দিয়ে, এই সমস্ত বৃত্তিগুলি গ্রহণ করতে এগিয়ে আসবে। এই সমস্ত বৃত্তিগুলি শিক্ষা দেবার জন্য ব্যবস্থা করা দরকার। যদি উপযুক্ত পরিমাণ শিক্ষাদানের ব্যবস্থা না করেন, প্রশিক্ষণ না দেন, তাহলে কৃষিক্ষেত্রেই হোক, সহযোগী শিল্পের ক্ষেত্রেই হোক, যদি প্রশিক্ষণের ব্যবস্থা না থাকে, তাহলে কিন্তু সমস্ত ব্যর্থ হয়ে যাবে। আমি সেজন্য গ্রামীণ অর্থনীতি পুনরুজ্জীবনের জন্য কয়েকটি কথা বিশেষ করে আপনার দৃষ্টিগোচরে আনতে চাই। এই সংগে আরও আনছি যে রিসার্চ এ্যাণ্ড ডেভেলপমেণ্ট প্রতিষ্ঠার ব্যবস্থা যেন থাকে এবং প্ল্যানিং-এর যেন সুনির্দিষ্ট ব্যবস্থা থাকে। যদি সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে এগুতে না পারেন, ১০ বছরের পরিকল্পনা, ব্লু প্রিণ্ট না তৈরী করতে পারেন, তাহলে আমার মনে হয় সমস্ত ব্যর্থ হয়ে যাবে, কারণ কেন্দ্র এবং রাজ্যের সীমাবদ্ধতার মধ্যে এগুলি আমাদের পক্ষে বাধা হয়ে দেখা দেবে। গত বাজেট ভাষণে আমি বলেছিলাম হেভি ইণ্ডাষ্ট্রি যেগুলি আছে এবং আরও যেগুলি হতে চলেছে, যেমন কিছুদিন আগে আপনারা ঘোষণা করেছেন হলদিয়াতে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করবেন ২০০ কোটি টাকা খরচ করে এবং করে মাত্র ৪ হাজার লোকের কর্মসংস্থান তাতে হবে, সেজন্য আমি বলছি যে হেভি ইণ্ডাষ্ট্রির সাথে সাথে য়্যানসিলিয়ারী ইণ্ডাষ্ট্রীর ব্যবস্থাও করা দরকার। আপনারা নিজেরাও জানেন এখন থেকে যদি এই ব্যবস্থা নেওয়া সম্ভব হয়, তাহলে পাঁচ বছরের কি আগামী ১০ বছরের মধ্যে পশ্চিমবাংলায় প্রায় দেড় হাজার লোকের চাকুরির ব্যবস্থা হবে। কাজেই সেদিকে লক্ষ্য রেখে আপনারা এখনি ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলুন। হলদিয়ায় যে বিরাট সম্ভাবনা দেখা দিয়েছে প্রথমে সেখানে ইনফ্রাস্ট্রাকচার। যেমন সুইট ওয়াটার প্রজেক্ট, যেটা গাঁওখালিতে হবার কথা ছিল, সেই সুইট ওয়াটার প্রজেক্টের

কি অবস্থা জানিনা, যদি সেই প্রকল্প হাতে নেন তো ভাল হয়। বিদ্যুত প্রকল্পের জন্য এই বাজেটে বাড়তি লোন খাতে প্রায় ২৮ কোটি টাকা নেবার ব্যবস্থা করেছেন। মাননীয় অর্থমন্ত্রীকে সেজন্য ধন্যবাদ জানাই। আপনি বরাবর কখনও বিদ্যুতের দিকটা অবহেলা করবেন না। বিদ্যুত যদি না থাকে, তাহলে সমস্ত ইণ্ডাসট্রি কিছুতেই ফ্লারিশ করতে পারে না, একেবারে প্রাথমিক অবস্থায়ই শেষ হয়ে যাবে। আমি আপনাকে আর একটা জিনিস বলতে চাই। ২৫ কোটি টাকার মত তৃতীয় অধ্যায়ে ট্যাকসেশন করার ব্যবস্থা করেছেন। কতকগুলি ট্যাকসেশনের ব্যবস্থা নিয়েছেন। আপনার সাথে আমি একমত। মদের উপর আরও ট্যাক্সেশন হলেও আমার আপত্তি নাই। কিন্তু কয়েকটি ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যদি পারেন আপনি বাজেটে সেটা সংশোধন করে নেবেন। প্রথম নম্বর আমি বলতে চাই যে ১৯৪১ সালে বিক্রয় কর সংশোধন করে ১৯৫৪ সালের আইনের আওতায় এনে কিছু কিছু সংশোধন করেছেন।

[3.20—3.30 P.M.]

পণ্য উৎপাদকদের সেই জন্য প্রায় ১/২ পারসেন্ট যেটা ছিল সেটা ৩ পারসেন্ট করেছেন। উল্টো দিকে দেখতে পাচ্ছি যে ডি-ন্যাচারড এ্যালকহল এবং রেকটিফায়েড স্পিরিট-এর ক্ষেত্রে আপনি ট্যাক্স, ফি বাড়িয়েছেন। সুতরাং এইখানে যদি ব্যবস্থা না রাখেন তাহলে এখনি ঔষধের দাম বেড়ে যাবে। পণ্য উৎপাদনে ১/২ পারসেন্টের মতো ট্যাক্স দিতে হচ্ছে আবার রেকটিফায়েড স্পিরিটের লিটার পিছু দাম বেড়েছে ২.৬৫ পয়সা। সুতরাং কাঁচামালের এইভাবে দাম যদি বাড়ে ব্যবসাদারকে এখনও নিয়ন্ত্রণ করবার যেখানে ব্যবস্থা নেই, সুতরাং যে কস্ট প্রাইসে ঔষধ দেবে না, মুনাফা যারা করে এই সুযোগে এমন একটা অবস্থায় দাম নিয়ে যাবে ঔষধ শিল্পে এমন একটা অবস্থার সৃষ্টি করবে যে আপনি ভীষণ অসুবিধার মধ্যে পড়বেন। আমি সেই জন্য আপনাকে অনুরোধ করবো রেকটিফায়েড স্পিরিটের উপর আর এই ভাবে দাম বাড়াবেন না। আর ডি-ন্যাচারড এ্যালকহলের উপর বহু শিল্প নির্ভর করছে যেমন পেণ্ট ইণ্ডাসট্রি, ফারমেণ্টেসান ইণ্ডাষ্ট্রি, পিগমেণ্ট ইণ্ডাসট্রি ইত্যাদি। এগুলো বেশি ব্যবহৃত হয়ে থাকে। সামান্য মাত্র ১৫ পয়সা লিটার পিছু বাড়িয়ে আপনার কত টাকা রাজকোষে আসবে? কিন্তু এই ১৫ পয়সার দোহাই দিয়ে দাম বেড়ে যাবে যার ফলে অনেক শিল্প মার খেতে পারে। আপনাকে সেই দিকে দৃষ্টি রাখার জন্য বলছি। আপনাকে আমার অনুরোধ বিশেষ করে এই বিষয়টা বিবেচনা করুন। আর মালটিস্টোরিড বিল্ডিংসে

কর আরোপ করেছেন। জানি না আপনি এটা সংশোধন করবেন কিনা। ১৯৬৯ সালের আগে যে সমস্ত মালটিস্টোরিড বিল্ডিংস করে ব্লাক মানিকে হোয়াইট মানিতে রূপান্তরিত করে সেটাকে এর মধ্যে নিশ্চয় নিয়ে আসবেন। যারা ৭০ পারসেন্ট ধার করে ১০।১২ হাজার টাকার ইনকাম গ্রুপের লোক বাসস্থানের জন্য চার দেওয়ালের মধ্যে আটকেছে তাদের যেন ট্যাকস্ দিতে না হয়। ক্যাশ ডাউন করে ব্লাক মানিকে হোয়াইট মানি করার জন্য যারা বাড়ী করেছে তাদের প্রতি ট্যাক্স করুন। এই ভাবে এর প্রতি যদি আপনারা দৃষ্টি না দেন তাহলে ঠিক হবে না—আমার মনে হয় প্রপার্টি এবং ইনকাম এই দুটি ব্যাপারে লিংক করে যেন এই ট্যাকসেশান পদ্ধতি গৃহীত হয়। সেন্ট্রাল গভর্ণমেণ্ট বা স্টেট গভর্ণমেণ্ট যদি তারা বাড়ী করে তখন ট্যাকস্ দিতে হবে না, কিন্তু কো-অপারেটিভ যদি বাসস্থানের জন্য লোন করে তাদের ট্যাকস্ দিতে হবে। এটা ঠিক হবে না। সুতরাং এই রকম প্রয়োজনীয় যেন সংশোধনী আনেন এইটুকু আমি চাইছি। আর একটা কথা বলে যাবো, পশ্চিমবাংলার মানুষের মনে আপনারা যে স্বপ্ন জাগিয়ে তুলেছেন আগামী দিনের বাজেটে সেই প্রতিক্রিয়া যেন আমরা দেখতে পাই। পশ্চিমবাংলার মানুষের স্বপ্ন :—

"জানি আমাদের স্বপ্ন হ'তে অশ্রু ক্লান্তি
রক্তের কণিকা ঝরে শুধু
তবু আমরা স্বপ্ন দেখবো।
এই হেমন্তে কাটা হবে ধান।
আবার শূন্য গোলায় ডাকবে ফসলের বান
এই নবান্নে প্রতারিতদের হবে না নিমন্ত্রণ।"

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন এটা আমরা গ্রহণ করতে পারছি না। তার বহু কারণ আছে। এই বাজেট আমি বলবো ত্রুটিপূর্ণ, অবাস্তব, যুক্তিহীন, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত একটা খসড়াপত্র ছাড়া কিছু নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার বহু সদস্য হাসছেন। আমার মনে হয় বক্তব্যটা রাখার পর হাসলে সুবিধা হত। কারণ বিধানসভায় একজন বক্তব্য রাখছিলেন একচেটিয়া পুঁজিবাদ আর বিপ্লব। এই বিপ্লবের মধ্যে কিছু হত্যা করা যায়। যাদের হাত এখনও রক্তে লাল হয়ে আছে তারা যদি এখনও বিপ্লবের কথা বলেন একচেটিয়া পুঁজিবাদের কথা বলেন তাহলে খুব দুঃখ হয়।

একচেটিয়া পুঁজিপতিদের আপনারা কতখানি সমর্থন করছেন আমি তা একটি

একটি তথ্য দিয়ে জানিয়ে দিচ্ছি। আপনাদের কাজের মধ্যে তা দেখতে পাও যাচ্ছে। ইউ. পি.-র মত একটা বিরাট স্টেট সেখানে একটি পয়সাও ট্যাক্স বসা হয় নি। আর পশ্চিমবাংলার মত সমস্যা জর্জরিত দেশ যেটা আপনারা বামপন্থী দ স্বীকার করেন সেখানে এই অল্প কয়েক মাসের জন্য করভারে একেবারে জর্জরি করার ব্যবস্থা করলেন। ইউ. পি. রাজ্য যদি কর ধার্য না করে চালাতে পা আপনারা গণতান্ত্রিক সরকার বলেন আপনারা বামপন্থী দলও কর না চাপিয়ে চালা পারতেন। বক্তব্য রাখতে গেলে একটা প্রাসঙ্গিক কথা আগে বলতে হয় ১৯৬ ১৯৬৯ সালে collection of all taxes 1966-67-99 cores. ছিল ৯৯ কো টাকা ১৯৭৬-৭৭ সালে সেটা হোল ৩০০ কোটি টাকা। মাননীয় অর্থম মহাশয়, যে সমস্ত অত্যাস্ত ট্যাক্স বসিয়েছেন সেখানে যুক্তি দিয়েছেন সেটা বল বুঝতে পারবেন যে এঁরা একচেটিয়া পুঁজিপতি বলেন সেটা ঠিক কিনা। ড্রাগে উপর ওনারা ট্যাক্স বাড়িয়েছেন। তারপর বলছেন ২০ পাতায় ভেষজের উপ ট্যাক্স বাড়িয়েছেন তারপর বলছেন ব্যবসায়ীরা এই সুবিধাটি সাধারণ মানুষ পৌঁছে দেবেন।

(এ ভয়েস :— বাড়ে নি কমিয়ে দেওয়া হয়েছ)

ড্রাগ তৈরি করতে গেলে রেকটিফায়েড স্পিরিট ড্রাগের একটা অঙ্গ সে বাড়িয়েছেন রেকটিফায়েড স্পিরিট-এর দাম বাড়লে ঔষধের কষ্ট কমবে না বাড় সেটা ভাবুন। আবার তারই নীচের প্যারাগ্রাফে বলেছেন স্পেয়ার পার্টসের দ কমিয়ে দিলেন বিহার উড়িষ্যায় আপনি নিশ্চয় জানেন পশ্চিমবাংলার জন্য কনট্র করতে হয় না মার্কেট আছে দিল্লী বম্বে—সেখানেই কনট্রাক্ট হয় বিহার উড়িষ্যার সা নয়। সেটা বাড়িয়ে দিলেন। কাদের অনুরোধে এটা করলেন নিশ্চয় ব্যবসায়ী অনুরোধ করেছে যারা গাড়ী চড়ে, তাদের অনুরোধে। নিশ্চয় নিপীড়িত অবহেলি গরীব মানুষদের জন্য আপনাদের ক্রন্দন—তাই যারা গাড়ী চড়ে গাড়ীর মালিক তা অত্যন্ত নিপীড়িত নির্যাতিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চায়ের উপর ট্যাক্স বাড়া হয়েছে। শিলিগুড়ির অকসনের উপর ট্যাক্স বাড়ানো হয়েছে। এই অকসন কলকাতা থেকে শিলিগুড়ি নিয়ে যাওয়া হয়েছিল কেন। যাতে কমপিটিটার আসতে পারে উপযুক্ত সুযোগ যাতে তারা পায়—আর একটা কারণ হচ্ছে পা রাজ্য আসাম সেখান থেকেও যাতে লোকে মার্কেটে আসতে পারে তার জ মাননীয় অর্থমন্ত্রী জানেন নিশ্চয় যে আসামে কোন ট্যাক্স নাই—কোন সেন্ট্র ট্যাক্সও নাই এবং রাজ্য ট্যাক্স তো নাই।

[3.30—3.40 P.M.]

না নিয়ে তিনি সেখানে মার্কেট ইনফ্রাস্ট্রাকচার ভাল করে গড়ে তুলছেন, আপনি আপনার ক্ষমতা ছোট করে দিলেন। আসামের চা আসা বন্ধ করে দিলেন, উপরন্তু চায়ের মার্কেটে আরো বেশী করে ট্যাক্স বসিয়েদিলেন। কাদের সন্তুষ্ট করা হচ্ছে আমি জানি না—একচেটিয়া পুঁজিপতি লিপটন ইত্যাদি বড় বড় কোম্পানী চা নিয়ে যারা প্রকৃত দেশের ইকনমি কনট্রোল করে তাদের কথা ভাবছেন কিনা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রঙীন চলচ্চিত্রের উপর ট্যাক্স বসিয়েছেন—আমার মাথাতে কিছুতেই ঢুকছে না, আমি কিছুতেই বুঝতে পারছি না, অর্থমন্ত্রী যখন বলবেন তখন আমি ভাল করে শুনব। আপনারা যারা বলছেন তারা জানেন সাদা-কালো পশ্চিমবাংলা মাত্র এই চিত্র শিল্পের উপর নির্ভরশীল এরা মার খাচ্ছে। আর একটা কারণ আমাদের এখানে রঙীন চিত্র বেশী আসার ফলে এদের মার্কেট কমে গেছে, কম্পিটিশনে যেতে পারছে না। পশ্চিমবাংলায় রঙীন চিত্র যাতে হতে পারে তার জন্য আপনারা উৎসাহ দেবেন। আপনারা ল্যাবরেটরি করছেন ৫০ লক্ষ টাকা খরচ করে, আবার ট্যাক্সও বসাচ্ছেন দুটো কনট্রাডিকটরি হয়ে যাচ্ছে—সত্যিই এটা একটা উদাহরণস্বরূপ জিনিস। আপনি নিজে বলছেন সাদা-কালো চিত্র আমাদের দেশে অত্যন্ত কম এবং আপনি জানেন সেন্ট্রাল গভর্নমেন্ট টোটাল প্রোডাকশন কষ্টের উপর ১০% ট্যাক্স ধার্য্য করেছেন, তার ফলে বহু চিত্র শিল্প বন্ধ হয়ে গেছে। তার অত্যন্ত আর্থিক অসচ্ছলতার মধ্যে পড়ে বন্ধ করে দিয়েছে। সবে চেষ্টা করছেন রঙীন চিত্র করে পশ্চিমবাংলার চিত্র শিল্পকে বাঁচিয়ে রাখতে, সেখানে আপনি ট্যাক্স বসিয়েছেন। আমি জানি না এতে আপনার কি দূরদর্শীতার পরিচয় আছে সেটা আপনি নিজেই ভাববেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো একটি হতাশাব্যঞ্জক চিত্র দেখুন—২০ হাজার টাকার দলিলের উপর আরো ষ্ট্যাম্প ডিউটি দিতে হবে—আপনি কি খতিয়ে দেখেছেন ৫০ হাজার টাকার উপর যে সমস্ত দলিল হয় তারা সব বড় লোক? তারা কি ৫০ হাজার টাকার বেশীতে ষ্ট্যাম্প ডিউটি দেবেন? তারা প্রত্যেকেই ৫০ হাজার টাকা করে দলিল করবেন, তাহলে আপনি রেভিনিউ পাচ্ছেন কি করে? লোকের ফাঁকি দেবার টেনডেনসি আরো বেশী হবে। ২ লক্ষ টাকার দলিল করার যদি দরকার হয় তাহলে আমি ৪টি দলিল করব—এটা আপনি ভেবেছেন কি, এক্সট্রা ষ্ট্যাম্প ডিউটি কে দেবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম-বাংলার মানুষ আপনার কাছ থেকে অনেক কিছু আশা করেছিল। লক্ষ লক্ষ বেকার যুবক এই বাজেটের মুখ চেয়েছিল, লক্ষ লক্ষ সরকারী কর্মচারী তারা অধীর আগ্রহে অপেক্ষা করছিল বোধ হয় বহু আকাঙ্ক্ষিত যুক্তফ্রন্ট সরকার আসছে, এবার নিশ্চয়

আমাদের কিছু দেবেন। বাজেট পেশের পরে বেকার যুবকদের মনে হতাশার ছাপ পড়ে গেল, সরকারী কর্মচারীদের পে-কমিশন দেখিয়ে দিয়েছেন, তাদের হাতে শিশুর চুষি কাঠি ধরিয়ে দিয়েছেন, এটা নিয়ে তোমরা সন্তুষ্ট থাক, আমি ৩ বছর দেখে নিই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি কথা বলতে গেলে আজকে দুঃখ হয়—যারা মাননীয় অর্থমন্ত্রীর বিলকে অত্যন্ত ভাল গ্রহণযোগ্য বলে সমর্থন করছেন, যারা বিপ্লবের বাণী এতক্ষণ ছড়াচ্ছিলেন, তারা কেউ কেউ সমালোচনা করছেন, বিরোধিতা করছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো দুঃখের কথা এই বক্তৃতার মধ্যে মাননীয় অর্থমন্ত্রী বিভিন্ন জায়গায় কেন্দ্রের সঙ্গে একটা সংঘাতের আবহাওয়া সৃষ্টির কথা উল্লেখ করেছেন—এখানে একটা সংঘাতের কথা বলা হয়েছে। তার একটা কারণ আমরা জানি ১৯৬৭/৬৯ সালে আপনারা সব সময় কেন্দ্রের দোষ দিতেন এবং কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে বলতেন আমাদের ক্ষুদ্র ব্যবস্থার মধ্যে বিশেষ কিছু করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক দেশে যদি সার্বভৌমত্বকে রক্ষা করতে হয় তাহলে সেই দেশের সংবিধানে নির্দ্ধারিত সাংবিধানিক কাঠামোকে বজায় রেখে আমাদের যতটুকু আছে আর মধ্যেই করতে হয়। মাননীয় অর্থমন্ত্রী গ্রামাঞ্চলের অবহেলিত, বঞ্চিত মানুষদের দুঃখের কথা বলেন—তাদের উন্নতি করা হবে। কিন্তু আপনার বাজেটে সুন্দরবন এলাকার লোকেদের কথা নেই কেন যেখানে এত বেশী সিডিউল্ড কাষ্টস্ লোক বাস করে, যারা সমাজের মধ্যে সব চেয়ে দরিদ্র শ্রেণীর লোক ?

আপনি কেন বললেন না তাদের জন্য কী করবেন ? আপনি বললেন না তার কারণ আপনি জানেন, বলা যায় না। আপনি জানেন, এটা বলতে গেলে অসুবিধা আছে। আজকে ঝাড়গ্রামের কথা আপনারা বলেন নি, উত্তরবঙ্গের কথা আপনারা বলেন নি। আজকে যে সমস্ত বন্ধুরা এখানে চিৎকার করছেন তাদের বিনয়ের সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, আপনারা যখন সরকার পক্ষে আছেন তখন নিশ্চয় সমর্থন করবেন কিন্তু আপনারা আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করে দেখুন, নিঃসন্দেহে এটার সমস্ত কিছু সমর্থন করা যায়, না, কিছু কিছু প্রতিবাদ করা যায়। আমি বলব, নিশ্চয় এর কিছু কিছু জায়গায় প্রতিবাদ করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনজ্ঞ লোক, বহুদিন এই বিধান-সভায় আছেন, আপনি দেখুন, এখানে নতুন ট্যাক্স বসানো হল কিন্তু বিয়ারের উপর বসানো হল না। কি বাধা ছিল এখানে ? কেন্দ্রীয় সরকার যেখানে বলছেন মাদক দ্রব্য বর্জনের কথা সেখানে আমরা দেখছি দেশী মদের উপর বেশী ট্যাক্স বসিয়ে সেটাকে সঙ্কুচিত করা হল না। এটা কেন করলেন না আপনারা বলুন তো ? আমরা

জানি, এটা আপনারা করলেন না তার কারণ দেশী মদের উপর বেশী ট্যাক্স বসালে লোকে খাবে না। আত্মপ্রবঞ্চনার একটা সীমা আছে। আপনারা বলছেন, কেন্দ্র চাইছে আমরা সেইজন্য করছি, কিন্তু কি করছেন? দেশী মদের উপর ট্যাক্সটা কমিয়ে রাখলেন যাতে চোলাই কারবারটা ভালভাবে চলে। লোকে যাতে এটা বেশী করে খায় সেই ব্যবস্থাই আপনারা করলেন। কেন্দ্রীয় সরকারের উপর যদি এতই দরদ তাহলে তো দেশী মদের উপর আপনারা বেশী ট্যাক্স বসাতে পারতেন যাতে ব্যবসাটা বন্ধ হয়ে যায়। কিন্তু আপনারা তা করেন নি, আপনারা মুখে এক রকম বলছেন আর কাজে অন্য রকম করছেন। আমি একটা একটা করে উদাহরণ দিয়ে যাচ্ছি। অবশ্য জানি এটা সদস্যদের ক্ষোভের কারণ হবে কিন্তু আমার উপায় নেই, আমাকে বলতেই হবে, তাই বলছি। প্রথমেই বলি, পশ্চিমবাংলার মানুষ আপনাদের সমর্থন করেছেন। আপনাদের ইলেকশান ম্যানিফেস্টো-এর পেছনে লেখা আছে Printed by Shri Jyoti Basu leader of the House এবং প্রিন্টেড বাই গণশক্তি প্রেস। তাতে আপনারা যা বলেছেন সেই প্রসঙ্গে বলতে গিয়ে আমি দেখাবো আপনারা কত ধাপ্পা দিতে পারেন দেখুন। ইকনমিক প্রোগ্রাম পয়েন্ট নং ৫ সেখানে রিডাকশান অব ট্যাক্স অন এসেনশিয়াল কমডিটিস—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বইটার কোন জায়গায় আছে রিডাকশান অব ট্যাক্স অন এসেনশিয়াল কমডিটিসের কথা প্রতারণা নিশ্চয় করা হয়েছে কিনা সেটা মাননীয় সদস্যদের ভাবার জন্য আমি অনুরোধ করবো। যে ম্যানেফেস্টো আপনারা জনসাধারণের কাছে রেখেছিলেন যে সম্পর্কে আপনারা বিশ্বাসঘাতকতা করেছেন কিনা আপনারা ভাবুন। তারপর আমরা আরো জানি, নির্বাচনের সময় আপনারা বলেছিলেন, বেকার-ভাতা দেবেন। কিন্তু সে সম্বন্ধে একটা কথাও নেই এই বইটাতে। আপনারা বলেছিলেন, গ্রামাঞ্চলে কর্মসংস্থানের ব্যবস্থা করে দেবেন এবং কুটির ও ক্ষুদ্র শিল্পের জন্য স্পেশ্যাল এ্যালোকেশানের ব্যবস্থা করবেন। কিন্তু কোথায় আছে সে সব? এ্যালোকেশান আছে বাট কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ—বে-আইনী, বে-রেজিষ্ট্রি যে সমস্ত স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ আছে তার উপর বেশী ট্যাক্স বসাবার আপনার পরিকল্পনা আছে কিন্তু তাতে কি গ্রোথ হবে? গত কয়েক বছর ধরে গ্রামাঞ্চলে যে মিনিমাম ইনফ্রাষ্ট্রাকচার গড়ে উঠেছে তাতে শিক্ষিত ছেলেরা সামান্য কিছু কিছু টাকা নিয়ে কেউ নাট করছে, কেউ অন্য কিছু করছে, তারা রেজিষ্ট্রি করতে পারে নি। এবং এইভাবে তারা চালিয়ে যাচ্ছে। ইণ্ডাষ্ট্রিয়াল এসটেট যা রয়েছে সেখানে গিয়ে যদি দেখেন তাহলে দেখতে পাবেন তারা কি তৈরি করছে। আজকে গ্রাণ্ড হোটেলে একচেটিয়া পুঁজিপতিদের—বিগ হাউসেস, তাদের সঙ্গে বসে এবং পরামর্শ করে কি এই পশ্চিম

বাংলার মতন আর্থিক সমস্যায় জর্জরিত প্রদেশের বাজেট তৈরি হয়েছে? এখানে ধনীদের আরো বেশী ধনী তৈরি করে দেওয়ার সুযোগ সুবিধা দেওয়া ছাড়া এই বাজেটে আর বিশেষ কিছু নেই। মাননীয় ও দিক্‌কার সদস্যরা এই বাজেটে গরিবদের জন্য আশার বাণী দেখতে পেয়েছেন কিন্তু তাঁরা তা কোথায় পেলেন আমি জানি না। একটা দৃষ্টান্ত দেখান যেখানে ঐ গরিব ও নিপীড়িত, মেহনতী মানুষদের বেদনার কথা বলে তার উপশমের ব্যবস্থা করা হয়েছে।

[3.40—3.50 P.M.]

আমি জানি বক্তৃতা দেওয়া যায়। এখানে বড় বড় ভাষণ দেওয়া যায়। এই বড় ভাষণ পড়ে মনে হয় সত্যি স্বর্গের রাজত্ব বোধহয় হয়ে গেল। কিন্তু যে tax গুলি বসান হচ্ছে, indirect taxation, এগুলি নিম্নস্তরে নেমে আসছে। আজকে indirect taxation—আপনারা হাসছেন, আপনাদেরও এর জন্য ভুগতে হবে। আপনারা যখন constituency-তে ফিরে যাবেন সাধারণ লোকের কাছে আপনাদের জবাবদিহি করতে হবে। তখন কিন্তু বলতে পারবেন না, তখন আপনাদের বলতে হবে যে আমরা সমর্থন করে এসেছি, আমাদের সরকার করেছে, কিছু করতে পারিনি। আপনারা নিজেরা ভাবুন যে আজকে tax-এর বোঝা percalate করে কোথায় গিয়ে পৌছাবে এবং তার বোঝা সাধারণ মানুষের নিতে হবে কিনা? আপনারা চা নিশ্চয়ই খান, আপনারা গ্রামের মানুষ, আপনারা নিশ্চয়ই চা খান। আজকে বলুন তো চায়ের উপরে বাড়লো এর জন্য নিম্নমধ্যবিত্ত,সাধারণ শ্রমিক, সাধারণ কৃষক যারা চা খায় তাদের উপর পড়বে কিনা? আপনারা বলছেন তাদের উপকার করবেন, অথচ indirect taxation-এর বোঝা তাদের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। এর চেয়ে সুন্দর ছুরি মারার ব্যবস্থা পশ্চিমবাংলার ইতিহাসে আর কোন-দিন হয়নি, এই প্রথম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময়বেশী নেই। আমি শেষে একথা বলতে চাই যে, আজকে অর্থমন্ত্রী এখানে যে বাজেট ভাষণ দিয়েছেন, তিনি যে বাজেট place করেছেন তার পূর্ণ বিরোধিতা করি। আজকে একটা কথা স্মরণ করিয়ে দেই, সেটা হচ্ছে, "তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে"—আজকে আমাদের গত সরকারের—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি, আমার বক্তব্য ওদের রাগের কারণ হবে। আমি জানি,আপনারা দুঃখ পাবেন। কিন্তু উপায় নেই। বিরোধী দলের ভূমিকা আমরা যদি ঠিকমত পালন না করি—আমরা যারা জনপ্রতিনিধি হয়ে এসেছি, আমাদের সেই ভূমিকা পালন করে যেতে হবে,

আমাদের নিশ্চয়ই বলতে হবে। অনেকে হয়ত বুঝে এসেছেন, আবার অনেকে না বুঝে এসেছেন। একটা গল্প আছে যে—"ছাগলের তিনটি ছানা হলে ২টি খায়, আর একটি নেচে কুঁদে ঘুরে বেড়ায়। ২ টি মোটা হয় আর একটি রোগা হয়।" কেউ কেউ রোগা হবেন তাতে ক্ষতি নেই। কাজেই আমি আবার বলবো যে "তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে"—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এই বাজেটের পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন হাজরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং এই সম্পর্কে অভিনন্দন জানাচ্ছি। একটা দরিদ্র সংসারে যে ভাবে বাজেট করা হয় আমাদের দেশের ঠিক সেই ভাবে আমাদের অর্থমন্ত্রী বাজেটটি তৈরী করেছেন এবং এই বাজেটের মধ্যে সব চেয়ে বড় কথা হচ্ছে যে এখানে বড়বড় প্রতিশ্রুতি নেই এবং কোন রকম বড়বড় কথা নেই। যেটুকু কাজ করা সম্ভব শুধু সেটুকুই এর মধ্যে আছে। এ সম্বন্ধে কৃতিত্ব নেবার জন্য কোন রকম চমকপ্রদ কিছু আমাদের অর্থমন্ত্রী করেন নি। সে জন্য তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য রাখছি। ওদিকের একজন বন্ধু আমাকে উদ্দেশ্য করে দু'একটি কথা বলেছেন এবং কুৎসার কথাও বলেছেন। আমি ওদের বিবৃতি দিয়েই কুৎসা কাকে বলে সেটা বুঝিয়ে দিচ্ছি।

তিনি বলছেন, মতাদর্শে পরস্পরের মধ্যে ভিন্নমুখী ও বিপরীত ধর্মী হওয়া সত্ত্বেও ১৯৭১ সালে কয়েকটি দল কেন্দ্রে শাসক দলকে ক্ষমতাচ্যুত করার জন্য নিজেদের মধ্যে এক মহাজোট গড়ে তুলেছিল। এই মহাজোট ১৯৭১ সালে সংসদীয় নির্বাচনে নিদারুণভাবে পরাজিত হয়েছিল। তারপর তিনি বলছেন এই সব গোষ্ঠী ও দল বিভিন্ন ধ্বংসাত্মক আন্দোলনেও মদত দিতে লাগলো। এই আন্দোলনগুলি প্রথমে শুরু হয়েছিল মহাজোটের নামে, পরে নির্দলীয় গণতন্ত্রের নামে এবং শেষ পর্যন্ত পূর্ণাঙ্গ বিপ্লবের নামে। এর সব কিছুরই লক্ষ্য অবশ্য ছিল সমাজে আমূল পরিবর্তনকারী সামাজিক অর্থনৈতিক শক্তিগুলির পথে বাধা সৃষ্টি করা। তারপর তিনি বলছেন এই সব দলের উদ্দেশ্য ছিল সরকারকে অচল করে দেওয়া, সমস্ত জাতীয় প্রয়াস স্তব্ধ করে দেওয়া এবং এইভাবে জাতির স্বার্থ পদদলিত করে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া। এই হচ্ছে তদানীন্তন অর্থমন্ত্রী শংকর ঘোষ মহাশয়ের বাজেটে প্রদত্ত ভাষণ ১৯৭৬-৭৭ সালের। যদি আমাদের অর্থমন্ত্রী বিগত ৩০ বছরে এই দেশের যে হাল হয়েছে তার সমালোচনা করতে গিয়ে কংগ্রেসের কথা বলে থাকেন তাহলে এটা যদি কুৎসা হয়, তার পরিপ্রেক্ষিতে আমি যে ওঁদের অর্থমন্ত্রীর ভাষণ থেকে উদ্ধৃতি দিলাম—কুৎসা কাকে বলে, সেটা মাননীয় সদস্যরা নিশ্চয়ই বুঝতে পারবেন। এবং আর একটা

কথা ওঁরা বলেছেন কেন্দ্রীয় সরকারের সংগে নাকি সংঘাত হবে—ওঁরা তো ইতিহাস পড়েননি, অর্থনীতি পড়েননি, জানেনও না কোথায় কি ঘটেছে। গত ৫০ বছর যাবৎ কেন্দ্রীয় সরকারের সংগে একই কথা চলেছে। যদি মণ্টেগু চেম্‌সফোর্ড রিফর্ম-এর কথা মনে পড়ে, যদি মেস্টন এ্যাওয়ার্ডের কথা মনে পড়ে, নিমিয়ার রিপোর্টের কথা মনে করুন, এমন কি আপনি সাইমন্‌স কমিশনের রিপোর্টের কথা মনে করুন, যেটা ১৯২৮ সালে বয়কট করা হয়েছিল, তা থেকে দেখবেন যে কেন্দ্রীয় সরকারের সংগে এই প্রদেশের কি সংঘাত হয়েছে। ওঁরা এই সব পড়েননি, জানবার চেষ্টাও করেন না, ওঁরা গতবারে কিভাবে এসেছিলেন এখানে সেটা সকলেই জানেন, সুতরাং পড়বেন কোথা থেকে। শ্যামাপ্রসাদ মুখার্জী ১৬ই ফেব্রুয়ারী ১৯৪২ সালে তাঁর বাজেট বক্তব্যে বলেছিলেন: That we have no alternative but to rely on the centre to supplement our inadequate resources to enable us to discharge our obligations. ১৯৪২ সালে শ্যামাপ্রসাদ এই কথা বলেছিলেন। তুলসীদাস গোস্বামী এই কথা বলেছিলেন১৯৪৫ সালের ১৬ই ফেব্রুয়ারী: It is my duty to plead that our claim to adequate financial assistance from the centre in the present circumstances is based on what I consider to be the irrefutable logic of fact. ডঃ বিধানচন্দ্র রায় ১৯৫৪ সালে খুব ক্ষুব্ধ হয়েছিলেন দেশমুখ রিপোর্ট বেরোতে, তারপর তিনি তাঁর ট্যাক্‌সেশন সম্পর্কে সোজাসুজি বলেছিলেন যে, The pattern of distribution of taxing powers should be changed as to make it realistic for the economic condition of West Bengal and for this we are looking up to the Taxation Enquiry Commission and to the Govt. of India. কাজেই অর্ধ শতাব্দি ধরে এই জিনিস চলে আসছে। আজকে কেন্দ্রের সংগে নাকি সংঘাত হবে ওরা বলছেন। দুর্ভাগ্যের বিষয় আগের বারে কেন্দ্রে কংগ্রেস সরকার ছিল এবং এই পশ্চিমবঙ্গেও কংগ্রেস সরকার ছিল, কিন্তু এখানকার কংগ্রেস সরকার শুধু কেন্দ্রের দালালী করে গেছেন, তাদের দাবী করবার কোন ক্ষমতা ছিল না। আজকে আর সেই অবস্থা নেই, আজকে পরিবর্তিত অবস্থায়, কেন্দ্রে এক গভর্নমেণ্ট এবং পশ্চিমবাংলায় আর এক গভর্নমেণ্ট, উভয়ে উভয়ের প্রতি বন্ধুত্বপূর্ণ ব্যবহার করবেন এবং উভয়ে উভয়ের সুখ দুঃখের সংগে অংশীদার হয়ে কি করে সমস্যার সমাধান করা যায় তার চেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং যে জিনিস অর্ধ শতাব্দি ধরে চলে আসছে তার ফয়শালা হতে পারে এবং তার সম্ভাবনা দেখা দিয়েছে। কাজেই কেন্দ্রের সংগে সংঘাত

শুরু হলে এটা মনে করার কোন কারণ নেই। ওঁরা বলেছেন বাজেটে বেকার সমস্যার কথা তার কোন উল্লেখ নেই এবং সমাধানের ইংগিত নেই। চমকপ্রদ শুনতে ভাল লাগে। যেন এতদিন বেকার সমস্যার সমাধান-এর জন্য সব কিছু করা হয়েছে, এখন অশোক মিত্র মহাশয় এসে কিছুই করছেন না, এই রকম ভাবে দেখানোর চেষ্টা করা হয়েছে।

[3.50—4.00 P.M.]

বুঝতে হবে যে বেকার সমস্যাটা শুধু একটা রাজ্যের সমস্যা নয়, শুধু দুটো রাজ্যের সমস্যা নয়, এই বেকার সমস্যা হচ্ছে জাতীয় সমস্যা এবং জাতীয় অর্থনীতির সঙ্গে এই বেকার সমস্যা জড়িত আছে। এটা ভাবতে হবে, তা যদি হয় তাহলে আমাদের দেখতে হবে যে কেন্দ্রে যিনি আজকে প্রধান মন্ত্রী শ্রী মোরারজী দেশাই, তিনি স্বয়ং বলেছেন ১০ বছরের মধ্যে বেকার সমস্যা দূর করা যাবে এবং করবার চেষ্টা করা হবে। কাজেই সেই ভাবে প্ল্যানিং এণ্ড প্রোগ্রামিং নেওয়া হচ্ছে কেন্দ্রের আমাদের এখানেও তার সঙ্গে তাল মিলিয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র এই কর্মপদ্ধতি গ্রহণ করেছেন। কাজেই বেকার সমস্যার সমাধানের জন্য কিছুই করা হয়নি, একথা ঠিক নয়। মাননীয় অর্থমন্ত্রী দুটি জিনিষ তার বক্তৃতার মধ্যে তুলে ধরেছেন, একটা হচ্ছে যে চলতি আর্থিক বছরে ১ হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় খোলার ব্যবস্থা আমরা নিচ্ছি। চলতি আর্থিক বছর, অর্থাৎ মার্চ মাসে যে বছর শেষ হয়ে যাচ্ছে তার মধ্যে এবং এই সময়ের মধ্যে যদি ১ হাজার নতুন প্রাইমারী স্কুল হয় তাহলে সেখানে নতুন প্রাথমিক শিক্ষক নিযুক্ত হবে। প্রতিটি স্কুলের জন্য ৪ জন করে শিক্ষক নিলে নতুন ৮০০০ শিক্ষকের চাকুরী হবে। তারপর মাননীয় মন্ত্রী বলেছেন কৃষিতে যাই ঘটুক না কেন, গ্রামে ক্ষুদ্র ও কুটির শিল্প ছড়িয়ে দেওয়া আমাদের অবশ্য কর্তব্য। ক্ষুদ্র শিল্প বলতে অনেক কিছু বোঝায়, অনেক কিছু আছে—ইংরাজরা যখন এসেছিল তখন আমাদের দেশের কুটির শিল্পকে তারা নষ্ট করেছিল। এক শতাব্দীর এটা এক মহাপাপ। এই মহাপাপকে রাতারাতি বদলানো যায় না, রাতারাতি এর পরিবর্তন করে নতুন ব্যবস্থা করা যাবে না। বিদ্যুৎ এসেছে, যদিও খুবই স্বল্প পরিমানে সরবরাহ করা হচ্ছে, এটা ঠিক। কিন্তু সেই সঙ্গে সঙ্গে ডিজেল পাম্প এবং নানা রকম জিনিষ এসেছে। তারপর আজকে গ্রামে একটা লেদ মেশিন, একটা কাটি মেশিন এবং একটা ষ্টিচি মেশিন ইত্যাদি নিয়ে সেখানে খাতাপত্র উৎপাদন করা যেতে পারে—পাওয়ার লুম দিয়ে তার

কাপড় তৈরী করতে পারে এবং অন্য দিকে ওয়েল্ডিং করতে পারে গ্যাস ওয়েল্ডিং করতে পারে—ফলে এসব কুটির শিল্প হতে পারে। পশ্চিমবাংলার মফঃস্বলগুলিকে আধুনিকীকরণ করা যায় এবং তার মধ্যে দিয়ে অনেক বেকার যুবক চাকুরী পাবেন তারপর জাতীয় পেশাগুলি আজকে ব্যাকডেটেড হয়ে যাচ্ছে, সেগুলিকেও আধুনিকীকরণ করা যায়। বেকার সমস্যার সমাধানের অনেক পথই রয়েছে, কিন্তু কাজ কিছুই হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় একটা চমৎকার ব্যবস্থা করছেন সেচের ব্যাপারে। বড় সেচ এবং ক্ষুদ্র সেচ করবেন বলেছেন। এ-সম্বন্ধে আমি একটি প্রস্তাব রাখছি, এই বড় সেচ সম্বন্ধে, তার আগে তিনি যে ব্যবস্থা করতে চলেছেন তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি—আমি যে এলাকা থেকে এসেছি সেই এলাকা একটা বন্যাপীড়িত এলাকা। আমার এলাকার কথা বলা আমার উদ্দেশ্য নয়, পশ্চিমবাংলার স্বার্থ যেখানে জড়িত সেখানে সেই কথাই বলতে হবে। আজকে আমাদের দেশে সেচের কি অবস্থা—মুঘোল রাজত্বের শেষ দিকে সেচ ব্যবস্থা চমৎকার ভাবে গড়ে উঠেছিল আমাদের দেশে। কিন্তু ইংরাজরা এসে প্রথমেই সেগুলি নষ্ট করে দিয়েছিল। আমাদের নদীগুলিকে নষ্ট করে দিয়েছিল মুর্শিদাবাদে কয়েক শত মাইল গঙ্গার পাড়ে তামার পাত দেওয়া ছিল, তা তারা তুলে দিয়েছিল। এইভাবে নদীগুলিকে নষ্ট করে জাতীয় জীবন ধারাকে ব্যাহত করে আমাদের পঙ্গু করে দিয়েছে। তেমন ভাবেই ৩০ বছরের কংগ্রেস রাজত্বে আমরা দেখেছি এই নদীগুলির সংস্কারের কোন ব্যবস্থা করা হয়নি। কোথাও কিছু ডাম হয়েছে, একথা অস্বীকার করব না। স্লুইস গেটও হয়েছে। কিন্তু সেগুলি কি প্রকৃত বৈজ্ঞানিক পদ্ধতিতে হয়েছে? এই প্রশ্ন আমি রাখছি। গঙ্গার জল ভাগিরথীতে আসছে ফারাক্কা ব্যারেজের মধ্যে দিয়ে, একথা ঠিকই এবং কিছুই উন্নতি হয়নি, একথা বলব না। কিন্তু আজকে ফারাক্কার জল দিয়েও ভাগিরথী এবং হুগলী নদীর পলি সরাতে পারব না। এই সঙ্গে আবার ডি. ভি সি.-ও তৈরী হয়েছে, গডউইন সাহেব বলেছিলেন সেখানে ৮ টি ড্যাম করা দরকার, সেখানে ৪ টি করা হয়েছে, আর ৪ টি করা হয়নি। সেই ৪ টি দিয়ে ৫০ ভাগ জল কনট্রোল করা যায়, আর ৫০ ভাগ জল কনট্রোল করা যায় না।

অন্যদিকে আবার D.V.C.-র ৪টা ড্যাম বিপদাপন্ন হয়ে গেল। এগুলি যদি ফেসে যায় তাহলে লক্ষ লক্ষ মানুষের ক্ষতি হবে। সেজন্য জল ছাড়তে হবে এবং তার সঙ্গে বৃষ্টির জল—এই দুয়ে মিলে বর্ধমান বিভাগকে প্লাবিত করছে। সেচ বিভাগের জন্য অনেক টাকা কেন্দ্রীয় ও রাজ্য সরকার থেকে ঢালা হয়েছে, কিন্তু সে টাকা জলে গেছে। সেই টাকা কোন আধুনিক ও বিজ্ঞানসম্মত পথে খরচ করা

হনি। দিল্লীতে যখন ছিলাম তখন ডাঃ কে. এল. রাও ও জগজীবনবাবুকে বুঝিয়ে-ছিলাম যে দামোদর নদী ছোটনাগপুর অঞ্চল থেকে বয়ে আসছে। বিহারের সমস্ত নদী—কর্মনাশা, পুনপুন ফল্গু ইত্যাদি সমস্ত নদী দামোদর দিয়েই আসছে এবং বর্ধমান পার হয়ে সেখানে তারা বাইফারকেট করেছে। নদী যখন একা আসছে তখন বন্যা হচ্ছে না। যেখানে ২ ভাগে ভাগ হয়ে যাচ্ছে সেখানেই বন্যা হচ্ছে। কিন্তু বরকত সাহেবের উবর-মস্তিষ্কের জন্য যেখানে কেন্দ্রীয় সরকারের Original Plan-এ ছিল বেগুয়া যেখানে দামোদর ও মুণ্ডেশ্বরীতে বাইফারকেট করছে সেখানে sluice করার কথা ছিল—তা হল না এবং দামোদরের যেখানে excavate করার কথা ছিল তাও তিনি করেন নি। এটা না করে তিনি Supdt. Engineer-কে নির্দেশ দিলেন বাঁধ ভাঙার। ৩ বৎসর ধরে আমরা এটা রুখেছি—যদি রূপনারায়ণ ও গঙ্গার পলি পরিষ্কার করা হোত তাহলে বাঁধের কোন প্রয়োজন ছিল না। লক্ষ লক্ষ টাকা যে চুরি হল, অপচয় হল তার জন্য তদন্ত কমিশন করে বরকত সাহেব যিনি মন্ত্রী ছিলেন তাঁর হাতে হাতকড়া পরান উচিৎ। যেখানে দামোদরের মুখ সেখানে আড়াআড়ি বাঁধ দিয়ে বন্যা করা হল এবং তাতে ৫ লক্ষ লোকের ক্ষতি হল। সেজন্য মন্ত্রী মহাশয় বাজেটে যে বড় বড় সেচ সম্পর্কে প্রস্তাব এনেছেন তার জন্য তাঁকে পূর্ণ সমর্থন করে বলব সমস্ত অপচয় বন্ধ করে Engineer-দের দিয়ে পরিষ্কার ভাবে পরিকল্পনা করে এসব জিনিসগুলি করা হোক। সেচ ও D.V.C. এই ব্যাপারে irrigation office কোথায় তা মানুষ বুঝতে পারে না। এরা ৩টি বাংলো করে রেখেছেন এবং সেখানে প্রমোদ ভবনের জন্য ১৮ খানা গাড়ী আছে। এইসব খরচ কমাতে হবে। সেচমন্ত্রী আমার সঙ্গে বন্যাপীড়িত অঞ্চল পরিদর্শন করতে গিয়ে এসব দেখেছেন এবং আমাদের আন্তরিকতা দেখে তিনি মুগ্ধ হয়েছেন। তার যখন বাজেট বক্তৃতা হবে তখন তিনি এসব কথা বলবেন। আমি পুনরায় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাকে সমর্থন জানাই এবং বলব বিরোধীরা যে সমস্ত ছেঁদো যুক্তি দেখিয়েছেন তার কোন মূল্যই নেই। এই বলে আমি শেষ করছি।

শ্রীবিমলানন্দ মুখার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বাজেট অর্থমন্ত্রী উপস্থিত করেছেন তাতে খুব রঙিন চিত্র নিশ্চয় পরিবেশন তিনি করেন নি—করাটা উচিৎও নয়, কিন্তু পশ্চিমবাংলার অর্থনীতির বাস্তব অবস্থা এই বাজেট বিবৃতির ভেতর দিয়ে ফুটে উঠেছে। কংগ্রেসী আমলে রঙিন চিত্র পরিবেশন করা হত এবং তার জন্য অনেক মিথ্যা আশ্বাস ও স্তোকবাক্য দেওয়া থাকতো। এতে থাকতো বহুলোকের কর্মসংস্থান হবে, গ্রামে গ্রামে বিদ্যুৎ যাবে, কৃষি উন্নয়ন হবে ইত্যাদি ইত্যাদি সব বড় বড় কথা। কিন্তু দেশের মানুষ বাস্তব অভিজ্ঞতা দিয়ে বুঝতেন কি হচ্ছে, না

হচ্ছে। তাঁরা দেখেছেন কৃষি উন্নয়নের হার কি হয়েছে, কারখানায় lay off, ছাঁটাই হয়ে বেকারীর সংখ্যা বেড়েছে, কৃষক তার ন্যায্য মূল্য পাচ্ছে না, কালো বাজারী বেড়েছে ইত্যাদি।

[4.00—4.10 P.M.]

এবং এই হলো বাস্তব চিত্র, এই বাস্তব অভিজ্ঞতা ও ধারণা তাঁদের মনে জন্মেছে আমরা লক্ষ্য করেছি যে কংগ্রেস আমলে তাদের একমাত্র লক্ষ্য ছিল যে, একটা টাকার অঙ্ক হিসাবে দেখানো। যা বাজেটের ভিতর দিয়ে ও হিসাবের মধ্য দিয়ে তাঁরা করতেন তা হচ্ছে সম্পত্তিবান শ্রেণীদের কি করে আরো বেশী মুনাফা বাড়ানো যায়। চমৎকার লাইসেন্স পারমিটের ব্যবস্থা থাকতো, ঐ ঠিকাদার বান্ধব থাকতো। যে টাকার অঙ্ক বরাদ্দ হতো তার অর্ধেকই এইভাবে ব্যয় হতো contractor দের লাভের জন্য ও কংগ্রেসীদের পকেটভারী করার জন্য। এটা করার জন্য তাদের আমলাদের সহযোগিতা নিতে হতো, তার ফলে দুর্নীতিপরায়ণ আমলাদেরও পকেটভারী হতো। চমৎকার ব্যবস্থা থাকতো। যেটুকু টাকা সীমিত ক্ষমতার মধ্য দিয়ে জনগণের জন্য বরাদ্দ করা হতো তার ৫০ ভাগ এইভাবে অপচয় হতো আর মুষ্টিমেয় কিছু লোকের পকেটভারী হতো। এই ছিল বাজেট বরাদ্দের আসল কথা বা মূল কথা। আমি এ কথা বলি না যে আমরা বিরাট একটা কিছু করতে পারবো কারণ আমরা জানি যে ভারতবর্ষের সমগ্র অর্থনীতি একটা পুঁজিবাদী অর্থনীতি, ব্যক্তিগত মালিকানা সর্বক্ষেত্রে। কৃষিক্ষেত্রে তথা শিল্পের ক্ষেত্রে সবত্র। এবং ৩০ বৎসর ব্যক্তিগত মালিকানা এবং ব্যক্তিগত মুনাফা পুঁজিবাদী মুনাফা সৃষ্টি করতে করতে অধিকাংশ মানুষ যে দারিদ্র সীমায় উপনীত হয়েছে সেখানে উন্নয়ন করাটা সহজ কথা নয় এ কাঠামোর ভিতরে নয়। সারা ভারতবর্ষে সংকট তীব্র ও যেহেতু পশ্চিমবাংলায় নানা ধরনের চাপেও পূর্ববাংলার উদ্বাস্তুদের একটা বিরাট চাপ নিতে হয়েছে কেন্দ্র যে পশ্চিমবাংলাকে সে রকম সাহায্য করেনি করতে হয়তো ভুলেই গেছেন এবং সে সঙ্গে পশ্চিমবঙ্গ যা দেয় এখান থেকে যে আয় হয় কেন্দ্র সবটাই প্রায় নেয়। তার যে টুকু বরাদ্দ পশ্চিমবঙ্গে আসার কথা তা আসেনি বলেই পশ্চিমবাংলার অর্থনীতি অন্য রাজ্যের অর্থনীতি অপেক্ষা তীব্র এবং সংকটপূর্ণ। এ থেকে কি করে মুক্তি পাওয়া যাবে? মুক্তি পাওয়া সহজ কথা নয়।

ফেডারেল কাঠামো একটা ব্যবস্থা, যুক্তরাষ্ট্র ব্যবস্থা মুখে বলা হয়ে থাকে, লেখা আছে সংবিধানে, কিন্তু যুক্তরাষ্ট্র ব্যবস্থা কার্যতঃ নেই। একজন বলেছেন দিল্লীতে

লবি করে বেশী টাকা পাওয়া যেতে পারে। এটা লবি-এর ব্যাপার নয়, ন্যায্য অধিকারের ব্যাপার। সেই ন্যায্য অধিকারের ব্যবস্থা প্রবর্তন হবে কিনা। আমাদের সাজেসান থাকতে পারে, কিন্তু কতটা হবে সেটা ভবিষ্যতের কথা। যদি আমরা একথা বলি যাবতীয় ট্যাক্স খাজনা শুল্ক ইত্যাদি সমগ্র ট্যাক্স আদায়ের দায়িত্ব যদি সম্পূর্ণভাবে রাজ্যগুলির উপর থাকে এবং কেন্দ্রের প্রয়োজন যেগুলি শুধু সেগুলির জন্য একটা অংশ কেন্দ্রকে রাজ্য দেবে এই ব্যবস্থা যদি থাকে তাহলে সেই রাজ্যের অর্থনীতির উপর একটা ক্ষমতা থাকে, তখন সঠিকভাবে সেই রাজ্য প্ল্যানি করতে পারে। কয়লা, লোহা, ইস্পাত-এর দামটা এক রকম, আবার তুলোর দামটা আর এক রকম এই সম্পর্কে চাপ দেওয়া সম্ভব যদি রাজ্যের হাতে অর্থনৈতিক ক্ষমতা থাকে। সেই ব্যবস্থা ফেডারেল কাঠামোয় নেই। সেই জন্য অসুবিধা হচ্ছে। সেই অসুবিধার মূল কারণ আমাদের বুঝে দেখতে হবে। সেই মূল কারণ হচ্ছে এখানে একটা পুঁজিবাদী অর্থনীতিতে, অর্থমন্ত্রী মহাশয় সঠিক ভাবে বলেছেন, সম্পদ থেকে ক্ষমতার উৎস, সেই সম্পদ কার হাতে আজকে আছে, সেই সম্পদ আছে কলকারখানার মালিকের হাতে, একচেটিয়া মালিকের হাতে, ব্যবসায়ীদের হাতে, গ্রামীন জোতদারদের হাতে যারা লাভ ছাড়া আর কিছু বোঝে না, দেশ বোঝে না, মানুষ বোঝে না, একটা বিত্তশালী শ্রেণীর হাতে ক্ষমতা আছে, তারা প্রভাবিত করে আমলাদের, পুলিশ বাহিনীকে, তারা বিষাক্ত করে তোলে লোভ দেখিয়ে দেশের দরিদ্র মানুষকে। এই যে সম্পদ, এই যে ক্ষমতা এটা পুঁজিবাদী ব্যক্তিগত মালিকানাধীন অর্থনীতিতে রয়েছে। এর ভেতরে বামফ্রন্ট সরকার এখানে তৈরী হয়েছে। কি করতে পারবে তারা। আমরা বলিনি যে একটা বিরাট কিছু করতে পারব, একটা বিরাট ক্ষমতা আমাদের আছে। সীমিত কতকগুলি কাজ করতে পারব। দুঃখের বিষয় অর্থমন্ত্রী মহাশয় একটা জায়গাতে একটু অত্যুক্তি করেছেন, শেষ দিকে সুইপিং রিমার্ক হয়েছে যে অর্থনৈতিক বিপ্লব ঘটাতে চাই। এই কথাটা ঠিক নয় মনে হচ্ছে, এর পরিবর্তে অন্য শব্দ দিলে ভাল হয়। আমরা জানি অর্থনৈতিক বিপ্লব এই ব্যবস্থার ভেতর নেই, সংস্কারের ভেতর দিয়ে অগ্রসর হওয়া দরকার, এছাড়া আর কোন রাস্তা নেই যতক্ষণ না সমস্ত ব্যবস্থার বৈপ্লবিক আমূল পরিবর্তন করতে পারা যায়। আমাদের লক্ষ্য বিপ্লব, কিন্তু বর্তমান কাঠামোর ভেতর বৈপ্লবিক পরিবর্তন করা সম্ভব নয়। বিপ্লবের অর্থ হচ্ছে বর্তমানে যে শ্রেণী ক্ষমতায় আছে সেই মালিকশ্রেণী তাদের বদলে সর্বহারা শ্রেণী, শোষিত শ্রেণীর ক্ষমতায় আসা এবং বর্তমানে যে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা আছে তাকে খতম করে দিয়ে বিকল্প ব্যবস্থা আমাদের দৃষ্টিভঙ্গীতে সমাজতান্ত্রিক ব্যবস্থার

প্রবর্তন। এটাই হল অর্থনৈতিক বিপ্লব। এই পরিবর্তন ঘটাতে হলে রাষ্ট্রের উপর সেই ক্ষমতা নেই জনসাধারণের প্রগতিশীল শক্তি দ্বারা সেই বিপ্লব ঘটান সম্ভব। অর্থনৈতিক বিপ্লবের পথে বাধাগুলি দূর করবার জন্য সংগ্রাম করে আমাদের লক্ষ্যের দিকে অগ্রসর হতে হবে। এখন কি করতে পারি আমরা, দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে। হেলথ ডিপার্টমেন্টে যান, দুর্নীতি। প্রশাসন ব্যবস্থায় দুর্নীতি। গ্রামে গ্রামে সেবকের কাজে আছে দুর্নীতি। ঘুষ ছাড়া কাজ হয় না। নিম্নতম সরকারী কর্মচারীদের জায়গায় দুর্নীতি, গত ৩০ বছরে সমাজের নিচু তল পর্যন্ত দুর্নীতি পৌঁছে দিয়েছে কংগ্রেস। কালোবাজারী, মজুতদার, মুনাফাখোর লাভ করবে, ঠিকাদাররা লাভ করবে, তার একটা অংশ প্রভাব প্রতিপত্তিশালী লোকের পকেটে পুরে দেওয়ার ব্যবস্থা শিখিয়েছে কংগ্রেস।

[4.10—4.20 P.M.]

মানুষের মজ্জা, মানুষের নীতিবোধ ভেঙ্গে দিয়েছে। আমাদের এই সীমাবদ্ধ অর্থনৈতিক কাঠামোর মধ্য দিয়ে আমাদের অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দ করেছেন সেটা হচ্ছে আমরা যে টাকা বরাদ্দ করছি সেই টাকা দিয়ে মানুষের কত বেশী উপকার করা যায়, সেই টাকা যাতে সার্থক হয়, সেই টাকার যাতে অপচয় না হয়, সেই টাকা যেন আমলাতন্ত্র মেরে দিতে না পারে এবং যারা ঘুস খায় সেই টাকা যেন তাদের হাতে গিয়ে না পৌঁছায়। এখন বিপ্লব করা-টরা যাবে না। তবে এক্ষেত্রে একটা পরিকল্পনা থাকা দরকার যে জিনিসটা ছিলনা। আমরা দেখেছি পরিকল্পনা ঠিকভাবে থাকতনা। সেই পরিকল্পনাটা হচ্ছে আমাদের শিল্পের দিকে যেমন নজর দিতে হবে ঠিক তেমনি গ্রামের কৃষির উপরেও নজর দিতে হবে। আমাদের দেশ কৃষি প্রধান দেশ এবং কৃষির উপর নির্ভরশীল মানুষের সংখ্যাই বেশী। কাজেই আমাদের লক্ষ রাখতে হবে কিভাবে কৃষির উন্নতি করতে পারি। গ্রামে যে কৃষি বেকার মজুর রয়েছে তাদের উন্নতির দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। বর্তমানে জমির উপর যে ভার রয়েছে তাতে কৃষি এবং কৃষকের উন্নতি হবেনা। আমাদের লক্ষ্য থাকবে গ্রামের লোক যার কৃষির উপর ভর করে রয়েছে তাদের কিভাবে শহরে এনে শিল্প ক্ষেত্রে নিয়োগ করতে পারি। আমি মনে করি ২/৩ বিঘা জমি দিয়ে তাদের রক্ষা করা যাবেনা কারণ পেটের দায়ে তারা সেই জমি বিক্রি করে দিচ্ছে। তাদের ইকনমিক হোলডিং দিতে হবে এবং সেইজন্য কৃষি সমবায়ের মাধ্যমে তাদের সাহায্য করতে হবে। গ্রামের এই যে বিশাল মানুষ যারা কৃষির উপর ভার করে রয়েছে

সেই ভার লাঘব করার জন্য তাদের শিল্পের মধ্যে আনতে হবে এটাই হচ্ছে বড় কথা। সরকার পরিচালিত অনেকগুলো সংস্থা আছে, যেমন—বসুমতী পত্রিকা, ম্যাকসবি ফার্মার। কিন্তু আমরা লক্ষ্য করছি সেখানে প্রশাসন ব্যবস্থা এমনভাবে করা হয়েছে যার ফলে দেখছি সেখানে চলছে ভয়ানক অব্যবস্থা। এই 'বসুমতী' যাদের মাধ্যমে পূর্বে ৩/৪টি কাগজ চলত সেখানে দেখছি এখন মাত্র একটি ডেইলি কাগজ চলছে। কাজেই সেখানে কিভাবে ব্যয় সংকোচন করা যায় সেই রাস্তা আমাদের নিতে হবে। কত লোককে শিল্পে নিয়োগ করা যায়, কত লোককে কৃষি ক্ষেত্রে নিয়োগ করা যায় এবং কত লোককে কুটির শিল্পে নিয়োগ করা যায় বা সম্ভব হবে তার কিছু আভাস এই বাজেটে পাওয়া গেছে। আমরা আশা করি আগামী বছরের বাজেটে আরও আভাস পাওয়া যাবে। শান্তিপুরে তাঁত শিল্প একটা বিরাট শক্তি। কিন্তু আমরা দেখছি তাঁতীদের উচ্চ মূল্য সুতোর ক্ষেত্রে দিতে হচ্ছে এবং তার ফলে অন্য রাজ্যের বাজারে তারা কমপিট করতে পারছে না। ২ বছর বোনাস পাবার ফলে কিছু উন্নতি হয়েছে বটে কিন্তু পুজোর পরেই দেখা যায় সংকট। কাজেই প্রশ্ন হচ্ছে তুলার দাম সস্তা করা যায় কিনা। সমস্ত অর্থনীতির উপর আমাদের কন্ট্রোল নেই কাজেই কিছু করা যাচ্ছেনা। গ্রামের কৃষি, কুটির শিল্পের কি উন্নতি করা যায়, সরকারী ইনভেস্টমেন্টে কি উন্নতি করা যায় মোটামুটি তার জন্য একটা প্রচেষ্টা করা হচ্ছে, একটা আইডিয়া দেওয়া হয়েছে। চিন্তা করা হচ্ছে এর মধ্য দিয়ে কিভাবে উন্নতির রাস্তা পাওয়া যায়। আমাদের চেষ্টা থাকবে অপচয় যাতে না হয়। এই পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে বেকারদের কর্মসংস্থানের বেশী ব্যবস্থা হবে না। মালিকরা ইচ্ছা করে ছাঁটাই করছে এবং তার ফলে মানুষের ক্রয়ক্ষমতা কমে যাচ্ছে, মালের উৎপাদন কম হচ্ছে এবং মালের উৎপাদন কম হচ্ছে বলে জিনিসের দাম বেশী দিতে হচ্ছে। এই অবস্থার পরিবর্তন না হলে বড় রকমের কিছু করা যাবেনা। তবে এর ভেতর থেকে অর্থাৎ এই সীমিত অবস্থার ভেতরে থেকে আমাদের বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন আমরা কিভাবে সব জিনিস পরিকল্পিতভাবে করতে পারি এবং আপাততঃ এটাই হচ্ছে মূল লক্ষ্য। এই লক্ষ্য সামনে রেখে আমরা মানুষ তৈরী করতে চাই। উৎপাদন যন্ত্রগুলির উপর যে ব্যক্তিগত মালিকানা বসে রয়েছে সেই ব্যক্তিগত মালিকানার বদলে সামাজিক মালিকানা অর্থাৎ সমাজতন্ত্র প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত মূল সমস্যার সমাধান হচ্ছে না। আমরা মনে করি উৎপাদনের ক্ষেত্রে শোষিত এবং সর্বহারা মানুষের নেতৃত্ব থাকবে, সেখানে তাদের নেতৃত্ব প্রতিষ্ঠিত হবে। কাজেই এর জন্য মানুষ তৈরী করা দরকার। আমরা চাই মানুষ দেখবে তার মাথার উপর দাঁড়িয়ে রয়েছে একটা শত্রু সরকার নয় বা কংগ্রেসের মত

দালাল সরকার নয়। এখন যাঁরা সরকারে আছেন তাঁরা জনসাধারণের শত্রু নয়, তাঁরা জনসাধারণের বন্ধু। বন্ধু সরকার করে আছে আর নিচে আছেন জনতা। যে সব বাধা আসবে তা দূর করতে হবে, তার ভিতরে যে মূল সমস্যা তা সমাধান করতে হবে এবং বৈপ্লবিক পরিবর্তন এনে সাধারণ মানুষকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই কয়টি কথা বলে বামপন্থী সরকারের তরফ থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসন্তোষকুমার দাশ : মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব তাঁর এই ঐতিহাসিক বাজেট পেশ করবার জন্য। এর আগে আমরা অনেক বাজেট দেখেছি—অন্য বাজেটে প্রকৃত প্রস্তাবে সাধারণ মানুষের কথা নিপীড়িত মানুষের কথা এত বেশী করে বলা হয়েছে বলে আমার মনে পড়ে না বা আমি দেখিনি। আজকে সাধারণ মানুষের কথা ও নিপীড়িত মানুষের কথা বলা হয়েছে বলে বিরোধী পক্ষের বিশেষ করে কংগ্রেসী সদস্যরা বেসামাল হয়ে পড়েছে। আজ জুলপীওয়ালাদের দাপাদাপি বা রিগিং করে ভোটে জয়লাভ করার দিন শেষ হয়ে গেছে। আজ সাধারণ মানুষের কথা এবং নিপীড়িত মানুষের কথা বলার জন্য এখানে সকলেই উদ্‌গ্রীব হয়ে পড়েছে। সেজন্য সাধারণ মানুষ আজকে বামফ্রন্ট সরকারকে জয়ধ্বনি দিচ্ছে। আজকে তারা বিশেষ করে উল্লসিত এই জন্য যে তাদের উপরে এতদিন যে অত্যাচার চালান হয়েছে তা আজকে বন্ধ হয়ে যাবে। বাজেটের মধ্যে যে-সব অন্যায় অত্যাচার হয়েছে তা লেখা থাকলে ভাল হত। গ্রামের উন্নতির নামে রাস্তা ও অন্যান্য জিনিসের উন্নতির অর্থের নামে অপচয় হয়েছে, এই সব বিষয়ে আজকে তদন্ত হওয়া বিশেষ ভাবে উচিত। এই সব অন্যায় অত্যাচার এবং টাকার অপচয় যারা করেছে তাদের আজকে জেলে পোরা উচিত। একথা বাজেটে লেখা থাকলে ভাল হত। আইনের মধ্যে এমন কিছু একটা থাকলে ভাল হতো। আমি এত কথা বুঝি না, আমি সাধারণ মানুষের উপর যারা অত্যাচার করেছে, এক এক জায়গায় জাল টিপসই দিয়ে জি. আর টি. আর-এর টাকা নিয়ে নানাভাবে অপচয় করেছে, যেখানে ৬ লক্ষ টাকা স্যাংশন হয়েছে সেখানে মাত্র ৬ হাজার টাকা খরচ করে আর সব টাকা পয়সা অপচয় করেছে তাদের শাস্তি আমার এই বক্তৃতার মধ্যে দিয়ে দাবী করছি আমি দাবী করছি যারা অন্যায় করেছে তাদের ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন। এই বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে তাঁরা আমাদের অনেক দোষ ধরেছেন, তাঁদের লজ্জা করে না এই আলোচনায় অংশগ্রহণ করে এই কথা বলতে যারা আমাদের

১০০ কোটি টাকার দেনায় চুবিয়ে দিয়ে গিয়েছেন এবং সেই কথায় না গিয়ে আজকে কেন এতে এত কমান হল, এতে এত বাড়ান হল না কেন, এই সব কথা বলে চোখের জল ফেলছেন। তাঁরা যে অত্যাচার করে গিয়েছেন সেই সব অত্যাচারের কাহিনী পুঙ্খানুপুঙ্খ তদন্ত করা দরকার। আমি এই কথা আমার এই বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে বলতে চাই যে তাদের যথাযথ শাস্তি বিধান করবেন। কারণ আজকে এখানে এসে তারা অনেক কথা বলছেন কিন্তু তাঁদের মুখে এইসব কথা শোভা পায়না যারা এই রকম সব অত্যাচার করেছেন। আমি আশা করি এবং দাবী করি যে তাদের এই সমস্ত অত্যাচারের পুঙ্খানুপুঙ্খ তদন্ত করবেন ও যথাযথ শাস্তি দেবেন। এই কাজ করা হলে মনে করবো যে একটা কাজের কাজ করা হল। আমি এই বাজেট বক্তৃতার উপর অন্য কোন কথা না এনে এই কথা বলতে চাই যে আমাদের শিক্ষা খাতে এবার ক্লাশ সিক্স পর্যন্ত বিনা বেতনে পড়ানোর কথা ঘোষণা করা হয়েছে। অষ্টম শ্রেণী পর্যন্ত তাঁরা বিনা বেতনে পড়াবেন এই কথা বহুদিন ধরে শুনে আসছি কিন্তু তাঁরা তা করতে পারেন নি। অথচ আমরা এই দুই মাসের মধ্যে এটা করেছি। বিরোধী দলের এটা সমর্থন করা উচিত। আমি অর্থমন্ত্রীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

4.20—4.30 P.M.

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্বেই বিনীতভাবে একটি অনুরোধ করে রাখছি—আমার অভ্যাস খারাপ হয়ে গিয়েছে যদিও আমি বেশী বলিনা, একটু বেশী বলার সুযোগ যদি দেন তাহলে ভাল হয়। আমি প্রথমেই একথা জানিয়ে রাখতে চাই যে রাজনৈতিক কারণে এই বাজেটকে সমর্থন করি। কিন্তু বাজেটের ভিতর যে পলিসি বলা হয়েছে বা যা বলা হয়নি সে সম্বন্ধে আমার গুরুতর সমালোচনা করার আছে। প্রথমেই আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এখানে ইংরাজী ধরে বলবে, না বাংলা ধরে বলবো কারণ দুটি বই দেওয়া হয়েছে। এখনএখানে বাংলার অনুবাদ ইংরাজী করা হয়েছে,না ইংরাজীর অনুবাদ বাংলা করা হয়েছে, অবশ্য অর্থমন্ত্রী মহাশয় বাংলায় পড়েছেন। যাই হোক, এখানে দুটি জায়গায় ডিসক্রিপেন্সি বিশেষ করে অত্যন্ত গুরুতর এই সংশোধন করা উচিত বলে মনে করি। এখানে ইংরাজীর ১১ পৃষ্ঠার ৩ প্যারায় এবং বাংলার ৮ পৃষ্ঠার ৩ প্যারায় বলা হয়েছে এখানে বাংলায় দেখুন আছে, "আমরা নিজেরা এটা বিশ্বাস করি সমস্ত পুঁজিই শ্রমিকের ফল। কিন্তু যতদিন পর্যন্ত পুঁজির উৎস বন্ধ করা না যাচ্ছে, সেই

পুঁজি আমাদের নিয়ন্ত্রণাধীনে প্রয়োজনমত কাজে লাগানো চলে এমন কি এই পশ্চিমবঙ্গেও, সেটা দেখা আমাদের কর্তব্য।"

দুটোর ভিতরে অনেক পার্থক্য।

ডঃ অশোক মিত্র ঃ একটা কথা বলবো একটা কথা বাংলায় বাদ দিয়ে হয়েছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ যা অনুবাদ হয়েছে তাই বলছি। আপনি এখানে বলেছেন, we see no reason why their profits, which are the result of exploitation, should not be ploughed back. আর এখানে বলা হয়েছে, 'কিন্তু যতদিন পর্যন্ত পুঁজির উৎস বন্ধ করা না যাচ্ছে, সেই পুঁজি আমাদের নিয়ন্ত্রাধীনে প্রয়োজনমত কাজে লাগানো চলে, এমন কি এই পশ্চিমবঙ্গেও, সেটা দেখা আমাদের কর্তব্য।'

আর এক জায়গায় আমি পয়েন্ট আউট করছি ইংরাজী ২০ পৃষ্ঠায় বাংলা ১৯ পাতায় এখানে একটা অংশ একেবারে অনুবাদ হয় নি। ২০ পৃষ্ঠার শেষে দেখবেন আছে, The young men and women of this State are patient and understanding, but patience may wear then if able-bodied, well-trained and socially motivated young people are kept out of jobs which they richly deserve and for which they are eminently suitable. আপনি যদি ওই বাংলা দেখেন ১৭ পৃষ্ঠায় দেখবেন এটা সম্পূর্ণ বাদ গিয়েছে। 'আমরা স্থির করেছি, দু' একটি বিশেষ ক্ষেত্র ছাড়া এখন থেকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী নিয়োগে একমাত্র কর্মসংস্থান কেন্দ্রগুলিতে রেজিষ্ট্রিকৃত নামের তালিকা থেকেই শুধু বিবেচনা করা হবে। আমাদের অনুরোধ, বে-সরকারী সংস্থাগুলিও ঐ একই ব্যবস্থা গ্রহণ করুন।' এবং লাস্ট সেনটেন্স একেবারেই বাদ গিয়েছে। আমি যে মূল সমালোচনা করবো পলিসি সম্বন্ধে সেটা করার আগে আমি কয়েকটি কথা বলবো। একটা কথা হচ্ছে, বিপুল ঘাটতি। অবশ্য কংগ্রেস গভর্ণমেন্ট যে হিসাব দেখিয়ে গিয়েছেন, আর এখন যে হিসাব দেখা যাচ্ছে তাতে ফারাক আছে। কিন্তু এখন যে ঘাটতি দেখা যাচ্ছে সেটা সুনির্দিষ্টভাবে যদি রাখতেন তাহলে ভাল হত। যাই হোক আপনাদের হিসাবে যে ঘাটতি দেখা যাচ্ছে সেটা ধরে নিলে বলতে হয় রাজ্য সরকারের এক্তিয়ারে পরোক্ষ কর বাড়াবার সুযোগ নেই। কৃষি আয়করের ব্যাপারটা দেখলাম। আমি খতিয়ে দেখেছি খুব গরীব লোকের

উপর ট্যাক্স পড়ে নি, মধ্যবিত্তের উপর কিছু পড়ছে। সুতরাং বেশি করে সমালোচনা করার নেই। শুধু একটু সতর্ক করে দিতে চাই। এক-দু পয়সা ট্যাক্স বাড়লেই দাম অনেক বেড়ে যায়। আমি গ্রামের কৃষকদের মধ্যে কাজ করি। ১৯৭৫-৭৬ সালে এবং তার আগের কয়েক বছর ফসল হানি হওয়ায় সারা ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় কৃষকরা অনেক সরকারী ঋণ সরবরাহ করতে পারে নি। জিনিসের উচ্চ মূল্য-এর একটি কারণ। ১৯৭৫ সালে ইন্দিরা গান্ধীর সেই সারকুলারের ফলে বকেয়া ঋণ চক্রবৃদ্ধি হারে শোধ দেওয়ার জন্য এমারজেন্সীর সুযোগে, ফিনান্সিয়াল ডিসিপ্লিনের নামে গ্রামে যেভাবে পাওনা আদায় হয়েছে সেটা অত্যাচার। একটা ভীষণ অত্যাচার কৃষকদের উপর হয়েছিল। জঘন্য অত্যাচার হয়েছিল। আমি সেই সময় বিধানসভায় এই প্রসঙ্গ তুলি। সেই নিয়ে আইনসভায় প্রচণ্ড বাদ-প্রতিবাদ করেছি। বহু লোকের মিছিল এসেছে, বাদ-প্রতিবাদ হয়েছে। গ্রামাঞ্চলের অনেক কৃষক তার জন্য গ্রেপ্তারও হয়েছে, জেল পর্যন্ত হয়েছে। এই নিয়ে আমি আমার বক্তব্য বিধানসভাতেও রেখেছিলাম যে এতে কিছু লোকসান হবে, কিন্তু কৃষকরা যে দাবী করেছিলেন যারা গরীব লোক যাদের এক থেকে তিন একর পর্যন্ত জমিজমা আছে তাদের ঋণ ছেড়ে দেওয়া উচিত। তখনকার বিধানসভার পিটিশান কমিটিও এই নিয়ে সাক্ষী-সাবুদ নিয়েছিলেন।

4.30—4.40 P.M.

আইনসভার কাছে এই নিয়ে দরবার করেছিলাম, পিটিশন কমিটি এই নিয়ে অনুসন্ধান করেছে, তারা কতকগুলি সুপারিশও করেছে, সেগুলি দেখবেন। আমি এ সম্বন্ধে বিশেষ করে বলব যে জবরদস্তি করার চেষ্টা করবেন না, কৃষকদের উপর এরকম অবিচার হবে যদি জোর করে আদায় করার চেষ্টা হয়। দ্বিতীয়তঃ সরকারী কর্মচারী সম্বন্ধে এর আগেও বিধানসভায় বার বার বলেছি, তখনকার মুখ্যমন্ত্রী যিনি এখনও বলেছিলাম যে সরকারী কর্মচারীদের মহার্ঘভাতার বৃদ্ধির ব্যাপারটা ন্যায্য। কি বলেন তারা কাজ করেনা, দুর্নীতি করে তবে সেটা বন্ধ করুন। কিন্তু জিনিসপত্রের দাম যা তাতে মহার্ঘভাতা বৃদ্ধি ন্যায্য দাবী। তিনি অনেক অসুবিধার কথা বলেছিলেন তিনি এও বলেছিলেন আপনি আমার খরচ বাড়িয়ে দিচ্ছেন, আয় কমিয়ে দিচ্ছেন। আশা করি আপনারা এই যুক্তি দেবেন না। আর সরকারী কর্মচারীদেরও লেফট্ ফ্রন্ট সরকার এখন যখন, উৎসাহ নিয়ে কাজ করতে হবে, নিজেরাই উৎসাহ নিয়ে নীতি, ঘুষ নেওয়া বন্ধ করবেন, এটা দমন করা তাদের চেষ্টা করা উচিত। কিন্তু তাদের মহার্ঘভাতা যেটুকু তাদের প্রাপ্য, সেটা সম্বন্ধে তাদের বিবেচনা করা উচিত।

এখন আমি বলব বাজেট বক্তৃতা সম্বন্ধে। পশ্চিম বাংলার আমরা সকলেই যখন বিচলিত, যে বিষয়টা অর্থনীতির সঙ্গে যুক্ত, সেগুলি একটু উল্লেখ করা উচিত ছিল একটা হচ্ছে—ফারাক্কা। জল যথেষ্ট না পেলে কলকাতা বন্দর নষ্ট হবার সম্ভাবনা এবং দক্ষিণ পশ্চিম বাংলার জল নিকাশী ব্যবস্থা বিপর্যস্ত হয়ে গেছে। দ্বিতীয়তঃ ফসল হানি হবার দারুণ সম্ভাবনা, এটা বারে বারে উল্লেখ করতে হবে এবং এদের উপর চাপ দিতে হবে। দ্বিতীয়তঃ হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানার ব্যবস্থা না করে উড়িষ্যা, গুজরাটে ব্যবস্থা হচ্ছে। পশ্চিম বাংলায় এত বেকার, ইনফ্রাস্ট্রাকচার আছে, তা সত্ত্বেও জাহাজ তৈরীর কারখানা এখানে কেন হবে না? তৃতীয়তঃ পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স, এ সম্বন্ধে সেন্ট্রাল গভর্ণমেণ্টের করার কথা, এখন যা হয়েছে রাজী হয়েছেন, পশ্চিমবাংলা করুক, লেটার অব ইণ্টেণ্ট তারা দেবেন। কিন্তু ওয়েস্টবেঙ্গলের পক্ষে বিপুল পুঁজি দিয়ে অত্যাধুনিক পেট্রোকেমিক্যালের জন্য ক্যাপিটাল ইনসেনটিভ তৈরী করে কত লোক কাজ করবে, এই দরকারী জিনিস সেন্ট্রাল গভর্ণমেণ্টের করা উচিত ছিল। এটা যদি উল্লেখ করতেন তাহলে ভাল হত এবারে সমালোচনার ব্যাপারে আসছি। তৃতীয় পৃষ্ঠায় বলেছেন লেনিনের নাম করে ইকনমিক্স ইজ ডিস্টিল্ড পলিটিক্স, পরিস্কৃত রাজনীতি, বামপন্থী পরিস্কৃত কি রাজনীতি, কি পলিসি বাজেট বক্তব্যের মধ্যে প্রকাশিত হল বা হল না, এটা বিচার করার কথা। পাঁচটি পয়েণ্ট আমি সাধারণভাবে বিচার করব, দেখাবার চেষ্টা করব একটা হল—শিল্প, দ্বিতীয় হচ্ছে জিনিসপত্রের দর, তৃতীয় হচ্ছে গ্রামীণ কায়কলাপ, রুরাল ওয়ার্কস, ৪র্থ হচ্ছে জমি বণ্টন, কৃষি উন্নয়নের প্রশ্ন। আর শেষ হচ্ছে আনএমপ্লয়মেণ্ট। প্রথমে একটা কথা বলি। আমার মতে যেটা হওয়া উচিত একটা প্রকৃত প্রগতিশীল বামপন্থী গভনমেণ্ট। একথা মানি আপনার কথা যে, আমাদের দেশে রাজ্য সরকারের ক্ষমতা সীমাবদ্ধ। এই সীমাবদ্ধ ক্ষমতার ভিতর দিয়ে খুব বেশি কিছু করা যায় না। এবং আপনি দাবি করেছেন ডিভোলিউশন অব পাওয়ার, এই আমি পূর্ণ সমর্থন করি। নিশ্চয়ই ডিভোলিউশন হওয়া উচিত। কিন্তু একটা কথা আছে, এক নম্বর হল—এই ডিভোলিউশন চাইলেই তো হচ্ছে না, তার জন্য লড়তে হবে। দু' নম্বর হচ্ছে যদি হয় তাহলে সর্বভারতীয় ক্ষেত্রে যে বিচার, জিনিসপত্রের দাম একটা রাজ্যে এক রকম আর একটা রাজ্যে আর এক রকম—এটা রাজ্য সরকারের পক্ষে ম্যানেজ করা সম্ভব নয়। বিমলানন্দবাবু বলেছেন একটা বৈপ্লবিক পরিবর্তনের কথা, সেটা সারা ভারতবর্ষে হওয়া চাই, এবং সেই ব্যবস্থা চাই যাতে এই পরিবর্তন হতে পারে।

কিন্তু আমরা সেদিকে এগোবো কি করে। একটা বামফ্রন্ট সরকারের কি ভূমিক

হওয়া উচিত। ইতিপূর্বে কংগ্রেস সরকার যা করে গিয়েছে আমাদের এই সরকার সে রকম করছে না, করতে পারে না। একটা কোয়ানটিটেটিভ একটা পরিমাণগত ফারাক থাকবেই। এই সীমাবদ্ধ ক্ষমতার পরিসরে এমন কিছু করবার চেষ্টা থাকবে যার ভেতর দিয়ে দেশের জনসাধারণ আরও জাগ্রত হবে, আরও সংঘবদ্ধ হবে, ঐক্যবদ্ধ হবে, কায়েমী স্বার্থের জোর কমবে। বিভিন্ন কাজে—সে আইন প্রয়োগের ক্ষেত্রে হোক, সে ডেভেলপমেন্ট প্রাজেক্টে হোক, যে-কোন কাজে জনসাধারণকে ইনভলবড করতে হবে। ইন্দিরা গান্ধী অনেক সময় বলেছিলেন, জনসাধারণের সহযোগিতা প্রয়োজন। কিন্তু কোন ক্ষেত্রে এমন একটি স্টেপও তিনি নেন নি যাতে করে জনসাধারণ ইনভলবড হতে পারে। ইনভলবড না করাটাই ছিল তাঁদের আসল। বামফ্রন্ট দলের মধ্যে একটা মূল লক্ষ্য হোল শ্রমিক উন্নয়নের ক্ষেত্রে, আইন প্রয়োগের ক্ষেত্রে যাতে জনসাধারণ ইনভলবড হতে পারে, যাতে তাদের শক্তি বৃদ্ধি হয় আংশিক ভাবে, যে কথা বিমলানন্দবাবু বলে গেলেন—আমিও বলছি এই সীমাবদ্ধ শক্তিতে যতটা আংশিক কিছুটা করা যায়, কিছুটা আংশিক সাফল্য লাভ করা যায়, তার ভিতর দিয়ে তাদের উৎসাহিত করা যায়, তাদের অভিজ্ঞতা হতে দেওয়া যায় তার চেষ্টা করতে হবে। তাদের জানতে দেওয়া যে, তাদের এতটুকু কনট্রিবিউশন করা যায় না। এর বেশী করা যায় না। এই ব্যবস্থা করার জন্য প্রস্তুত হতে হবে। ইতিমধ্যে তাদের সুনির্দিষ্ট অভিজ্ঞতা অনেক হয়েছে। আরও হওয়া দরকার। এই বামফ্রন্ট সরকারের কর্তব্য শুধু এই নয় যে, এই সীমাবদ্ধতার মধ্যে বিশেষ কিছু করা যায় না। তাদের কি করা যায় এবং কি করতে পারছি না সেই রকম একটা ডিরেকশন, যা কিছু প্রসপেকটিভ সেই দিকে চেষ্টা হওয়া দরকার এবং তাতেকিছু আংশিক সাফল্য লাভও হবে। তাতে মানুষকে উৎসাহিত করা যাবে, আবার তাকে অভিজ্ঞতা সঞ্চয় করিয়ে দেওয়া দরকার যে, এই করা যায়। এর বেশী করা যায় না। এর বেশী করতে গেলে দরকার ভারতের রাষ্ট্রক্ষমতার পরিবর্তন হওয়া দরকার, সমস্ত অর্থনীতির মধ্যে একটা পরিবর্তন আনা দরকার। এবং বামফ্রন্ট গভর্নমেন্টের কনট্রিবিউশন, একটা অবদান সেখানে থাকবে। শুধু তাই নয়, পশ্চিমবাংলার মানুষদের আরও সংঘবদ্ধ করা, উৎসাহিত করার জন্য একটা আমূলপরিবর্তন দরকার—যাতে আরও সংঘবদ্ধ করে এগিয়ে নিয়ে যাওয়া যায়। সেই সঙ্গে বামফ্রন্ট গভর্নমেন্টের যে দৃষ্টান্ত, সেই দৃষ্টান্ত দ্বারা অন্যান্য রাজ্যের মানুষদের মধ্যে খানিকটা আশা সৃষ্টি করা, তাদের আরও খানিকটা বাঁদিকে ঝুঁকিয়ে দেওয়া দরকার। তাতে সারা ভারতবর্ষের যে বাম-আন্দোলন, একটা গণতান্ত্রিক পরিবর্তন সেটা সত্যিকারের আরও জোরদার হয়। সেই দিক থেকে আমার বিগত যুক্তফ্রন্ট সরকার থেকে যে অভিজ্ঞতা—ভালও আছে

মন্দও আছে, ১৯৬৭, ১৯৬৯—আমি দেখেছি জনসাধারণের মধ্যে একটা উৎসাহ, একটা উদ্দীপনা দেখা দিয়েছিল। ১৯৬৭ সালে খাদ্য সংকটের সময় মুনাফাখোর মজুতদারদের ব্যাপক পরিমাণে ধরবার জন্য, দমন করবার জন্য জনসাধারণ অংশগ্রহণ করেছিল। এবং চালের দর পাঁচ টাকা হওয়া সত্ত্বেও জনগণ যুক্তফ্রন্ট সরকারকে ভোট দিয়েছিল। মানুষ তখন ভেবেছিল যে, এই সরকার কিছু করতে চাইছে। কিন্তু গভর্নমেণ্ট কতকটা করতে পারলো, কতকটা করতে পারলোনা। সে সময় খানিকটা বিশৃঙ্খলা ছিল, অস্থিরতার জন্য খানিকটা ক্ষতি হয়েছে। আমি ভাবতে পারি ভূমি সংস্কার হতে পারতো। কৃষকদের মধ্যে সে উদ্দীপনা, আশা দেখা দিয়েছিল। কিন্তু উচ্ছ্বাসের ফলে হয়তো বেশী দূর যেতে পারা যায় নি। আগে যে ভুলটা হয়েছিল সেটা আজকে শুধরে নেওয়া দরকার এবং তা শোধরাতে গিয়ে ঐ তোয়ালের সঙ্গে ছেলেটাকে ফেলে দেওয়ার মত আমি নির্দিষ্টভাবে এগুলি বলতে চাচ্ছি—প্রথম ধরুন ১১ পৃষ্ঠায় যেটা আপনি বলেছেন, ঐ মনোপলি হাউস—এ সম্বন্ধে আমার এ্যাটিচিউড হচ্ছে, এ বিষয়ে আমি কিছু বলতে চাই না। সেন্টার তাদের পালিসি ক্লারিফাই করুক।

[4.40—4.50 P.M.]

"At the same time, till as long as they are allowed to operate in the country, we see no reason why their profits, which are the result of exploitations should not be ploughed back, under conditions of strict Supervision, and for the expansion of industrial opportunities in west Bengal." তারপর শিল্পের ব্যাপারে আমরা বামপন্থী ফ্রন্ট গভর্নমেণ্ট সীমাবদ্ধ ক্ষমতার ভিতর নির্ভর করছে প্রধানতঃ কাদের উপর, মনোপলিস্টদের উপর, মাল্টিন্যাশানালদের উপর, বিদেশী একচেটিয়া পুঁজির উপর আমরা বলছি এক্সপ্যানশান চাই না। কিন্তু যখন অপারেট করছি তখন বলছি তারা আমাদের পশ্চিমবাংলায় এক্সপ্যাণ্ড করুক। যদি গভর্নমেণ্ট মনে করেন মাল্টিন্যাশানাল এক্সপ্যানশান আমাদের দেশে ক্ষতিকর, এতে লাভের চেয়ে ক্ষতিই বেশী, যদি ৩০ বছরের এই অভিজ্ঞতা হয়, মনোপলি এক্সপ্যানশানের এই অভিজ্ঞতা যদি আপনার হয়, তাহলে এক্সপ্যানশান করার কথা কেন বলবেন? তা যদি বলেন—সেখানে পাশাপাশি আপনি বলছেন স্টেট সেক্টরে ইনিসিয়েটিভ নিচ্ছেন, তাহলে বুঝি, কিন্তু সে ইণ্ডিকেশন আপনার বাজেট বক্তৃতায় নেই। যতগুলি সরকারী শিল্প আছে

রাষ্ট্রায়ত্ত শিল্প যতগুলি আছে পশ্চিমবঙ্গ গভর্নমেণ্টের নিয়ন্ত্রণাধীনে সবগুলিই লোক-শানে চলছে। কাজেই সেগুলিতে লাভ কি করে হবে তার জন্য কোন নতুন দৃষ্টিভঙ্গি আছে কি? শ্রমিকদের কিভাবে ইনভলভ্ করাতে পারবেন, কিভাবে লোকশান বন্ধ করে লাভ করতে পারবেন? ওয়ার্কার্স কণ্ট্রোল ইণ্ট্রোডিউস করতে চান কি না নিশ্চয় সঙ্গত কারণ আছে, এবং এই জিনিসগুলি করতে গেলে নূতন নূতন জিনিষ ইনট্রোডিউস করতে চান কিনা নতুন নতুন শিল্প করবার জন্য ইন্সটিটিউশন্যাল ফাইনান্স ব্যবহার করতে চান কি না—পশ্চিমবঙ্গ সরকার ইনভেষ্ট করতে চায়, ব্যাংক যদি টাকা না দেয়—ব্যাংক, এল আই সি টাকা দিল না, সেটা পশ্চিমবাংলার মানুষ বুঝুক। পশ্চিমবাংলার মানুষ বুঝুক যে, ব্যাংক, এল আই সি শিল্প বিস্তারে সাহায্য করছে না। তাদের কাছ থেকে যদি আদায় করতে পারেন তাহলে কিছু শিল্পের বিকাশ হয়, যেখানে গিয়ে আটকে যায় সেটা তারা বুঝুক, দেখুক যে আর আমরা এগুতে পারছি না—যদি আমূল পরিবর্তন না আসে তাহলে আর আমরা বাড়তে পারছি না, এটা তারা দেখুক। তারপরে বলছেন প্রফিট পশ্চিমবাংলায় ইনভেস্ট করছে—এই শব্দে এক্সপ্যাণ্ড করতে দিতে পারি—এই শব্দটা লিখিত-পড়িত করবেন তো? ৩০ বছরের অভিজ্ঞতায় বলছেন, বিশেষ কিছু শিল্প বিস্তার করে নি যদিও তারা যথেষ্ট মুনাফা করে গেছে। ভারতবর্ষে বামপন্থী পার্টিসি বদলে দেবে মনে করবার কোন কারণ নেই। কিন্তু সুযোগ যদি নিয়ে যেতে চায় তাহলে শত শত থাকবে, সেই শত মনোপলিস্ট, মনোপলিস্টিক্যাপিটালিস্টরা মানবে তো? এখানে যে প্রফিট হচ্ছে সেটা পশ্চিমবাংলাতেই ইনভেস্ট করবে বাহিরে নিয়ে যাবে না, অন্ততঃ সেই বিষয়ে আপনার একটু দৃষ্টি থাকা উচিত। একটি বেসিক কারেক্ট কথা বললেন—আবার ইমিডিয়েট কথা বললেন যার মধ্যে কোন সামঞ্জস্য নেই, এটা ঠিক কথা নয়—প্রাইসের ব্যাপারে আপনি খাঁটি কথা বলেছেন। এইভাবে ডিস্ট্রিবিউশন সিসটেম যদি না হয় তাহলে কিছু করা যাবে না, যা আমি বুঝলাম। সেটা করবার জন্য আমাদের এগোতে হবে, তা না হলে কিছু করা যাবে না। এখানে যারা মুনাফাখোরী করছে, মজুতদারী করছে সেটা দমন করবার জন্য আপনি কিছু করবেন না? কিছু করা যায়—পিপলকে ইনভলভ করানো যায় কি না দেখুন। তারপরে কথা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার নিজের উদ্যোগে কিছু করবারহের চেষ্টা করতে পারেন কি না এবং সেই চেষ্টা কোথায় গিয়ে আটকে যায় সেটা জনগণ দেখুক, কে আটকে দিচ্ছে, কোথায় আটকে দিচ্ছে সেটা আমাদের দেশের মানুষ দেখবে, যারা আটকে দিচ্ছে, যেভাবে আটকে দিচ্ছে সেটা, আমাদের দেশের মানুষ তাদের বিরুদ্ধে যাবে। পাটের দাম ক্রমশঃ পড়ে যাচ্ছে। এখানে যে করপোরেশন আছে, তারা সামান্য পাট কিনছে কি কিনছে না, সামান্য হয়ত

কিনবে, দর কমিয়েই ধরছে। এখানে রাজ্য সরকার তাদের উপর নিয়ন্ত্রণ রাখতে পারেন। যদি নিয়ন্ত্রণ রাখতে না পারেন তাহলে রাজ্য সরকার করপোরেশন করতে পারেন। তেমনি বাহিরে থেকে নিত্যপ্রয়োজনীয় জিনিস এনে এখানে যা তৈরি হয় সেগুলি ন্যায্য দামে বিক্রি করা যায়—কিছু একটা নিশ্চয় করা যায়। ল্যাণ্ড ডিস্ট্রীবিউশন নাহলে প্রোডাকটিভিটি, প্রোডাকশনের মধ্যে সেটা হবে না ঠিক কথা মানি—কিন্তু সেই সঙ্গে এটাও আপনাকে বলতে হবে ল্যাণ্ড ডিস্ট্রীবিউশন খানি আইনে আটকে যাচ্ছে—ল্যাণ্ড ডিস্ট্রিবিউশন প্রধানতঃ আটকে যাচ্ছে জোচ্চুরি করে আটকে যাচ্ছে বিলি ব্যবস্থার সময় কৃষকদের সহযোগিতা নেয়া হচ্ছে না বলে।

সুতরাং কৃষকদের সহযোগিতায় তাদের ইনভলভমেণ্টের কথাটাই বড় কথা তারপর যারা জমি পেল সেই চাষী সেই জমি বেচে দিচ্ছে, যদিও সেটা বে-আইনী কিন্তু তবুও সে চাষ করতে পারছে না, সে যাতে চাষ করতে পারে তার জন্য তাকে কি সাহায্য করতে পারেন সেটা দেখতে হবে। এই যখন অবস্থা তখন কি কৃষি উন্নয়নের সব প্রচেষ্টা বন্ধ হয়ে থাকবে? আপনারা বলেছেন, আপনারা চুপ করে বসে থাকতে পারেন না, আপনাদের কিছু করতে হবে ক্রাশ প্রোগ্রাম। সেই ক্রাশপ্রোগ্রাম তো পুরানো সরকারই দিয়ে গিয়েছে, আপনাদের ক্রাশ প্রোগ্রামের দৃষ্টিভঙ্গিটা কি হবে সেটা আপনারা বলুন। আমরা তো জানি আগের ক্রাশ প্রোগ্রামে ধনী চাষী এবং জোতদাররাই লাভবান হয়েছে, সেখানে ছোট চাষী সুযোগ পায় নি। কাজেই সেই ক্রাশ প্রোগ্রামটা আপনারা কিভাবে করতে চান বা সেই ক্রাশ প্রোগ্রামের মুখটা কিভাবে ঘোরাতে চান যাতে ঐ ছোট এবং মাঝারি চাষী সুযোগ পায় সেটা বোঝা দরকার। এই প্রসঙ্গে আমি একটি ছোট্ট উদাহরণ দিচ্ছি। ১৯৫১ সালে যখন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার খসড়া তৈরি হচ্ছিল তখন তাতে একটা কথা বলা হয়েছিল যে, ছোট চাষী এবং মাঝারি চাষী তাদের পৃথক কো-অপারেটিভ হওয়া উচিত। ধনী চাষী এবং জোতদার তারাই কো-অপারেটিভকে ডমিনেট করে কিন্তু এ কথা বলে বলেও আজ পর্যন্ত সেই কো-অপারেটিভ হল না। কাজেই এখানে ছোট চাষী এবং মাঝারী চাষী তাদের কাছে ইম্প্যুটস কি ভাবে পৌঁছে দিতে পারেন তাদের পারস্পরিক সাহায্যের কি ব্যবস্থা করতে পারেন এইসব প্রশ্ন জড়িত হয়ে আছে যেগুলি হচ্ছে পলিসির প্রশ্ন। তেমনি ধরুন রুরাল ওয়ার্কস। সেখানে এই ব্যাপারে জনসাধারণ কি ভাবে জড়িত হবে—আপনারা ধরে নিচ্ছেন প্লানটা যেহেতু তাদের সম্মতিতে হচ্ছে অতএব তাতে তারাও ইনভলভ থাকবে। এখন কি ভাবে তাদের সম্মতিতে প্লানটা হবে এবং কি ভাবে তারা ইনভলভ হবে সে সম্বন্ধে চিন্তা করা দরকার। যেমন ধরুন, স্যালো টিউবওয়েল লোক নিয়ে গেল কিন্তু পড়ে রইল

খারাপ হয়ে, এখন সে টাকা শোধ করতে পারছে না, সে দেউলে হয়ে গেল, সেখানে কিন্তু তাকে টেকনিক্যাল সাহায্য দেবার কোন বন্দোবস্ত নেই। এ ক্ষেত্রে আপনি বেকার ছেলেদের নিয়ে ছোট ছোট গ্রুপ করতে পারেন এবং তাদের ট্রেনিং দিয়ে এইসব কাজ তাদের দিয়ে করাতে পারেন। এইভাবে আরো অনেক কথা বলা যায় রুরাল ওয়ার্কার্স-এর ক্ষেত্রে। তারপর আনএমপ্লয়মেন্টের ক্ষেত্রে আপনি বলেছেন, কি করবো, এরচেয়ে বেশী করা যায় না। কিন্তু সেখানে এই ক্যাপিটালিষ্ট সোসাইটিতে এবং এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও আপনি যে একটা কিছু করার চেষ্টা করছেন সেটা দেখানো দরকার এবং এই অবস্থা থেকে বেরিয়ে যাবার একটা পথ তো থাকা দরকার এবং তাতে মানুষকে ইনভল্‌ভ করা দরকার। আমার সময় বেশী নেই, মোট কথা আমি বলতে চাই, পুরানো গভর্নমেন্টের সঙ্গে বামফ্রন্ট গভর্নমেন্টের একটা মৌলিক পার্থক্য থাকা উচিত। বৈপ্লবিক পরিবর্তন না হলে দেশের বেশীরভাগ মানুষকে বাঁচানো যাবে না বা এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। সেই দিকে তাদের নিয়ে যাবার জন্য শুধু বক্তৃতা নয় সীমাবদ্ধ কাজের মধ্যেও তাদের ইনভল্‌ভ করা এবং সীমাবদ্ধ সুযোগের মধ্যেও তাদের উৎসাহিত করা দরকার। তারপর যেখানে আটকে যাচ্ছে, আর এগিয়ে যাওয়া যাচ্ছে না সেখানের অভিজ্ঞতা তাদের হওয়া দরকার এবং এই ভাবে তাদের এগিয়ে যাবার জন্য উৎসাহিত করা দরকার। আপনি দেখবেন, এখানে এমনভাবে কয়েকটা কথা রেখেছেন যাতে মানুষের মনে শুধু হতাশা আসতে পারে, উৎসাহ সৃষ্টি হতে পারে না। বামফ্রন্ট সরকারের যারা শত্রু, যারা বিরোধী তারা এর পূর্ণ সুযোগ নেবার চেষ্টা করছে। তারা বলছে, বিশেষ কিছু করা যাবে না তো গভর্নমেন্টে এসেছ কেন? এটা ঠিক কথা যে বিশেষ কিছু করা যাবে না, কিন্তু যেটুকু করা যাবে তারজন্য পরিষ্কার লাইন ধরে এমন ভাবে চেষ্টা করা উচিত যাতে সাধারণ মানুষ গভর্নমেন্টের সঙ্গে সহযোগিতা করে এবং যাতে সাধারণ মানুষের শক্তি বৃদ্ধি হয় ও কায়েমী স্বার্থের শক্তি ক্ষয় হয়, তাদের শক্তি কমে। অর্থাৎ এমন ভাবে চেষ্টা করা দরকার যাতে সাধারণ মানুষের চেতনা বাড়ে, সে সামনের দিকে এগিয়ে যাবার জন্য প্রস্তুত হয়, পলিসির দিক থেকে সেটাই হওয়া উচিত বলে আমি মনে করি। আমার আরো ছোটখাট সমালোচনা ছিল, সে দিকে আমি যাচ্ছিনা, ঐ বড় জিনিষ যেটা আমার বেশী দৃষ্টি আকর্ষণ করেছে সেই সম্বন্ধে কয়েকটি কথা বললাম। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেটকে সমর্থন করতে

গিয়ে আমি প্রথমে মাননীয় সদস্য বিনয় কোঙার সমর্থনের পক্ষে যে রাজনৈতিক বক্তব্য উপস্থিত করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করি এবং এটাই আমাদের বক্তব্য যে আমরা সমস্ত মানুষের আশা পূরণ করবো এই রকম মিথ্যা আশ্বাস দিতে চাইনা। একটা বাজেটে সাময়িকভাবে একটা দায়িত্বশীল সরকার, তারা বলবেন যে সমস্যা কি এবং সমাধানের পথ হিসাবে একটা বছরে কতটুকু করা যায় সেটাও সেই ভাবে তারা মূল্যায়ন করবেন। আমাদের সরকারের অর্থমন্ত্রী কর্তৃক উত্থাপিত বাজেটে বলা হয়েছে যে যতটুকু পারবো দেশের মানুষের পুঞ্জিভূত দুঃখ-দুর্দশার পরিপ্রেক্ষিতে সেটা রূপায়িত করতে হবে। এ ব্যাপারে প্রতারণার আশ্রয় নেওয়া অন্যায় হবে। সমস্যাকে সমস্যা হিসাবে দেখে এর সমাধানের পথ দেখতে হবে। কিন্তু গত কয়েক বছরে কংগ্রেস সরকার যে প্রতারণা করেছিলেন তার কয়েকটি উদাহরণ আমি এখানে দিতে চাই। ১৯৭২ সালের পূর্বে পাকিস্তানের সঙ্গে যুদ্ধের সময় যে এক কোটি মানুষ শরনার্থী হিসাবে পশ্চিমবাংলায় এসেছিলেন সেই মানুষদের দায়দায়িত্ব তারা নিলেন না। তারা ঘোষণা করেছিলেন যে এরা সব চলে যাবে। সেই হিসাবে আজকে ৫ বছর পরেও উপলব্ধি করতে পারছি, ৫ বছরেও সেই সমস্যার সমাধানের কিছুই করা হয়নি। আজকে প্রত্যেকটি এম. এল. এ বুঝতে পারছেন যে কত হাজার হাজার মানুষ প্রতিদিন রেশান কার্ডের জন্য, সিটিজেন সার্টিফিকেটের জন্য এম. এল. এ-দের কাছে আসছেন। সমস্যা অনেক আছে। ১৯৪৭ সাল থেকে বাস্তুহারা আসায় যে সমস্যার সৃষ্টি হয়েছিল তারপর আবার ১৯৭১ সালের যুদ্ধের পর সেই সমস্যা আরো ব্যাপক আকার ধারণ করেছে। গত ৫ বছর কোন সরকার কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার কোন সরকারই একথা বলেন নি যে এর একটা বিহিত ব্যবস্থা করতে হবে। এ থেকে যে সমস্যা দেখা দিয়েছে, আজকে যে সরকার এসেছে, সেই সরকারকে অবশ্যই একটা বিহিত ব্যবস্থা করতে হবে। জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে ৩১৭ কোটি টাকা এই ৬ মাসের মধ্যে খরচ করা সম্ভব কি ভাবে হবে? ওরা জানেন ঠিকই, ওদের পক্ষে বলা সম্ভব কারণ ওরা যে ব্যবস্থা করেছিলেন, আমলাতান্ত্রিক ব্যবস্থা, সেই ব্যবস্থার ফলে বছরের পর বছর টাকা খরচ না করে, এমন কি কেন্দ্রের টাকা সেই টাকাও খরচ করতে পারেননি। কোটি কোটি টাকা ফিরে গেছে বিভিন্ন সময়ে। কাজেই এই অভিজ্ঞতা ওদের আছে। ওরা প্রতারণার আশ্রয় নেবেন, ওরা টাকা বাড়িয়ে দেখাবেন, খাতাপত্রে যা দেখাবেন সেটা খরচ করতে পারবেন না, পরের বছরে সেটা যোগ করা হয়—এই ছিল ওদের অবস্থা। আমাদের বামপন্থী সরকারের কাছে অনুরোধ করবো, যে আমলাতান্ত্রিক অবস্থার মধ্যে আমরা আছি, যে ব্যবস্থার

মধ্যে আমরা সরকার করেছি আমরা জানি যে পদে পদে আমাদের বাধা দেবার চেষ্টা তারা করবেন। আমাদের টাকা খরচ করতে হবে মানুষের কল্যাণের জন্য। সুতরাং যত রকম বাধাবিপত্তিও আসুক না কেন, এই সমস্ত আমলাতান্ত্রিক বাধা বিপত্তিকে দূর করে আমাদের ব্যবস্থা করতে হবে। সত্য রঞ্জন বাপুলী বলেছেন, আমাদের হাত নাকি রক্তাক্ত। ওরা জানেন না—৫ বছরে আমাদের প্রায় ১২ শত মানুষকে ওরা খুন করেছেন এবং আমি যে অঞ্চল থেকে নির্বাচিত, ব্যারাকপুর মহকুমাতে ২০ হাজার মানুষ তাদের ঘরবাড়ী ছেড়ে কলকাতার আসেপাশে বাস করতে বাধ্য হয়েছিলেন। কারণ ওদের দৌরাত্মে সেখানে কোন মানুষ বাস করতে পারতো না। আমার নির্বাচনী এলাকায় ২২ জন মানুষকে খুন করেছিল ঐ কংগ্রেসী গুণ্ডারা। আজকে ওরা এসে বলছেন যে আমাদের হাত রক্তাক্ত। আমি জানি, ৫ বছরের অভিজ্ঞতা দিয়ে মানুষ আমাদের চিনেছে। তাই, আজকে ওদের ধিক্কারে মানুষ আরো বেশী করে আমাদের পাশে এসে দাঁড়িয়েছে। আর ওদেরকে দূরে সরিয়ে দিয়েছেন। সুতরাং এই অবস্থার কথা চিন্তা করে, ভবিষ্যতে তাদের অবস্থা যাতে বুঝতে পারেন, তাদের ভুল যাতে বুঝতে পারেন সেদিকে নজর রাখার জন্য বলবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা উঠেছে এবং বিশেষ করে সত্যরঞ্জন বাপুলী ও জয়নাল আবেদিন সাহেব বলার চেষ্টা করেছেন যে কেন্দ্রের বিরুদ্ধে নাকি একটা বিক্ষোভ সঞ্চার করার চেষ্টা আমরা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রে জনতা সরকার শাসন ক্ষমতায় আছে। তারাই বলেছিলেন রাজ্যে রাজ্যে অধিক ক্ষমতা দেবার জন্য তারা চেষ্টা করবেন। সুতরাং আজকে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার, সমস্ত সরকারকে চিন্তা করতে হবে—কেন্দ্রের হাতে যে পুঞ্জিভূত ক্ষমতা ইন্দিরা গান্ধী সৃষ্টি করেছিলেন তাকে কি ভাবে বিকেন্দ্রীকরণ করা যায়, রাজ্যে রাজ্যে আরো বেশী ক্ষমতা দেওয়া যায় সেই রকম আলাপ-আলোচনা করে সুস্থ একটা আবহাওয়ার সৃষ্টি করতে হবে। কেন্দ্রে জনতা সরকারও করবেন, পশ্চিমবাংলার বামপন্থী সরকারও করবেন, বিধানসভায় আলোচনা হবে এবং সেই আলোচনার ভিত্তিতে আগামী দিনে সঠিক পথ ঠিক হবে। আজকে কেন্দ্রীয় সরকারের ক্ষমতা কিভাবে বিকেন্দ্রীকরণ করতে হবে এবং কাশীবাবু বললেন যে আমরা রাজ্যে রাজ্যে বেশী ক্ষমতা দাবী করেছি। "তিনি বলেছেন, নির্দিষ্ট ভাবে বলুন কি ভাবে, কিসের জন্য এই ক্ষমতা দাবী করেছি? অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় এ কথা বলা আছে যে আমরা শুধু রাজ্যের হাতে বেশী ক্ষমতার কথা বলিনি, এই ক্ষমতাকে আরো বেশী করে একেবারে নিম্ন স্তরে নিয়ে যেতে চাই। আমাদের রাজ্যপালের ভাষণেও এ কথা বলা হয়েছিল যে লোকাল সেল্ফ

বডিগুলিকে এবং পঞ্চায়েতগুলিতে ক্ষমতা দিতে হবে। সেই ক্ষমতাকে একেবারে মানুষের মধ্যে নিয়ে যাবার জন্য চেষ্টা করার কথা, সেই ব্যবস্থা পরিবর্তনের কথা বলা হয়েছে। আগামী দিনেও বলবো এবং আমাদের সেই রকম ভাবে চিন্তা করে একটা সুষ্ঠু পরিবেশ, সামাজিক পরিবেশ, রাজনৈতিক পরিবেশ সৃষ্টি যাতে করতে পারি তার দিকে দৃষ্টি দেওয়া উচিত। এই কথা বলে আমি আবার আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Dawa Narbu La : Mr. Speaker, Sir, and the Hon'ble Finance Minister, the hill areas of Darjeeling, one of the most backward districts have been identified for intensive development works and thus separate funds are allotted every year for the development of people of hill areas of Darjeeling This year also it is learnt, that the Centre has sanctioned 3.25 crore for the development works of Darjeeling hill areas. Considering the magnitude of the problem of the hill areas it was expected that the present left-front Government would not only vigorously pursue the programme and the schemes prepared by the previous Congress Government but it would also set up new schemes. But all those hopes and expectations have been belied While going through the budget speech it is found that not a single word ha been mentioned about the development of hill areas of Darjeeling. Considering the topography and georaphical peculiarities of the hill areas in every state separate funds for the development of hill areas are allotted. In U. P this year Rs. 56 crore has been sanctioned for the development of hill areas of U. P. But it is regreted that no mention has been made for the develop ment work of hill areas of Darjeeling in the Budget speech. I request the Finance Minister that he will definitely give proper attention for the develop ment work of hill areas of Darjeeling and sanction separate funds for the purpose in future, Mr. Speaker, Sir, everyone knows that the entire economy of Darjeeling depends on tea. Besides, tea also fetches lot of foreign exchange But at present there are certain tea gardens which are on the verge of collapse. For instance, Malutar, Norbhong, Okaiti, Rangneet, Pandam— these gardens are in sickly condition and there are others which have been closed down. It would have been highly appreciated if the present Govern ment would have taken steps to take over those sick and closed gardens.

Next point is, in Darjeeling the Forest Development Corporation has been felling trees for collection of revenue. Of course, it is really collecting handsome revenue but I don't think it would pay in the long run because felling of trees causes land slide and land erosion in the hills. Tree not only adds scenic beauty to Darjeeling and it protects land from land slide and

land erosion. If felling of trees continues in the catchment areas it would cause further problem of drinking water in Darjeeling and it will definitely have bad effect on the revenue of West Bengal.

[5-0—5-10 P. M.]

The next point that I would like to mention, Sir, is that in this budget nothing has been mentioned about cinchona which brings huge amount of foreign exchange. I would say that more provisions should be made to bring more lands under cinchona plantation.

Regarding primary school I appreciate that Government's announcement to open one thousand primary schools. But, Sir, I would like to point out in this connection that in the hill areas and in the hill sub-divisons of Darjeeling all Government employees and the employees of the District School Board are getting Hill Allowance. But the primary school teachers are debarred from getting that allowance. So, I would request that provisions be made in the budget so that these primary school teachers also get the Hill Allowance.

Regarding land revenue, I would like to say that the production in the hill areas is less than half compared to the production in the plains. So, at the time of fixing of land revenue this point may kindly be taken into consideration for the hill areas.

Thank you, Sir.

শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী এই সভায় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে মোটামুটি তিনটি ভাগে ভাগ করা হয়েছে। প্রথম হলো এই রাজ্যের অর্থনৈতিক সংকটের পটভূমিকায় কেন্দ্র এবং রাজ্য সরকারের মধ্যে সম্পদ বন্টনের যে সাংবিধানিক ধারা আছে সেই সাংবিধানিক ধারার পরিবর্তন করে রাজ্য যাতে বেশী করে সম্পদ পেতে পারে তার কথা বলা হয়েছে। এই পর্যায়ে জাতীয় স্তরে বিতর্কের অবতারণার কথাও বলা হয়েছে। আমরা এব্যাপারে একমত যে সংবিধানের যদি কোন পরিবর্তন ঘটিয়ে পশ্চিমবঙ্গ রাজ্যের দাবী যদি সুরক্ষিত হয় তাহলে তাতে আমাদের কোন বাধা নেই। কিন্তু একটা কথা এই প্রসঙ্গে বলে রাখতে চাই যে, আজকে কেন্দ্রে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে সেই সরকারের সঙ্গে পূর্বের কেন্দ্রীয় সরকারের তুলনা করলে চলবে না। আজকে কেন্দ্রে যে জনতা সরকার প্রতিষ্ঠিত রয়েছে তাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটেছে এবং তাঁরা পশ্চিমবঙ্গের ন্যায়সঙ্গত কিছু কিছু দাবী ইতিমধ্যেই

মেনে নিয়েছেন। যেমন বোনাসের ক্ষেত্রে, যেমন পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স স্থাপনের ক্ষেত্রে, যেমন বন্দী মুক্তি ইত্যাদির ক্ষেত্রে। আপনারা সংবাদপত্রে আরো দেখেছেন যে কেন্দ্রের যিনি শিল্পমন্ত্রী, তিনি কিছু দিন আগে এখানে এসেছিলেন, তিনি এই রাজ্যে আরো শিল্প স্থাপনের সম্ভাবনা নিয়ে রাজ্য সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করেছেন। এই রাজ্যে লবণ শিল্প সম্পর্কে যে বিরাট সম্ভাবনা রয়েছে দীঘার সমুদ্রে এবং কাঁথির সমুদ্রে, সে সম্পর্কেও তিনি দেখে গিয়েছেন সুতরাং রাজ্যের সঙ্গে কেন্দ্রের সহযোগিতার সম্পর্কই দেখতে পাচ্ছি। রাজ্যের সীমিত ক্ষমতা এবং একটা কঠিন অর্থনৈতিক সংকট-জনক অবস্থায় এই রাজ্য এসে পৌঁছেছে এবং কেন্দ্রীয় সরকারও তেমনি একটা ভীষণ পরিস্থিতে, সঙ্কটজনক অবস্থায় দেশের শাসনভার গ্রহণ করেছেন। আজকের সংবাদপত্রে দেখেছি কেন্দ্রীয় অর্থমন্ত্রী রাজ্যগুলিকে অনুরোধ করেছেন, তারা তাদের বাজেটের ঘাটতির পরিমাণ যেন না বাড়িয়ে তোলেন। সেদিক থেকে আমাদের অর্থমন্ত্রী ঘাটতি কমানোর জন্য বিভিন্ন ধরনের ট্যাক্স বা খাজনা জনসাধারণের উপর চাপাবার চেষ্টা করেছেন তার মধ্যে কতগুলিকে আমরা স্বাগতঃ জানিয়েছি। কিন্তু একথা না বলে পারছি না যে, এই যে পরোক্ষ কর জনসাধারণের উপর আরোপ করা হয়েছে এর ফলে নিশ্চয়ই মূল্যবৃদ্ধি দেখা দেবে। সুতরাং সেই মূল্য বৃদ্ধি যদি রোধ করা যায় তা হলে ভাল ফল পাওয়া যাবে। আর একটা বিষয়ে বলতে চাই রাজ্যে সীমিত ক্ষমতা রয়েছে, কিন্তু এই সীমিত ক্ষমতার যদি সদ্ব্যবহার না করা যায়, প্রশাসনিক অক্ষমতা এবং দুর্নীতি-র জন্য অর্থের অপচয় যদি হয় তাহলে সামান্যতম উন্নয়নমূলক কাজও এই অর্থ ব্যয়ের মাধ্যমে সম্ভব হবে না।

আগেকার সরকারগুলির ক্ষেত্রে আমরা দেখেছি তাঁরা ৬০০ কোটি টাকা খরচ করেছেন। কিন্তু সেই অর্থের সমস্তই অপচয় হয়েছে। আমার কেন্দ্রের কথা বলব : এমন অনেক উন্নয়নমূলক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছিল যেগুলির জন্য খরচ হয়ে গেছে, কিন্তু কাজ কিছুই হয়নি। এইভাবে কাগজে-কলমে দেশের উন্নয়নমূলক কাজ হয়েছিল। সেজন্য একটা বিষয়ে এই সরকারকে যথেষ্ট পরিমাণে সজাগ হতে হবে তা'হল প্রশাসনিক দক্ষতা, নিরপেক্ষতা এবং দুর্নীতি রোধ করতে হবে। অন্যদিক থেকে বলব রাজ্য সরকারের এমন অনেক Deptt. আছে যেখানে উন্নয়নমূলক খাতে যেসব ব্যয় করা হয় তারচেয়ে বেশী Establishment খাতে ব্যয় হয়। এই রকম ব্যয় কমান উচিৎ। যেমন ১৯৭১-৭২ সালে পঞ্চায়েত বিভাগে যেখানে Establishment খাতে ১ কোটি টাকার বেশী খরচ করা হয়েছে। সেখানে উন্নয়নমূলক খাতে অঞ্চল পঞ্চায়েতগুলির জন্য মাত্র ১২০০ টাকা দেওয়া হোত উন্নয়নমূলক কাজ করার

জন্য। সুতরাং মাথাভারী শাসনব্যবস্থাকে রোধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিৎ। আর একটি বিষয় হচ্ছে তিনি শিক্ষার বিষয়ে বলতে গিয়ে শুধুমাত্র প্রাথমিক শিক্ষার কথাই বলেছেন। কিন্তু মাধ্যমিক বা উচ্চশিক্ষা সম্বন্ধে কিছু বলেননি। বিগত অধিবেশনে রাজ্যপাল বলেছিলেন তাঁর সরকার দেখবেন শিক্ষকরা মাসের প্রথম দিকে যাতে বেতন পান এবং এ সম্বন্ধে শাসনতান্ত্রিক ব্যবস্থা গ্রহণ করা হবে। আমি মনে করি অর্থমন্ত্রী মহাশয় সেই ব্যবস্থা গ্রহণ করবেন। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে এটা হতে পারে কিন্তু যেসব স্কুল ঘাটতি অনুদানের মাধ্যমে গ্রহণ করা হয়নি সেখানে নৈরাজ্যমূলক অবস্থা চলছে। অন্যদিকে যেসব বেসরকারী কলেজ আছে তাদের অধ্যাপকরা ১০/১১ মাস ধরে বেতন পাচ্ছেন না তাঁরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছেন কলেজগুলিকে ঘাটতি অনুদানের মাধ্যমে গ্রহণ করার জন্য। আশাকরি এ সম্পর্কে বিচার বিবেচনা করবেন এবং কলেজগুলিতে যে নৈরাজ্য দেখা দিয়েছে তার হাত থেকে তাদের রক্ষা করবেন।

শ্রীসন্দীপ দাস ঃ অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাতে পশ্চিমবাংলার অর্থনীতির একটা করুণ চিত্র দিয়েছেন। এটা অবশ্য বাস্তবের সঙ্গে সঙ্গতিপূর্ণ। কিন্তু তাঁর ভাষনের মধ্য দিয়ে কি ভাবে এই সমস্যার সমাধান হবে তার কোন সুস্পষ্ট পথ নির্দেশ না পাওয়ায় মনে নৈরাশ্যের সৃষ্টি হয়েছে। তিনি বলেছেন এই সরকার ৫৬ কোটি টাকার বাড়তি ঋণের বোঝা নিয়ে আরম্ভ করেছেন। পূর্ববর্তী সরকারের যথেচ্ছ অর্থ ব্যয় করার জন্য এই অবস্থা। এটা যে দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় সে বিষয়ে সন্দেহ নেই। তিনি বিশদভাবে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলেছেন। বিরোধী দল নেতা ও অনেকে এ বিষয়ে আলোচনা করেছেন। বিগত অধিবেশনেও আমরা এই প্রসঙ্গে বলেছিলাম এবং আমরা মনে করি কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের প্রয়োজন আছে—বিশেষ করে আর্থিক ক্ষেত্রে। অর্থমন্ত্রী ঠিকই বলেছেন সাইমন কমিশনের ধাঁচে যে Financial distribution আছে সেটা এখন চলতে পারে না এবং তাঁর অনেক সঙ্গত দাবীর সঙ্গে আমরাও সহমত পোষণ করি। কিন্তু এই প্রসঙ্গে বলতে চাই, তিনি অনবধানতা-বশতঃ কিম্বা প্ররোচনাবশতঃ এমন কতকগুলি কথা বলেছেন যেগুলি বিপদজনক। তিনি সম্প্রতি বলেছেন States are as sovereign as centre, এবং আর এক জায়গায় বলেছেন Co-equal.

[5-10—5-20 P. M.]

আজকে যদি এইকথা মেনে নিই তাহলে পরবর্তী কথা আসছে Right to

secession আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই যে, তিনি যে দলের প্রতিনিধি হয়ে অর্থমন্ত্রী হয়েছেন সেই দল যদি কেন্দ্রের ক্ষমতায় যায় তাহলে কি States Co-equal কিংবা States are as sovereign as centre এই বক্তব্য তাঁরা মেনে নিতে পারেন? কিম্বা তার আদর্শের সঙ্গে সঙ্গতি রেখে যে সমস্ত দেশে সরকার প্রতিষ্ঠিত আছে সেখানে কি এই ব্যবস্থা কার্যকরী করা সম্ভব? একথা বিশেষভাবে চিন্তা করতে বলবো এবং কেন্দ্র ও রাজ্য আর্থিক পুনর্বিন্যাসের সঙ্গে সঙ্গে এটাও নিঃসন্দেহে প্রয়োজন যে অন্তর রাজ্য পুনর্বিন্যাসের সম্পর্ক—শাসনতান্ত্রিক পুনর্বিন্যাসের যেমন প্রয়োজন তেমনি প্রয়োজন আর্থিক পুনর্বিন্যাসের। সেইজন্য জেলা পরিষদ, মহকুমা পরিষদ ও আঞ্চলিক পরিষদগুলিকে আর্থিক ক্ষমতার অংশ দিতে হবে। তা না'হলে গণতন্ত্র অর্থবহ হবে না তাই এই কথা আমরা বারবার বলছি যে বর্তমান পরিস্থিতিতে ভারতবর্ষে গ্রাম স্বরাজ প্রতিষ্ঠা করাই একমাত্র লক্ষ্য হওয়া উচিৎ।

মাননীয় অধ্যক্ষ মহোদয় পশ্চিমবাংলার সমস্যার কথা উল্লেখ করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী গ্রামবাংলার প্রতি অধিক নজর দেবেন এইকথা বলেছেন। সেজন্য তাকে সাধুবাদ জানাই। কিন্তু এই সাধু সংকল্প-এর কিভাবে রূপায়িত হবে তার বক্তৃতায় একথা নেই। নেই কোন Time bound programme—বা বিস্তৃত পথনির্দেশ যে কিভাবে আমরা এগোব। যেমন ধরুন ভূমি সংস্কারের কথা উল্লেখ নেই। অতীতে পরীক্ষা নিরীক্ষা অনেক হয়েছে। কাঙালীবিদায়ের মতো কয়েকশত একর জমি বিতরণ করলেই সমস্যার সমাধান হবে না। এখনও ভূমি আইন এমনভাবে আছে চাষী-কে বোঝা যায় না। চাষী ও অচাষীর সংজ্ঞা এখনও সুনির্দিষ্ট নয়। একে সুনির্দিষ্ট করতে হলে অ-চাষীকে জমি হস্তান্তর বন্ধ করতে হবে এবং গ্রামে যারা স্থায়ীভাবে বাস করে না তাদের হাতে জমি হস্তান্তর সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে এবং অবিলম্বে ভাগচাষ প্রথা বন্ধের জন্য বাস্তব পরিকল্পনা গ্রহণ করতে হবে।

সন্দেহ নেই যে ভারতবর্ষের অর্থনীতিতে কৃষি অর্থনীতি ছিল দুর্বল। পশ্চিমবঙ্গের অর্থনীতি আরো দুর্বলতর। কেন্দ্র পশ্চিমবাংগের দিকে যদি আপনারা তাকান তাহলে লক্ষ্য করবেন যে দীর্ঘকাল কংগ্রেস সরকার কৃষি অর্থনীতিকে অবজ্ঞা করেছেন। গতবারের বাজেটে আমরা দেখেছি কেন্দ্রীয় ব্যয়বরাদ্দের মাত্র ১% ভাগ কৃষির জন্য ব্যয় হয়েছে। এবারে একটা পরিবর্তন দেখছি কেন্দ্রীয় বাজেটের শতকরা ৩০ ভাগ এগ্রিকালচার অ্যাণ্ড এ্যালায়েড সার্ভিসেস-এর জন্য ব্যয় করা হবে। পশ্চিমবঙ্গের কৃষি অর্থনীতি আরো দুর্বলতর। তার সেচ ব্যবস্থার কোন ক'ঠামো নেই। আমরা যদি জমির হিসাব নিই তাহলে দেখব পশ্চিমবঙ্গে ৬৬ লক্ষ

৮৬ হাজার হেক্টর মোট আবাদী জমির মধ্যে ১৫ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা আছে এবং ১১ লক্ষ ৪৪ হাজার হেক্টর জমিতে একাধিক ফসল সম্ভব। কাজেই এখানে সেচ পরিকল্পনা প্রায় হয় নি। তার জন্য বিস্তারিত কর্মসূচী নিতে হবে। মাননীয় অর্থমন্ত্রী কিছু কিছু আভাস দিয়েছেন, কিন্তু সেখানে আমাদের লক্ষ্য রাখতে হবে যে, সমাজের দরিদ্রতম শ্রেণীকে আমাদের এর সুযোগ-সুবিধা পৌঁছে দিতে হবে। যেমন দৃষ্টান্তস্বরূপ আমি বলতে পারি গ্রামীণ বিদ্যুৎ পরিকল্পনা। জানি না হয়ত অনেক সদস্য আমার সঙ্গে একমত হবেন না, কিন্তু আমি মনে করি বর্তমান অর্থনৈতিক ব্যবস্থায় গ্রামীণ বিদ্যুতের প্রসার হওয়া অনুচিত। কারণ যেভাবে গ্রামীণ বিদ্যুতের প্রসার হচ্ছে তাতে পশ্চিমবঙ্গের ৬৫ লক্ষ দরিদ্র কৃষিজীবী তার কোন সুযোগ পাচ্ছে না। আমরা দেখি যে, বড় বড় জোতদারের বাড়ীতে সেই বিদ্যুতের সুযোগ পৌঁছাচ্ছে। পশ্চিমবঙ্গের ৭৩ লক্ষ মানুষ যারা কৃষির আয়ের উপর নির্ভরশীল, তার মধ্যে ৮ লক্ষ আমরা দেখব যাদের বলা যাচ্ছে মোটামুটিভাবে সম্পন্ন কৃষক, বাকি যে ৬৫ লক্ষ মানুষ তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। কারণ তাদের ১২৭ দিন কৃষিতে কাজ হয়, ২১২৩ দিন যদি অ-কৃষিতে জীবিকার্জনের কথা চিন্তা করে তাহলে ১৫০ দিন, সেই হিসাব করলে মাথাপিছু আয় ৪৭ পয়সার বেশী হয় না। আজকে আমরা একটা বাস্তব সমস্যার সম্মুখীন হয়েছি। লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ বলেছেন, বর্তমান পরিস্থিতিতে ভারতীয় সংঘবদ্ধ শ্রমিকরা হচ্ছে পুঁটি বুর্জোয়া শ্রেণী, কৃষকের অবস্থার তুলনায় তাদের অবস্থা অনেক ভাল। কাজেই গ্রাম বাংলার সমস্যার কিভাবে সমাধান হবে তার কোন দিশা পাওয়া যায় নি। এই বাজেট থেকে মনে হয় সামন্ততন্ত্রের সংস্কার, পুঁজিবাদী আকাঙ্ক্ষা, সমাজতন্ত্রের স্বপ্নের আকাশকুসুম রচনার বাস্তব রূপটি কি হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি ছোট চাষী অন্ততঃ যার বাৎসরিক আয় ১০ হাজার টাকার চেয়ে কম তাকে সেচ-কর থেকে মুক্তি দিতে হবে। ১০ হাজার টাকার উপরে যাদের আয় তাদের উপর কৃষি আয়কর প্রবর্তন করুন। কৃষির আয়ের উপর এবং কৃষির উপর যেহেতু শিল্প অনেকাংশে নির্ভরশীল এবং সেচের প্রসার যেমন পশ্চিমবঙ্গের অর্থনীতির পক্ষে একান্ত প্রয়োজন সেজন্য নগরের লোকদের আমার মনে হয় কিছুটা এগ্রিকালচারাল লেভি বহন করা উচিত। মাননীয় অর্থমন্ত্রীকে এই ব্যাপারে ভেবে দেখতে হবে। অ-কৃষক যারা শহরে বসবাস করে কৃষির সুযোগ সুবিধা নেয় শিল্প যেহেতু কৃষির উপর নির্ভরশীল, তাদের কৃষির কিছুটা লেভি বহন করতে বলুন।

[5-20—5-30 P.M.]

তারপর, সি এম ডি এ প্রকল্প সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে বর্তমানে পশ্চিমবাংলার

যে অর্থনৈতিক কাঠামো তাতে এই সি এম ডি এ-র জন্য আর নূতন কোন প্রকল্পের প্রয়োজন নেই। আমরা দেখছি তাদের মেনটেনেন্স এবং রিপেয়ারের জন্য কোন প্রকল্প যখন নেই তখন তাদের জন্য বড় বড় প্রকল্প গ্রহণ না করে ওই মেনটেনেন্স এবং রিপেয়ারের উপরেই এখন বেশী করে জোর দেওয়া উচিত। এই প্রসঙ্গে আমার আর একটা বক্তব্য হচ্ছে নর্থ বেঙ্গল এবং সাউথ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ড গঠন করে উত্তর বাংলা এবং দক্ষিণ বাংলার জন্য দুটি প্রকল্প গ্রহণ করা যায় কি না সেটা অর্থমন্ত্রী মহাশয় বিবেচনা করুন। তারপর, আর একটা কথা না বলে পারছি না যেটা অনেক সদস্যই বলেছেন এবং কথাটা হচ্ছে পুলিশ খাতে ব্যয়। আমরা সমাজ ব্যবস্থা পরিবর্তন করবার জন্য প্রতিশ্রুতি দিয়েছি, কাজেই আমাদের এই ব্যাপারটা ভেবে দেখতে হবে। এই পুলিশ খাতের ব্যয়বরাদ্দের ব্যাপারে কংগ্রেস পক্ষের ডাঃ জয়নাল আবেদিন নিন্দা করেছেন। আমরা লক্ষ্য করেছি স্বাধীনতার পর এই পুলিশ খাতের ব্যয়বরাদ্দ ৬০ গুণ বেড়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করছি এই ব্যয় বরাদ্দ বাড়িয়ে আমাদের জীবনের সিকিউরিটি কি একটুও বেড়েছে? আমরা তো দেখছি চুরি, ডাকাতি, রাহাজানি বেড়েই চলেছে। এখন ১০।১২টি ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট মেন্টেণ্ড হয়, কিন্তু তা সত্ত্বেও দেখছি মানুষের জীবনে নিরাপত্তা আসেনি। আমাদের এখন চিন্তা করতে হবে কিভাবে আমরা প্রশাসনিক ব্যয় কমাতে পারি। আমি আমার বক্তব্য শেষ করার আগে আর একটা কথা বলব যে, মিশ্র অর্থনীতির দোহাই দিয়ে সমাজ বিপ্লবের কাজ স্থগিত রাখলে সমস্যার সমাধান হবে না। আজকে অবহেলিত কৃষক শ্রেণী এবং সমাজের দুর্বলতম শ্রেণীকে সমাজ বিপ্লবের অগ্রপথিক করে নিয়ে ভবিষ্যতের সমাজ কাঠামো তৈরি করতে হবে এবং সেই দৃষ্টিভঙ্গি সামনে রেখে যদি বাজেট তৈরি করতেন তাহলে এই বাজেটের মাধ্যমে আরও আশার আলো দেখাতে পারতেন।

শ্রীশৈলেন সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করতে চাই। আমি এই বাজেট সমর্থন এই কারণে করছি যে, এই বাজেটের মধ্যে আমরা একটা মৌলিক পরিবর্তন আশা করছি। মৌলিক পরিবর্তন যে হবে না সেটা অর্থমন্ত্রী মহাশয় লেনিনের একটা কোটেশন দিয়ে বুঝিয়ে দিয়েছেন যে, রাষ্ট্র ব্যবস্থার পরিবর্তন নাহলে মৌলিক পরিবর্তন হতে পারে না। তবে সীমিত ক্ষমতার মধ্যে যতখানি সম্ভব সেটা এই বাজেটের মাধ্যমে উপস্থিত করা হয়েছে। এই বাজেটের মধ্যে একটা জিনিস যা রয়েছে সেটা হচ্ছে আমরা দেখছি সংস্থান জোগার করবার ক্ষেত্রে

সাধারণ মানুষ, কৃষিজীবী মানুষ এবং ক্ষুদ্র চাষীদের গায়ে হাত যাতে না লাগে সেইদিকে লক্ষ্য রেখে সংস্থান জোগাড় করার চেষ্টা করা হয়েছে এবং গ্রামের মানুষ, দুর্বলতম মানুষ যাতে লাভবান হতে পারে সেই দিকে প্রাওরিটি দেওয়া হয়েছে। আমরা দেখছি প্রাইমারি এডুকেশনের দিকে প্রায়রিটি দেওয়া হয়েছে। ১ হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় খোলার কথা বলা হয়েছে এবং ক্লাশ সিক্স পর্যন্ত ফ্রি এডুকেশন চালুর কথা ঘোষণা করা হয়েছে। তারপর, গ্রামে পানীয় জল এবং গ্রামের প্রকল্পের ক্ষেত্রেও দেখছি ব্যয়বরাদ্দ বাড়ান হয়েছে। অর্থাৎ এক কথায় বলা যায় গরীব মানুষদের ক্ষেত্রে ব্যয়বরাদ্দ বাড়ানোর কথা ঘোষণা করা হয়েছে। ভূমি সংস্কারের জন্য যে আইন প্রণয়ন করা হয়েছিল সেখানে দেখছি সারপ্লাস ল্যাণ্ডগুলো পুরের সরকার ডিস্ট্রিবিউট করে নি। ভূমি সংস্কারের জন্য যে কমিশন গঠিত হয়েছিল সেখানে তারা বলেছেন, এক্ষেত্রে পলিটিক্যাল উইলের অভাব রয়েছে। সেই পলিটিক্যাল উইল বামফ্রন্ট সরকারের রয়েছে, কাজেই আমরা আশা করছি গরীব মানুষদের রিলিফ দেওয়া যাবে। আমাদের অর্থমন্ত্রী বলেছেন, ক্ষেতমজুর বা গরীব চাষীদের যে সমস্ত সরকারী লোন দেওয়া হয় বা অনুদান দেওয়া হয় তার সুযোগ তারা নিতে পারে না, কারণ তাদের কোন জমি নেই। সেটা আইনগত বাঁধা যাতে না হতে পারে, সেই সুনির্দিষ্টভাবে পরিকল্পনা মত কাজ হতে পারে সেই ধরনের চিন্তা আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় রাখবেন। মাননীয় বিশ্বনাথবাবু তাঁর বক্তৃতায় যে কথা বলেছেন যে, পাবলিক ইনভলমেন্ট আরও বেশী হওয়া দরকার। আমাদের গ্রামের প্রকল্পের কথা যেখানে বলা হচ্ছে সেখানে যাতে জনসাধারণের সঙ্গে পরামর্শ করে, তাদের সহযোগিতা নিয়ে কাজ করতে হবে। এতে দুর্নীতি কম হবে, চুরিও কম হবে। সেই রকম ব্যবস্থার কথা, পাবলিক ইনভলমেন্টের কথা মাননীয় অর্থমন্ত্রী বাজেট ভাষণের ১১ পৃষ্ঠায় সেই কথাই বলেছেন। পাবলিক ইনভলমেন্টের কথা এবং পাবলিক ইনিসিয়েটিভের কথা বলা হয়েছে। বাজেটের মধ্যে আর একটি ঘোষণা করা হয়েছে যে, যে ব্যাপারে বরাদ্দ করা হবে সেই ব্যাপারেই খরচ করা হবে। অতীতে আমরা দেখেছি সেচ বিভাগের বরাদ্দকৃত টাকা অন্য বিভাগে খরচ করা হচ্ছে। আমার মালদহ জেলায় আমি দেখেছি যে, সেচ বিভাগের বরাদ্দকৃত টাকা শ্যালো টিউবওয়েল পিচের জন্য খরচ করা হচ্ছে। পুকুর এবং সাঁতার কাটা সুইমিং পুলের জন্য খরচ করা হয়েছে। কিন্তু আমাদের বামপন্থী সরকার বলেছে যে, যে বিভাগের বরাদ্দ টাকা সেই বিভাগেই খরচ করা হবে। এই কয়টি কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : মাননীয় সদস্যগণ, বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির ষষ্ঠ অধি-

বেশন ২৯শে, আগস্ট '৭৭ সালে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম ও সময়-সূচীর প্রতিবেদন আমি এখানে পড়ছি—

Wednesdays, 31-8-77 (i) Demand No. 18 (252—Secretariat—General Services) (ii) Demand No. 19 (253—District Administration) (iii) Demand No. 3 (213—Council of Ministers)	4 hours.
Thursdays, 1-9-77 — (i) Demand No. 62 [320—Industries (Excluding Closed and sick Industries). 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and closed and Sick Industries). 525—Capital Outlay on Tele-communication and Electronics Industries. 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)] (ii) Demand No. 64 (328—Mines and Minerals) (iii) Demand No. 79 [523—Capital Outlay on Petroleum, Chemicals and Fertiliser Industries (Excluding Public Undertakings)] (iv) Demand No. 80 [526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)] (v) Demand No. 82 [530—Investment in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)] (vi) Demand No. 76 [321—Village and Small Industries (Public Undertakings)] 505—Capital Outlay on Agriculture (Public Undertaking) 511—Capital Outlay on Dairy Development (Public Undertakings) —	4 hours.

	521—Capital Outlay on Village and Small Industries (Public Undertakings)	—
	526—Capital Outlay on Consumer Industries (Public Undertakings)	
	530—Investments in Industrial Financial Institutions (Public Undertakings)	
	705—Loans for Agriculture (Public Undertakings)	
	722—Loans for Machinery and Engineering Industries (Public Undertakings)	
	723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Public Undertakings)	
	726—Loans for Consumer Industries (Public Undertakings	
	734—Loans for Power Projects (Public Undertakings)]	4 hours
(vii)	Demand No. 61	
	[320—Industries (closed annSick Industries)	
	522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries)	
	526—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries)	
	722—Loans for Machinery and Engineering Inudstries (Closed and Sick Industries)	
	723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industries (Closed and Sick Industries)	
	726—Loans for Consumers Industries (Closed and Sick Industries)]	—

Friday, 2-9-77		
(i)	Demand No. 36 [280—Medical 480—Capital Outlay on Medical]	**4 hours.**
(ii)	Demand No. 37 [281—Family Planning 481—Capital Outlay on Family Planning]	
(iii)	Demand No. 38 [282—Public Health, Sanitation and Water Supply. 682—Loans for Public Health, Sanitation and Water Supply]	
Saturday, 3-9-77		
	Demand No. 21 (255—Police)	**4 hours**

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির ষষ্ঠ রিপোর্ট মাননীয় সদস্যদের অনুমোদনের জন্য আমি উপস্থিত করছি।

মিঃ স্পীকারঃ আমি ধরে নিচ্ছি এই প্রস্তাব গৃহীত হলো। আমাদের সভার আরও ২০ মিনিট বাড়িয়ে দেওয়া হলো বিধানসভার বিধি অনুযায়ী।

[5.30—5.40 P.M.]

শ্রীসুনীলকুমার মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি এই বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বাজেট একটা সরকারের শুধু আয়-ব্যয়ের হিসাব দেয় না, কিছু অংকের হিসাবও নয়, বাজেট একটা শ্রেণীর নীতি ঘোষণা করে। সুতরাং এই বাজেটে সব সমাধান করবেন নিশ্চয়ই অর্থমন্ত্রী মহাশয় এই আশা রাখেন না এবং কেউই সেই আশা রাখেন না। যাঁর একদিন জোতদার, একচেটিয়া পুঁজিপতিদের দিকে তাকিয়ে বাজেট করতেন তাঁর আজকে এই বাজেট দেখে নিশ্চয়ই সমর্থন করতে পারবেন না। এই বাজেটে তাদের কোন ব্যবস্থা নেই। এতদিন বাজেটরে যে আয় হতো তা গরীব মানুষদের কাছ থেকে নিয়ে এবং তা বিত্তশালীদের জন্য ব্যয় করা হতো। আজকে যে আয় হবে তার অধিকাংশ খরচ করার ব্যবস্থা করা হয়েছে গ্রামের খেটে-খাওয়া মানুষ, শ্রমিক, কৃষক, যারা এতকাল বঞ্চিত হয়েছে তাদের জন্য। বাজেটের একটা কথা নিয়ে কটাক্ষ করা হয়েছে নীরব অর্থনৈতিক বিপ্লব নিয়ে। কোনখানে? দীর্ঘ ৩০

বছরের ধরে যে বাজেট তৈরি করা হয়েছিল তার দ্বারা গরীব মানুষরা কিছু বুঝতে পারেনি নীরব বিপ্লব হচ্ছে এই জন্য যে এবার বায়টা গরীব মানুষদের জন্য হবে। নিশ্চয়ই এই বিপ্লব সামাজিক ব্যবস্থার কোন পরিবর্তন করে দেবে না এবং অর্থমন্ত্রী মহাশয় কোথাও তা বলেন নি এবং তাঁর সীমিত ক্ষমতার কথা বলে এই বাজেটের মাধ্যমে গরীব মানুষদের কিছু যাতে সুযোগ-সুবিধা করে দিতে পারেন সেই চেষ্টা করেছেন। সুতরাং একথা বলা ঠিক হবে না যে গোটা ব্যবস্থাটারই পরিবর্তন হবে এবং সেই কথাই অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। এখানে পুঁজিপতিদের ডাক দেওয়া হয়েছে সে কথা উঠেছে। কিন্তু এটা খুব স্বাভাবিক কারণ এইসব পুঁজিপতিরা আমাদের দেশে শোষণ করে মালয় এশিয়ায় কিংবা দঃ আফ্রিকায় পুঁজি খাটাবে বিদেশী ব্যাঙ্কে জমা করে রেখে দেবে, আমাদের দেশের মানুষের তা কাজে লাগবে না এতো হতে পারে না। এতে দেশের আরো ক্ষতি হবে। পুঁজিপতিদের চলতে হবে কেন্দ্রের আইন অনুযায়ী ও দেশের শ্রমিকদের যা প্রাপ্য তা তাদের দিতে হবে। দ্রব্য-মূল্যের মূল্য-বৃদ্ধির কথা বলা হয়। কিন্তু দ্রব্যমূল্যের জন্য একটি রাজ্য আন্দোলন করতে পারে না।

শ্রীমহাদেব মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট এই সভায় পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি লক্ষ্য করছি যে আমাদের মাননীয় কংগ্রেসী বন্ধুরা, কংগ্রেসী সদস্যরা আমাদের সমালোচনা করে বলেছেন যে এই বাজেট ভুলে ভরা এবং সেটাই বিভিন্ন ভাবে বোঝাতে চেয়েছেন যে এই বাজেট ভাঁওতা বাজেট, যেন এই বাজেট ওঁরা কখনও দেখেননি। দেখেননি ঠিকই কেননা গোটা বাজেট পড়লে দেখতে পাবেন যে পুঁজিবাদী রাষ্ট্রের মধ্যে রাজ্যের সীমিত ক্ষমতার মধ্যে বর্তমানে যে অর্থসঙ্কট সাংস্কৃতিক সঙ্কট চলছে, তার মধ্যে এই বাজেট তৈরী হয়েছে। প্রথমে আমি এটা বলতে চাই যে শ্রেণীভিত্তিক সমাজ-ব্যবস্থায় এই বাজেট কোন্ শ্রেণীর পক্ষে হয়েছে সেটা প্রথমে লক্ষ্যণীয়। গোটা বাজেট পড়লে দেখতে পাবেন যে সাধারণ মেহনতি মানুষ, শোষিত মানুষ, তাদের পক্ষ সমর্থন করে এই বাজেট হয়েছে এবং দেখছি যে প্রতি পাতায় সেই চিন্তাধারাই প্রতিফলিত হয়েছে। গত ৩০ বছর ধরে যে মানুষ অত্যাচারিত, নিপীড়িত হয়েছে, তারা সরকারের কাছ থেকে কোন সুযোগ-সুবিধা পায়নি। দিনের পর দিন বেকার সমস্যা বেড়েছে, দিনের পর দিন গরীব মানুষ আরও গরীব হয়েছে, আর এক দিকে ধনী আরও বেশী ধনী হয়েছে। টাটা বিড়লার যাদের ২৫ কোটি টাকা ছিল, তারা হাজার কোটি টাকা করেছে। আজকে আমি

কংগ্রেসী বন্ধুদের বলতে চাই যে, যে বাজেট আপনারা ভুলে ভরা বলছেন, সেটা ভুলে ভরা নয়, কেননা এতে মানুষের মনের আশা প্রতিফলিত হয়েছে। এই বাজেট পড়ে দেখলে বুঝতে পারবেন কংগ্রেসী বন্ধুদের ক্রুদ্ধ হবার কারণ কি? আমি এক জায়গায় দেখতে পাচ্ছি বিদেশী মদ এবং বিলাতী মদ যা দেশে তৈরী হয়, তার উপর ট্যাক্স বসেছে, এতে যদি তাঁদের ক্ষোভের কারণ থেকে থাকে, তাহলে আমরা কি করতে পারি বলুন? এই বাজেট যদি দেখেন তো দেখবেন, সাধারণ মানুষের কষ্ট লাঘব করবার জন্য যতটা করা সম্ভব, করতে পারবেন, আমাদের অর্থমন্ত্রী সেইভাবে বাজেট তৈরী করেছেন এবং সেইভাবেই ব্যয় বরাদ্দ করেছেন। তাই এখানে যে করের বোঝা চাপান হয়েছে, সেটা অন্যায় করেননি, তাতে রুষ্ট হওয়ার মত কোন কারণ নাই।

কিন্তু আর একটা জিনিস আমরা লক্ষ্য করলাম, কংগ্রেস বন্ধুরা বলেছেন, তাঁদের সরকার নাকি অনেক কিছু করেছেন, যে কারণে আজকে দেশের মানুষের সন্তুষ্ট থাকা উচিত। কিন্তু আমরা কী দেখছি? গত ৩০ বছরে বেকারের সংখ্যা বেড়েছে, গরীব আরও গরীব হয়েছে, যাদের কাছে জমি ছিল, তাদের জমিহীন করেছে, জমি জোতদার জমিদারদের হাতে দিয়েছেন এবং এই করে এক দিকে যেমন পুঁজিপতি-শ্রেণীর সেবা করার চেষ্টা করেছেন, অন্য দিকে শিক্ষার ক্ষেত্রে দেখতে পাচ্ছি সত্তর পারসেন্ট লোক এখনও নিরক্ষর, তারা লেখাপড়া জানেনা, তাছাড়া টাটা বিড়লার মুনাফা যদৃচ্ছা লুটেছে মানুষকে শোষণ করে, মানুষের রক্ত শোষণ করে, তাদের মুনাফা বাড়িয়েছে। এটাই আমরা দেখছি। তবে একটা জিনিস দেখছি, তাঁরা কিছু করেছেন, হ্যাঁ কিছু করেছেন, নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য সাধারণ মানুষের জন্য যে টাকা বরাদ্দ করেছেন, তাদের জন্য অনুমোদন নিয়েছেন, তাদের সেখানে বঞ্চিত করে নিজেদের গাড়ী করেছেন, বাড়ী করেছেন, টাকা করেছেন। কিন্তু সাধারণ মানুষের জন্য তাঁরা কিছুই করেননি। মাননীয় বিরোধী সদস্যরা বলছেন এই বাজেট কৃষকদের জন্য কিছু করা হয়নি। বাজেটের পাতা থেকে আমি উদ্ধৃতি দিয়ে দেখাচ্ছি যে আমাদের সরকার কৃষকদের জন্য সাধ্যমত করার চেষ্টা করেছেন এবং আমাদের অর্থমন্ত্রী যেটা বলেছেন ভূমি সমস্যা ব্যাপারে সেটা বার পাতায় আছে।

[5.40—5.46 P.M.]

সেখানে আমরা দেখতে পাচ্ছি যে জমিগুলো সরকারের হাতে আসছে সেগুলো ভূমিহীন কৃষককে বিলি করতে হবে। তা যদি না করতে পারি, কৃষকদের পকেটে

কিছু পয়সা না দিতে পারি তাহলে মূল সমস্যা, বেকার সমস্যা সেটার কিছু করতে পারবো না।

(এই সময় বক্তা তাঁর নির্দিষ্ট সময়সীমায় পৌঁছাইলে বক্তব্য অসমাপ্ত রাখিয়া উপবেশন গ্রহণ করেন।)

শ্রী যামিনী কিশোর মজুমদার ঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি অর্থমন্ত্রীর পেশ করা বাজেটকে সমর্থন জানাচ্ছি। আমি শুধু সমর্থনই জানাচ্ছি না, আমার রাজ্যের সামগ্রিক সমস্যা তিনি তুলে ধরেছেন এবং খুবই প্রাঞ্জল তার বিশ্লেষণ দিয়েছেন—তাই জানাই অভিনন্দন।

বর্তমান সমাজ ব্যবস্থার—রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে যা সম্ভব সেই ভাবেই বাজেট পেশ হয়েছে।

কেউ সমালোচনা করেছেন নীরব বিপ্লব ঘটাতে চান—এটা নাকি অমার্কসীয় দৃষ্টিভঙ্গি। কথা ঠিক নয়। আমি সবিনয়ে বলতে চাই যে শ্রমিক শ্রেণী শান্তিপূর্ণ-ভাবেই বিপ্লব ঘটাতে চায়—চাওয়াটা যুক্তিসঙ্গত। কিন্তু ধনিকরা স্বেচ্ছায় ক্ষমতা ত্যাগ করবে না—সবল উচ্ছেদ প্রয়োজন। সুতরাং অশোকবাবু সঙ্গতি রেখেই নীরব বিপ্লব করতে চাইছেন। বলেছেন সামন্ততন্ত্র ধনতন্ত্র প্রভাবিত অর্থ ব্যবসায় সীমিত সুযোগ। অশোকবাবুর বক্তব্যে দৃঢ় প্রতিজ্ঞা আছে এগিয়ে যাবার। পশ্চিম-বঙ্গের সংগ্রামী জনগণের উপর অগাধ বিশ্বাস নিয়ে অর্থমন্ত্রী এগোতে চান। ধন্যবাদ যোগ্য। জনগণের প্রতিনিধিরই কথা। সংবিধানের ধারায় রাজ্য সরকার বাঁধা। তার পরিবর্তন না হলে অবরোধ যাবে না। পরিবর্তনের চেষ্টা করতে হবে। খুবই দৃঢ়ভাবে তিনি বলেছেন রাষ্ট্র কাঠামোর পরিবর্তন না হলে—অর্থ সংকটের নিরসন অসম্ভব। এখানে সারা দেশের অদৃষ্টে না লিখে—জীবনে যা ঘটছে পশ্চিমবঙ্গ তা থেকে রেহাই পাবে না। এটা লেখাই উচিত। কারণ এই জগদ্দল পাথর মানুষ ধনিকেরই সৃষ্টি। অদৃষ্টের সৃষ্টি বলে কিছু নেই। অশোকবাবু বেকার সমস্যা, বঞ্চিত, লাঞ্ছিত, অবহেলিত জনগণের সমস্যা, শিল্পের সমস্যা, কৃষির সমস্যা, শিক্ষার সমস্যা, স্বাস্থ্যের সমস্যা সব খুঁটিনাটি তুলে ধরেছেন।

দেশবিভাগের পর বিরাট সংখ্যক উদ্বাস্তুর জন্য পশ্চিমবঙ্গে বেকারের চাপ বেশি —তিনি এ সম্পর্কে কেন্দ্রের দায়িত্বের কথা উল্লেখ করেছেন। কেন্দ্র অন্যায়ভাবে নীরব। কোথা হতে আয় বাড়ানো হবে—বাজেটের শ্রীবৃদ্ধি হবে সে রকম গঠন-মূলক সাজেসান কেউ রাখেন নাই। ওঁরা কেউ বলেন নি এত জমি কোথায়

লুকিয়ে রেখেছেন বা এত টাকা কোথায় লুকিয়ে রেখেছেন এই রকম সাজেসান দিতে পারেন নাই। এই বাজেটের বক্তব্য শোষক শ্রেণীর বিরুদ্ধেই ইঙ্গিত বহন করে। পূর্ব সরকারের কিছুটা ন্যায্য সমালোচনাও তিনি করেছেন। এই হলে বহুবার বহু বক্তব্য শুনেছি—১৯৩৭ সালের হক সরকারের অর্থমন্ত্রী হতে সিদ্ধার্থ সরকার—এমন আমূল পরিবর্তিত দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট রচনা এই প্রথম—অভিনন্দন জানাই।

সাইমন কমিশনের রিপোর্টের ভিত্তিতে কেন্দ্ররাজ্য অর্থ সম্পর্ক এখনও বর্তমান। এই কমিশনের বিরুদ্ধে দেশ উদ্বেল হয়ে উঠেছিল। জাতীয় আন্দোলনের অংশ হিসাবে আখ্যায়িত হয়েছিল। ওই ধাচের আইন মুছে ফেলতে হবে। মাদক দ্রব্যে ট্যাকসেশান, বিলাস দ্রব্যের উপর ট্যাকসেশান অভিনন্দন যোগ্য। ঔষধের উপর ট্যাকসেশান কমানোকে স্বাগত জানাই। একচেটিয়ার সম্প্রসারণ বন্ধ করার আভাস আছে। ফাইভ এবং সিক্স ফ্রি হয়েছে—ভাল কথা—ভবিষ্যতে সেভেন এবং এইটও হবে সে ইঙ্গিত বাজেটে থাকা উচিত। তিস্তা প্রকল্প এবং হলদিয়া প্রকল্প প্রভৃতিতে বেকারদের চাকরির সংস্থান হবে—সে ইঙ্গিত থাকা দরকার। অর্থমন্ত্রী টেস্ট রিলিফ দ্বারা প্রোডাকসান কিছু হবে এমন আভাস দিয়েছেন। নির্ধারিত পরিকল্পনা মত ব্যয় যদি নিষ্ঠার সঙ্গে হয় তবেই উন্নতি।

কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি ৮ কোটি টাকা—১৫ লক্ষ টাকা বাদে বাকী টাকা যদি ঋণ হিসাবে অনুদান আসে—পরিবহন ব্যবস্থা শক্তিশালী হবে। একটা কথা বিশেষ করে আমি সবিনয়ে অর্থমন্ত্রীকে জানাতে চাই উত্তরবঙ্গের অত্যন্ত পশ্চাদপদ জেলাগুলির উন্নয়নকল্পে বিশেষ অর্থ বরাদ্দ এই অবহেলিত অঞ্চলের জন্য অবশ্যই আমরা দাবী করি। পূর্ববর্তী সরকার এই অঞ্চলের সামান্যতম বরাদ্দও কাজে লাগান নাই। সমস্তই তদ্রূপ হইয়াছে। কমিশন হলে সবই প্রকাশ হবে। অঞ্চলে একটা অংশে খরচ করা হয়েছে। অনেক অনেক গোটা অঞ্চলে আমার জেলায় হাই স্কুল নাই। বহু গ্রাম খালি পড়িয়া আছে প্রায় স্কুল নাই। খাদ্য শস্যে বাড়তি আমার জেলা—প্রচুর পাট উৎপাদন হয়।

তিন দিকে ঘেরা বাংলাদেশ অজস্র উদ্বাস্তুর বাসভূমি আমার জেলা—কেন্দ্র কোন কর্তব্যই করেন নাই।

পূর্ববর্তী সরকারের কথা বলতে ক্রোধ ও ঘৃণায় মন ভরে উঠে। তাই অর্থমন্ত্রীর উত্তর দানের পর নিশ্চয়ই বুঝবো তাঁর সুদৃষ্টি নিক্ষেপ করেছেন। নির্বাচকগণ উন্নয়নের প্রশ্নে পড়বেন বুঝলে তৃপ্তির স্বাদ দেখবেন। আমার অঞ্চলের দিকে তাঁর বিশেষ দৃষ্টি পড়েছে দেখে আমি এই বাজেটকে স্বাগত জানাচ্ছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ আগামীকাল ৩০শে আগষ্ট, ১৯৭৭ সাল (মঙ্গলবার) তারিখে বেলা ১২টা পর্যন্ত সভার অধিবেশন মুলতুবী রহিল।

Adjournment

The House was adjourned at 5:46 P. M. till 12 noon on Tuesday, the 30th August, 1977

Proceedings of the West Bengal Legislative Assembly assembled Under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calutta, on Tuesday, the 30th August, 1977 at 12 noon.

PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 20 Ministers, 4 Ministers of State and 234 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Reorganisation of Panchyati Raj

*8. (Admitted question No. *36) **Shri RAJANI KANTA DOLOI :** Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to give an idea of the steps taken by the present Government for reorganisation of *Panchayati Raj* in the State of West Bengal ?

[12-00—12-10 P. M.]

Shri Debabrata Bandopadhay : All preliminaries relating to re-organisation of the Panchayati Raj through elections under the existing provisions of the West Bengal Panchayat Act, 1973 have almost been completed. Elections will be held as soon as a firm decision on the subject is taken.

শ্রীরজনীকান্ত দোলুই : মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, পঞ্চায়েত নির্বাচনের জন্য সব কিছু প্রস্তুত হয়ে রয়েছে। তা যদি হয়ে থাকে তাহলে এই ফাইনাল ডিসিশন নিতে এত দেরী হচ্ছে কেন ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় : সমস্ত পঞ্চায়েত ইলেকশানের যে কোশ্চেন মাননীয় সদস্য করেছেন তার উত্তর দেবার জন্য রি-অর্গানাইজেশন অব পঞ্চায়েতরাজ-এর যে একটা হিষ্ট্রী আছে, সেটা আমি আপনাদের একটু বলি। আপনারা সকলেই জানেন যে, ১৯৫৭ সালের যে পঞ্চায়েত এ্যাক্ট ছিল সেই এ্যাক্টের ভিত্তিতে ১৯৬৪-৬৫

সালে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। তারপর ১৯৬৬ সালে সেটাকে আবার রিভিয়ু করবার কোশ্চেন আসে এবং ১৯৬৭ সালে যুক্ত ফ্রন্ট সরকার গঠিত হবার পর একটি কম্প্রিহেনসিভ এ্যাক্ট তৈরি করার চেষ্টা হয় এবং সেই ভাবে একটা বিল এ্যাসেম্বলীতে ইনট্রোডিউস হয়। কিন্তু সেই সময় বিধানসভা ভেঙ্গে যাবার ফলে সেটা সম্ভব হয় নি। তারপর আবার কোশ্চেন ১৯৭১ সালে রিভিয়ুড হয়। ১৯৭২ সালে সরকার প্রতিষ্ঠিত হবার ফলে ১৯৭৩ সালে বিল এসে এ্যাক্টেড হয়। একটি কম্প্রিহেনসিভ বিল এসে লেজিসলেশান হয়, এনাক্টেড হয়, গেজেট হয় Followed by framing of rules which are Known as west Bengal Panchayati Rule 1974 এবং যে সমস্ত স্টেটগুলি ইতিমধ্যে নেওয়া হয়েছে সেগুলি হচ্ছে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ এই ভাবে অলরেডি সাটেন স্টেপ্স হ্যাভ বিন টেকেন—দ-অর্গানাইজেশন অব পঞ্চায়েতীরাজ-এর জন্য কতকগুলি ব্যবস্থা নেওয়া হয়। তারপর ১৭।১।৭৪ সালে গেজেট হবার পর ফ্রেমিং অব রুলসের জন্য ইট ওয়াজ পাবলিশড এণ্ড গেজেটেড। তারপর Publication, notification of territorial limits or juridiction of Gram Panchayat বা পঞ্চায়েতী সমিতি ইত্যাদি প্রিলিমিনারি কাজগুলি এগিয়ে রাখা হয়েছে। এবং পরবর্তীকালে delimitation of number of members of Gram Panchayat, Panchayat Samity and Zila Parishads এবং এ্যালোকেসন অব কন্সটিটিউয়েনসিস ফর দিজ মেম্বারস ইত্যাদি এই সব কাজগুলি এগিয়ে যাওয়া হয়েছে এবং পরবর্তীকালে ডিষ্ট্রাক্ট পঞ্চায়েত অফিসার, ডিষ্ট্রাক্ট ম্যাজিষ্ট্রেটকে তাদের কার্যের অধিকার দেওয়া হয়েছে। মাননীয় সদস্য যে কোশ্চেন করেছেন কেন ইলেকশান হচ্ছে না সেটা সম্বন্ধে কিছু বলা দরকার। পূর্বতন সরকারের আমলে কমিটি অন সাব-অর্ডিনেট লেজিসলেশান কয়েকটি সুপারিশ আমাদের কাছে করেন এবং সেই সুপারিশ মত আমরা জানতে পারি দি এ্যাক্ট ওয়াজ নট সাপোর্টেড বাই রুলস।

এবং সেই হিসাবে পরে তাঁরা কতকগুলি সুপারিশ করেন। সেই সুপারিশ মতন একটা এ্যামেণ্ডমেন্ট বিল আসছে, সেটা তৈরি হচ্ছে, দ্যাট ইজ আনডার এ্যাকটিভ কনসিডারেশান অব দি গভর্নমেন্ট। সেটা হলে আমরা নির্বাচনের কাজ করতে পারবো। প্রিলিমিনারি সমস্ত কাজ হয়ে গিয়েছে।

শ্রীমনোরঞ্জন হাজরাঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে জবাব দিলেন সেটা অত্যন্ত ভাল জবাব, আমরা সন্তুষ্ট। কিন্তু তবুও একটা প্রশ্ন রয়ে গিয়েছে, সেটাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি। প্রশ্নটা হচ্ছে, নির্বাচনের

আগে ঐ বাস্তুঘুঘু অঞ্চলপ্রধানদের ক্ষমতাচ্যুত করা হবে কি না বা বিফোর ইলেকশান ডিসলভ করা হবে কি না এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু বলতে পারেন কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ ইতিমধ্যেই কিছু কিছু অঞ্চল সুপারসিড করেছি। কিছু কিছু অভিযোগ আসছে এবং সেই অভিযোগের ভিত্তিতে আমরা প্রায় সমস্ত সুপারসিড করবার চিন্তা করছি, দ্যাট ইজ আনডার এ্যাকটিভ কনসিডারেশান অব গভর্নমেণ্ট।

শ্রীসুনীল বসু রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ইউনিয়ান বোর্ড এলাকাগুলি, বিশেষ করে শিল্পাঞ্চলে যা আছে সেগুলি পঞ্চায়েত আইনের অন্তর্ভুক্ত করা হবে কি না এবং হলে এবারে হবে কি না ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ কয়েকটি শিল্পাঞ্চল ছাড়া—কতকগুলি নাম আছে, বাকি সবগুলি অন্তর্ভুক্ত করা হচ্ছে।

শ্রীঅনিল মুখার্জীঃ ভদ্দা থানার ভদ্দা শিল্পাঞ্চলে এখনও ইউনিয়ন রয়েছে এটা কি শিল্পাঞ্চলের মধ্যে ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ না।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ ভোটের আগে ভোটার লিস্ট আর একবার সংশোধন করবার সুযোগ দেবেন কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ যেটার উপর ভিত্তি করে এ্যাসেম্বলী এবং পার্লামেণ্টের ইলেকশান হয়েছে সেটার ভিত্তিতেই—যার লাস্ট কোয়ালিফাই ডেট হচ্ছে ১ ১. ৭৬, সেটার উপর ভিত্তি করেই নির্বাচন অনুষ্ঠিত হবে। নতুন ভাবে ভোটার করার সুযোগের জন্য ১০ পয়সা করে দিলেই ভোটার লিস্টে এনলিস্ট করা যাবে। মাননীয় সদস্য যেটা বলেছেন সেটা করতে পারলে খুবই ভাল হয়। কিন্তু সেটা করতে গেলে তারজন্য ইলেকশান কমিশনের কাছে যেতে হবে, তার সমস্ত ব্যয় ভার স্টেট গভর্নমেণ্টকে বহন করতে হবে ইত্যাদি ব্যাপার আছে। তাছাড়া বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্গতে গেলে দ্রুত নির্বাচন হওয়া দরকার। আমরা এই সমস্ত কথা মনে রেখে যথা সম্ভব তাড়াতাড়ি নির্বাচন করার জন্য ১. ১. ৭৬ তারিখটা লাস্ট কোয়ালিফাই

১৮ হিসাবে ভিত্তি করে এবং ১০ পয়সা করে দিলে নতুন নাম এনলিস্ট করা যাবে এই ভিত্তিতেই আমরা নির্বাচন করতে চাই। এ্যামেণ্ডমেণ্ট যেগুলি আসছে সেগুলি খুব বড় এ্যামেণ্ডমেণ্ট নয়, ক্যাবিনেট যদি অনুমোদন করে তাহলে আশা করা যাচ্ছে ৮।১০ কাটার পরেই জানুয়ারী মাসের শেষে বা ফেব্রুয়ারী মাসের গোড়াতে আমরা নির্বাচন করতে পারবো। বাস্তুঘুঘুদের বাসাগুলি ভাঙ্গার জন্য এবং সত্যিকারের পঞ্চায়েতীরাজ কায়েম করার জন্য এই সমস্ত ব্যবস্থা অবিলম্বে হওয়া প্রয়োজন।

শ্রী সরল দেব : পঞ্চায়েতী রাজ কায়েম করার জন্য এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণের জন্য পঞ্চায়েতগুলির হাতে অনেকখানি ক্ষমতা দেওয়ার প্রয়োজন আছে, কিন্তু বাস্তুঘুঘু হয়ে যারা বসে আছে এ পঞ্চায়েতগুলিতে তাদের না তাড়ালে এই কাজ করা যাবে না। এই কাজ তাড়াতাড়ি করার জন্য মহরমের পর ২১শে ডিসেম্বর নির্বাচন করা যায় কি না মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : এটা করতে পারলে আমরা খুশী হতাম, কিন্তু সমস্ত প্রিলিমিনারী এ্যারেঞ্জমেণ্ট শেষ করে করতে হবে বলে আমরা জানুয়ারী মাসের শেষ বা ফেব্রুয়ারী মাসের গোড়ার কথাটা ভেবেছি।

12.10—12.20 P. M.]

শ্রীবলাইলাল দাস-মহাপাত্র : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, শীঘ্র নির্বাচন করবেন পঞ্চায়েতের। এখন যতদিন নির্বাচন না হচ্ছে ততদিন পর্যন্ত এই চৌকিদার এবং দফাদারেরা যে ৪০ টাকা ৫০ টাকা বেতন পায় সেটা বৃদ্ধির কথা কিছু ভাবছেন কি না জানাবেন কি ?

মিঃ স্পীকার : এই Supplimentary allow করা যাবে না। এটা Supplimentary-র মধ্যে পড়ে না।

শ্রীহারাধন রায় : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আসানসোল মহকুমায় যে সমস্ত Union Board-গুলি আছে, এগুলির ১৫/১৬ বছর কোন নির্বাচন হয়নি এবং অনেক মেম্বারও নেই। সেখানে কোন পঞ্চায়েতের ইলেকশানও হচ্ছে না। কাজেই সেগুলির নির্বাচন কখন হবে জানাবেন কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ সবগুলিই হবে। তবে পশ্চিমবঙ্গের সর্বত্র যখন হবে আসানসোল মহকুমায়ও সেই সময়ে হবে।

শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, আগামী ফেব্রুয়ারী মাসের মধ্যে পঞ্চায়েতের ইলেক্‌শান হবে। কিন্তু এই ইলেক্‌শান পদ্ধতি কি বর্তমানে যা আছে তাই হবে, না নতুন সংশোধন করে নিয়ে করা হবে, সেটা জানাবেন কি ?

মিঃ স্পীকারঃ এটা Supplimentary-র ব্যাপার নয়।

শ্রীহরমোহন সিংহঃ Delimitation-এর ব্যাপার মাননীয় মন্ত্রী মহাশয় কোন্ পদ্ধতিতে করবেন সেটা জানাবেন কি ? কারণ আগে যেভাবে করা হয়েছিল, সেটা একটা বিশেষ গোষ্ঠীর স্বার্থে হয়েছিল।

মিঃ স্পীকারঃ আপনি Supplimentary করতে পারেন। কিন্তু information দিতে পারেন না। কে, কি করেছিল, সেটাতো inform ation।

শ্রীবলাইলাল দাস-মহাপাত্রঃ মাননীয় মন্ত্রী মহাশয়, delimitation-এর ব্যাপারে আমাদের জনমতকে কিভাবে গ্রাহ্য করবেন, সেটা জানাবেন কি ? অর্থাৎ এই যে নির্বাচন হয়েছিল, নূতন করে নির্বাচন হবে কি না, যদি হয় তাহলে কবে হবে ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ ১৯৭৭ সালের Act-এর গ্রামসভার ভিত্তিতে lowest level-এ যা আছে সেটাই থাকছে। কিন্তু সংগে সংগে বিশেষ করে এই period-এর মধ্যে দফায় দফায় সংখ্যা বেড়ে যাবার ফলে নির্বাচনের সীমানা পুনর্গঠনের প্রশ্ন আসবে এবং সেই ভাবে পুনর্গঠিত হবে। অঞ্চলগুলির স্বভাবতঃই যে limit দিয়েছে, delimitation বেড়ে গেলে সেখানে স্বভাবতঃই অঞ্চলগুলিকে পুনর্গঠিত করার প্রশ্ন আসবে এবং আমরা হিসাব করে দেখেছি যে, এখন পর্যন্ত ২৯ শত অঞ্চল আছে। অর্থাৎ ২৯ শত গ্রাম পঞ্চায়েত হবে। এর বেশী বাড়ালে আমরা দেখেছি ৩২ শত অঞ্চলের সংখ্যা দাঁড়াবে। খুব বেশী করে যদি আমরা ডাঙ্গাভাঙ্গী করতে যাই, dilimitation করতে যাই তাহলে Delimitation commission বসাতে হবে এবং স্বভাবতই সেই অবস্থায় অবিলম্বে করলে ১৯৭৭

সাল কেন ১৯৭৯ সালেও নির্বাচন হওয়া কঠিন হয়ে পড়বে। সেই কথা বিবেচনা করে delimitation সম্পর্কে এই ভাবে ভাবা হয়েছে।

ডাঃ গোলাম ইয়াজদানী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার supplementary হচ্ছে, যে পঞ্চায়েত নির্বাচন ১৯৫৭ সালে হয়েছিল, আবার যখন পুর্নগঠন হয়েছিল গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এবং ব্লক, এতদিন পর্যন্ত নির্বাচন না হবার জন্য এবং তখনই দেখা গিয়েছিল এই গ্রাম পঞ্চায়েতগুলি যে গঠন করা হয়েছিল তার সীমানা অঞ্চল পঞ্চায়েত এবং ব্লকে—অনেক জায়গায় দলীয় স্বার্থে করা হয়েছিল এবং তখন আপত্তি সত্ত্বেও এগুলির কোন সংশোধন হয় নি। আমার কথা হচ্ছে যে, পঞ্চায়েত নির্বাচন যখন হতে যাচ্ছে তখন এই যে সমস্ত মূল গলদগুলি রয়েছে, এগুলি প্রথমে সংশোধন করা হবে কি না? কেননা, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত গঠন, তার পর ব্লকের যে সীমানা, সেই ব্লকের জন্য কিছু অদল-বদল করে পুনর্গঠন করা, এটা মস্ত বড় একটা জিনিস। কাজেই এটা করার জন্য কি ব্যবস্থা করা হয়েছে, যাতে আমরা তার মতামত দিতে পারি কিভাবে এগুলি গঠন করলে ভাল হয়। কেননা, আমরা জানি কোথায় কোথায় অন্যায় হয়েছে।

মিঃ স্পীকার ঃ এটা Supplementary হতে পারে না। আইনে আছে, কলসে যা রয়েছে, সেই অনুযায়ী হবে। এটা Supplementary-র মধ্যে আসতে পারে না।

মিঃ স্পীকার ঃ এটা সাপ্লিমেণ্টারি নয়।

শ্রীঅনিল ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ওনদা ইউনিয়ন বোর্ড সেটা শিল্পাঞ্চলে নয়, যদি শিল্পাঞ্চলে না হয় তাহলে ওনদা ইউনিয়ন বোর্ড ভাঙ্গা হয় নি, এখনও ভাঙ্গা হয় নি কেন এবং এটা ভেঙ্গে আগামীদিনে নির্বাচন করা হবে কি?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ এটার জন্য নোটিশ দরকার, তবেই উত্তর দিতে পারবো।

শ্রীবনমালি দাস ঃ এই যে বাস্তুঘুঘুরা—এইসব অঞ্চল প্রধানদের হাতে যে হাজার হাজার টাকা জমা আছে, এইগুলোর কি হবে?

মিঃ স্পীকার ঃ আই ডু নট এ্যালাও ইট।

Loss of crops due to rains and floods

*9. (Admited question No. 105.) **Shri RAJANI KANTA DOLOI** : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the loss of crops due to excessive rains and floods durings the current monsoon season ; and

(b) the steps taken by the Government in the matter ?

শ্রীকমলকান্তি গুহ ঃ (ক) বর্তমান বৃষ্টির মরশুমে অতিবৃষ্টি এবং বন্যার ফলে ৫৯৮২০ একর পাট, ৮০৯৭২ একর আউশ এবং ২৭০০৩৮ একর জমিতে আমন ধানের পুরা ক্ষতি এবং ৪৪০১০ একর পাট, ৩৭২৪৪ একর আউশ এবং ২০৫২২২ একর জমিতে আমন ধানের আংশিক ক্ষতি হয়। মোট ক্ষতির আর্থিক মূল্য আনুমানিক একত্রিশ কোটি আটচল্লিশ লক্ষ সাতান্ন হাজার ছয়শত কুড়ি টাকা।

(খ) প্রথমদিকে এ ব্যাপারে ক্ষতিগ্রস্ত জেলায় বিনামূল্যে বীজ ধানের ও চারা গাছ দিবার জন্য সাড়ে সাত বিঘা পর্যন্ত জমির মালিক কৃষকদের ১০ লক্ষ টাকার অনুদান দেওয়া হইয়াছে।

জুলাইয়ের শেষদিকে অতিবৃষ্টির জন্য আবার ক্ষতিগ্রস্ত জেলাসমূহে ধানের চারা গাছ বা রবিশস্যের বীজ কেনার জন্য কৃষকদের ১৭ লক্ষ টাকা ঋণ দেওয়া হইতেছে।

শ্রীরজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইউনিয়ন এগ্রিকালচার মিনিস্টার, যিনি পার্লামেন্টে বলেছেন যে, কোন্ স্টেটে কি রকম ক্ষতি হয়েছে, তার জন্য কত লোন লাগবে, ফাইন্যানশিয়াল এড কত লাগবে এই ব্যাপারে সমস্ত স্টেটকে জানাতে বলেছেন, আমাদের রাজ্যের ক্ষতির পরিমাণ জানিয়ে কত ডিম্যাণ্ড করা হয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ ঃ সমস্ত জেলার খবর আমরা নিচ্ছি, আরও ক্ষতির খবর আসছে, সেইগুলো সমস্ত এসে গেলে আমরা জানাবো।

শ্রীরজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের ১৭টি জেলার মধ্যে কোন্ কোন্ জেলা ক্ষতিগ্রস্ত জেলা ?

শ্রীকমলকান্তি গুহ ঃ ক্ষতিগ্রস্ত জেলা, যেগুলো অতিবর্ষায় জুন এবং জুলাই মাসে ক্ষতিগ্রস্ত হয়েছে, সেইগুলো হচ্ছে মুর্শিদাবাদ, নদীয়া, ২৪ পরগনা নর্থ, ২৪ পরগনা সাউথ, হাওড়া, হুগলী, বর্ধমান, বীরভূম, মেদিনীপুর ওয়েস্ট, এবং মেদিনীপুর ইস্ট। পরে বন্যায় ক্ষতি হয় জলপাইগুড়ি, কুচবিহার, ওয়েস্ট দিনাজপুর, মালদহ।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটা ফিগার দিলেন। কোন্ জেলা থেকে কত এসেছে, সেই খবরটা ডিটেলে মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ কোন জেলায় কত ঋণ দেওয়া হয়েছে সেটা বলতে পারি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ প্রতি জেলার একটা হিসাব যদি না থাকে—কোন্ জেলায় কত তার হিসাব বলতে পারবেন ?

শ্রীকমলকান্তি গুহ ঃ জলপাইগুড়ি জেলায় পাটের আংশিক ক্ষতি হয়েছে ৩ হাজার ২০৯ একর, সম্পূর্ণ ক্ষতি হয়েছে ২ হাজার ৯০ একর। মাননীয় স্পীকার মহাশয়, গোটাটা পড়তে গেলে অনেক সময় লাগবে, সেই জন্য আমি এটা টেবলে দিয়ে দিচ্ছি।

[12.20—12.30 P. M.]

শ্রী এ. কে. এম. হাসান উজ্জমান ঃ মাননীয় মন্ত্রী মহোদয় দয়া করে জবাব দেবেন কি এই যে, বিভিন্ন এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে তাতে কোন এলাকাকে কি বন্যা বিধ্বস্ত এলাকা বলে ঘোষণা করা হয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আমরা সেভাবে বন্যাপীড়িত এলাকা বলে কোন এলাকাকে ঘোষণা করিনি। তবে আমরা এটা ধরে নিয়েছি যে, জল যেখানে জমে গিয়েছে বা বাঁধ ভেঙে জল এসেছে সেখানকার লোকেদের অসুবিধা দেখে আমরা তাদের সাহায্য করেছি।

শ্রীসরল দেব ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফত কৃষিমন্ত্রীর কাছে জানতে চাইছি যে, যেসব কৃষকদের ফসলহানী হয়েছে তাদের সরকারী ঋণ দেবার ক্ষমতা সরকারের নেই, সুতরাং তাদের ক্ষেত্রে সরকার কি চিন্তা করছেন ?

শ্রীকমলকান্তি গুহ ঃ সরকারের পক্ষ থেকে আমরা ১৭ লক্ষ টাকা ঋণ পাঠিয়েছি এবং যাঁরা আগে ঋণ নিয়েছিলেন, এখনো শোধ করতে পারেন নি, তাঁদের ক্ষেত্রেও বিবেচনা করা হচ্ছে।

শ্রীগৌর কুণ্ডু ঃ নদীয়া জেলা ক্ষতিগ্রস্ত জেলা, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে, নদীয়া জেলার কোন ক্ষতিগ্রস্ত চাষীকে জেলা শাসকের পক্ষ থেকে কোন ক্ষতি-পূরণ দেওয়া হয়েছে কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ নদীয়ার জেলা শাসকের কাছে ১ লক্ষ ৫০ হাজার টাকা আমরা ঋণ দেওয়ার জন্য পাঠিয়েছি।

শ্রীগৌর কুণ্ডু ঃ কোন চাষী কি এই টাকা পেয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ ঃ এর জন্য নোটিশ চাই।

শ্রীহবিবুর রহমান ঃ ক্ষতিগ্রস্ত প্রান্তিক চাষীদের জন্য যে বীজ এবং লোন দেওয়া হয়েছে এটা আমন ধানের জন্য দিয়েছেন। কিন্তু আমি জানতে চাইছি যে, আউশ ধান এবং পাটের যে ক্ষতি হয়েছে তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আপনি কোন্ জেলার কথা বলছেন ?

শ্রীহবিবুর রহমান ঃ আমি মুর্শিদাবাদ এবং মালদহ জেলার কথা বলছি।

শ্রীকমলকান্তি গুহ ঃ আমরা ক্ষমতায় আসার পর অতিবৃষ্টি হয়েছে এবং এর ফলে যে ক্ষতি হয়েছে সেটা আমন ধানের ক্ষতি হয়েছে। সেইজন্য আমরা আমন ধান চাষের বীজ এবং চারা গাছের ব্যবস্থা করেছি।

শ্রীহবিবুর রহমান ঃ আউশ-এর জন্য কোন চিন্তা করছেন কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ না। আমরা ঋণের টাকা পাঠিয়েছি, বি.ডি.ও. এবং ডি.এম.-রা বসে কৃষকদের সাহায্য করবেন।

শ্রীবলাইলাল দাস-মহাপাত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, মেদিনীপুর জেলার কোন্ কোন্ অঞ্চল ক্ষতিগ্রস্ত ?

শ্রীকমলকান্তি গুহ ঃ এ-ব্যাপারে নোটিশ দিলে বলতে পারব।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ এই যে আপনি লস্ অফ্ ক্রপস বললেন, এটার ডিস্ট্রিক্টওয়াইস হিসাবটা ধান এবং পাটের আলাদা আলাদা দিতে পারবেন কি বা টেবিলে প্লেস করতে পারবেন কি ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আলাদাভাবে আমি আগেই বলেছি, পাটের কিছু হয়েছে এবং আউশের কিছু হয়েছে।

শ্রীমনোরঞ্জন হাজরা ঃ মানবিক প্রশ্ন ছাড়া বন্যা ব্যবস্থার উদ্দেশ্যে ত্রাণ দপ্তরের এই relief বন্ধ করায় কোন নির্দেশ দেবেন কি ?

(উত্তর নাই)

শ্রীসুনীতি চট্টরাজ ঃ ঋণ অনুদান সংক্রান্ত distribution বিষয়ে যেসব দুর্নীতির অভিযোগ তিনি পেয়েছেন সে বিষয়ে তদন্ত হবে কি না ?

শ্রীকমলকান্তি গুহ ঃ অভিযোগ পাইনি, পেলে তদন্ত করব।

শ্রীজয়েজয় ওঝা ঃ বন্যাঞ্চল দেখার জন্য centre-এর study team আসবে কি না ?

(উত্তর নাই)

শ্রীসত্যব্রত ভট্টাচার্য ঃ আমন ধানের বীজ ছাড়া রবি বীজ দেবেন কি না ?

শ্রীকমলকান্তি গুহ ঃ এ সম্বন্ধে কৃষকদের টাকায় ঋণ দেব।

শ্রীঅনিল মুখার্জি ঃ কংগ্রেসী আমলে কৃষি দপ্তরের দুর্নীতি নিয়ে তদন্ত করবেন কি না ?

শ্রীকমলকান্তি গুহ ঃ এ প্রশ্ন এর সঙ্গে ওঠেনা।

শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ কত টাকা চাষীদের ফসল বুনবার জন্য দিয়েছেন ?

শ্রীকমলকান্তি গুহ ঃ আগে উত্তর দিয়েছি।

শ্রীবলাই ব্যানার্জি ঃ বন্যায় ঘরবাড়ী যে ভেঙে গেছে তার বাবদ কত টাকা বরাদ্দ হয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ ঃ এটা এই প্রশ্নের সঙ্গে আসে না।

শ্রীসামসুদ্দিন আমেদ ঃ আউশের ব্যাপারে কোন ব্যবস্থা কি করা হয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ ঃ জেলাওয়ারী ঋণের টাকা পাঠান হয়েছে।

CALLING ATTCATION

দৃষ্টি আকর্ষণী

মিঃ স্পিকার : আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা :—

১। Stealing of electricity from the roads—

Shri Sumanta Kumar Hira,

২। মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানার শেখ পাড়ায় সংঘর্ষ—

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রীআতাহার রহমন,

৩। আংশিক রেশন এলাকায় রেশন কার্ডের শ্রেণী পুনর্বিন্যাস করণ—
শ্রীতারক বন্ধু রায়

৪। পঞ্চায়েত নির্বাচন—শ্রী এ. কে. এম. হাসান্ উজ্জামান্।

আমি শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রীআতাহার রহমন কর্তৃক "মুর্শিদাবাদ জেলায় রাণীনগর থানায় শেখ পাড়ার সংঘর্ষ এই পর্যায়ে যে দৃষ্টি আকর্ষণ প্রস্তাব গ্রহণ করছি এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

শ্রীজ্যোতি বসু ঃ ১লা তারিখ দিতে পারি।

মিঃ স্পীকার ঃ Statement under rule 346 আমি বিধানসভায় কার্য-পরিচালনার নিয়মাবলী অনুযায়ী ৩৪৬ ধারা মতে মাননীয় শিক্ষামন্ত্রীকে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

শ্রীশম্ভু ঘোষ ঃ অধ্যক্ষ মহাশয়, এই হাউসে কয়েকদিন আগে প্রাক্তন আই. জি. শ্রীরঞ্জিৎ গুপ্ত সম্পর্কে একটা প্রস্তাব উত্থাপিত হয়েছিল যে, তিনি কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের Anthropology বিজ্ঞানের research guide হিসেবে নিযুক্ত আছেন কি না? বিষয়টি সম্পর্কে আমি অনুসন্ধান করেছি এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের V. C-র সঙ্গে আলোচনা করে যত দূর সংবাদ সংগ্রহ করতে পেরেছি তাতে প্রাক্তন আই. জি-কে Anthropology বিভাগের বিভাগীয় প্রধান প্রয়াত এম. এন. রায় তাঁকে কতকগুলি বক্তৃতা দেবার জন্য বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত করেছিলেন। ভূতপূর্ব V. C. ডঃ সত্যেন সেন এই নিয়োগকে অনুমোদন করেছিলেন এবং এই ব্যবস্থা অনুযায়ী শ্রীগুপ্ত বিশ্ববিদ্যালয়ে Rural & Urban Unrest-এর উপর কতকগুলি বক্তৃতা দেন। আমি জিজ্ঞাসা করেছিলাম ঐ বিভাগীয় প্রধানকে যে Rural & Urban Unrest বিষয়টা অন্তর্ভুক্ত যথাযথ কি না এবং সেক্ষেত্রে যে সংবাদ পেয়েছি সেই আপনাদের জানাচ্ছি।

[12.30—12.40 P.M.]

ঠিক এ বিষয়ের মধ্যে আসে না। পরবর্তীকালে তাঁর নিয়োগকে নূতনভাবে রিনিউয়ালের প্রশ্ন আসে। বর্তমান ভাইস চ্যান্সেলার ডঃ মুখার্জি তিনি পুনর্নিয়োগ অনুমোদন করেন নি। ২৯শে জুলাই তারিখে তাঁর কাছে পুনর্নিয়োগের ব্যাপারে

হয়, তিনি তাঁর পুনর্নিয়োগ অনুমোদন করেন নি এই যুক্তিতে যে, যথোপযুক্ত যোগ্যতা নেই, কারণ তিনি বি. এ. অনার্স এবং আই. পি.। এই যোগ্যতা নিয়ে বিশ্ববিদ্যালয়ে কেউ বক্তৃতা দেওয়ার যোগ্যতা পেতে পারেন না। এই অজুহাতে তাঁর পুনর্নিয়োগ অনুমোদন করা হয় নি। রিসার্চ সম্পর্কে যে সংবাদ বেরিয়েছে এখানে বলা হয়েছে যে, তিনি রিসার্চ গাইড হিসাবে কাজ করেন নি, তবে এক সময় পুলিশ এডমিনিসট্রেটিভ সার্ভিসের বিষয়ে একজন ছাত্রের রিসার্চ গাইড হিসাবে দেখাশুনা করেছিলেন। বিশ্ববিদ্যালয় তাঁকে কোন কক্ষ দেন নি। আমি যে চিঠি পেয়েছি সেটা পড়ে দিলে আরও পরিষ্কার হবে। এই চিঠিটা পাঠিয়েছেন পি. কে. ভৌমিক, যিনি এ্যানথ্রোপলজি বিভাগের প্রধান। আর যে নোটটা পাঠিয়েছেন তুমি সেটা বিধানসভায় সদস্যদের অবগতার্থে এখানে পেশ করছি।

Shri Ranjit Gupta, I P. was requested by the then Head of the Department of Anthropology, Late Prof. M N Bisu, to deliver a series of three or four lectures on Rural and Urban Unrest sometimes three or four years back.

He was not alloted any room in the University.

He never guided or is guiding any student of the Deptt. of Anthropology of Calcutta University. But he was allowed to guide one student research work in sociology on 'West Bengal Police Administration' nearly about three years back.

This year towards the middle of June the Departmental Head requested the Vice-Chancellor to allow Mr. R. Gupta to deliver three or four lectures as on other occasions. The University authorities did not give permission on the basis of the fact that Mr. Gupta had not requisite qualifications to deliver lectures to post-graduate students.

Sd -P. K. Bhowmick
Head of the Department of Anthropolygy
29. 8. 77

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। মন্ত্রিসভা আসার পর থেকে আজ পর্যন্ত ১৭টা খুন হয়েছে। গতকাল বন্ধু দাস নামে একজন কংগ্রেস কর্মীকে ঘুমন্ত অবস্থায় ছয়টি গুলিবিদ্ধ করা হয়েছে এবং সেই গুলিবিদ্ধ অবস্থায় তাকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। তারপর অর্জুন নামে একজন ড্রাইভারকে হত্যা করা হয়েছে। এত অল্প দিনের মধ্যে এত কাণ্ড বেড়েছে যে, মনে হচ্ছে জঙ্গলের রাজত্ব ফিরে এসেছে। খুন, ডাকাতি,

রাহাজানি দিনের পর দিন বেড়ে চলেছে। তাই মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি আবার এই রাজত্ব যেন জংগলের রাজত্বে পরিণত না হয় সেই দিকে লক্ষ্য রাখুন।

শ্রীজ্যোতি বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কাণ্ডগুলি হচ্ছে তার সঙ্গে সঙ্গে একটা ঘটনার বিবরণ দিতে গিয়ে আমার অসুবিধা হয়ে যাচ্ছে। আমরা কাগজে দেখছি, আমাদের কাছে রিপোর্ট আসছে। ঘটনা হয়েছে, একজন মারা গেছে, খুন হয়েছে। সেটা দেখতে হবে, সেটার খবর আসবে, দাগী অপরাধীদের ধরতে হবে। কিন্তু তার সঙ্গে সমস্ত হিসাব দিয়ে দিচ্ছেন। কংগ্রেস আমলে কি খুন হয় নি? এখন সব বেড়ে চলেছে? সব হিসাব আছে গত ১০ বছরে কত খুন হয়েছে, না হয়েছে। ওঁদের কাছে নেই, কিন্তু আমাদের কাছে আছে, পুলিশ বাজেটের সময় পাবেন উত্তর। আমরা সবাই মিলে চাচ্ছি এইসব যাতে না হয়। কংগ্রেস যা করে গেছে হাজার হাজার যুবকদের খুন, গুণ্ডামী, রাহাজানি করতে পাঠিয়ে দিয়েছিল। ১৯৭০ সালের পর থেকে ৫/৬ বছর কংগ্রেস কি করে গেছে সেটা জানা দরকার।

(তুমুল হট্টগোল)

শ্রীযোগেন্দ্রনাথ সিংহ-রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জলপাইগুড়ি জেলার শীলতোর্ষা নদীর ভয়াবহ বন্যায় লক্ষ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়। ৩১ নং জাতীয় সড়কে অবস্থিত শিলবাড়ী হাটের অনতি দূরে শীলতোর্ষা নদীর উপর ঐ বাঁধ ও সেতু নির্মাণে একদিকে প্রতি বৎসর ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত হাজার হাজার একর জমি উদ্ধার, শত শত জীবন রক্ষা, রাস্তাঘাটের সংরক্ষণ, আর্থিক ক্ষয়-ক্ষতির অবসান সম্ভব হবে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬ কোটি টাকা বরাদ্দ হয়েছিল তোর্ষা নদীর উপর একটি স্থায়ী সেতু নির্মাণের জন্য, কিন্তু পূর্বতন সরকারের পূর্তমন্ত্রী সন্তোষ রায়ের হস্তক্ষেপের ফলে আজ পর্যন্ত সেই সেতু হয় নি। এই সেতু হলে আলিপুরদুয়ার মহকুমা শহর থেকে জলপাইগুড়ি জেলা সদর পৌঁছুতে ২॥ ঘন্টা সময় লাগবে। আমি এই সেতু নির্মাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীননী কর: মিঃ স্পীকার, স্যার, আমি একটা খুব জরুরী কথা আপনাকে বলতে চাই। আমার নির্বাচনী কেন্দ্রে একটা স্কুল বিবেকানন্দ বিদ্যা মন্দির তার সম্পাদক ছিলেন আমার বন্ধু, ওঁদের নেতা কেশব ভট্টাচার্য। তিনি গত ২৫

তারিখে গ্রেপ্তার হয়েছেন ৪০৬/১২০ ধারায়। তিনি মাত্র ১॥ লক্ষ টাকা একটা স্কুল থেকে মেরে দিয়েছেন। কিন্তু আমার কথা হচ্ছে এই ভদ্রলোক ওখানকার ৫টি স্কুলের সেক্রেটারী, ২৫টি স্কুলের গভর্নমেন্ট নমিনি। এই সমস্ত স্কুলগুলির টাকা, সমস্ত জায়গার রিলিফের টাকা, সিডিউল্ড কাস্ট গ্রান্টের টাকা তছনছ হয়েছে। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই ধরনের লোকগুলি আর কতদিন এই সরকারের প্রতিনিধি হয়ে ম্যানেজিং কমিটিতে থাকবে। এই স্কুল থেকে এদের হাত গুটিয়ে নেওয়ার ব্যবস্থা হবে কি না। আমরা এডুকেশান মিনিস্টারের কাছে বলেছিলাম গত ২০.৭ তারিখে যে এই স্কুলগুলিতে এ্যাডমিনিস্ট্রেটর দেওয়া হোক। কিন্তু সেকেণ্ডারীর যিনি প্রেসিডেন্ট সতোন চাটার্জী, তাঁর অসুখ হয়েছে বলে তিনি এই এ্যাডমিনিস্ট্রেটরের নিয়োগপত্রে সই করতে পারেন নি। এই যে সতোন চাটার্জী, কেশববাবুর মত লোক আর কতদিন থাকবেন? এই টেন্স আপনার মাধ্যমে সরকারের কাছে জানাতে চাই।

[12.40—12.50 P.M.]

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, বিশেষ করে যুগান্তর এবং আনন্দবাজার পত্রিকায় ফারাক্কার জল বণ্টন প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী জগজীবন রাম যে বক্তব্য রেখেছেন সেটা পশ্চিমবাংলার পক্ষে উদ্বেগজনক। কলকাতা বন্দর হচ্ছে ফারাক্কা-সদৃশ যন্ত্র। আমরা জানি কেন্দ্রীয় মন্ত্রী যিনি এই ফারাক্কার জল বণ্টনের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছেন তাঁর এই বক্তব্য আমাদের পক্ষে অত্যন্ত উদ্বেগজনক। আমরা জানি বেরুবাড়ির ঘটনা, যেখানে পশ্চিম বাংলার দাবি উপেক্ষা করা হয়েছিল। স্বভাবতঃই সামগ্রিকভাবে পশ্চিমবাংলা কিছুতেই তাঁর এই বক্তব্যকে ক্ষমা করবে না। এই প্রসঙ্গে আমি দাবি করছি যে, কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য যা প্রয়োজন তা আমাদের সরকার নিশ্চয়ই করবেন। আমি মন্ত্রী মহাশয়েদের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টোরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৮. ৮. ৭৭ তারিখে দুর্গাপুরে একজন কংগ্রেসের সক্রিয় কর্মী মানিকচন্দ্র মণ্ডলকে দিনের বেলায় সাড়ে ৩টার সময় প্রকাশ্য দিবালোকে পুলিশের সামনে লাঠি এবং লোহার রড দিয়ে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। যারা মেরেছে তাদের নাম আমি জানি—মলয় বোস এবং

থোকন বোস। পুলিশের সাহস নাই যে, তাদের ধরে। তা হলে স্যার পশ্চিম-বাংলার উন্নতি হবে কি করে, হেল্‌থ সেণ্টার হবে কি করে, রাস্তাঘাট হবে কি করে? যদি এই রকম ভাবে দিন-দুপুরে খুন-জখম হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দৃষ্টি দিতে বলছি। স্যার আমার কাছে তার রক্তাক্ত কাপড়-চোপড় আছে। আমি আপনার কাছে জমা দিয়ে দিচ্ছি।

শ্রীসমরকুমার রুদ্র: কিছু দিন আগে স্যার লোকসভায় এবং বিধানসভা নির্বাচনে পরাজিত হয়ে কংগ্রেস দল এখন এই সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। তার একটি ঘটনা আপনার সম্মুখে উপস্থিত করছি এবং মাননীয়মুখ্যমন্ত্রীকে এর প্রতিকারের জন্য অনুরোধ জানাচ্ছি। কলেজ ষ্ট্রীট মার্কেটের কাছে বিধান সরণী এবং কেশব সেন ষ্ট্রীটের কাছে যে সমস্ত মুসলমান দোকানদাররা রয়েছে এবং বিক্রেতার রয়েছেন তাঁদের কাছে কংগ্রেসী মস্তান, সমাজবিরোধীরা টাকা চাইছেন। আগে তারা টাকা নিয়েছেন, এখন জোর করে নিতে চাইছেন। বলছে টাকা না দিলে দোকান ভেঙ্গে দেব, হত্যা করব। স্যার এটা একটা সাম্প্রদায়িক দাঙ্গার আকার নিতে পারে। আমি পুলিশ কমিশনারকে এই সম্পর্কে জানিয়েছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই বিষয়ে নজর রাখেন।

শ্রীএম আনসারউদ্দিন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জগতবল্লভপুর বিধানসভা কেন্দ্রে প্রচণ্ড পানীয় জলের অভাব দেখা দিয়েছে। অতি বৃষ্টির ফলে সমস্ত পুকুরগুলি জলে ডুবে নষ্ট হয়ে গিয়েছে। দেড় মাস আগে ঘোষণা করা হয় যে প্রত্যেক ব্লকের জন্য ৪টি করে নতুন টিউবওয়েল দেওয়া হবে। জগতবল্লভপুর ব্লকে এর জন্য কিছু টাকা দেওয়া হয়েছে এবং কিছু পাইপ, যন্ত্রপাতি কেনা হয়েছে কিন্তু ডোমজুড় ব্লকে কোন টাকা দেওয়া হয়নি ও যন্ত্রপাতি কেনা হয়নি। আমি এই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে ওখানে প্রত্যেক অঞ্চলে বহু টিউবওয়েল অকেজো অবস্থায় পড়ে আছে, এই টিউবওয়েল-গুলি রিসিংকিং করলে জলের অভাব থেকে মানুষ রেহাই পেতে পারে।

শ্রীকৃষ্ণদাস রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হয়তো অবগত আছেন যে গত আগস্ট মাসে প্রচুর বারিপাতের ফলে কেলেঘাই নদীতে প্রবল বন্যা হয়েছিল যার ফলে তার দুই তীরের ৪৯টি গ্রাম ধ্বংস হয়ে গিয়েছিল ও সেখানকার জমি-জায়গা সব নষ্ট হয়ে গিয়েছে। এর জন্য মেদিনীপুর জেলার ম্যাজিষ্ট্রেট ও সেখানকার এস. ডি. ও.-কে ওখানকার বাঁধগুলি বাঁধার ব্যবস্থা করার কথা বলা হয়। কিন্তু

...গতকালও সংবাদ নিয়ে জেনেছি সেখানে সেই হানাগুলি বাঁধা হয়নি, প্রায় ...টি হানা আছে। এই ব্যাপারে ইরিগেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুরে মাজিয়া ...রসিডিয়ারি হেল্‌থ সেণ্টারে দারুণ অরাজকতা চলছে। এখানে একজন এল. এম. এফ. ...ক্তার ছিল এবং এই হেল্‌থ সেণ্টারের ১৫ মাইলের মধ্যে কোন হাসপাতাল নেই। ...খানে একটা ফ্যামিলি প্ল্যানিং সেণ্টার আছে এবং তার কোয়ার্টার্সও হয়েছে কিন্তু ...খানে কোন স্টাফ আসেনি। এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুল কোয়াউম মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডায়মণ্ডহারবার একটি ...পর্যটক কেন্দ্র কিন্তু এখানে সামান্য পানীয় জল সরবরাহ করার কোন ব্যবস্থা ...ই। এখানে একটা ওয়াটার রিজার্ভার ১৯৬৯ সালে শেষ হয়েছে কিন্তু কোন ...ইপ লাইন বসিয়ে তা দিয়ে জল সাপ্লাই করা হচ্ছে না। তাছাড়া এখানে কোন ...টরওয়েল দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যাতে ...খানে জল সরবরাহ করার ব্যবস্থা করেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : স্যার, এই ব্যাপারটা খুব গুরুতর।

মিঃ ডেপুটি স্পীকার : এর উপর কোন আলোচনা করবেন না।

শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য : স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি ...কর্ষণ করছি। শ্রীরামপুর টেক্সটাইল কলেজে বহু বৎসর ধরে সেখানে বহু ...ধ্যাপক নেই। সেই কলেজে ১৫ জন অধ্যাপকের জায়গায় মাত্র ৪ জন আছেন ...র ১১ জনই নেই। এই অবস্থায় ছাত্রদের পড়াশুনা করার অসুবিধা হচ্ছে। ...গত কংগ্রেস রাজত্বে এর প্রিন্সিপ্যাল এই ব্যাপারে কংগ্রেস মন্ত্রীর সঙ্গে দেখা ...রে গিয়েছেন কিন্তু তাঁরা রাজনৈতিক দলাদলি ছাড়া বাইরের কোন কাজে মন ...ননি। এই কলেজ থেকে ছাত্ররা টেক্সটাইল ডিগ্রি নিয়ে গিয়ে ভারতবর্ষের বিভিন্ন ...য়গায় কাজ পেয়েছে। আমি এই দিকে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50 – 1.00 P. M.]

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক ...বং উচ্চ মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে কিছু বক্তব্য রাখতে চাই। বিগত কংগ্রেস ...রকার ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বাঁকুড়া জেলার বিভিন্ন প্রাথমিক,

মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলগুলিকে স্বীকৃতি দেয়নি এবং দেখা গেছে বিশেষ বিশেষ ক্ষেত্রে টাকা নিয়ে তারা নিজেদের লোককে স্বীকৃতি দিয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি এইভাবে টাকা নেওয়া যেন বন্ধ হয় এবং নূতন করে এই সমস্ত স্কুলগুলির স্বীকৃতি দেওয়ার প্রতি দৃষ্টি দেওয়া হয়।

শ্রীগণেশ চন্দ্র মণ্ডল ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের বিভিন্ন থানা এলাকায় যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে তার মধ্যে গোসাবা, ছোট মোল্লাখালি, কোরাকাঠি, সাতের খালি, হাড়োয়া প্রভৃতি স্বাস্থ্যকেন্দ্রে যথাযথভাবে ঔষধপত্র সরবরাহ করা হয়না এবং ডাক্তাররাও সেখানে থাকেন না। এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে দূর দুরান্ত থেকে রোগীরা এসে হতাশ হয়ে ফিরে যায় কারণ সেখানে চিকিৎসার কোন ব্যবস্থা নেই, ডাক্তারও নেই। এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে যাতে যথাযথভাবে ঔষধ সরবরাহ করা হয় এবং ডাক্তার সেখানে থাকে তার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

শ্রীসন্তোষ কুমার দাস ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পাথর কেন্দ্রের ১৫টি অঞ্চলে প্রায় ৪৫০টি টিউবওয়েল অকেজো অবস্থায় পড়ে রয়েছে কাজেই এগুলি যাতে তাড়াতাড়ি সংস্কার করা হয় তার জন্য আমি দাবী করছি। নূতন টিউবওয়েল না বসিয়ে সেই টিউবওয়েলের টাকায় অর্থাৎ যেটা বরাদ্দ হয়েছে সেই টাকায় আরও অনেক বেশী পুরান টিউবওয়েল সারান যেতে পারে। রাজনৈতিক শঠতা এবং মুনাফার লোভে কংগ্রেস সরকার গত ৫ বছরে সেগুলি না সারিয়ে কতগুলি নূতন টিউবওয়েল বসিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে পুরান যেগুলি রয়েছে সেগুলি সারাবার ব্যবস্থা করুন।

শ্রীমীর ফকির মহম্মদ ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কালিগঞ্জ থানায় দেবগ্রামে ৭৯নং গভীর টিউবওয়েলটি সরকার বসিয়েছেন এবং সেটি একজন কংগ্রেসী জোতদারের জমির আওতায়। এই জোতদারের জমির পরিমাণ ২০০ বিঘা। গত ১০ বছর ধরে এই জোতদার সেই টিউবওয়েলটি বন্ধ করে রেখেছে এবং সেই ডিপ টিউবওয়েলের অপারেটর এবং হেল্পারকে বন্দুক দেখিয়ে সেখান থেকে তাড়িয়ে দিয়েছে। এই টিউবওয়েল থেকে সে নিজেও জল নেয় না এবং চাষীদেরও জল নিতে দেয় না। সে নিজে যে জল নেয় না তার কারণ হচ্ছে সে জল নিলে তার ২০০ বিঘ

জমি সিলিং-এর আওতায় চলে আসবে। আমি অনুরোধ করছি কৃষকরা যাতে সেই ডীপ টিউবওয়েলের জল থেকে বঞ্চিত না হয় তার জন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রীরাজকুমার মণ্ডলঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে কিছু বক্তব্য রাখতে চাই। চেংগাইল প্রেমচাঁদ জুট মিল আজ ১ বছরের উপর বন্ধ হয়ে রয়েছে এবং সেখানে ৪ হাজার শ্রমিক কাজ করত। ১ বছর ধরে এই মিল বন্ধ থাকার ফলে এতগুলো লোক সম্পূর্ণরূপে বেকার হয়ে রয়েছে এবং এই বেকারীর জ্বালায় তারা তাদের ঘরের জিনিসপত্র, ঘটি, বাটি, থালা, প্রভৃতি বিক্রি করছে। আমি দাবী করছি সরকার সেই মিল নিজের হাতে নিয়ে অবিলম্বে চালু করুন। এই প্রসঙ্গে আমার আর একটা বক্তব্য হচ্ছে শ্রমিকরা ই এস আই-র অধিকার থেকে বঞ্চিত এবং তাদের পরিবারবর্গ ঔষধপত্র কিছুই পাচ্ছে না এবং তার ফলে অনেকে মারা গেছে। আমি এই অবস্থায় আবেদন করছি তাদের জন্য ঔষধপত্রের ব্যবস্থা করা হোক এবং তাদের কিছু রিলিফ দেবার ব্যবস্থা হোক।

শ্রীসোভান গাজীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। সিবাকুল অঞ্চলে একটা সরকারী অক্জিলিয়ারি হাসপাতাল আছে, এটা তৈরী হয় ১৯৪৮ সালে, মগরাহাট থানায়। অথচ এই হাসপাতালের অবস্থা দেখলে আপনি বিশ্বাস করতে পারবেন না, আমরা কোন্ জগতে বাস করছি। ১৯৪৮ সালে যে হাসপাতাল তৈরী হয়েছিল, সেটার এখন পর্যন্ত খড়ের ছাউনি, চার চালা, ঘরে গিয়ে আমি দেখে এসেছি উপরে চাল ছেয়ে যে বৃষ্টির জল পড়ে তা একটুও বাইরে পড়ে না। সমস্ত রুগীদের গায়ের উপর পড়ে, ২০টি শয্যা, এর অধিকাংশই ভিজে থাকে, এই বর্ষাকালে পরিষ্কার করার জন্য সুইপার-এর পাত্তা পাওয়া যায় না, রাত্রিবেলা কোন এ্যাটেণ্ডান্ট থাকে না। একজন মেডিক্যাল অফিসার আছেন। এই হাসপাতালের দুরবস্থার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন মেদিনীপুর ঘাটাল মহকুমা এবং মেদিনীপুর সদর মহকুমার এক অংশ প্রতি বছর বন্যার কবলে পড়ে, এখানকার লোকেরা প্রায় ১৫০ বঃ মাঃ এলাকা জুড়ে বন্যা

কবলিত হয়ে আছে, ঘাটালে একটা মাস্টার প্ল্যান ১৯৬৯ সালে করা হয়েছিল, মাননীয় সেচমন্ত্রী মহাশয় এই ব্যাপারে একটু দৃষ্টি দেবেন যাতে এই ঘাটাল মাস্টার প্ল্যান কার্যকরী হয়।

শ্রীমতী ছায়া ঘোষ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় লালবাগ মহকুমার অধীনস্ত মিউনিসিপ্যালিটি এলাকায় ৮৩৮টি উদ্বাস্তু ফ্যামিলি আছে। আমার মনে হয় তাদের প্রতি বিমাতৃসুলভ দৃষ্টিভঙ্গি আরোপ করা আছে। কারণ পঃ পাঞ্জাব থেকে আগত উদ্বাস্তুদের যেখানে ৬ হাজার করে লোন দেওয়া হয়, মুর্শিদাবাদে যে উদ্বাস্তু তাদের দেওয়া হয় মাত্র ২ হাজার করে। এখানে ১১টি ফ্যামিলি আছে যাদের কোন লোন দেওয়া হয়নি, অথচ ঋণ পরিশোধ করার যে নোটিশ তাদের উপর দেওয়া হয়েছে, এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এদের প্রতি সহৃদয় ব্যবহার করা হয়।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খবর পেলাম যে গত সপ্তাহে বাঁকুড়া জেলার ছাতনাতে সংশোধনী রেশন এলাকায় মাথাপিছু মাত্র ২২ গ্রাম করে চিনি দেওয়া হয়েছে। আমি জানি যে, কোন কোন সপ্তাহে দেওয়া হয়, কোন সপ্তাহে দেওয়া হয়না। এই নিয়ে গ্রামাঞ্চলের মানুষের মনে অসন্তোষ হয়। আমি জানতে চাই রেশনের নামে এই যে প্রহসন চলে আসছে, সেটা কবে বন্ধ হবে।

[1.00—1.10 P.M.]

ডাঃ শাশ্বতী বাগ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। 'ধূমপান নিষেধ' 'নো স্মোকিং'—এই কথা স্টেট বাস, প্রাইভেট বাস, মিনি বাস এবং দূরপাল্লার স্টেট বাসে লেখা আছে। কিন্তু শেষের দুটোতে অর্থাৎ দূরপাল্লার স্টেট বাস এবং মিনি বাসে কিছু স্টাফ এবং যাত্রী তারা নির্বিকারে ধূমপান করে চলেছেন। এই শেষের দুটি কি কোন আইনের বাইরে? তা যদি না হয় তাহলে একটু দেখবেন। কারণ কেউ যদি প্রতিবাদ করতে যায় তারই অসুবিধা হয়ে থাকে। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমহম্মদ সোহরাব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা ওয়েস্ট বেঙ্গল ভেটারনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্টস্ এ্যাসোসিয়েশানের জেনারেল সেক্রেটারীর কাছ থেকে

একটা স্মারকলিপি পেয়েছি। ওই কর্মচারীরা অত্যন্ত অল্প বেতনের কর্মচারী। ওই স্মারকলিপিতে তাঁরা বলছেন, ওখানকার ডিরেকটারের মাথায় পোকা নড়েছে, তাই অনেককে ট্রান্সফার করেছেন। আমি বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি বিষয়টা দেখতে এবং স্মারকলিপির কপি আপনাকে দিচ্ছি।

শ্রীহবিবুর রহমানঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আপনি জানেন বিগত সরকার ভূমিহীন চাষীদের খাস জমি দেবার স্থায়ী বন্দোবস্ত করেছিলেন। পাট্টা দেওয়া হয়েছিল। পাট্টা পাওয়ার পর যে সমস্ত চাষীরা চাষ-আবাদ করে আসছে তাদের এখন একটা ভয় দেখানো হচ্ছে। বর্তমান সরকার নাকি এই খাস জমি বিলিবন্টনে বাধা দিয়েছেন একটা এনকোয়ারী করবেন বলে। এনকোয়ারী করে দেখবেন, যদি ভুল হয় তাহলে ব্যবস্থা করবেন। কিন্তু সি. পি. এম. কর্মীরা জমি দখল করে নেবার ব্যবস্থা করছে। তারা বলে বেড়াচ্ছে, যে জমি দখল করে নেবে, জমি তার হবে। এর ফলে একটা খারাপ অবস্থার সৃষ্টি হয়েছে।

শ্রীশুভেন্দু মণ্ডলঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে সোশ্যাল ওয়েলফেয়ার মিনিস্টারের। ঝাড়গ্রাম মহকুমার সরডিয়াতে লাখ টাকা ব্যয়ে একটা সোশ্যাল ওয়েলফেয়ার ট্রেনিং সেন্টার হয়। এটা ইংরাজ আমলে হয়। এখানে তিন মাস ট্রেনিং দেওয়া হয়, ৯ মাস বাড়ীটা পড়ে থাকে। সেটিকে রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা নেই। ফলে সেটা চোর-ডাকাতের আড্ডা হয়ে থাকে। সেটা সরকারের দেখা দরকার যাতে এটা ভালভাবে চলতে পারে। সেখানে আরও ট্রেনিং সেন্টার রয়েছে, যেখানে দু'জন করে মহিলা কর্মী রয়েছেন তাঁদের কাজ নেই। সেটা যাতে চালু হয় সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহরিপদ জানাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী শ্রীপার্থ দের দৃষ্টি আকর্ষণ করছি। হায়ার সেকেণ্ডারী স্কুলের অনুমোদনের ব্যাপারে কি ক্রাইটেরিয়া সরকার গ্রহণ করেছেন মন্ত্রী মহাশয় যদি বলেন ভাল হয়। কারণ এই নিয়ে শিক্ষক সমাজে এবং জনসমাজে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। অনেক খ্যাতি সম্পন্ন স্কুল ভাল ভাবে ইন্সপেকশন হয়েছে। এই রকম স্কুল যেমন

মহম্মদপুর দেশপ্রাণ বিদ্যালয় এবং তমলুক থানার কৃষ্ণগঞ্জ মাতঙ্গিনী কৃষি শিল্প বিদ্যালয়—এরা এখনও রেকগনাইজেশান পায় নি। অবশ্য কিছু দিন এক্সটেনশান দিয়েছেন। এই বিষয়টা একটু পরিষ্কার করে বললে ভাল হয়। ওই দুটি স্কুল একই ধরনের এবং মানের। তাদের স্ট্যাণ্ডার্ড খুব উঁচু ধরনের।

শ্রীজয়েজয় ওঝা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তন্তুবায় সমবায় সমিতি এবং তাদের সদস্যরা যে অসুবিধায় পড়েছে সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ইকনমিক ঋণ না দেওয়ার ফলে তাদের অসুবিধা হচ্ছে। তাছাড়া, আর একটা সমস্যা সরকার তন্তুবায় সমবায় সমিতি থেকে জনতা শাড়ী তৈরি করাচ্ছেন। সেই জনতা শাড়ীর দাম দিতে খুব দেরী হয়, কখনও কখনও এক মাস দেড় মাস দেরী হচ্ছে এবং সেই টাকাও দেওয়া হচ্ছে চেকের মাধ্যমে যাতে সেই চেক ভাঙ্গাতে অনেক দেরী হচ্ছে। এতে তাদের খুব ক্ষতি হচ্ছে এবং সমবায় সমিতিগুলিও খুব মুশকিলে পড়ছে। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে সুব্যবস্থা করার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমধু ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্ধমানের কুলটি অঞ্চলে যেসব রাস্তা আছে সেই সব রাস্তার অবস্থা খুবই শোচনীয়। ঐসব রাস্তাগুলি মেরামত একেবারেই হয় না এবং কোন তদারকীর ব্যবস্থা নাই। এই দিকে আমি পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীএ কে. এম. হাসানুজ্জামান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুসলমানদের সমস্ত কাজ চাঁদ দেখে শুরু হয়। এখন এই চাঁদ দেখার সুষ্ঠু ব্যবস্থা না থাকার জন্য অনেক রকম অসুবিধার সৃষ্টি হচ্ছে। যেমন এখন রোজা চলছে। এই রোজা কেউ বুধবার থেকে আরম্ভ করেছে, আবার কেউ কেউ বৃহস্পতিবার থেকে আরম্ভ করেছে। যাতে সুষ্ঠুভাবে চাঁদ দেখার ব্যবস্থা করা হয় এবং ঈদ নামাজ যাতে ঠিক ঠিক সময়ে হতে পারে তার জন্য একটি ঈদ কমিটি হওয়া দরকার। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে সরকার যদি একটু উদ্যোগী হন।

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রীহরিপদ ভারতী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বহুকাল পূর্বে সুগভীর সমাজ চেতনার আলোকে উদ্ভাসিত করার জন্য দেব সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ এই

ভারতবর্ষের একটা চিত্র প্রত্যক্ষ করেছিলেন। তিনি বলেছিলেন ভবিষ্যৎ ভারতবর্ষে কুটীর পর্ণকুটির ভেদ করে লাঙ্গল কাঁধে করে তারা বেরুবে পাশ থেকে ঝোপ থেকে জঙ্গল থেকে কারখানা থেকে। স্বামী বিবেকানন্দ সেদিন বলেছিলেন, যুগ যুগ ধরে যে মানুষ উপেক্ষিত নিগৃহীত সেই দরিদ্র জনগণের কল্যাণ সাধন জাতির ব্রত। তিনি শোষিত মানুষদের দিকে দৃষ্টি নিক্ষেপ করে বলেছিলেন, এরা আগামী ভারতবর্ষের রূপধর, উত্তর সাধক এদের সেবা করো, এদের কল্যাণ সাধনের ব্রত উদযাপন করো। কি আশ্চর্য ১৯৭৭ সালের ২৫শে আগস্ট পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা শুনছিলাম, আর স্বামীজীর সেই কথার প্রতিধ্বনি আমার কানে আসছিল। নিঃসন্দেহে অর্থমন্ত্রী তাঁর বক্তৃতার মধ্যে দরিদ্র নিপীড়িত মানুষের কথা বলেছেন। তাদের কল্যাণে নিজেকে সচেষ্ট রাখবার প্রতিশ্রুতি দিয়েছেন এবং বাজেটকে সেই ভাবে প্রস্তুত করেছেন। তার জন্য আন্তরিক সাধুবাদ তিনি আমার কাছ থেকে নিশ্চয় পাবেন। তাঁর বক্তৃতার উপসংহারে যখন তিনি বলছেন, আমরা নীরব বিপ্লব করতে চাই, একটা নীরব অর্থনৈতিক বিপ্লব রূপান্তর যুগ যুগ ধরে যেসব মানুষ বঞ্চিত উপেক্ষিত নিপীড়িত সেই মানুষের জীবনে একটা তারা খুঁজে পাবে। আমি সাধুবাদ জানাই তাঁর এই বক্তৃতার জন্য। সত্য সত্যই যদি সেই বহু মানুষের কল্যাণসাধন করা ভারতবর্ষের সেই আদর্শ বহু জন হিতায় বহু জন সুখায়—এই রাজনৈতিক জীবনের রাজনৈতিক পরিকল্পনা রচনা করা উদ্দেশ্য হয় তাহলে অর্থমন্ত্রী আজকে যে সেই স্বামীজীর কথা উচ্চারণ করেছেন তার জন্য আমি তাঁকে সাধুবাদ অভিনন্দন জানাই। কিন্তু মনীষীর কর্তব্য যেখানে সমাপ্ত হয় মন্ত্রীর কর্তব্য বোধ করি সেখান থেকে শুরু হয়। জননায়ক চিন্তা করে চিন্তার জগতে তরঙ্গের সৃষ্টি করেন। কিন্তু সেই চিন্তার পর লোক সমাজ ব্যক্তিকে জীবনের পথে উন্নীত করার পরিকল্পনা তিনি রচনা করেন। মন্ত্রীর প্রশাসন যন্ত্র তাঁর করতলগত।

[1.10—1.20 P.M.]

আজকে আপনাদের সামনে আমি এই বক্তব্য এই জন্য রাখতে চাইছি, আমার নিজের চোখের সামনে যেন দুটি বক্তৃতা ভিন্ন ভিন্ন রূপ নিয়ে উপস্থিত হচ্ছে। একটি যেন চিন্তাশীল, অর্থনীতিবিদ, মানবপ্রেমিক, দরিদ্র-নিপীড়িত মানুষের বন্ধু ডঃ অশোক মিত্র মহাশয়, তাঁর সেই চিন্তাতে রূপ দেবার জন্য বাজেট যিনি রচনা করেছেন সেই পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্রের মাঝখানে যেন একটা ব্যবধান রচিত হয়ে গেছে—সেই কথা বলবার জন্য আমি আমার বক্তৃতার প্রারম্ভে

এই কথা বলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যখন আলোচনা ধীরে ধীরে উপস্থাপিত করবার চেষ্টা করব তখন আমার বক্তব্যে সেটা পরিস্ফুট করতে চাইব। কিন্তু প্রারম্ভে আমি এই কথা নিঃসন্দেহে আপনার কাছে ব্যক্ত করতে চাই, দ্ব্যর্থহীন ভাষায় এই বাজেটের বিরুদ্ধে প্রতিবাদ করে বিরোধিতা করে বাজেটকে প্রত্যাখ্যান করবার মত প্রস্তাব বিধানসভায় উপস্থিত করছি না—আমি এই বাজেটের সমালোচনা করলেও বন্ধুর মত সমালোচনা করব, বাজেট গৃহীত হোক এই শুভ কামনাই আমি জ্ঞাপন করব। বাজেট আলোচনার জন্য প্রথমেই যেটি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে তা হল এই, বাজেট মূলতঃ আমার কাছে নেতিবাচক। কি পাইনি তার হিসাব মেলাতে মাননীয় অর্থমন্ত্রী যে সময় ব্যয় করেছেন, আর যে পেয়েছেন তাকে কি ভাবে কার্যে নিযুক্ত করা যায় সেদিকে বেশী দৃষ্টিপাত করবার সুযোগ গ্রহণ করেন নি। তিনি সীমাবদ্ধতার কথায় সোচ্চার হয়েছেন। তার ক্ষমতা ব্যবহার কিভাবে করবেন সেই কথা বেশীভাবে বলেন নি এবং তার মধ্যে আমি দেখতে পাচ্ছি বিগত দিনের অপকীর্তি প্রকাশ করবার সুযোগ নিয়েছেন, যদিও অতীত দিনের দুঃখ-দারিদ্র্য, দুর্দশা, মনোবেদনা প্রকাশ করবার সুযোগ নিয়েছেন, ভাবীকালের তাঁর দৃষ্টি বোধ হয় তেমনভাবে প্রকাশিত হয় নি। দ্বিতীয় কথা বাজেট সম্পর্কে বক্তব্য—বাজেট মূলতঃ রেভিনিউ ভিত্তিক,যাকে বলে ক্যাপিটাল ভিত্তিক নয়। অর্থাৎ এই বাজেটের মধ্যে তিনি যে বরাদ্দের কথা বলেছেন—যে বরাদ্দের জন্য তিনি বিধানসভা কক্ষে সমর্থন চেয়েছেন তা সরকারী কাঠামোর দৈনন্দিন ক্রিয়াকর্মে প্রাত্যহিক যে সমস্ত কার্যপদ্ধতি আছে তা নিষ্পন্ন করবার জন্য বাজেট রচনা করেছেন, অর্থাৎ যাকে আমরা প্রচলিত ভাষায় বলি "দিনগত পাপক্ষয়", সেই পাপক্ষয় করবার জন্য তিনি বাজেট রচনা করেছেন। কিন্তু ক্যাপিটাল বাজেট বলতে বোঝায় যে বাজেটে অর্থবরাদ্দ করা হয়। এটা শুধু আজকের দিকে দৃষ্টি নিবদ্ধ করবার জন্য নয়, ক্যাপিটাল বাজেটে অর্থ বরাদ্দ করা হয় ভাবীকালের মানুষ, ভাবীকালের দেশ আগামীদিনে সমস্ত সরকারী প্রকল্পের মধ্য দিয়ে উপকৃত হবে, যে অর্থ বাজেটে বরাদ্দ করা হবে, লগ্নীকৃত করা হবে সেই অর্থ প্রচুর পরিমাণে নূতন সম্পদ সৃষ্টি করে দেশকে উন্নত করবে, সমৃদ্ধ করবে—সেই ক্যাপিটাল বাজেট আমি এর মধ্যে দেখতে পাচ্ছি না, যদিও রেভিনিউ বাজেট দিয়েছেন। স্বভাবতঃই মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দারিদ্র্যের কথা ভেবেছেন, দরিদ্র মানুষের জীবনের ধারাকে বুঝিয়ে দেবার চেষ্টা করেছেন। তাই স্বভাবতঃই তিনি সচেতন অর্থমন্ত্রীরূপে তাঁর দৃষ্টিকে প্রসারিত করে দিয়েছেন প্রথমে গ্রামের দিকে। গ্রামোন্নয়নের কথা তিনি বলেছেন, গ্রাম পরিকল্পনা তিনি গ্রহণ

করেছেন এবং গ্রামের সর্বাঙ্গীণ উন্নতির জন্য অর্থ বরাদ্দের ব্যবস্থা করেছেন। কিন্তু তিনি যে গ্রামের উন্নতি করতে চেয়েছেন সত্যিকারে সেই গ্রামের অবস্থা সম্পর্কে চেতন থেকে পরিপূর্ণ কোন প্রকল্প রচনা করেন নি, কিন্তু বিচ্ছিন্নভাবে ইতঃস্তত বিক্ষিপ্ত কিছু কিছু প্রকল্পের দিকে দৃষ্টি নিবদ্ধ করেছেন, সত্যিকারে গ্রামের ব্যথা-বেদনা তিনি কান পেতে শোনেন নি, সর্বাঙ্গীণ মুখোমুখি দাঁড়াবার চেষ্টাও তিনি করেন নি, তাঁর কাছে সেটা অবশ্যই বেদনা। সত্যিই সত্যিই তিনি কৃষকের কথা বলেছেন, কৃষকের কথা বলেছেন, জমি বিতরণের কথা বলেছেন—আমি এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটি কথা জানাতে চাই। আমাদের দেশে ভূমিহীনদের ভূমি দেবার প্রস্তাব করা হয়—নির্বাচনী ইস্তাহারে প্রত্যেকেই এই কথা বারবার বলে থাকি যে, ভূমিহীনদের ভূমি দেব। কিন্তু আমরা সকলেই অবগত আছি যে, ভূমিহীন কৃষক আমাদের দেশে যত আছে আমাদের হাতে তত ভূমি নেই।

ভূমিহীনদের মধ্যে ভূমি বিতরণ করবার মতন প্রচুর পরিমাণে ভূমি আমাদের নেই বং যে ভূমি আমাদের আছে, যে জমি আমরা উদ্বৃত্ত বলে মনে করছি, যদি আইনগত বাধা অতিক্রম করেও—যে আইনগত বাধার কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সঙ্গত কারণেই বলেছেন, সেই আইনের বাধাকে আমরা যদি অতিক্রম করতেও পারি তাহলেও সেই জমিকে যদি আমরা সমস্ত ভূমিহীন মানুষের মধ্যে বণ্টন করতে চাই তাহলে তার জমির কামনাকে হয়ত কিঞ্চিত পরিমাণে তৃপ্ত করতে পারবো, জমির প্রতি মানুষের যে দুর্বলতা, জমির মালিকানা স্বত্বের প্রতি মানুষের যে কৃতি তাকে হয়ত মর্যাদা দিতে পারবো কিন্তু বাংলার সেই প্রবাদ—দিও কিঞ্চিত করো বঞ্চিত—এমনি করে করে জমি দিলে সেই জমির দ্বারা ভূমিহীন কৃষকের উপকার হবে এমন অবাস্তব কথা নিশ্চয় আমরা কেউ ভাবি না। কারণ ঐ ছোট ছোট জমির মালিকানা লাভ করে কৃষকের সত্যিকারের উন্নতি হবে, ঐ ক্ষুদ্র জমিতে ফসল ফলিয়ে তার গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা হবে একথা যদি আমরা ভেবে থাকি তাহলে নিশ্চয় আমরা সত্যিকারের সমাজ সচেতনতার পরিচয় রাখবো না। আজকে যখন সারা পৃথিবীতে দিগন্ত বিস্তৃত শস্যক্ষেত্রে কো-অপারেটিভ ফার্মিং-এর স্বপ্ন দেখছে পৃথিবীর মানুষ এবং তারা অনেক সোনার ফসল ফলাচ্ছে তখন আমরা কি করছি সেটা ভাবা দরকার। আমরা ভূমিহীন কৃষকদের ছোট ছোট জমি বিতরণ করছি। কিন্তু তার ফলে ঐ ছোট জমিকে কেন্দ্র করে ঐ কৃষকের ইকনমিক হোল্ডিং বলতে যা বোঝায় তা হবে না। ফলে সেই জমি সে একদিন মহাজনের কাছে বিক্রি করবে, বন্ধক রাখবে এবং এইভাবে সে আবার ভূমিহীন কৃষকে পরিণত হবে। অতএব

মাঝখানে কিছু অধ্যায় রচনা করবার বাহুল্যই মাত্র আমরা তৈরি করবো কিন্তু আসলে তাদের জমির জন্য যে বেদনা তাকে আমরা তৃপ্ত করতে পারবো না। সেইজন্য আমি বলব, আপনারা সমস্ত ভূমিহীন কৃষককে ভূমি দেবেন এই রকম পরিকল্পনা পরিত্যাগ করে যেটুকু জমি উদ্বৃত্ত পাবেন তা এমন ভাবে বণ্টন করুন যাতে একজন কৃষক সেই জমি চাষ করে তার গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করতে পারে। অর্থনৈতিক দিক থেকে সে যাতে স্বনির্ভর হয় সে দিকে নজর দিন। এই বিধানসভার কক্ষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে অমর কথাশিল্পী শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়ের সেই 'মহেশ' গল্পটি মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করাতে চাই। মহেশ গল্পের নায়ক গফুর গ্রাম পরিত্যাগ করে শহরাঞ্চলে চলেছিল শিল্পে কাজ করবার জন্য, কারখানায় নিজেকে নিযুক্ত করবার জন্য। সে ভূমিহীন কৃষাণ ছিল, বর্গাদার ছিল! তথাপি সে গ্রাম পরিত্যাগ করে চলে গেল শুধু সেই কারণেই নয়, সে এই কারণে গ্রাম পরিত্যাগ করে চলে গেল যে, ভূমির উপর অধিকতর নির্ভরতা আর আমাদের ভূমি সহ্য করতে পারছে না। আমাদের কৃষাণ নিঃসন্দেহে সে কথা অনুভব করেছে। জমির উপর ভারতবর্ষের অর্থনৈতিক চাপ এতই প্রচণ্ড, এতই নির্ভরতা যে, তাকে যদি আরো বিস্তৃত করবার চেষ্টা করি তাহলে নিশ্চয় তার দ্বারা কৃষকের কল্যাণ করতে পারবো না। তাই কৃষিমুখী আমাদের যে চিন্তা তাকে বোধ হয় শিল্পমুখী করবার দিন এসে উপস্থিত হয়েছে যে কথা শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় অনেক পূর্বেই অনুভব করেছিলেন। সাহিত্যিক হয়েও তিনি এই দিব্যদৃষ্টি লাভ করেছিলেন এবং সেকথা মানুষকে বোঝাবার চেষ্টা করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই প্রসঙ্গে আমি প্রথমে বেকার বন্ধুদের কথা বলব। নির্বাচনী ইস্তাহারের মাধ্যমে আমরা যা প্রচার করেছি সমস্ত দলের পক্ষ থেকে যুবমনকে আকৃষ্ট করবার জন্য, যুবশক্তিকে নিজেদের কাজে বায়িত করবার জন্য তাতে যুবকদের মনে সুখ স্বপ্ন আমরা রচনা করেছি। আমরা বলেছি, তোমরা ভোট দাও, আমাদের জয়ী কর, আমরা যদি সরকারে যাই তাহলে তোমাদের সকলের কর্মসংস্থানের ব্যবস্থা করে দেব, বেকারত্বের অভিশাপ থেকে তোমাদের মুক্ত করবো। আর যদি বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করতে না পারি তাহলে যতদিন তা না পারবো ততদিন তোমাদের বেকারভাতা দেব। আমরা সব দল একথা বলেছি, সব প্রার্থী একথা বলেছি। কিন্তু যখন আমরা কর্মক্ষেত্রে দৃষ্টি নিক্ষেপ করি, যখন দায়িত্ব গ্রহণ করতে উদ্যত হই, যখন প্রশাসন ব্যবস্থার ক্ষমতাটা নিজেরা পরিমাপ করবার চেষ্টা করি তখন দেখি করা যায় না। আমি বলি না মাননীয় অর্থমন্ত্রী ইন্দ্রজাল তৈরি করবেন।

[1.20—1.30 P.M.]

আমরা নিশ্চয়ই একথা বলবো না, এই দাবী করবো না যে, সরকার সমস্ত বেকারকে চাকুরী দেবেন। কিন্তু আমরা নিশ্চয়ই এই আশা করবো মাননীয় অর্থমন্ত্রী যখন সচেতন দেশের সমস্যা সম্বন্ধে তখন পশ্চিম বাংলার সবচেয়ে বড় যে সমস্যা, সেই বেকার সমস্যার দিকে তাঁর দৃষ্টি আদৌ নিযুক্ত হ'ল না, একটি কথাও তিনি বললেন না, একটি প্রকল্পও তিনি রচনা করলেন না। শুধু ভাসা ভাসা, অস্পষ্ট, অসম্পূর্ণ, অব্যক্ত কতকগুলি কথা তিনি পাঠ করলেন। তার মধ্য দিয়ে বেকার সমস্যা সমাধান হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিনা জানি না, কিন্তু গত এক সপ্তাহের মধ্যে কত বেকারের মিছিল আপনার বিধানসভা লক্ষ্য করে উপস্থিত হয়েছে। আমার সৌভাগ্য হয়েছিল, আমি তাদের আমন্ত্রণ পেয়ে তাদের কাছে গেছি। এসেছেন শিবির কর্মচারী, এসেছেন সেন্সাস কর্মচারী, হাজারে হাজারে তারা এসেছেন, এসেছেন ৮ হাজার বেকার। তারা এতকাল কাজে নিযুক্ত ছিলেন, আজকে তারা বেকার হয়ে গেছেন। তাদের মধ্যে অন্ততঃ ৫জন যুবক বেকারের অভিশপ্ত জীবনের জ্বালা সহ্য করতে না পেরে আত্মহত্যার পথ গ্রহণ করেছে। এসেছেন শিক্ষক, যারা সত্যিকারের শিক্ষকতা লাভ করেছেন এমন প্রাথমিক শিক্ষক এসেছেন। তারা হাজারে হাজারে এসেছেন। মহিলা এসেছেন, পুরুষ এসেছেন, তারা দাবী করছেন, তাদের শিক্ষার যোগ্যতা আছে, শিক্ষকতা করবার জন্য তারা নিজেরা শিক্ষালাভ করেছেন, তাদের সরকার চাকুরী দিন। তাদের মধ্যে এমন অনেকে আছেন যারা কর্মে নিযুক্ত ছিলেন কিন্তু আজ তারা বেকার। আমি আলোচনা করেছিলাম। জ্যোতিবাবুর কাছে এই প্রশ্ন নিয়ে আমার বক্তব্য রেখে-ছিলাম। তিনি তার সমস্যার কথা বলেছেন। আমি সহানুভূতির সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে তাঁর সেই সমস্ত কথা উপলব্ধি করেছি। আমি তাঁকে দায়ী করতে চাই না। আমি শুধু এই প্রশ্ন আজকে মাননীয় অর্থমন্ত্রীর উদ্দেশ্যে উপস্থিত করতে চাই যে কোন দলের জন্য চাকুরী হয়েছিল, এটা হয়ত শুরুতে বড় কথা কিন্তু পরে বড় কথা নয়। কারণ যে ছেলে, সে যে দলেরই হোক চাকুরী পাক। সে ছেলে বাংলার ছেলে, আমার দেশের বেকার, আমার ভাই-বোন, আমাদের পুত্র-কন্যা। তাদের দায়িত্ব যদি আমরা পরিত্যাগ করতে চাই, এই অজুহাতে, যে ওদের চাকুরী আমরা দিইনি, অন্য দল দিয়েছে, তাহলে নিশ্চয়ই আমরা শ্রদ্ধা পেতে পারি না। আমাদের জাতীয় কর্তব্য আমরা পালন করছি, একথা বলতে পারি না। আজকে চারিদিকে বেকার। গত ১/২ মাসের মধ্যে অন্ততঃ ১৭টি কারখানা বন্ধ হয়ে গেছে। জুট মিল বন্ধ হয়েছে

—আমরা চাইছি অর্থনৈতিক উন্নতি, আমরা চাইছি উৎপাদন বৃদ্ধি করতে। কিন্তু এমনি করে গত এক দেড় মাসের মধ্যে এতগুলি বড় বড় জুটমিলের কারখানা যদি বন্ধ হয়ে যায়, আর লক্ষ লক্ষ শ্রমিক যদি বেকার হয়ে যায় তাহলে তার মধ্য দিয়ে কোন অর্থনৈতিক দৃঢ় বুনিয়াদ পশ্চিম বাংলায় আমরা গঠন করবার স্বপ্ন দেখতে পারি ? আমি এই প্রশ্ন আপনার কাছে রাখতে চাইছি, চারিদিকে বেকার—স্বর্ণশিল্পী বেকার, শিক্ষক বেকার, এমনভাবে কত লক্ষ লক্ষ মানুষ বেকার। একদিনে না হোক, এক মাসে না হোক, ৫ বছরে না হোক, কিন্তু ধীরে ধীরে এই বেকারদের কর্মসংস্থানের জন্য কিছু প্রকল্প আমাদের মাননীয় অর্থমন্ত্রী রচনা করতেন, একটা সুস্পষ্ট ছবি আমাদের চোখের সামনে ফুটিয়ে তুলতে পারতেন, একটা আশার আলো বেকার যুবকদের চোখের সামনে জ্বালিয়ে দিতে পারতেন তাহলে আমি মনে করতাম এই বাজেট সত্যি সত্যিই সার্থক হয়েছে। আমি নিজেকে সত্যিসত্যিই সন্তুষ্ট মনে করে, তৃপ্ত মনে করে ধন্যবাদ দিতাম। কিন্তু সত্যিই আমি আজ কুণ্ঠিত। এই ব্যাপারে তাঁকে ধন্যবাদ জানাতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে আজকে এই বেকার সমস্যার সমাধানের প্রসঙ্গে আমাদের নেতা শ্রদ্ধেয় কাশীকান্ত মৈত্র, তাঁর ভাষণে এই দেশের পশ্চিম বাংলার মানুষের অগ্রাধিকারের প্রশ্ন তুলেছেন। এই প্রশ্ন অত্যন্ত সঙ্গত, স্বাভাবিক বলে আমি মনে করি। আমি কোন প্রাদেশিকতার গন্ধ আমার শরীরে বহন করি না। প্রাদেশিক মানসিকতা আমার নেই। আমি যে রাজনীতির মধ্যে বর্দ্ধিত, লালিত-পালিত সেটা সর্বভারতীয় রাজনীতি। তথাপি একথা সত্য যে প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ ট্রেনে করে চলেছে, ভিন্ন ভিন্ন যানবাহনে করে কলকাতায় আসে। পশ্চিম বাংলায় কেউ বেকার ফিরে যায় না। সব বেকার হয়ে এখানে আসে আর ধীরে ধীরে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশে সমস্ত ভারতবর্ষের চিত্ত চমৎকৃত হবে, আর বাংলার চিত্তে বাঙ্গালীর ছেলে বেকার হবে এই দৃশ্য দেখবার জন্য আমরা এই বিধানসভার কক্ষে আসিনি।

কাজেই অর্থমন্ত্রীর কাছে এই আবেদন রাখবো, কি ভাবে আইন প্রণয়ন করবেন, কি ভাবে সংকীর্ণতার স্পর্শ থেকে নিজেকে মুক্ত রাখবেন, কিন্তু আমি দ্ব্যর্থহীন ভাষায় এই কথা বলতে চাই, বাংলাদেশে বাঙ্গালীর সন্তান সন্ততি নিঃসন্দেহে অগ্রাধিকার পাবে। বহুকাল ধরে আমরা দেউলিয়া হতে চলেছি, বহুকাল ধরে আমরা দধিচির ব্রত পালন করেছি, নিজেদের অস্থি পঞ্জর দিয়ে ভারতকে সমৃদ্ধ করেছি। বোধ করি, শেষ অধ্যায় রচনা করবার দিন আমাদের সামনে উপস্থিত হয়েছে। তাই বাঙ্গালীর ছেলেরা আজকে অগ্রাধিকার পাবে, এই কথা আমি

আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করতে চাচ্ছি। দ্রব্যমূল্য বৃদ্ধি আজকে পশ্চিমবাংলার আর একটা গুরুত্বপূর্ণ বিষয়। এবং আমি আপনার মাধ্যমে বলতে চাই, অর্থমন্ত্রীর বাজেটের মধ্যে কোথাও দ্রব্যমূল্য বৃদ্ধি কমাবার, দ্রব্যমূল্য হ্রাস করবার, স্থিতিশীল রাখবার জন্য কোন সুস্পষ্ট পরিকল্পনা হাজার প্রত্যাশা থাকা সত্ত্বেও আমি প্রত্যক্ষ করবার সৌভাগ্য লাভ করিনি। অনেক কথা তিনি বলেছেন, অনেক তত্ত্বের সমারোহ করেছেন, কিন্তু আজকের মানুষ নিঃসন্দেহে বিশ্বাস করে, সরকার যদি চান তাহলে দ্রব্যমূল্য কিঞ্চিত কমাতে পারেন। জগজীবন রাম এসেছেন, কেন্দ্রীয় মন্ত্রী, কাল বক্তৃতা করেছেন, আজকের খবরের কাগজে তা বেরিয়েছে। সেই বক্তব্যের মধ্যে তিনি বলেছেন অনেক দ্রব্য আছে, নিত্য প্রয়োজনীয় দ্রব্য, যার মূল্য বৃদ্ধির কোন কারণ নেই। অসাধু ব্যবসায়ীরা কেবল মাত্র সেই মূল্য বৃদ্ধি করছে। যদি তাই হয়, অসাধু ব্যবসায়ীরা যদি চক্রান্ত করে, এই নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি করে, জনজীবনে বিপর্যয় ডেকে আনছে তাহলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে আমি আবেদন জানাবো এবং তাঁর মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন এই অসাধু ব্যবসায়ীদের সাজা দিন, আদর্শ দণ্ড দিন যাতে কোনও দিন এমন চক্রান্ত করে জনজীবনে বিপর্যয় আনবার দুঃসাহস কোন ব্যবসায়ীর না হয়, এই কথা আপনার মাধ্যমে বলছি। আজকে আপনাদের কাছে এই আলোচনা—কেন্দ্র-রাজ্যের সম্পর্কের কথা বারবার উঠেছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটে বলেছেন, একটা আলোচনার ক্ষেত্র প্রস্তুত করে বলছে, একটা বিশেষ করে আলোচনা যাতে হয় সর্বভারতীয় ক্ষেত্রে, তার প্রস্তাব এসেছে, আমি সেই সঙ্গে এক সঙ্গে এই কথা বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে যে আমিও বিশ্বাস করি কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিবেচনা হওয়া আবশ্যক। আমি বাংলাদেশের মানুষ হয়ে আপনাদের এই কথা বলতে চাই, আমি ভারত-এর অখণ্ডতায় বিশ্বাসী, এই অখণ্ডতা কেবলমাত্র অর্থ নৈতিক যা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। আমার বক্তব্য তা নয়, এই অখণ্ডতা অর্থ নৈতিক, রাজনৈতিক, ভাবগত, শ্রেণীগত, সংস্কার গত, তথাপি আমি এই কথা বলতে চাই ঐক্যকে বিনষ্ট না করে, বিচ্ছিন্নতাকে প্রশ্রয় না দিয়ে, কোন কেন্দ্র-রাজ্য বিরোধের সূত্রপাত না করে, নিঃসন্দেহে এই সম্পর্কের পুনর্বিবেচনা হওয়া আবশ্যক। বাংলাদেশ মরবে, পশ্চিমবাংলা মরবে আর ভারতবর্ষ উন্নত হবে, সমৃদ্ধ হবে, একটা উদ্ভট কল্পনা এবং এই কল্পনার সঙ্গে অন্ততঃ আমার কল্পনার কোন মিল নেই। আমি আপনাদের কাছে আগেও বলেছি, যদি কখনও বাংলাদেশের স্বার্থে, পশ্চিমবাংলার কল্যানে কেন্দ্রীয় সরকারের সংগে আপনাদের বিরোধ হয়,

আমি আপনাদের পাশে দাঁড়িয়ে আমি বাংলাদেশের ন্যায্য পাওনা আদায় করবার জন্য আপনাদের সঙ্গে সহযোগিতা করবো। কারণ বাংলাদেশ মরুক এবং ভারতবর্ষ বাঁচুক, এমন একটা চিত্র নিঃসন্দেহে আমার কাছে কাম্য নয়। কিন্তু সঙ্গে এই মানসিকতা যে বাংলাদেশের সরকার প্রশ্রয় না দেন যে নিজেদের অপটু হাত দুটোকে লোকের কাছে নিজেদের আচ্ছাদিত করবার জন্য কেন্দ্রীয় সরকার নামক একটা অজুহাত যেন না তৈরী হয়। যেন রবীন্দ্রনাথের সেই কবিতার মত "যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর", আপনারা যা কিছু করতে পারবেন না, কেন্দ্র নামক ঐ যে কেষ্টা, তার দিকে গিন্নি নামক জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করে বিষিয়ে তোলবার চেষ্টা করবেন না, এটা কিন্তু ফলপ্রসূ হবে না, এটা কাম্যও নয়। আপনাদের আজকে কেন্দ্রীয় সরকার, বন্ধু সরকার, আজকে সেই জনতা সরকার নিঃসন্দেহে পশ্চিমবাংলার কোন কল্যাণকর প্রয়াসে বাধা সৃষ্টি করতে চাইবে না, আপনারা সংঘাতের ক্ষেত্র প্রস্তুত করবেন না, আপনারা নিঃসন্দেহে বন্ধুত্বের হাত প্রসারিত করে দেবেন। সহযোগিতা হবে কলকাতার, দিল্লির মধ্যে মৈত্রীর রাখীবন্ধন স্থাপিত হবে, এই বিশ্বাস আমি করি।

[1.30—1.40 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি আর দু'টি কথা বলব, আর একটু সময় দয়া করে দেবেন। তার মধ্যে একটায় আমি অর্থমন্ত্রীর বাজেটের প্রশংসা করব—বিশেষ করে তিনি দু'টি স্থানে আমাদের সশ্রদ্ধ দৃষ্টি আকর্ষণ করেছেন। তিনি শিল্পজগতের কথা বলেছেন, রঙ্গীন ছবি তৈরী করবার জন্য ল্যাবরেটরী করবার জন্য অর্থ বিনিয়োগ করেছেন। আমি তাকে আন্তরিক সাধুবাদ জানাচ্ছি। এর প্রয়োজন আছে এবং তিনি সেই সঙ্গে সঙ্গে একথা বলেছেন, এই রঙ্গীন ছবি করবার জন্য যে ল্যাবরেটরী প্রস্তুত হবে তার জন্য রঙ্গীন ছবির উপর আমাদের অতিরিক্ত মাশুল দিতে হবে, ট্যাক্স দিতে হবে। এখানে আমার তাঁর কাছে একটি বিনীত অনুরোধ যে, পশ্চিমবাংলার যে ফিল্ম ইণ্ডাষ্ট্রি সেটা আজকে বিষন্নই নয়, অবষন্নই নয়, মৃতপ্রায়। তাকে আজকে কোন মতে বাঁচাবার জন্য রঙ্গীন ছবির কথা ভাবুন এবং তার ল্যাবরেটরীর জন্য অর্থ বিনিয়োগ করা কতব্য বলে যদি মনে করেন, তাহলে দয়া করে আর বেশী ট্যাক্স বসিয়ে ঐ যে অনুদানটুকু দেবেন, সাহায্যটুকু দেবেন তাকে এমন করে কুণ্ঠিত করবেন না। কারণ আজকে আপনাকে মনে রাখতে হবে সারা ভারতবর্ষের চিত্রশিল্পের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায়

বাংলা চিত্র শিল্প মুমূর্ষু, বাঁচছে না, এই বিরাট চিত্র শিল্প নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে লক্ষ লক্ষ টেকনিসিয়ান কর্মী, যারা এর সঙ্গে নিযুক্ত তাদের আবার বেকারত্ব লাভ হবে, আপনার বেকার সমস্যা বাড়বে। অতএব সেদিকে আপনি যাবেন না, এই অনুরোধ আপনার কাছে করছি। আপনারা জাতীয় নাট্যশালা রচনার প্রকল্প নিয়েছেন, অর্থ তার জন্য বরাদ্দ করেছেন। আমি আবার তার জন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি, শ্রদ্ধা জানাচ্ছি। একদিন নাট্যাচার্য শিশির কুমারের দাবিতে আর্তনাদ করে স্বর্গারোহণ করেছেন, তাঁর আবেদন কেউ শোনে নি। আপনি চেয়েছেন জাতীয় নাট্যশালা করতে, আপনাকে আমি সাধুবাদ দেব। কিন্তু আপনি লক্ষ্য রাখবেন শিব করতে গিয়ে বাঁদর রচনা যেন না হয়। জাতীয় নাট্যশালা যেন জাতীয় নাট্যশালাই হয়, বিজাতীয় নাট্যশালা যেন না হয়। এই অনুরোধ আপনার কাছে রাখব। পরিশেষে আমি আর একটা অনুরোধ করব, আজকের কাগজে দেখেছি মাননীয় জ্যোতির্ময় বসু মহাশয় দৃষ্টি আকর্ষণ করেছেন একটি প্রস্তাবের মাধ্যমে 'স্বামী বিবেকানন্দের বসত গৃহ সরকার অধিগ্রহণ করবেন' এই প্রস্তাব তিনি রেখেছেন এবং সেদিকে দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আপনার কাছে এই প্রসঙ্গে বলতে চাই পশ্চিমবাংলার পূর্বতন সরকার ১৯৭২ সালের ১০ই মে এই প্রস্তাব গ্রহণ করেছিলেন। কিন্তু সেই প্রস্তাব আজও তারা কার্যকরী করেন নি। স্বামী বিবেকানন্দের পুণ্য বাসভবন আপনারা গ্রহণ করবেন এবং তাঁর একটা যথাযোগ্য স্মৃতিসৌধ রচনা করবেন, এটা জাতির প্রতি আপনাদের কর্তব্য, স্বামীজীর প্রতি আপনাদের শ্রদ্ধা নিবেদনের প্রয়াস, এর জন্য আমি আপনাদের স্বাগত জানাই। কিন্তু এই সঙ্গে এই প্রসঙ্গে বলব যে, পূর্বতন সরকার নোটিশ দিয়েছিলেন স্বামীজীর বসত বাড়ী অধিগ্রহণ করবার জন্য এবং তার পূর্ব পশ্চিম উত্তর দক্ষিণে যত মানুষের ঘর আছে সব ঘর গ্রহণ করে একটা বিরাট বিশাল প্রকল্প রচনা করেছিলেন। অবশ্য কাগজে কলমে। কিন্তু বহু মানুষকে গৃহহীন করে স্বামীজীর স্মৃতি-সৌধ নির্মাণ করবেন, তা স্বামীজী চাননি, তাঁর আত্মাও চায় না। তাই আপনার কাছে অনুরোধ স্বামীজীর স্মৃতি রক্ষার্থে যতটুকু প্রয়োজন ততটুকুই করবেন, তার বেশী নয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, আপনি আমাকে বলবার যথেষ্ট সময় দিয়েছেন। ধন্যবাদ।

শ্রীএ বি. এ গনি খান চৌধুরী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এজন্যে যে নির্বাচনের পূর্বে ও

নির্বাচনের সময় তাঁরা যে সমস্ত আওয়াজ তুলেছিলেন ও বিপ্লবের কথা বলেছিলেন সেই সব আওয়াজ ও বিপ্লবের কথা তাঁর বাজেটের মধ্যে নেই। তিনি বাজেটে বলেছেন, তিনি বিপ্লব করবেন। কিন্তু এই বিপ্লব কি অর্থে বলেন জানি না। তাই জিজ্ঞাসা করি বিপ্লব বলতে তাঁরা কি মনে করেন Vote catching Slogan a political trick. সেদিন কাগজে দেখলাম জ্যোতিবাবু বলেছেন, তিনি mixed economy গ্রহণ করে অগ্রগতির পথে এগিয়ে যাবেন। আবার আপনি বলছেন পুঁজিবাদীদের কবর দেবেন—কারণ তারা দেশের সর্বনাশ করছে,এরা capitalist-এ দেশের সব রোগের জন্য দায়ী। অথচ অন্যদিকে আপনারা mixed economy গ্রহণ করেছেন। অর্থাৎ এই Contradiction এর কি অর্থ তা আমরা জানি না। আপনাদের এই Confusion-কে পঃ বাংলার মানুষ ক্ষমা করবে না। আপনার সন্দেহ নেই মানুষের মনে আশা সঞ্চার করে এখানে এসেছেন। কিন্তু পঃ বাংলার যে basic problem তার কিভাবে মোকাবিলা করবেন সে কথা কোথাও বলেন নি। রাজ্যের উন্নয়নের জন্য অর্থমন্ত্রী কর বসাবার প্রস্তাব করেছেন। তাঁর মতে এছাড়া কোন উপায় নেই। কারণ তাঁর মতে পূর্বতন সরকার প্রায় সব দেউলিয়া করে চলে গেছেন। জানি না এইরকম ভাবে বলা কোন মন্ত্রীর পক্ষে শোভনীয় কিনা। যাহোক আমরা এ সব জন্যে কিছু বিস্মিত নই। বর্তমান আর্থিক বছরের অবশিষ্ট সময়ে ২৩ কোটি টাকা আসবে করের মাধ্যমে এবং সারা বছরে এর ফলে ৪০ কোটি টাকা আসার সম্ভাবনা। কিন্তু তবুও পঃ বঙ্গে ৪৯ কোটি টাকা ঘাটতি থাকবে। কিন্তু আমরা মনে করি taxation-এর ফলে মূল্যবৃদ্ধি আরও হবে। এ বিষয়ে একজন বিশেষজ্ঞের মত তাঁর কাছে পেশ করছি। Mixed economy-তে বাস করে এরকম tax বসালে মূল্যবৃদ্ধি হবেই এবং মানুষের সমস্যা বাড়বে।

(গোলমাল)

[1.40--1.50 P.M.]

In fact that the market has become very very sensative to a point of unhealthyness since the number of years passed has made it very difficult to control the economic system or to do anything without evoking strong and in some cases undesirable reaction.

স্যার, এটা আমার কথা নয় একজন বিশেষজ্ঞের মত। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি একটা তথ্য পেশ করছি। পরলোকগত প্রধানমন্ত্রী পণ্ডিত জহরলাল

নেহেরু এক সময় বলেছিলেন যে, আমরা যদি বড় বড় কর্মসূচী অব্যাহত রাখতে চাই তাহলে তাতে আর্থিক দুরবস্থার সৃষ্টি হয়। (একটি স্বর : নেহেরু কেন সঞ্জয়ের কথা বলুন) এটা আমার আপনার মধ্যে সীমাবদ্ধ নয়, এটা যে কোন দেশের পক্ষেই প্রযোজ্য। আর এই আর্থিক বোঝা বইতে হয় সাধারণ মানুষকে। কিন্তু এই অর্থ-নৈতিক বোঝা সহ্য করার একটা সীমা আছে এবং তা আমাদের দেশের পক্ষেও প্রযোজ্য। এ কথা আমাদের মনে রাখতে হবে এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমি অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, তিনি কি এ বিষয়ে কিছু চিন্তা করছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় কেন্দ্র ও রাজ্যের অর্থনীতির ব্যাপারে কিছু উল্লেখ করেছেন। আমরা তাঁর মনের কথা জানি না। তবে আমাদের পক্ষ থেকে তাঁকে বলতে চাই যে, তাঁরা যে সমস্ত কন্সট্রাক্টিভ প্রোগ্রাম নেবেন, আমরা যদি তা আগে জানতে চাই এবং জানলে তাঁদের সাহায্য করবো।

কালকে সরকার পক্ষের একজন এম এল এ বন্ধু বলছিলেন, নিম্ন দামোদর পরিকল্পনার কথা। তিনি বলছিলেন, ওখানে নাকি টাকা ওছনছ হয়েছে এবং ওখানকার যে স্কীম সেই স্কীম নাকি ঠিক স্কীম নয়। আমি তাঁকে অনুরোধ করব আমাদের হাতে হাতকড়া দেওয়ার আগে এটা কমিশনে দিন, আগে অন্যায় প্রমাণ করুন। মিঃ স্পীকার, স্যার, একটা কথা বলা হয়েছে যে, এঁরা নাকি বিপ্লব করবেন। কিন্তু আমি এঁদের বলতে চাই সাব-ষ্ট্রাকচার যদি করতে না পারেন তাহলে এই বিপ্লব ফাঁকা বিপ্লব থাকবে, কাগজের বিপ্লব হবে, পশ্চিমবঙ্গের মানুষকে এগিয়ে নিয়ে যেতে পারবেন না। ১৯৭১-৭২ সালে ১৪৯১ মেগা কিলো ওয়াট পাওয়ার জেনারেশান ছিল, আমরা সেখানে বাড়িয়ে ২৩৪৪ মেগা কিলো ওয়াট করেছি। আজকে বিদ্যুতের সমস্ত দোষ আমাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে। আমি আপনাদের একটা কথা বলতে চাই যে, বিদ্যুৎ সমস্যার একমাত্র কারণ হচ্ছে বিদ্যুতের জন্য যে গুরুত্ব দেওয়ার প্রয়োজন আছে সেই গুরুত্ব দেওয়া হয় নি। তার কারণ হচ্ছে যে টাকার প্রয়োজন ছিল সেই টাকা আমরাও দিতে পারিনি। আমাদের আগে যে সমস্ত গভর্নমেন্ট ছিলেন তাঁরাও দিতে পারেন নি। ১৯৬৯ সালে যখন ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট ছিল তখন তাঁরা মাত্র ইনভেস্ট করেছিলেন ৭ কোটি টাকা, আমরা ইনভেস্ট করেছি ১৯৭৫-৭৬ সালে ২৮ কোটি টাকা। এই সমস্ত কথা বলে পশ্চিমবংগের মানুষের কাছে প্রতারণার রাজনীতি করবেন না। পশ্চিমবংগের মানুষ আপনাদের বহু রাজনীতি দেখেছে। আপনারা এই রকম রাজনীতি না করে পশ্চিমবংগের সমস্যা সমাধান করার চেষ্টা করুন।

শ্রীমনোরঞ্জন হাজরা: অন এ পয়েন্ট অফ পার্সোন্যাল এক্সপ্লানেশান, স্যার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ওঁকে হাতে দড়ি দেওয়ার কথা বলিনি। আমাদের নীতি তা নয়। যদি তদন্তের পর ওঁকে জেলে যেতে হয় তাহলে আমরা সসম্মানে নিয়ে যাবো।

[1.50—2.00 P.M.]

শ্রীসুহৃদ মল্লিক চৌধুরী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্য হরিপদ ভারতী তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, শিল্প বিপ্লবের মাধ্যমে আমাদের দেশকে এগিয়ে নেওয়া যাবে বলে মনে করা হচ্ছে, কিন্তু আমার মনে হয় শিল্প বিপ্লব নয়, কৃষি শিল্পের দিকে দেশকে এগিয়ে নিতে হবে। তিনি একজন শিক্ষিত লোক, কাজেই এই কথাটা তিনি জানলে ভাল করতেন যে, এশিয়ায় যে সমস্ত দেশ আছে, যেমন চীন, ভিয়েতনাম তারা এই কৃষি বিপ্লবের মাধ্যমে দেখিয়ে দিয়েছে একটা জাতকে কিভাবে গড়ে তুলতে হয়। কাজেই কৃষি বিপ্লবের কথা বাদ দিয়ে আমরা শিল্প বিপ্লবের কথা ভাবতে পারি না। আমাদের যিনি বাজেট রচনা করেছেন সেই ডঃ অশোক মিত্র সম্বন্ধে আমি আগেই বলেছি তাঁর মত অর্থনীতিবিদ আমাদের দেশের মধ্যে খুব কমই আছে। আমি মনে করি তিনি সঠিকভাবেই পথ নির্দেশ করেছেন। মাননীয় সদস্য হরিপদবাবু দ্রব্যমূল্য বৃদ্ধির কথা বলেছেন। আমরা সকলেই জানি এই দ্রব্যমূল্য কেন হচ্ছে। আমাদের দেশে এর পূর্বে যে সরকার ছিল তারা গত ৩০ বছর ধরে "এলোমেলো করে দে মা লুটে পুটে খাই" এই যে নীতি নিয়েছিল, যেটা শুধু কেন্দ্রেই নয়, রাজ্যেও নিয়েছিল। তার ফলেই আমাদের দেশের এই দুরবস্থা। আগেকার সরকার পুঁজিপতিদের পদপ্রান্তে পড়ে যেভাবে দেশকে পরিচালিত করেছিল তারই ফলে মুনাফাখোররা সমস্ত জিনিসের দাম বাড়িয়ে চলেছে। ১৯৪৬ সালের কথা আমি জানি। ১৯৪১ সাল থেকে ১৯৪৫ সাল পর্যন্ত আমি বন্দীশালায় ছিলাম নেতাজীর অন্তর্ধানের পর থেকে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হওয়া পর্যন্ত। তারপর কংগ্রেস সরকার দেশের শাসনভার গ্রহণ করল। আমি দেখলাম যে জিনিসের দাম ছিল ১ টাকা সেটা আজকে ১৪ গুণ বেড়ে গেছে। আমি জিজ্ঞাসা করি এর জন্য দায়ী কে? আমাদের বামফ্রন্ট সরকার যারা আজ মাত্র দেড়/দু'মাস হল এখানে এসেছে তারা কি এর জন্য দায়ী? এর জন্য দায়ী হচ্ছে বিগত কংগ্রেস সরকার। কাজেই শ্রীভারতীর মত পণ্ডিত লোকের এই জিনিসগুলি ভাবা উচিত ছিল। তিনি একটা জায়গায় বলেছেন, জনতার সঙ্গে বামফ্রন্ট সরকারের

তে কোন রকম অসুবিধা না হয়। আমরা যখন নির্বাচন করতে যাই তখন
মাদের পক্ষ থেকে আমরা জনতা দলের কাছে বার বার বন্ধুত্বের হাত প্রসারিত
রেছিলাম। আমাদের পার্লামেণ্টে যাঁরা রয়েছেন তাঁরা জনতা দলের সংগে একই
ত্বের নীতি নিয়ে চলেছেন। আজকে কেন্দ্রে জনতা সরকারের কাছে যদি কোন
সুবিধাজনক ঘটনা দেখা দেয় তাহলে সেক্ষেত্রে আমাদের একসঙ্গে কাঁধে কাঁধ
লিয়ে চলতে হবে। এখন আমাদের লক্ষ্য হচ্ছে, যে নীতি চালিয়ে কংগ্রেস
রকার আমাদের দেশকে শ্মশান করেছে তার থেকে ভিন্ন পন্থা ধরে জনসাধারণের
লাণ করব এবং তার জন্য আমাদের বামপন্থী দলগুলিকে একসঙ্গে কাজ করতে
বে। আপনারা সকলেই জানেন আমাদের এই বামফ্রন্ট সরকার আজ মাত্র
ড় দু'মাস হল সরকার গঠন করেছে। মূল্যবৃদ্ধির ব্যাপারটা আমাদের হাতে নয়,
ই হচ্ছে সারা দেশের ব্যবসায়ীবৃন্দ এবং বিভিন্ন রাজ্যে যারা কায়েমী স্বার্থের ধারক
ং বাহক তাদেরই চক্রান্ত।

সুতরাং এই বিষয় নিয়ে আমাদের বন্ধু মাননীয় অর্থমন্ত্রী এমন অপূর্ব বাজেট পেশ
রেছেন যে বাজেটের মধ্যে দিয়ে আমাদের দেশকে গঠন করবার, শুধু গঠন
রবারই নয়, আজ সমাজতান্ত্রিক রাষ্ট্রে যেখানে বেকারী, বাসস্থানের সমস্যা নেই,
পুষ চাকরী পাচ্ছে, যেখানে মানুষ কৃষি, শিল্পে, শিক্ষায় এগিয়ে চলেছে এই সমাজ-
ন্ত্রিক দেশের বাজেটের কাঠামো যেভাবে রচনা করা হয় আমাদের মাননীয়
র্থমন্ত্রী সংবিধানের সীমাবদ্ধতার মধ্যে থেকেও এই বাজেটে যেভাবে রূপদান করেছেন
াটাই হচ্ছে সেই লক্ষ্যের প্রথম পদক্ষেপ। আমরা জানি যখন বাজেটে পেশ করা
য তখন কিছু কিছু পুঁজিবাদী এবং যারা তাদের সেবাদাস তারাই ক্ষুণ্ণ হয়েছেন।
কী সকল মানুষের মুক্তির জন্য এই বাজেট পেশ করা হয়েছে। এবং এর পরিণতি
তক্ষণ না দেখতে পাচ্ছি ততক্ষণ পর্যন্ত বাজেটে কিছু কিছু কর বৃদ্ধির প্রস্তাব করা
য়েছে। আমরাও চাই না যে কর বৃদ্ধি হোক, জনসাধারণ কষ্ট পাক, কিন্তু গত ৩০
ছরে কংগ্রেসীরা দেশকে মহাশ্মশানে পরিণত করেছে। সুতরাং সেই দেশকে
লের বাগিচা সৃষ্টি করতে হলে আমাদের কিছুটা ক্লেশ ভোগ করতে হবে, জন-
াধারণকে কিছুটা অবশ্যই কষ্টভোগ করতে হবে। সমাজতান্ত্রিক রাষ্ট্রের প্রতিটি
প্লবে বহু লোককেই আত্মবলিদান করতে হয়েছে। আজকে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে
সে যাঁরা এতদিন রাজ্যকে শাসন করেছেন তাঁদের উপরেই খানিকটা করের বোঝা
পানো হয়েছে। আমি দশ বছর বিধানসভায় ছিলাম, পার্লামেণ্টে ছয় বছর
লাম, এর আগে এই ধরনের বাজেট আগে কখনো দেখিনি। এই বাজেট হচ্ছে

জনসাধারণের আশা-আকাঙ্ক্ষার প্রতীক। নূতনত্ব নিয়ে বাজেট রচনার জন্য তাঁর কাছে আমরা সকলে কৃতজ্ঞ (সুনীতি চট্টোরাজ : এবার আপনি মন্ত্রী হবেন)। আমি মন্ত্রী হতে চাই না, কংগ্রেস আমলে স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় আমাকে দু'বার মন্ত্রী হওয়ার জন্য অনুরোধ করেন। এই সভার ১৯৫২ সাল থেকে ১৯৬২ সালের কার্য বিবরণী ধারার যে পুস্তক আছে তাতেই বক্তব্য হিসাবে তা প্রকাশিত হয়েছে। মন্ত্রিত্বের গদীর মোহ আমার নেই। জনসাধারণের সেবাই আমার লক্ষ্য। তারপর বেকার সমস্যার কথা বলছি, আজকে এই বেকার সমস্যার জন্য দায়ী কে? আজকে বেকার সমস্যা এই যে লাফিয়ে লাফিয়ে উঠছে তার জন্য দায়ী ঐ কংগ্রেসী সরকার এক একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেছেন আর লক্ষ লক্ষ বেকার বেড়েছে।

[2.00—2.10 P.M.]

পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে দেখা গিয়েছে পরিকল্পনার পরী উড়ে গিয়েছে শুধু কল্পনাই থেকে গেছে। এই পরিকল্পনায় আমাদের দেশের মানুষের যে সমস্যা সেই সমস্যা রয়েই গিয়েছে। সুতরাং এই পরিকল্পনা যদি ব্যর্থ হয় তার জন্য বামপন্থী সরকারের অর্থমন্ত্রী নয়, তার জন্য দায়ী কংগ্রেস সরকার। (শ্রীআবদুস সাত্তার : না, কেন্দ্রীয় সরকার।) কেন্দ্রে জনতা সরকার, তারা কি করবে না করবে তা একটু ধৈর্য ধরে অপেক্ষা করে দেখুন। আপনাদের ওদিককার একজন সদস্য বলেছেন, প্রফেসর ভারতী, হিংস্রতার ক্ষেত্র এবং বিশৃঙ্খলার ক্ষেত্র যেন প্রসারিত না হয় তার জন্য এখন থেকেই চেষ্টা করা উচিত। আমাদের যে বর্তমান যে বামপন্থী সরকার চলছে, তাদের তরফ থেকে তাঁকে নিশ্চিত করা পারি যে আমাদের হিংসার রাস্তা নয়। ৩০ বৎসরের যে কংগ্রেসের দুঃশাসন অপশাসন তাকে ত্যাগ করে মানুষ নূতন জীবনের পরিচয় পেয়েছে এবং এই জয়মাল্য শুধু আমাদের রাজ্যে নয়, বিভিন্ন রাজ্যে ও কেন্দ্রে তাঁরা পরিয়েছেন তাদের উদ্যোগকে ব্যর্থ করবার জন্য আমাদের পাঠায় নি, তাদের ইচ্ছাকে সার্থক মণ্ডিত করতে আমরা বদ্ধপরিকর, আমরা সর্বশক্তি নিয়োগ করবো এবং সেই হিংসার শক্তিকে পরাজিত করবো ও কায়েমী স্বার্থকে পরাজিত করবো। যারা ভাবছেন যে, সেই চক্রান্ত ও ষড়যন্ত্র আমাদের সরকারকে সরিয়ে দেবে, তা হবে না নয়। অবশ্য আমাদের কংগ্রেস থেকে বলা হয়েছে যে, ৫ বৎসর ধরে তাঁরা আমাদের এখানে টিকিয়ে রাখবেন। তাহলে আমরাই বিভিন্ন সমস্যায় জর্জরিত হয়ে যাবো। তাদের বলি বন্ধু, চীনে এক লক্ষ লোক মারা গিয়েছে ভূমিকম্পে, তা সত্ত্বেও

...র কোন সাহায্য না নিয়ে সেই বিরাট ভূমিকম্পের ক্ষতিকে দূর করেছে ...দের উপর নির্ভর করে, চীন যদি তাদের সমস্ত ক্ষয়-ক্ষতি দূর করে নিজেদের ...তে পারে তাহলে পশ্চিম বাংলার মানুষ, পশ্চিম বাংলার জনগণ, ...তে পারবে না? তারা এই সরকারকে রক্ষা করবে, পাঁচ বৎসর কেন, বছরের ...বছর, যতদিন না সমাজতান্ত্রিক রাষ্ট্র আমাদের দেশে প্রতিষ্ঠিত হচ্ছে। সুতরাং, ...কার মহাশয়, আমি বলতে চাই, এদের এই সমস্ত উক্তি, এইগুলি হচ্ছে ডেঁপো ...ক্তি। জনসাধারণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার জন্য এই সব কথা বলা হচ্ছে। কংগ্রেস ...মলে মিসা ইত্যাদি দিয়ে আমাদের সংবাদপত্র, রেডিও, টিভি ইত্যাদির কণ্ঠরোধ ...হয়েছিল, কিন্তু আজকের দিনে তাঁরা অন্ততঃ কথা বলতে পারছেন। আমাদের ...নৈতিক কর্মী যারা আছে, তারা দেশ গঠনের জন্য তাদের সবশক্তি নিয়োগ ...বে। আমাদের প্রচেষ্টার সঙ্গে তাদের প্রচেষ্টা যদি মিলিত হয় তাহলে এমন ...শক্তি নেই যা ষড়যন্ত্র করে বা অন্য কোন রাস্তায় এই সরকারকে হটিয়ে দিতে ...রে। পরিশেষে আমাদের যিনি অর্থমন্ত্রী তাঁকে অভিনন্দন জানাচ্ছি কারণ তাঁর ...বাজেটের মধ্যে দিয়ে তিনি যে সুচিন্তিত লক্ষ্য প্রকাশ করেছেন তার জন্য। ...সাধারণের উপর করের খানিকটা বোঝা চাপলেও এই বাজেট সমর্থন করে ...মার বক্তব্য আমি শেষ করছি।

শ্রীআতাহার রহমানঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৯শে তারিখে বামপন্থী ...রের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে রেখেছেন, তাকে পূর্ণ সমর্থন ...আমি কয়েকটি কথা বলতে চাই। বাজেটের উপর বিতর্ক শুরু হওয়ার পরে ...কিছু বক্তব্য শুনতে পাচ্ছি বাজেটের বিরোধিতা করে বলতে বিরোধী পক্ষ ...। তার মধ্যে বাস সম্পর্কে কিছু প্রশ্ন উঠেছে। আমরা গ্রামে থাকি, ট্রেন ...ন কম, আমাদের যে সমস্ত মালপত্র পরিবহণ করতে হয়, সেগুলি ট্রাকে করেই ...তে হয়। স্বভাবতঃ গত দীর্ঘ বৎসর ধরে মোটর পার্টসের উপর ট্যাক্স বৃদ্ধি ...র ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে, তাতে কিছু কিছু করে ভাড়া বৃদ্ধি শুরু হয়েছে, ...লে ক্রেতা সাধারণের যাদের বেশী যাতায়াত করতে হয় বাসে, তাদের অনেক ...ভাড়া দিতে হয়। তাই বাসের এবং মোটর পার্টসের দাম যদি কমে যায় তাতে ...তঃই আমাদের যাদের বাসে চলাফেরা করতে হয় এবং মালপত্র পরিবহণ ...তে হয়, ভাড়া কমলে লাভের অংশ সাধারণ মানুষ পেতে পারবে। এই প্রশ্ন ...তে মোটর পার্টসের দাম বৃদ্ধির প্রশ্ন থেকে। যাঁরা এয়ার কণ্ডিশন কারে চলেন, ...ভেট কার ব্যবহার করেন তাঁদের পক্ষে বিরাট ক্ষতি হবে, তাই ভেবে একথা

বলার চেষ্টা করছেন। এর পরে রঙীন ছবির প্রশ্নে বক্তব্য রেখেছেন। আমি বলা চাই যে, পশ্চিম বাংলার ইস্টার্ন মোশন পিকচার এসোসিয়েশন থেকে যে রিপো তাতে দেখছি বোম্বে ১৯৭৬ সালে রঙীন ছবি করেছিল ১৫২ খানা, মাদ্রাজ ১৫ খানা কিন্তু পশ্চিম বাংলা অর্থাৎ কলকাতায় একটাও রঙীন ছবি তৈরি হয় নি। কাজে এই রঙীন ছবির উপর যদি ট্যাক্স বৃদ্ধি হয়, তাতে আমাদের কি ক্ষতি আছে? আমাদের কোন ক্ষতি হবে না। রঙীন ছবি হচ্ছে গোটা ভারতবর্ষের বাজার, তা পশ্চিম বাংলায় বাঙলা ছবি তৈরি হয়, যদি রঙীন ছবির উপর কিছু ট্যাক্স বৃদ্ধি হয় তাতে বাংলা ছবিকে কিছু সুযোগ দেওয়া যায়, আমি মনে করি এটা খুব ভাল হবে কাজেই ওঁরা এ সম্বন্ধে যা বললেন তা ঠিক নয়। এর পরে বিয়ারের প্রশ্নে আসি মদের প্রশ্নে আসছি। আমি ব্যক্তিগত ভাবে মনে করি যে, যদি মদের উপর আর বেশী ট্যাক্স বসাতেন তাতেও কিছু ক্ষতি হচ্ছে না। বিয়ারে এ্যালকোহলের ভা কম আছে, তার উপরও যদি ট্যাক্স বসান তাহলে খুশীই হব, দুঃখিত হব না। তারপ উনারা বলেছেন, সমাজতন্ত্রের কথা। ওঁরা সমাজতন্ত্র বলতে কি বুঝেন? আমর বুঝি ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ অর্থাৎ কৃষি ব্যবস্থার মৌলিক পরিবর্তন হওয়া প্রয়োজন। আমাদের অভিজ্ঞতা কি? দীর্ঘ ৫/৬ বছরের মধ্যে যে সমস্ত সাধার কৃষক ছিল, তাদের কাছ থেকে সমস্ত জমি কেড়ে নিয়ে জোতদারদের হাতে দি দিয়েছেন, এর নাম কি সমাজতন্ত্র?

[2.10—2.20 P.M.]

আমি ব্যক্তিগতভাবে কৃষক আন্দোলনের সঙ্গে জড়িত। কাজেই আমা কাছে অনেক উদাহরণ আছে, আমার অভিজ্ঞতা আছে। প্রমাণ করতে পা একের পর এক। ৫/৬ বছরে রাষ্ট্রযন্ত্রের সাহায্যে গুণ্ডাবাহিনী দিয়ে কৃষকে জমি নিয়ে জোতদারকে ফিরিয়ে দিয়েছে। জোতদারের জমি আর বেশী কেন্দ্রীভূত করাই কি সমাজতন্ত্র? সেই সমাজতন্ত্রের কথাই কি বলা চাইছেন? না, অন্য কিছু বলতে চাইছেন? আমরা জানি এই কয়েক বছরে সমস্ত জমি সরকারের হাতে এসেছে তা কিভাবে বিলি হয়েছে। দাদুর জমি নাত হয়েছে, আর ভূমিহীন কৃষক পাওয়া যায় নি, পাওয়া গিয়েছে দাদুর নাতিকে এ তার কাছে বন্দোবস্ত দিয়েছেন। মাননীয় সাত্তার সাহেব আছেন, তিনি জানেন কাদের জমি দেওয়া হয়েছে। আজকে এই যে অবস্থা তাতে বারবার প্রশ্ন উঠছে কো-অপারেটিভের। আমাদের জমি কোথায়? পশ্চিমবাংলায় যে কো-অপারেটিভ

আছে তাদের আদর্শ এবং লক্ষ্য মহৎ। আমরা চাই কো-অপারেটিভ পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষে গড়ে উঠুক। কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতা কি? বিদায়ী মন্ত্রিসভা, কংগ্রেস মন্ত্রিসভা তারা বিশেষ বিশেষ কো-অপারেটিভকে তদ্বির-তদারক করে প্রচুর টাকা পাইয়ে দিয়েছেন। সেই টাকা সরকারের ঘরে পরে ফিরে আসে নি। লক্ষ লক্ষ টাকা কো-অপারেটিভের নামে মেরে দিয়েছে। আমার অভিজ্ঞতা আছে ডোমকল, জলঙ্গী এবং রাণীনগর তিনটে মার্কেটিং-এর কাছে খবর নিয়েছি রাণীনগরে ২২ লক্ষ টাকা চুরি হয়ে গিয়েছে, জলঙ্গিতে ৯৭ হাজার টাকা লুঠ হয়ে গিয়েছে। সেই টাকার হিসাব নেই। সেই টাকা কালেকশান করার তৎপরতা দেখা যায় নি। ডোমকলে এমন অবস্থা যে যিনি মার্কেটিং-এর কোষাধ্যক্ষ ছিলেন তিনি সিন্দুক লক-আপ করে উধাও হয়ে গিয়েছেন এবং দীর্ঘদিন লোকচক্ষুর অন্তরালে আছেন। গোটা পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের বাইরে যে সিল্ক কাপড় তৈরী হয় তার মধ্যে বিখ্যাত হচ্ছে চক ইসলামপুর। সেখানে লক্ষ লক্ষ টাকা তদ্বির-তদারক করে বার করে দিয়েছেন। সেই কো-অপারেটিভ থেকে টাকা ফিরে আসেনি। আমি জানি একটা কো-অপারেটিভ থেকে এক লক্ষ ২৫ হাজার টাকা উধাও হয়ে গিয়েছে। ফিরে আসেনি। এই হচ্ছে কো-অপারেটিভ সম্পর্কে আমার অভিজ্ঞতা। (শ্রীআবদুস সাত্তার: কমিশন বসিয়ে দিন।) কমিশন বসছে এবং অনুসন্ধান হবে। কিন্তু আজকে অবস্থা কি? চাষের যদি উন্নতি করতে হয় সার, বীজ সরবরাহ করা দরকার। জনৈক মন্ত্রী কয়েকদিন দিন আগেও যিনি মন্ত্রী ছিলেন কৃষি বিভাগের, সাগরের ব্যবস্থা করেছেন। তার কন্ট্রাক্টরেরা যার ফলে আজকে চাষীরা হাহাকার করছে। কাজেই কো-অপারেটিভের মাধ্যমে পাট কেনার যে ব্যবস্থা সেই ব্যবস্থা দ্রুত চালু করুন এবং আরও বেশী ক্রয় কেন্দ্র স্থাপন করা দরকার। এই কথা বলে আমি মাননীয় অর্থ মন্ত্রীর যে বাজেট সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীপক সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের যে বাজেট এবার পশ্চিমবাংলার জন্য আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করতে চাই এবং সমর্থন করতে চাই এই কারণে যে এই পশ্চিমবাংলার জনগণ গত কয়েক বছরে পশ্চিমবাংলার কোয়াক ডাক্তারের চিকিৎসায় সম্পূর্ণ রক্তশূন্য হয়ে গেছে তাকে বাচাবার জন্য ডঃ অশোক মিত্রের মত একজন অর্থনীতিবিদকে আমরা পশ্চিমবাংলার অর্থমন্ত্রী হিসাবে পেয়েছি যিনি মিস্যার গোড়ায় গিয়েছেন। তিনি যথাযথভাবে বলেছেন যে বাজেট হচ্ছে সরকারের যে ইচ্ছা সেই ইচ্ছার প্রতিচ্ছবি এবং এই বাজেটও ঠিক তাই। কিন্তু পাশাপাশি

আমার একথাও মনে হয়েছে যে আমাদের দেশের যে সংবিধান যে নিয়মকানুন সেই নিগরে পড়ে রাজ্য সরকারের বাজেট সর্বাঙ্গীন বাজেট স্বয়ং সম্পূর্ণ বাজেট হতে পারে না। এই অবস্থার মধ্যে যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটে বর এই কথা বলা যেতে পারে ইংরাজী কথার যে অর্থ করলে দাঁড়ায় যে যেটুকু কাপড় আছে তাই দিয়ে আমার কোট বানাতে হবে। এ ছাড়া রাজ্য সরকারের অন্য কোন বাজেট করবার উপায় নেই। অর্থমন্ত্রী মহাশয় যে কথা উল্লেখ করেছেন যে কেন্দ্রীয় সরকার নিয়ম অনুসারে রাজ্যের সমস্ত জিনিসপত্রের উপর কেনাবেচার সব কিছুর উপর যে ট্যাক্স, সেলস ট্যাক্স, এক্সসাইজ ডিউটির বিরাট অংশ সব কিছুই কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে। তা থেকে কতটুকু রাজ্য সরকারকে ফেরত দেবে কিছুই ঠিক নাই। এ সম্পর্কে জনতা পার্টির সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় পরিষ্কার বলেছেন যে কেন্দ্রের লবির উপর নির্ভর করে রাজ্যগুলি কে কতটুকু পয়সা পাবে সম্ভবত তিনি তাঁর অভিজ্ঞতা থেকে বলেছেন। এক্সাইজ ডিউটি যেটুকু কেন্দ্র পায় এ্যাডিশনাল ডিউটি হিসাবে কেন্দ্রীয় সরকার যা নেন তার একটি পয়সাও রাজ্যের পাবার উপায় নেই। আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি এক কে. জি তামাকের এক্সাইজ ডিউটি হচ্ছে ১.২৫ পয়সা—কিন্তু তার উপর এ্যাডিশনাল ডিউটি হচ্ছে ১৮০ পয়সা যে এ্যাডিশনাল ডিউটি থেকে রাজ্য কিছুই পায় না। তার এক্সাইজ ডিউটি নিয়ে ক্রমান্বয়ে এ্যাডিশনাল ডিউটি আরও বাড়ানো হচ্ছে আজকে অর্থমন্ত্রী যেভাবে বাজেট পেশ করেছেন তাতে যাঁরা কেবলমাত্র বিরোধিতা করবার কারণে বিরোধিতা করছেন তাঁদেরও এগিয়ে আসা উচিত এই বাজেট সমর্থন করবার জন্য।

[2.20—2.30 P. M.]

অর্থমন্ত্রী মহাশয় তো বলেছেন আমাদের এই গণতান্ত্রিক ব্যবস্থায় আমি রাতি সমস্ত কিছু পাল্টে দিতে পারি না। এই কথা তিনি তাঁর বক্তৃতায় অত্য পরিষ্কার ভাবে বলেছেন যে, ইতিপূর্বে তাঁর সরকার যে সমস্ত কাজগুলি শু করেছিলেন সেই কাজগুলির সব ক্ষেত্রে ইচ্ছা থাকলেও আমরা পুরানো কার্যক্র পাল্টে দিতে পারি না, এই গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে রাতারাতি এইগুলি আম সরিয়ে দিতে পারি না। আমি এর আগে রাজ্যপালের ভাষণে বক্তৃতার সম বলেছিলাম শ্রীগনি খান চৌধুরীর দৌলতে গোটা পশ্চিমবাংলার ইলেকট্রি খুঁটিগুলি যীশু খ্রীস্টের ক্রশ চিহ্নের মত ঝুলছে, দাঁড়িয়ে আছে ওদের খতম করব

ভন্ন। কিন্তু এই কথা আজকে সত্যি সেই খুঁটিগুলি দিয়ে বিদ্যুৎ শক্তি চালিয়ে দিতে হবে, তাছাড়া আর উপায় নেই, যদিও সেই খুঁটিগুলি ভেঙ্গে পড়ে গেছে। গণতান্ত্রিক ব্যবস্থায় পুরানো ব্যবস্থাগুলিকে আমরা পুরোপুরি ভেঙ্গে দিতে পারি না, এই কথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী পরিষ্কার ভাবে বলে দিয়েছেন। আজকে ওদের হাতে পড়ে পশ্চিম বাংলার অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছিল সেটা একটু ওদের চিন্তা করতে বলি। বিদ্যুৎ সরবরাহ ছাড়া শিল্পোদ্যোগ হতে পারে না। ওঁরা গান্ধীবাদের কথা বলেছেন, অথচ গান্ধীবাদ থেকে সরে এসে মিশ্র অর্থনীতি গড়ে তুলেছিলেন। শিল্পোদ্যোগ গড়তে হবে এই কথা গান্ধীজী বলেন নি। এই কথা যদি তিনি বলতেন এবং জীবদ্দশায় বলতেন, তাহলে নেতাজী সুভাষচন্দ্রের সঙ্গে বিরোধ হত না। নেতাজী সুভাষচন্দ্র বিশ্বাস করতেন ভারতবর্ষকে শিল্পোন্নত করতে হবে। গান্ধীজী বলতেন কাপড় আর গরুর গাড়ীর চাকা দিয়েই চলবে, অর্থনীতি পুঁজিপতিরা দেখবেন—এটাতেই সংঘাত দেখা দিল। তার প্রকাশ আমরা গত ৩০ বছরের কংগ্রেসী রাজনীতিতে দেখেছি। তারা দেশকে সংকটের মুখে নিয়ে গেছে। আজকে মুমূর্ষু জাতির দায়িত্ব দিয়েছে কেন্দ্রের উপর, পশ্চিম বাংলার বামফ্রন্টের উপর। তাতে আমাদের নেই, কিন্তু প্রতিদ্বন্দ্বিতা আমাদের নিশ্চয় আছে। আমাদের পশ্চিম বাংলায় এই সীমিত অবস্থার মধ্যে প্রতিদ্বন্দ্বিতা করে দেখাতে চাই যে, বিগত কংগ্রেস সরকারের চেয়ে বা বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রের জনতা সরকারের চেয়ে বিভিন্ন প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়ে এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে একটি বামপন্থী চিন্তা ধারার মধ্য দিয়ে যতটুকু আমরা চাই ততটুকু না হলেও সব চেয়ে বেশী দিতে পারি এবং তা আমরা পারব। কেন পারব সেই কথা আমি বলতে চাই। আমি শুরু করেছিলাম কাট ইওর কোট এ্যাকর্ডিং টু ইওর ক্লথ—এই হচ্ছে আজকের বাজেট। এই কোট তৈরী করতে গিয়ে আমার একটি ছোট্ট গল্প মনে পড়ল। একজন লোক বিদেশ থেকে খুব ভাল একটি কোটের কাপড় নিয়ে এসেছেন। তিনি একজন নামকরা দর্জির দোকানে গেলেন এবং দর্জিকে বললেন, এই কাপড়টা দিয়ে আমার একটা কোট বানিয়ে দিন। সেই দর্জি বলল, এতটুকু কাপড় দিয়ে আপনার কোট তৈরী হবে না। তখন ভদ্রলোক কাপড়টি নিয়ে বাড়ী গেলেন। পরে তিনি একজন সাধারণ দর্জির কাছে গেলেন। তাকে গিয়ে বললেন, দেখুন তো এই কাপড়টা দিয়ে আমার একটা কোট তৈরী করা যায় কিনা। দর্জি বললেন, পারব, এক মাস পরে আসবেন। এক মাস পরে ভদ্রলোক কোটটি আনতে গেলেন এবং কোটটি নিয়ে তাকে জিজ্ঞাসা করলেন আমি তো এক বড় দর্জির কাছে গিয়েছিলাম, সে বলল এই কাপড় দিয়ে কোট হবে না, তাই আপনার কাছে দিয়েছি, আপনি কি করে এই

কাপড় দিয়ে কোট বানিয়ে দিলেন? সেই দর্জি বলল, কে বলেছে এই কাপড়ে আপনার কোট হবে না? ঐ দেখুন আমার ৬ বছরের ছেলে রয়েছে, আপনার কোট তৈরী হয়েও বাকি কাপড় দিয়ে ওরও একটা কোট তৈরী করে দিয়েছি। এই কথা শুনে সেই কোটের মালিক বড় দর্জির দোকানে গেলেন। তাকে জিজ্ঞাসা করলেন, হ্যাঁ মশাই, আপনি বললেন এই কাপড়ে আপনার কোট হবে না, আর অমুক দর্জি দেখলাম আমার কোট ছাড়াও তার ৬ বছরের ছেলেরও একটি কোট বানিয়ে দিয়েছে এই একই কাপড় থেকে। ভদ্রলোকের কথা শুনে বড় দর্জিওয়ালা উত্তরে বললেন—কি বলব বলুন, আমার ছেলের বয়স ৩০ বছর। ৬ বছরের ছেলের কোটের বাড়তি কাপড় হয়েছিল, কিন্তু আমার ছেলের বয়স তো ৩০ বছর, তার বাড়তি কাপড় তো এতে ছিল না। বড় দর্জির ছেলের বাড়তি কাপড় ছিল না বলে বড় দর্জি সেই কাপড় দিয়ে কোট তৈরী করে দিতে পারেনি।

পশ্চিম বাংলায় কংগ্রেসী শাসনের ৩০ বছরে ওরা বহু তৈরী করেছেন এবং তাদের পালন করতে হয়েছে পশ্চিমবঙ্গের জনগণের পয়সা দিয়ে, কাজেই সেই কারণে আমরা বঞ্চিত হয়েছি। এর আগে ভোট অন এ্যাকাউন্ট বাজেটের সময় যেখানে প্রায় ১৩১ কোটি টাকা ঘাটতি ছিল প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সেখানে আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী প্রায় ২৫ কোটি টাকা উদ্বৃত্ত সংগ্রহের সম্ভবনা দেখিয়ে সেটাকে ৪৯ কোটি টাকার ঘাটতিতে এনে দাঁড় করিয়েছেন, এর জন্য তিনি নিশ্চয় ধন্যবাদার্হ। স্যার, এই বাজেটে আমরা আশার আলো দেখতে পাচ্ছি। স্যার, আমি ঐ কোটের উপমা দিয়ে যে কথা বলতে চাইছিলাম কালকে সেকথাই ঘুরিয়ে ফিরিয়ে সত্যরঞ্জন বাপুলী মহাশয় কবিগুরুর একটা কবিতা বলে বলছিলেন, 'তুমি মহারাজ সাধু হলে আজ আমি আজ চোর বটে।' স্যার, ভাগ্য ভাল আজকে রবীন্দ্রনাথ বেঁচে নেই, থাকলে তিনি এই কবিতাটি একটু ঘুরিয়ে বলতেন, 'তুমি মহারাজ চোর ছিলে কাল পেলে সাজা আজ তাই।' আর সেই জন্যই স্যার, ওদের সংখ্যাটা ২০-তে এসে দাঁড়িয়েছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভার সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস সর্বাঙ্গ সুন্দর কোনদিন হয় না এবং হলেও তারও সমালোচক থাকে, তারা সমালোচনা করে এবং কটু দৃষ্টিতে তার সেটা দেখে। এই যে ক্লাশ সিক্স পর্যন্ত ফ্রি করেছেন তার জন্য আমি প্রথমেই তাঁকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, কংগ্রেসীদের পক্ষ থেকে বলা হয়েছে যে, এটা ক্লাশ এইট

পর্যন্ত করা উচিত ছিল। এই প্রসঙ্গে তাঁদের বলি, আপনারা যদি ক্লাশ সিক্স পর্যন্ত করে যেতেন তাহলে ক্লাশ এইট পর্যন্ত করা যেত, কিন্তু আপনারা সেটা করে গেলেন না কেন? সেটা তো আপনারা করে গেলেই পারতেন। তারপর সেখানে যে খাবার দেবার কথা বলেছেন সে জন্যও আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর-ব্যবস্থা সম্পর্কে বলব, প্রত্যক্ষ করের যখন ব্যবস্থা নেই তখন পরোক্ষ কর হলে গরিবদের উপর চাপ পড়বেই। গাঁজা খেতে গেলে সেখানে ট্যাক্স একটু বেশী পড়বেই, সেই জন্য গাঁজাটা কম খেতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্যাক্স আমাদের বসাতেই হবে ঘাটতি মেটাবার জন্য এবং উন্নয়নের কাজ করবার জন্য। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, আমাদের গ্রামাঞ্চলে যেখানে শতকরা ৭০ ভাগ লোক বাস করে সেখানে আজ অর্থনীতি ভেঙ্গে পড়েছে। স্যার, ঐ গ্রামাঞ্চলে কর্ডন বলে একটা বস্তু আছে যার জন্য ধান-চাল এদিক-ওদিক নিয়ে যাওয়া যায় না। স্যার, আমরা দেখেছি মিল মালিকরা ধান কিনবে এই জন্য কর্ডন করে চাষীদের ধানের দর কমিয়ে দেওয়া হচ্ছে। যখন ধান-চাল ওঠে তখন পুলিশ দিয়ে কর্ডন করা হয় এবং ধানের দর নেমে যায়। এই যদি অবস্থা হয় তাহলে তারা ধানের বদলে গম চাষ করবে। স্যার, এইভাবে চাষ আজকে গ্রামাঞ্চলে ক্ষতির সামগ্রী হয়ে দাঁড়িয়েছে। তারপর স্যার, আরো বলি, কর্ডন করবার পর মিল মালিকরা যেখানে ৫ হাজার কুইন্টাল ধান কেনে সেখানে সে খাতাপত্রে দু' হাজার কুইন্টাল দেখায় এবং এইভাবে মিল মালিকরা প্রচুর মুনাফা করে। আজকে পাড়াগাঁ-এর সমস্ত ধান গিয়ে উঠেছে মিল মালিকদের ঘরে। স্যার, এই কর্ডনের ব্যাপারে আমি বলব, আমরা দেখেছি, একজন হয়ত দু' কে. জি. চাল নিয়ে যাচ্ছিল তাকে মাজায় দড়ি বেঁধে থানায় নিয়ে যাওয়া হয়েছে। এই প্রসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি বলব, আপনি যখন সমস্ত রাজনৈতিক বন্দীদের মুক্তি দিচ্ছেন তখন এই ধরনের অর্থনৈতিক বন্দী যাঁরা আছেন—যাঁদের বিরুদ্ধে ঐ আত্মীয়ের বাড়ীতে যাবার সময়, সে হয়ত দু' কে. জি. চাল নিয়ে যাচ্ছিল এই জন্য কেস চলছে, তাদের মুক্তি দেবার ব্যবস্থা করুন। তারপর স্যার, আমরা দেখেছি, এফ. সি. আই. যেখানে চাল কিনছে ১'২৫ টাকা দরে সেখানে সেই চাল সে শহরে বিক্রি করছে ১'৭০ টাকা দরে। এই ভাবে এক কুইন্টাল চাল বেচে সে লাভ করছে ৪৫ টাকা। আর আমাদের চাষী যে দু' হাজার টাকা দিয়ে জমি কিনেছে সে তার থেকে বছরে লাভ পাচ্ছে ২০০ টাকা মাত্র—১০ পারসেন্ট। এই ১০ পারসেন্ট সুদ সে ব্যাঙ্কে টাকাটা রাখলেও পেতে পারতো। অথচ স্যার, সেই চাষী যখন কো-অপারেটিভ থেকে লোন নিচ্ছে তখন তাকে সুদ দিতে হচ্ছে ১৪ পারসেন্ট। স্যার,

এই ভাবে পাড়াগাঁ-এর অর্থনীতি ভেঙে পড়ছে। আজকে সামন্ততন্ত্র দেশ থেকে শেষ হয়ে গিয়েছে।

[2.30—2.40 P. M.]

আপনারা বলছেন সামন্ততন্ত্র, সামন্ততন্ত্র আজকে দেশে নেই, শেষ হয়ে গেছে। এখানে আমরা আছি ধনী আর আমলাতন্ত্রের মাঝখানে। আজকে আমলাতন্ত্রের দৃষ্টি, তারা দূর থেকে দেখে টেলিস্কোপে। আজকে পাড়াগাঁয়ের খবর সংবাদপত্রে নেই। তাদের খবর হবে তখনই যখন একটা মা ছেলে কোলে করে জলে ডুবে যাবে। আমি সেই কবি সুকান্তের কথায় বলি—'বড় ঘরে ঢুকতে পাই না, যখন ঢুকি তখন আমরা খাবার হয়ে ঢুকি।' আমাদের দুঃখ-দুর্দশা যখন হবে তখন সংবাদপত্রে আমরা স্থান পাবো। সেই দুঃখ-দুর্দশার কথা রেডিওতে হরিশ বাউড়ি, কি রহিম শেখ মিউ মিউ করে বলবেন। আজকে পাড়াগাঁয়ের ৭০ ভাগ লোক যেখানে বাস করে সেখানে টাকার বরাদ্দ খুব সামান্য। আমি দাবি করবো যে, ৭০ ভাগ লোক যেখানে বাস করে সেখানে কলকারখানা গড়ুন। আমরা মাটির তলা দিয়ে হাঁটতে চাই না। আমরা মাটির তলার ট্রেন লাইন চাই না। আমাদের বৌয়েরা এক কোমর জল দিয়ে পার হবে, আমাদের বাঁধগুলি ভেঙ্গে যাবে, আমাদের ধানগুলি বারেবারে ডুবে যাবে—এই অবস্থার প্রতিকার আমরা চাই। এই অবস্থার প্রতিকার আজকে করতে হবে। আজকে পশ্চিম বাংলার ৭০ ভাগ মানুষ যেখানে বাস করে সেই মানুষের পক্ষ থেকে এই দাবি আমি জানাচ্ছি। পাকা রাস্তা আমরা চাই না, আমরা যাতে সস্তায় খাবার পাই, জিনিস পাই তার ব্যবস্থা করুন। আজকে আমি জানি, একটা জায়গায় আমাকে জিজ্ঞাসা করেছে যে, আমি কি করি? আমি বলেছি, আমি চাষ করি, আমার ৪০ একর জমি আছে। সে বলল, ও আপনি লেভী ফাঁকি দেন। আমি চোর, ৪০ একর জমি থাকলে সে চোর। আজকে ৫০ ৬০ বিঘা যার জমি আছে সে বছরে ১ হাজার টাকা উপায় করে। এক হাজার টাকার আমলা বহু আছে। আজকে যার সামান্য জমি আছে তার কয়টা ছেলে ডাক্তারী পড়ার সুযোগ পায়। গ্রামে যার ৫০ ৬০ বিঘা জমি আছে তারা আজকে কোথায় আছে, আর আমলারা কোথায় আছে? আজকে তাদের সুযোগ দেবার চেষ্টা করে দিন তাহলে আপনাকে ধন্যবাদ দেব। পাড়াগাঁয়ের ছেলে, গরীব মানুষের ছেলে তারা ডাক্তারী পড়ার সুযোগ পায় না। তাদের এম. বি. বি. এস. দূরে থাকুক, তাদের অন্ততঃ এল. এম. এফ. পড়ার সুযোগ করে দিন তাহলে আমরা

অন্তত: চিকিৎসার সুবিধা পেতে পারি। আজকে পাড়াগাঁয়ের দিকে তাকিয়ে দেখুন তাহলে দেখবেন যে, সেখানকার অর্থনীতি ভেঙ্গে পড়েছে। আমাদের মাথার উপর এফ. সি. আই. ব্যবসা করছে। আমাদের গ্রামের রাস্তার উপর দুটো কাঁকর ছড়িয়ে দিন যাতে আমরা হাঁটতে পারি। আমাদের ফসল যাতে নষ্ট না হয় তার জন্য চেষ্টা করুন। আজকে এফ. সি. আই. সেখানে ব্যবসা করছে। হাজার হাজার টাকা খরচ করে পুলিশ কর্মচারী বসিয়ে। আজকে মিল মালিকদের মুনাফার সুযোগ করে দেবেন না। আমাদের ঠিক মত ধানের দর দিন, পাটের দর দিন, যেটা আমরা পাচ্ছি না। আমাদের পাড়াগাঁয়ের অর্থনীতি ভেঙ্গে পড়ছে। আমরা শুকিয়ে মরছি। যদি পাড়াগাঁয়ের অর্থনীতিকে চাঙ্গা করে না তোলেন তাহলে শহর বাচবে না। আজকে পাড়াগাঁয়ের অর্থনীতি যদি ভেঙ্গে পড়ে তাহলে গরীব মানুষগুলি সেখানে মাথা তুলে দাঁড়াতে পারবে না। আমরা যাতে সুস্থভাবে চাষ-আবাদ করতে পারি এবং অর্থনীতিকে চাঙ্গা করে তুলতে পারি সেই রকম সুযোগ আমাদের করে দিন। আজকে আমাদের দিকে তাকিয়ে দেখার কেউ নেই। পাড়াগাঁয়ে ৭০ ভাগ মানুষ বাস করে, সেখানে তাদের জন্য রাস্তা-ঘাটের সংস্কার করা দরকার। কাজেই এই আপনারা চিন্তা করে দেখবেন। আজকে শহরের জন্য যে টাকা খরচ করা হয় সেই তুলনায় পাড়াগাঁয়ের মানুষের জন্য কত টাকা খরচ করা হয় সেটা বিচার করতে হবে এবং সেই দাবি আমরা করবো। তাদের অবস্থার কথা চিন্তা করা দরকার। আজকের এই বাজেটে হয়ত সেই আশা আমরা করবো না, কিন্তু ভবিষ্যতে এটা চিন্তা করতে হবে। আজকে পাড়াগাঁয়ে বেকার সমস্যা মাথাচাড়া দিয়ে উঠেছে। তারা কোথায় চাকরি পাবে। তাদের সেই রকম কোন শিক্ষার সুযোগ নেই। পাড়াগাঁয়ের ছেলেরা আই. এ. এস. হতে পারেনা। পাড়াগাঁয়ে কোন ইংলিশ মিডিয়াম স্কুল নেই। যাদের ৫০/৬০ বিঘা জমি আছে তাদের যদি অন্য পেশা না থাকে তাহলে তাদের ছেলেরা কোনদিন লেখাপড়া করতে পারেনা। কাজেই আমরা যাতে আই. এ. এস. সৃষ্টি করতে পারি, ডাক্তার সৃষ্টি করতে পারি তার জন্য ব্যবস্থা করতে হবে। যার ১০০ বিঘা জমি আছে, সেটা চাষ করতে ২, ৩টি লোক লেগে যায়। সে এবং তার আরো ২টি ছেলে মিলে কাজ করে। আর কলকাতায় যে হাজার টাকা রোজগার করে তারও ২টি ছেলে হয়ত চাকুরী করে, তাদের মোট আয় ৩ হাজার টাকা হয়ে যায়। আজকে তারা শাসন করছে এবং আমরা তাদের হাতে পড়ে পড়ে মার খাচ্ছি। আজকে সেই অবস্থার অবসান ঘটাতে হবে। সেই অবস্থার অবসান ঘটিয়ে পাড়াগাঁয়ে যাতে ধানের দর ঠিক মত আমরা পাই, গমের দর ঠিক মত পাই তার ব্যবস্থা করতে হবে। বছরে বছরে যাতে বান না হয় তার জন্য ব্যবস্থা করতে

হবে। ১৯৫৬ সালে একবার বান হয়েছিল এবং তখন মান সিং-কমিটি বলে একটা কমিটি হয়েছিল। সেই কমিটি একটা রিপোর্ট করেছিল, কিন্তু সেই রিপোর্ট আজকে ২১ বছর ধরে উই পোকায় খাচ্ছে। সেই কমিটির রিপোর্ট ২১ বছরের মধ্যে উল্টেও দেখা হয় নি। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করবো যে, সেই মান সিং-কমিটির রিপোর্টটি একটু নাড়াচাড়া করে দেখুন। ২১ বছর পরেও যাতে আর বান না হয় সেই চেষ্টা করবেন। আজকে পশ্চিম দিকে মেঘ ডাকলে আমাদের ভয় হয়। পশ্চিম দিকের মেঘ হলেই বান আসবে বলে আমরা ভীত হয়ে পড়ি। ময়ূরাক্ষী আমাদের সেচের জল দিক না দিক, বানের জল প্রচুর দেয় এবং তার ফলে পাড়াগাঁয়ের সব কিছু ডুবে যাচ্ছে। বারে বারে এই জিনিস ঘটছে। পশ্চিম দিকে মেঘ ডাকলে যাতে আমাদের ভয় না করে তার ব্যবস্থা করতে হবে। আমি এই বাজেটকে, এই অল্প দিনের মধ্যে যে সুষ্ঠু বাজেট উনি করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসন্তোষ রাণা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন, সেটা আমি শুনেছি এবং পড়েওছি। অবশ্য বাজেটের খুঁটিনাটি সম্বলিত মোটা মোটা যে বইগুলি দেওয়া হয়েছে সেগুলি পুরোপুরি আমি এখনো পড়ে উঠতে পারিনি। যাই হোক তিনি যে বাজেট বক্তৃতা রেখেছেন, তার উপর আমি বলছি। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় আমাদের দেশের বর্তমান অবস্থার একটা বর্ণনা দিয়েছেন। অর্থনৈতিক ব্যবস্থার বর্ণনা দিয়েছেন এবং অর্থনৈতিক এই অবস্থা দূর করতে গেলে কাঠামোগত যে বাধাগুলি আছে সেগুলিরও উল্লেখ করেছেন। এই কাঠামোর মধ্যে কি কি কাজ বর্তমান সরকার করতে যাচ্ছেন সেগুলিও তিনি উল্লেখ করেছেন এবং তাঁর বাজেট বক্তৃতা শেষ করেছেন এই বলে যে, এই বাজেটের মধ্যে দিয়ে একটা নীরব অর্থনৈতিক বিপ্লবের সূচনা ঘটেছে। তিনি অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে দেশের একটা অবস্থার বর্ণনা করে যেভাবে বাজেট রেখেছেন সেটা অবশ্যই প্রসংশার যোগ্য। কিন্তু আমি বলব তাঁর বিশ্লেষণ হচ্ছে একেবারে ভাসা ভাসা, একেবারে উপর উপর। আমাদের দেশের অর্থনৈতিক যে সংকটগুলি সেগুলি যে-কোন লোকের কাছে সুস্পষ্ট। তিনি সেগুলি পেশ করেছেন. তিনি বলেছেন চরম বেকারী, তিনি দেখিয়েছেন শিল্পে সংকট, তিনি দেখিয়েছেন চাষীদের হাতে জমি নেই। এই সমস্ত সাধারণ ব্যাপার। তিনি দেখিয়েছেন জিনিসের দাম বেড়ে যাচ্ছে। এটা আমরা সবাই জানি এবং সাধারণ মানুষে জানে। একজন অর্থনৈতিক বিশেষজ্ঞ হিসাবে তাঁর উচিত ছিল আমাদের অবস্থাটার আরো

গভীর বিশ্লেষণ করা, অন্তর বস্তু থেকে সেটা সাধারণ মানুষের কাছে উপস্থিত করা। কাঠামোগত বাধার কথা তিনি বলেছেন এবং এটা তিনি ঠিকই করেছেন। কাঠামোগত বাধার কথা বলা ভাল। কিন্তু সেগুলি কোন্ কোন্ কাজ করতে বাধা দিচ্ছে সেটা সুস্পষ্টভাবে বললে আরো ভালো হত। কারণ এগুলি জনসাধারণকে শিক্ষিত করে। তিনি যে বাজেট রেখেছেন তাতে জনসাধারণ কতটা রিলিফ পাবে আমি তা বুঝতে পারছি না। রিলিফ আদৌ হবে বলে আমার মনে হয় না। এতে বেকার সমস্যার কিছু সমাধান হবে বলে আমার মনে হয় না এবং জিনিষপত্রের দাম কমবে বলে মনে হয় না। তবে বামফ্রন্ট সরকার ইতিমধ্যেই অনেক ভাল কাজ করেছেন। দেশে গণতান্ত্রিক স্বাধীনতা বেশ কিছু পরিমাণে ফিরিয়ে এনেছেন। দেশের আইন-শৃঙ্খলারও কিছুটা উন্নতি করেছেন। দেশের মানুষদের একটা বড় শাসনব্যবস্থার মধ্যে থেকে ফিরিয়ে এনেছেন। কিন্তু একজন অর্থনৈতিক বিশেষজ্ঞ হিসাবে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের উচিত ছিল মূল সমস্যাগুলি দেখিয়ে দেওয়া, যাতে জনসাধারণ শিক্ষিত হতে পারে এবং আমাদের মূল সমস্যাগুলির প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করলে ভাল হ'ত। আমি তাঁর এই বাজেট বক্তৃতায় যা পেয়েছি তাতে তিনি কৃষকদের সমস্যার কথা উল্লেখ করেছেন। চাষীদের হাতে জমি দিতে হবে, এটা তিনি উল্লেখ করেছেন। কিন্তু এর জন্য যে টাকা বরাদ্দ চাওয়া উচিত ছিল সেই বরাদ্দের কথা তার বাজেট বক্তৃতার মধ্যে পাইনি। আজকে শাসক দলের বহু সদস্যের বক্তৃতায় এটা খুবই গুরুত্ব পেয়েছে, স্বীকৃতি পেয়েছে। তাঁরা কৃষি বিপ্লবের কথা বলেছেন যে সমস্ত জমি কৃষকদের মধ্যে না দিলে, ল্যাণ্ড টু দি টিলার করতে না পারলে এই সমস্যার সমাধান হতে পারে না, বেকার সমস্যার সমাধান হতে পারে না। তাঁরা এটা খুবই গুরুত্ব দিয়ে বলেছেন।

2.40—2.50 P.M.]

তাঁর বক্তৃতা পড়লে এটাই মনে হবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের দ্বন্দ্বের জন্য কিছু হবার নয়। কিন্তু ব্যাপারটা মোটেই তা নয়। কেন্দ্র-রাজ্য বিরোধ আছে এবং সেটার সমাধানের জন্য রাজ্যগুলির হাতে অধিক ক্ষমতা চাই এটা ঠিক। কিন্তু এটাও আবার ঠিক নয় যে, কেন্দ্র বিরুদ্ধে থাকায় আমাদের দেশের অগ্রগতি আটকে আছে। আমাদের দেশ যেমন সমস্যায় ভুগছে—সেটা শুধু আমাদের দেশ বলে নয়। সমস্ত পৃথিবীর দেশ যারা ১৯৪৭ সালের পরে স্বাধীন হয়েছে তারা এইসব সমস্যায় ভুগছে। রাজনৈতিক স্বাধীনতা অর্জন করলেই অর্থনৈতিক স্বাধীনতা অর্জন

করা যায় না। বৃটিশ যখন চলে যায় তখন বিদেশী মূলধন যেটা ছিল ২০০ কোটি টাকা সেটা এখন বেড়ে হয়েছে ২৫০০ কোটি। বিদেশী ঋণ ১০/১২ হাজার কোটিতে দাঁড়িয়েছে। দেশের রপ্তানির বেশীর ভাগ অংশই বিদেশী ঋণ পরিশোধ করতে চলে যায়। সাম্রাজ্যবাদী শোষণ থেকে যদি দেশকে মুক্ত না করতে পারি তাহলে কিছুই হবে না। কিন্তু এ বিষয়ে তাঁর বাজেটে একটা কথাও নেই। একচেটিয়া পুঁজি—বিশেষ করে বিদেশী একচেটিয়া পুঁজি যারা ভারতকে নানাদিক থেকে লুণ্ঠন করছে তাদের সম্বন্ধে কোন কথা নেই। কতকগুলি সাম্রাজ্যবাদী দেশ, বিশেষ করে রাশিয়া, আমেরিকা, পশ্চিম জার্মানী, ফ্রান্স, জাপান কিভাবে আমাদের দেশকে লুণ্ঠন করছে তা সকলেই জানেন। এই সাম্রাজ্যবাদী লুণ্ঠন থেকে যদি আমাদের দেশকে মুক্ত না করা যায় তাহলে স্বাধীন জাতি হিসেবে আমরা কিছু করতে পারব না। অনেকে চীন, তাচাই, ভিয়েতনামের কথা বলেছেন—খুব প্রশংসনীয় তাঁদের বক্তব্য। কিন্তু চীন, তাচাই, ভিয়েতনামের যে উদাহরণ তা হচ্ছে আত্মনির্ভরতার উদাহরণ। তারা তাদের নিজেদের পায়ে দাঁড়িয়ে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। গত ৩০ বছর ধরে কংগ্রেসীরা বিদেশী সাম্রাজ্যবাদীদের কাছ থেকে কোটি কোটি টাকা ধার নিয়ে তার বিনিময়ে দেশকে বিক্রি তাদের কাছে করে দিয়েছে। এর ফলে কৃষি সমস্যার সমাধান হয়নি, চাষীরা জমি পায়নি। গ্রামাঞ্চলের শিল্প ধ্বংস হয়ে গেছে এবং তারই ফলস্বরূপ চরম বেকারী আজ দেখা দিয়েছে। এসব কথা বাজেটে থাকা উচিত ছিল। এটা সত্যি কথা যে, আমাকে যদি লোকে জিজ্ঞাসা করে বেকার সমস্যা সমাধান হবে কি না, আমি বলব, না। শাসক দলের লোকেরা কি এর বিরোধিতা করতে পারেন যে, আমি বাজে কথা বলছি। কারণ ২১ বছর পরেই আমরা দেখব বেকার সমস্যার কিছুই সমাধান হয়নি, মূল্যবৃদ্ধি বেড়ে গেছে এবং মৌলিক সমস্যাগুলি বেড়ে গেছে। সুতরাং বাজেট এমনভাবে করা উচিত ছিল এবং দেশের মানুষকে এমনভাবে শিক্ষিত করা উচিত ছিল যাতে মূল সমস্যার দিকে তাদের দৃষ্টি আকৃষ্ট হয়। সাম্রাজ্যবাদ ও সামন্ত-তন্ত্র শোষণই হচ্ছে মূল সমস্যা। এগুলি এড়িয়ে গিয়ে কেন্দ্র-রাজ্য বিরোধ দেখান উচিত হয়নি। Total reversal of priorites-এর কথাগুলি উঠেছে। কিন্তু যে বাজেট পেশ করা হয়েছে তাতে ২ কোটি পুলিশ থেকে নিয়ে agriculture খাতে দিলাম, তাতে কি হল? এতে কি total reversal of priorities হয়ে গেল? Total reversal of priorities—এই কাঠামোর মধ্যে যতটা সম্ভব করুন, তা হলে জনসাধারণকে ধোঁকা দিয়ে লাভ কি? কৃষি, শিল্প ইত্যাদি নিয়ে অনেক কথা আছে, কিন্তু সময় না থাকায় পরবর্তীকালে এই সব বিষয়ে কথা বলব।

শ্রীহবিবুর রহমান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে উত্থাপন করেছেন সেই বাজেট পড়ে আমি হতাশ হয়েছি। শুধু আমি নয়, পশ্চিমবাংলার মানুষ এই বাজেট শুনে হতাশ হয়েছে। গত বিধানসভায় যখন ভোট অন এ্যাকাউন্টের সম্বন্ধে বক্তব্য রাখছিলেন তখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, স্বল্প সময়ের মধ্যে তিনি একটি পূর্ণাংগ বাজেট দিতে পারলেন না, নির্দিষ্ট সময়ে তাঁর সরকার একটা পূর্ণাংগ বাজেট আনবেন। এই কথা শুনে স্বভাবতঃই পশ্চিমবাংলার মানুষ আশ্বস্ত হয়েছিল, তারা আশা করেছিলেন যে, আমাদের অর্থমন্ত্রী পশ্চিমবাংলার একটা নূতন চিত্রও তুলে ধরবেন। কিন্তু বর্তমানে বাজেট পড়ে মনে হচ্ছে এর মধ্যে গঠনমূলক কোন তথ্য নেই, শুধু রাজনৈতিক বক্তব্য তিনি আমাদের সামনে পেশ করেছেন। এটা যে একটা ব্যর্থ বাজেট সেটাই আমি বোঝাবার চেষ্টা করবো। আজকে এই বাংলাদেশে শান্তি-শৃঙ্খলা তারা ফিরিয়ে আনতে পারেননি, আজকে খবরের কাগজ পড়ে দেখুন প্রতিদিন খুন-খারাপীর খবর প্রকাশ পাচ্ছে, প্রতিদিন চুরি-ডাকাতির খবর প্রকাশ পাচ্ছে, প্রতিদিন যদি এই ঘটনাগুলো ঘটতে পারে তাহলে এটা কি শান্তি-শৃঙ্খলার লক্ষণ? এই বাজেটের মধ্যে শান্তি-শৃঙ্খলার কথা কোথাও বলা হয় নি। দ্রব্য-মূল্য বৃদ্ধি রোধের কথা এই বাজেটের মধ্যে নেই। এই যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য দিনের পর দিন হু হু করে বেড়ে যাচ্ছে, এই বৃদ্ধি রোধ কিভাবে করা যাবে এই কথা কিন্তু বাজেটের মধ্যে তিনি কোথাও বলেননি। এই অর্থমন্ত্রী বর্তমানে পুঁজিপতিদের তোষণ করছেন, আমি তার একটা উদাহরণ দিচ্ছি। মন্ত্রী মহাশয় যদি সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ রেখে থাকেন তাহলে নিশ্চয়ই স্বীকার করবেন, তিনি যে মোবিল অয়েল, ডেক অয়েলের উপর কর ধার্য করেছেন এর ফলে দেশের সাধারণ মানুষ, সাধারণ কৃষক, এদের উপর চাপ সৃষ্টি করেছেন, এটা কি স্বীকার করবেন না? বিগত কংগ্রেস সরকার, তারা কৃষি বিপ্লব শুরু করেছিলেন এবং গ্রামে গ্রামে যে হাজার হাজার পাম্প সেট বসিয়েছিল ঐ গরীব চাষী, ক্ষুদ্র চাষীরা, এই মোবিল অয়েল-এর দাম বেড়ে যাবার ফলে তাদের কি দুরবস্থা হবে, আজকে সেটা কি তাঁরা ভেবে দেখেছেন? আজকে এই সব গরীব চাষীদের উপর পরোক্ষ ভাবে কর চাপানো হয়েছে। কিন্তু যাদের গায়ে হাত দেবার কথা, সেই হোটেল, বড় বড় রেস্তোরাঁ, সেই সব জায়গায় তাঁরা হাত দেন নি। সেখানে কর ধার্য করা হয়নি। কারণ ঐ সব জায়গাগুলো যে তাঁদের আড্ডাখানা সেখান থেকে বোধহয় চাপ সৃষ্টি হবে যদি কর বৃদ্ধি করা হয়। এই ভাবে তাঁরা বাজেট

তৈরি করেছেন। এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.50—3.30 P.M. Including adjournment]

শ্রীশশবিন্দু বেরা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা রেখেছেন তা আমি মোটামুটি দেখেছি এবং বিচার করবার চেষ্টা করেছি, তিনি তাঁর বাজেট বক্তৃতার মধ্যে প্রকাশ করেছেন যাতে নূতন নূতন কর আমদানী হয়েছে। এই প্রসঙ্গে আমার কারলাইনের একটা কথা মনে পড়ছে nothing is surer than the death and taxation. মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় রাজ্য চালাতে হলে Tax তাদের আদায় করতে হবে এবং আমাদের মতে মানুষকে Tax দিতে হবে। কাজেই বাজেট যখন আসে তখন দেশের সাধারণ মানুষ উদগ্রীব হয়ে লক্ষ্য করে যে, এই বাজেটের মধ্য দিয়ে কর ইত্যাদি আসছে কি না এবং কতটা আঘাত করবে। সত্য কথা বলতে কি দরিদ্র সাধারণ মানুষের পক্ষে এই যে বাজেট এসেছে এতে দরিদ্র সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গি পরিলক্ষিত হয় নি। তাই একে পরিপূর্ণ সমর্থন করতে পারছি না। বাজেটের মধ্য দিয়ে যেটা লক্ষ্য করছি যে, এতে বেঙ্গল ফিনান্স ট্যাক্স ১৯৫১ ও ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স ১৯৫৪ এই ট্যাক্সের আওতায় এক্তিয়ার বাড়িয়ে কোন কোন ক্ষেত্রে যে ট্যাক্সের হার নির্ধারণ আছে সেটা বাড়িয়ে অনেক জিনিস ট্যাক্সের আওতায় আনা হয়েছে। আবার কিছু কিছুর মাত্রাও বাড়ানো হয়েছে। যেটা আমি মনে করি সাধারণ মানুষকে আঘাত করবে। যেমন চায়ের নিলামের উপর কর চাপানো হয়েছে। চিত্র প্রমোদ করের উপর ট্যাক্স বাড়ানো হয়েছে। রেজিষ্ট্রেশান ফি বাড়ানো হয়েছে। কৃষি-কর সম্প্রসারিত করা হয়েছে। প্রবেশ-কর প্রসার করা হয়েছে। পেশা ও বৃত্তির উপর কর বাড়ানো হয়েছে। রেক্‌টিফায়েড স্পিরিট বাড়ানো হয়েছে। এইভাবে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে কর বাড়ালে জনসাধারণ রেহাই পাবে না।

আমাদের বক্তব্য যেহেতু মৃত্যুর মত ট্যাক্স অবধারিত সত্য সেইহেতু আমাদের দেশের মানুষের ঘাড় যদি শক্ত হয় তাহলে ট্যাক্স বাড়ুক, তাতে আপত্তি নেই। কিন্তু পশ্চিমবাংলার সাধারণ মানুষের বিশেষ করে পল্লী বাংলার মানুষের ঘাড় আদৌ শক্ত হয়নি। আমাদের বক্তব্য তাদের সেই ঘাড় আরো শক্ত করবার জন্য

চেষ্টা কতখানি করা হচ্ছে। আমাদের দেশে শতকরা ৫০ ভাগ লোক দারিদ্র্য সীমার নিচে এবং সেই দারিদ্র্য সীমা বিচার করতে গিয়ে অল ইণ্ডিয়া নিউট্রিশান কমিটি যে মান নির্ধারণ করেছিলেন মাথাপিছু মাসিক ব্যয় ৩৭ টাকা ১৯৬০-৬১ সালের মূল্য মানে, সেটা ভারত সরকার গ্রহণ করেননি, তার অর্ধেক মান স্বীকার করেছেন। তারই নিরিখে এই দারিদ্র্য সীমার নিচে রয়েছে ৫০ ভাগ লোক। এই অবস্থা থেকে বাঁচবার চেষ্টা করা দরকার। এরা কিন্তু দেখছি নিউট্রিসানের দিকে আদৌ দৃষ্টি দিচ্ছেন না, নিউট্রিশানের প্রশ্ন নেই। দেশের সাধারণ মানুষ যা খাচ্ছে, পেট ভরে দু'বেলা খেতে পাচ্ছে না। আজকে নিদারুন অপুষ্টি, অনাহার, অর্ধাহারে কৃষি প্রধান পল্লী বাংলা দিন কাটাচ্ছে। আজকে স্পষ্টভাবে লক্ষ্য করেছি টি. বি. ইনসিডেন্স দ্রুতহারে বেড়ে চলেছে। গ্রামাঞ্চলে অধিকাংশ মানুষ খয়রাতি, টেস্ট রিলিফ কাজের উপর নির্ভর করে বাঁচবার চেষ্টা করছে। তার থেকে একটু অবস্থা ভাল যাদের তারা টেস্ট রিলিফ খয়রাতি সাহায্য পাবে না, তারা কোথা থেকে ঋণ পাবে সেই কথা চিন্তা করছে। এই অবস্থায় পল্লী বাংলার শ্রমজীবী, কৃষিজীবী মানুষ দিন কাটাচ্ছে। এই প্রসঙ্গে বি. জি. ভারগিজের একটা প্রবন্ধ উল্লেখ করতে চাই। তিনি বিহার এবং মহারাষ্ট্রে দুর্ভিক্ষের উপর প্রবন্ধ লিখেছিলেন। সেই প্রবন্ধের নাম "এ রেসিপ কোড নেমলি ফেমিন"। সেই প্রবন্ধে তিনি লিখেছেন দরিদ্র দেশে দরিদ্র অসহায় নিঃস্ব মানুষের কাছে দুর্ভিক্ষ আশীর্বাদ স্বরূপ। কারণ, দুর্ভিক্ষ না থাকলে মানুষ খেতে পায় না, দুর্ভিক্ষের জন্য তবু দিন কতক খেয়ে তারা বাঁচবার চেষ্টা করে। আজকে পল্লী বাংলার চিত্র বিচার করবার চেষ্টা করুন, সেই অবস্থা হয়েছে। আমি এই এলাকার এম. এল. এ, আমার নিজের এলাকায় আরো বেশী টেষ্ট রিলিফ, জি. আর., খয়রাতি সাহায্য দাও এই চেষ্টা করছি। এটাই ভারগিজের উক্তিকে সমর্থন করে। যতক্ষণ পর্যন্ত সেই অবস্থা আমাদের দেশে চলছে ততক্ষণ পর্যন্ত এই খয়রাতি সাহায্য, টেষ্ট রিলিফ, ঋণ-এর উপর নির্ভর করে একটা জাতি বাঁচতে পারে না। আমাদের নতুন সরকারের নতুন দৃষ্টিভঙ্গী, বাজেট স্পীচে অর্থমন্ত্রী মহাশয় সেই রকম কিছু কিছু উল্লেখ করেছেন। কিন্তু পজিটিভ কোন নির্দেশ এর মধ্যে পাচ্ছি না। আরো স্পষ্টভাবে কি করবেন বর্তমান বছরে বা আগামী বছরে তার নির্দেশ যদি পেতাম তাহলে এই বাজেটকে অভিনন্দন জানাতে পারতাম। আমরা এই বাজেটের বিরোধিতা করছি না, কারণ, আমরা দেখতে পাই তাঁরা যে সমস্ত ভাসা ভাসা প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতিগুলি ভবিষ্যতে কি ভাবে পালন করবেন তা আমরা গভীর যত্নের সঙ্গে লক্ষ্য করবার চেষ্টা করব। আমরা চাই কৃষি প্রধান দেশে কৃষিকে মূল অর্থনীতি হিসাবে ধরে কৃষিকে বাঁচিয়ে রাখার জন্য সব

প্রকার চেষ্টা করা উচিত। এই প্রসঙ্গে ম্যাকনামারা যে উক্তি করেছিলেন কৃষি ক্ষেত্রে যে উন্নতি সাধিত হয়েছে—"If Japan could produce 6720 kg. of grain per hectare on very small farms in 1970, then Africa with its 1270 kg., Asia with 1750 kg. and Latin America with 2060 kg. per hectare have enormous potential for expanding productivity.

আমি এই প্রোডাকটিভিটি এক্সপাণ্ড করবার দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করব। আমাদের সবার্থক চেষ্টা হওয়া উচিত সকলের যাতে এই কৃষি প্রধান দেশ কৃষির উপর দাঁড়াতে পারে। অন্যান্য দেশ যেমন টেকনোলজির প্রসার ঘটিয়ে কৃষি ক্ষেত্রে কৃষির উন্নতি বিধান করে গেছে তেমন ভাবে কৃষিকে স্বনির্ভরশীল করে তুলে আমরা যদি কৃষি অর্থনীতিকে শক্ত করতে পারি এবং তার উপর ক্যাপিটাল সংগ্রহ করে যদি ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প, এবং তারপর বৃহৎ শিল্পের দিকে অগ্রসর হই তাহলে সেই পথে দেশ বাঁচতে পারে, কৃষিজীবী পল্লী অঞ্চল নিজের উপর নির্ভর করে দাঁড়াতে পারে। আগামী বছর এই দৃষ্টিভঙ্গী নিয়ে এই সরকার এগিয়ে যাবেন, সেই অর্থনীতির রূপরেখাকে সম্পূর্ণ করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned upto 3.30 P.M)

[3.30—3.40 P.M. After adjournment]

শ্রীএ. কে. এম. হাসানুজ্জমান : মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীর ২৭ পৃষ্ঠার বাজেট বিবৃতি এই অল্প কয়েক মিনিটের মধ্যে বিস্তারিতভাবে আলোচনা করা সম্ভবপর নয়। এই বাজেট বিবৃতির ৩টি অধ্যায় আছে এবং তার একটি অধ্যায়ে কেন্দ্র এবং রাজ্যের সম্পর্কের কথা বলা হয়েছে, দ্বিতীয় অধ্যায়ে এই সরকার কি করতে চান তার একটা রূপরেখা দিয়েছেন এবং তৃতীয় অধ্যায়ে তারা মানুষের উপর কি কি কর চাপিয়েছেন এবং কি কি কর ছাড় দিয়েছেন তার বর্ণনা করেছেন। এই সমস্ত কিছু করার পর দেখা যাচ্ছে এবং অর্থমন্ত্রী মহাশয়ও বলেছেন ১৩১ কোটি টাকা ঘাটতি হবে। তবে কর চাপানোর পর প্রায় ৫০ কোটি টাকা ঘাটতি হবে বলে রেখে দিয়েছেন এবং তিনি আশা করছেন কেন্দ্র এই ঘাটতি বাজেট পূরণ করবে। বাজেট আলোচনা করতে গিয়ে অর্থমন্ত্রী একটা শুভেচ্ছার কথা বলেছেন। হ্যাভস্

এণ্ড হ্যাভ নটস্-এর দ্বন্দ্বের ক্ষেত্রে হ্যাভ নটস্-দের পক্ষ অবলম্বন করে ভূমিহীন চাষী, প্রান্তিক চাষী, ক্ষেতমজুরদের পক্ষ অবলম্বন করে তিনি যে শুভেচ্ছার কথা বলেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। তিনি কেন্দ্র এবং রাজ্যের সম্পর্কের কথা বলেছেন। আমি মনে করি ভারতবর্ষের কনষ্টিটিউশনে কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক নূতন করে বিচার-বিবেচনা করা উচিত—অর্থাৎ ভারতবর্ষের সংবিধানের কাঠামো আজকে নূতন করে মূল্যায়ন করা উচিত। যারা হ্যাভনটস্ তাদের কিছু দেওয়া যদি আমাদের লক্ষ্য হয়ে থাকে, যারা কিছু পায়নি তাদের পক্ষ যদি অবলম্বন করা হয়, পাওয়া এবং না পাওয়ার মধ্যে যে পার্থক্য আছে সেটা যদি আমরা দূর করতে চাই তাহলে যে সংবিধান রচনা করা হয়েছে তার নূতন করে মূল্যায়ন করা উচিত। আগেকার সংবিধানে অনেক কথা বলা হয়েছে, যেমন, যারা অবহেলিত সম্প্রদায়, যারা নিগৃহীত সম্প্রদায়, সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস-দের কথা বলা হয়েছে। কিন্তু ভারতবর্ষে বৃহত্তম মাইনরিটি এই যে মুসলমান সম্প্রদায় রয়েছে তাদের কথা কিন্তু এই সংবিধানে নেই। কাজেই এই সংবিধানের নূতন করে মূল্যায়ন করা উচিত। আমরা জানি কেন্দ্রে নূতন সরকার এবং রাজ্যেও নূতন সরকার, কাজেই কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক নূতন করে বিচার-বিবেচনা করা উচিত। এই বাজেট বিবৃতিতে অর্থমন্ত্রী মহাশয় কিছু ভাল কথা বলেছেন। তিনি তার বক্তব্যে ছোট চাষী, ভূমিহীন চাষী এবং যাদের সর্বনিম্ন মজুরী তাদের কথা বলেছেন। কিন্তু আমরা সাধারণ মানুষ হিসেবে চাচ্ছি স্পেসিফিক হিসেবে আমরা কি পেলাম। প্রান্তিক চাষী, ভূমিহীন কৃষক স্পেসিফিক কি পেল, তাদের কনক্রিট কি দেওয়া গেল সেটা অর্থমন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে বলেননি। আমি স্বীকার করি সমস্যা দিনের পর দিন যেভাবে জটিল আকার ধারণ করেছে তাতে তার সমাধান এই দু'মাসের মধ্যে সম্ভব নয়। বামফ্রন্ট-এর কর্মসূচীতে বেকারদের কথা বলা হয়েছে। আমাদের দেশে বেকারদের যে অবস্থা তাতে যে-কোন সময় একটা বিস্ফোরণ ঘটতে পারে এবং তারা সমস্ত সমাজ ব্যবস্থা অচল করে দেবে, এরকম একটা অবস্থা হয়ত আসতে পারে।

আজকে যাঁরা বেকার, যারা নিজেদের শরীরের বিনিময়ে কাজ করতে চায়, মাথার ঘাম পায়ে ফেলে পরিশ্রম করে বাঁচতে চায়, যারা বলছে মাউই ভোকা হুঁ, তারা খেটে খেতে চায়। কিন্তু আমরা কাজ দিতে পারছি না। সেইজন্য বলছি বেকারদের জন্য স্পেসিফিক কোন কিছু মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে দিতে পারেননি। চাকরীর ক্ষেত্রে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। কিন্তু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে কিভাবে রিক্রুট করবেন

সে সম্বন্ধে কিছু বলেন নি। যদি সেখানে ম্যাল প্র্যাকটিস হয়, বুরোক্রেসিদের কারসাজি হয় তাহলে যাদের সত্যি করে চাকরী দরকার, যারা হ্যাভ নটস্ তারা চাকরী পাবে না। বুরোক্রেসিদের রেকোমেণ্ডসানে হ্যাভরাই চাকরী পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত সেসানে মাননীয় রাজ্যপালের ভাষণের সময়ে কতগুলি স্ট্যাটিসস্টিক দিয়েছিলাম। সেখানে আমি দেখিয়েছিলাম চাকরীর ক্ষেত্রে অন্যান্য সম্প্রদায়ের জন্য সংরক্ষিত আছে কিন্তু সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য তাদের কোন চাকরী সংরক্ষিত নাই। আমি মনে করি যে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্রপারলি রিপ্রেজেনটেশান থাকা দরকার। কেরালা সরকার নামবুদ্রিপাদ যেমন প্রপারলি রিপ্রেজেনটেশনের ব্যবস্থা করেছেন এবং সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য রিজার্ভেশানের ব্যবস্থা করেছেন। আমি বামপন্থী সরকারের কাছেও আশা করেছিলাম এ ব্যাপারে তাদের কাছ থেকেও সুবিচার পাবো। আশা করি এই বিষয়ে তিনি দৃষ্টি দেবেন। স্যার, এই সরকার অনেক ভালো ভালো কাজ করবেন বলেছেন, অনেক নতুন নতুন বিদ্যালয় করবেন, ক্লাস সিক্স পর্যন্ত অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করবেন বলেছেন, ৬ একর পর্যন্ত অসেচ এলাকায় কর রেহাইয়ের ব্যবস্থা করেছেন, ভাগচাষীদের রক্ষা করবার জন্য চেষ্টা করবেন বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর আঠার পৃষ্ঠায় বলেছেন, "ঘাটতি পূরণের অন্যতম উপায় রাষ্ট্রীয় উদ্যোগগুলি থেকে উদ্ভূত উদ্বৃত্তের স্মরণ নেওয়া। দুর্ভাগ্যবশত আমাদের রাজ্যে রাষ্ট্রীয় উদ্যোগগুলির হাল বড়োই করুণ। ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত তাদের ক্ষতির বহর ছিল ১১৩ কোটি টাকা। আমাদের কাছে এখনো পাকা হিসেব পৌঁছয়নি, কিন্তু ধরেই নেয়া যায় ১৯৭৬-৭৭ সালে অবস্থার আরো অবনতি ঘটেছে।" এই যদি রাষ্ট্রীয় প্রকল্পগুলির হাল হয়ে থাকে তাহলে আমাদের স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় যে উদ্দেশ্যে এই রাষ্ট্রীয় প্রকল্পগুলি করেছিলেন তা একেবারে ব্যর্থ হয়ে চলেছে। আজকে দুর্গাপুর প্রজেক্ট লসে রান করছে, দুর্গাপুর কেমিক্যালস্ লসে রান করছে, কল্যাণী স্পিনিং মিল, স্টেট ট্রান্সপোর্ট ও ট্রাম কোম্পানীর ঘাটতির জন্য বছর বছর আমাদের কোটি কোটি টাকা দিতে হচ্ছে। তার জন্য পশ্চিমবঙ্গের ৫ কোটি মানুষের উপর ট্যাক্সের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। এই সমস্ত প্রকল্পের জন্য সাধারণ মানুষকে ট্যাক্স বহন করতে হচ্ছে। আমি বলতে চাই এই সমস্ত সংস্থার পরিচালনার ব্যবস্থা যদি না করতে পারেন—তাহলে একেবারেই লিকুইডেট করে দিন। মাথাভারি পরিচালন ব্যবস্থা কমিয়ে দিয়ে লসে রান না করে তারজন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন এই অনুরোধ করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিদেশী মদের উপর কর বসিয়েছেন। সেইজন্য তাঁকে স্বাগত জানাচ্ছি। দেশি মদের উপর এবং বিয়ারের উপর আরও

বেশী কর ধার্য করুন, কারণ এইগুলি বিলাসের জিনিস এবং অর্থ অপচয় ছাড়া আর কিছুই নয়। তারপর আর একটি কথা আমি যেটা বলতে চাই গড়ের মাঠে যে রেস হয়, আমরা প্রত্যেক শনিবার দেখি হাজার হাজার লোক মাঠে যেয়ে সর্বস্বান্ত হয়, সেখানে কালো টাকার খেলা চলে। এই রেসের ব্যবস্থা তুলে দেওয়া দরকার, কারণ গরীব মানুষ যারা যায়, তাদের স্ত্রী-পুত্র পরিবার খেতে পায় না। অথচ তারা রেস খেলে সর্বস্বান্ত হয়। সুতরাং এই রেস তুলে দেওয়া উচিত।

এখানে একটা কথা বলি, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আশা করেছিলাম যে, তিনি যে শুভবুদ্ধি নিয়ে এই বাজেট পেশ করেছেন এর মধ্যে সংখ্যালঘু সম্প্রদায় আশা করেছিল তাদের সম্পর্কে, মাদ্রাসা সম্পর্কে, তাদের ওয়াকফ সম্বন্ধে কিছু বিধি-ব্যবস্থা থাকবে, এই সম্পর্কে কিছু বরাদ্দ থাকবে, ভোট অন এ্যাকাউন্টস্ বাজেটের সময়েও আমি বলেছিলাম যে, বহু মাদ্রাসা রেকগ্নিশন পায় নি, মাইনরিটি এডুকেশন-এর কোন ব্যবস্থা নেই, ওয়াকফ প্রোপার্টি প্রটেকশন এবং তাদের চাকরির ব্যবস্থা করার জন্য অনুরোধ করেছিলাম এবং আশা করেছিলাম যে, এই বাজেট বক্তৃতায় সেই সব হ্যাব নটস্-দের জন্য স্পেসিফিক কিছু থাকবে, কিন্তু তা আমরা এখানে কিছু দেখতে পাচ্ছি না।

[3.40—3.50 P.M.]

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রী মহাশয়কে আমার অভিনন্দন জানাচ্ছি। আজকে এই সভাতে তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট আমি মন দিয়ে পড়েছি। আমি তাঁকে এই বলে অভিনন্দন জানাচ্ছি সারা ভারতবর্ষের পুঁজিপতি রাষ্ট্রে এবং পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে পশ্চিম বাংলায় যে বামপন্থী সরকার গঠিত হয়েছে এই পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে তিনি যে ঐতিহাসিক একটা বাজেট রচনা করেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমরা জানি আজকে এই বাজেটের মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষ ও পশ্চিমবঙ্গের চেহারা পাল্টে যাবেনা, সাম্রাজ্যবাদী রাষ্ট্রের উদ্দেশ্যে তার এই পদক্ষেপ অভিনন্দনযোগ্য। আমার এই বাজেট পড়তে গিয়ে আর একটা কথা মনে পড়ছে, যে কথা উল্লেখ না করে পারছি না। এই বাজেট, ১৯৭৭ সালের ঐতিহাসিক বাজেট পড়ে আমার মনে পড়ছে আজ থেকে '৩৯ সাল, ভারতবর্ষ যখন ইংরাজ শক্তির কুক্ষিগত ছিল সেই সময় নেতাজী সুভাষচন্দ্র বোস এই সাম্রাজ্যবাদী শক্তির মধ্যে বসে আগামী ভারতবর্ষের জন্য যে প্ল্যানিং কমিশন গঠন করেছিলেন

এবং তার যে রূপরেখা গঠন করেছিলেন আজকে এই বাজেট দেখে তাই মনে পড়ছে। ৩০ বৎসর, এই সময়ের মধ্যে আমরা স্বাধীনতার আস্বাদ পাই নি। এখানে উদ্বাস্তুদের কথা রয়েছে, সেই কথা মনে করতে গিয়ে মনে হচ্ছে আমরা যারা ভারতবর্ষের স্বাধীনতার জন্য লক্ষ লক্ষ মানুষ, ছিন্নমূল মানুষ পূর্ব বাংলা থেকে পশ্চিমবাংলায় আশ্রয়ের জন্য ঝাঁপিয়ে পড়েছিল, যে ছিন্নমূল মানুষগুলি ভারতবর্ষের স্বাধীনতার জন্য বলি হয়েছিল, সেই উদ্বাস্তুদের কথা তাঁর মনে পড়েছে, তাদের কথা তিনি স্মরণ করেছেন। আমরা জানি পশ্চিমবাংলা আজকে ব্রিটিশ আমল থেকে যেভাবে শোষিত হয়েছে, গত ৩০ বৎসর ধরে কংগ্রেস শাসনে পশ্চিমবঙ্গের মানুষ এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে থেকে এবং এই অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে থেকে, শোষিত ও অত্যাচারের মধ্যে থেকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে।

শোষণ এবং অত্যাচারের মধ্য দিয়ে আজকে ভারতবর্ষ তথা পশ্চিমবাংলা যেখানে এসে দাঁড়িয়েছে, তাতে দেখা যায় ৭০ ভাগ মানুষ আজকে দারিদ্র্য সীমার নীচে এসে পৌঁছেছে। এই থেকে উত্তরণের পথ খুঁজছি। এখানে বহু সদস্য এই বাজেটের বিরোধিতা করে অনেক কথা বলেছেন। কিন্তু আপনি ভুলে যাবেন না, সংসদীয় গণতন্ত্রের মধ্যে আমরা যেদিন এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের মধ্যে প্রবেশ করেছি, সেদিনই ঘোষণা করেছি যে, পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের নির্যাতিত মানুষের মুক্তির জন্য সমাজতন্ত্রে উত্তরণের পথে শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে, সংসদীয় গণতন্ত্রের সীমিত ক্ষমতার মধ্যে পৌঁছান যায় না। তা সত্ত্বেও আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, পুঁজিবাদী কাঠামোর মধ্যে, তাতে আমি তাঁকে অভিনন্দন জানাই। তাঁর বাজেটের মধ্যে তিনি সমস্ত কথা উল্লেখ করেছেন। অতীতের কথা আমাদের চোখের সামনে ভেসে আসে, অতীতের ইতিহাস আমরা ভুলতে পারি না। তিনি পুলিশ বাজেট কমিয়েছেন, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। গত সাত বছর ধরে পশ্চিমবাংলার বুকের উপর দিয়ে যে নির্যাতন হয়ে গেছে, পশ্চিমবাংলার একজন মহিলা হিসাবে তা কিছুতেই ভুলতে পারি না। আমাদের মাননীয় কংগ্রেস সদস্য কিছুক্ষণ আগে বললেন এবং সভায় রক্তমাখা একখানি কাপড় তুলে ধরলেন, আমি একজন মহিলা হিসাবে ভুলতে পারি না, জরুরী অবস্থা থাকাকালীন মহিলাদের উপর কি অত্যাচার হয়েছে। স্বাধীন ভারতবর্ষে আমরা সে জিনিস কল্পনাও করতে পারি না। আজকে স্মরণ করতে হবে, আমরা অতীতের কথা ভুলে যাই না, অতীতের কথা আমাদের সামনে বার বার আসে, ভবিষ্যতকে সামনে রেখে আমরা অতীতকে মুছে ফেলতে পারি না। আমি আগে থেকেই অভিনন্দন জানাই যে অর্থমন্ত্রী পুলিশ বাজেটকে সংক্ষিপ্ত

করেছেন। আমি আরও তাঁকে অভিনন্দন জানাই যে, তিনি মহিলাদের সম্পর্কে বলেছেন, শিক্ষার সম্পর্কে বলেছেন। আজকে নেতাজীর কথা স্পষ্ট করে বলতে চাই যে, তিনি স্বাধীনতা উত্তরণের পর যে রূপরেখা তুলে ধরেছিলেন তাতে ছিল শিক্ষা এবং দারিদ্র্যের কথা, আজকে এই বাজেটের মধ্যেও তা রয়েছে। যে দেশে ৩০ বছর ধরে সাধারণ মানুষকে শিক্ষার আলোতে আসতে দেওয়া হয় না, শতকরা ৭০ জন নিরক্ষর, লেখাপড়া শিখবার সুযোগ নাই, তাদের যদি আজকে সামনের দিকে তুলে ধরতে না পারি, তাহলে তো কবিগুরু যে কথা বলেছেন প্রদীপের নীচেই অন্ধকার থেকে যাবে।

যারে তুমি পিছে ফেল
সে তোমারে টানিছে পশ্চাতে,
পশ্চাতে ফেলিছ যারে,
সে তোমারে পশ্চাতে টানিছে।

আজকে আমার সেই অবস্থার কথাই মনে হচ্ছে। আমরা এগিয়ে যেতে চাচ্ছি, কিন্তু আমাদের পেছনে অন্ধকার। গ্রামের দিকে তাকান, গ্রামকে শোষণ করে ভারতবর্ষের নগরগুলিকে উন্নত করা হয়েছে কেন? এখানকার মুষ্টিমেয় ধনিক সম্প্রদায়ের জন্য এই ব্যবস্থা করেছেন। আজকে ৩০ বছর ধরে কংগ্রেস সরকার লক্ষ লক্ষ টাকা লুটেছেন, কংগ্রেস সরকার তার বাজেটের মধ্য দিয়ে শোষণ ব্যবস্থা পরিচালনা করেছেন এবং এটা করা হয়েছে মুষ্টিমেয় কয়েকটি ধনিক শ্রেণীর স্বার্থে। আমি যে এলাকা থেকে এসেছি কিছুদিন আগে সেখানে বন্যা হয়েছিল, বন্যাক্লিষ্ট মানুষের কাছে পৌঁছান যায় না, সেখানে পুল নেই, রাস্তা নেই, সমস্ত বিপর্যস্ত হয়ে গেছে, আর দেখবেন এই সমস্ত গ্রামগুলিকে শোষণ করে কোটি কোটি টাকা নিয়ে বিলাস-ব্যসনের জন্য এই কলকাতা, বোম্বে, মাদ্রাজ এই শহরগুলির তারা উন্নতি করেছেন। তাই বাজেটের মধ্যে অর্থমন্ত্রী গ্রাম বাংলার যে কথা বলেছেন, তাতে তাঁকে অভিনন্দন জানাই। গ্রামের মানুষ বঞ্চিত, হতভাগা, নিপীড়িত, আজকে আমি এই মানুষগুলির কথাই বলতে চাই। সেই মানুষগুলিকে এগিয়ে নিয়ে যেতে চাই, সেই কারণে আজকের এই বাজেটে যে কথা উল্লেখ করেছেন, তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাই। আর একটা কথা মনে রাখবেন। আপনি শিক্ষার কথা বলেছেন—ষষ্ঠ শ্রেণী পর্যন্ত অবৈতনিক করতে চাইছেন। আমি তার সংগে আর একটু সংযোগ করতে চাই। আমি একজন মহিলা, আমি অনুরোধ জানাব যে, আপনি আপনার সাধ্যমত চেষ্টা করবেন মেয়েদের শিক্ষায় উৎসাহিত

করার জন্য। ১০ম শ্রেণী পর্যন্ত মহিলাদের শিক্ষাব্যবস্থা অবৈতনিক করা হোক, এটা আপনার কাছে আমার অনুরোধ।

[3.50—4.00 P.M.]

কারণ তা না হলে গোটা পশ্চিমবাংলা এবং ভারতবর্ষ অগ্রসর হতে পারবে না। শিক্ষা ছাড়া কোনও একটা জাতি বা একটা দেশ এগিয়ে যেতে পারে না। ৩০ বছর ধরে কংগ্রেস যা করে গিয়েছে সেকথা মনে রাখতে হবে। আজকে একটা জাতিকে যদি এগিয়ে যেতে হয় শিক্ষা ও সংস্কৃতির মধ্য দিয়ে এগিয়ে যেতে হবে। ধন্যবাদ জানাই অর্থমন্ত্রীকে। রাজ্যপালের ভাষণের বিতর্কের সময় বলেছিলাম কংগ্রেস কি করেছে সেকথা আমরা জানি এবং সেইজন্য আপনি যে মদের উপর কর বসিয়েছেন তার জন্য অভিনন্দন জানাই। পশ্চিম বাংলার মেয়েদের এবং যুবকদের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন জানাই। কংগ্রেস পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের সংস্কৃতি বিধ্বস্ত করে দিয়েছে। কারণ আমি বিশ্বাস করি যে, বাংলাদেশ একদিন গোটা ভারতবর্ষকে নেতৃত্ব দিয়েছে —পশ্চিম বাংলার নেতা, পশ্চিম বাংলার কবি এবং পশ্চিম বাংলার মনীষী গোটা ভারতবর্ষকে নেতৃত্ব দিয়েছে, আপনাকে অভিনন্দন জানাই এইজন্য যে, আজকে পশ্চিমবাংলার শিক্ষা-সংস্কৃতিকে আপনি ফিরিয়ে আনছেন। আরও লক্ষ্য করে দেখুন পশ্চিম বাংলার মানুষ আপনাকে অভিনন্দন জানিয়েছেন। শুধু সমালোচনা করবার জন্যই সমালোচনা নয়, শুধু বিরোধিতা করবার জন্য বিরোধিতা নয়, আমি কংগ্রেসের মাননীয় সদস্যদের বলি পশ্চিমবাংলায় ৩০ বছর ধরে তাঁরা সাফল্যের সংগে দুর্নীতির জাতীয়করণ করেছেন। গোটা পশ্চিমবাংলাকে দুর্নীতিগ্রস্ত করে মেরুদণ্ড ভেঙ্গে ফেলে দিয়েছেন। সেখান থেকে উঠে সমাজতন্ত্রের লড়াইয়ের জন্য অগ্রসর হওয়ার জন্য এই বাজেট হচ্ছে ধ্রুবতারা। কি করে সাধারণ মানুষকে নিয়ে বাজেট করা যায় তাই অর্থমন্ত্রী এই বাজেটে দেখিয়েছেন। তাই অর্থমন্ত্রীকে পশ্চিম বাংলার মেয়েদের পক্ষে আন্তরিক অভিনন্দন জানাই এবং আশা করি ভবিষ্যতে আগামী দিনে সমাজতন্ত্রের পথে এগিয়ে যেতে পারবো সেইভাবে সভাকে তিনি পরিচালিত করবেন। এই বলে বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্!

শ্রীঅতীশচন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট পড়ে এবং সরকার পক্ষের সদস্যদের এবং তার সঙ্গে মাননীয় হরিপদ ভারতী মহাশয়ের বক্তৃতা শুনে মনে হচ্ছে সরকার পক্ষ অন্যদের ঘাড়ে দোষ চাপিয়ে নিজেদের দায়িত্ব এড়িয়ে

ংবার চেষ্টা করেছেন। আমি প্রথমে দুটো কথা বলবো। একটা হচ্ছে যে, গত কংগ্রেস সরকার তাদের জন্য তহবিলে কিছু রেখে যান নি, তহবিল একেবারে শূন্য এবং তার জন্য তারা কিছু করতে পারছেন না। এই কথা সরকার পক্ষ বলছেন। আমি পরিসংখ্যান দিয়ে দেখাতে চাই যে, এই যুক্তিটা কতটা ভ্রান্ত। আপনারা বলেছেন কংগ্রেসে যারা ছিলেন যাবার সময় তারা নাকি ৫০ কোটি টাকা পর্যন্ত কমিটমেন্ট করেছিলেন। তার মধ্যে অন্ততঃ ৩৭ কোটি টাকার মতো ঘাড়ে নিতে হবে যেটা এড়াবার কোন সম্ভাবনা নেই। দ্বিতীয় কথা বলেছেন আগে যে তিন বছরের বাজেট পেশ করেছিলেন সেখানে ঘাটতি ছিল প্রারম্ভিক তহবিলে ৩৭ কোটি টাকা। তারপর তিনি বলেছেন ৪০ কোটি টাকা। এখন বেড়ে ৫৬ কোটি হয়েছে। যদিও জানি না কি করে হল, তিনি বিস্তৃতভাবে জানান নি। আমি আশা করি কি করে হল এটা সভার সদস্যদের কাছে বিস্তৃত ভাবে রাখবেন। তবে যদি ধরেও নিই যে, তিনি যে তথ্য দিয়েছেন সেটা সত্য, তাহলে ৩৭ কোটি আর ২৬ কোটি, মোট ৯৩ কোটি টাকার দায়িত্ব আপনাদের নিতে হয়েছে। আমি দেখিয়ে দিচ্ছি তার তুলনায় ১৯৭২ সালে যখন আমরা এসেছিলাম তখন অবস্থাটা কি রকম ছিল। আপনারা সকলেই জানেন ১৩০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ঋণ ছিল পশ্চিমবঙ্গ সরকারের।

৩৩ কোটি টাকা রিজার্ভ ব্যাঙ্কে ওভার ড্রাফট এবং ঐ ৫৬ কোটি টাকার মত ঘাটতি ছিলেট। ঐ তিনটি যদি যোগ দেন তাহলে আমরা ১৯৭২ সালে যখন সরকারে এসেছিলাম তখন ২১৩ কোটি টাকা ঘাটতি নিয়ে, মাইনাস নিয়ে সরকারের দায়িত্ব পেশ করি। কাজেই মাত্র ৯৩ কোটি টাকা ঘাটতি যা এই ৩৭ কোটি টাকা এবং ৫৬ কোটি টাকা যোগ করলে হয়, তা আমরা যে অবস্থায় '৭২ সালে এসেছিলাম তার তুলনায় অনেক ভাল। কংগ্রেস কিছু করে যান নি, কংগ্রেস সরকার কিছুই করতে পারেন নি। কিছুই রেখে যাননি এই যদি বলেন তাহলে বুঝবো আপনারা দায়িত্ব এড়িয়ে যাওয়া ছাড়া আর কিছুই করছেন না। দ্বিতীয়তঃ '৭২ সালে আমরা যখন এসেছিলাম তখন বাৎসরিক প্ল্যানে ব্যয় হোত ৬৬ কোটি টাকা—সেটাকে আমরা বাড়িয়ে ১৯৭৭-৭৮ সালে ৩১৩ কোটি টাকা করেছি, যার ফল এই সরকার লাভ করছেন। আমরা এই পাঁচ বছরে পাঁচ গুণ বাড়িয়েছি এবং এর থেকে যে ৩৭ কোটি টাকা খরচ হয়েছে সরকারী কর্মচারীদের দিয়ে এটা এমন কিছু একটা খরচ হয় নি। এর থেকে আরও অনেক বেশী টাকা আপনাদের দিতে হত সরকারী কর্মচারী এবং শিক্ষকদের দাবি-দাওয়া মেটাতে। আমরা যে টাকা খরচ করছি সেটা এই পশ্চিম বাংলাতেই থাকবে এবং তার থেকে সেলস ট্যাক্স এবং

আরও অনেক রকম ট্যাক্স পশ্চিমবঙ্গ সরকার পাবেন। ৩১৩ কোটি টাকা যে আমরা করেছি তার থেকে এই ৩৭ কোটি টাকা বাদ দিয়ে যেটা থাকে আমি জোর করে বলতে পারি এই আর্থিক বছরের বাকী ক'টা মাসের মধ্যে আপনারা খরচ করতে পারবেন না। আশা করি আপনারা বেঁচে থাকবেন এবং আমিও বেঁচে থাকবো। সামনের বছরে বাজেট আসবে, আমার কথার সত্যতা সেদিন দেখতে পাবেন আমি মিথ্যা বলছি কি সত্য বলছি। আর একটি কথা বলতে চাই কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের সম্পর্কে বলবার প্রয়াস পেয়েছেন যে, আয় বণ্টন, আর্থিক বিভাজন এটা আপনাদের আমলে পরিবর্তন না হলে আপনার পক্ষে কিছু করা সম্ভব নয়। এই যে উক্তি এটা অসত্য। কেন্দ্রীয় সরকারের যে বিভাজন নীতি আছে তা পরিবর্তন না হলে পশ্চিমবাংলার উন্নতি একেবারে অসম্ভব এই কথা এই প্রথম তিনি এই অধিবেশনে প্রকাশ করেছেন বলে দাবি করছেন এটাও অসত্য। আমাদের পাঁচ বছরে আমরা বহুবার কেন্দ্রীয় সরকারের এই নিয়ে কথা বলেছি এবং তার আগে ডাঃ রায়ের আমলেও বহুবার আলোচনা হয়েছে। পশ্চিমবাংলার প্রাক্তন অর্থমন্ত্রী শ্রীশঙ্কর ঘোষ গত কয়েক বছর এই কথা বলেছেন কেন্দ্র ও রাজ্যের মধ্যে কি ভাবে আদায়ীকৃত কর বণ্টন হওয়া উচিত। আমি তাঁরই একটা উদ্ধৃতি দিয়ে বলছি: "কেন্দ্রীয় কর রাজ্যগুলির বিতরণের নীতি সংগ্রহের ভিত্তিতে ঠিক হওয়া উচিত। সংগ্রহের নীতি গাডগিল ফরমুলায় থাকায় আমরা আমাদের যা পাওয়া উচিত তা পাচ্ছি না। এর পরিবর্তনের কথা তিনি বলেছেন।" যদি আঞ্চলিক বৈষম্য দূরীকরণের জন্য তথাকথিত শিল্প-সমৃদ্ধ রাজ্যগুলিকে কেন্দ্রীয় কর ও শুল্কের ন্যায্য অংশ থেকে বঞ্চিত করা হয় তবে কলকাতা এবং তার চতুর্পার্শ্বস্থিত শিল্প-সমাবেশগুলি সম্পদ না বোঝা হয়ে দাঁড়াবে। বর্তমানে আয়-কর এবং আবগারী কর বিভাজন পদ্ধতি হল যে শিল্প-সমৃদ্ধ রাজ্যগুলি তাদের শিল্পাঞ্চলের সম্প্রসারণ থেকে খুব কমই লাভবান হয়ে থাকে, কেন না তাদের শিল্পাঞ্চল থেকে সংগৃহীত কর মাথাপিছু সমতার ভিত্তিতে ভারতবর্ষের বাকি অংশে বণ্টিত হয়।

[4.00—4.10 P. M.]

এই উদ্দেশ্যে পশ্চিমবাংলার শিল্পাঞ্চল থেকে যে আয় উৎপন্ন হয় তার মোটা অংশ পুনরায় এই রাজ্যে ফিরিয়ে আনা উচিত—সুতরাং আপনারা যে প্রথম বলছেন তা নয়। আপনারা বলতে চেয়েছেন যেন প্রথম নিউটন'স গ্র্যাভিটেশন অব

স্বীকার করেছেন। আপনাদের সদস্য বলেছেন বলেই আমি প্রমাণ করবার জন্য
ই কথা বললাম এবং সেটা যে কতখানি ভুল তা প্রমাণ করবার জন্যই এই তথ্যগুলি
লি রাখলাম। আপনারা জানেন পঞ্চম অর্থ কমিশন যা ১৯৭২ সালের আগে
য়েছিল তার থেকে পশ্চিমবাংলা পেয়েছিল মাত্র ৩৬৯ কোটি টাকা। আর আমাদের
ই সমস্ত আর্গুমেন্টের ফলে, কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের অভাবের কথা
লার ফলে, ষষ্ঠ অর্থ কমিশন গত কংগ্রেস সরকারের সময় যেটা হয়েছিল,
র জন্য আমরা ৮২২ কোটি টাকা পেয়েছি। অর্থাৎ পঞ্চম অর্থ কমিশন থেকে
য় ২॥ গুণ বৃদ্ধি হয়েছে। সংগে সংগে এই কথা স্মরণ করিয়ে দিই প্ল্যানিং-এর
পোরটা—চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মাত্র ৩২২ কোটি টাকা ছিল, আমরা
টাকে বাড়িয়ে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে ১২৫০ কোটিতে নিয়ে যেতে সক্ষম
য়েছিলাম। অর্থাৎ প্রায় ৪ গুণ বৃদ্ধি হয়েছে। কাজেই এই কাঠামোর ভিতরও
দ সত্তিকারের সদিচ্ছা থাকে, যদি কেন্দ্রের কাছে সত্তিকারের আপনারা গিয়ে
লেন, কেন না কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার আছে, যে কথা শ্রদ্ধেয় হরিপদ
রতী মহাশয় বলেছেন—কাজেই আপনাদের বন্ধু সরকারকে যদি সত্তিকারের
খাতে পারেন, তাদের কাছে যদি দাবি-দাওয়া রাখতে পারেন তাহলে পেয়ে
বেন। পঞ্চম অর্থ কমিশনে যেখানে ৩৬৯ কোটি টাকা ছিল, ষষ্ঠ অর্থ কমিশনের
ছ থেকে ৮২২ কোটি টাকা পেয়েছি, প্রায় ২॥ গুণ বাড়িয়ে নিয়ে এসেছি। আর
টাকে আপনারা যদি বাড়িয়ে ২ হাজার কোটিতে নিয়ে আসতে পারেন তবেই
র এখানে খালি বড় বড় বক্তৃতা দেওয়াটা আসল উদ্দেশ্য নয়, সত্তিকারের পশ্চিম
লাকে এগিয়ে নিয়ে যাওয়াই উদ্দেশ্য। পঞ্চম পরিকল্পনায় চতুর্থের তুলনায় আমরা
গুণ বাড়িয়ে নিয়ে যেতে সক্ষম হয়েছিলাম—আপনারা সেই ১২৫০ কোটিকে
হাজার কোটিতে যদি নিয়ে যেতে পারেন তবেই বুঝব আপনাদের সামর্থ্য আছে,
র কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার আছে, আপনারা সেটা করুন, আমাদের
র্তীণ সমর্থন পাবেন। আপনারা এই বাজেটের ছত্রে ছত্রে বলেছেন, কেন্দ্রীয়
রকার দিচ্ছে না, কেন্দ্রীয় সরকার কিছু করছে না, সেই জন্য আপনারা কিছু করতে
রছেন না। কিন্তু আমি কি সবিনয়ে মাননীয় মুখ্যমন্ত্রী ও মন্ত্রিমণ্ডলীর কাছে প্রশ্ন
থতে পারি এই যে, এত বড় বন্যা পশ্চিমবাংলায় হয়ে গেল—যার ফলে মুর্শিদাবাদ,
দিনীপুর, উত্তরবঙ্গ ভেসে গেল, সেই বন্যাক্লিষ্ট মানুষগুলির কাছে দু' কেজি গম,
মুঠো তন্ন দেবার জন্য আপন কর্তব্যও করে উঠতে পারলেন না, এর জন্যও
ন্দ্রীয় সরকারের কাছে হাত পাততে হবে? এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছ
কে গম না পাওয়া গেলে দেওয়া হবে না? আজ প্রশ্নোত্তরের সময় কৃষিমন্ত্রী

বলেছেন ৩১ কোটি টাকার মত ফসল নষ্ট হয়েছে, আর সেখানে মাত্র ১০ লক্ষ টাকার মত বিভিন্ন খাতে ঋণ দিয়েছেন। এটাই কি জনদরদী, গরীব দরদী সরকারের নিদর্শন ? যে মানুষ কষ্ট পাচ্ছে, যে মানুষ বন্যাক্লিষ্ট হচ্ছে, যে সব মানুষ দু'বেলা খেতে পাচ্ছে না, সেখানে আপনাদের মত সরকার উদার হাতে তাদের সাহায্য করতে এগিয়ে আসবেন। বন্যার সময়, খরার সময় বিগত কংগ্রেস সরকার এর থেকে অনেক বেশী দরাজ ছিলেন।

মূল্যমান বৃদ্ধি আপনারা নিশ্চয় কমিয়ে আনবার জন্য নানা রকম থিওরি আওড়েছেন, কিন্তু আমি মনে করি এইগুলি কাগুজে থিওরি, এইগুলি বাস্তবে আপনারা পরিণত করতে পারবেন না। আপনারা ৯ পৃষ্ঠায় বলেছেন, সংগ্রহ ও বণ্টনের কাজটি কমিশন এজেন্টদের হাতে কোনক্রমেই তুলে দেওয়া চলবে না, তা সরকারের সরাসরি তত্ত্বাবধানে হওয়া চাই, খুব ভাল কথা। আমরাও বারবার বলে এসেছি, কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে সম্ভব হচ্ছে না। আপনারা জানেন শুধু এফ. সি. আই. চাল, গম সংগ্রহ করেন। এগুলি গুদামজাত করবার জন্য যে খরচ এবং শেষ পর্যন্ত বণ্টনের যে খরচ তা থেকে সহজেই বুঝতে পারবেন যে, সরকারের হাতে নিলে সেই খরচ কম হয় না, খরচ অনেক বেড়ে যায়। তা সত্ত্বেও যদি আপনারা বলেন যে, না, আপনাদের সরকারের এটা পরিকল্পনা—আমি শুধু আপনাদের বলব যে, আপনারা দেখিয়ে দিন—যদি সময় চান তাও দিতে রাজি আছি, যদি বলেন আপনাদের ইনফ্রাষ্ট্রাকচার নেই, সময় লাগবে, তাতেও আমরা রাজি আছি, ৬ মাস কেন এক বছর পর্যন্ত দিতে রাজি আছি—আপনারা নিদেন পক্ষে শাকসব্জী, যা আমাদের পশ্চিমবাংলায় উৎপন্ন হচ্ছে, যেখানে বড় বড় ফড়ে মালিকদের হাত আছে, যারা হাওড়ার হাট ইত্যাদি সমস্ত কিছু কণ্ট্রোল করছে, সেটাকে রাষ্ট্রায়ত্ত করে অন্ততঃ এই জিনিসগুলির দাম আগামী ৬ মাস বা ১ বছরের মধ্যে কমিয়ে দেখিয়ে দিন।

আপনারা দেখিয়ে দিন যে, মূল্যমান কমিয়ে আনবার জন্য আপনারা যে সমস্ত থিয়োরি আউড়েছেন সেগুলি কেবল কাগুজে বাণ নয়, সেগুলি সত্যিকারের আপনাদের প্রাণের কথা। স্যার, সরষের তেলের দাম যখন ১২ টাকা হয়েছিল লোকসভার নির্বাচনের সময় তখন তাই নিয়ে ওরা খুব বাজার গরম করেছিলেন ভোট পাবার জন্য। আজকে কি আমি সবিনয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি যে, সেই সরষের তেলের দাম আজ কত হয়েছে ? আজকে ভারত সরকার মূল্যমান কমাবার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ? সরষের তেলের দাম আজ আমরা দেখছি লাফিয়ে লাফিয়ে ১৪ টাকাতে গিয়ে উঠেছে। এর জবাব

আমরা নিশ্চয় আপনাদের কাছ থেকে আশা করবো। আপনারা মাত্র ২ ২॥ মাস এসেছেন বলে আপনাদের মুখের দিকে তাকিয়ে ধৈর্য ধরে জনসাধারণ বসে আছেন আপনারা কি করেন তা দেখার জন্য, কিন্তু আপনারা মনে রাখবেন এই জিনিস যদি আরো ৬ মাস বা এক বছর চলে তাহলে আমরা মাত্র ২০ জন এখানে বসে আছি বলে আমাদের যতই গালাগালি দিন না কেন, বাইরে গিয়ে জনসাধারণকে আপনারা ফেস করতে পারবেন না।

পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব, ওরা বলেছেন, বিগতে কয়েক বছর ধরে সরকারী সংস্থাগুলিতে কর্মমানের উন্নতির কোন প্রচেষ্টা হয় নি। আমাদের তরফ থেকে এই প্রসংগে আমি বলতে পারি, আমাদের যে পাবলিক আণ্ডারটেকিং ডিপার্টমেন্ট ছিল তার ১২টি সংস্থার মধ্যে কল্যাণী স্পিনিং মিল এবং দুর্গাপুর কেমিকালস বাদে আপনারা হিসাব করে দেখবেন প্রত্যেকটিতে কর্মমানের উন্নতি হয়েছে। এমন কি মাত্র দু'দিন আগে আপনাদের মন্ত্রী চিত্তব্রতবাবু যে ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাসট্রিজ কর্পোরেশনের উপর বইটি দিলেন তাতে দেখবেন সেখানে ১৯৭৩-৭৪ সালে সেলস টার্নওভার ১০ কোটি টাকা, ১৯৭৪-৭৫ সালে সেটা হল ১২ কোটি টাকা, তার আগে ছিল ১৯৭০-৭১ সালে মাত্র তিন কোটি টাকা। লাভের অংশ ১৯৭০-৭১ সালে কিছুই নয়, কিন্তু ১৯৭৪-৭৫ সালে সেটা হল ৮০ লক্ষ টাকা। আপনারা জেনে আনন্দিত হবেন যে, আমাদের সরকারের সময় এই সংস্থা পশ্চিমবঙ্গ সরকারকে ডিভিডেন্ট ডিক্লিয়ার করে বোধহয় ৮ কি ৯ লক্ষ টাকা দিয়েছে। ওয়েস্ট বেঙ্গল ওয়্যার হাউসিং কর্পোরেশন প্রথম তার জীবনে ডিভিডেন্ট ডিক্লিয়ার করে কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারকে ডিভিডেন্ট দিয়েছে। আসল কথা মাননীয় অধ্যক্ষ মহাশয় তা নয়, আসল কথা হচ্ছে, আজকে পশ্চিমবঙ্গে গ্যাস নেই, ইলেকট্রিসিটি নেই, বাস নেই। এর কারণ হচ্ছে, পশ্চিমবাংলার কোন শিল্পক্ষেত্রে আজকে কেউ কাজ করছে না। কাজ করবে কি করে? ওরা স্যার, গত ৩০ বছর ধরে মানুষকে শিখিয়ে এসেছেন যে, তোমরা কাজ কোরো না, তোমরা খালি ধর্মঘট করো এবং বেশী বেতন চাও, তোমরা কাজ কোরো না। আর আজ সরকারে এসে অন্য কথা বলবেন এটা হতে পারে না। স্যার, এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীরমজান আলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা দেখছি এখানে অনেক ভাল ভাল কথা বলা হয়েছে। গ্রামের যাতে উন্নতি হয় তার জন্য নজর দেওয়া হয়েছে সে কথা বলা হয়েছে, কিন্তু

গ্রামের উন্নতি কি ভাবে হবে সে সম্বন্ধে সঠিক কোন কথা বলা হয় নি। স্যার, আজকে পশ্চিমবঙ্গের গ্রামগুলির যে অবস্থা তাতে দেখতে পাচ্ছি সেখানে কমিউনিকেশান নেই, ইলেকট্রিসিটি নেই, শিক্ষার ব্যবস্থা নেই, চিকিৎসার ভাল ব্যবস্থা নেই—এই রকম অবস্থায় গ্রামগুলি পড়ে রয়েছে। সেইজন্য আমি বলব, বাজেটে যদি কিছু বেশী টাকা গ্রামের জন্য রাখা হয় এবং সেই টাকা যদি গ্রামের জন্য খরচ করা হয় তাহলে গ্রামের সত্যিকারের উন্নতি করা সম্ভব হবে। কিন্তু তা না করে শহরের জন্য বেশী খরচ করার ভাগটা রাখা হয়েছে।

[4.10—4.20 P. M.]

গ্রামাঞ্চলের যে কথা বলা হয়েছে, বিশেষ করে যারা daily labourer, যারা ক্ষেতে কাজ করে, যারা agriculture labourer, তাদের minimum wage যাতে দেওয়া হয়। আমরা দেখেছি Governor-এর ভাষণে ছিল যে, remunerative price চাষীদের দেওয়া হবে। যদি চাষীরা remunerative price, নিজেদের উপাদনের minimum wage না পায় তাহলে এই যে সমস্যা আছে সেই implement হবে না। আজকে জুটের কি অবস্থা! জুটের দাম কমে গেছে জুটের একচেটিয়া ব্যবসায়ীরা জুট কিনতে চায় না। তার ফলে jute grower যাঁরা আছেন, তাঁরা সমস্যার সম্মুখীন হয়েছেন এবং Jute Corporation of India এর তরফ থেকেও যে প্রচেষ্টা ছিল সেটাও সেই হিসেবে Purchase হচ্ছে না। এদের প্রতি নজর দিয়ে সরকার একটু শক্ত হাতে এই একচেটিয়া যাঁরা জুটের ব্যবসায়ী আছেন, তাঁদের যদি বাধ্য করাতেন যে, জুট নিতে হবে তাহলে তাতে চাষীদের উন্নতি হত, লাভ হত, তারা একটা remunerative price পেত। এই আমাদের দেশের একটা money crop, বিশেষ করে Bengal-এর। কাজেই এই ব্যাপারে তারা যদি একটা remunerative price পেত, একটা minimum wage পেত তাহলে সেটা implement করা সম্ভব ছিল। আর একটা খুব ভাল জিনিস আমরা দেখেছি, সেটা হচ্ছে নিরক্ষরতা দূর করতে হবে তার উল্লেখ আছে অনেকদিন ধরে মাদ্রাসা education চলে আসছে। তার মাধ্যমে এই নিরক্ষরতা দূর হয় এবং যে general education ওখানে দেওয়া হয় upto Secondary standard—Primary to Secondary standard মাদ্রাসাতে হয়। কিন্তু সরকারের তরফ থেকে recognition দেবার কোন বিশেষ ব্যবস্থা নেই। এই মাদ্রাসাগুলি দুরবস্থার মধ্যে আছে। Madrasa Board একটা আছে, কিন্তু তার

হই হিসাবে Madrasa education দিতে পারছে না। এই বিষয়ে সরকারের বিশেষ নজর নেই। এই মাদ্রাসা education-এর উপর যদি সরকার একটা কিছু খরচ করতেন যাতে এই নিরক্ষরতা দূর করার জন্য এবং mass illiteracy-র কথা বলা হয়েছে তার জন্য মাদ্রাসাগুলি helpful হবে তার দিকে নজর দেওয়া দরকার ছিল। এখানে এই বাজেট পড়ে দেখেছি যে, কিছু মফঃস্বল শহরের কিভাবে develop করা হবে তার দিকে নজর দেওয়া হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে মফঃস্বল শহরের উন্নতি করার জন্য link road-এর দরকার। গ্রাম থেকে শহরে যাবার রাস্তা যদি না থাকে তাহলে উন্নতি কি করে হবে। কাজেই Communication বিশেষ ভাবে দরকার যদি develop করতে হয়। গ্রামগুলির যা অবস্থা দেখা যায় mainly in rainy season সেখানে সব কিছু disruption হয়ে যায়, কোন Communication-এর ব্যবস্থা থাকে না। সেখানে কোন culvert নেই, কোন bridge নেই। জায়গায় জায়গায় rivulet আছে, জলের জন্য লোক যাতায়াত করতে পারে না। এই রকম অবস্থায় গ্রামের উন্নতির দিকে আগে নজর দেওয়া দরকার। তার পরে শহরের দিকে নজর দেওয়া দরকার ছিল। তারপর handloom, powerloom এবং বিভিন্ন Small scale industries-এর মাধ্যমে যে বেকার সমস্যা সমাধানের কথা বলা হয়েছে, সে সম্বন্ধেও খুব বিশেষ করে Specific ভাবে কিছু বলা হয় নি যে, অমুক অমুক কলকারখানা করা হবে বা mat industry করা হবে—এই রকম পরিষ্কার ভাবে বলা দরকার ছিল। গ্রামের Cottage industries কি ধরনের হবে, তাতে Co-operative basis-এ কি কি কাজ হবে তাগুলির উল্লেখ নেই। আজকে গ্রামের উন্নতির জন্য Co-operative movement-এর দরকার আছে। আজকে গ্রামের দিকে নজর দিতে হবে এবং গ্রামের উন্নতির জন্য Cottage Industries এবং বিভিন্ন Small scale industries develop করা একান্ত প্রয়োজন। আমি অবাক হয়ে গেলাম পুরো বইটা পড়ে। এখানে ভূমি সংস্কারের কথা বলা হয়েছে। ভূমি বণ্টন হবে, ভূমি দেওয়া হবে। যাদের হাতে—যাঁদের নেই সেই শোষিত, বঞ্চিত, লাঞ্ছিত মানুষদের help করতে হবে। তাঁরা বিশেষ আশা নিয়ে এই সরকারের দিকে তাকিয়ে আছেন, যেহেতু এই সরকার শোষিত, বঞ্চিত মানুষের সরকার, এই সরকারের কাছে তাঁরা আশা করে আছেন। কিন্তু আমরা দেখছি যে, শহরের দিকে এখনও landlord আছে। যাঁরা বড় বড় building করে বসে আছেন এবং তাঁরা তার থেকে ভাড়া আদায় করে থাকেন, এখানে urban Ceiling-এর কথা নেই। যেখানে বলা হচ্ছে যে, rural and urban অঞ্চলের develop-এর দিকে সরকার নজর দিয়েছেন,

কিন্তু equally নজর দেন নি। যেমন গ্রামের জোতদারের জমি নিয়ে বণ্টন করার কথা আছে, Surplus land-কে distribute করার কথা আছে, সেই রকম Surplus building যাদের আছে—থাকার জন্য একটা, আরগুলি ভাড়া দেওয়া আছে, এই রকম বাড়ীকে বাজেয়াপ্ত করে যাদের গৃহ নেই, শহরাঞ্চলে তাদের মধ্যে বণ্টন করার কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি। সেটা নেওয়া উচিত ছিল বলে আমি মনে করি।

সেই জন্য আর্বান সিলিং-এর প্রয়োজন আছে। তার একটা সীমা হওয়ার দরকার আছে। যেমন ভূমির সীমা করে দেওয়া হয়েছে। এই সব বলে আমি সাধারণ ভাবে এই বাজেটকে সমর্থন জানাচ্ছি, যাতে কিছু ভাল হয়। শুধু ভাল ভাল কথা বললেই কিছু হয় না, এইগুলো যাতে ভাল ভাবে ইমপ্লিমেন্ট হয় তার দিকে বিশেষ ভাবে নজর দিতে হবে। গ্রামাঞ্চলে ব্যাকওয়ার্ড এলাকায় ছোট ছোট স্কুল করবার কথা এই বাজেটের মধ্যে আছে, সেইগুলো যাতে হয় তার দিকে বিশেষ নজর দিন নর্থ বেঙ্গল সাউথ বেঙ্গলের চেয়ে এডুকেশন্যালী ব্যাকওয়ার্ড—ওয়েস্ট দিনাজপুর এডুকেশন্যালী ব্যাকওয়ার্ড। সুতরাং এদিকে নজর দেবেন। নর্থ বেঙ্গল সব দিক থেকে ব্যাকওয়ার্ড, সেখানে রাস্তাঘাটের অভাব আছে, নানা জিনিসের অভাব আছে, সুতরাং আমাদের দিকে বিশেষ ভাবে নজর দিন। এই বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় যে বাজেট এই হাউসে পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না এবং সমস্ত বাজেটটা যদি পড়া যায় তাহলে দেখা যাবে এটা একটা ফলস্ এবং মানুষকে একটা ভাঁওতা দেওয়া ছাড়া আর কিছুই নেই। তিনি একজন ডক্টরেট, তিনি থিসিস লিখতে অভ্যস্ত, উনি যদি থিসিস হিসাবে পড়েন তাহলে ভাল। তিনি বিদেশে অনেক ঘুরেছেন, আমার মনে হয় গ্রামের নিভৃত কোণে কখনও যান নি, গ্রামের মানুষের অবস্থা দেখেন নি। তিনি তাদের সম্বন্ধে কিছুই জানেন না। তিনি বই পড়ে কম্যুনিস্ট হয়েছেন। আজকে সেই কম্যুনিজম তিনি আসলে তাঁর থিসিসের মাধ্যমে চালিয়েছেন। তাই আমি বলছি, সমস্ত বক্তা যাঁরা আছেন, যাঁরা মার্কসিস্ট বলে দাবি করছেন, এমন কি বর্তমানে ফরওয়ার্ড ব্লক, যাকে নেতাজীর দল বলে সকলে জানে, তাঁরাও মার্কসিস্ট নামে আজকে পরিচিত হয়ে পড়েছেন। সেই মার্ক্স বলছেন, যতদিন পুঁজিপতি দেশে কায়েম থাকবে ততদিন এই দেশের মানুষের কোন মুক্তি নেই, এই কথা বারবার বলছেন, কিন্তু সেই পুঁজিপতিকে কায়েম রাখার জন্য

বর্তমান অর্থমন্ত্রী কি কি ব্যবস্থা নিচ্ছেন, সেটা আপনাদের বলছি। বাজেটের আট পাতায় বলছেন, "আমরা শিল্পপতিদের বলেছি যে, তাঁরা যদি কেন্দ্র সরকার কর্তৃক নির্দেশিত নিয়মাবলী মেনে চলেন, শ্রমিকদের সঙ্গে ন্যায়সঙ্গত ব্যবহার করেন এবং ক্রেতাদের স্বার্থ বিসর্জন না দেন, এই রাজ্যে শিল্পপ্রসারে তাঁদের তা হলে স্বাগত জানানো হবে। শিল্প প্রসারের উপযোগী প্রাথমিক সুযোগ-সুবিধার জন্য তাঁরা যে সমস্ত অনুরোধ করেছেন সেগুলোও যথাসম্ভব বিবেচনা করা হবে।"

কিছুদিন আগে ডঃ মিত্র দিল্লী গিয়েছিলেন। তিনি সেখানে বলছেন, ডঃ মিত্র গেভ দিস মেসেজ টু ইণ্ডাস্ট্রিয়ালিস্টস্, সেখান থেকে কোটেশন তুলে বলছি, তিনি বলছেন : "Be our guest. As long as you play fair by us, we will play fair by you. we promise to be reasonable," what ever might be the ideology of the party in WEST BENGAL. It had to accept that it had to act within a capitalistic frame-work. শ্রীজ্যোতি বসু, আমাদের মুখ্যমন্ত্রী, তিনি কি বলেছেন, "Businessmen in West Bengal have nothing to fear, since we have accepted the present reality of a capitalist system." তিনি বলেছেন, "we have accepted the system." Mr. Basu said, "Your existence is accepted and the Government would leave no stone unturned to see that industry in the State flourished."

[4.20—4.30 P. M.]

আর এই যে অবস্থা এখানে দেখা যাচ্ছে, ওঁরা বলেন, পুঁজিপতিবাদ যতদিন ধ্বংস হচ্ছে ততদিন কিছু হবে না। অথচ আজকে পুঁজিপতিদের এঁরা বার বার বলছেন, বি আওয়ার গেস্টস এবং বি আওয়ার ফ্রেণ্ডস, তোমরা টাকা ঢালো, প্লিজ কাম, ক্যাপিটালিস্ট সিস্টেম আমরা গ্রহণ করেছি। তাই আমি বলি যে বন্ধুরা চিৎকার করছেন মার্কসের নামে, এমন কি লেনিন-এর নাম যন্ত্র নিচ্ছেন—অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার দ্বিতীয় পাতায় লেনিনের কথা বলেছেন, লেনিন এক জায়গায় বলেছিলেন, অর্থনীতি আসলে হচ্ছে পরিস্কৃত রাজনীতি।" আজকে উনি লেনিনের কথা বলছেন। তা আমার মনে হয় এই বাজেট দেখে লেনিন নিশ্চয়ই হয় কাঁদতেন, কিম্বা হাসতেন। তাই এখানে বলছি, Marxist socialism has been defeated by the communist party in India especially in

West Bengal. আজকে মার্কসিস্ট সোসালিজিমের নাম করে এই বাজেটের মধ্যে ভাঁওতা ছাড়া আর কিছুই নেই। এটা একটা থিসিস হয়েছে। তিনি থিসিস লিখেছেন Philosophy of revisionism has been established in west Bengal. এটা অস্বীকার করে লাভ নেই। আপনারা যখন চেম্বার অফ্ কমার্সদের ডাকছেন তখনই দেখছি আপনাদের সদস্য শ্রীবিনয়কৃষ্ণ কোঙার মহাশয় কালকে এখানে বক্তৃতা করে বলেছেন এবং আজকে সংবাদপত্রে বেরিয়েছে "এ দেশে জমি, কল-কারখানাগুলি পুঁজিপতি ও জমিদারদের হাতে রয়েছে, সেই একচেটিয় পুঁজিপতিদের বিরুদ্ধে লড়তে হবে। বিপ্লব হবে মাঠেঘাটে, যেমন ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে হয়েছিল। এই বাজেটকে উপলক্ষ্য করে শ্রেণীসংগ্রামকে তুঙ্গে নিয়ে যেতে হবে। ছেলে বড় হলে গোঁফ বেরবে না, হয় না। পুঁজিপতিবাদ থাকলে দারিদ্র্য বাড়বে।" এদিকে আমরা দেখছি আপনারা আজকে পুঁজিপতিদের ডেকে আনছেন। পুঁজিবাদ কায়েম করবার জন্য আপনারা বড় বড় চেম্বার অফ কমার্সে গিয়ে সেখানে খানা-পিনা করছেন এবং তাদের ডাকছেন। এটা ঠিক, আমাদের ডঃ মিত্র একজন প্রতিভাবান পুরুষ, এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। তার কারণ তিনি শিল্পপতিদের ডাকছেন, তোমরা ইনভেস্ট কর এবং তারা ক্যাপিটাল ইনভেস্ট করলে তিনি দারিদ্র্য দূর করবেন। এটা হচ্ছে কমিউনিজমের নতুন থিয়োরি। যদি শিল্পপতিরা ক্যাপিট্যাল ইনভেস্ট করে তাহলে দারিদ্র্য দূর হবে বরং যদি স্বীকার করতেন আমাদের কেন্দ্রে বন্ধু জনতা সরকার আছেন, আমরা তাঁদেরই নীতি অনুসরণ করছি, এই ছাড়া কোন পথ নেই। এটা স্বীকার করলে বুঝতাম সত্যি কথা বলেছেন। একদিকে পুঁজিবাদ দূর করতে হবে, আবার অন্য দিকে পুঁজিপতিদের ডাকছেন। এই যে কন্ট্রাডিকশন এটা কি করে দূর করবেন ? দুটো জিনিস কখনো হতে পারে না। একদিকে তাদের বিরুদ্ধে কথা বলছেন, আবার তাদের ডাকছেন। বীরেনবাবু আমাকে বাধা দেবার চেষ্টা করছেন। বীরেনবাবু নিজে জমিদার ছিলেন। বৌ-এর নামে, মায়ের নামে জমি বেনামী করে রেখেছেন, তা আমি জানি। আমি তাঁর প্রজা ছিলাম, তিনি ছিলেন আমাদের রাজা। তিনি লালগোলা বাজারের সমস্ত জমি বেনামী করে রেখেছেন। তিনি আর এখানে কি বলবেন ?

তার প্রতিভা যা কিছু স্পর্শ করে তাহাকেই সঞ্জীব করিয়া তোলে। আমাদের ডঃ মিত্রও তাই। মার্চ মাসে ডাঃ নাগের বাজেট বক্তৃতায় দেখা গেছে উদ্বৃত্ত বাজেট। ১৯৭৭-৭৮ সালে ৪ কোটি টাকা উদ্বৃত্ত দেখিয়ে তিনি আরম্ভ করলেন। তাঁর দপ্তরে যে সমস্ত Officer Secretary-রাই আছেন, তাঁরাই এই

বাজেট তৈরি করেন। কিন্তু মিঃ মিত্র যখন বাজেট place করলেন তখন দেখা গেল তিনি প্রথমে ৭ কোটি টাকা ঘাটতির কথা বললেন। আর এখন তিনি যে বাজেট পেশ করেছেন সেখানে ১৬-১৭ পাতায় দেখা যাচ্ছে প্রথমে তিনি বলেছেন ৫৬ কোটি টাকা, তারপর ৫৬ কোটি টাকা এবং বছরের শেষে ১৩১ কোটি টাকা। অর্থাৎ তিনি প্রতিভাবান বলে যতই স্পর্শ করছেন ততই ঘাটতি বেড়ে যাচ্ছে। ওঁকে আর একবার সময় দিলে উনি সমস্ত West Bengal-কে বিক্রি করে চলে যাবেন। তিনি আমাদের ভূতপূর্ব প্রধানমন্ত্রীর advsier ছিলেন। তিনি ইন্দিরা গান্ধীকে শেষ করে দিয়েছেন। এখন তিনি জ্যোতিবাবুকে শেষ করার জন্য লেগেছেন। ১৩১ কোটি টাকা ঘাটতির কথা বলে তিনি কর ধার্য করেছেন এবং করে বলেছেন, ৪১ কোটি টাকার রাজস্ব বৃদ্ধি পাবে এবং বাকী যেটা থাকবে সেটা সম্বন্ধে তিনি central-কে দেখিয়েছেন। সমস্ত বাজেটে তিনি কেন্দ্রের উপর দোষ চাপিয়ে পার হবার চেষ্টা করছেন। এই উদ্দেশ্য তাঁদের ১৯৬৭ ও ১৯৬৯ সালেও ছিল। যখন কংগ্রেস সরকার ছিল তখন তাঁরা জিনিসপত্রের দামের জন্য আন্দোলন করেছিলেন, আর এখন এর জন্য কাকে দায়ী করছেন। পশ্চিমবঙ্গে যখন কংগ্রেস সরকার ছিল তখন তাঁরা জিনিসপত্রের দামের জন্য সরকারকে দায়ী করেছিলেন, আজ সেইভাবে আমরাও তাঁদের দায়ী করছি। আজ ১৩ ১৪ টাকা তেলের দাম। আজ সে সমস্ত Blackmarketeer-দের দমন করার জন্য কি করছেন? তাঁরা সমস্ত ছেড়ে দিয়েছেন, কিছু করছেন না। তাঁরা বলছেন Misa-র চেয়ে কঠিন আইন করবেন। Misa-র নামে তাঁদের একটা আতঙ্ক আছে। Misa-তে তাঁরা মুনাফাখোর, মজুতদারদের ধরতে পারছেন না। কিন্তু তাঁদের এই লজ্জায় যে সাধারণ মানুষ শেষ হয়ে গেল এবং তারা আজ শেষ অবস্থায় পরিণত। তাই বলছি এই বাজেটে সমস্তটাই flop, ভাঁওতা। কিন্তু ভাঁওতা দিয়ে মানুষকে বেশীদিন রাখা যাবে না। জিনিস-পত্রের দাম যদি না কমে তাহলে এই বাজেট দিয়ে মানুষের পেট ভরবে না। ডঃ মিত্র লেখাপড়া জানা লোক, theory লেখেন, thesis লিখেছেন, কিন্তু যে বাজেট দিয়েছেন তাতে কি সত্যিকারের মানুষের দারিদ্র্য দূর হবে? বরং বলব দারিদ্র্য আরও বৃদ্ধি হবে এবং ৩/৬ মাস পরে তেলের দাম ১০/১২ টাকা হবে। এই কথা বলে এই বাজেটের আমি বিরোধিতা করছি।

[4.30—4 40 P.M.]

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ On a point of Personal Explanation, Sir, একটু আগে প্রাক্তন মন্ত্রী বললেন, আমার মা, স্ত্রী ইত্যাদির নামে বেনামে জমি

আছে। এটা অসত্য কথা। ৮ বছর মন্ত্রী ছিলেন, কিন্তু কি রকম অপদার্থ যে, এসব ধরতে পারেন নি। তিনি এখনও যদি প্রমাণ করতে পারেন তাহলে আমি বিধান-সভা থেকে পদত্যাগ করব। আমি জানি তিনি ছেলের নামে বেনামে জমি রেখেছেন।

শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আমাদের পশ্চিম বাংলার বামপন্থী জোটের রাজস্বমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন তাকে একটি গণ-বাজেট বলে পরিপূর্ণ সমর্থন করছি। আমি গ্রাম বাংলা থেকে এসেছি। কাজেই আমি অন্যান্য বিষয় বেশী সময় না নিয়ে গ্রামের গরীব চাষীদের মধ্যে ভূমিবণ্টন, খাজনা হ্রাস, উন্নত বীজ, সেচ, সার, চিকিৎসা, স্কুল, রাস্তা ইত্যাদি বিষয় সম্পর্কে সম্প্রসারণের দাবি করবো। আপনি ৫ মিনিট সময় দিয়েছেন, আপনার আদেশ শিরোধার্য। কিন্তু স্যার, আমি একটা নিবেদন করছি তা'হল আমরা শেষে বলছি বলে আমাদের আগে কি সময় পাবার অধিকার নেই—নিশ্চয়ই আছে। এটা প্রথমে বলতে চাই, এই বাজেটে প্রথমে শোষিত মেহনতী মানুষের সম্পর্কে যে সব কথা মন্ত্রী মহাশয় বারবার উল্লেখ করেছেন এবং এই বাজেটের চরিত্র বিশ্লেষণ করতে গিয়ে যেভাবে তিনি আকুলি-বিকুলি করেছেন, অর্থ সংগ্রহের কথা বলেছেন ও তার উপর জোর দিয়েছেন তা প্রশংসার যোগ্য। কারণ পূর্ববর্তী সরকার আমাদের উপর নানান ঋণের বোঝা ও ঘাটতি বাজেট চাপিয়ে গেছেন আমাদের অর্থমন্ত্রী অর্থ সংগ্রহের জন্য অতল সমুদ্রে ডুবে কিছু কিছু আহরণের চেষ্টা করছেন।

সমুদ্রের তলায় বলছি এইজন্য যে, যেভাবে কেন্দ্র এবং রাজ্যের মধ্যে যে সমস্ত সম্পর্ক রয়েছে এবং কেন্দ্র যেভাবে রাজ্যকে চারিদিকে নাগপাশে বেঁধে রেখেছে সেটা সমুদ্রের মতই গভীর। তাতে রাজ্য সরকারের যিনি অর্থমন্ত্রী তিনি এর চেয়ে বেশী সুন্দর যে বাজেট রচনা করতে পারেন না সেটা দেখা আমার সৌভাগ্য হয়েছে এর আগে মাত্র দু'-একবার। এই সভায় মাননীয় বন্ধু সুপণ্ডিত ভাষাবিদ অত্যন্ত মার্জিত ভাষায় বলেছেন, না পাওয়ার যে তালিকা তিনি দিয়েছেন এর পেলে যে কি করবেন তার তালিকা এত ছোট যে, না পাওয়ার দোষে যেন সমস্ত ভূত তাঁর মাথায় চেপে রয়েছে। তিনি শেষে যে পরিকল্পনার কথা বলেছেন আমাদের কর কমানর জন্য, বিশেষ করে খাজনা এবং জল-কর হ্রাসের জন্য, রাজস্ব হ্রাসের জন্য সেই সব কথা কি গরীবের জন্য কথা নয়? কেন্দ্র এবং রাজ্যের আর্থিক সম্পর্কের কথা তিনি প্রধান গুরুত্ব দিয়ে বলেছেন, কিন্তু আমাদের অধ্যাপক

রতী মহাশয় সবার শেষে গুরুত্ব দিয়ে সেটা উল্লেখ করেছেন, বলেছেন হাঁা, কেন্দ্রের
ঙ্গে সম্পর্ক আছে বটে সেটা এ ক্ষেত্রে বড় কথা নয়। এটা আমরা প্রধান বলেই
নে করি, কিন্তু তিনি শেষে সে-কথা বলে লঘু করতে চেয়েছেন ব্যাপারটাকে। দরিদ্র
ধারণ মানুষকে ঋণ দেওয়ার জন্য ব্যাঙ্কগুলি হয়েছে, কিন্তু ব্যাঙ্ক সেই ঋণ দিচ্ছে
বলে মন্ত্রী মহোদয় কাকুতি-মিনতি করেছেন যেন দরিদ্রদের ঋণ দেয়। সেই জন্য
ই বাজেট দরিদ্র মানুষের কাছে অভিনন্দনযোগ্য। কংগ্রেস বেঞ্চ থেকে বন্ধুগণ
লে গেছেন যে, কমিউনিস্ট বন্ধুরা লেনিনের কথা উচ্চারণ করছেন, লেনিন তার জন্য
দবেন। এর আগে এক উকিল বন্ধু বলেছেন, আমাদের ফরওয়ার্ড ব্লকের
ক্সবাদকে যাঁরা সমর্থন করেন নেতাজী তাঁদের জন্য কাঁদবেন। কিন্তু কংগ্রেসী
যাঁরা ৭ বছর ধরে কংগ্রেসী নীতি চালিয়েছেন তার জন্য গান্ধীজী হাসছেন না,
ব জন্যই তাঁর চোখের জলে দেশ দারিদ্র্যে ভেসে যাচ্ছে। আমার বক্তব্য শেষ
বার আগে সাধারণ মানুষের কথা, গৃহহীনদের কথা, কর কমানর কথা এবং বিশেষ
বে সেচের উন্নতি, শিক্ষার জন্য প্রতি গ্রামে গ্রামে স্কুল দেওয়ার কথা, তার সঙ্গে
ঙ্গে সপ্ত শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষা দেওয়ার যে, কথা অর্থমন্ত্রী বলেছেন, এগুলি
নিশ্চয়ই নির্দিষ্ট সময়ের মধ্যে সফল করা হবে বলে আমি মনে করি। শেষে
র একটা কথা বলব, আমাদের এই বাজেট সত্য সত্যই, যে কথা বিশ্বনাথবাবুর
ন্দেহ সত্ত্বেও অন্য রাজ্যের জন্য একটা দিগদর্শন হবে। নিশ্চয়ই এখানে
জনীতির দর্শনের কথা নেই বটে, কিন্তু এটাকে মূল্যায়ন করলে দেখতে পাবেন এর
ধ্যে অনেক কথা আছে, অন্যান্য রাজ্য যা থেকে পথ খুঁজে পাবে। সাধারণ মানুষের
শোষণ-মুক্তি না ঘটলেও সাধারণ মানুষ শোষণহীন ব্যবস্থা কায়েম করার
ডাইয়ের সাহস খুঁজে পাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ
রছি।

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭শে আগস্ট যে
জেট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সভার কাছে রেখেছেন তাকে বৈপ্লবিক সমর্থন
নোচ্ছি সর্ব প্রথমেই। বলার সুযোগ খুব সীমিত, কারণ সময় খুব সংক্ষিপ্ত। তবুও
কটা কথা শুধু বলি, শুধুমাত্র বিরোধিতা করার জন্যই বিরোধী পক্ষের সদস্যরা
কয়টি কথা বলেছেন সেই সূত্রে আমরা মাননীয় সদস্য সুনীতিবাবুর অনেক নীতি
থা শুনেছি, জয়নাল আবেদিন সাহেবের আবেদনে মাথাধরা ছেড়ে যাওয়া বক্তব্য
নেছি, সত্যনারায়ণবাবুর 'পাঁচালি' শুনেছি, ভোলানাথবাবুর 'শিবায়ন' শুনেছি,
ধু একটা কথাই নিবেদন করতে চাই, সুনীতিবাবু গল্প শুনিয়ে গেছেন, আমিও একটা

গল্প শোনাচ্ছি। একজন ভদ্রলোক কলকাতায় এসেছিলেন হাতি দেখার জন্য, ভদ্রলোক চোখে দেখতে পাচ্ছেন, কিন্তু চোখের পাওয়ার অত্যন্ত কমে গেছে। তিনি হাতি কোন দিন দেখেন নি। হাতির শুঁড় কোন দিকে থাকে এবং লেজ কোন দিকে থাকে সেটা তিনি জানেন না। গোটা দেহে হাত বোলাতে বোলাতে পিছন দিকে লম্বা দিকটা দেখে ভাবলেন এটাই বোধ হয় হাতির শুঁড়।

[4.40—4.50 P.M.]

লেজ এবং শুঁড় সম্বন্ধে অভিজ্ঞতা না থাকার ফলে তাঁর এই অসুবিধা ঘটে। ঠিক সেই রকম, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট রেখেছেন তার সত্যিকার রূপ কি সেটা বিচার-বিবেচনা না করেই তারা শুঁড় খুঁজতে গিয়ে লেজ ধরে বসে রয়েছেন এবং সেই জন্যই বলছেন এই সমস্ত ভাঁওতা এবং এর মধ্যে আশার আলো কিছু নেই। এই বাজেট সমর্থন করতে গিয়ে একনিষ্ঠ সততার সঙ্গে এ কথাই বলা যায় যে, এতদিন পর্যন্ত যে 'বাজেট' আমরা দেখেছি তার মধ্যে শুধু 'ট' বাদ দিয়ে বাজে কথাই দেখেছি এবং এই বাজেটের মধ্যে দেখছি সাধারণ মানুষের বেঁচে থাকার যে সমস্যা তার দিকে আলোকপাত করা হয়েছে এবং তার সমাধান করবার জন্য ধারাবাহিক ভাবে এগিয়ে যাবার জন্য সুস্পষ্ট প্রয়াস করা হয়েছে। যারা মধ্যবিত্ত এবং উচ্চ-মধ্যবিত্ত এবং যাদের গায়ে বেশী বেশী চাপ পড়ে তাদের ক্রন্দন রোল উঠেছে এবং এটা শুধু কাগজের বাজেট বলে ওঁরা সমালোচনা করতে উঠেছেন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, গোটা দেহ যেখানে পচে গেছে সেখানে শুধু হাতে মলম লাগিয়ে স্বাস্থ্য রক্ষা করা যায় না। গোটা অর্থ-নীতিকে ওঁরা গত ৩০ বছর ধরে এই অবস্থা করে রেখেছে। তারপর অনেক প্রাণ গেছে, অনেক রক্ত ঢেলে দেওয়া হয়েছে, অনেক রক্তের আলপনা আঁকা হয়েছে। গোটা দেহ যেখানে পচে গেছে, সেখানে হাত রক্ষা করার চেষ্টা বৃথা হলেও সেখানে যদি কিছু রিলিফ দেওয়া যায়, সেটা মাননীয় অর্থমন্ত্রী তাঁর এই বাজেটের প্রতি ছত্রে দেখিয়েছেন। ওঁরা সমালোচনা করতে গিয়ে অনেক কথা বলেছেন এবং এ-কথাও বলেছেন যে, রিলিফ দেওয়া হয় নি। এই যে বিধ্বংসী বন্যা হয়েছে, তাতে আমাদের সীমিত ক্ষমতার মধ্যে যে রিলিফ আমরা পেয়েছি, সেটা আমরা সকলের মধ্যে বিলি বণ্টন করবার জন্য সকলে মিলে ঝাঁপিয়ে পড়েছি এবং এ-কথা বলতে পারি সেই বিতরণ করবার ব্যাপারে সত্যিকারের সমন্বয় সাধন করা হয়েছে। আমি অর্থমন্ত্রীর বাজেটকে বৈপ্লবিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ **স্পীকার**ঃ এখন অর্থমন্ত্রী বলবেন। আলোচনার জন্য আমাদের যে নির্দিষ্ট সময় আছে তাতে দেখছি ওই সময়ের মধ্যে আলোচনা শেষ হবে না। সেজেই বিধানসভার নিয়মাবলীর ২৯০ ধারা অনুযায়ী আমি আরও ২০ মিনিট সময় বাড়িয়ে দিতে চাচ্ছি। আমি আশা করি আপনাদের কোন আপত্তি নেই।

(সদস্যদের আপত্তি না থাকায় আলোচনার সময় বাড়ান হল।)

ডঃ **অশোক মিত্র**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৩ দিন ধরে মাননীয় সদস্যরা বাজেট সম্বন্ধে বললেন, যে বাজেট আমি ৩ দিন আগে এখানে উপস্থাপন করেছিলাম। আমি মনযোগ সহকারে মাননীয় সদস্যদের কথা সব শুনেছি। আমি এখানে একটা ছোট হিসেব রাখছি। এখানে মোট ৫১ জন সদস্য বলেছেন, অর্থাৎ শতকরা ১৭ ভাগ সদস্য বলেছেন। কংগ্রেস দলের সংখ্যা হচ্ছে ২০ জন এবং তার মধ্যে ১০ জন সদস্য বলেছেন। অর্থাৎ কংগ্রেস থেকে শতকরা ৫০ ভাগ বলেছেন। যাঁরা গান্ধীজী এবং রবীন্দ্রনাথের কণ্ঠরোধ করেছিলেন তাঁদের আমি বলতে চাই যে, এখানে গণতন্ত্রের আদর্শ যে প্রতিষ্ঠিত হয়েছে এটাই তার প্রমাণ। এগুলো বক্তৃতা যে শুনলাম তার মধ্যে প্রশস্তি আছে, সমালোচনাও আছে। আমার বক্তব্য হচ্ছে বাজেটের দু'টি দিক আছে এবং তার একটি হচ্ছে বাজেট রচনা এবং আর একটি হচ্ছে বাজেট ভাষণ। বাজেট রচনা এবং বাজেট ভাষণের মধ্যে কিছু হয়ত আছে। যেমন, বিশ্বনাথবাবু বলেছেন ইংরেজী এবং বাংলা অনুবাদের মধ্যে অনেক তফাৎ রয়েছে। আমাকে যদি কেউ জিজ্ঞাসা করে এতগুলি বক্তৃতা শোনার পর আপনাকে যদি নূতন করে বাজেট রচনায় প্রবৃত্ত হতে হয় তাহলে আপনি কি করবেন ?

আমি অবশ্যই বাজেট ভাষণটাকে এদিক-ওদিক অদল-বদল করে দেবো। যেখানে মাননীয় সদস্যরা বলেছেন যে, অস্পষ্টতা আছে, সেখানে কিছু বদলে ঠিক করে দেব। ভাষাটাকে কিছুটা সংস্কৃতি করে দেবো, কিন্তু নিশ্চয়ই আমার করবার একটা সীমা আছে। কিন্তু যদি বলেন যে, আসল যে মৌলিক রচনা সেটা কি আপনি বদলাবেন আমার জবাবে বলবো, না। আপনারা কিছু মনে করবেন না, আমার হঠাৎ জীবনানন্দ দাশের কবিতার একটা লাইন মনে পড়ে গেল—"পৃথিবীতে নেই কোন বিশুদ্ধ চাকরী", সেখানে আমি বলবো পৃথিবীতে নেই কোন বিশুদ্ধ বাজেট, কারণ আমি মনে আমার বাজেট তৈরি করা সম্ভব নয়, যা সবাইকে সন্তুষ্ট করতে পারে। আমার যা আছে তাই দিয়ে আমি বাজেট রচনা করবো, তাতে হয়ত অনেকের পছন্দ হবে না। আবার আপনি যেগুলি ঢোকাতে চাইবেন আমার সেগুলি পছন্দ

হবে না। তাছাড়া আমাদের কতগুলি বিশেষ পরিস্থিতির মধ্যে বাজেট তৈরি করতে হয়, একটা ঐতিহাসিক পরম্পরা আছে। হঠাৎ তো বাজেটটা আকাশ থেকে পড়ে না। এর আগেও বাজেট হয়ে গেছে, পরেও কিছু বাজেট রচনা করতে হবে যেমন, আমি আমার ভাষণে উল্লেখ করেছি যে, কতগুলি প্রকল্প যা তিন/চার বছর ধরে চলে আসছে এখনও সমাপ্ত হয় নি। আমরা এখনই বলতে পারি না বছরের মধ্যেখানে যে, এটা বন্ধ করে দেবো, কিংবা এই বছরের গোড়াতে কংগ্রেসীরা কিছু কিছু প্রকল্প শুরু করে দিয়েছিলেন আমরা তা বন্ধ করে দিতে পারতাম, কিন্তু সেখানে এতগুলি টাকা তাঁরা খরচ করে গেছেন, তা হলে সেই টাকাগুলি সম্পূর্ণ অপব্যয়ীত হবে। সুতরাং একটা বিচার করতে হয়, বিচার নিতে হয় যে, এতগুলি জিনিস আমরা বাদ দেবো, আর এতগুলি জিনিস আমরা ঢোকাবো। আমরা তো জানি যে, একটা গণতান্ত্রিক, সামন্ততান্ত্রিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা কাজ করছি, তাতে আমার নিজেরই এই বাজেট পছন্দ নয়, কারণ এই বাজেটের বাইরে আরও বহু সম্ভাবনা আছে—যেগুলি আমরা এখনই শুরু করতে পারি। সুতরাং এই বাজেটে আমি নিজেই সন্তুষ্ট নই। কিন্তু তা হলেও আমি সন্তুষ্ট হই বা না হই আমার একটা সীমিত গণ্ডি বাঁধা আছে। আমার যে সীমিত গণ্ডি বাঁধা আছে তার মধ্যে এই বাজেট রচনা করতে হয়েছে। সুতরাং আমাদের যা পরিকল্পনা, আমাদের যা ভাবনা সেই অনুযায়ী যতটা বিশ্বস্ততার সঙ্গে আমি পারি আমার নিজের যতটুকু প্রতিভা আছে সেই অনুযায়ী এই বাজেট রচনা করেছি। তবে আলোচনা করতে গিয়ে আপনারা এতক্ষণ ধরে এতটা অধ্যবসায়ের সঙ্গে বাজেটের উপর বক্তৃতা করেছেন, বাজেট পড়েছেন এবং বাজেট আলোচনা শুনেছেন, আপনারা আপনাদের সুচিন্তিত বক্তব্য দিয়েছেন এবং সেই সম্পর্কে আমারও কিছু বলবার আছে। আমি যে বামপন্থী সরকারের প্রতিনিধি এবং বামফ্রন্টের তরফ থেকে কিছু বলবার আছে সে কথাগুলি আমি ধারাবাহিক ভাবে বলবার চেষ্টা করবো। আমি যেগুলি অপেক্ষাকৃত মৌলিক সমস্যা সেগুলি একটু বাদে বলবো, আর যেগুলি আমার কাছে যৎসামান্য সমস্যা বলে মনে হয় সেই কথাগুলি আমি প্রথমে বলবো। অনেকেই বলেছেন এটা ঘাটতি বাজেট—নিশ্চয়ই এটা ঘাটতি বাজেট, কিন্তু ঘাটতির ধরনটা কি সেটা তো খতিয়ে দেখতে হবে। আমার একজন প্রবীণ আত্মীয়া আছেন, তিনি কখনো কংগ্রেস দলকে কংগ্রেস দল বলেন না, তিনি বলেন দু-কান কাটা দল। তিনি যে কেন দু-কান কাটা দল বলেন তা আমি গতকাল এবং আজকে কংগ্রেসের তরফ থেকে বক্তৃতা শুনে বিশ্বাস করলাম, কেননা, দু-কান কাটা না হলে এইরকম অশ্রুত বক্তৃতা করতে পারেন না।

[4.50—5.00 P. M.]

এটা যে পারি নি তার দায়িত্ব আমাদের নয়। সুতরাং এই যে ঘাটতি থেকে গিয়েছে এই ঘাটতিজনিত কতকগুলি জিনিস দেখা দিয়েছে, সেই দায়ভার আমাদের নয়, সেই দায়ভার হচ্ছে কংগ্রেসের। এর কারণ একটা দিয়ে বলি এটা যে শুধু আমাদের এই রাজ্যে তারা করেছে তা নয়, গতকাল কেন্দ্রের অর্থমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে বলেছেন যে, সারা ভারতবর্ষ জুড়ে ৪০০ কোটি টাকা ঘাটতি দেখিয়ে কংগ্রেস বিদায় নিয়েছে এই এপ্রিল মাসে। এখন আমরা যদি দায়িত্বজ্ঞানহীন হতে পারতাম, তাহলে এই হিসাব দেখিয়ে বলতে পারতাম যে, আমাদের যে ৭৮ কোটি টাকা ঘাটতি হচ্ছে, প্রারম্ভিক ঘাটতি ৫৬ কোটি টাকা এবং পরে ১২ কোটি টাকা যোগ হয়েছে এবং সেটা কেন্দ্রকে দেখিয়ে আমি বলতে পারতাম এই দায়িত্ব আমরা নেবো না, আপনারা এর ব্যবস্থা দেখুন। কিন্তু কেন্দ্রের সঙ্গে আমাদের একটা সৌহার্দ্যমূলক অবস্থা বজায় আছে, কেন্দ্রের সমস্যা আমরা বাড়াতে চাই না, সেই জন্য আমাদের এই করের ব্যাপার নিয়ে ভাবতে হচ্ছে যে, আমরা নিজেরা যতটা পারি করতে চেষ্টা করি, কারণ আমরা দায়িত্বজ্ঞান সম্পন্ন, তারপর কেন্দ্রকে আমরা বলতে পারি যে, আমরা এতটুকু করলাম, বাকীটা আপনারা দেখুন করতে পারেন কি না। আমি জানি যে-কোন অর্থমন্ত্রীর প্রবল বাসনা হচ্ছে অপ্রিয় না হওয়া, তা সত্ত্বেও এই যে অপ্রিয় ব্যাপার এটা আমাকে করতেই হচ্ছে এবং আমাদের এই বামপন্থী সরকার এবং বাংলাদেশের জনগণের প্রিয় সরকার তাকে যেন কেউ দায়িত্বজ্ঞানহীন সরকার হিসাবে অপবাদ দিতে না পারে এবং এই জন্য আমাদের যে কঠিন কর্তব্য আছে সেটা আমরা করছি। এখানে যে কথাটা বলছিলাম যে করের ব্যাপারে, কারো কারো মতে করের বোঝাটা প্রচুর হচ্ছে। আমাদের রাজ্যের পক্ষে সংবিধানে যা লেখা আছে তাতে আমরা পরোক্ষ করের উপর কর আরোপ করতে পারি, তার ফলে আমরা যে-কোন দিকেই তাকাই না কেন, যে-কোন করই আরোপ করি না কেন, সব কিছুতেই অসুবিধা হবে, যে জিনিসের উপর করটা আরোপ করছি সেই জিনিসটার যদি খুব বেশী যোগান না থাকে তাহলে সামান্য সামান্য দাম বাড়বে এবং দাম বাড়লে কিছু অসুবিধা হবে। সুতরাং দেখতে হবে এই যে ২৫ কোটি টাকার জন্য দাম বাড়তে পারে সেই রকম জিনিস কি আছে এবং তার উপর কিভাবে ছড়িয়ে দেবো সেটা ভাবতে হবে। সাধারণ লোকের সামান্যতম অসুবিধা হয় এমন কোন জিনিসের উপর কর চাপান হয় না—চাল, ডাল, তেল, নুন, খাবার মশলাপাতি, এসব হিসাব করে কোন জিনিসের উপর কর বসান হয় নি। কিসের উপর কর বসেছে দেখুন,

আইসক্রিমের উপর, চকলেটের উপর, মদের উপর হয়েছে। এখন ধরুন, মাননীয় ভোলাবাবু বলেছেন যে, অত্যাবশ্যকীয় পণ্যদ্রব্যের উপর কর বসান হয়েছে। আমি যে সমস্ত জিনিসকে অত্যাবশ্যকীয় বলি, আর ভোলাবাবু যে সমাজে বাস করেন তাঁদের অত্যাবশ্যকীয় সংজ্ঞাটা অন্য রকম—আইসক্রীম বলুন, চকলেট বলুন! তারপর আর একটা কথা হয়েছে যে, রেকটিফায়েড স্পিরিটের উপর কেন কর বসালেন, এতে অসুবিধা হতে পারে। ঠিক কথা। কিন্তু ব্যাপারটা হচ্ছে আমরা একা রাজ্য সরকার স্পিরিটের উপর কর বসাই নি, কেন্দ্রীয় সরকারও এর উপর কর বসিয়েছেন একই হারে ১'১০ পয়সা থেকে ৩'৭৭ পয়সা করেছেন। কারণ হচ্ছে যে, রেকটিফায়েড স্পিরিট অনেকে মদ ভেবে ড্রিংক করছে। সুতরাং যে রেকটিফায়েড স্পিরিট আসলে ব্যবহার হয় ঔষধের জন্য সেটা ঔষধের জন্য ব্যবহার না হয়ে অনেকে এটা মদ হিসাবে ব্যবহার করছে। এই ব্যাপারটা বন্ধ করার জন্য এটাকে বাড়ান হয়েছে। সুতরাং এই বিষয়টা একা করিনি, কেন্দ্রের সঙ্গে একত্রে করেছি। এটার জন্য করভার নিশ্চয়ই বাড়বে। তারপর চা নিয়ে অনেক কথাবার্তা হয়েছে। এই প্রসঙ্গে আর একটা কবিতার লাইন মনে পড়ে গেল যেটা আমার বন্ধু বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা—তোমাদেরই দুঃখে আমি গলে হবো নদী। তা এখানে ভোলাবাবু গরীবদের জন্য গলে নদী হয়ে গিয়েছেন। বলতে চেয়েছেন যে, চায়ের উপর কর বসাচ্ছেন? চা হচ্ছে গরীবদের অন্ন, চা না পেলে গরীবরা মারা যাবে, চায়ের উপর কর বসিয়ে আমি কি নিমোখাবামী করেছি।

ব্যাপারটা হিসাব করে দেখুন। নীলামে চা বিক্রি হচ্ছে ১৪ ১৫ টাকা কে জি. খুচরো কিনতে যান সেই চা-ই ২৭ ২৮ ৩০ টাকা পড়ে যাচ্ছে। ১৩ ১৪ টাকার জিনিস ব্যবসায়ীরা, শিল্পপতিরা এত টাকা হাতিয়ে নিচ্ছে। কিন্তু কংগ্রেস তরফ থেকে টু-শব্দও হচ্ছে না। যেহেতু আমি দশ পয়সা বাড়ালাম, অমনি ত্রাহি ত্রাহি চীৎকার করছেন—গরীবরা মারা যাচ্ছে। ২৮ ৩০ টাকা করে চা কিনতে গরীবরা মারা যাচ্ছে না? যে চা ১৪ ১৫ টাকা দাম সেটা বিক্রি হচ্ছে ২৮ ৩০ টাকায়, সেটা নিয়ে মাথা ব্যথা নেই।

একটা কথা কাশীকান্তবাবু বলেছেন। উনি বললেন হ্যাঁ, করের বোঝা তেমন নেই, কিন্তু অনেক সময় ব্যবসায়ীরা সুযোগ নেয়, করের ছুঁতো দিয়ে দাম বাড়িয়ে দেয়। আপনারা যত বেশী চেঁচামেচি করবেন, ব্যবসায়ীরা তত বেশী মওকা পাবে। আপনারা বলছেন দাম বাড়বে, তাই তারা দাম বাড়াবে। চায়ের দাম বাড়ানও তো উচিত নয়ই, বরং কমান উচিত। আপনারা দেখবেন যাতে এই দাম আর না বাড়ে। কর সম্বন্ধে যে সমস্ত প্রস্তাব করা হয়েছে, সে সম্বন্ধে এই হচ্ছে আমার

মোটামুটি বক্তব্য। একটা ব্যাপার নিয়ে বলেছেন, রঙীন ছবির উপর ট্যাক্স বসেছে, আমাদের এখানে যারা রঙীন ছবি তৈরি করবে তারা কোন অসুবিধায় পড়বে না। আমাদের পশ্চিমবাংলায় যে ছবি তৈরি হয় তাদের সুবিধা করে দিতে হবে। আমি তা বলতে পারি না বাংলাদেশের বাইরে থেকে যে ছবি আসছে তার জন্য একটা কর, আর বাংলাদেশের ভিতরের জন্য আর একটা কর করতে হবে। বাংলাদেশের সাদা-কালো ছবিকে যদি সাহায্য করতে হয়, তাহলে যে সমস্ত রঙীন ছবি বাইরে থেকে আসে, তার উপর কর কিছু বসাতেই হয়। দু' নম্বর কথা হচ্ছে, বাড়তি কর থেকে যে টাকা পাওয়া যাবে, সেটার কিছুটা বাংলাদেশে যাতে রঙীন ছবি হতে পারে তার জন্য, এটা নিয়ে চিন্তা করছি এবং এই যে ব্যাপারটা সমস্তই বাংলা ছবির স্বার্থেই করা হবে। আমি এটাও বিনীত ভাবে বলছি যে, এই যে কর, তার জন্য কি মানুষ রঙীন ছবি দেখবে না? তারা ঠিক যাবে, দু' আনা, দশ আনা বেশী দিয়ে দেখবে। যে টাকা এই ভাবে বাড়তি আসবে নিজেদের কল্যাণে সেটা ব্যয় করব, কিছুটা রঙীন ছবি করবার জন্য, আর কিছুটা গরীব মানুষের বাড়তি ব্যবস্থা করার জন্য।

এর পর আমি অন্যান্য ব্যাপারে বলব। যেমন ধরুন জয়নাল সাহেব বলেছেন, ঠিক আছে, এই সমস্ত কর আমাদের পছন্দ নয়, কর কমাতে হবে। কি করে কমান যায় তার জন্য তিনি বুদ্ধিও বাতলে দিয়েছেন। বুদ্ধিটা কি? প্ল্যান কমিয়ে দাও, যে সমস্ত প্রকল্প নেওয়া হয়েছে সেগুলি বন্ধ করে দাও। ৩১৭ কোটি টাকার পরিকল্পনা ছেড়ে দিয়ে সেটা ২৪৫ কোটি টাকার পরিকল্পনাতে নিয়ে আসো। তিনি যে এ-কথাগুলি সরল মনে বলেছেন তা মনে হয়না। উনি কংগ্রেসী সদস্য, ওঁরা চান না লোকের উন্নতি হোক্, ওঁরা চান না গরীব মানুষের শিক্ষার জন্য এক হাজার পাঠশালা আমরা খুলি, গ্রামে সেচ-ব্যবস্থা করি এটা ওঁরা চান না, ওঁরা চান না গ্রামে গ্রামে নলকূপ বসিয়ে লোকের পানীয় জলের ব্যবস্থা করি। ওঁরা বলছেন ছেঁটে দিন, ৩১৭ কোটি টাকা থেকে সেটা ২৪৫ কোটি টাকা করে দিন। আমরা তাতে রাজী নই।

[5.00—5.10 P.M.]

এবং সেজন্য আমরা প্রকল্প কাটবো না। আমরা গ্রামে পাঠশালা খুলবো, সেচের ব্যবস্থা নেবো, আমরা গ্রামে ভূমি সংস্কার করবো, আমরা গ্রামে সারের ব্যবস্থা করবো যাতে ছোট চাষী সার পায়, সেচের জল পায়, ব্যাঙ্কের কিছু লগ্নী পায় এবং সমবায় সমিতি থেকে ধার পায় এবং এগুলিই হচ্ছে আসল মৌলিক কথা—

আমাদের ভাবতে হবে। অনেক তত্ত্ব-কথা হয়েছে। একবার ঠাট্টা করবার ইচ্ছা হয়েছিল 'এতো ভঙ্গ বঙ্গদেশ, তবু তত্ত্বে ভরা।' নীরব ঐতিহাসিক বিপ্লবের যে কথাটা অনেকে নীরব ঐতিহাসিক বিপ্লবের আর একটা মানে করেছেন। এই বাজেট দিয়ে বিপ্লব হবে না। আমি শুধু বলবো, অর্থনৈতিক বিপ্লব আমাদের লক্ষ্য এবং আমরা মতলব ভাজছি। সেটা পরিষ্কার বলি। আমরা গ্রামে যাবো, গরীবদের জন্য কাজ করবো। গরীবরা যাতে জমি পায় সেদিকে দেখবো। বিত্তহীনদের কাছে মানুষের বিত্ত পৌঁছে দেবো এবং এই ব্যাপারে কাশীকান্তবাবু বা হরিপদবাবু যা বলেছেন সবিনয়ে তাঁদের বলছি, ভূমি সংস্কার প্রয়োজন। যদি এক ছটাক জমিও পৌঁছে দিতে পারি ওই চাষীর হাতে, ওই এক ছটাক জমিরও মূল্য আছে। কারণ সেই এক ছটাক জমিতে দাঁড়িয়ে জোতদারের মুখোমুখি দাঁড়িয়ে বলবে, 'আমার আরও জমি চাই, আমি যুদ্ধ করে জমি পেয়েছি এবং আরও যুদ্ধ করে আরও জমি পাবো।' এই সাহস তাদের আসবে। যদি আমরা আন্দোলন করে সামান্য এক ছটাক জমিও তাদের দিতে পারি, তার যদি সামান্য এক ছটাক জমিও থাকে সে সরকারের বি.ডি ও-কে বলতে পারে, 'আমার জমি আছে, তুমি সার দাও, সেচের জল দাও, আমাকে সরকারী লগ্নীর একটা অংশ দাও'। সে তখন পি ডবলিউ. ডি-র ইঞ্জিনিয়ার, ইরিগেশানের ইঞ্জিনিয়ার কিংবা পাহারাদার যে আছে তাকে বলবে, 'তুমি সেচের জল দাও, আমার এটা অধিকার।' আমরা ঠিক এই জিনিসটাই চাই। ছোট চাষীরা, ভূমিহীনরা নিজেরা জেগে উঠুক, নিজেরা চেতনাশীল হোক। এর পাশাপাশি আমরা শিক্ষার ব্যবস্থা করতে চাই। প্রাথমিক শিক্ষা আজ তাদের বুঝিয়ে দেবে তারা কোথায় আছে, তারা কেন শোষিত হয়েছে বছরের পর বছর ধরে। তারা নিজেদের সংঘবদ্ধ করতে শিখবে, শিক্ষার আলোয় তারা বুঝতে পারবে তাদের দুরবস্থা সেই সমাজের উঁচু শ্রেণীর লোকের কাছ থেকে। তাছাড়া হবে না। বছরের পর বছর হয়তো লাগবে। কিন্তু আমরা এই অভিসন্ধি আটছি এবং হয়তো শোষিত শ্রেণী তারা টেরও পাবেন না কি করে আমরা বিপ্লব ঘটিয়ে দেব। এটা নীরব বিপ্লব, এটা নীরব ষড়যন্ত্র। শেষ পর্যন্ত, শ্রেণী শত্রুরা যাদের ছোটলোক বলে তাদের আমরা নিজেদের আত্মপ্রত্যয়ে প্রতিষ্ঠিত করতে পারবো এবং এই অভিসন্ধি করেছি বলেই পরিকল্পনা ছাঁট করা চলবে না। তাই আমরা করবো না, জয়নাল আবেদীন আবেদন করলেও করবো না। (ডাঃ জয়নাল আবেদীন : আপনারা কি খরচ করতে পারবেন?) খরচ করতে পারবো, আপনারা দেখবেন। আমরা তো কংগ্রেসের মতো চুরি করবো না। আমরা চুরি করবো না, আমরা খরচ করবো। তবে আমার একটা প্রস্তাব আছে। ওঁরা তো কর পছন্দ করেন না, ঠিক আছে।

ঃরের বোঝা না বাড়িয়ে আমরা এটা করতে পারি কিনা যদি একটা ব্যাপারে ওঁরা াজী হন। ওঁদের যিনি, খবরের কাগজ পড়ে দেখি ওঁদের দলের লোকেরাই লেন ওঁদের মুক্তিসূর্য কি যেন নাম, তিনি নাকি ৫০ ৬০ ৭০ কোটি টাকা কোথায় ুকিয়ে সরিয়ে রেখেছেন। ওই টাকার অন্ততঃ অর্ধেক টাকা এনে দিন তাহলে কর সাতে হবে না এবং আমরা পশ্চিমবাংলার লোকেরা স্বচ্ছন্দে দাবী করতে পারি ামাদের অর্ধেক প্রাপ্য। কারণ ভারতবর্ষে যে অত্যাচার উনি করেছেন তার ন্যুত অর্ধেকটা আমাদের উপর বর্ষিত। সুতরাং এই ২৫ ২৬ ২৭ কোটি টাকা ামরা নিশ্চয়ই দাবি করতে পারি। টাকা দিয়েছেন ওঁদের যারা বন্ধু সেই বড় বড় শিল্পপতি ব্যবসায়ীরা। সেই টাকা বাংলাদেশের শোষিত জনগণের টাকা। কাজেই সই টাকা যারা শোষিত তাদের কাছেই ফিরে আসবে। সুতরাং ওটা যদি ওঁরা াজী থাকেন একটু চেষ্টা করুন। আমরা সমস্ত করের ব্যাপার ছেড়ে দেবো। কারণ াপনারা এই সমস্যায় ফেলেছেন। এই সমস্যা থেকে উদ্ধার করতে পারেন কিনা খুন, চেষ্টা করে দেখুন।

এবার আমি অন্য দু-একটা প্রসঙ্গে আসি। কাশীকান্তবাবু অভিযোগ করেছেন ান সুনির্দিষ্ট সময়সূচী, নির্দিষ্ট পরিকল্পনা পাচ্ছি না। ঠিক কথা বলেছেন—আমরা লেছি ১ হাজার পাঠশালা খুলবো, শিশুদের কিছু খাদ্য পৌঁছে দেবো, প্রতি গ্রামে ানীয় জলের ব্যবস্থা করে দেবো। কিন্তু কোন সময় নির্দিষ্ট করে দিতে পারি নি। ামি ঐ দলের শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের অনেক বিবৃতি ছাপিয়ে দিতে পারতাম—ন্তু তা করিনি, করতে চাইনি—নিজের অবস্থা সম্বন্ধে স্পষ্টভাবে কিছু না জানতে ারলে তা বলা সম্ভব নয়, কেন্দ্র থেকে কতটা পেতে পারি, কতটা নিজেদের বস্থা করতে পারবো এটা এখনও সুস্পষ্ট নয়। আমরা সময় নেবো আমরা নিজেদের কতটা বিন্যস্ত করতে পারি সেটা দেখবো তারপর বলতে পারবো। ন্তু ঐ আগে এটা করবো সেটা করবো আর বছরের শেষে কিছু করতে না পারলে সটা একটা হতাশার ব্যাপার হয়ে যায়। সেটা আমরা করতে যাবো না। যেমন ারবো—যেটা পারবো সেটা বলবো—আর যেটা পারবো কিনা জানি না তা বলে দতে পারবো না। তবে লোকের কাছে আমরা জানাবো এটা আমাদের সংকল্প—ার কতটা করতে পারি তা নির্ভর করছে আপনাদের উপর—আপনারা কতটা হযোগিতা করবেন, কতটা সহায়তা করবেন, কোথায় ত্রুটি আছে, কোথায় অপচয় চ্ছে, কোথায় চুরি হচ্ছে সেটা দেখতে হবে। আমরা চুরি বন্ধ করবো, অপচয় বন্ধ রবো এবং তাতে যে উদ্বৃত্ত হবে সেটা আপনাদের জন্য খরচ করবো—এ জোর আমাদের থাকতে পারে—কিন্তু তার টারগেট করা যায়, সেটা জোর করে বলা যায়

না। আমাদের কল্পনা আপনাদের বললাম এবং আমরা চেষ্টা করবো কিন্তু কোন সময়-সীমা বেঁধে দিতে পারি না। এবং সেটা বেঁধে দেওয়া উচিতও হবে না। সেই কারণে এই ভাবে বলতে হয়েছে। আর একটা অন্য কথা বলেছেন—বেকার সমস্যার কথা উনি কেন অনেকেই বলেছেন। হরিপদবাবুও বলেছেন যে আমরা যা বলেছি তা যে ভাসা-ভাসা। এই ব্যাপারে দুটি দিক আছে। আমরা গ্রামাঞ্চলের যে পরিকল্পনায় টাকা ব্যয় করবো সেই সংগে সংগে স্থানীয় যুবক-যুবতীদের কর্মসংস্থান হবে। এবং আমাদের পরিকল্পনা গ্রহণ করবার প্রধান উদ্দেশ্যও তাই। এই পরিকল্পনার ফলে সেচের উন্নতি করতে পারবো এবং ভূমি-সংস্কারকে এগিয়ে নিয়ে যেতে পারবো এবং তার ফলে কৃষি উৎপাদন বাড়বে এবং তাহলেও কিছুটা কর্মসংস্থানের পথ এমনিই বাড়বে। অনেকেই বলেছেন যেখানে পাঞ্জাবে, হরিয়ানায়, গুজরাটে হয়েছে পশ্চিমবাংলায় কেন হবে না। এর একটা বড় কারণ আছে। অন্য রাজ্যের কথা ছেড়ে দিলাম, আমাদের পশ্চিমবাংলাকে এমন কতকগুলি অবস্থার মধ্যে দিয়ে যেতে হয়েছে তাতে এই কথা বলার কোন মানে হয় না। পাঞ্জাব, হরিয়ানায় সমস্ত কৃষিভূমির অন্তত ৯৫ ভাগ সেচ-ভূমি। আমাদের এখানে শতকরা ২০ ভাগ, তার মধ্যে মজা পুকুরও আছে—১০ ভাগের বেশী জায়গায় উপযুক্ত সেচের ব্যবস্থা নেই ভূমি-সংস্কার করতে পারলে, একটা বিপ্লব ঘটাতে পারলে আমরা এখানে এক ফসলী জমিকে দু'ফসলী করতে পারবো, দু'ফসলী জমিকে তিন ফসলী করতে পারবো।

[5.10—5.20 P.M.]

এটা যদি পারি তাহলে গ্রামাঞ্চলে আমাদের কর্মসংস্থান নিশ্চয় বাড়বে, তার পাশাপাশি কিছু চাহিদাও বাড়বে, গ্রামের লোক কিছু পয়সা খরচ করতে শিখবে, চাহিদা বাড়বে ছোট ছোট শিল্পের। এতে এক বছর দু'বছর তিন বছর পাঁচ বছর সাত বছর লাগবে, কিন্তু আমরা এখনই শুরু করতে পারি। এটা কিছুই আমরা বলব, খুব জোর গলায় আমরা বলতে পারছি না যে কতটা কর্মসংস্থান করতে পারব—এখন সেটা বলতে গেলে আমাদের স্পষ্ট করে জানতে হয় ১৯৭৮-৭৯ সালে কতটা জমি বিতরণ করতে পারব, আমাদের জানতে হয় কৃষকের মধ্যে কতটা শিক্ষার ব্যাপ্তি ঘটাতে পারব, কতটা উন্নয়ন ঘটাতে পারব আমরা জানি না, তবে লোকের প্রতি বিশ্বস্ত থেকে যদি আমরা এগিয়ে যাই তাহলে অন্তত: গ্রাম-বাংলায় পরিবর্তন আসবে, তাকে আপনারা বৈপ্লবিক বলুন আর নাই বলুন তাতে কিছু যায় আসে না। কিন্তু সেই পরিবর্তন যদি গ্রামাঞ্চলে আসে তাহলে পশ্চিমবাংলার অন্য

হুশ শহর ও শহরতলী তার একটা ধাক্কা খাবে। কতটা ধাক্কা খাবে বলতে পারছি না, কিন্তু ধাক্কা যে খাবে তাতে কোন ভুল নেই। শিল্প ক্ষেত্রে আপনারা কি বলছেন? শিল্পে কর্মসংস্থান বাড়বে কি বাড়বে না—এই যে শহরে ২০ লক্ষ বেকার নাম লিখিয়ে বসে আছে, তাদের কি হবে? এটা একটা মস্ত বড় সমস্যা। হরিপদবাবু শিক্ষক মহাশয়, আমি নিজেও আজীবন শিক্ষকতা করেছি। আমার কাছে কাতারে কাতারে প্রাক্তন ছাত্র আসে। তারা এসে বলে স্যার, একটা কাজের ব্যবস্থা করে দিন, অমুককে একটা চিঠি লিখে দিন। সরল বিশ্বাস—একটা সামান্য চিঠি লিখে দিলে, সেখানে গেলে হয়ত কাজ হতে পারে—এর চেয়ে বড় অপরাধ আর কিছু হতে পারে না। আমি জানি যে চিঠি লিখছি মিথ্যা কথা কিছুই নেই, এই চিঠির কোন মূল্য নেই—সেখানে সমাজ ব্যবস্থা এই রকম—এই রকম সমাজ ব্যবস্থায় কাজের প্রসার হবার কোন সম্ভাবনা নেই। কারণ যে চাহিদা ভিত্তিক শিল্প হতে পারে সেই চাহিদা নেই। কারণ আমাদের যে অর্থনৈতিক ব্যবস্থা তাতে সমাজের অধিকাংশ লোকের হাতে পয়সা নেই, তাদের পকেটে পয়সা নেই, জিনিসপত্র কিনতে পারেন না। যেটুকু শিল্প মন্দার ভিতর থাকে এবং যেহেতু শিল্পপতিদের কিছুটা পুঁজি, ব্যয় করতেই হবে, কিছু তাদের মুনাফা করতে হবে, অতএব সরকার থেকে ভরতুকি দিয়ে তাদের জিনিস বাইরে পাঠাবার ব্যবস্থা করতে হয়। দেশে এত বড় সম্ভাবনা যে বাজার পড়ে আছে সেই বাজার চালু করতে হলে অর্থনৈতিক ব্যবস্থার খোল-নলচে পাল্টে দিতে হয়, রাজনৈতিক কাঠামোর পরিবর্তন করতে হয়। এখন সেটা যেহেতু হবে না, অতএব বেকারও কমবে না—এই রকম একটা অবস্থায় আমরা টিকটাকি কাজ করতে পারি। এখানে ওখানে কিছুটা মেরামত করতে পারি, সামান্য একটু-আধটু বাড়তি কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি—কি ভাবে? যেমন আমি আমার ভাষণের মধ্যে উল্লেখ করেছি পশ্চিমবঙ্গ সরকারের নিজের নিজের কিছু কিছু ব্যয় হয়—যেমন ধরুন জিনিসপত্র কেনা কাটা, ওষুধপত্র কেনা কাটা, বই খাতা-পত্র কেনা কাটা, চেয়ার টেবিল কেনা কাটা ইত্যাদি কতকগুলি জিনিস আছে, কিম্বা কোন যে ধরনের কনস্ট্রাকশন পি. ডবলিউ. ডি. করে, রাস্তাঘাট, সড়ক নির্মাণ, সাঁকো নির্মাণ ইত্যাদি, তারপরে সি. এম. ডি. এ.-র কাজকর্ম—এই কাজগুলির মাধ্যমে আমরা কিছুটা কর্মসংস্থান করতে পারি বেকার যুবকের—আমরা ঠিকাদারী প্রথা তুলে দিতে পারি। ঠিকাদারী প্রথা একটা সমস্যা। অধিকাংশ বড় ঠিকাদার তারা বেশী টাকার দিকে ঝোঁকে, সেই টাকা অপচয় বেশী হয়। আর অন্য দিকে বড় ঠিকাদাররা আমাদের দেশের লোকদের কর্মসংস্থান দিতে চান না—পশ্চিমবাংলার লোকদের। ঠিকাদারী ব্যবস্থাটা একটু বদলে দেওয়া যায়। পশ্চিমবাংলার ছেলে-

মেয়েদের যদি সরকারী খরচ পত্তরের মারফত একটু বেশী কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি তাহলে তাতে সামান্য একটু আসান হবে, কিন্তু খুব বেশী হবে না।

এরকম একটা ব্যবস্থায় আমরা যেতে পারি কিনা সেটা আমরা দেখবো, চেষ্টা করবো। এখানে তো অনেক বাস্তুঘুঘুর বাসা আছে আপনারা জানেন, কাজেই আমি যদি কোন ঠিকাদারকে হঠাৎ খারিজ করে দিই তাহলে হয়ত বিপ্লব ঘটে যাবে। এই মুহূর্তে সেই রকম বিপ্লব সামলাতে আমরা প্রস্তুত নই। আমাদের খুব সতর্ক হয়ে চলতে হবে কারণ আমাদের শত্রুর অভাব নেই। আমরা একটু একটু করে ধাক্কা দেব এবং একটু একটু করে চেষ্টা করবো যাতে এই অপচয় আমরা কমাতে পারি। দ্বিতীয়তঃ, আমরা যাতে কিছু বাড়তি ছেলেমেয়েকে চাকরি দেবার ব্যবস্থা করতে পারি সেটা আমরা চেষ্টা করবো। তারপর আমরা ছোট ছোট শিল্পের কাছ থেকে জিনিসপত্র কিনবো। যেমন ধরুন, নলকূপ বা পাম্পসেট ইত্যাদিগুলি বড় কোম্পানীর কাছ থেকে না কিনে ছোট কোম্পানীর কাছ থেকে কিনবো। এখানে আমাদের বাঙালী ছেলেমেয়েরা যে সমস্ত ছোট ছোট কোম্পানী তৈরী করেছে তারা কোন কদর, গত ৬/৭ বছর ধরে যে সরকার আমাদের এখানে ছিল, তাদের কাছ থেকে পায়নি। এটা চলতে দেওয়া যায়না। এদের কাছ থেকে আমরা কেনাকাটা করতে চাই। এরা যাতে অর্ডারটা ঠিকমত সাপ্লাই করতে পারে তার জন্য ব্যাঙ্কের মারফত তারা যাতে কিছু অর্থ সাহায্য পেতে পারে সেটা দেখতে হবে এবং তারা যাতে জিনিসপত্রের মানটা ঠিক রাখতে পারে সেটাও দেখতে হবে। আমরা এ সম্পর্কে বড় গলায় কিছু বলছি না, কিন্তু আমরা কাজ আরম্ভ করবো। আগে থেকে আমরা বলছি না যে, এই ব্যবস্থা মারফত আমরা এত হাজার ছেলেকে চাকরি দেব—এই আমরা বলব না, কারণ তা যদি বলি তাহলে সেটা হবে দায়িত্বজ্ঞানহীন বক্তব্য। আপনারা দেখেছেন আমি আমার ভাষণে বলেছি, আমাদের জাতীয়কৃত যে সমস্ত ব্যাঙ্ক আছে তাদের কাছে আমি অনুরোধ করে বলেছি যে, আপনারা আপনাদের আচরণটার একটু পরিবর্তন করুন। অবশ্য ব্যাঙ্কগুলিকে আলাদাভাবে দোষ দিয়ে লাভ নেই। আমাদের যে সমাজব্যবস্থা রয়েছে এটা হচ্ছে তারই ফল। আমরা দেখি, ব্যাঙ্ক থেকে ঐ বড় বড় শিল্পপতি এবং ব্যবসায়ীরাই টাকা পায়। অর্থাৎ যাদের পকেট ভারি তারাই টাকা পাবে এটাই হচ্ছে নিয়ম। যার পকেটে টাকা আছে বা যে একটু ভাল জামা কাপড় পরে যাবে ব্যাঙ্কের ম্যানেজার তাকে এয়ার-কনডিশান ঘরে বসিয়ে এক কাপ কফি খাওয়াবেন এবং তিনি যা চাইছেন সংগে সংগে সেটা মঞ্জুর করবেন। সেখানে অনেক সময় তিনি তাকে সুবিধাজনক হারেও করে দেবেন। অথচ একটা বেকার যুবক সে যদি এক বা দু'হাজার টাকার জন্য

যায় তাহলে সেখানে তাকে হাজার খুঁটিনাটি প্রশ্ন করা হয়। কোলাটারাল সিকিউরিটি নেই ইত্যাদি। তা যদি থাকতো তাহলে এই ভাবে সে তো ব্যাঙ্কের দ্বারস্থ হত না, সে নিজেই ব্যবস্থা করতে পারতো। এইভাবে তাকে দিনের পর দিন ঘুরিয়েও শেষ পর্যন্ত তাকে টাকা দেওয়া হয় না। এই যে অবাবস্থা এটাকে বদলাতে হবে। ব্যাঙ্ক হচ্ছে আজকে জাতীয় ব্যাঙ্ক, এতে আমাদের প্রত্যেকের সমান অধিকার। এই প্রসঙ্গে বলি, আমি একটি জাতীয় ব্যাঙ্কের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেছিলাম, আমি প্রশ্ন করেছিলাম, আপনারা এই পশ্চিমবাংলায় কত টাকা লগ্নী করেছেন এই সমস্ত অর্গানাইজড শিল্প এবং ব্যবসাতে সেটা আমাকে বলুন। তারা বলেছিলেন, ৩৮০ থেকে ৩৮২ কোটি টাকা তারা দিয়েছেন। আমি আবার জিজ্ঞাসা করেছিলাম, এই টাকার মধ্যে কত টাকা আপনাদের আটকে আছে? তারা উত্তরে বলেছিলেন, 'ও কথা স্যার, আর বলবেন না, তা প্রায় ১২০ কোটি টাকার মতন আটকে আছে।' তারপর আমি জিজ্ঞাসা করেছিলাম, আপনারা ছোট শিল্পের ক্ষেত্রে কত টাকা লগ্নী করেছেন? তাঁরা বলেছিলেন, '১০ কোটি টাকা।' আমি জিজ্ঞাসা করেছিলাম, তার মধ্যে কত টাকা আপনাদের আটকে আছে? তাঁরা বলেছিলেন, '৫০ লক্ষ টাকার মতন।' আমি আবার জিজ্ঞাসা করেছিলাম, তাহলে এদের আরো বেশী টাকা দিচ্ছেন না কেন? এখানে ১০ কোটির জায়গায় ২০ কোটি টাকা করছেন না কেন? এ প্রশ্নের জবাব কিন্তু পাইনি। এখানে মাননীয় কাশীকান্তবাবুকে বলছি, এ প্রশ্নের জবাব কিন্তু অর্থনীতিতে নেই, এ প্রশ্নের জবাব রাজনীতিতে আছে। উনি আমাকে বলছিলেন, এটা খুব সার কথা হল না যে, অর্থনীতি হচ্ছে খুব পরিশ্রুত রাজনীতি। অর্থনীতির কতকগুলি আলাদা নিধান আছে, তার সঙ্গে রাজনীতির কোন সম্পর্ক নেই। আমি তাঁকে সবিনয়ে বলব, না, রাজনীতির নিধানগুলিই আসল নিধান। অর্থনীতির নিধানগুলি রাজনীতির নিধানের সন্তান। একটা উদাহরণ দিয়ে বোঝাবার চেষ্টা করছি। কাশীবাবু সেদিন বলছিলেন, যোগান এবং চাহিদার কথা। এর মধ্যে রাজনীতি কোথায় তিনি বলছিলেন। চাহিদা নেই আমাদের দেশে, তাই বিক্রি হচ্ছে না জিনিসপত্র। এখানে দেখুন আমাদের দু কোটি টন খাদ্যশস্য জমে আছে, বিক্রি হচ্ছে না চাহিদা নেই বলে, অথচ আমরা জানি আমাদের গ্রামের ঐ নিরন্ন অভুক্ত মানুষগুলি না খেয়ে মরে যাচ্ছে। চাহিদা নেই তাই জিনিসপত্র বিক্রি হচ্ছে না বা খাদ্যশস্য বিক্রি হচ্ছে না কিন্তু কেন চাহিদা নেই সে প্রশ্নের জবাব অর্থনীতিতে নেই।

[5.20—5.30 P.M.]

সেই প্রশ্নের জবাব রাজনীতিতে—কারণ আমাদের যে সমাজ-ব্যবস্থা তাতে গরীব মানুষের উপার্জন নেই। সেই উপার্জন না থাকাটা কিন্তু রাজনীতির আওতায় আসে না, এটা অর্থনীতির আওতায়ও আসেনা রাজনীতির ক্ষেত্রে। যোগানের ক্ষেত্রেও তাই জিনিসপত্রের দাম বেড়ে যায়, এটা আমার ভাষণে বলেছি এবং এট কিন্তু উৎপাদন বাড়লে যোগান বাড়বে তা নয়। উৎপাদন বাড়লেও যোগান কমে। ধনী চাষীর গত বছর হয়ত একটু উৎপাদন বেড়েছিল। সেই চাষীর হয়ত পয়সা-কড়ি একটু জমেছিল। যেহেতু গত বছর একটু পয়সা-কড়ি জমিয়েছিল তাই এ বছর সে ফসল ধরে রাখতে পারে এবং ধরে রাখার ফলে যোগানটা কমে যায়। ফসলট বাড়ে কিন্তু যোগানটা কমে। এটাও আমি বলছিনা কি ব্যাপার—আমার ছেলে-বেলায় economics-এর প্রথম সূত্রে শিখেছিলাম if supply increases den and will fall—এটা ঠিক উল্টো হচ্ছে। Production বাড়ে, supply বাড়ে, দামটা কমেনা, দামটা বাড়ে। এর উত্তর কিন্তু অর্থনীতিতে একই—যেকথা আমি আগেই বলেছি। সুতরাং আমাদের রাজনীতিতে না পৌঁছে উপায় নেই। সেই অনুসারে সব কিছুই পরিশ্রুত রাজনীতি। এখানে আর একটি কথা বলি, বেকার সমস্যা কি করে কমান যায় সেই কথার উল্লেখ করেছিলাম এবং সেই প্রসঙ্গে মহা খাপ্পা হয়ে গেছেন কমিউনিস্ট পার্টি, দক্ষিণপন্থী কমিউনিস্ট পার্টি, জনতা এবং কংগ্রেস থেকে—আশ্চর্য, কথাগুলি এসে যায়। আমরা নাকি পুঁজিপতিদের নিমন্ত্রণ করে পশ্চিমবঙ্গে নিয়ে আসছি। আমি আর একবার বলছি যা লিখেছি, এই যে পুঁজি—আমরা বিশ্বাস করি প্রত্যেকটি পুঁজি হচ্ছে সম্ভব ফল। শ্রমিক শ্রেণীকে শোষণ করে এই পুঁজি সঞ্চয় হয়েছে। যদি আমার হাতে ক্ষমতা থাকতো এই মুহূর্তে পুঁজিটাকে বাজেয়াপ্ত করতাম এবং বাজেয়াপ্ত করে মানুষের কাজে লাগাতাম। কিন্তু সেই ক্ষমতা আমার নেই। আবার সেই কেন্দ্র-রাজ্যের ব্যাপার এসে যাচ্ছে। আমি কি করতে পারি? আমরা কি চাই যে পুঁজিটা পশ্চিমবঙ্গের মাটিতে উৎপাদিত হচ্ছে, সেই পুঁজিটা চলে যাক মালয়েশিয়ায়, ইন্দোনেশিয়াতে বা গোয়ায়? আমরা চাই পুঁজিটাকে যত দিন পর্যন্ত গলা টিপে রোধ করতে পারছি না, তত দিন পুঁজিপতিকে বলতে হবে তুমি পালাবে কোথায়। আজকে কাশীকান্তবাবু বলেছেন—আমার বক্তব্যের সঙ্গে তার বক্তব্যের খুব একটা তফাৎ নেই। অথচ আপত্তি করছেন কেন? উনি বলেছেন, অমুক বিড়লা এই টাকা অন্যত্র সরিয়ে নিয়ে খাটাচ্ছে। সেই জিনিসটা বন্ধ করতে চাই। সেই টাকাটা পশ্চিমবঙ্গের

মুষ্টিতে খাটবে, আমাদের শ্রমজীবী মানুষের স্বার্থে খাটবে। যতদিন পর্যন্ত এই পুঁজিপতিকে গলা টিপে বন্ধ করতে পারছি না—আমরা অন্যায় কিছু করছি তা নয়। আজ সকালে দেখলাম এই যে মহাবিপ্লবী ভিয়েতনাম, তার সাহস, বীর্য, সৌর্য, যা প্রতিদিন আমরা স্মরণ করি, সেই ভিয়েতনাম থেকে একটা delegation আসছেন আমাদের দেশে। তাঁরা এখান থেকে আমাদের private পুঁজি ভিয়েতনামে খাটাতে চান। তাঁরা জানেন, তাঁদের আদর্শে তাঁরা অবিচলিত আছেন, আমরা কেন আমাদের আদর্শ থেকে অবিচল হবো? আমাদের private পুঁজি সেটাকে তাঁরা ভিয়েতনামে নিয়ে গিয়ে খাটাতে চান। তাঁরা অবশ্য খাটাতে পারবেন, তাঁদের দ্বারা সম্পূর্ণ নিয়ন্ত্রন করবেন সেই পুঁজিটাকে, তারপর খাটাবেন। কিছুদিন আগে আমার ২।১ জন ভিয়েতনামী বন্ধুর সঙ্গে দেখা হয়েছিল। তাঁরা বলেছিলেন, এমন কি তোমাদের দেশ কেন, মার্কিন পুঁজিওলাদের পুঁজিকেও আমরা ব্যবহার করবো। ঐ লক্ষ্মীছাড়ারা, হতচ্ছাড়ারা আমাদের দেশকে শোষণ করেছে, আমাদের দেশটাকে তছনছ করে দিয়ে গেছে। সুতরাং ওদের এখন দায়-দায়িত্ব আমাদের টাকা দেওয়া এবং সেই টাকাটা আমাদের নিজেদের প্রয়োজনে ব্যবহার করবো, আমাদের মত করে। তাই আমরা বলেছি, তার বেশী কিছু বলতে চাইনি। আমাদের মত করে। আমরা ঠিক তাই বলছি, তার বেশী কিছু বলছি না, কমও কিছু বলছি না। বিশ্বনাথবাবু আজকে নেই, তিনি অনেক উপদেশ বাণী বর্ষণ করেছেন, কি ভাবে বামপন্থী দলরা চলবে, সে সম্বন্ধে অনেক কিছু বিস্তারিত বলে গেছেন। শুধু একটা জিনিস আমার মাঝে মাঝে মনে হয়, গত ৫।৬ বছর এই বামপন্থী দলগুলোর থেকে উনি যে দলের নেতা, সেই দল সযত্নে পরিহার করে, যারা আমাদের ফ্যাশিবাদের আওতায় নিয়ে ফেলেছিলেন—ওঁদের কাছাকাছি ছিলেন এবং আজকে এখানে এসেছেন, উপদেশ দিচ্ছেন, শুনছি আমরা, কিন্তু যদি কখনও কখনও উপদেশ এক কান দিয়ে শুনে আর এক কান দিয়ে বার করে দিই, তাহলে উনি মার্জন করবেন। এখানে রাজনীতি, অর্থনীতির প্রসঙ্গ উত্থাপন করবার ইচ্ছা ছিল না, কিন্তু কাশীকান্তবাবু যেহেতু প্রসঙ্গটা তুলে-ছিলেন সেই জন্য আমি লোভ সামলাতে পারলাম না। একটা কথা কাশীকান্তবাবুকে বলি, কোন কোন জায়গায় অর্থনীতির বিধান মানতে হয়। আমি বহুদিন আগে একটা কার্টুন দেখেছিলাম—একটা ব্যঙ্গ চিত্র। আমাদের আবহাওয়া অফিস তো সব সময় ভুল খবর দেয়, সেই আবহাওয়া অফিস সম্পর্কিত একটা ব্যঙ্গ চিত্র—এক শহরে সমস্ত সরকারী দালানের জাতীয় পতাকাগুলো পূব দিকে উড়ছে, কিন্তু আবহাওয়া অফিসের উপরে যে পতাকাটা উড়ছে সেটা পশ্চিম

দিকে উড়ছে। কারণ আবহাওয়া অফিস্ তো সব সময় ভুল খবর দেয়। সেই জন্য ওদের দালানের উপর হাওয়াটাও উল্টো দিকে বইছে। এই কারণটা অর্থনীতির ক্ষেত্রে হতে পারে না। সারা ভারতবর্ষে এক ধরনের অর্থনীতি হবে আর পশ্চিম বাংলায় আর এক ধরনের অর্থনীতি হবে, এটা হতে পারে না। আমি এটা আগেই বলেছি, আমাদের পশ্চিমবাংলার অর্থনীতি সারা ভারতবর্ষের যে অর্থনীতি, তার বাইরে যাবার উপায় নেই। ভারতবর্ষের অর্থনৈতিক যে গ্রন্থি, তার থেকে পশ্চিম-বাংলার বাইরে যাবার উপায় নেই। এবং সারা দেশে যদি জিনিসপত্রের দাম বাড়ে, আমরা কি ক্যানিউট এসেছি যে বলবো, পশ্চিমবাংলায় কোন জিনিসের দাম বাড়বে না, বাড়তে পারে না। কারণ যে সমস্ত কারণের কথা বললাম, রাজনৈতিক কারণ, অর্থনৈতিক ব্যবস্থায় যেটা রাজনীতি নিরূপণ করে দেয়। এটা সর্বভারতীয় ব্যাপার যে, সম্পদ একদিকে জড় হচ্ছে, উপার্জন একদিকে জড় হচ্ছে এবং এই সম্পদ এবং উপার্জন একদিকে জড় হবার ফলে যে চাহিদার ক্ষেত্রকে বিশৃঙ্খলা সৃষ্টি করছে এবং যোগানের ক্ষেত্রে যে বিশৃঙ্খলা হচ্ছে এবং যার ফলে কিছু মজুতদার, যাদের পকেটে পয়সা আছে এবং যোগান ধরে থাকে এবং তার ফলে জিনিসপত্রের দাম বাড়ে। এটা আমাদের একার সাধ্যের বাইরে। এই যে জাতীয় একটা প্রবণতা সেটা আমরা রুখে দিতে পারি না। সেই কারণে আমরা বারবার কেন্দ্রের কাছে বলছি, আসুন আমরা বসি, এটা আলোচনা করি, এই দাম-দস্তুরের ব্যাপারে। আমরা আপনাদের ইস্পাত, কয়লা দিই, সম মূল্যে তো সর্বত্র বিক্রি হচ্ছে, তার পরিবর্তে যাতে আমরা কিছু কেমিক্যাল্স পাই, অন্য যেসব জিনিসপত্র আমরা যাতে পাই একই দামে। সুতরাং আপনারাও বাঁচুন, আমরাও বাঁচি। এমন একটা ব্যবস্থা করুন, ধরুন একটা সম-বণ্টনের ব্যবস্থা করুন যাতে প্রত্যেকে আমরা কিছুটা আসান পেতে পারি। কিন্তু আমরা বলছি এবং এটা কিছুটা হয়তো সফলও হবে, কিছুটা হয়তো হবে না। জিনিসপত্রের দাম বাড়ার আর একটা কারণ মুদ্রা-মূল্যস্ফীতি, যদি মুদ্রার পরিমাণ বেড়ে যায়—টাকার পরিমাণ বেড়ে গেলে জিনিসপত্রের দাম বাড়বে এবং টাকার আমরা নিয়ন্ত্রণ করি না, টাকার পরিমাণ কত হবে, সেটা নিয়ন্ত্রণ করে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া এবং সেটা হচ্ছে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনে। এখন সেই জন্য দূর থেকে দেখা যাবে যে, গত এক বছরে ১৮ শতক হারে যে মুদ্রাস্ফীতি ঘটেছে একটু এটাকে রোধ করুন। এবং এটা দেখুন, আপনারা হয়তো বলছেন যে শিল্পের খাতিরে কিছুটা মুদ্রাস্ফীতি দরকার হয়, কিন্তু সত্যি সত্যি কি শিল্পের খাতিরে যে বাড়তি মুদ্রা বাজারে ছড়িয়েছে, সেটা কি ব্যয়িত হচ্ছে? সেটা মজুতদারের পকেটে যাচ্ছে, ফাটকাবাজদের পকেটে যাচ্ছে, এই জিনিসটা একটু ভেবে দেখুন।

[5.30—5.38 P.M.]

এ সম্পর্কে আমরা কংগ্রেসের ভিতরে একটা বিরোধ দেখলাম। এমন কি জনতা পার্টির মধ্যেও। কংগ্রেসের একদল বলে গেছেন, বিশেষ করে ভোলানাথবাবু বলে গেছেন, কেন্দ্র-রাজ্য সম্পর্ক পাল্টাতে হবে এবং উনি গলা চড়িয়ে বললেন, আয় করের ৪০ ভাগ রাজ্য হাতে পেতে পারে। আবার কংগ্রেসের অন্য দু'একজন বললেন, এই রকম প্রশ্ন তুলে নাকি কেন্দ্রের সঙ্গে ঝগড়া লাগাবার সূত্রপাত হচ্ছে। এ জিনিস আমরা জনতা পার্টির মধ্যেও দেখলাম। কেউ কেউ বললেন, এটা করা উচিত, কিন্তু দেখবেন কেন্দ্রের সঙ্গে ঝগড়া করবেন না। আমরা ঝগড়া করতে যাচ্ছি না, আমরা বিশেষভাবে বলেছি আমরা কোন পূর্ব শর্ত আরোপ করব না। কাশীকান্তবাবু বললেন, আপনারা কি চান পরিষ্কার করে বলুন। আমি তাঁকে বলব যে, না, তা আমরা বলব না পরিষ্কার করে, কারণ তাহলে সেটা পূর্ব শর্ত হবে, তাতে ভুল বোঝাবুঝি হতে পারে। তার চেয়ে আসুন খোলা মন নিয়ে সমস্যাগুলি নিয়ে আলোচনা করি এবং তাতে অন্যান্য রাজ্যদের নিয়ে একসঙ্গে মিলিত হয়ে আলোচনা করি—কিভাবে এই সমস্যা থেকে বেরুনো যায়। এটা ঝগড়ার ব্যাপার নয়। আমরা বোঝাতে চাই, এই সমস্যা কেন্দ্রের একার সমস্যা নয়, কারো একার সমস্যা নয়। এটা সারা ভারতবর্ষের সমস্যা। ভারতবর্ষের জনসাধারণ যদি সংহতির মধ্যে বেঁচে থাকতে চায় তাহলে সঠিকভাবে কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস করতে হবে। তা না হলে আর অন্য কোন পথ নেই। আর্থিক উন্নতি এক জায়গায় থমকে থাকবে। সামাজিক পুনর্বিন্যাস এক জায়গায় থমকে থাকবে। সুতরাং সকলের স্বার্থের প্রয়োজনে এখানে ঝগড়া কলহ সন্দেহের কোন অবকাশ নেই। অতএব এক সংগে সকলে মিলে ব্যাপারটা করতে হবে। এই প্রসঙ্গে দু'একজন বললেন, এতে এত চেঁচামেচির কি দরকার? ওই ফিনান্স কমিশন আছে, ওইটাকে যদি চিরস্থায়ী করে দেওয়া যায় তাহলেই তো এই সমস্যার নিরসন করে ফেলতে পারি। না, তা পারি না। ফিনান্স কমিশন নিযুক্ত হয় সংবিধানের একটা ধারা অনুযায়ী এবং তাতে লেখা আছে ফিনান্স কমিশন কি করতে পারে, না পারে। তারা সব কিছু করতে পারে না। সুতরাং এটা নতুন করে ভাবতে হবে। নতুন করে ভাবতে হলে সংবিধান পাল্টানো ছাড়া অন্য কোন পথ নেই। আমি আর খুব বেশী সময় নেব না। দু'একজন মাননীয় সদস্য একটা বিষয়ের উল্লেখ করেছেন, তাতে তাঁরা বলেছেন যে, আমি কিছু কিছু বিষয়ে আমাদের মতামত বক্তৃতায় উল্লেখ করি নি। সেটা আমার স্খলন। যেমন ফারাক্কার বিষয়ে উল্লেখ

নেই। বিশ্বনাথবাবু বললেন, হলদিয়ার ব্যাপারে উল্লেখ নেই। ফারাক্কার ব্যাপারে আমরা চাই না পশ্চিমবাংলার স্বার্থ কোন রমকভাবে বিঘ্নিত হয় এবং আমরা চাই কেন্দ্রীয় সরকার কোন একটা পাকাপাকি ব্যবস্থা বাংলাদেশের সঙ্গে করবার আগে আমাদের সঙ্গে আলোচনা করবেন এবং আমাদের খোলাখুলি বলবেন, আপনারা কি চান। তারপর এ ব্যাপারের সঙ্গে অনেক রকম ব্যাপার আছে, শুধু বাংলাদেশের সঙ্গে বোঝাপড়ার ব্যাপার নয়। সারা ভারতবর্ষ যে জল পাবে, সেটা কিভাবে আমরা নিজেদের মধ্যে ইণ্টারনাল ডিস্ট্রিবিউশন করতে পারব, সে সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে। আর বেশী বলার কিছু নেই এই মুহূর্তে। আর একটা যেটা বললেন ঐ হলদিয়ার ব্যাপারে, আপনারা খবরের কাগজে দেখেছেন যে, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের কিছু কিছু আলাপ-আলোচনা হয়েছে। তবে এখনি যে আমরা বিশেষ কতগুলি সিদ্ধান্তে পৌঁছেছি তা নয়। তবে আমরা হলদিয়ার আশ-পাশের অঞ্চলের যেসব সমস্যা আছে সেগুলি দেখছি এবং আমরা সমস্ত হলদিয়াকে সুষ্ঠু অগ্রগতির দিকে নিয়ে যাবার সুবন্দোবস্ত করব। তার জন্য প্রাথমিক কতগুলি কাজ, জমি বণ্টন, বিজলীর সরবরাহ ইত্যাদি ব্যাপারগুলি আমরা এগিয়ে নিয়ে যাব। এই প্রসঙ্গে একটি বিষয় নিয়ে এখানে মহা হৈচৈ হয়েছে, আমরা মালটিন্যাশনাল বিগ বিজনেস হাউস বিড়লাদের আমন্ত্রণ করে নিয়ে আসছি। কিন্তু আমরা সরকারে ঢুকে অবলোকন করলাম ভোলাবাবুরা হলদিয়াতে বিড়লাদের সঙ্গে জয়েণ্ট সেক্টর করবার একটা ব্যবস্থা করেছেন। সুতরাং নিজেদের প্রতিবিম্ব আয়নায় দেখে, ওঁরা যা করেছেন, সেটা আমাদের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন।

সর্বশেষে একটা কথা বলার আছে যে, যে-কাজ ৩০ বছরে হয়নি সেটা ১২/১৩ বছরে হবে সেই আশা যেন না রাখি। আমাদের প্রত্যেককে সৎ হতে হবে। আমাদের পশ্চিমবাংলার ঐতিহ্য হচ্ছে ত্যাগের আদর্শ। আমাদের বাংলাদেশের ছেলেরা হাসতে হাসতে ফাঁসির মঞ্চে গেছে, তারা জানে যে-কোন মুহূর্তে দেশের জন্য আত্মহত্যা করা যায়। তারা অকুতোভয়ে এগিয়ে গেছে। নানারকম কাজে যাতে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। সুতরাং দেশের কথা আগে চিন্তা করতে হবে। কিন্তু যে ঐতিহ্য ছিল ইন্দিরা গান্ধী তছনছ করে দিয়ে গেছেন। তাঁর বিরুদ্ধে আমাদের শত অভিযোগ থাকতে পারে, কিন্তু সবচেয়ে বড় অভিযোগ হচ্ছে তিনি দেশকে আদর্শচ্যুত করে দিয়ে গেছেন। সুতরাং সেই ত্যাগের আদর্শে আমাদের পুনরায় ফিরে আসতে হবে। আমাদের পশ্চিমবাংলার সমাজ একটা অদ্ভুত ব্যবস্থার মধ্যে আছে। আমরা অধিকাংশই মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ও বিত্তহীন। আমরা যারা

সরকারের মধ্যে আছি তারাও নিম্নমধ্যবিত্ত, মধ্যবিত্ত ও বিত্তহীনদের একটি সম্মিলিত শক্তি। আমাদের শক্তিকে নিয়োগ করতে হবে যাতে পশ্চিমবাংলাকে আমরা তুলতে পারি। কিন্তু সেটা এই ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে থেকে খুব বেশী করা যাবে না। কিন্তু যে বিদ্রোহের কথা বলেছিলাম তা হচ্ছে ছোট ছেলেকে একটু নাড়া দিতে হবে যাতে সে নিজের স্বার্থ সে বুঝতে পারে। এটা যদি করতে হয় তাহলে আমাদের সীমিত যে সাধ্য সেটাকে নিয়োগ করতে হবে। এই যে একটা ব্রত সেটা যদি সার্থক করতে হয় তাহলে মধ্যবিত্তদের ত্যাগ করতে হবে নিম্নমধ্যবিত্ত ও বিত্তহীনদের জন্য। এটাই হচ্ছে পশ্চিমবাংলার আসল আদর্শ। আমরা একত্রে আছি এবং ঐক্যের ক্ষেত্রে আমাদের যে ক্ষুদ্র স্বার্থ সেটা ত্যাগ করতে হবে বৃহত্তর কল্যাণের জন্য। সে জন্য বলছি এই বাজেট হচ্ছে অত্যন্ত ক্ষীণ একটা প্রস্তুতি। কিন্তু যারা আমাদের শ্রেণী-শত্রু তাদের রাতের ও দিনের ঘুম আমরা কেড়ে নেব।

মিঃ স্পীকার : বাজেটের উপর সাধারণ আলোচনা এখানে সমাপ্ত হল। আর অধিবেশন আগামীকাল বুধবার ৩১শে আগস্ট ১৯৭৭ তারিখ বেলা ১২টা পর্যন্ত মুলতুবী রহিল।

Adjournment

The House was then adjourned at 5-38 p.m. till 12 noon on Wednesday the 31st August, 1977.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta on Wednesday, the 31st August, 1977, at 12 noon.

Present

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 20 Ministers, 4 Ministers of State, and 228 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Setting up of Industries outside West Bengal by some Companies of this State

*10. (Admitted question No. *97) **Shri RAJANI KANTA DOLOI** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any information as regards applications submitted in the months of May, June and July 1977, by companies based in West Bengal, seeking letters of intent or industrial license for setting up industries in other States ?

(b) if so, the names of such companies may be stated

Dr. Kanailal Bhattacharya :

(a) This concerns the Government of India. However, the particulares have been obtained from the Central Govt

(b) The names of such companies as reported by the Govt. of India are as follows :

May '77

(i) M/s. BNE Investments Ltd., Calcutta.
(ii) M/s. Macneill & Magor Ltd., Calcutta.
(iii) M/s. Usha Alloys & Steels Ltd., Calcutta.

June '77

(i) M/s. B. L. Dhoot, Calcutta.
(ii) M/s. Indian Oxygen Ltd., Calcutta.
(iii) M/s. Asiatic Oxygen Ltd., Calcutta.

July '77

(i) M/s. Machinery Manufacturers Corporation Ltd., Calcutta.
(ii) M/s. Shalimar Tar Products Ltd., Calcutta.

(iii) M/s. Bharat General & Textile Industries Ltd., Calcutta.
(iv) M/s. Shalimar Industries Pvt. Ltd., Calcutta.
(v) M/s. Kanoria Chemicals & Industries Ltd., Calcutta.
(vi) M/s. Pankaj Gauge & Tools (P) Ltd., Calcutta.

[12.00—12.10 P. M.]

শ্রীরজনীকান্ত দলুই : মাননীয় মন্ত্রী মহাশয় যে রিপোর্ট আমাদের সামনে রাখলেন তাতে দেখা যাচ্ছে অনেকগুলি কোম্পানী মে, জুন, জুলাই এই তিন মাসের মধ্যে পশ্চিমবঙ্গে যে লাভ হয়েছে সেই লাভ সমেত তাদের ক্যাপিটাল অন্য রাজ্যে নিয়ে গিয়ে তারা ইণ্ডাষ্ট্রি করতে চাইছে। এতে বোঝা যাচ্ছে ইট ইজ এ ফ্লিয়ার কেস অব ফ্লাইট অব ক্যাপিটাল। যে কোম্পানীগুলি তাদের ইণ্ডাষ্ট্রি স্থাপন করতে চাইছে সেই ইণ্ডাষ্ট্রিগুলি কি কি, তারা কি রকম ইনভেস্টমেন্ট করবে এবং কোথায় কোথায় করবে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : মেসার্স বি এন ই ইনভেস্টমেন্ট লিমিটেড, প্রোপাইটর হচ্ছে কর্ণাটক সিনথেটিক লিমিটেড, ১ এবং ২ ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট, তারা করতে চাইছে টুইসটেড ফিলামেন্ট ইয়ারন কর্ণাটকে। এটা এখনও পেণ্ডিং আছে, আর কত টাকা সেটা অবশ্য আমি বলতে পারছি না, নোটিশ লাগবে। মেসার্স ম্যাকনিল এণ্ড মেগর লিমিটেড, কালকাটা, তারা ইলেকট্রনিক্স ক্যাল্সিমাইন ডিভাইস ইত্যাদি করতে চাইছে ইউ পি-তে, এখনও এটা পেণ্ডিং আছে। মেসার্স উষা ফালয় এণ্ড ষ্টীল লিমিটেড, এরা স্পঞ্জ আইরন করতে চাইছে বিহারে, এদের দরখাস্ত এখনও পেণ্ডিং আছে। মেসার্স বি এল ধুত করতে চাইছে পলিথিন করোগেটেড সিট, এরা মহারাষ্ট্রে এই কারখানা করতে চাইছে। এদের দরখাস্ত এখনও পেণ্ডিং আছে। মেসার্স ইণ্ডিয়ান অক্সিজেন লিমিটেড, এরা গুজরাটে নাইট্রাস অক্সাইড করতে চাইছে। এদের দরখাস্ত ৩০।৭।৭৭ তারিখে ডিসপোজ আপ হয়ে গেছে। ওটা রিজেক্টেড হয়েছে কি না বলতে পারছি না। এশিয়াটিক অক্সিজেন লিমিটেড, এরাও মাদ্রাজে নাইট্রাস অক্সাইড করতে চাইছে। এদেরও দরখাস্ত ৩০।৭।৭৭ তারিখে ডিসপোজ আপ হয়ে গেছে।

এশিয়াটিক অক্সিজেন লিঃ হাইড্রোজেন গ্যাস-এর ব্যাপারে অন্ধ্রপ্রদেশে করতে চাইছে, সেটা ৬।১।৭৭ তারিখে ডিসপোজ করে দিয়েছে। এশিয়াটিক হাইড্রোজেন গ্যাস তামিলনাড়তে করতে চাইছে, তাদের দরখাস্ত পেণ্ডিং আছে। মেশিনারি

ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন লিঃ টেক্সটাইল মেশিনারি তৈরী করার জন্য কর্ণাটকে করতে চাইছে এবং দরখাস্ত পেণ্ডিং আছে। তারপরে শালিমার টার প্রডাক্টস কোল টার ডিস্টিলেশন প্রোডাক্টস করার জন্য বিহারে করতে চাইছে, তাদের দরখাস্ত পেণ্ডিং আছে। ভারত জেনারেল টেক্সটাইল ইণ্ডাস্ট্রিজ লিঃ ভেজিটেবল অয়েল তৈরী করতে চাইছে মহারাষ্ট্রে, দরখাস্ত এখনও পেণ্ডিং আছে। শালিমার ইণ্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ সিন্থেটিক ডায়মণ্ডস রাজস্থানে করতে চাইছে, দরখাস্ত পেণ্ডিং আছে। কানোরিয়া কেমিকাল এণ্ড ইণ্ডাস্ট্রিজ লিঃ সেলুলোজ নাইট্রেট করতে চাইছে গুজরাটে, দরখাস্ত পেণ্ডিং আছে। পঙ্কজ গজ এণ্ড টুলস্ প্রাঃ লিঃ টুলস্ তৈরী করতে চাইছে জম্মু এণ্ড কাশ্মীরে, দরখাস্ত এখনও পেণ্ডিং আছে।

শ্রীরজনীকান্ত দলুই ঃ বারটি কোম্পানী পশ্চিমবাংলা ছেড়ে বিভিন্ন স্টেটে চলে যেতে চাইছে এবং সেখানে ইনভেস্ট করে ইণ্ডাস্ট্রি স্থাপন করতে চাইছে। এই যে পশ্চিমবাংলা থেকে চলে যেতে চাইছে, কারণ কি ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ এ সম্পর্কে আমার কোন তথ্য জানা নাই। মাননীয় সদস্য যে সময়ের কথা বলছেন, সেটা হচ্ছে মে, জুন, জুলাই। সেই সময় যে দরখাস্ত করেছে তা ইণ্ডাস্ট্রি ডিপার্টমেণ্টের থ্রু দিয়ে করেনি, কাজেই আমাদের কাছে তথ্য থাকতে পারে না, এটা ইণ্ডিয়া গভর্নমেণ্ট-এর কাছ থেকে পেয়েছি, এই দরখাস্ত করতে গেলে আমাদের থ্রু দিয়ে করতে হয়।

শ্রীরজনীকান্ত দলুই ঃ পশ্চিমবঙ্গ থেকে যাতে না চলে যায় তার জন্য চেষ্টা করবেন কি ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ আমি বলে দেখতে পারি। ইট ইজ এ রিকুয়েস্ট ফর এ্যাকশন।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি কি এটা মনে করেন যে, ইতিপূর্বে এখানে এবং কেন্দ্রে যে শাসনব্যবস্থা ছিল তাতে সেই সময়ে শিল্পপতিরা শিল্প চালাবার জন্য যে সুযোগ-সুবিধা পেত, আজকে তা পাবে না—এই আতঙ্কগ্রস্ত হয়ে বা রাজ্য সরকারকে বিপদে ফেলবার জন্যই, নাকি উদ্দেশ্য নিয়ে তারা অন্য রাজ্যে চলে যেতে চাইছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ It is a matter of opinion. I do not exactly

say. আমি ঠিক বলতে পাচ্ছি না কেন চলে যাচ্ছে, এটা জানতে হবে, আমাদের পক্ষ থেকে জানা হয়নি এখনও।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : পশ্চিমবাংলা থেকে লাভের টাকা এখানকার ফারদার ইণ্ডাষ্ট্রিতে যাতে খাটাতে বাধ্য হয়, তার জন্য ভাবছেন কিনা ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : আমরা ৬টি চেম্বার্স অব কমার্সের বিভিন্ন মালিক প্রতিষ্ঠানের সঙ্গে দেখা করেছি, মুখ্যমন্ত্রীও দেখা করেছেন এবং এখানে যাতে ইণ্ডাষ্ট্রি করা যায় তার জন্য তাদের অনুরোধ জানান হয়েছে। আমাদের কথা দিয়েছে যে, এখানে শিল্প প্রতিষ্ঠা করার জন্য যে বাতাবরণ সৃষ্টি করা উচিত, সেটা সৃষ্টি করার জন্য আমরা প্রয়াস চালিয়ে যাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : এখানকার টাকা এখানেই খাটাতে হবে, ইনভেস্ট করে ইণ্ডাষ্ট্রি করতে হবে, এই রকম কোন আইন প্রণয়ন করার কথা ভাবছেন কিনা ?

মিঃ স্পীকার : এটা সাপ্লিমেণ্টারি হতে পারে না।

বন্ধ কারখানা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** বন্ধ ও দুবল শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বন্ধ কারখানার সংখ্যা কত ; এবং

(খ) কারখানাগুলি চালু করার ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : (ক) ১৪৯টি কারখানা বন্ধ হইয়া আছে।

(খ) নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয় :

(১) মালিক-শ্রমিক বিরোধ বশতঃ বন্ধ কারখানায় শ্রম-দপ্তর আপোশ মীমাংসার ব্যবস্থা করেন।

(২) অন্য কারণে বন্ধ কারখানার ব্যাপারে প্রথমতঃ আই. আর. সি. আই., ব্যাংক প্রভৃতির সাহায্যে পুনর্গঠন প্রকল্প রচনার সম্ভাব্যতা বিবেচনা করা হয় এবং সম্ভাব্য ক্ষেত্রে ঐ প্রকল্প অনুসারে কারখানা খোলা হয়। যেখানে বর্তমান পরিচালকমণ্ডলী সম্পূর্ণ অযোগ্য প্রমাণিত হয়, সেখানে বিশেষ বিশেষ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার তাহাদের ক্ষমতার বলে তদন্ত করেন এবং তদন্ত রিপোর্ট অনুযায়ী প্রয়োজন অনুসারে সাময়িক ভাবে কারখানার ব্যবস্থাপনা অধিগ্রহণ করেন।

শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ১২৯টি কলকারখানা যে বন্ধ হয়েছে তার মধ্যে কংগ্রেসের আমল থেকে কতগুলি কারখানা বন্ধ আছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ যেগুলি বলা হয়েছে সেটা হচ্ছে ১৯৭২ সালের পর থেকে বন্ধ আছে। এগুলি পারমানেন্টলি বন্ধ আছে।

শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৬৯ থেকে ১৯৭২ সাল এই ক'বৎসরের মধ্যে কতগুলি কারখানা বন্ধ হয়েছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ নোটিশ চাই।

শ্রীআবদুল কাউম মোল্লা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই দুই মাসে কতগুলি কারখানা বন্ধ হয়েছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ এই দু'মাসে ১১টি কারখানা বন্ধ হয়েছে, তার মধ্যে লক-আউটে হয়েছে ৫টি এবং ষ্ট্রাইকে হয়েছে ৬টি।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই ১২৯টি কারখানায় কত শ্রমিক জড়িত ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ এই যেগুলি পার্মানেন্টলি ক্লোজড হয়েছে তাতে কত শ্রমিক জড়িত আছে সেই ফিগারটা এখন আমার কাছে নেই। তবে যেগুলি পার্মানেন্টলি ক্লোজড নয় তাদের সংখ্যা ১০৭ এবং তাতে শ্রমিক জড়িত হচ্ছে ১২ হাজার ২৮। তবে আমার যত দূর মনে হয় ইট উইল বি এ রাফ এষ্টিমেট টু দি টিউন অব ২২ থাউজ্যাণ্ড।

শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত পাঁচ বৎসরে কতগুলি বন্ধ কারখানা খোলা হয়েছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ নোটিশ চাই।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কারখানাগুলি বন্ধ হয়েছে সেগুলির মধ্যে শ্রীদুর্গা কটন এ্যাণ্ড উইভিং মিল, এটা কি পার্মানেন্টলি ক্লোজড, না টেমপোরারিলি ক্লোজড ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ না না, শ্রীদুর্গা কটন এ্যাণ্ড উইভিং মিল টেম্পোরারিলি ক্লোজড। আই. আর. সি. আই-র সঙ্গে কথা চালাচালি হচ্ছে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ এই কারখানা খোলার কি অসুবিধা আছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ আই. আর. সি. আই-র সঙ্গে কথা চলছে, কিছু কিছু রিকনষ্ট্রাকশন করতে হবে, আরো কিছু কিছু অসুবিধা আছে। সেই অসুবিধাগুলি দূর করলেই খোলা হবে।

শ্রীদেবশরণ ঘোষঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে-সব কারখানা বন্ধ হওয়ার জন্য মালিকদের বিরুদ্ধে মামলা চলছে সেই রকম কতগুলি কারখানা আছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ সংখ্যা আমার কাছে এখন নেই, নোটিশ চাই।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ এই রকম কারখানা কত আছে যার শ্রমিক সংখ্যা হাজারের উপর ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই ফিগার আমার কাছে নেই, তবে যত দূর মনে হয়, রাফলি ১৫টি হবে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ এই ১৫টি কারখানার নাম বলতে পারেন ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ না, অফ হ্যাণ্ড বলতে পারবো না।

[12.20—12.30 P.M.]

শ্রীসুনীতি চট্টরাজঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, বন্ধ কারখানা চালু না করার ব্যাপারে বড়বড় ব্যবসায়ীদের সরকারের উপর বিশেষ চাপ আছে কিনা ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এটা সত্য নয়, বরং যে ৬টি চেম্বার অব কমার্স আছে তাঁরা কারখানা খোলার ব্যাপারে সরকারের সঙ্গে সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। আমাদের কাছে তারা লিস্ট চেয়ে পাঠিয়েছিলেন। তাঁদের প্রত্যেকটি চেম্বারকে আমরা কম্প্রিহেনসিভ লিস্ট পাঠিয়ে দিয়েছি এবং তাঁরা প্রাপ্তি স্বীকার করেছেন লিখিতভাবে এবং বলেছেন সমস্ত কারখানা খোলার ব্যাপারে সরকারের সঙ্গে সমস্ত রকম সহযোগিতা করবেন।

শ্রীহবিবুর রহমানঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বন্ধ কারখানা চালু করার ব্যাপারে সরকার যে ব্যবস্থা করেছেন তার ফলে কতগুলি কারখানা খুলেছে ?

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ আমরা আসার পর এখনও কোন কারখানা খোল

হয়নি। আশা করছি ১লা সেপ্টেম্বর শালিমার ওয়ার্কস যেটা হাওড়ায় আছে সেটা খোলা হবে, অন্যান্য কারখানা খোলার ব্যাপারে অনেকখানি এগিয়েছি।

শ্রীহবিবুর রহমান: আলোচনার ফলে যদি কিছু না হয় তাহলে আপনার পরবর্তী ব্যবস্থা আপনি কি নেবেন জানাবেন কি?

ডঃ কানাইলাল ভট্টাচার্য: সেটা তো বলেই দিয়েছি যে, আলাপ-আলোচনায় কারখানা যদি খোলা না যায়, যদি সেটা শ্রম-বিরোধের আওতায় পড়ে তাহলে শ্রম আইন অনুযায়ী শ্রম দপ্তর ব্যবস্থা করবে। আর যদি দেখা যায় শ্রমিক-মালিক বিরোধের জন্য নয়, অন্য কোন কারণে, আর্থিক কারণে, তাহলে আই. আর সি. আই, ব্যাঙ্কের তরফ থেকে খোলার ব্যবস্থা করা হবে। যেখানে দেখা যায় মালিক ইচ্ছা করে কারখানা বন্ধের জন্য, সেখানে কেন্দ্রীয় সরকার তদন্ত করে খোলার ব্যবস্থা করছেন।

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, শ্রীদুর্গা কারখানা বন্ধ আছে, এটা কমপ্লিটলী মিস্‌ম্যানেজড। আমি জানতে চাই সুনির্দিষ্ট সিদ্ধান্ত এই কারখানা খোলার ব্যাপারে এই সরকার কত দিনের মধ্যে নেবেন?

ডঃ কানাইলাল ভট্টাচার্য: সমস্ত কাগজপত্র দেখছি। সুনির্দিষ্ট সিদ্ধান্ত নিতে গেলে যে যে কাজগুলি করণীয় সেগুলি না করে এখনই সিদ্ধান্ত করতে পারি না। আমার দপ্তর থেকে সেটার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে যত তাড়াতাড়ি একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারি।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমান বামফ্রন্ট সরকারের কোন মন্ত্রী 'মালিক' এরকম কোন কারখানা বন্ধ আছে কি?

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমি জানি না।

শ্রীঅতীশচন্দ্র সিংহ: মাননীয় স্পীকার মহাশয়, আমরা অনেক প্রশ্ন করেছি, কিন্তু দেখছি মাত্র ২ ৩ টি করে প্রশ্ন আসছে। এই প্রশ্নের সংখ্যা যাতে বাড়ানো যায় দেখুন।

Taking over of foreign capital

*12 (Admitted question No. *155) **Shri SUNITI CHATTARAJ:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has sent any recommendation to Centre for take-over of foreign capital in the State, and/or ban entry of capital of multinational companies and/or ban on investn of private foreign capital in West Bengal ?

(b) if so, what are the salient features of the recommendation ; and

(c) what steps the State Government has, on its own initiative, taken o contemplating to take in the matter in the near future ?

[12.10—12.20 P.M.]

Dr. Kanailal Bhattacharya : (a) No.

(b) Does not arise.

(c) Does not arise.

Shri Suniti Chattaraj : Will the Hon'ble Minister be pleased to state w are the salient reasons for not recommending ?

Dr. Kanailal Bhattacharya : There is no question of recommendation bec it is a matter of policy. The Government has certain policies regarding for capital and monopoly capital and certain Acts have also been promulgate this regard. We shall have to act within the periphery of the Acts.

Calling Attention to Matters of Urgent Public Importance

মিঃ স্পীকার ঃ আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়ে যথা ঃ

১। প্রেসিডেন্সী জেলের মহিলা ওয়ার্ডের বন্দীদের উপর অত্যাচার—
শ্রীমহঃ সোরাব ও হাবিবুর রহমান।

২। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি—
শ্রীকিরণময় নন্দ।

৩। নদীয়া জেলার রানাঘাট ও শান্তিপুর থানার বিভিন্ন এলাকায় গঙ্গা নদী ভাঙ্গন—শ্রীগৌরচন্দ্র কুণ্ডু।

৪। ফারাক্কা দিয়ে ৪০,০০০ কিউসেক জলের দাবি—
শ্রীদীপক সেনগুপ্ত।

৫। গ্রামাঞ্চলে রেশন কার্ড বণ্টন—
শ্রীএ. কে. এম. হাসানুজ্জামান।

৬। সিচুয়েশন ইন আসানসোল পলিটেকনিক—শ্রীবিজয় পাল।

আমি ফারাক্কার জল বণ্টন সংক্রান্ত যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব যেটা শ্রীদীপক সেনগুপ্ত দিয়েছেন সেটা পড়ে দিচ্ছি :—

"সংবাদপত্রে প্রকাশিত সংবাদে এবং সংসদ সদস্য শ্রীচিত্ত বসুর সাংবাদিক সম্মেলনের সংবাদের পরিপ্রেক্ষিতে যে সংবাদ আজকে সত্যযুগ, যুগান্তর প্রভৃতি পত্রিকায় প্রকাশ পেয়েছে, তার ভিত্তিতে ফারাক্কা দিয়ে ৪০ হাজার কিউসেক জল-এর দাবি সম্পর্কে মন্ত্রী মহাশয়ের বিবৃতি।" আমি যে-ক'টি দৃষ্টি আকর্ষণী প্রস্তাব পড়েছি তার মধ্যে এটিকে গ্রহণ করছি। মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন আজকে জবাব দেবেন কি অন্য দিন দেবেন।

শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যিনি এই কলিং এ্যাটেনশান ফারাক্কার ব্যাপারে দিয়েছেন তাঁকে এবং অন্যান্য সদস্যদের আমি এই কথা বলতে চাই যে, আপনারা জানেন ফারাক্কা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং এই বিষয়টি যেমন গুরুত্বপূর্ণ তেমনি জটিলও বটে। সেইজন্য এই প্রশ্নের উপর এখনই জবাব দেওয়া উচিত হবে বলে আমি মনে করি না। সুতরাং আগামী বুধবার আমাদের প্রশ্ন আছে, তখন আমি এর জবাব দেবো।

মিঃ স্পীকারঃ আগামী বুধবার এই কলিং এ্যাটেনশানের জবাব দেওয়া হবে।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রারম্ভেই যেকথা বলছিলাম। আজকে ৩১শে আগস্ট—শহীদ দিবস। সারা পশ্চিমবঙ্গের শহীদদের স্মরণে ১৯৫৯ সালে যে খাদ্য আন্দোলন হয়েছিল তাতে যে ৮০টি মূল্যবান প্রাণ উৎসর্গীকৃত হয়েছিল কংগ্রেসী সরকারের পুলিশের দ্বারা সেই শহীদদের স্মরণে সর্বত্র আজকে শহীদ দিবস পালন করা হচ্ছে। আমি মনে করি এই বিধানসভায় শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং তাদের আরব্ধ কাজকে সম্পূর্ণ করার শপথ নিয়ে দু'মিনিট নীরবতা পালন করা উচিত।

Mention Cases

শ্রীশশাঙ্ক শেখর মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি হাউসে গ্রামাঞ্চলে যেভাবে দিনের পর দিন ছিনতাই এবং রাহাজানি বেড়ে যাচ্ছে সেই মর্মান্তিক এবং ভয়াবহ কয়েকটি ঘটনার উল্লেখ করছি এই বিষয়ে ব্যবস্থা করবার জন্য। ২৭শে তারিখে বীরভূম জেলার রামপুরহাটের গ্রামাঞ্চলের যে রাস্তা বসোয়া-

বিষ্ণুপুর থেকে মুর্শিদাবাদের দিকে গিয়েছে সেখানে দুটো নদী আছে। সেই নদী মাঝ দিয়ে পেরোতে হয় যাত্রীদের। সেখানে নৌকা বা বোট বা কোশা আছে ২৭-৮-৭৭ ফটিক দাশ নগদ ৫০ টাকা এবং কিছু রেশম নিয়ে সন্ধের সময় যাচ্ছিল ইনি গরীব রেশমশিল্পী। তার সঙ্গে ছিল ওই ৫০ টাকা বসোয়া-বিষ্ণুপুর বাজারে রেশম বেচে পাওয়া। আর একটা ছাতা তার সঙ্গে ছিল। তার কাছ থেকে এইসব ছিনিয়ে নেওয়া হয় এবং সেই দিনই খোকন মণ্ডল বলে এক গ্রামের গরীব মানুষ যাচ্ছিল, তিনি নিম্ন মধ্যবিত্ত লোক। তার হাতের হাতঘড়ি এবং ছাতাটা তার ছিনিয়ে নেয়। রামপুরহাটের উপকণ্ঠে শহরতলীতে একেবারে একটা এ্যাটাচড এরিয়াতে একটি ছোট রিভিয়ুল আছে। তার নাম সানাঘাটা কান্দর। সেখানে সন্ধে ৬-৩০ টার সময় একজন ব্যবসাদার, নাম কান্ত প্রসাদ, তিনি ছোট ব্যবসাদার, টাকা নিয়ে বাড়ী আসছিলেন। কয়েকজন দুর্বৃত্ত সেই টাকা ছিনিয়ে নিয়ে, রিক্সাওয়ালাকে লাথি মেরে ফেলে দিয়ে, দুটো বোমা ফাটিয়ে উধাও হয়ে যায়।

[12.30—12.40 P.M.]

এই ধরনের ভয়াবহ জিনিস যদি ঘটতে থাকে তাহলে নিশ্চয় এই সরকারের যে ভাবমূর্তি তার ওপর নানা রকম ছায়া পড়তে পারে। সেই জন্য আমি জানাচ্ছি যে, এই ঘটনা যাতে না ঘটে তার জন্য ডিষ্ট্রিক্ট ওয়াইজ একটা সেল তৈরী করে কারা এগুলি করছে এবং কোন দুষ্কৃতকারীদের প্ররোচনা আছে কি না সেটা জানা দরকার এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার।

মিঃ স্পীকারঃ মাননীয় সদস্যগণ এরপর প্রত্যেকে আধ মিনিটের বেশী সময় নেবেন না—কারণ অনেক মাননীয় সদস্য উল্লেখ করার জন্য নাম দিয়েছেন।

শ্রীহেমন্ত কুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বর্ধমান জেলার একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫।৮।৭৭ তারিখে ভাতার থানার ডোঙ্গাপাড়া গ্রামে মণিসুর রহমন, আবু তাহের খান, আকবর শেখ শ্যামসুদজোহা নামে ব্যক্তিগণ কংগ্রেসী গুণ্ডাদের হাতে গুরুতরভাবে জখম হন। আকবর শেখ বর্ধমান হাসপাতালে ভর্তি হয়ে গত ২৭।৮।৭৭ তারিখে মারা যান। এই ব্যাপারে দু'জন আসামীকে ভাতার থানার ও সি থানায় ডেকে নিয়ে যান। কিন্তু তাদের থানা থেকে ছেড়ে দেওয়া হয়, গ্রেপ্তার করা হয় নি। এই ব্যাপারে এস.

পি.কে জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত এ সমস্ত দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হয় নি বলে প্রকাশ। স্যার, আপনি জানেন এর আগে মঙ্গলকোট থানায় কংগ্রেসী গুণ্ডারা সংঘবদ্ধ হয়ে সি পি. এম কর্মীদের উপর আক্রমণ চালায় এবং সেই আক্রমণের ফলে গত ২৭ তারিখে নারায়ণ মালিক এবং কেশব দেবনাথ গুরুতরভাবে আহত হয়ে বর্ধমান হাসপাতালে রয়েছেন। আমাদের থানায় কিছু কংগ্রেসী গুণ্ডা এক শ্রেণীর পুলিশী সহযোগিতায় বর্ধমান জেলার বিভিন্ন স্থানে আক্রমণ চালাচ্ছে। অবিলম্বে এই আক্রমণ যাতে বন্ধ হয় এবং পুলিশ যাতে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপূর্ণচন্দ্র মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খণ্ডঘোষ থানা অঞ্চলে গৈতানপুর গ্রাম, যে গ্রামটি দামোদরের দক্ষিণ তীরে অবস্থিত। এই নদীতে প্রতি বছর বন্যার ফলে ঐ গ্রামের ৮১০টি পরিবার ইতিমধ্যে নদীর জলের তলায় চলে গেছে। ৬/৭ বছর আগে সদরঘাট ব্রীজের কাজ যখন আরম্ভ হয়। দামোদরের অর্ধেক অংশ বেধে দিয়ে সেতুর কাজ আরম্ভ এবং ঐ আরম্ভ হবার পর ঐ গৈতানপুর গ্রাম মাইথন ও ডি ভি সি-র জলে ঐ গ্রামে যে পাঁচটি হানা আছে সেই হানা দিয়ে জল ঢোকার ফলে ইতিমধ্যে ৮১০টি ঘর পড়ে গিয়েছে। এই সমস্যা সমাধানের জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ হরমোহন সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং পূর্ত বিভাগের কাছে একটি ঘটনা উল্লেখ করতে চাই। ১৯৭৬-৭৭ সালের জন্য কেন্দ্রীয় সরকারের কিছু ফ্যামিলি প্ল্যানিং-এর টাকা উদ্বৃত্ত হয় এবং সেই টাকা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে খরচ করার জন্য একটি পরিকল্পনা দেওয়া হয় এবং টাকার পরিমাণ হল ৯ লক্ষ। সেই ৯ লক্ষ টাকার মধ্যে প্রস্তাব করা হয় কনষ্ট্রাকশন অব দি রিজিওনাল ওয়ার্কস অব দি হেলথ ট্রান্সপোর্ট অর্গানাইজেশন-এর উদ্দেশ্যে ৬ লক্ষ ৯৭হাজার টাকা বর্ধমানে ব্যয় করা হবে, আর ৩ লক্ষ টাকা বহরমপুর, নদীয়া, মালদহের ট্রান্সপোর্ট ব্যবস্থার জন্য রয়েছে। হেলথ ডিপার্টমেন্টের গাড়ীগুলি যদি স্থানীয় ভাবে মেরামত করা যায় তাহলে খরচ অনেক কমে যাবে, কলকাতায় কেন্দ্রীয় যে পুল আছে সেখানে আসতে হবে না এবং হেলথ ডিপার্টমেন্টের খরচও অনেক বেঁচে যাবে। এই জন্য ল্যাণ্ড এ্যাকুইজিশন করে জায়গা দখল করা হয়েছে। এর জন্য ১·৭৬ একর অব ল্যাণ্ড ঠিক হয়ে গেছে এবং টাকাও হ্যাণ্ডওভার করা হয়েছে, কিন্তু কাজকর্ম হচ্ছে না। এই কাজ কেন যে হচ্ছে না সেটা আমরা

বুঝতে পারছি না। অথচ আমরা জানি ৩১শে ডিসেম্বরের মধ্যে যদি এই টাকা ব্যা না হয় তাহলে কেন্দ্রীয় সরকারের হাতে সম্পূর্ণভাবে টাকা ফেরত চলে যাবে। এ টাকা যদি ব্যয় করতে না পারা যায় তাহলে যে সংস্থা করার কথা হয়েছে সেই সংস্থ হবে না। এই সংস্থায় যে ধরনের কর্মসংস্থানের ব্যবস্থা আছে তাতে অনেক ছেলে মেয়ে সেখানে কাজ করতে পারে, সেটা আর হবে না। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি বিষয়টি তিনি যেন একটু দেখেন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে একটি আবেদন জানাচ্ছি। কুচবিহারের রবীন্দ্র ভবন নিয়ে বিভিন্ন সংবাদপত্রে কতকগুলি সংবাদ প্রকাশিত হয়। এই রবীন্দ্র ভবন যখন আরম্ভ হয় তখন প্রথমে ৪ লক্ষ ৩১ হাজার টাকার বাজেট হয় এবং এখন সেই রবীন্দ্র ভবন অর্ধ সমাপ্ত। ৭ লক্ষ ৮০ হাজার টাকা খরচ হয়ে গেছে এবং সেখানে সরকারী তহবিল থেকে ৫ লক্ষ টাকা এবং কুচবিহার ডেভেলপমেন্ট থেকে ২ লক্ষ টাকা দেওয়া হয়, কিন্তু ৮০ হাজার টাকার কোন হিসাব নেই। বর্তমানে যে বাজেট পেশ করা হয় তাতে দেখা যায় ১৬ লক্ষ ২৪ হাজার ১৬৩ টাকা খরচের হিসাব দেওয়া হয় এখন পর্যন্ত এই ভবন অর্ধ সমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে শিক্ষামন্ত্রীকে বলতে চাই, এই যে টাকা অপচয় হয়েছে এবং এর পিছনে যে দুর্নীতি রয়েছে সেই বিষয়ে অনুসন্ধান করা হোক।

শ্রীবারীন্দ্রনাথ কোলে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় উল্লেখ করে শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এক মাসের বেশী হয়ে গেল মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এই পরীক্ষায় হাজার হাজার ছাত্র-ছাত্রীর ফল অসমাপ্ত রয়ে গেছে, সেগুলি এখন পর্যন্ত সমাপ্ত হচ্ছে না। শিক্ষক-শিক্ষিকারা বোর্ডে গিয়ে হয়রানি হচ্ছেন। বোর্ড থেকে বলা হচ্ছে ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দেয় নি। অথচ আর কিছুদিন পরেই কম্পার্টমেন্টাল পরীক্ষা হবে। আমার বক্তব্য হল এখুনি এই পরীক্ষার অসমাপ্ত ফলগুলি প্রকাশ করার ব্যবস্থা করুন এবং ছাত্র-ছাত্রীদের অসুবিধা ও হয়রানি বন্ধ করুন।

শ্রীবিক্রম টুডু : মাননীয় স্পীকার মহোদয়, পুরুলিয়া জেলার বলরামপুর ফুল-

ইন্দ হাই স্কুলে বহুদিন ধরে যে ম্যানেজিং কমিটি ছিল, সেই ম্যানেজিং কমিটি দুর্নীতি করার অভিযোগের জন্য ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে নতুন কমিটি নির্বাচন হয়। সেই নূতন কমিটি যখন নির্বাচিত হয় তখন হিসাবে দেখা যায় ঐ স্কুলের অনেক সরকার হিসাবের হদিস পাওয়া যায় নি এবং অনেক টাকা তছরূপের হিসাব ধরা পড়ে। সেখানে প্রায় ১৭ হাজার মত টাকা তছরূপ হয়েছে, এই হিসাব পাওয়া যায়।

[12.40—12.50 P.M.]

এই হিসাব যখন ধরা হয় তখন তৎকালীন মন্ত্রী শ্রীসীতারাম মাহাতো—পুরুলিয়া জেলার মন্ত্রী, প্রধান শিক্ষকের সহযোগিতায় ষড়যন্ত্র করে ঐ নতুন কমিটি—নির্বাচিত কমিটিকে বাতিল করে দেন। স্যার, সেখানে দুর্নীতি হয়েছে, টাকা তছরূপ হয়েছে। সেখানে তপসিল এবং আদিবাসীদের বুক গ্রান্টের টাকা দেওয়া হয় নি। ১৯৭১ সালে তিনটি চ্যারিটি হয়—যাত্রা হয়, কিন্তু সেই যাত্রার টাকার কোন হিসাব পাওয়া যায় নি। সেখানে ১৫শো ইট ভাড়ার জন্য ৫শো টাকা দেখানো হয়েছে এবং এক জনের পুরুলিয়ায় যাতায়াতের জন্য ১২০ টাকা দেখানো হয়েছে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের কাছে একটি আবেদন রাখছি। বীরভূম জেলার রাজনগরের চাষীদের বহুদিন ধরে বহু চেষ্টা করা সত্ত্বেও সেচের জন্য এক ফোঁটা জল দেওয়া যায় নি। তার জন্য অনেক হার্ডেল ছিল। বর্তমানে আমি যতদূর জানি তাতে বলতে পারি, বিহার গভর্নমেন্ট রাজী হয়েছেন। আমাদের প্রাক্তন কংগ্রেসী সরকারের আমলে চুক্তি হয়ে গিয়ে এখন সমস্ত ব্যাপারটা সেন্ট্রাল গভর্নমেন্টের আওতায় আছে। মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, আমাদের প্রাক্তন সেচমন্ত্রী মহাশয় যে সিদ্ধেশ্বরী সেচ প্রকল্পের কাজে হাত দিয়েছিলেন—যেটা এখন কেন্দ্রীয় সরকারের অধীনে পড়ে আছে, সেই সেচ প্রকল্পের কাজে অবিলম্বে হাত দিয়ে তার কাজ শুরু করে বীরভূমের রাজনগরের ঐ বঞ্চিত, নিপীড়িত, নির্যাতিত চাষীদের সেচের জলের সুব্যবস্থা করুন।

শ্রীমীর ফকির মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের কাছে জানাতে চাই যে, কালিগঞ্জ থানার দেবগ্রাম রেল স্টেশনের কাছে গুদামে এফ.

সি আই-এর রেশনের যে গম, চাল আছে তা প্রায়ই লুঠ হচ্ছে, আজও হয়েছে। এ সমস্ত কাজ যারা করছে সেই সমস্ত সমাজবিরোধীদের লিডার হচ্ছে রথীন মুখার্জি ওরফে বাবলু। সে ঐ অঞ্চলের সমাজবিরোধীদের লিডার। কোর্টে তার নামে ব্লাক মার্কেটের কেস ছিল, সেই কেস চলছিল, সাক্ষ্যও দেওয়া হয়েছে, কিন্তু রায় বেরুবার আগেই কোর্ট থেকে সেই কেসের নথিপত্র হারিয়ে গেল, সেই রায় আর বেরুতে পারলো না। এই রকম একটা সিরিয়াস সমাজবিরোধী দল ওখানে নানা রকম সমাজবিরোধী কাজ চালিয়ে যাচ্ছে। স্যার সন্ধ্যা বেলাতে স্টেশন থেকে আসতে গেলে লোকের জিনিসপত্র ছিনতাই হচ্ছে, কেউ নির্বিঘ্নে আসতে পারছে না। আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে তদন্ত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই স্যার, ডায়মণ্ডহারবার হাসপাতালটি দুর্নীতির একটি কেন্দ্রস্থল হয়ে দাঁড়িয়েছে সেখানে কোন রোগীর নিয়মিত চিকিৎসা হচ্ছে না। সেখানে অনেক কোয়ালিফায়েড ডাক্তার আছেন বটে, কিন্তু তাঁরা চেম্বারে প্রাকটিস করা ছাড়া আর কিছু করছেন না। সেখানে আউট-ডোরেও বহু রোগীর ভিড়, কিন্তু নিয়মিত চিকিৎসা সেখানে হচ্ছে না। একটা দারুণ দুর্নীতির চক্র সেখানে গড়ে উঠেছে। তাছাড়া, শ্রীবিজলী হালদার বলে ওখানে একজন সাব-কনট্রাক্টর আছেন, যিনি খাদ্য সরবরাহ করেন কিন্তু স্যার, ঐ বিজলী হালদারের সঙ্গে হাসপাতালের এস. ডি এম ও'র কি যোগাযোগ আছে জানি না, সেখানে নিয়মিত খাদ্য সরবরাহ হচ্ছে না। সেখানে রোগীদের জন্য খাদ্য নেই, ঔষধ নেই, চিকিৎসার কোন ব্যবস্থা নেই এবং এইভাবে একটা সাব-ডিভিশন্যাল হাসপাতাল চলছে। আমি স্যার, এদিকে মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকৃষ্ট করে অবিলম্বে সুব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীজনমেজয় ওঝা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬২ সালে বালুচক-পটাশপুর রাস্তা তৈরি হয়েছিল স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে। কলকাতা থেকে দীঘা যাবার রাস্তার দৈর্ঘ্য কমাবার জন্যই এই রাস্তাটি করা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কেলেঘাই ও বাগুই নদীর উপর কোন সেতু না হবার জন্য ঐ

রাস্তাটি কোন কাজে লাগে নি। কেলেঘাই ও বাগুই নদীর উপর দুটি সেতু যাতে এই বছরই করা হয় এবং তার জন্য যাতে বেশী টাকা বরাদ্দ করা হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীকৃষ্ণ দাস রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা জরুরী অবস্থার কথা রাখছি। মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকে রাধানগর স্বাস্থ্য-কেন্দ্রে আজ ৪।৫ বছর ধরে ডাক্তার যাচ্ছে না। এই বিষয়ে গত ১৬।৮।৭৭ তারিখে একটা রিপ্রেজেনটেশান স্বাস্থ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরাহা হয়নি। আবার দাঁতন ২ নম্বর ব্লকে কুঁয়াগড় স্বাস্থ্য-কেন্দ্রে কোন ডাক্তার নিযুক্ত হচ্ছে না। সব ডাক্তারখানা যদি এই রকম চিকিৎসা বিহীন অবস্থায় থাকে, তাহলে গ্রামের দরিদ্র জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। সে জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই সম্পর্কে বিহিত-বিধানের জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীগুণধর চৌধুরীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার বাঁকুড়া শহরে ৬টি তেলের কল আজ ৪।৫ মাস যাবৎ বন্ধ হয়ে আছে এবং তাতে ৩॥ শত শ্রমিক অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। বাঁকুড়া জেলার বেলিয়াতোড়ে রোলিং মিল আছে নেতাজী ইণ্ডাষ্ট্রিব। তার মালিক ১৬শে জুন তারিখ থেকে সেই কারখানাটি বন্ধ করে দিয়েছে, বিনা নোটিশে লক-আউট করেছে এবং সেখানে ২ শত শ্রমিক অবস্থান করছে। আসানসোল থেকে সেই মালিক গুণ্ডা এনে তাদের মারধর করে হয়রানি করছে, তাদের ফিরিয়ে দেবার চেষ্টা করছে। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরে বিড়ির কারখানার মালিক শ্রীচৈতন্য চরণ খাঁ তার বিড়ির কারখানা লক-আউট করে দিয়েছে এবং সেখানেও ২॥ শত শ্রমিক অনশন করছে। কিন্তু সেই মালিক কিছুতেই মানছে না। এস ডি. ও এবং লেবার অফিসারকে জানান হয়েছে, কিন্তু মালিক কোন কথা শুনছে না। আমি দৃষ্টি আকর্ষণ করছি সরকারের যে, বাঁকুড়া জেলায় একেইতো শিল্প কারখানানেই, তারপরে এই রকমভাবে প্রত্যেকটি কারখানা মালিকরা লক-আউট করে শ্রমিকদের অনাহারে রাখছে এবং সরকারকে হেয় করার চক্রান্ত শুরু করেছে। সুতরাং আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যত তাড়াতাড়ি সম্ভব এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জামালপুর অঞ্চলে

এবং ঢলপাড়া অঞ্চলে একটা বাঁধ নিয়ে আজকে দীর্ঘ ৩০ বছর গণ্ডগোল হচ্ছে এ গত কংগ্রেস সরকারের পক্ষ থেকেও সেখানে গুলি চলেছে। অথচ সেই সমস্যা কোন সমাধান করা হয়নি। আমি আপনার মাধ্যমে অনুরোধ রাখছি বিভাগীয় ম মহাশয়ের কাছে যাতে অবিলম্বে এই সম্পর্কে একটা সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করা হ তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্য মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলা রাধিকাপুর অঞ্চলে আর. বি. পি. স্কীমটা আজ পর্যন্ত বন্ধ হয়ে আছে। এই স্কীমে জন্য প্রায় ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। কিন্তু কেন যে এই স্কীম বন্ধ হয়ে আ কিছুটা কাজ করার পরে সেটা ঠিক বোঝা যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে এ কারণ তদন্ত করে অচিরে এর কাজ যাতে শুরু করা যায় তার জন্য বিশেষ ভাবে দ দিতে অনুরোধ করছি।

শ্রীমলিন ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানা চাই যে, মার্টিন রেল উঠে যাবার পরে শিয়াখালা এবং ঈশা নগরী পর্যন্ত হাওড় থেকে যে বাস ৫৭-এ রুটে চলছিল সেই বাসের হঠাৎ লাইসেন্স রিনিউয়াল করা দেওয়া হচ্ছে না। আর. টি. এ. এখানে রিকনষ্টিটিউশান হয়নি। তারা সিদ্ধা নিয়েছে ৯টি বাসের জায়গায় ৪টি মাত্র বাস রিনিউয়াল করছে। সেখানে মানুষে যা অবস্থা দাঁড়িয়েছে, যাত্রী সাধারণ মনে করছে যে, এই সরকার আসার পরে এ ভাবে আর. টি. এ. খামখেয়ালী মত কাজ করছে। তাতে জনসাধারণের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হচ্ছে। আমি মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি এবং আশা করছি তিনি এই বিষয়ে দৃষ্টি দেবেন।

[12·50—1·00]

শ্রীবনমালি দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূ জেলার লাভপুর থানার একটি গ্রামে কিছু দিন হল একটা হাসপাতাল স্থাপি হয়েছে। সেই হাসপাতালে একজন ডাক্তার আছেন, তিনি বেলা আটটায় আসে এবং বেলা ১২ টায় চলে যান। একজন কম্পাউণ্ডার আছেন, তিনি প্রায় পাগ

বললেই চলে। সেখানে ওষুধপত্র থাকে না, সেখানে কোন নার্স নেই, কোন বেড নেই। এই রকম একটা অদ্ভুত অবস্থার মধ্যে দিয়ে ঐ হাসপাতালটি চলছে। ঐ হাসপাতালটি যেখানে অবস্থিত, সেটি একটি বন্যাপ্লাবিত অঞ্চল, সেখানকার মানুষের দুরবস্থার সীমা নেই। সেই মানুষরা আশা করেছিল এই হাসপাতালটি হলে তাদের অনেক উপকার হবে এবং তার জন্য তারা অনেক আন্দোলনও করেছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আজকে তারা কোন চিকিৎসার সুযোগ পাচ্ছে না ঐ হাসপাতাল থেকে। কারণ সেখানে কোন চিকিৎসার সুযোগ নেই। সেই জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সম্পর্কে বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয়।

শ্রীধীরেন সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার সাঁইথিয়ায় অভেদানন্দ কলেজ বলে একটি কলেজ আছে, যেটি বরানগর রামকৃষ্ণ মিশনের সঙ্গে যুক্ত। সেই কলেজের পরিচালকমণ্ডলী, অধ্যক্ষের সঙ্গে এবং অধ্যাপকদের সঙ্গে একটা বিবাদ চলছে, যার ফলে সেখানে বিশৃঙ্খলা দেখা দিয়েছে এবং পরস্পরের মধ্যে মামলা চলছে, অধ্যাপকদের দাবি অধ্যক্ষকে অপসারণ করতে হবে। গত এক মাস যাবৎ অধ্যক্ষ কলেজে আসছেন না। সুতরাং কলেজের ছাত্রদের স্বার্থে অবিলম্বে এই অবস্থার প্রতিকার দাবি করছি।

শ্রীমাধবেন্দ্র মোহান্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী এবং ভূমিরাজস্ব মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। তেহট্ট এলাকার একটি ঘটনা সম্পর্কে আমি বলছি, সেখানে একটি ঘটনা ঘটেছে। আমরা লক্ষ্য করছি কিছুদিন ধরে তেহট্ট থানার যে পুলিশ, বিশেষ করে তেহট্ট থানার ও. সি. রঞ্জিত চক্রবর্তী, তিনি তদানীন্তন কংগ্রেসী রাজত্বে যে মানসিকতা গড়ে তুলেছিলেন, সেই জিনিস এখনও চালিয়ে যাচ্ছেন, জনসাধারণের বিরুদ্ধে, কৃষকদের বিরুদ্ধে যে কার্যকলাপ আগে চালিয়েছেন, এখনও তাই চালিয়ে যাচ্ছেন। সম্প্রতি ঐ এলাকায় কয়েকটি ডাকাতি এবং চুরির ঘটনা ঘটেছে। সেই ঘটনার অপরাধীদের দমন না করে তিনি এমন মন্তব্য করছেন, এখন তো চুরি ডাকাতি বাড়বে, কি করা যায়, আইন-শৃঙ্খলা রক্ষা করা আমাদের পক্ষে সম্ভব নয়। অপর পক্ষে সেই এলাকার যে জমিদার, জোতদার রয়েছে, তাদের স্বার্থ রক্ষা করার জন্য তিনি অত্যন্ত তৎপর। পাট্টা প্রাপ্ত ছোট কৃষক, ক্ষেতমজুর, গৃহহীন মানুষ তাদের উচ্ছেদ করার জন্য জোতদাররা যে মিথ্যা মামলা রুজু করছে, তাদের হয়রানি করার চেষ্টা করছে

এই অফিসার। সেই জমিদার এখনও দু'শ বিঘা জমির মালিক। সুতরাং এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলাম। আশা করি এই বিষয়ে আশু ব্যবস্থা অবলম্বন করবেন।

শ্রীসন্তোষকুমার দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, পাঁচলা, জগৎবল্লভপুর, ডোমজুড় এলাকায় রাজাপুর ক্যানেল আর কানা নদীর পাশের এলাকা চাষী-জীবীদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দুটি নদী অগভীর হয়ে যাবার ফলে এখানে প্রায়ই বন্যা হচ্ছে কয়েক বছর ধরে। এটা যাতে না ঘটে তার জন্য আমি এই দুটো নদীর আশু সংস্কার দাবি করছি।

শ্রীধীরেন্দ্রনাথ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজপুর এলাকার ক্ষেতমজুরদের সম্পর্কে, ছোট কৃষকদের সম্পর্কে কিছু দৃষ্টি আকর্ষণ করছি ঐ এলাকায় কাজকর্ম না থাকার ফলে ক্ষেতমজুর বলুন, কৃষক বলুন দারুণ অভাব অনটনের মধ্যে পড়েছে। সেই জন্য আমি মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে সেখানে যত তাড়াতাড়ি সম্ভব জি আর, টি আর চালু করার ব্যবস্থা করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদের কান্দি এবং ভরতপুর থানায় কতগুলি নতুন স্লুইস গেট হয়েছে। কিন্তু বন্যার জলে ইতিমধ্যেই কতগুলি বাঁধ ভেঙে গিয়েছে এবং বাকিগুলি দিয়েও বন্যার সময় নদীর জল ঢুকছে। যখন জল আটকাবার কথা তখন জল হু হু করে বেরিয়ে যাচ্ছে। কোন্ কন্ট্রাকটর এগুলি করে চলে গেল এবং তাকে ধরা হলো না কেন? এটা তদন্ত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

শ্রীকালীপদ বর্মণঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭০ সাল থেকে সুন্দরবন অঞ্চলের বিস্তীর্ণ এলাকায় প্রশাসন দুর্নীতিগ্রস্ত হয়ে ভেঙে পড়েছে। আজও তা তেমনি অবস্থায় আছে। বাসন্তী ও ক্যানিং ২ নং সার্কেলের জে. এল. আর. ও অফিস দু'টি দুর্নীতির আকরে পরিণত হয়েছে। বিশেষ করে ক্যানিং ২ নং সার্কেলের সি. আই. সম্পর্কে বহু দুর্নীতির অভিযোগ চাষীরা করেছেন। এদের সঙ্গে আলিপুর সদরের এস. এল. আর. ও-র যোগসাজশ রয়েছে। বিভিন্ন কায়দায় তারা

জোতদারের স্বার্থে চাষী উচ্ছেদ চালিয়েছে। সপ্তাহের বেশী ভাগ দিন নানা অজুহাতে অফিসে অনুপস্থিত থাকে। স্থানীয় তদন্ত এড়িয়ে এক এক সময় এক এক জনের দ্বারা প্রভাবিত হয়ে পরস্পর-বিরোধী পুলিশ প্রোটেকশনে বাধা দেয় এবং বেআইনী জোতদার পক্ষ হাজির হয় নি বলে বার বার দিন ধার্য করে গরীব চাষীদের হয়রান করে। অফিসে কিছু দালাল পোষণ করে রেখেছে। কানিং ২ নং ব্লকের ফুলমালঞ্চ অঞ্চলের, মঠের দীঘি অঞ্চলের বহু ভাগচাষী আজ জমি থেকে উচ্ছেদ হয়েছে। বাসন্তী থানার নফরগঞ্জ অঞ্চলের হিরন্নপুর গ্রামের গরীব চাষী থেকে ইন্দুপ্রকাশ বিশ্বাস রক্তাক্ত অবস্থায় থানায় এসে ডায়েরী করলেও পুলিশ দুষ্কৃতকারীদের গ্রেপ্তার না করে উল্টে তাদের থানায় ডেকে এনে তাদের দিয়ে পাল্টা মিথ্যা ডায়েরী করিয়েছে। তাই আমি ভূমি-রাজস্ব ও পুলিশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়গণের এই বিষয়গুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ভূমি রাজস্ব ও পুলিশ দপ্তরের এই নিম্নপদস্থ আমলাদের দুর্নীতি দমন করে নিম্ন স্তরের প্রশাসনকে জনমুখী করে তুলতে না পারলে সরকারের ভাবমূর্তি বিনষ্ট হবে।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে জানাতে চাইছি যে, পশ্চিমবাংলায় প্রায় ৮ হাজার শিবির কর্মচারী আছেন। ১৯৭০ এবং ১৯৭১ সালে যাঁরা পূর্ববাংলার অস্থিরতায় পশ্চিমবাংলায় চলে আসেন—যে বিরাট সংখ্যক উদ্বাস্তুরা আসেন, তাঁদের অত্যন্ত নিষ্ঠার সাথে এবং অত্যন্ত কর্তব্যপরায়ণতার সাথে আমাদের দেশের এই সমস্ত ছেলেরা দেখাশোনা করেছিলেন। কিন্তু সেই কাজ শেষ হয়ে যাবার পর তাঁরা আবার বেকার হয়ে যান। বিগত সরকার তাঁদের বার বার প্রতিশ্রুতি দিয়েছিল এবং বিগত মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় তাঁদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তাঁদের জন্য কাজের ব্যবস্থা করবেন। কিন্তু সে শুধু প্রতিশ্রুতিই ছিল, কোন কিছুই তাঁদের জন্য ব্যবস্থা করা হয় নি। মুর্শিদাবাদে প্রায় দেড় হাজার শিবির কর্মচারী আছেন, কেউ কেউ ছোট ছোট ব্যবসায় লিপ্ত হয়েছেন। কেউ কেউ কংগ্রেসের চামচাগিরি করে চাকরি পেয়েছেন। কিন্তু এখনো প্রচুর কর্মচারী আছেন, যাঁদের বেকারত্ব এখনো ঘোচেনি। সেই জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি এই ব্যাপারের প্রতি আকর্ষণ করছি, তাঁদের জন্য যেন সুব্যবস্থা হয়, এই আবেদনও রাখছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার

নারকেলডাঙ্গায় যে হাউসিং এস্টেট আছে, সেখানে পুলিশ কর্মচারীরা থাকে। সে পুলিশ কর্মচারীরা নিজেরাই সেখানে মদ প্রস্তুত করছে এবং সেই চোলাই মদ তা নিজেরাই খায় এবং বিক্রি করে তাই নয়, সমাজবিরোধীদের পর্যন্ত সেখানে নি গিয়ে সেই মদ বিক্রি করছে এবং খাওয়াচ্ছে। এর ফলে তারা ঐ অঞ্চলের স্থানী লোকেদের জীবন একেবারে অতিষ্ঠ করে তুলেছে। এই ঘটনা কংগ্রেস আমলে শু হয়েছে এবং এখনো চলছে। যদি সরষের মধ্যে ভূত থাকে, পুলিশ যদি মদ চোলা করে তাহলে দেশের আইন-শৃঙ্খলা কোথায় যাবে? সুতরাং কংগ্রেসী আমলে তা পুলিশের মাধ্যমে মদের ব্যবসা করেছিল এবং সেটা এখনো চলছে। মাননীয় অধ্য মহাশয়, আমি স্থানীয় অধিবাসীদের কাছ থেকে একটি দরখাস্ত পেয়েছি এবং সে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছে দিচ্ছি।

শ্রীহাজারী বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃ বিভাগের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি মুর্শিদাবাদ জেলা একটি পাটচাষ অধ্যুষিত জেলা। এবারের অতি বৃষ্টির ফ পাটের ফলনের পরিমাণ ৪০ ভাগ কমে গিয়েছে। এক মাস আগে সেখানে পাটে দর ছিল কুইন্টাল প্রতি ২০০ থেকে ২৫০ টাকা। কিন্তু ২০।২৫ দিনের মধ্যে প্র ১২৫ থেকে ১৫০ টাকায় দাম নেমে এসেছে। এর ফলে পাট চাষীরা অত্যন্ত ম খাচ্ছে। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়ের এই বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ ক বলছি, পাটের মিল মালিকদের সঙ্গে এ বিষয়ে একটা আলোচনার ব্যব করুন এবং জুট কর্পোরেশন যাতে আরো বেশী পাট কেনে তার ব্যবস্থা করুন তারপর আজকে চাষীদের কাছ থেকে ফড়েরা পাট কেনার সময় কুইন্টাল প্র ২।। কে. জি. করে হাও বাদ দেয়। তারা যাতে কুইন্টাল প্রতি ২।। কে. জি. ক হাও বাদ দিতে না পারে সে জন্যও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[1.00—1.10 P. M.]

শ্রীজয়ন্ত বিশ্বাস: অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর কা কলকাতার ডালহৌসী-নিমতলা রুট সম্পর্কে কিছু বলতে চাই। অনেক দিন এ রুটে ট্রাম চলছিল। কিন্তু যে-কোন কারণেই হোক ১৯৭২ সালে এটা বাতিল ক হয়। ফলে ঐ এলাকায় পরিবহণ সমস্যা খুব জটিল হয়ে যায়। সেখানে সকালবে ২ বার বাস যায় এবং সন্ধেবেলা ২ বার বাস যায়। এর ফলে যাত্রীদের খুব ক

হচ্ছে। স্থানীয় অধিবাসীগণ এ বিষয়ে একটা গণ-দরখাস্ত দেবেন—এ বিষয়ে যাতে দ্রুত ব্যবস্থা অবলম্বিত হয়।

মিঃ স্পীকার ঃ এখানে উল্লেখ পর্যায়ে আলোচনা শেষ হল। অনেক আলোচনা বন্ধ হয়ে গেল, কারণ সময় উত্তীর্ণ হয়ে গেছে। সভায় ব্যয়বরাদ্দ দাবির উপর এখন আলোচনা হবে। ১৮, ১৯, ৩ নং দাবি মুখ্যমন্ত্রী উত্থাপন করবেন।

VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 18

Major Head : 252-Secretariat-General Services

Demand No. 19

Major Head : 253-District Administration

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দাবি নং ১৮ মুখ্য খাত ও দাবি নং ১৯ এখন মুভ করছি এবং ৩ নং দাবি সম্পর্কে আমি পরে বলছি।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৭৭-৭৮ সালের জন্য মুখ্য খাত "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" অনুযায়ী ৩,৩০,০০,০০০ টাকার ব্যয়মঞ্জুরি এবং একই বছরের জন্য মুখ্য খাত "২৫৩—জেলা প্রশাসন" অনুযায়ী ৪,৩৫,০০,০০০ টাকার ব্যয়মঞ্জুরি সংক্রান্ত প্রস্তাব পেশ করতে চাই। [উক্ত বরাদ্দ ১৯৭৭ সালের গত মার্চ ও জুন মাসে দুই কিস্তিতে 'ভোট অন অ্যাকাউন্ট' বাবদ যথাক্রমে ১,৬৬,৯৮,০০০ টাকা এবং ২,১৬,৫৩,০০০ টাকা মঞ্জুরিকৃত বরাদ্দ সহ।]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" খাতে বরাদ্দ ধরা হয়েছে ১৯৭৭-৭৮ আর্থিক বছরে এই সমস্ত বিভাগ ও সেগুলির অধীন অফিস-গুলিতে ব্যয়নির্বাহের জন্য—স্বরাষ্ট্র (পরিবহণ ও ছাড়পত্র শাখা বাদে), অর্থ, বিচার, বিধান, পৌরকৃত্যকসমূহ, পঞ্চায়েত, ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমি-রাজস্ব, পূর্ত, খাদ্য ও সরবরাহ এবং মুখ্যমন্ত্রীর সচিবালয়। কমিশনারগণ এবং স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার পরিদর্শকগণের দপ্তরে কর্মরত কর্মচারী সহ জেলা এবং

মহকুমা অফিসগুলির সকল শ্রেণীর কর্মচারীর বেতন ও ভাতা খাতে বার্ষিক ব্য নির্বাহের জন্য মুখ্য খাত "২৫৩—জেলা প্রশাসন" অনুযায়ী বরাদ্দ ধরা হয়েছে "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" খাতে বরাদ্দের বিশদ বিবরণ দেওয়া হয়েছে ১৯৭৭-৭৮ সালের অসামরিক বাজেট বরাদ্দের (ব্লু বুক, ১ম খণ্ড) ২৬৮ পৃষ্ঠা থেকে ২৭৬ পৃষ্ঠায় এবং ১৯৭৭-৭৮ সালের বরাদ্দের পরিপ্রেক্ষিতে গত কয়েক বছরের ব্যয়বরাদ্দের একটি তুলনামূলক পর্যালোচনা দেওয়া হয়েছে ১৯৭৭-৭৮ সালের বাজেট সম্পর্কিত ব্যাখ্যামূলক স্মারকলিপির (রেড বুক) ১০০ পৃষ্ঠায়। অনুরূপভাবে মুখ্য খাত "২৫৩—জেলা প্রশাসন" অনুযায়ী বরাদ্দের বিশদ বিবরণ পাওয়া যাবে ১৯৭৭-৭৮ সালের অসামরিক বাজেট বরাদ্দের ২৭৭-২৭৯ পৃষ্ঠায় এবং এই বছরের বাজেট সম্পর্কিত ব্যাখ্যামূলক স্মারকলিপির ১০১ পৃষ্ঠায়।

সচিবালয় প্রশাসন এবং জেলা প্রশাসন আমাদের রাজ্যে সরকারী প্রশাসনের দু'টি অত্যন্ত গুরুত্বপূর্ণ শাখা। সচিবালয় প্রশাসন শুধুই কর্মনীতি ও কর্মসূচী গ্রহণ করে না, সেইসঙ্গে কার্যক্ষেত্রে এই কর্মনীতি ও কর্মসূচী রূপায়ণের তত্ত্বাবধানও করে থাকে। সরকারের কর্মনীতি রূপায়ণের ক্ষেত্রে সব থেকে গুরুত্বপূর্ণ অঙ্গগুলির অন্যতম হ'ল জেলা প্রশাসন। সরকারী প্রশাসনের এই দু'টি শাখার পুঙ্খানুপুঙ্খ বিবরণ এতই সুপরিচিত যে, এ সম্বন্ধে কিছু বলার প্রয়োজন আছে ব'লে মনে করি না।

পূর্বতন সরকার আমাদের জন্য এমন এক প্রশাসন রেখে গেছেন যাকে কংগ্রেসের অগণতান্ত্রিক, সন্ত্রাসমূলক, দুর্নীতিগ্রস্ত, অযোগ্য ও জনবিরোধী শাসনের হাতিয়ারে পরিণত করা হয়েছিল। এটা খুব অস্বাভাবিক নয়। কারণ ঐ সরকার নির্বাচনে ব্যাপক জাল-জুয়াচুরি ও গুণ্ডামির মাধ্যমে ক্ষমতায় এসেছিল এবং এ ব্যাপারে প্রশাসন ও পুলিশের একাংশের সাহায্য নেওয়া হয়েছিল। এ থেকেই বোঝা গেছিল প্রশাসনে কাজকর্মের ধরন কী হবে এবং পরবর্তী পাঁচ বছরে তারা কোন্ পথে চলবে। কার্যক্ষেত্রে দেখা গেল প্রশাসন ও পুলিশের প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তায় জনগণ ও বিরোধী দলগুলির বিরুদ্ধে আক্রমণ পরিচালিত হ'ল। ২০ হাজার মানুষকে এলাকাচ্যুত করা হ'ল, ঘরছাড়া করা হল, শত শত ট্রেড-ইউনিয়ন অফিস বলপূর্বক বেদখল করা হ'ল এবং কংগ্রেসী মস্তানরা জোর ক'রে শ্রমিকদের কাছ থেকে চাঁদা আদায় করল। বহু শ্রমিক, কর্মচারী, শিক্ষক নিজেদের কাজে যোগ দিতে পারলেন না, তাঁদের মধ্যে বহুজনকে হত্যা করা হ'ল এবং রাজ্যের বিস্তীর্ণ এলাকায় বিরোধী দলগুলির পক্ষে খোলাখুলিভাবে কাজকর্ম করা অসম্ভব হয়ে পড়ল। কলেজের ছাত্র-ইউনিয়নগুলির সাধারণ নির্বাচন বন্ধ ক'রে দিয়ে বলপূর্বক সেগুলি দখল করা

দল কংগ্রেসের যুব ছাত্রদের নির্দেশ দেওয়া হ'ল। নবাগতদের কাছ থেকে জোর ক'রে চাঁদা আদায় করা, পরীক্ষায় ব্যাপক হারে নকল করা প্রভৃতি কাজে এঁসব যুবকদের উৎসাহিত করা হ'ল। সরকারী নীতি হিসাবে কর্মচারী নিয়োগের নিয়ম-কানুন পাল্টে ফেলা হ'ল এবং কংগ্রেস দল ও এম এল এ-র মাধ্যমে বহু সমাজবিরোধী ও দলীয় ব্যক্তিদের সরকারী বিভাগে, সরকারী উদ্যোগে পরিচালিত সংস্থাসমূহে ও বিদ্যালয়গুলিতে নিয়োগের ব্যবস্থা করা হ'ল। এলাকাস্তরে কংগ্রেস দল ও তার আশ্রিত সমাজবিরোধীরা থানা ও সরকারী প্রশাসনের কাজকর্ম নিজেদের হাতে তুলে নেওয়ার চেষ্টা করল।

এইসব বিষয়ে আমার বিস্তৃত বর্ণনা দেওয়ার প্রয়োজন নাই। প্রশাসনকে কংগ্রেসী মন্ত্রিসভা কিভাবে কাজে লাগাতে চেয়েছিল আমি তার মধ্যে মাত্র চারটি দৃষ্টান্ত তুলে ধরতে চাই।

১৯৭১ সালে আমি ও আমাদের দলের এম, পি শ্রীজ্যোতির্ময় বসু ২৭-পরগনার হরিপুর থানা থেকে মাত্র কয়েক গজ দূরে একটি জনসভায় ভাষণ দিচ্ছিলাম। সেই সময় কালো পতাকা নিয়ে ২০টি কংগ্রেসী যুবক মঞ্চের কাছে চ'লে আসে। তারা মঞ্চের তার কেটে দেয় এবং আমাদের উদ্দেশে নানান ধ্বনি দিতে থাকে। পুলিশ তাদের কোন বাধা দেয় নি। আমি পুলিশের কাছে আবেদন জানানো সত্ত্বেও কোন ফল হয় নি এবং ৪০ মিনিট পরে আমাদের সভা বন্ধ ক'রে দিতে হয়। আমরা যখন ফিরে আসছিলাম তখন থানার সামনে কংগ্রেসীরা আমার গাড়ি আটকায় এবং আমার উপর ও আমার রক্ষী সাদাপোশাক পুলিশের উপর ইটপাটকেল ছোড়ে। পরের দিন আমার বিবৃতি ও আমার ভাঙ্গা গাড়ির ছবি প্রকাশিত হ'ল এবং সঙ্গে সঙ্গে তৎকালীন মুখ্যমন্ত্রীর নির্দেশে রচিত একটি মিথ্যা রিপোর্টও প্রকাশিত হ'ল যে, আমার গাড়ি একটি কংগ্রেসী যুবককে চাপা দিয়েছিল ব'লে জনসভায় উপস্থিত জনতা ক্ষুব্ধ হয়ে আমার উপর হামলা করেন। এই রিপোর্টের সমর্থনে একটি লোককে গায়ে-মাথায় ব্যাণ্ডেজ-বাঁধা অবস্থায় হাজির করা হয়। ঐ এলাকার মানুষ আমাকে জানালেন যে, এই রকম কোন ঘটনার কথা তাঁরা জানেন না। এই ছিল সেই সময়ের প্রশাসনের নক্কারজনক চেহারা।

২। আমি এই বিষয়ে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং সিদ্ধার্থ রায় মহাশয়কে চিঠি লিখেছিলাম যে, এই যদি না হয়ে থাকে তাহলে আমার অভিযোগকারীকে প্রোসিকিউট করা হোক, তার বিরুদ্ধে মামলা দায়ের করা হোক। কিন্তু সে সাহস কারোর হয় নি।

[1.10—1.20 P.M.]

২। আমাদের একটি জনসভায় লরীতে ক'রে যখন কিছু লোক আসছি তখন পুলিশ তাঁদের পথে আটকায় এবং তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের করে। ১৯৭৩ সালে এর বিরুদ্ধে প্রতিবাদ ক'রে রাজ্যপালের কাছে একটি চিঠি লিখি। উত্তরে রাজ্যপাল আমাকে স্মরণ করিয়ে দেন যে, লরীতে লোক বহন করা নিষি এর ঠিক পরের সপ্তাহে বহু লরীতে ক'রে কংগ্রেসের একটি জনসভায় লোক নি যাওয়া হয়েছিল। আমি তখন ঘটনাটা রাজ্যপালকে জানাই। রাজ্যপাল আম এর কোন ব্যাখ্যা দেন নি। তিনি আমার ঐ চিঠিটি মুখ্যমন্ত্রীর কাছে পা দিয়েছিলেন। আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে কোন উত্তর পাই নি। এই দৃষ্টি নিয়ে কিভাবে প্রশাসন জনগণের সকল অংশের স্বার্থে কাজ করার দাবি করত?

যদি কংগ্রেস লোক আনে তার বিরুদ্ধে কেস করা দরকার, যদি আমাদের লো আনে তার বিরুদ্ধে কেস করা দরকার। কিন্তু প্রশাসন তা করেনি। এই র অবস্থা আগে দেখিনি—১৯৭২ সালের পর যা দেখেছি। এই তার একটা দৃষ্ট রাখতে হয়েছে প্রশাসনের কাছে পুলিশের কাছে কিভাবে সরকার পরিচালিত হ বলে কংগ্রেস মনে করেছেন। আমি রাজ্যপালকে জিজ্ঞাসা করেছিলাম চিঠির জ দিলেন না কেন, আপনি বোধ হয় এটাই মনে করেছিলেন আপনাদের লরীতে ক যারা এসেছিল তারা মানুষ ছিল, কংগ্রেসের লরীতে করে যারা এসেছিল তারা ম ছিল না, জন্তু জানোয়ার ছিল, কাজেই কি করে নামান যাবে?

৩। ১৯৭৫ সালের প্রশাসনের চেহারা আর একবার আমার কাছে স্পষ্ট হ'ল যখন কংগ্রেসী মন্ত্রী শ্রীসুব্রত মুখোপাধ্যায় ও তাঁর মস্তান বাহিনী শ্রীজয়প্রক নারায়ণকে কলকাতার একটি হলে প্রবেশ করতে দিল না। এই বলপ্রয়োগ ঘটনার সময় পুলিশ নিষ্ক্রিয়ভাবে পাশে দাঁড়িয়েছিল। এটা একটা ভয়াবহ বে-আইনি কাজ এবং প্রশাসনের বুঝতে বাকি রইল না যে, সরকার কিভাবে তা ব্যবহার করতে চায়।

এখানে মনে করিয়ে দিতে চাই এই রকম ধরনের ঘটনা মন্ত্রী গিয়ে এক নেতাকে বাধা দিচ্ছে, হলে ঢুকতে দেবেন না, যদিও তাঁকে অনুমতি দেওয়া হয়ে হলে ঢুকতে দেওয়ার জন্য, মানুষ অপেক্ষা করছে তাঁর জন্য, ভারতবর্ষে কোন জায়গ শুনিনি। কংগ্রেসী গুণ্ডারা এ জিনিস করে, কিন্তু মন্ত্রীরা এই জিনিসটা করে ব আমি জানি না। একটা দৃষ্টান্ত রেখেছে কংগ্রেস।

৪। কংগ্রেস দলের অন্তঃকলহ, এক দল কংগ্রেসীর বিরুদ্ধে আর এক দ সশস্ত্র আক্রমণ এবং কংগ্রেসী কর্মীর হাতে অপর কংগ্রেসী কর্মীর খুন হবার ঘ

প্রশাসনকে আরো বিভ্রান্ত ও অকর্মণ্য ক'রে দিয়েছিল। জনগণের স্বার্থে নয়, এমন কি সকল কংগ্রেস সমর্থক মানুষের স্বার্থেও নয়—শাসক দলের বিভিন্ন অংশ ও গোষ্ঠীর স্বার্থে নির্বিচারে প্রশাসনকে ব্যবহার করা হ'তে থাকল।

এখন অনেক কথা শুনছি আইন-শৃঙ্খলার ব্যাপারে। দুঃখের বিষয় যদি আইন-শৃঙ্খলা কোন জায়গায় ব্যাহত হয় তাহলে সবাই মিলে চেষ্টা করা উচিত যাতে সেটা না হয়। কিন্তু কংগ্রেসীরা নিজেরা কি করে গেছে, সেখানে যদি কেউ মারা যায় তৎক্ষণাৎ বলা হয়েছে সি. পি. আই (এম) বা বিরোধী দলের কেউ এই কাজ করেছে। ওঁরা কি জানেন না ২০০ লোক খুন হয়েছে কংগ্রেসীদের দ্বারা? বিধান-সভায় দাঁড়িয়ে বারে বারে বলেছেন, যুক্তফ্রন্ট সরকারের সময় আমাদের পার্সোন্যাল সিকিউরিটি, সেফটির জন্য এই রকম ভাবে পাহারা চাইতে হয় নি যা কংগ্রেসী সরকারের আমলে নিজেদের আমলে পাহারা চাইতে হচ্ছে। কংগ্রেসীরা কংগ্রেসীদেরই তাড়িয়ে দিচ্ছে।

এক শ্রেণীর দুর্নীতিগ্রস্ত ও সুযোগসন্ধানী মানুষ—দুঃখের বিষয় তাঁদের মধ্যে কিছু সরকারী অফিসার ও কর্মীও হয়ত আছেন—এই অবস্থার সুযোগ নিয়ে, প্রশাসনের এই দুর্বলতাকে ব্যবহার ক'রে নিজেদের অনেক কিছু গুছিয়ে নিয়েছেন। প্রশাসনের মাথায় যেসব রাজনৈতিক নেতারা ছিলেন তাঁরাও এই অভিযোগ থেকে বাদ পড়েন না—বরং তাঁদের ক্ষেত্রেই এই অভিযোগগুলি সবচেয়ে গুরুত্বপূর্ণ।

কংগ্রেসী সদস্য যাকে গুণ্ডা দুর্নীতিগ্রস্ত বলে জেলে পোরা হয়েছিল এবং কংগ্রেসী নেতা যাঁর বিরুদ্ধে তদন্ত করতে হয়েছিল জাজকে দিয়ে এবং জাজ তাঁদের বিরুদ্ধে রায় দিয়েছেন, তাঁরাও এখানে আছেন। কিছুদিন পরে এসব কিছু নয়, এটা লোক দেখান ব্যাপার, কারণ সেই সদস্যরা থেকে গেলেন। কংগ্রেসের আর একজন সদস্য কোচবিহারের, তিনি ২॥ হাজার টাকার চাকরি পেয়ে গেলেন।

এইভাবে সৎ ও দক্ষ প্রশাসন বলতে যা বোঝায়, এই রাজ্যে বিগত পাঁচ বছর-কালে সেই ধারণার মূলে কুঠারাঘাত করা হয়েছে। গণতন্ত্রের উপর যে বিরাট আক্রমণ হয়েছে, প্রশাসনেও তার ছাপ পড়েছে। এক কথায় পুলিশ ও প্রশাসনকে শাসকদলের লেজুড় হিসাবে পরিণত করার প্রচেষ্টা হয়েছে। আমরা এই সমস্তের পরিবর্তন করতে চাই।

প্রশাসনের সকল স্তরে দুর্নীতি দমন বামপন্থী ফ্রন্টের ৩৬-দফা কর্মসূচীর অন্যতম অংশ। বিগত বৎসরগুলিতে এই দুর্নীতি ভয়াবহভাবে বেড়েছে—ওপরতলার রাজনৈতিক স্তরে এই দুর্নীতি বিশেষভাবে লক্ষণীয় ছিল। তাই আমাদের কাজ

আরও কঠিন হয়েছে। আমাদের দুর্নীতির বিরুদ্ধে নিরন্তর, ক্ষমাহীন সংগ্রাম করতে হবে। এ বিষয়ে যে-কোন শিথিলতাই খুব বিপজ্জনক হ'তে পারে। সরকার ও প্রশাসনের ওপরতলাতেই এই লড়াই শুরু করতে হবে ব'লে আমার বিশ্বাস। এ না করলে প্রশাসনকে ক্লেদমুক্ত করা যাবে না। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি দুর্নীতি দমনের কাজে জনগণের সক্রিয় সহযোগিতা নিতে হবে—কারণ, কেবলমাত্র সরকারী ব্যবস্থায় এই ব্যাধি দূর করার প্রয়াস নিতান্তই অর্থহীন। পশ্চিমবঙ্গের প্রথম বামপন্থী সরকার প্রশাসন বিষয়ে এক সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে চলতে চান। এই দৃষ্টিভঙ্গি হবে দেশের রাজনৈতিক পটভূমিকায় বিরাট পরিবর্তনের সঙ্গে সঙ্গতি-পূর্ণ। সরকার, প্রশাসন ও জনগণের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে আমরা পূর্বতন কংগ্রেস সরকারের প্রচলিত ধ্যানধারণাগুলি বর্জন ক'রে একটি সঠিক গণতান্ত্রিক পদ্ধতি চালু করতে চাই।

এই সরকার তার কর্মচারীদের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রেও গণতান্ত্রিক রীতিনীতি অনুসরণের সিদ্ধান্ত নিয়েছে। কর্মচারীদের সংখ্যাগরিষ্ঠ অংশের প্রতিনিধিত্ব যারা করে, সেইসব সংগঠনকে তাদের প্রাপ্য স্বীকৃতি দেওয়া হয়েছে। কর্মচারীদের অভাব অভিযোগ সম্পর্কেও আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে আলাপ-আলোচনার মধ্য দিয়ে এগোতে চাই। এ বিষয়ে ওপর থেকে কোন সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হবে না, অথবা পূর্বতন সরকারের মত আমরা সংখ্যাগরিষ্ঠ অংশকে বাদ দিয়ে সংখ্যালঘু অংশের মতামত নিয়ে চলব না।

সরকারী কর্মচারীরা জনগণের ও সরকারের বন্ধু। তাঁদের সক্রিয় সহযোগিতা নিয়েই আমরা সব কাজকর্ম চালাব, প্রশাসন চালাবো। এর পাশাপাশি সরকারী কর্মচারীদের মধ্যে দায়িত্ববোধ, গঠনমূলক মনোভাব ও শৃঙ্খলাবোধ গড়ে তোলার জন্যও আমাদের ব্যবস্থা নিতে হবে। কিন্তু এই শৃঙ্খলাবোধ হবে সচেতন শৃঙ্খলাবোধ। আমরা আমাদের কর্মচারীদের ক্রীতদাসে পরিণত করতে চাই না, তাঁদের বন্ধু ও সহযোগী হিসাবে পেতে চাই—পূর্বতন কংগ্রেস সরকারের সঙ্গে এইখানেই আমাদের বিরাট পার্থক্য। এই বন্ধু ও সহযোগীদের কাছে আমাদের আবেদন—আপনারা জনসাধারণের জন্য কাজ করছেন, জনসাধারণ যেন আপনাদের নিন্দা বা সমালোচনা করার কোন কারণ না পান। সরকারী কর্মচারীরা দেশের সর্বত্র ছড়িয়ে আছেন। জনগণের সঙ্গে নিবিড় সম্পর্ক রেখে তাঁদের চলতে হবে। মহাকরণ ভবন থেকে নয়, জনগণের মধ্যে থেকেই আমরা সরকার চালাব, এই দৃষ্টিভঙ্গি সরকারী কর্মচারীদেরও গ্রহণ করতে হবে।

দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের পতনের পর ১৯৭০ সাল থেকে রাজ্য সরকারী কর্মচারীদের আন্দোলন ও সংগঠনের বিরুদ্ধে বিভিন্ন ধরনের দমনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। ১৯৭১ সালে কর্মচারী আন্দোলনের ১৩ জন প্রথম সারির সংগঠককে সংবিধানের ৩১১-২-গ ধারাবলে বিনা-কৈফিয়তে চাকরি থেকে বরখাস্ত করা হয়। অভ্যন্তরীণ জরুরী অবস্থা ঘোষণার সাথে সাথেই বিভিন্ন সমিতির ১৫ জন কর্মীকে মিসায় গ্রেপ্তার ক'রে বিনা-বিচারে আটক রাখা হয় এবং জেলের অভ্যন্তরে একইভাবে তাঁদের বরখাস্ত করা হয়। পরবর্তী সময়ে অনুরূপভাবে আরও একজনকে বরখাস্ত করা হয়। তাছাড়া সংগঠনের কয়েকজন নেতৃস্থানীয় কর্মীকে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণ করানো হয়। লোকরঞ্জন শাখার পাঁচজন দক্ষ শিল্পীকে কন্ট্রাক্ট প্রথার সুযোগ নিয়ে চাকরিচ্যুত করা হয়। ২৪ জন ডেয়ারী শ্রমিক-কর্মচারীকে সমাজ-বিরোধীরা কর্মস্থলে যেতে জোর ক'রে বাধা দেয় এবং সে জন্য তাঁদের চাকরি চ'লে যায়। তা ছাড়া সরকারী চাকরিতে নিয়োগের ক্ষেত্রে রাজনৈতিক পূর্বজীবন তদন্তের যে প্রতিক্রিয়াশীল ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকারের আমলে বাতিল করা হয়েছিল সেই ব্যবস্থার পুনঃপ্রবর্তন ক'রে বহু কর্মচারীকে চাকরিচ্যুত করা হয়। কর্মচারীদের প্রতিনিধিত্বমূলক যৌথ সংগঠন রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সরকারী স্বীকৃতি বাতিল করা হয়। রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে আন্দোলনের বহু কর্মীকে শাস্তিমূলকভাবে বদলি করা হয়। বহু কর্মীকে ভিত্তিহীন অভিযোগে গ্রেপ্তার ক'রে সাজানো মামলায় জড়িয়ে দেওয়া হয়। বহু কর্মীকে অন্যায় ভাবে সাসপেণ্ড করা হয়। তা ছাড়া ধর্মঘট, বন্ধ ইত্যাদির দিনে অনুপস্থিতিকে কেন্দ্র ক'রে এক বিরাট সংখ্যক কর্মচারীকে তাঁদের প্রাপ্য প্রমোশন সহ চাকরিগত বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হয়। বহু কর্মচারীর ব্রেক-সার্ভিস ইত্যাদি ঘটানো হয়।

বামফ্রন্ট সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়েই ৩১১-২-গ ধারায় বরখাস্ত ২৯ জন কর্মী, লোকরঞ্জন শাখার ৫ জন কর্মচ্যুত শিল্পী, বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত ৩ জন কর্মী এবং ডেয়ারীর ২৪ জন কর্মচ্যুত শ্রমিককে চাকরিতে পুনর্বহাল করেছে; রাজনৈতিক পূর্বজীবন তদন্তের ব্যবস্থা বাতিল ক'রে দিয়েছে এবং এই ব্যবস্থানুযায়ী যাঁরা চাকরি-চ্যুত হয়েছেন তাঁদের চাকরিতে পুনর্নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। শাস্তিমূলক বদলি আদেশ, অন্যায় সাসপেনশন, ব্রেক-সার্ভিস আদেশ, সাজানো মামলা ইত্যাদি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে। তা ছাড়া ধর্মঘট, বন্ধ ইত্যাদি দিনের জন্য কেটে-নেওয়া বেতন ফেরত দেবার সিদ্ধান্ত হয়েছে এবং প্রমোশন ও অন্যান্য প্রাপ্য সুযোগ-সুবিধা প্রত্যর্পণের ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

[1.20—1.30 P.M.]

এই সবের বিরুদ্ধে কিছু ব্যবস্থা অবলম্বন করেছি, আরো কিছু যদি বাকী থাকে সেগুলির ব্যবস্থা আমরা অবলম্বন করবো যাতে এই রকম আর কোন অভিযোগ না থাকে।

পূর্বতন সরকার তাঁর কর্মচারীদের বহু ন্যায্য দাবি-দাওয়া পূরণ করেন নি, তাঁদের আবেদনে কর্ণপাতও করেন নি। কেবল নির্বাচনের প্রাক্‌কালে রাজনৈতিক উদ্দেশ্যে কিছু চমকপ্রদ সিদ্ধান্ত নিয়েছেন, যাতে নির্বাচনী প্রচারে কিছু মূলধন সংগ্রহ করা যায়। আমরা এই সব দাবি-দাওয়া সম্পর্কে সুচিন্তিত ও দায়িত্বশীল সিদ্ধান্ত নিতে চলেছি। রাজ্য সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতার প্রশ্নটিও আমাদের বিবেচনাধীন আছে। যেহেতু কেন্দ্রীয় সরকার একটি উচ্চতর হারে মহার্ঘভাতা চালু করেছেন, সেহেতু রাজ্যগুলিতে এই হারে ভাতা দেওয়ার প্রশ্নটি কেন্দ্রকেও বিচার ক'রে দেখতে হবে ও সে বিষয়ে কিছু দায়িত্ব নিতে হবে। আমরা এই মনোভাবের কথা কেন্দ্রকে জানাচ্ছি। কর্মচারীদের বেতনহার, স্তরভেদ ইত্যাদি সম্পর্কে বহু প্রশ্ন অমীমাংসিত থেকে গেছে। আমরা সে জন্য একটি বেতন কমিশন গঠন করছি। আমরা এই কমিশনকে সবদিক বিবেচনা ক'রে সঠিক সিদ্ধান্ত নিতে অনুরোধ করব এ বিষয়ে অযথা কালক্ষেপ না করার ব্যবস্থা নেওয়া হবে।

স্বরাষ্ট্র বিভাগের প্রশাসন শাখাকে একটি নতুন নাম দেওয়া হয়েছে। অ্যাডমিনিস্‌ট্রেটিভ রিফরমস্ কমিশনারের সুপারিশ অনুযায়ী এই নাম পরিবর্তন করা হয়েছে। এই নাম পরিবর্তনের ফলে কাজকর্মের কোন উন্নতি হচ্ছে কি না বা অভীষ্ট লক্ষ্যের দিকে প্রশাসন এগোচ্ছে কি না তা আমাদের বিচার ক'রে দেখতে হবে—সে কাজ আমরা এখনও করিনি, কিন্তু শীঘ্রই তা করতে হবে। রাজ্য, কেন্দ্রীয় ও জেলাগুলির প্রশাসনের মূল কর্তব্য—সমস্ত অফিসার ও কর্মচারীর প্রধান কাজ হ'ল —বামপন্থী ফ্রন্ট সরকারের নীতি ও কর্মসূচী কার্যকর করা এবং প্রতিনিয়ত প্রতিটি কাজে জনগণের স্বার্থে সব করা। দুর্নীতি ও স্বজনপোষণ কোন অবস্থায় বরদাস্ত করা চলবে না। দক্ষতা বাড়াবার জন্য সচেতন প্রয়াস চালাতে হবে। অপর দিকে জনগণেরও দায়িত্ব নিতে হবে—তাঁরা সব সময় সরকারী প্রশাসনের কাজকর্মের দিকে নজর রাখবেন, ত্রুটি-বিচ্যুতি হ'লে তা ধরিয়ে দেবেন এবং সরকারের নীতি রূপায়ণে প্রশাসনের সঙ্গে সহযোগিতা করবেন। জনগণের সাহায্য ও সহযোগিতা নিয়ে স্বরাষ্ট্র বিভাগের প্রশাসন শাখাকে চলতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি ব'লে আমি যথাক্রমে ১৮ নং এবং ১৯ নং দাবি অনুযায়ী মুখ্য খাত "২৫২—সচিবালয়—সাধারণ কৃত্যকসমূহ" এবং "২৫৩—জেলা প্রশাসন"-এর জন্য ব্যয়বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

আর একটা বাকি আছে সেটা আমি পড়ছি : রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব উত্থাপন করছি ৩নং মুখ্য খাত "২১৩—মন্ত্রিপরিষদ" ১৬ লক্ষ টাকা মঞ্জুর করা হোক, এর মধ্যে মার্চ ও জুন মাসে ৮ লক্ষ টাকা যেটা মঞ্জুর করা হয়েছিল তাও ধরা হয়েছে।

মিঃ স্পীকার : ১৮, ১৯ এবং ৩ নং দাবির উপর যে টাটাই প্রস্তাবটি এসেছে তা নিয়ম অনুযায়ী এবং যথাযথভাবে উপস্থিত করা হয়েছে বলে আমি ধরে নিচ্ছি।

DEMAND No. 18

Shri Habibur Rahaman : I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

Shri Rajani Kanta Doloi : I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

Shri Suniti Chattaraj : I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Sarkar : I beg to move that the amount of the demand be reduced by Rs. 100

Shri Rajani Kanta Doloi : I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Bijoy Bouri : I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

DEMAND No. 19

Shri Atish Chandra Sinha : I beg to move that the amount of the demand be reduced to Re. 1.

Shri Rajani Kanta Doloi : I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

DEMAND No 3

Snri Atish Chandra Sinha : I beg to move that the amount of demand be reduced to Re. 1.

Shri Rajani Kanta Doloi : I beg to move that the amount of the dem be reduced to Re. 1.

I also beg to move that the amount of the demand be reduced Rs. 100.

Shri Habibur Rahaman : I beg to move that the amount of the dem be reduced by Rs. 100.

Shri Saniti Chattaraj : I beg to move that the amount of the dem be reduced by Rs 100.

Shri Dawa Narbu La : I beg to move that amount of the demand reduced by Rs 100.

শ্রীপ্রদ্যুৎ কুমার মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পশ্চিমবঙ্গ সাধারণ প্রশাসন বিভাগের দায়িত্বে আসীন মুখ্যমন্ত্রী ২৭২ এবং ২৭৩ নং আমাদের কাছে পেশ করেছেন, এই দু'টি মিলিয়ে প্রায় ৭ কোটি ৭৫ লক্ষ টাকার ব্যয়বরাদ্দের দাবি আমাদের কাছে রেখেছেন। সেই দাবি আলোচনা করতে গিয়ে টাকার অংক রেখেছেন, এই টাকা আরো বেশী হওয়া উচিত ছিল, কি এত টাকা করা উচিত ন ই বিষয়ের মধ্যে আমি না গিয়ে একটা দেশের সাধারণ প্রশ যে প্রশ ন মূ লক্ষ্য হওয়া উচিত জনগণের কল্যাণ সাধন, যে প্রশাস মূল লক্ষ্য হওয়া উচিত—বিশেষ করে নীচের তলার মানুষ, নিপীড়িত, শোষিত ম যারা উঁচুতলায় মন্ত্রীদের কাছে তাদের কথা তোলা তো দূরের কথা, সাধারণ বি ও, এস ডি ও'র কাছে তাদের কথা পৌঁছাতে পারে না, তাদের কথা, সেই ম দের কল্যাণসাধন করতে গেলে সাধারণ প্রশাসনের কি লক্ষ্য হওয়া উচিত বিষয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে সাধারণ বিভাগের দায়িত্বে আ মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাচ্ছি। আমরা দেখেছি আমাদের যে প্রশাসন যন্ত্র— প্রশাসন যন্ত্রর মোটামুটি একটা মূল চলে এসেছে ব্রিটিশ আমলের যে কলোনি রুল সেই কলোনিয়াল রুলের যে ভাবধারা সেটাই অনুসরণ করে আসছি আম ভারতবর্ষে, আমাদের পশ্চিমবঙ্গে এবং এই ভাবধারার খুব কমই আমাদের ব্যতিক্রম ঘটেছে। দুঃখের বিষয় ৩০ বৎসর স্বাধীন হওয়ার পরেও যাঁর

প্রশাসন যন্ত্র চালাবার দায়িত্বে ছিলেন তাঁরা ঠিক দেশের উপযোগী করে প্রশাসন যন্ত্র ঠিক করতে পারেন নি। অনেক জায়গায় যোগ্যতা ছিল না, অনেক জায়গায় ইচ্ছাকৃতভাবে যে দল যখন আসীন হয়েছেন, তাঁরা নিজেদের স্বার্থ রক্ষা করতে গিয়ে জনগণের কল্যাণের কথাকে অগ্রাধিকার না দিয়ে, জনগণের কল্যাণ সাধন হবে কি না হবে এই কথা চিন্তা না করে, কি করে ৫ বৎসর ক্ষমতায় থাকবেন, সেই ক্ষমতায় থেকে আবার ৭ বৎসর ক্ষমতায় আসা যায় এবং তার জন্য যেভাবে পাওয়ার কনসেনট্রেশন করা দরকার মূলতঃ সেই চেষ্টাই করে গিয়েছেন। সেই জন্য আজকে যে ঈপ্সিত পরিবর্তন আসা উচিত ছিল সেই ঈপ্সিত পরিবর্তন আনতে পারেন নি। মুখ্যমন্ত্রী মহাশয় এই বায়বরাদ্দ রাখতে গিয়ে কয়েকটি কথা, কয়েকটি ঘটনার উল্লেখ করতে গেছেন। সেই ঘটনার মধ্যে আমি জানি লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ কলকাতায় কয়েদন সভা করতে এসেছিলেন সেই সভায় ট্রাকে করে, আমাদের সভায় লোকে ভোগী হয়ে আসে, আমরা ট্রাকে করে আনার ব্যবস্থা করি না, লোকে স্বতঃস্ফূর্তভাবে আসে, তবে যারা দীর্ঘপথ অতিক্রম করে আসে, যেখানে হয়তো যাতায়াতের কোন ব্যবস্থা নেই, কিছু লোক হয়তো ট্রাকে আসছিল, সেই ট্রাকগুলি আটকান হয়েছিল, কিন্তু কংগ্রেসী সভায় ট্রাকে করে যখন লোক নিয়ে আসে পুলিশ তখন কিছু বলে না এবং তাই জয়প্রকাশজী বলেছিলেন আমাদের মিটিংএ ট্রাকে করে লোক এসেছিল। কিন্তু তাদের ঐ ট্রাকে কি লোক আসে নি, তাহলে ওরা কি মানুষ নয়? এ ঘটনা এই রকম ঘটেছে। ভারতবর্ষে জরুরী অবস্থা যখন ছিল সেই জরুরী অবস্থার ২১ মাসের মধ্যে এই রকম ছোটখাটো ঘটনাই নয়, বহু ঘটনা এই রকম ঘটেছে। যাঁরা এই প্রশাসনের মধ্যে ছিলেন তাঁরা প্রশাসন যন্ত্রের ইনস্ট্রুমেন্ট মাত্র ছিলেন। তাই কেবল প্রশাসনযন্ত্রকে দোষ দিতে চাই না, এই প্রশাসনযন্ত্র চালানির জন্য যাঁরা দায়ী ছিলেন তাদের যদি জনগণের মঙ্গল, কল্যাণসাধনের জন্য অনুভূতি না থাকে, কল্যাণসাধনের প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনে জয়লাভ করে যদি জনসাধারণের কথা ভুলে যান তাহলে যত বড় বড় কথাই বলুন না কেন, যত টাকাই খরচ করুন না কেন, যতই গুণগান করুন না কেন, মৌলিক পরিবর্তন করতে না পারলে বৎসরের পর বৎসর যেভাবে চলে এসেছে—সেই চলে আসার আর কোন পরিবর্তন করা যাবে না।

[1.30—1.40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমরা যাঁরা বিধানসভায় এসেছি তাঁদের সকলেই জানেন, মানুষের ধৈর্যের একটা সীমা আছে। বিশেষ করে পশ্চিম-

বাংলার মানুষ, দেশ স্বাধীন হবার পর থেকে, পরীক্ষা-নিরীক্ষা করে চলেছে কোন্ দলকে ক্ষমতায় আনলে সুবিধা হবে, এই পরীক্ষা-নিরীক্ষা তারা করে চলেছে পাঁচ বছর আগে যে দল ছিল, যে দল নিশ্চিহ্ন হতে চলেছে, যে দলকে পাঁচ বছর ধ নিশ্চিহ্ন করা হয়েছে, যে দল নিশ্চিহ্ন হয়ে গেছল, সেই দলকে জনসাধারণ মালা দি তুলে নিয়ে এসেছে। বিভিন্ন ভাবে পরীক্ষা-নিরীক্ষা করছে পশ্চিমবাংলার মানুষ কিসের জন্য? কিসে তাদের কল্যাণ হবে, খুঁজে পাচ্ছে না সাধারণ মানুষ, সাধার মানুষের খুঁজে পাওয়া কঠিন। একটা জিনিস ঠিক, স্বাধীন দেশের নাগরিক নাগরিক হিসাবে বাঁচতে গেলে চাই স্বাধীনভাবে কথা বলবার স্বাধীনতা, সভা-সমিতি করবার স্বাধীনতা, স্বাধীনভাবে চলাফেরা করার স্বাধীনতা, রাত্রিবেলা নিশ্চি ঘুমাবার স্বাধীনতা, দিনের বেলায় নির্ঝঞ্ঝাটে পথেঘাটে চলবার স্বাধীনতা, ব্যবস বাণিজ্য করার স্বাধীনতা, চলাফেরার স্বাধীনতা। কিন্তু নিরাপত্তার অভাব দেখ দিয়েছিল, বিশেষ করে গত ২১ মাসে যা ঘটেছিল, সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে সারা ভারতবর্ষব্যাপী, তাতে জনসাধারণ অস্থির হয়ে উঠেছিল—একটা প্রশাসনি যন্ত্র রাজনৈতিক পরিবর্তন আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক পরিবর্তন এনে দিতে পা কিন্তু রাজনৈতিক পরিবর্তন আনলেই মানুষের কল্যাণ সাধিত হতে পারে না, যতক্ষ না প্রশাসনিক যন্ত্রকে ঠিকমত করতে না পারেন। আমি কয়েকদিন আগে খবরে কাগজে দেখেছিলাম নেতা প্রমোদ দাশগুপ্ত একটা কথা বলেছিলেন বক্তৃতায় এ তিনি যা বলেছিলেন আমি তাঁর সঙ্গে একমত। সিদ্ধার্থবাবুর আমলে ফাইল চলছি না, শেষের দিকে তো বটেই, চলছিল না। এখানে যে সরকার এখন জনসাধার নিয়ে এল, সেই সরকারের আমলেও আরম্ভ থেকে সেই প্রশাসন যন্ত্র এখনও ফাই চালু করেনি, চালু করছে না। সব জায়গায় একটা থমথমে ভাব। এটা লক্ষ্য করি সিদ্ধার্থবাবুর আমলেও লক্ষ্য করেছিলাম। আমি একথা প্রথম বাজেটের সময় বলে ছিলাম যে, অফিসাররা চুপ করে দেখে মুখ্যমন্ত্রীকে ধরলে আমার চাকরি পাঁচ বছ ঠিক চলবে, না কোন্ প্রভাবশালী মন্ত্রীকে ধরলে আমার চাকরি ঠিকমত চলবে, আম প্রমোশন ঠিকমত হবে—জনসাধারণের কল্যাণ হোক্ আর নাই হোক্, সেই মন্ত্র খামখেয়াল মত কাজগুলি করলেই হল এবং তাহলে আমার চাকরি পাঁচ বছর ঠি থেকে যাবে, জনসাধারণের কল্যাণের কথা, সরকারী রীতিনীতির কথা তার পরে তারা চুপ করে দেখছে, ফাইল মুভ করার কথা ভাবছে না। সিদ্ধার্থ মন্ত্রিসভারও উদ্দেশ্য ছিল, সেই সৎ উদ্দেশ্য থাকা সত্ত্বেও, অর্থের প্রাচুর্য থাকা সত্ত্বেও, প্রশাসনিক য ঠিকভাবে না চলবার জন্য ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে কল্যাণ সাধন ক বার আশা পোষণ করেছিলেন ১৯৭২ সালে গদীতে বসে, সেটা হলো না, '৭৭ সা

গদী পরিবর্তিত হল। জ্যোতিবাবু, মাননীয় মুখ্যমন্ত্রীকে বিনয়ের সঙ্গে বলছি যে, আপনার এ জিনিস লক্ষ্য রাখা উচিত। ভারতবর্ষে আমরা গণতান্ত্রিক শাসন ব্যবস্থা কায়েম করেছি, সেই গণতন্ত্রকে বার বার টুঁটি চেপে মারবার চেষ্টা করা হয়েছে—কখনও সরকার দুর্বল হবে, কখনও সরকার সবল হবে, দেখতে হবে জনসাধারণের কণ্ঠরোধ যাতে না হয়, গত ২১ মাসে ভারতবর্ষের তৎকালীন প্রধানমন্ত্রী যা করেছিলেন, তার ফলে যে গণতন্ত্রের আলো টিম টিম করে চলছিল, তাকে হত্যা করার চেষ্টা হয়েছিল।

সাংবাদিকদের লাঞ্ছিত করা হয়েছে, যাঁরা আইন ব্যবসা করেন এবং স্পষ্টভাবে কোন সরকারের তোয়াক্কা না রেখে আইনের ব্যাখ্যা করেন তাঁদের হয়রানি করেছেন। কৃষক, শ্রমিক, রাজনীতিবিদ সকলকে একভাবে করে একটা জিনিস চালাবার চেষ্টা হয়েছিল। গণতন্ত্রকে হত্যা করার ষড়যন্ত্র হয়েছিল। প্রশাসন যন্ত্র ছিল তার অস্ত্র। এই রকম একনায়কতন্ত্রবাদ থেকে আমরা মুক্তি পেয়েছি এবং কিছু কিছু পরিবর্তন হতে আরম্ভ হয়েছিল। গত ২১ মাসে প্রশাসন যন্ত্র ভেঙ্গে চুরমার করা হয়েছিল। ধান্দাবাজ, সুবিধাবাদী লোকেরা ভিড় করেছিল প্রশাসন যন্ত্রের আশে-পাশে। পশ্চিমবাংলার প্রধান হিসাবে মাননীয় জ্যোতিবাবুর উপর যে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু প্রশাসন বিভাগের দায়িত্বে আসীন তাঁর সামনে বিরাট সমস্যা। আমরা পশ্চিমবাংলায় দেশ স্বাধীন হওয়ার পর খুব কম সময়ের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে পেয়েছিলাম ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষকে, তারপর ডাঃ বিধানচন্দ্র রায়, তারপর শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, তারপর শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়, তারপর মুখ্যমন্ত্রী হয়েছিলেন শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়। আজকে জ্যোতিবাবুকে মুখ্যমন্ত্রী হিসাবে দেখছি মাত্র দু'মাস। তাঁর যোগ্যতা, নিষ্ঠা, সততার সমালোচনা করবার সময় এখনও হয় নি। হবে কিছুদিন পরে যে, কি যোগ্যতা, কি নিষ্ঠা, কি সততা তাঁর। জনগণের কতটা কল্যাণ করতে পারেন তার বিচারের দিন আসছে। কিন্তু আমার অভিজ্ঞতা হিসাবে, আমাদের দলের অভিজ্ঞতা হিসাবে যে কয়েকটি কথা বললাম আমরা তাঁর চলার পথের সহায় হবে মনে করে। কয়েকটি কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর কাছে রাখতে চাই। আমরা দেখেছি পণ্ডিত নেহরু যখন প্রধানমন্ত্রী তাঁর ক্লিয়ার ডাইরেকটিভ ছিল কোন লোকসভা সদস্য যদি কোন মন্ত্রীকে এমন কি প্রধানমন্ত্রীকে একটা চিঠি লেখেন যত সামান্য বিষয়ই হক মন্ত্রীকে তার উত্তর দিতে হবে। আমি জানি না শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমলে সেই রীতিনীতি বজায় রেখেছিলেন কিনা। কেননা, আমি কোনদিন লোকসভার সদস্য ছিলাম না। সিদ্ধার্থবাবু কিন্তু এম. এল. এ-দের চিঠির উত্তর দিতেন না। আমি তা বিরোধী দলে ছিলাম, আমার কথা আলাদা, কিন্তু

ওঁর দলের সদস্যও যাঁরা ছিলেন তাঁরা যদি মুখ্যমন্ত্রীর কাছে চিঠি লিখতেন মুখ্যমন্ত্রী চিঠির জবাব দিতেন না। সে চিঠির জবাব আসতো তাঁর এ্যাসিসটেন্ট সেক্রেটারী বা স্পেশ্যাল সেক্রেটারীর কাছ থেকে: "I am hereby directed to acknowledge the receipt of your letter. It has been forwarded to such and such department." তাতে এম. এল. এ-রা, বিধানসভার সদস্য যাঁরা জনসাধারণের কথা বলবার জন্য, জনসাধারণের অভাব-অভিযোগ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য এখানে আসেন তাঁরা যেমন নিরুৎসাহিত হতেন, তেমনি জনসাধারণের অভাব-অভিযোগ তাদের কানে পৌঁছতে না। বিধানসভার সদস্যদের মান-মর্যাদা কিছু ছিল না। জনসাধারণকে বাদ দিয়ে প্রশাসন যন্ত্র চালানো যায় না। আমি অভিনন্দন জানাই মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে। আমি তাঁকে একটা চিঠি দিয়েছিলাম। তিনি আমাকে তাঁর নিজে হাতে সই করে চিঠির উত্তর দিয়েছেন। ভেরি গুড স্টার্ট। জানি না এই কাজ কতদিন তিনি করতে পারবেন। আমরা মুখ্যমন্ত্রীকে অনেক সময় লিখি অনেক বিষয়ে। মুখ্যমন্ত্রীকে হয়তো সেটা না লিখলেও চলে। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ বিষয় মুখ্যমন্ত্রীকে লিখতে হয়। বিভিন্ন বিষয় মন্ত্রীর গোচরে আনতে হয়। মন্ত্রী যদি ঠিকমতো না দেখেন এবং বিধানসভার সদস্যদের মান-সম্মান না দেন, জনসাধারণের অভিযোগ নিয়ে যেগুলো বলেন সেগুলো যদি না করেন তাহলে সেটা ঠিক হয় না। সাধারণ প্রশাসনের দায়িত্বে আসীন আছেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস. ডি. ও এবং বি. ডি. ও.। সাধারণ মানুষের অভিযোগ তাদের কাছে পৌঁছয় না। আমি আবেদন করবো যে এম. এল. এ. গেলেই দেখা করবেন, আর সাধারণ মানুষ গেলে ডি. এম., এস. ডি. ও দেখা করবেন না, কি বি. ডি. ও. নাসিকা কুঞ্চন করবেন এটা যেন না হয় তার ব্যবস্থা করতে হবে। এই ধারার যেন পরিবর্তন হয়। সারা ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় পরিবর্তন আসছে। সাথে সাথে তারা যাতে জনসাধারণের কথা ভেবে, কল্যাণের কথা চিন্তা করে, জনসাধারণের অভাব-অভিযোগের প্রতি সদয় ও সহানুভূতিপূর্ণ দৃষ্টি না দেন তাহলে

[1.40—1.50 P. M.]

এই জনসাধারণের একদিন এমন অবস্থা আসবে সেই অবস্থা আজকে কল্পনা করা যায় না। সেই অবস্থা যাতে না হয় তার জন্য মূলতঃ এই প্রশাসন যন্ত্রকে তৈরি করতে হবে। আর একটা কথা বলবো, আমি দেখেছি সিদ্ধার্থ শঙ্কর রায়ের

আমলে কিছু কিছু বড় অফিসার আরও বড় হয়েছে, এ্যাসিস্টেন্ট সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী, জয়েন্ট সেক্রেটারী, সেক্রেটারী, কমিশনার, জয়েন্ট কমিশনার এই রকম বিভিন্ন কতকগুলি লোক আনানো হয়েছে। আর নিচের তলার—যারা প্রকৃত কাজ করে এস. ডি. ও. ইত্যাদি তাদের বেলায় বিপক্ষপাতিত্ব করা হয়েছিল। আজকে আমাদের দেখতে হবে যাতে মন খুলে প্রাণ খুলে কাজ করতে পারে ঐ সমস্ত এস. ডি. ও, বি. ডি. ও.। তাদের আজকে এমন অবস্থা যে, একটা এস ডি. ও., বি. ডি. ও. ১০ বছর পরে হয়তো একটা এ ডি. এম. কিংবা ডি এম.-এর সুযোগ পাবে। এতে তাদের মধ্যে অনেক ক্ষোভ আছে। আজকে তাদের সম্বন্ধে চিন্তা করতে হবে। সেই সমস্ত প্রশাসনিক কর্মচারীদের প্রতি যদি কোন অবিচার হয়ে থাকে এবং তাদের কার্যকরী করার সুযোগের ব্যাপারে সুযোগ দেবার জন্য যে সমস্ত রীতিনীতি পরিবর্তনের দরকার সেগুলি পরিবর্তন করতে হবে এবং তার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে ভেবে দেখতে বলি। কতকগুলি রুলস প্রসিডিওর দেখে মনে হয়েছে মন্ত্রী মহাশয় কাজ করতে চেয়েছেন, কিন্তু সেগুলি আটকে গেছে ঐ রুলস এবং প্রসিডিওরের জন্য। যেখানে অনেক মন্ত্রী মহাশয় আছেন, তাঁরা এ বিষয়ে জানেন, তাঁদের অভিজ্ঞতাও আছে কিভাবে কাজ বাধাপ্রাপ্ত হয়েছে। যেটা করা প্রয়োজন আগে যা হয়েছে এখনই সেটা আপনারা পরিবর্তন করুন। এবং তার পরিবর্তন করে নিয়ে জনসাধারণের কল্যাণে সেটা কাজে লাগান। আমি জানি মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় যে দৃষ্টিভঙ্গি রেখেছেন সেই দৃষ্টিভঙ্গি নিয়ে সঠিক পথে যদি কাজ করেন তাহলে গত নির্বাচনে তিনি যে রকম জনগণের আশীর্বাদ পেয়েছেন, নির্বাচনের পরেও সেই আশীর্বাদ জনগণের কাছ থেকে পাবেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে আজকে তিন দফায় ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন। এবং এই দাবি উত্থাপনের সময় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে কিছু মন্তব্য রেখেছেন, কিছু ঘটনার উল্লেখ করেছেন। স্যার, আপনার স্মরণ থাকতে পারে কালকে মেনশন আওয়ারে আমাদের তরফ থেকে যখন মেনশন করা হচ্ছিল তখন তিনি তার বিরুদ্ধে উষ্মা প্রকাশ করেছিলেন, বিরোধিতা করেছিলেন। আর আজকে মুখ্যমন্ত্রী তাঁর ব্যয়-বরাদ্দ দাবি পেশ করার সময় তাঁর দাবি উপস্থিত করার সঙ্গে সঙ্গে তিনি যে মন্তব্য রেখেছেন, যে কটাক্ষ কটূক্তি গালাগালি করেছেন তাতে কি তাঁর সম্বন্ধে আমরা তাঁর প্রশস্তিতে কবিতা রচনা করবো ? মুখ্যমন্ত্রী মহাশয় চারটি ঘটনার উল্লেখ করেছেন।

প্রথম ঘটনাটিতে ইনএ্যাকিউরেসি আছে। সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভা ২০ মার্চ ১৯৭২ সালে শপথ নেয় নি।

শ্রীজ্যোতি বসু : ওটা ১৯৭৩ সাল হবে।

ডাঃ জয়নাল আবেদিন : তাহলে আর এ সম্বন্ধে কিছু বলার নাই। তিনি ইনঅ্যাকিউরেসি কারেক্ট করে দিলেন। এই সংগে এক প্রকাশ্য দিবালোকে প্রশাসনের সাহায্যে বর্ধমানের সাঁইবাড়ীতে যে নারকীয় ঘটনা ঘটেছিল এবং সে সম্বন্ধে মামলা যে বিচারাধীন আছে সেটা উইথড্র করে নেবার প্রয়াস চলছে এটা কি ঠিক ? ৩১ জুলাই ১৯৬৯ সালে এই বিধানসভায় পুলিশের যে অভিযান হয়েছিল পূর্বে এইভাবে এই বিধানসভার এইরকম লাঞ্ছনা-গঞ্জনা আর কোনদিন কি হয়েছিল একথা কি তৎকালীন পুলিশমন্ত্রী অস্বীকার করতে পারেন ?

এই একই সঙ্গে তিনি আমাদের কংগ্রেসের অন্তর্কলহের কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঠিকই, যে কোন রাজনৈতিক দলের মধ্যে মত পার্থক্য থাকতে পারে। আজকে তিনি কি মনে করবেন—আমি প্রথম যখন ১৯৬২ সালে আসি তখন আপনিও এসেছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী তিনি তখন বিরোধী দলের নেতা ছিলেন এবং তখন দেখেছিলাম একটি কম্যুনিষ্ট পার্টি সি. পি. আই. আর আজকে আপনি কতগুলি কম্যুনিষ্ট পার্টি দেখছেন ? আমাদের তো অন্তর্কলহ ছিল, আর ওদের সি পি আই., সি পি এম. অন্তর্কলহ একেবারে পরিষ্কার ! আজকে বিভিন্ন দলের মধ্যে অন্তর্কলহ একেবারে পরিষ্কার। আজকে বিভিন্ন দলের মধ্যে অন্তর্কলহ এমন পর্যায়ে নেই—যা ওদের দলে আছে। যাই হোক একই সঙ্গে আজকে মাত্র দু'মাস হল শাসন ক্ষমতা গ্রহণ করেছেন—আমি মাননীয় প্রদ্যোৎবাবুর সঙ্গে একমত যে এখনই এই সরকারের নিষ্ঠা, প্রচেষ্টা সম্বন্ধে সমালোচনার সুযোগ আমাদের গ্রহণ করা উচিত নয়, সময় দেওয়া উচিত। কিন্তু এরই মধ্যে এই রাজ্যে একটা প্রাকৃতিক দুর্যোগ আমরা দেখেছি। স্যার, আপনি জানেন বিগত সেপ্টেম্বর থেকেই এখানে বন্যা হয়েছে এবং বন্যার জন্য স্বভাবতঃই রিলিফ দেবার কথা ওঠে। এর আগে আমি আলোচনাকালে উত্থাপন করেছি যে রিলিফ নিয়ে কোন দেশে দলবাজী করতে শুনিনি আর্ত মানুষের জন্য—আমার পিছনেই বসে আছেন বন্যাক্রিষ্ট এলাকার এম এল. এ অতীশ সিংহ—ওর এলাকায় জি. আর. রিলিফ নিয়ে দলবাজি করা হয়েছে। কংগ্রেসকে যারা সমর্থন করেছে তারা পায়ে না। বি. ডি. ও. অফিস থেকে ফিরিয়ে দেওয়া হয়েছে। এটা নগ্ন কুৎসিত দলবাজি বলে আমি মনে করি।

ি মনে করি এগুলি প্রকৃত পক্ষে আর্ত মানুষের সেবার জন্য দেওয়া হবে, এখানে বাজি হবে না।

(ভয়েস : আপনাকে কমিশনে পাঠানো উচিত)

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ যে ভদ্রলোক কমিশন বলে চীৎকার করছেন, তিনি চুপ শুনুন। উই ডিড নট্ ডিসটার্ব এনিবডি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে পনি এই রকম নির্বাক কেন? আজকে ওরা যখন বলে তখন আমাদের শুনতে হয়, ব আমরা যখনি বলি তখন বিরোধীপক্ষের কণ্ঠরোধ করার চেষ্টা হয়।

(গোলমাল)

বিধানসভার মধ্যে এত শৃঙ্খলাবোধ যে, বিরোধী পক্ষের সদস্যদের বলবার ধকার পর্যন্ত দেয় না, আপনি নিজে সেই অবস্থা পর্যবেক্ষণ করছেন।

মিঃ স্পীকার : আপনারা চুপ করুন, আপনি আপনার বক্তব্য বলে যান।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি দেখেছেন বিরোধী ক্ষর বক্তব্য ওরা রাখতে দিতে নারাজ, গায়ের জ্বালা ধরে ওদের। মাননীয় ক্ষ মহোদয়, আজকে মূল কথা কি? একটি এফেকটিভ গভর্নমেন্টের লক্ষ্য কি? কটিভ গভর্নমেন্ট, একটি দক্ষ সরকার নির্ভর করে কাদের নিয়ে? আমরা নি আজকে বামপন্থী সরকার অর্থাৎ যুক্তফ্রন্ট সরকারের পরবর্তী পুরুষ, বর্তী জেনারেশন। আমরা এক নম্বর যুক্তফ্রন্ট সরকার দেখেছি, দু' নম্বর যুক্তফ্রন্ট কার দেখেছি। আজকে তাদের এই বেনামদার বামপন্থী ফ্রন্ট সরকার। আপনি নেন, একটি সরকারের কার্যক্ষমতা এবং নীতি রূপায়ণ নির্ভর করে, কাদের নিয়ে সরকার গঠিত। সরকারী পারসোনেল—মুখ্যমন্ত্রী যে অনুরোধ করেছেন প্রশাসন শনের সুপারিশ—সেই সুপারিশ অনুসারে কিছু রদবদল হওয়া প্রয়োজন। আমরা ইঃ যে প্রশাসন যন্ত্র পেয়েছি—যে প্রশাসন যন্ত্র এখন আমাদের এখানে চলছে বৃটিশ পরিত্যক্ত প্রশাসন যন্ত্র। এর একটা আমূল সংস্কার এখনও হয় নি, যদিও ডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন এর সংস্কারের জন্য কিছু সুপারিশ করেছেন। সব রিশ সব জায়গায় গ্রহণ করা হয় নি এবং কার্যে রূপায়িত করা হয়নি। সেই দেখছি একই সঙ্গে দু'টি ধারা অল ইণ্ডিয়া সার্ভিস, স্টেট সিভিল সার্ভিস-এ বিভিন্ন ডশান—গ্রেড ১, গ্রেড ২, গ্রেড ৩, গ্রেড ৪ ইত্যাদি বিভিন্ন ক্লাসিফিকেশন এই শন যন্ত্রের মধ্যে আছে এটা আমরা দেখতে পাই।

[1.50—2.00 P.M.]

আমরা আরো দেখতে পাই যে, এখানে গেজেটেড এবং নন-গেজেটেড বা একটা ভাগ করা আছে সরকারী কর্মচারীদের মধ্যে। বহু রাজ্য সুপারিশ করে এই ব্যবস্থা তুলে নেবার জন্য। প্রশাসন কমিশনেরও এ সম্বন্ধে কিছু সুপারি আছে। আমি মনে করি, স্বাধীন ভারতে—একটু দেরি হয়ে গেলেও, প্রশাস রিফর্মসের গ্রহণযোগ্য ধারাগুলি আমাদের গ্রহণ করা উচিত। বৃটিশ নিজের স্বার্থে যে ক্লাস অব ইন্টারপ্রেটারস এ্যাণ্ড ইন্টারমিডিয়ারী তৈরি করেছিল তার উৎপাটন করা দরকার। যে কথার ইঙ্গিত মাননীয় মুখ্যমন্ত্রী করেছেন যে, মানুষে মাঝে থেকে মানুষের সেবা করার জন্য যন্ত্র তৈরি করতে হবে সেই মনোভাব গ্রহণীয় বলে আমি মনে করি এবং এর জন্য সকলের উদ্যোগ থাকা দরকার বলে আ মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগের শাসন যন্ত্রকে ব্যুরোক্রেসি ন অভিহিত করা হত। এখন কিন্তু এই এনফোর্সমেণ্ট অব ল' এ্যাণ্ড অর্ডার এ মেনটেনেন্স অব ল' এ্যাণ্ড অর্ডার ছাড়াও স্বাধীন ভারত এবং তার অঙ্গ রাজ্য হি এই পশ্চিমবাংলার উন্নয়ন এবং পরিকল্পনা রূপায়ণের দায়িত্ব এই প্রশাসন যন্ত্রে উপর পড়েছে। সেই হিসাবে একদিকে যেমন প্লানারস এবং পলিসিমেকাররা হ লেভেলে আছে, হেড কোয়ার্টার স্টাফ আছে, হেড কোয়ার্টার পারসোনেল আ সেই রকম সেইগুলি রূপায়ণের জন্য—আইন-শৃঙ্খলা রক্ষার সঙ্গে সঙ্গে পরিকল্পনাগু রূপায়ণের জন্য ফিল্ড লেভেলে দক্ষ যন্ত্রের প্রয়োজন আছে। আমাদের দেখ হবে কি টাইপের মানুষ আমাদের এর জন্য দরকার। সব জায়গায় জেনারালিস্ট নয়—জেনারালিস্টস, টেকনোলজিস্টস, সাইনসিস্টস—এদের যে দ্বন্দ্ব তা মিটি যাকে যেখানে প্রয়োজন তাকে সেখানে নিয়োগ করতে হবে। যে কা জেনারালিস্ট দিয়ে করানো প্রয়োজন সে কাজ তাকে দিয়ে এবং যে কা টেকনোলজিস্টস দিয়ে করানো প্রয়োজন সে কাজ তাকে দিয়ে করানো প্রয়াস আমাদের থাকা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এখা ডাক্তার এবং ইঞ্জিনীয়াররা স্ট্রাইক করেছিল জেনারালিস্টদের বিরুদ্ধে। এদের ম একটা কো-অর্ডিনেশন থাকার দরকার আছে বলে আমি মনে করি। মাননীয় অধ্য মহাশয়, রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের উদ্যোগে অনেকগুলি সরকারী সং গঠিত হয়েছে। এখানে আমাদের ম্যানেজমেণ্ট ক্যাডার তৈরির শিক্ষা ব্যবস্থা নে বলে এ পর্যন্ত আমাদের ডেপুটেশানে পাঠাতে হয় জেনারালিস্টদের মধ্যে থেকে এই সংস্থাগুলির ম্যানেজমেণ্টের জন্য। অর্থাৎ কিনা আজকে যিনি এস. ডি. ও. কাল তিনি খাদি বোর্ডের প্রশাসক। একটা টেকনিকাল ওয়ার্ক, আর একটা সাধা

প্রশাসনের কাজ। এগুলি আমাদের জেনারেল পুল থেকে দিতে হয়। এ ক্ষেত্রে আমরা একটা উদ্যোগ নিয়েছিলাম। এখানে ইনষ্টিটিউট অব ম্যানেজমেন্ট যেগুলি আছে তাতে আমাদের রিক্রুটেড যে সিভিল সার্ভেন্ট বোধ অল ইণ্ডিয়া ক্যাডার এ্যাণ্ড স্টেট লেভেল ক্যাডার তাতে কমার্শিয়াল ম্যানেজমেন্ট ও ইণ্ডাষ্ট্রিয়াল ম্যানেজমেন্ট ট্যালেন্টস যে আছে তাদের আইডেনটিফাই করে তাদের ট্রেনিং দেবার ব্যবস্থা করা দরকার। যদি আইডেনটিফিকেশানের প্রশ্ন আসে তাহলে রিক্রুটমেন্টের প্রশ্নও এসে যায়। আমাদের ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আছে, স্টেট পাবলিক সার্ভিস কমিশন আছে। আপনারা জানেন এই উঁচু লেভেলের পদে নিয়োগগুলি কারা পায়। সেখানে সেই পদগুলিতে সমাজের উপর তলার যারা, যারা সফিসটিকেটেড ইনষ্টিটিউটশানগুলি থেকে শিক্ষা পায় সেই উপরতলার মানুষরাই এই উঁচু দরের, উঁচু মর্যাদার উঁচু বেতনের চাকরির সুযোগগুলি পায়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, এখানে নিয়োগ সংক্রান্ত ব্যাপারে কিছু দলবাজি হয়েছে। আমি তাঁর কাছে প্রশ্ন রাখতে চাই, রিমোট ভিলেজ, রিমোট উইং-এর লোক যারা তাদের নিয়োগ করবার কি ব্যবস্থা আছে এ পর্যন্ত বলুন? তারা তো প্রতিযোগিতায় দাঁড়াতে পারে না। তাদের যে শিক্ষা এবং তারা যে পরিবেশে মানুষ তাতে সরকারী কর্মক্ষেত্রের সুযোগ তারা নিতে পারে না, নিয়োগপত্র নিতে পারে না। আজকে যে ২॥/৩ লক্ষ সরকারী কর্মচারী আছেন তার মধ্যে আপনি হিসাব নিয়ে দেখুন কতজন গ্রাম থেকে বা ঐ অনুন্নত সম্প্রদায় থেকে এসেছেন। আপনাদের নির্বাচনী ইস্তাহারে আপনারা বলেছেন যে, আপনারা আদিবাসী, তপসিলী এবং মাইনরিটি-মুসলমানদের স্বার্থ দেখবেন।

একটা হিসাব নিয়ে দেখবেন কি যে, কতগুলি প্রশাসনিক পদে এরা সুযোগ পেয়েছে। কেন সুযোগ পায়নি, কি পরিবেশে পায়নি, শিক্ষা ব্যবস্থায় পায়নি, কি সামাজিক ব্যবস্থায় পায়নি? আজকে এগুলি দূর করার প্রয়োজন। এটাতে তারা সম্মতি করছেন। Cabinet Sub-Committee বিচার করে দেখেছে যে, গ্রামের দূর-দূরান্তে যাদের অভাব আছে, প্রয়োজন আছে তাদের সুপারিশ নিয়ে কি সরকারী কর্মসংস্থানের ব্যবস্থা ছিল—কালকে প্রফেসর ভারতী সে কথা বলেছেন যে, কারা পেয়েছেন সেটা বড় কথা নয়, তারা বাংলার ছেলে-মেয়ে কিনা, তাদের চাকরি পাবার অধিকার আছে কিনা, কর্মসংস্থানের অধিকার তাদের আছে কিনা, সেটাই বিচার্য বিষয় হওয়া উচিত বলে মনে করি। আজকে এখানে স্বজন-পোষণের কথা বলেছেন। আমি সেই কথাই মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাই। আজকে স্বজন-পোষণ নিশ্চয়ই নিন্দনীয়। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করছি, তাদের ২ মাসের কার্যকলাপে

তারা যে appointment দিয়েছেন Judicial Departnient-এ সেগুলি কি স্বজ পোষণের উর্ধ্বে? আজকে জিজ্ঞাসা করি, আমাদের সময় high level-এ Advocate-General বা Standing Council বিভিন্ন জায়গায় Publ Prosecutor, আপনারা দেখবেন যে, আমরা legal profession-এর দক্ষ অভিজ্ঞ মানুষ নিয়েছি। এগুলি কিন্তু আমরা দল থেকে recruit করিনি। আজ কোথা থেকে করেছেন সেটা জিজ্ঞাসা করবেন কি? আজকে এর উত্তর দিন আজকে স্বজন-পোষণ এই স্তরে চলে গেছে যেগুলিতে সাধারণ মানুষের ভ জড়িত। সাধারণ মানুষের সম্পর্ক জড়িত। এগুলি এরা নিজেদের দলীয় মানু দিয়ে পূরণ করছেন এবং করার চেষ্টা করেছেন। স্বজন-পোষণের এর থে বেশী তুলনা আমি দিতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কিছু কাজ করার কথা বলেছেন এবং discipline and conduct—এগুলির জন্য এ আহ্বান জানিয়েছেন। আজকে বিগত ৩০ বছর শুধু নয়, এ পর্যন্ত ছিল বিধানসভায় পর্যন্ত পুলিশ আক্রমণ করতে সাহস করেছিল। এরা যদি সরকা কর্মচারীদের অবিরত ক্ষিপ্ত করতে থাকে যে, কাজ কর না, এই অবস্থায় য সরকারী যন্ত্রকে নিয়ে যেতে থাকে তাহলে যারা প্রশাসনের দায়িত্বে থাকে তাদের ব্যবস্থা নিতে হয়। আমি আনন্দিত হব, তারা যে আহ্বান দিয়েছে তা যদি সমস্ত সরকারী কর্মচারী সাড়া দিয়ে আইন-শৃঙ্খলা এবং নিয়মানুবর্তি বজায় রাখতে পারে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেক জায়গা অফিস ১২টার আগে খোলে না। আমরা এই অবস্থাও দেখছি। আজকে আম চাইছি, শান্তি-শৃঙ্খলা থাকবে, আইন থাকবে, নিয়মানুবর্তিতা থাকবে এবং যথ কাজে ব্যর্থতা আসবে, তা যদি আসে তাহলে prospects for promotion an emoluments-এর প্রশ্ন এসে যায়। আমাদের এখানে Pay Commissio declare করেছেন সরকারী কর্মচারীদের বিভিন্ন দাবি-দাওয়া সম্পর্কে, pay scal সম্পর্কে অনেকগুলি grade, অনেকগুলি বিভাজন আছে। সরকারী কর্মচারীদের মধ্যে অনেক অসঙ্গতি, অসামঞ্জস্য আমরা দেখেছি। আমরা মনে করি যে Pay Commissio তাঁরা করেছেন, তার terms of reference এমন হবে—মধ্যবর্তীকালে আমরা যখ technocrats verses generalists-দের বিরোধ দেখতে পাই তখন আমরা চে করেছিলাম Ajoy Mukherjee Committee দিয়ে খানিকটা সমন্বয় আনার জন্য সুপারিশ করার জন্য। আমরা চাইবো যে Service Condition and prospect of promotion এটা দক্ষতা এবং যোগ্যতার ভিত্তিতে হবে। এখানে seniority শুধু একমাত্র যোগ্যতা বলে পরিগণিত হবে না, promotion কিম্বা higher grade

এর জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা কথা এসে যায়, district প্রশাসনে যারা থাকবে তাদের দক্ষতা এবং তাদের একটা inclination of mind থাকা দরকার, একটা psychological bent থাকা দরকার। তারা গ্রামের সাধারণ মানুষের মধ্যে থাকবে, আগে যে Beaurocracy ছিল তার মধ্যে একটা ফারাক রাখার প্রয়োজন ছিল। আজকে সেই জিনিস আপনারা দেখবেন যে, এক দক্ষ প্রশাসন নিয়মিত যদি ট্রেনিং না পায়—তাই সে যোগ্যতা ও দক্ষতা হারায়। আজকে administration and management is a science—কাজেই আজকে নিয়মিত ট্রেনিংয়ের সুযোগ যদি না থাকে তাহলে কিন্তু হয় না। আমাদের এখানে সামান্য কিছু সুযোগ আছে refresher course-এ। যারা All India Service করে, যারা Civil service করে, যারা technical service করে তাদের কিছু সুযোগ-সুবিধা আছে। কিন্তু আমি মনে করি ট্রেনিং এবং নিয়মিত refresher course থাকা দরকার। যারা যে কাজের জন্য উপযুক্ত তাদের সেই কাজ দেওয়া দরকার বলে মনে করি এবং নিয়মিত ভাবে বিভিন্ন refresher course-এর ট্রেনিং এবং নিয়মিত ভাবে বিভিন্ন cadrewise, বিভিন্ন দায়িত্ব অনুযায়ী ট্রেনিং দেওয়া হয়, refresher course-এ দেওয়া হয়, এটা যদি evaluation, motivation for work and evaluation of the job হয়, এটা যদি মোটামুটি periodically বিচার করে দেখি এবং সেই অনুসারে এদের চাকরির উন্নতি এবং অবনতির কথা চিন্তা করি, বিচার করি তাহলে সরকারী কর্মচারীদের মধ্যে আরো দক্ষতা আসবে।

[2.00 -2.10 P.M.]

আশা করা ভাল বোধ করি, সরকারী কর্মে আরও দক্ষতা আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও কয়েকটি জিনিস বলতে চাই, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় আমাদের কেন্দ্রের সঙ্গে অনেক সম্পর্ক আছে। এখানে আমরা দেখেছি যে, আমাদের দিল্লীতে যে লিয়াজোঁ অফিসার আছেন, অনেকগুলো দপ্তরের জন্য একজন লিয়াজোঁ অফিসার, কমিশনার গ্রেডের একজন অফিসার আছেন। এই অফিসকে আরও স্ট্রেনদেন করতে হবে। বিভিন্ন দপ্তরের জন্য লবির দরকার। কারণ অন্যান্য রাজ্য লবি করে অনেকগুলো সুযোগ-সুবিধা, অনেকগুলো ইনফরমেশন, অনেকগুলো ব্যবস্থা গ্রহণ করতে পারে। আমরা অনেক জায়গায় এইগুলো গ্রহণ করতে পারি না। সুতরাং দিল্লীর যে লিয়াজোঁ অফিসার আছেন এবং লিয়াজোঁ অফিসগুলো যদি আমরা স্ট্রেংদেন করি, এটা আমরা যদি নিয়মিত দক্ষ মানুষ দিয়ে ম্যান করি

তাহলে রাজ্যের পক্ষে সুবিধা হবে। কারণ কেন্দ্রের কাছে এঁরা অনেকগুলো বক্তব্য উত্থাপন করেছেন, সেই বক্তব্যগুলো যদি ফলো আপ করতে চান, যে কথা আমি আগেই বলেছি, ইণ্ডাষ্ট্রির কথা, export-এর কথা। মাইনরিটিজদের কথা, মুসলিমদের কথা, তপসিলীদের যে প্রবলেম ছিল, সেটা যারা অস্বীকার করবেন, তারা সত্যকে অস্বীকার করবেন. এর জন্য একটা যদি পার্মানেন্ট কমিশন করা যায় তাহলে স্থায়ীভাবে অভাব-অভিযোগগুলো পিরিয়ডিক্যালি বিচার করতে পারা যায়। এই মাইনরিটি কমিশনে যাতে রিপ্রেজেন্টেটিভ থাকতে পারে, অল মাইনরিটিজ,লিংগুইস্টিক, রিলিজিয়াস, তাহলে বোধহয় এর কিছুটা সুপারিশ করা সম্ভব হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে-কোন নীতি কিংবা আইনের সাফল্য নির্ভর করে এবং তদনুযায়ী সরকারের সাফল্য নির্ভর করে পিপল্‌স কো-অপারেশন কতখানি পাওয়া যায়। এই পিপ্‌ল্‌স কো-অপারেশন-এর নামে প্রথম দফার যুক্তফ্রন্ট, দ্বিতীয় দফার যুক্তফ্রন্টের সময়ে দেখেছি গণ-কমিটির কি দুর্বার অত্যাচার। আমরা মনে করি যে, এবং পিপ্‌লের সহযোগিতা মানে পিপ্‌লের নামে দলবাজি চলবে না, গণ-কমিটি নামক দলবাজি কিংবা রাজনৈতিক দলবাজি করে আজকে কিছু মানুষকে, কিছু রাজনৈতিক দলকে বাদ দেবার কোন চেষ্টা হবে না বলে আমরা আশা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই দুই মাসের মন্ত্রিসভা, তাদের কি বলবো। মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় এখানে নেই, তিনি হরতাল-দা নামে খ্যাত, আমি শুধু অনুরোধ করবো মাঝে মাঝে হরতাল আহ্বান করে জনজীবন বিপর্যস্ত হয়ে যায়, আর এখন রাস্তাঘাটের যা অবস্থা হয়েছে, চলাচল করা দায়, আমি শুধু অনুরোধ করবো. এঁরা যেন মাঝে মাঝে সরকার থেকে হরতাল কিংবা ষ্ট্রাইক-এর আহ্বান না জানান। কিংবা একে যে পর্যন্ত সম্ভব, আমাদের অন্যান্য পন্থা অবলম্বন করা যায়, হরতাল আর ষ্ট্রাইক করে সরকারী পর্যায়ে ষ্ট্রাইককে যেন কৌলিন্য কিংবা মর্যাদা দেবার চেষ্টা না হয় সেটা আমি অনুরোধ করবো। আর একটা কথা, আমি মনে করি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তো জানেন, ২৪ তারিখ কিংবা ২২ তারিখে শপথ নিয়েছেন, আজকে আপনি ১৬৬ লক্ষ টাকা চেয়েছিলেন মন্ত্রিসভার জন্য, আপনার তো দু'মাস মন্ত্রিসভা ছিল না। আর একটা কথা বর্তমানে আপনারা ২৭ জন আছেন, পরবর্তীকালে নাকি আরও দু'জন আসবেন—সেপ্টেম্বর মাসে, শুনেছি। তাহলে এই যে মিতব্যয়িতার কথা বলছেন, এটা কি সেই অঙ্কটা প্রতিফলন হচ্ছে? আমাদের খরচটা গ্রামার হবে, কংগ্রেসের ফর্মুলা, কংগ্রেসের নীতি, বামপন্থী সরকারের গ্রামার হবে এই কথা তো আপনারা একবারও বলেন নি। সুতরাং তাঁরা একটু বিবেচনা করে দেখবেন, আর কিছু বলার নেই। শেষ কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে

পশ্চিমবাংলায় যে সরকার দায়িত্ব নিয়েছেন তার ন্যূনতম কর্মসূচী ৩৬-দফা, সেটাই শেষ নয়, যেটা সবচেয়ে কম, এছাড়াও ব্যাপক আছে, আমি আশা করবো, এই সরকার জেলার ক্ষেত্রে এবং সচিবালয়ের ক্ষেত্রে সেই কার্যগুলো রূপায়ণ করতে পারবেন।

সুতরাং জেলার ক্ষেত্রেও এবং মহকুমার ক্ষেত্রেও কিছু বিরোধ আছে। এগুলি আমরা করিনি বলে আপনারাও করবেন না, তা হয় না। যেমন ২৪ পরগনা জেলা একটা বিরাট জেলা, আমাদের আগে থেকে, আমরা '৭২ সালে ক্ষমতায় আসার আগে থেকে দাবি উঠেছে, এই জেলাকে দু'ভাগ করা দরকার। মেদিনীপুরও একটা বড় জেলা। আমি যে জেলা থেকে এসেছি, সেখানেও একটা বিরোধ আছে, কোথায় সদর দপ্তর, এবং বিচার হবে ইত্যাদি ব্যাপারে। আবার অনেক জায়গায় দেখেছি দু'-তিনটি জেলাকে একটা করে দিয়েছেন, তাতে অসুবিধা হচ্ছে। কারণ যোগাযোগ ব্যবস্থার আজকে অসুবিধা দেখা দিয়েছে, পরিবহণ ব্যবস্থার দুরবস্থায় মানুষের চলার ক্ষমতা সীমিত হয়ে যাচ্ছে। সুতরাং কোথায় হেড কোয়ার্টার হবে, কোথায় অফিস থাকবে, কোথায় কোন অফিসার বসবে, এগুলির আজকে রেশনালাইস হওয়া দরকার। এই বিরোধগুলির সমাধান আমরা করিনি বলে মাননীয় মুখ্যমন্ত্রী যদি বলেন, তাঁরাও করতে চান না, তাহলে কিন্তু সেটা ঠিক হবে না। অনেক জায়গায় এই বিরোধগুলি আছে বলে উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে। অনেক ডিস্ট্রিক্টে অনেক ডেফিসিয়েন্সি আছে। সেই জন্য অনুরোধ করব বিভিন্ন মহকুমা হেড কোয়ার্টার, জেলা সদর অফিস বা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স, সেলস্ ট্যাক্সের সদর অফিস, employment exchange office ইত্যাদি বিষয়গুলি নিয়ে যে বিরোধ আছে সেগুলি নিষ্পত্তি যদি হয় তাহলে বোধ হয় প্রশাসনিক ব্যাপারে জনসাধারণকে অযথা হয়রানি থেকে কিছুটা রক্ষা করা যায়। আর একটা প্রয়োজনীয় কথা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী কালকে উষ্মা প্রকাশ করেছিলেন, সে সম্বন্ধে আমি কোন মন্তব্য করছি না। কিন্তু এখানে আমরা যে সমস্ত খবর পাচ্ছি তাতে অনেক জায়গায় আমরা অগণিত অত্যাচারের কাহিনীর সংবাদ পাচ্ছি। পার্লামেন্টের বিরোধী দলের নেতা শ্রীওয়াই বি চবন আমাদের কাছে চিঠি পাঠিয়েছেন এবং এস কার ব্যাক্ এস নাইনথ জুলাই আমি নিজে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে চিঠি লিখেছি। আজকে প্রদ্যোতবাবু ভাগ্যবান যে, তিনি তাঁর চিঠির উত্তর পেয়েছেন। কিন্তু আমি পাইনি। আশা করি পাব। সেই ঘটনা-গুলির কি প্রতিকার হবে, তা ওদের বিচারের ওপর নির্ভর করবে। কিন্তু উত্তর পেলে অন্ততঃ জনসমক্ষে তুলে ধরতে পারব, এই কথা লিখেছিলাম, সরকারের এই

জবাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আমরা যে কাট মোশান দিয়েছিলাম সেগুলি মুভ করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষ মহাশয়।

Shri Deo Prakash Rai : Mr Speaker, Sir, before I place it as a matter of privilege I rise on a point of information. Sir, in the last Session there was a motion which became a resolution and was passed unanimously on the subject of recognition of Nepali language. I want to know what has become of that. Before I raise this matter as a point of privilege—I shall not go to that extent now—I want to know what has happened to the resolution about the recognition of Nepali language.

Mr. Speaker : এ বিষয়ে আমি চীফ মিনিস্টারকে বলবো।

শ্রীরবীন মুখার্জী : স্পীকার স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন আমি তা সমর্থন করছি। জয়নাল সাহেব যে-সমস্ত অবান্তর কথাগুলি উল্লেখ করেছেন আমি তার জবাব দেওয়াও সব জায়গায় প্রয়োজন বলে মনে করি না। কিন্তু তা সত্ত্বেও তাঁকে স্বীকার করতে হয়েছে যে, জ্যোতিবাবু যে চারটি ঘটনার কথায় ব্যক্তিগত ভাবে তার অভিজ্ঞতা ছিল বলে উল্লেখ করেছেন তাতে তিনি অস্বীকার করতে পারেন নি। তিনি আর একটা কথা বলেছেন, লিখিত ভাবে উল্লেখ করবার কথা বলেছেন। কংগ্রেসের মধ্যে অন্তর্দ্বন্দ্ব আছে। কংগ্রেসের মধ্যে অন্তর্দ্বন্দ্ব থাকতে পারে এবং ভবিষ্যতে উঠে যাবে। কিন্তু সেটা কথা নয়। কথা হচ্ছে যারা নিজেদের মধ্যে ২০০ লোককে খুন করেছে, এই হচ্ছে প্রধান কথা। সে সম্বন্ধে আবেদিন সাহেবের কোন কথাই শুনলাম না।

[2.10—2.20 P. M.]

আমাদের কমুনিস্ট পার্টি একটার জায়গায় ২টা বা ৩টা হয়েছে। কিন্তু একটি পার্টি যে, ২০০ লোককে খুন করে গেল সে সম্পর্কে কিছু বললেন না। গত নির্বাচনের পর আমাদের জীবনে অনেক অভিজ্ঞতা হয়েছে। গত ৫।৬ বছর ওই প্রশাসন যন্ত্র যা জ্যোতিবাবু ও মন্ত্রিমণ্ডলীরা উত্তরাধিকার সূত্রে পেয়েছেন সেই প্রশাসন যন্ত্রের কাছ থেকে আমার মত লোকও কোন সাহায্য পাইনি। জয়নাল সাহেবের জানা দরকার গত ৫।৬ বছরের মধ্যে একটা দিনও যায়নি যেদিন আমাকে কুৎসিত ভাবে গালাগালি না করা হয়েছে এবং আমার বাড়ীতে বোমা ফেলে দিয়ে বলে গেছে এখন আমাদের রাজত্ব, যা ইচ্ছা করব, তোমাদের সময় তোমরা কর। কিন্তু আমি

কাছে আশ্বাস দিতে পারি যে, আমাদের সরকার এইসব জিনিস করতে দেবে না। কিন্তু যদিও দেখছি ২/৩ মাস ধরে যারা লুকিয়েছিল তারা হয়ত ভরসা পেয়েছে যে আমরা কিছু করব না এবং পুরাতন যে প্রশাসন ব্যবস্থাগুলি আছে—বিশেষ করে পুলিশী ব্যবস্থা, যার সঙ্গে বছরের পর বছর ধরে তাদের সম্পর্ক ছিল তারা মাথা চাড়া দিতে আরম্ভ করেছে এবং মানুষের মধ্যে নূতন ভাবে আতঙ্ক সৃষ্টি করছে। যাহোক প্রশাসন যন্ত্র যা আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি তাকে আমাদের কর্মসূচীর সঙ্গে যুক্ত করা কঠিন কাজ এবং প্রতি পদক্ষেপে যে বাধা আসবে সে বিষয়ে সন্দেহ নেই। কারণ আমরা দেখছি দৈনন্দিন কাজে আমরা তাদের সহযোগিতা পাচ্ছি না। এসব বাস্তব অভিজ্ঞতা। অর্থাৎ গরীবরা কোন relief পায় না পুলিশের কাছ থেকে। পরপর ৩ দিন লরী সমেত চোর ধরার পর থানায় নিয়ে গেলে পুলিশ বিরক্ত হয়ে বলে রোজ এসব জিনিস ভাল লাগে না। এসব জিনিস চলবে এটা আমরা জানি। কিন্তু তবু আমাদের কাজ করতে হবে। প্রশাসন যন্ত্রকে নিশ্চয় tone up, gear up করতে হবে। M L A, জনসাধারণ এবং প্রশাসনের সঙ্গে যদি একটা নিবিড় সম্পর্ক স্থাপিত না হয় তাহলে আমি মনে করি আগামী দিনে যে কমকাণ্ড রচনা করার চেষ্টা চলছে তা ব্যর্থ হবে। আমাদের সরকার স্থির করেছেন গ্রামাঞ্চলের গরীবদের স্বার্থ রক্ষা করবেন, কৃষকদের জমি দেবেন, ক্ষেতমজুরদের minimum wage চালু করে দেবার ব্যবস্থা করবেন, বর্গাদারদের স্বার্থ রক্ষা করবেন, আমরা জানি যে মুহূর্তে এই কাজ করতে যাবেন তখনই অনিবার্যভাবে বিরোধের মুখে দাঁড়াবেন এবং এর সঙ্গে প্রশাসন যন্ত্র যে থাকবে না তাও বলা যায় না। তাই বলতে চাই পরিবর্তনের মুখে এসে আমরা দাঁড়িয়েছি এবং পরিবর্তন করার চেষ্টা করছি।

কিন্তু এই কথা তো বুঝতে হবে শুধু সেই যন্ত্র সেই লোকগুলো দিয়ে এই কমকাণ্ড করা সম্ভব হবে না। যদি না M. L. A.-র এবং সাধারণ মানুষের সঙ্গতভাবে সংযোগ সাধনের ক্ষেত্র তৈরি না হয়। তা না হলে এটা ব্যর্থ হতে পারে বলে আমার ধারণা। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন এবং অনেকেই জানেন যে, আমাদের এখানে অনেক আইন আছে—যেমন ধরুন লেবার-'ল' আছে, তা ভালো হোক আর যাই হোক নূতন আইন করার কথা হয়তো আমরা ভাবতে পারি, কিন্তু যেগুলি আছে সেগুলির কি হচ্ছে? আমরা অবশ্য সেগুলির বায়বরাদ্দ সমর্থনের জন্যই এখানে দাঁড়িয়েছি। কিন্তু আমরা ট্রেড-ইউনিয়ন করি। আমরা জানি যে, এই সমস্ত ফ্যাক্টরী-আইন প্রতিপালিত হয় না, আমি দেখেছি আমারই এলাকায় কয়েক-দিন আগে আগুন লেগেছে, আশপাশের অনেক জায়গা পুড়ে গেছে, কিন্তু যেখানে

আগুন লেগেছিল সেই পেন্ট ফ্যাক্টরীতে গিয়ে দেখি আগুন নেভাবার কোন যন্ত্র ছিল না। চার/পাঁচ বার এই ধরনের আগুন লেগেছে, অনেক Accident হয়েছে, কিন্তু তবুও কিছু হয়নি। প্রশাসনে যারা কাজ করেন তাদের বিরুদ্ধে মানুষ তখন স্বাভাবিকভাবেই অভিযোগ করে, মানুষ অভিযোগ করে বলে যে এক-আধবার তারা Inspection-এ যান, কিন্তু ফল হয় অন্য রকম, বিন্দুমাত্র কিছু হয় না। এই সমস্যাগুলি ইউনিয়নের সঙ্গে সহযোগিতা করে যদি করা যায়, অন্য রকম চিন্তাভাবনা করে করা যায় তাহলে কিছু করা যাবে। আমি একটা কথা বলছি শ্রীগোপালদাস নাগ মহাশয় D. I. R-এ ২০০ টাকা করে স্মল ইঞ্জিনীয়ারদের ক্ষেত্রে নির্ধারণ করে দিয়ে গেলেন। কতখানি মিথ্যা! তারা করে দিয়ে গেলেন, কিন্তু একটা company-ও মানলো না। তারা হাইকোর্টে গেলো। তারপর বিচার বিভাগ ও প্রশাসন বিভাগ নড়াচড়া করলো না। অথচ তারা বলে গেলেন যে, ২০০ টাকা করে দিয়ে গেলাম, একটা শ্রমিকও পেলো না। সেই মানুষ সেই সব! তাই বলছি এ ধারার যদি পরিবর্তন না হয় কিছু হবে না।

[2.20—2.30 P.M.]

আমার আই. আর. সি. আই. সম্পর্কে অনেক বক্তব্য আছে। প্রশাসন দপ্তরে একটা ভয়ঙ্কর ব্যাপার হয়েছে, কমন ম্যানের টাকা লুঠতরাজ হয়েছে, কোটি কোটি জনসাধারণের টাকা অপব্যয় হচ্ছে। সুতরাং সেই জায়গায় একটু পরিবর্তন দরকার। সেই জায়গার এ্যাডমিনিষ্ট্রেশানে একটা দখল পাওয়ার দরকার আছে বলে আমি মনে করি। সরকারী কর্মচারী অথবা অন্যান্য যাঁরা আছেন স্বাভাবিকভাবে তাঁদের আন্দোলনের সঙ্গে আমরা সহানুভূতিশীল ছিলাম, প্রত্যক্ষভাবে তাঁদের উপর যে অবিচার হয়েছে আমাদের সরকার তার প্রতিবিধান করার জন্য চেষ্টা করছেন। সারা দেশে এঁরা ছড়িয়ে আছেন, এঁদের সঙ্গে, আমাদের সাধারণ মানুষের সঙ্গে একটা যোগাযোগের পদ্ধতি, চিন্তার পদ্ধতি, আমাদের কর্মধারার সঙ্গে তাঁদের যে চিন্তা তার সঙ্গে যদি মিলন ঘটাতে না পারি তাহলে বড় কাজে বেশী দূর এগোতে পারব না। আমরা নিশ্চয়ই কো-অর্ডিনেশান বা অন্যান্য সংস্থাগুলি আছে তাদের সাহায্য নেব এবং সেই ভিত্তিতে একটা পরিকল্পিত পথে আমাদের চলতে হবে। সেই পথে চলতে গেলে খুব স্বাভাবিকভাবেই আমাদের সামনে বাধা-বিঘ্ন আসবে এবং দৈনন্দিন জীবনে বিশেষ করে জমির ক্ষেত্রে যখন কাজ করতে যাব তখন অনিবার্যভাবে আমাদের প্রচণ্ড বাধা-বিঘ্নের সম্মুখীন হতে

রে। এই কারণে মানুষের যে সহযোগিতা সেই সহযোগিতা পাবার পথে বাধা উপস্থিত হয় প্রশাসনিক কায়দায়। আমরা দেখেছি কি পরিমাণ বাধা, কি পরিমাণ ষড়যন্ত্র চারিদিকে নতুন করে শুরু হয় যখন একটা বিশেষশ্রেণী সুবিধাবাদী শ্রেণীর হাতে কোন সরকার হাত দেবার চেষ্টা করেন। আমাদের অর্থমন্ত্রী মহাশয় কালকে বলেছেন, শুনলাম যে তিনি ঘুম কেড়ে নেবেন তাদের যারা আমাদের দেশের মানুষকে শোষণ করে। স্বাভাবিকভাবে এটা তাঁর সদিচ্ছা, সেই সদিচ্ছার সঙ্গে আমরা আছি। কিন্তু ঘুম কেড়ে নেবার আগে এবং পরে যে প্রস্তুতিপর্ব চালান দরকার, প্রশাসনকে ঢেলে সাজান দরকার যাতে প্রশাসনের সঙ্গে সাধারণ মানুষের যোগাযোগ স্থাপন হয় এবং সেই যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে যেখানে বাধা আসবে সেখানে সাধারণ মানুষের যে আশীর্বাদ ভালবাসা সেটাকে নেবার ব্যবস্থা করা দরকার। যারা হাত বাড়িয়ে আছে, সেই প্রসারিত হস্তকে ধরবার জন্য আমাদের গ্রাউন্ড-লেভেলে প্রশাসনের সমগ্র প্রচেষ্টা সেই দিকে প্রসারিত হোক, তার মধ্য দিয়ে যতই বাধা আসুক না কেন সমস্ত বাধাকে অপসারিত করা সম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অভিজ্ঞতা হয়েছে, কয়েক দিনের মধ্যে যে, আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, ৪০, ৫০, ৮০, ১০০ টাকা যাঁরা পেনশান পান তারা ৭-৮ বছর ধরে পেনশান পাচ্ছেন না। সে মারা গেছে তখনও পেনশান পায়নি, তার স্ত্রী পেনশানের দাবি করছে। এটা উপরতলায় হয় না, কিন্তু নিচের তলার সরকারী কর্মচারীরা ৬ বছর পর্যন্ত পেনশান পান না। আমার কাছে অনেক কেস আছে। আমি জ্যোতিবাবুকে অনুরোধ করব যে সমস্ত ভয়ঙ্কর ঘটনাগুলি গত ৫-৭ বছরে ঘটে গেছে তার জন্য কিছু কিছু কমিশন নিয়োগ করবেন, সেই কমিশনের ক্ষেত্রে কার শাস্তি পাবে জানি না, কিন্তু যে বীভৎস ঘটনা ঘটে গেছে তার তথ্য উদঘাটিত হোক। আমরা চাই বরানগরে, বারাসাতে বা অন্যান্য জায়গায় যে ভয়ঙ্কর রকমের ঘটনা সংঘটিত হয়েছে তার তথ্য মানুষের চোখের সামনে আসা দরকার। সেই জিনিসটা উদ্ঘাটন করবার চেষ্টা চলছে, সেই জিনিসটা জনসমক্ষে এলে জনসাধারণ তার বিচার করতে পারবে। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবরঞ্জন সেন ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে রেখেছেন, তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের এই বামফ্রন্ট সরকার তৈরি হবার পর পশ্চিমবাংলার সাধারণ মানুষ আজকে একথা পরিষ্কার বুঝতে পেরেছে যে, আগামী দিনে আমাদের

এই সরকারকে অর্থাৎ এই বামফ্রন্ট সরকারকে সরকারের ভেতরে এবং বাইরে থেকে কংগ্রেসী চক্রান্ত ব্যর্থ করতে হবে। একথা আজ পরিষ্কার যে, আমরা ক্ষমতায় আসার এই ২/৩ মাস পরই কংগ্রেস তরফ থেকে একটা চক্রান্ত শুরু হয়ে গেছে যে, এই সরকারকে কিভাবে ব্যতিব্যস্ত এবং বিব্রত করে তোলা যায়। আমরা জানি এই চক্রান্ত অতীতে ছিল, এখনও আছে এবং ভবিষ্যতেও থাকবে। আমাদের মুখ্যমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দ রাখবার সময় যে বক্তব্য রেখেছেন, সেটা অত্যন্ত পরিষ্কার এবং এতই পরিষ্কার যে, যার জন্য আমরা দেখতে পাচ্ছি বিরোধী তরফ থেকে, বিশেষ করে কংগ্রেস বেঞ্চ থেকে যেভাবে এই ব্যয়বরাদ্দ সম্বন্ধে আমাদের সমালোচনা করা হচ্ছে, তাতে তাঁদের চেহারা অত্যন্ত পরিষ্কারভাবে বেরিয়ে পড়েছে। আমরা কয়েক দিন ধরে দেখছি খবরের কাগজে আমাদের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র করা হচ্ছে এবং একটা বিভ্রান্তিকর প্রচার শুরু হয়ে গেছে। আমরা যাঁরা বর্ধমান জেলা থেকে নির্বাচিত হয়েছি, আমরা জানি বর্ধমান জেলায় গত ৫/৭ বছর ধরে কি খুনের রাজনীতি চালিয়েছে এই কংগ্রেস সরকার এবং তাদের লোকেরা। আজকে জয়নাল আবেদিন বড় গলায় বলতে পারেন বা পূরবী দেবী সংবাদপত্রের মাধ্যমে এই সংবাদ পরিবেশন করতে পারেন যে, পশ্চিমবাংলায় সাধারণ মানুষের বেঁচে থাকার অবস্থার পরিবর্তন হতে চলেছে। আমি তাঁদের পরিষ্কার বলতে চাই যতই বিভ্রান্তি সৃষ্টি করুন না কেন, যতই অপপ্রচার চালান না কেন বাংলাদেশের মানুষ জানে এবং বোঝে কোথায় কিভাবে আমাদের উপর হামলা করবার ষড়যন্ত্র তাঁরা করছেন। এবারে আমি প্রশাসনের কথায় আসছি। আমরা যাঁরা বর্ধমান জেলায় থাকি এবং বর্ধমান জেলার রাজনীতি করি আমরা জানি, আমরা যখন সরকারে বিরোধীপক্ষ হিসেবে ছিলাম, তখন এই কংগ্রেস সরকার এককভাবে কি অত্যাচার এবং তাণ্ডব চালিয়েছিল এবং তখন আমরা কি অসহায় অবস্থায় দিন যাপন করেছি। কিন্তু দুঃখের কথা আজকে আমরা সরকার গঠন করবার পরও দেখছি আমরা কোন রকম সাহায্য এই প্রশাসনের কাছ থেকে পাচ্ছি না। এর কারণ হচ্ছে জেলা প্রশাসনে যাঁরা রয়েছেন, তাঁরা দীর্ঘদিন ধরে একটা জায়গায় বসে আছেন এবং কংগ্রেসী নেতাদের সঙ্গে এবং কংগ্রেসের লোকদের সংগে তাঁদের যে গভীর যোগসাজশ সৃষ্টি হয়েছিল, সেটা তাঁরা আজকেও ভুলতে পারছেন না। তাই আজকে সরকার পক্ষের লোক হয়েও আমাকে আজ বিধানসভায় দাঁড়িয়ে অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সংগে বলতে হচ্ছে যে, প্রশাসনের কাছ থেকে সেই রকম সহযোগিতা আমরা এখনও পাচ্ছি না এবং জানি না কবে সেটা পাব। তবে আমার দৃঢ় বিশ্বাস মুখ্যমন্ত্রী তাঁর জোরালো বক্তৃতার মধ্য দিয়ে যে কথা বলেছেন, তাতে আশা করি শীঘ্রই একটা পরিবর্তন

প্রশাসনের মধ্যে হবে এবং যাঁরা এর মাথায় রয়েছেন, তাঁদেরও পরিবর্তন হবে। আজকে যাঁরা প্রশাসনের মধ্যে রয়েছেন, তাঁদের কাছে বলতে চাই তাঁদের জানা উচিত বাংলাদেশের চেহারা পাল্টে গেছে এবং ভারতবর্ষের চেহারাও পাল্টাচ্ছে। সেজন্যই এই পরিবর্তন বা বদলের সময় আজকে যাঁরা প্রশাসনের মাথায় রয়েছেন, তাঁরা যদি এই চিন্তাধারার সঙ্গে খাপ খাওয়াতে না পারেন, তাহলে অবস্থা খারাপ হবে।

[2.30—2.40 P.M.]

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই বক্তব্য আমি রাখতে চাই প্রশাসনের মধ্যে যে দুর্নীতি, যে দোষ তা মুক্ত করতে না পারি তাহলে আমাদের যে কর্মসূচী তাকে রূপ দিতে পারবো না। আগামী দিনে যে সমস্ত মূল সমস্যাগুলি আমাদের সামনে আসবে তার সমাধান করতে পারবো না। তাই আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে বিবৃতি এখানে উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমি আবার বলি আজকের দিনে যে চক্রান্ত মাথা চাড়া দিয়ে উঠেছে তাকে আমরা প্রতিহত করবোই। ইতিমধ্যে কংগ্রেস-এর তরফ থেকে চক্রান্ত শুরু হয়ে গেছে। প্রবীণ দেবী ইতিমধ্যে সংবাদপত্রে বিবৃতি দিয়েছেন যে সাত দিন আগে তিনি মুখ্যমন্ত্রীর কাছে অনেক জরুরী বিষয়ের সংবাদ দিয়েছেন এবং তিনি আরও বলেছেন এখনও তিনি তার উত্তর পাননি। আমাদের কথা হচ্ছে তিনি তার উত্তর পাবেন এবং উত্তর পেতে তিনি বাধ্য। আগামী দিনে ওঁর দলের লোকেরা প্রশাসনের মাথায় যাঁরা বসে আছেন তাদের সঙ্গে যোগসাজশ করে পশ্চিমবাংলায় যে অচল অবস্থা সৃষ্টি করবার চক্রান্ত শুরু করেছেন সেই প্রচেষ্টা ব্যর্থ হবে, বানচাল হবে। এবং বামপন্থী সরকার পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাবে। আমরা জানি কংগ্রেসের মধ্যে যাঁরা আছেন, ৩০ বছর ধরে তাঁরা ক্ষমতায় ছিলেন। সেই ক্ষমতা তাদের অভ্যাস এবং স্বভাবে দাঁড়িয়ে গেছে। একদিনে তা যাবে না। আমরা জানি ১৯৬৭ সালে এবং ৬৯ সালে যে পদ্ধতিতে তাঁরা কায়েমি স্বার্থকে পুনঃপ্রতিষ্ঠিত করতে পেরেছিলেন, আজকের দিনে সেই পদ্ধতিতে কায়েমি স্বার্থ প্রতিষ্ঠা করা যাবে না। এই অবস্থায় আমি এই সভার কাছে বক্তব্য রাখতে চাই আজকে যাঁরা প্রশাসনে আছেন, জেলা ভিত্তিতে তাঁদের সম্বন্ধে আমাদের অভিজ্ঞতা অত্যন্ত খারাপ এবং হতাশাজনক। আমরা ডি এম, এস পি, এস ডি ও-দের সঙ্গে দেখা করতে যাই, দেখি যে তাদের মনোভাবের কোন পরিবর্তন হয়নি। স্বভাবতঃই দীর্ঘদিন ধরে একটা দলের

একটা শ্রেণীর তাঁরা সেবা করে এসেছেন। সাধারণ মানুষের স্বার্থে সাধারণ মানুষের সঙ্গে খাপ খাইয়ে চলা তাদের পক্ষে সম্ভব নয়। বর্ধমান জেলায় ডি এম, এস পি সবার সঙ্গেই দেখা করে আমার এই তিক্ত অভিজ্ঞতা হয়েছে। কোন সমস্যা নিয়ে গেলেই তাঁরা বলেন আমাদের আর কি করার আছে। একথা আমি পরিষ্কার করে বলতে চাই আমাদের জেলায় আমরা দেখেছি কোন অশান্তি বা কোন ডাকাতি বা খুনের কথা বলতে গেলে প্রশাসনের কাছ থেকে কোন সঠিক উত্তর বা সহযোগিতা পাওয়া যায় না। কিছু দিন আগে বর্ধমানে একটা খুন হয়ে গেছে। তার নাম হাসেম। কংগ্রেসী নেতারা ঐ ডেড বডিটা নিয়ে গোটা সহর শোভাযাত্রা করে জেলা শাসকের কাছে গিয়েছেন। সারা সহর ঘুরেছেন। বিপ্লব বিপ্লব শ্লোগান দিয়েছিলেন এবং আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা করেছিলেন। আমরা জানি কি কারণে কোন অবস্থায় কিভাবে হাসেমের মৃত্যু হয়েছিল। এই কথা যাঁরা প্রশাসনের দায়িত্বে আছেন তাঁদের কাছে আমরা বার বার বলেছি কিন্তু পরিষ্কারভাবে সঠিক উত্তর আমরা সরকারের কাছ থেকে পাচ্ছিনা। দুঃখের কথা, লজ্জার কথা, এই রকম রিপোর্ট আজ পর্যন্ত প্রশাসনের তরফ থেকে কলকাতায় পাঠান হয়নি। পরন্তু আমরা কি দেখছি? তার কয়েকদিন পরে কাটোপাড়া গ্রামে আকবর বলে একজন কর্মী আমাদের খুন হয়ে গেল। মার খেলো বন্ধুর বাড়ীতে বসে মার খেলো। আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করে দেওয়া হল, তার ডাই ডিক্লারেশন নেওয়া হলনা, মৃত্যুকালীন জবানবন্দী নেওয়া হলনা। বারবার চেষ্টা করা হয়েছিল কিন্তু প্রশাসনকে চালু করতে পারা যায় নি। লোকটি মারা গেল কিন্তু সে বলার সুযোগ পেলোনা যে কি অবস্থায় কিভাবে তাকে মারা হয়েছে এখন পর্যন্ত কেস দায়ের হয়নি। আজকে শুনলাম কেস হয়েছে এবং চেঁচামেচি করার জন্য কয়েকজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। এই তো প্রশাসনের অবস্থা এবং এই প্রশাসন নিয়ে আজ জেলাতে, আজও কলকাতার বিভিন্ন অঞ্চলে ঘুরে বেড়ান হচ্ছে। আমরা একথা আরো জানি, আমরা এক মাস আগে বর্ধমান জেলায় আমাদের মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরীর নেতৃত্বে, সভাপতিত্বে আমরা সভা করেছিলাম। সেই সভায় আমরা বর্ধমান জেলার কালনা, কাটোয়া এবং সদর মহকুমার নির্বাচিত প্রতিনিধিরা উপস্থিত ছিলাম, জেলা প্রশাসনের সর্ব স্তরের অফিসাররা উপস্থিত ছিলেন। আমরা আমাদের বক্তব্য, আমাদের যে ক্ষোভের কথা আমাদের প্রয়োজনের কথা—মাননীয় মন্ত্রী মহাশয়ের সভাপতিত্বে যখন সভা চলছিল, আমরা বলেছিলাম বলার ফলশ্রুতি হিসাবে প্রশাসনের দায়িত্বে যাঁরা বর্ধমানে আছেন তাঁরা আমাদের বললেন যে সমস্ত ব্যবস্থা নেবো এবং আমরা বললাম যে বামফ্রন্টের যে কর্মসূচী এই

কর্মসূচীর সঙ্গে যদি আপনারা একাত্ম হয়ে তার সঙ্গে যদি টিউন আপ না করে চলতে পারেন তাহলে এই প্রশাসন দিয়ে, আপনার এম এল এ-দের এত সংখ্যা দিয়েও পশ্চিমবঙ্গের উন্নতি করা যাবে না। তাই আপনারা আপনাদের পরিবর্তন করুন। আপনাদের চিন্তা ভাবনা পরিবর্তন করে আমাদের যে সমাজ-ব্যবস্থার কথা যা আমরা চিন্তা করি, যে রাজনীতির কথা আমরা চিন্তা করি, যে আদর্শের কথা আমরা চিন্তা করি, যে কর্মনীতির কথা আমরা চিন্তা করি, তার সঙ্গে খাপ খাইয়ে আপনারা চলুন। আর তা যদি না পারেন তাহলে মোকাবিলা লাগবে। আমরা জানি প্রতিক্রিয়াশীল শক্তির সঙ্গে আপনাদের যোগাযোগ রয়েছে। তাই স্থির ভাবে আমরা জানি এবং জেনেই আপনাদের বলছি যে এই প্রশাসনে যে গলদ, যে দুর্নীতি, যে ক্ষোভ, তাকে যদি আজকে মুক্ত করতে না পারা যায় তাহলে পরে আমাদের কর্মসূচী অনেকাংশে ব্যাহত করার অপচেষ্টা চলবে এবং তার সঙ্গে যদি কংগ্রেসের যোগ থাকে তাহলে পর সেই অবস্থা আরো খারাপ হবে। আমরা জানি কংগ্রেসীদের মাথার ঠিক নেই, ৩০ বৎসর ক্ষমতায় থাকার পর গদী চলে যাবার জন্য তাদের মাথার ঠিক নেই। এই প্রসঙ্গে একটা গল্প বলি—একজন চাষী তার গরু হারিয়ে গিয়েছিল, সারাদিন ধরে সে সেই গরুটা খুঁজেছে, গরুটা খুঁজে বাড়ীতে ফিরে দাওয়ায় বসে গামছা দিয়ে হাওয়া খাচ্ছিল। এমন সময় ছেলে এসে জিজ্ঞাসা করলো : বাবা গরু পেলে ? বাবা বললেন যে, ভাইরে গরু আর পেলাম না। এমন সময় ছেলের মা যাচ্ছিল পাশ দিয়ে, শুনে বললেন যে মিনষের কি কাণ্ডজ্ঞান নেই ছেলেকে ভাই বলা হচ্ছে। তখন তাকে তিনি বললেন যে, তা মা যা বলেছো, গরু হারালে কি আর মাথার ঠিক থাকে। এই অবস্থা কংগ্রেসের হয়েছে। আজকে তাদের মাথার কোন ঠিক নেই। আজকে তারা বিভিন্নভাবে চেষ্টা করে যাচ্ছে। খুনের পর দিন সেখানে গুণ্ডারা নিজেদের মধ্যে ভাগ বাটোয়ারা নিয়ে মারামারি করে খুন হচ্ছে অমনি তাকে লুফে নেবার চেষ্টা হচ্ছে এবং বলা হচ্ছে কংগ্রেসের লোক খুন হয়েছে। লড়াই শুরু হয়ে গিয়েছে, কাড়াকাড়ি শুরু হয়ে গিয়েছে, কেউ মারা গেলে কে তার ডেড বডি দখল করতে পারে। দুঃখের কথা। আপনারা ভেতরে যান, এলাকায় যান, এলাকায় গিয়ে চিন্তা করুন, লোকদের সঙ্গে কথা বলুন, দেখুন কি অবস্থায়, কি পরিণতিতে সেই সব লোকদের চেহারা কি। এই সব নিয়ে তারপর বাদ পরিবেশন করুন।

[2.40—2.50 P. M.]

এইভাবে অহেতুক বিভ্রান্ত করে সাধারণ মানুষের কাছে একটা সন্ত্রাসের ভাব দিয়ে সরকারকে বিব্রত করার চেষ্টা করবেন না এবং তাতে কোন ফলও হবে না।

আমার অনেক কথা বলার ছিল কিন্তু সময় অল্প বলে বলার সুযোগ নেই, অধিকার নেই। মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেব শরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবি বিধানসভায় পেশ করেছেন আমি তার সমর্থনে আমার বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে কয়েকটি কথা আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর সমীপে নিবেদন করতে চাই। এ পর্যন্ত যে কয়জন বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন তাতে এটা পরিষ্কার হয়ে গেছে যে, এখনও পর্যন্ত আমাদের দেশে আমলাতান্ত্রিক ব্যবস্থা যেটা চালু রয়েছে সেটা দুর্নীতিগ্রস্ত এবং মাথাভারি এডমিনিস্ট্রেশন। এই দুর্নীতিগ্রস্ত আমলাতান্ত্রিক ব্যবস্থার পরিবর্তে সুষ্ঠু এবং পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা গড়ে তুলতে গেলে যে পদ্ধতি গ্রহণ করা দরকার এখন পর্যন্ত বিচ্ছিন্নভাবে কিছু কিছু ক্ষেত্রে হয়ত সংস্কারের প্রচেষ্টা দেখা দিয়েছে কিন্তু আমূল পরিবর্তনের কোন প্রচেষ্টা এখনও পর্যন্ত দেখা যায়নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি আমার সংগে নিশ্চয়ই একমত হবেন যে রাষ্ট্র-কাঠামোর প্রধান স্তম্ভ হচ্ছে সরকারী কর্মচারীরা। কোন প্রাসাদের স্তম্ভ যদি দুর্বল থাকে তাহলে সেই প্রাসাদ যেমন দীর্ঘস্থায়ী হতে পারে না ঠিক তেমনি কোন সরকার যতই ভাল ভাল পরিকল্পনা গ্রহণ করুন না কেন এবং বিভিন্ন জনহিতকর কাজের জন্য যতই অর্থ ব্যবহার করুন না কেন সুষ্ঠু এবং পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা যদি না থাকে তাহলে দেশের সাধারণ মানুষের মঙ্গল আদৌ সম্ভবপর নয়। আমি আমার নিজের অভিজ্ঞতায় দেখেছি বর্তমান প্রশাসন ব্যবস্থার একটা বিরাট ত্রুটি এবং অব্যবস্থা হচ্ছে সরকারী বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয়ের অভাব। এক একটা বিভাগের কর্তারা এবং কর্মচারীরা নিজেদের বিভাগের মধ্যে স্ব স্ব প্রধান, অন্য বিভাগের কাজকে তাঁরা সরকারী কাজ হিসেবে গ্রহণ করেন না। আমি দেখেছি সরকারী বিভাগের মধ্যে সমন্বয় না থাকার জন্য সরকারের অনেক উন্নয়নমূলক কাজ ব্যাহত হয়। এই প্রসংগে একটা উদাহরণ আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। শুধু বিভিন্ন বিভাগের মধ্যে যে সমন্বয়ের অভাব তাই নয়, আমরা দেখেছি এক জেলার কর্তৃপক্ষ অন্য জেলার কর্তৃপক্ষের সংগে কোন সহযোগিতা নিয়ে কাজ করবার যে মনোবৃত্তি সেটাও আমরা গড়ে তুলতে পারিনি।

আমি একটা ঘটনা জানি নদীয়া জেলার কালিগঞ্জ থানায় কাটোয়ার সন্নিকটে একটা ফেরিঘাট আছে। সেই ফেরিঘাটের কর্তৃত্ব কাটোয়া মিউনিসিপ্যালিটির

ফেরিঘাট পারাপার সংক্রান্ত বিষয়ে একটা বিরোধ দেখা দিলে আমরা নদীয়ার কৃষ্ণনগরের এস. ডি. ও-র কাছে নিবেদন করি। যেহেতু বিষয়টা কাটোয়া মিউনিসিপালিটি দেখে এবং ওই ঘাটটা বন্দোবস্ত হয়। সুতরাং কাটোয়ার এস. ডি. ও-র সঙ্গে নদীয়ার কৃষ্ণনগরের এস. ডি. ও-র কথা বলা দরকার। পরিস্থিতি এমন দেখা গেল কাটোয়ার এস. ডি. ও কৃষ্ণনগরের এস ডি. ও-র সঙ্গে কথা বলতে চান, কিন্তু কৃষ্ণনগরে গিয়ে বলতে চান না। আবার কৃষ্ণনগরের এস. ডি. ও কাটোয়ার এস ডি. ও-র সঙ্গে কথা বলতে চান কিন্তু কাটোয়ায় যেতে চান না। আমরা অনেক চেষ্টা করে দুজনার মাঝখানে দুটো এস ডি. ও-র সঙ্গে কথা বলার ব্যবস্থা করা সত্ত্বেও কথা বলা গেল না। সেটা সেই রকম থেকে গেল। আমি এটা উদাহরণ দিয়ে বলছি। বিভিন্ন বিভাগের সমন্বয় নেই শুধু তাই নয়, এক জেলার সঙ্গে অন্য জেলার শাসন কর্তৃপক্ষের যে সহযোগিতা, সদয় মনোভাব দরকার দেশের স্বার্থে সেই মনোবৃত্তি নেই। এর ফলে জনসাধারণের স্বার্থ দীর্ঘদিন বিঘ্নিত হচ্ছে। এই ব্যাপারে বর্তমান সরকার এবং সরকারের যিনি প্রশাসনিক প্রধান মুখ্যমন্ত্রী, তিনি দক্ষ, আমি মনে করি এই বিষয়টা তাঁর মনোযোগ দিয়ে চিন্তা করবেন। বিভিন্ন বিভাগে সমন্বয় সাধন এটা অবশ্য করণীয় হয়ে পড়েছে। অনেক বক্তা বলেছেন যে সরকারী কর্মচারীদের সঙ্গে বা সরকারী কর্মচারী পরিচালনার সঙ্গে জনসাধারণের সক্রিয় যোগাযোগ গড়ে তোলা উচিত। বাস্তবিকই সেই ব্যবস্থা গড়ে তোলা উচিত। জনসাধারণের যোগাযোগ বলতে আমরা একথা বুঝি না বি. ডি. ও সাহেব যে চেয়ারে বসেন সেই ব্লকের ১০/২০ জন দু'শো বা পাঁচশো জন চেয়ার নিয়ে তার পাশে বসে থাকবে বা লাল এ্যাণ্ড ব্লাড-নিষ্ট্রেশান চালাবে তা নয়। জনসাধারণের প্রত্যক্ষ যোগাযোগ সম্পর্কে বলতে চাইছি, জনসাধারণের অভাব-অভিযোগ বা দুঃখ-দুর্দশার কথা লিখিতভাবে তাদের জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের শাসন ব্যবস্থায় একটা কথা চালু আছে লাল ফিতার বাঁধন। তাতে জনসাধারণের বক্তব্য বাঁধা পড়ে। একটা নির্দিষ্ট সময় সীমা, আমি মনে করি ১৫ দিনই যথেষ্ট সময় তার মধ্যে জনসাধারণের দাবি যদি যুক্তিযুক্ত থাকে তাহলে ১৫ দিনের মধ্যে তার একটা সমাধান করা। যদি যুক্তিযুক্ত না থাকে তাহলে দরখাস্তকারীকে তার একটা জবাব দেওয়া। এই ব্যবস্থা যদি চালু করা যায়, তাহলে জনসাধারণের সঙ্গে সরকারী কর্মচারীদের তিক্ততা তা অনেক কম হতে পারে। আর একটা বিষয় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। সরকারী কর্মচারীদের মধ্যে আমরা অনেক সময় অসাধুতা লক্ষ্য করে থাকি। এর অনেক কারণ আছে। অনেকে এর সমাধান চান অসাধু কর্মচারীদের বদলি এবং শাস্তির কথা বলে। শুধু বদলি বা

শাস্তি দিতে গেলে আমার মনে হয় ঠগ খুঁজতে গাঁ উজাড় হয়ে যাবে বা লোম বাছতে কম্বল শেষ হয়ে যাবে।

[2.50—3.40 P.M.]

আমি মনে করি কিছু কিছু নিম্নতম সরকারী কর্মচারী তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের অসাধু পথ অবলম্বন করার কারণ হচ্ছে তাদের মাহিনা। তাদের মধ্যে হতাশার সৃষ্টি করে বিভিন্ন রকম সরকারী নির্দেশ। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে এই বিধানসভায় বাজেট পেশ করার আগে সংবাদপত্রে প্রকাশ হল যে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবার জন্য সরকার চিন্তা করছেন। পরবর্তী পর্যায়ে অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতায় জানা গেল যে সেটা এখনও পর্যন্ত স্থির হয় নি। এই যে বিভিন্ন বক্তব্য সরকার পক্ষ থেকে বলা হচ্ছে এতে সরকারী কর্মচারীদের হতাশা আরও বেড়ে যাচ্ছে। আমি এ বিষয়ে বিশেষ জোরের সংগে দাবি করছি অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে যে কোন যুক্তি নাই পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের কেন্দ্রের সমহারে মহার্ঘ ভাতা দেওয়ার। আমি মনে করি আর্থিক দায়দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের থাকলেও কেন্দ্রীয় সরকারের দায়দায়িত্ব এতে কিছু বাড়বে। অবশ্য এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন। আর একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই সাধারণ মানুষের সংগে সরকারের একমাত্র যোগাযোগ সূত্র হচ্ছে এই সংবাদপত্র। সংবাদপত্র হচ্ছে জনমত সংগ্রহের একটি বিশেষ হাতিয়ার। কিছু দিন পূর্বে সংবাদপত্রে দেখা গেল যে চার জন চোরাকারবারীকে মাজায় দড়ি বেঁধে কলকাতার রাস্তায় ঘোরানো হয়েছে। কিন্তু পরবর্তীকালে ঐ চারজনের কি পরিণতি হোল তা আর সংবাদপত্রে ছেপে বেরুলো না। ঐ যে দুর্নীতিগ্রস্ত কর্মচারী তার কি শেষ পর্যন্ত হোল তা আর জনসাধারণ জানতে পারলো না। আজকে জনসাধারণ এগিয়ে এসে এইসব প্রতিরোধ করবে তারা জানতেই পারে না শেষ পর্যন্ত কি ব্যবস্থা নেওয়া হয়। তাই দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের বিরুদ্ধে জনসাধারণ এগিয়ে আসে না। সেই জন্য এই কথা বলছি যে, ঐ সমস্ত ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হোল—তাদের সাসপেণ্ড করা হোল, মাজায় দড়ি বেঁধে ঘোরানো হোল, শেষ পর্যন্ত কি হোল, তা জনসাধারণকে জানানো দরকার আছে বলে মনে করি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগৌরাঙ্গ সামন্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় প্রশাসন খাতে যে দাবী পেশ করেছেন

ত: আমি সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে জনসাধারণ বামপন্থী ফ্রন্টকে ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে প্রশাসনকে সার্থক এবং স্বচ্ছ করবার জন্য ক্ষমতায় এনেছেন। এই দিকে গোটা ভারতবর্ষ তাকিয়ে আছে। তারা দেখছে এই বামফ্রন্ট সরকার দেশে কি আনতে পারে। তার জন্য একটা বিশ্বাস তাদের মধ্যে ঘটাতে পারলে সমস্ত দেশ আমাদের দিকে আসবে এবং সেই জন্যই এর সার্থক রূপ দেখবার জন্য তারা আমাদের দিকে তাকিয়ে আছে। এই মাত্র দু'মাস হোল এই সরকার আসনে বসেছে। ইতিমধ্যে বিভিন্ন অফিসার বামফ্রন্ট সরকারের কর্মসূচী নিয়ে ইতস্তত করছে। বিভিন্ন রকম অশান্তি নিয়ে লোকে ফিরে আসছে। তারা এই গভর্নমেন্টকে ১৯৬৭ এবং ১৯৬৯ সালে গভর্নমেন্টের মত মনে করছে—শেষ পর্যন্ত চলে যাবে—নানা রকম প্রোপাগাণ্ডা হচ্ছে আর ক'দিন এই গভর্নমেন্ট। অনেকে অনেক কায়দায় কথা বলছে ভেস্টেড ইন্টারেষ্টদের সঙ্গে যাদের যোগাযোগ ছিল তারা এই সরকার যাতে ডিসক্রেডিটেড হয় জনসাধারণ যাতে বুঝতে পারে যে এই সরকার বেশী দিন চলতে পারে না এই রকম বিদ্বেষ ছড়াচ্ছে। যাতে স্পীডে কাজ না হয় সেই রকম একটা গতি দেখা যাচ্ছে। এই আজকে একটা টেলিগ্রাম পেয়েছি যে কেলেঘাই নদীর বন্যায় অনেক কিছু ভেঙ্গে গিয়েছে, ফসলের ক্ষতি হয়েছে।

সেইসব জায়গায় বাঁধ বেঁধে দেবার চেষ্টা হবে, কিন্তু বাঁধ বাঁধছে না। জল বেরিয়ে গেছে, বাঁধ বাঁধা হচ্ছে না। বি. ডি. ও একজিকিউটিভ ইঞ্জিনীয়াররা এখন পর্যন্ত বাঁধ বাঁধার চেষ্টা করছে না। আজকেও আমার কাছে একটি টেলিগ্রাম এসেছে বাঁধ বাঁধার তাড়াতাড়ি এক্সপিডাইড করার জন্য। এই বছর যদি বাধ বাঁধতে না পারা যায় তাহলে আর ধান হবে না। এখনও সময় আছে, এর পরে আর ধান হবে না, বন্যার জল ঢুকে সব ধান নষ্ট করে দেবে। এই ক্ষেত্রে প্রশাসন গড়িমসি করছে, কাজ করছে না। রিলিফ বণ্টনের ক্ষেত্রে আমাদের প্রশাসন ঠিক স্পীডে যেতে পারছে না, কাজ এগোচ্ছে না। আগে কংগ্রেসী আমলে যেসব ভেস্টেড ইন্টারেষ্ট কাজ করছিল এখনও সেই কায়দা তারা ধরতে চাইছে। দুর্নীতির কথা বলা হয়েছে—এখানে দেখা যাচ্ছে কংগ্রেসী আমলে যে-সব অফিসাররা কাজ করেছে এবং যে-সব দুর্নীতিগ্রস্ত কংগ্রেসী কর্মীদের যোগাযোগে কাজ করেছে তাদের সঙ্গে দুর্নীতির খুব যোগাযোগ ছিল। কাগজে দেখতে পাচ্ছি, কমিশনের মাধ্যমে দেখতে পাচ্ছি, এর সঙ্গে বহু অফিসার জড়িত ছিলেন, এখনো তারা রয়ে গেছেন এবং সেই ভাবেই কাজ করবার চেষ্টা করছেন। এই ক্ষেত্রে আমার সাজেসান হল প্রত্যেক ডিপার্টমেন্টে একটি করে ভিজিলেন্স সেল করুন, এটা হলে অনেকটা চেক আপ হয়ে যাবে। আর জনসাধারণের সঙ্গে যোগাযোগ রেখে অফিসাররা চলেন বা যাতে জনসাধারণের

কথা শোনেন তার ব্যবস্থা করুন, তাড়াতাড়ি যাতে তাদের দিয়ে কাজ করানো যায় সেই চেষ্টা করুন, তা না হলে বামপন্থী ফ্রন্টের কর্মসূচীর সুফল আমরা আনতে পারব না। প্রত্যেক কাজেই বাধা পড়লে লোকে বিভ্রান্ত হবে। বিভিন্ন ডিপার্টমেন্টে গভর্নমেন্ট নমিনি আছে, সেগুলি এখনো সরানো হয় নি। কো-অপারেটিভ সেক্টরে গভর্নমেন্ট নমিনি পুরানো কায়দায় বসে আছে, ভাল কাজ হচ্ছে না। এমন কি স্কুলের গভর্নিং বডিতে পুরানো কংগ্রেসের লোকই বসে আছে। সেখানে কাজ হচ্ছে না। আগের কংগ্রেস সরকার যে নমিনেশন দিয়েছে, সেটাই চলছে, সেই নমিনিদের সরানো হয় নি। একই লোক রয়ে গেছে, ফলে তারা এ্যাডমিনিষ্ট্রেশন বানচাল করে দিচ্ছে। তাই আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব প্রত্যেক ডিপার্টমেন্টে একটি ভিজিলেন্স সেল বসানো যায় কিনা দেখবেন, এটা হলে এ্যাডমিনিষ্ট্রেশন কিছুটা চেক আপ হতে পারে। এই কথা বলে আমি ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

(After adjournment)

Shri Deo Prakash Rai : Mr. Speaker, Sir, I rise to take part in the discussion of this budget. I know very well the present Chief Minister and I had a discussion with him also. I also know under what constraints the budget has been prepared and presented today to the people of West Bengal. But, Sir, being a representative of the people I shall be failing in my duties, I shall be a defaulter if I do not speak on this budget. At the very beginning I should say, Sir, what a budget is. Sir, even in any family when we prepare our budget we have got to see the size of the kitchen, the stock position, how much coal is required, how much kerosene is required for the janata stove and all that. But this budget does not reflect that reality. Still I have got great respect for the Chief Minister and I repeat it—I think, Sir, this aspect should be looked into. This budget as presented today to the people of West Bengal is a shadow without any substance. I may tell you, Sir, that if you have a shadow there should be a substance. But this budget is a harangue against the past Government. Sir, past is past. May be, my father was a thief, or my mother was a prostitute, but you have presented a budget which is to decided the lot of the people of West Bengal. Is there anything in this budget except charges against the past Government ? Whatever it may be, may be, there was a political motive, but there used to be a hill development budget in the past. Is there anything in this budget for the development of the hill areas ? But in the State sector and in the Central sector money is there. If you want to treat Darjeeling as a backward area there should have been a special budget for the development

of that area. Your budget is silent on this point. In this budget there is no provision for the development of hill areas. There was, at least, a special provision in the past. Dr. Zainal Abedin is looking at me. Are you happy ? You are not because you are one of the culprits. Sir, let me bold enough to say, I am not a here worshipper, but my leaders in West Bengal were Dr. Shyamaprosad Mookherjee, Netaji Bose, Dr. B. C. Roy and, now has come Shri Jyoti Basu. Sir, I want things to be done. I do not want this Government to repeat what Shri Siddhartha Shankar Ray did, to hoodwink the people here. I want the present Government to take this opportunity to help the people of the State. On my own behalf and on behalf of my party I shall not hesitate to offer my high regards to Shri Jyoti Basu. Sir, I am not a hypocrite. I am not Dr. Zainal Abedin. I am not a person hankering after power to become a Minister. Sir, though I am not accepting this budget, I want to give this Government an opportunity to work and, at the same time, I want to make it clearly known that I am fully with this Government.

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যয়-বরাদ্দের সম্পূর্ণ সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। প্রথমে আমি যে কথা বলতে চাই, সেটা হচ্ছে গত ৫ বছর ধরে যেভাবে আমাদের প্রশাসনকে কংগ্রেসের এম. এল. এরা ব্যবহার করেছিলেন সেটা শুধু অগণতান্ত্রিক ছিল না, সেটা ছিল মানুষের উপর দমন পীড়নের একটা হাতিয়ার এবং এই সম্পর্কে আমি দুটো উদাহরণ দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার মনে আছে বাণাঘাটে সত্য ভূষণ ঠাকুরতা নামে একজন অঞ্চল প্রধান ছিল। তার ১॥ লক্ষ টাকার সম্পত্তি লুঠপাট করে যখন তাকে বাড়ী থেকে তাড়িয়ে দেওয়া হল, তখন বি. ডি. ও.-এর অফিসে আমরা দরখাস্ত করেছিলাম। এখানকার মন্ত্রী ছিলেন তখন সুব্রত মুখার্জী, তার কাছে দরখাস্ত দেওয়া হয়েছিল, একটা তদন্ত হল কিন্তু সেই ফাইল চাপা পড়ে আছে। ১৯৭৩-৭৪ সাল থেকে সেই ফাইলটা আজ পর্যন্ত নড়াচড়া করছে না। এই সম্পর্কে স্থানীয় মহকুমা শাসককেও জানিয়েছি, কিন্তু সেই ফাইলের মধ্যে কি আছে সেটা আজ পর্যন্ত প্রকাশিত হল না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো এটা দেখার জন্য যে এই জিনিসটাকে কে ধামাচাপা দিয়েছে এবং কংগ্রেসের দুর্নীতিকে সমর্থন করছে তার সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য দাবি জানাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এখানকার যারা এম. এল. এ ছিলেন গত ৫ বছর তারা ছিলেন সেই অঞ্চলের মহকুমা শাসক বা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট। এখানে এমন একজন এম. এল. এ ছিলেন, গত রেল-ষ্ট্রাইকের সময় যার হাতে পশ্চিমবঙ্গ সরকার থেকে ৬০ হাজার টাকা দেওয়া হয়েছিল এই রেলওয়ে শ্রমিক আন্দোলনকে

দমন করার জন্য এবং সেই টাকা দিয়ে গুণ্ডা বাহিনী দিয়ে রেলের শ্রমিকদের বাড়ীতে বাড়ীতে ঢুকে অত্যাচার করেছিলেন। আমরা সেই সম্পর্কেও জানিয়েছিলাম তৎকালীন মুখ্যমন্ত্রী এবং চীফ সেক্রেটারীর কাছে। কিন্তু এর প্রতিকার আজ পর্যন্ত হয়নি। সেই এম. এল. এ বাবুরা প্রশাসনকে হাতে নিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই মন্ত্রিসভার একজন মন্ত্রী ছিলেন, নদীয়া জেলার বর্তমান যিনি ম্যাজিষ্ট্রেট আছেন, তাকে অপমান করতে ছাড়েননি। এবং যার জন্য তাকে দিল্লীতে ছুটে যেতে হয়েছিল। সেখানে গিয়ে অফিসারদের একটা মিটিং করে একটা বিহিত ব্যবস্থা করার চেষ্টা করা হয়েছিল। অর্থাৎ কংগ্রেসের এম. এল. এরা এবং কংগ্রেসের তথা কথিত গুণ্ডার নেতৃত্বে আজকে প্রশাসনকে সম্পূর্ণ ব্যবহার করে আজকে তারা দেশের অরাজকতার সৃষ্টি করেছিল।

[3.40—3.50 P M.]

আমরা অত্যন্ত আনন্দিত বর্তমান সরকার সেই সমস্ত ঘটনা তদন্ত করে, যার দোষী ব্যক্তি তাদের শাস্তি বিধানের ব্যবস্থা করবেন। আমি এটাই বলতে চাই সংগে সংগে শুধু অফিসারদের দোষ দিলে চলে না, আমরা লক্ষ্য করেছিলাম সেই সময়, অফিসারবা ছিলেন হাতের পুতুল, ক্রীড়নক। আমরা এস. ডি. ও-কে যখন জানিয়েছি, আজকে এম. এল. এ সেই সব কাজ করছে, প্রকাশ্য রাজপথে রিভলভার ধরছে, ব্যবস্থা করুন, এস ডি ও. বলছেন, আমার কিছু করবার নেই। অর্থাৎ এখানে যারা মন্ত্রী ছিলেন, মুখ্যমন্ত্রী সমেত এই সব ব্যবস্থাকে সমর্থন করে অরাজক অবস্থা সৃষ্টি করতে সাহায্য করেছিলেন। আজকে প্রশাসনকে যদি সেই অবস্থা থেকে মুক্ত করতে না পারি তাহলে দেশের মধ্যে কোন গণতান্ত্রিক শাসন ব্যবস্থা চালু করা সম্ভবপর নয়। আমরা এটাও জানি, এখনও যারা বিভিন্ন বড় বড় অফিসার আছেন, তাদের মধ্যে এমন কিছু অফিসার আছেন যারা সেই পুরান রাজত্ব আবার প্রতিষ্ঠা করতে চান, পুরান ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চান। এই বিষয়ে জনগণ সচেতন আছে। আজকে যে সমস্ত অফিসার এই সমস্ত জিনিস পুনরায় চালু করতে চাইবেন তাদের সম্পর্কে আমরা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করবো এবং দরকার হলে জনসাধারণ আন্দোলন করে সেই সমস্ত অন্যায় কাজ বন্ধ করবার ব্যবস্থা করবেন। কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে এই, বর্তমানে যারা সরকারী অফিসার আছেন, সরকারী কর্মচারী আছেন তাঁদের সঙ্গে সহযোগিতা করে আমরা কাজকর্ম করতে চাই। এবং তাদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখে আমরা কাজ করতে

চাই যে কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। আমরা আমাদের জেলাতে বা বিভিন্ন অঞ্চলে লক্ষ্য করে দেখেছি, এমন সব সৎ অফিসার আছেন, মহকুমা শাসক আছেন, যারা আমাদের সঙ্গে সহযোগিতা করে চলেছেন, আবার কিছু কিছু অফিসার আবার দেখা যাচ্ছে, তারা গণ্ডগোল করছেন। যেমন আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমাদের জনসাধারণের সঙ্গে সবচেয়ে বেশী সংযোগ হচ্ছে বি ডি ও. অফিস এবং জে. এল. আর. ও অফিস। এই জে. এল আর. ও অফিস-এর মাধ্যমে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করা যেতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, গত ছয় বছরে জে এল. আর. ও. অফিস এবং বি. ডি. ও. অফিস, এই দুটো অফিস দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। আমরা দেখি এই সব অফিসার যারা বসেছিলেন জে. এল. আর ও. অফিসে, তারা জমিদার জোতদারদের কাছ থেকে টাকা খেয়ে, ভাগচাষীদের উচ্ছেদ করতে সহায়তা করেছেন। আজকে দেখা যাচ্ছে কৃষকদের স্বার্থ রক্ষা করার পরিবর্তে জমিদারদের স্বার্থ রক্ষা করার জন্য এগিয়ে গেছেন, দুর্নীতির একটা পীঠস্থান সেখানে গড়ে উঠেছিল। আমরা আশা করবো, বর্তমান রাজত্বে সেই দুর্নীতি বন্ধ হবে এবং জে. এল. আর. ও. অফিস এবং বি. ডি. ও. অফিস সুষ্ঠুভাবে কাজ পরিচালনা করতে পারবে এবং দুর্নীতি মুক্ত হয়ে কাজ করতে পারবে, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হবে। আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে যদি আমলাতান্ত্রিক ব্যবস্থার অবসান করতে চান, তাহলে সেটা উপর থেকে করতে হবে এবং আমি যেমন মন্ত্রী মণ্ডলীর ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য সমর্থন করছি, তেমনি আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে এই কথা বলবো যে, আমি অনেকদিন ধরে এই হাউসে আছি, আমি দেখেছি অনেক মুখ্যমন্ত্রীকে টেলিগ্রাম করেছি, চিঠি লিখেছি, তার উত্তর পাওয়া যায় নি, কিন্তু বর্তমান মুখ্যমন্ত্রী—আমরা অত্যন্ত আনন্দের সংগে উপলব্ধি করেছি যে, সেই টেলিগ্রাম এবং চিঠির উত্তর মুখ্যমন্ত্রীর কাছ থেকে পাচ্ছি। কিন্তু এখনও অনেক মন্ত্রীর দপ্তর আছে আমরা চিঠি লিখি, তাদের কাছ থেকে কোন জবাব পাচ্ছি না, জবাব দেবার প্রয়োজন বোধ করেন না। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি এই বিষয়ে মন্ত্রী মণ্ডলীকে একটু বলুন, যাতে এম. এল. এ-রা যে সমস্ত চিঠিপত্র দেবেন বা টেলিগ্রাম পাঠাবেন তার একটা উত্তর যেন আমরা পাই। আজকে ফাইল সম্বন্ধে বলি, ৩/৪ বছর কেটে গেছে, ফাইল পড়ে রয়েছে, কংগ্রেস রাজত্বে একটা বার এ্যাসোসিয়েশন থেকে আছে, তার কোন উত্তর পাওয়া যায় না, বার এ্যাসোসিয়েশন থেকে একটা রেজলিউশন করে পাঠানোর পর তার কোন জবাব আমরা পেতাম না। সেই জিনিসটার যাতে অবসান হয় তার ব্যবস্থা নেবার জন্য

অনুরোধ জানাবো। আমার ঐ অঞ্চল থেকে পোস্টমর্টেম রুম পরিবর্তন করার ব্যাপারে জেলা ম্যাজিস্ট্রেট মঞ্জুর করে পাঠিয়েছেন, কিন্তু প্রেসিডেন্সি ডিভিশনের কমিশনার অফিসে সেটা আজকে গত ১ বছর ধরে আটকে আছে।

প্রেসিডেন্সি ডিভিশনের কমিশনারকে চিঠি লিখেও আজ পর্যন্ত আমরা তার উত্তর পাচ্ছি না। কোন ব্যবস্থাই আজ পর্যন্ত হচ্ছে না। এই ভাবে রাইটার্স বিল্ডিং-এর দপ্তরে দপ্তরে বি, ডি. ও. অফিস থেকে এবং জেলা শাসকের অফিস থেকে জেলার বহু সমস্যা সম্বন্ধে চিঠি-পত্র এসে পড়ে আছে। সে সম্বন্ধে কোন কিছুই হয় না। আমরা জানি এগুলি এক দিনে হবে না, দু' দিনে হবে না। কিন্তু দ্রুত আমাদের এদিকে দৃষ্টি দিতে হবে। সে বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

দ্বিতীয় কথা হচ্ছে সরকারী কর্মচারীদের বেতন কাঠামো নিয়ে একটা কমিশন বসা হয়েছে। এটা আনন্দের বিষয়। আমরা জানি বিভিন্ন ক্ষেত্রের সরকারী কর্মচারীরা রয়েছেন, তাদের মধ্যে পিওন বা ক্লাশ ফোর কর্মচারী যারা রয়েছেন তাদের ৩০ বছরের কংগ্রেসী রাজত্বের পরেও যে বেতন কাঠামো রয়েছে তাতে ১ মাসের বেতনে তারা ১০ থেকে ১২ দিন সংসার চালাতে পারে, তার বেশী পারে না। আজকে তাদের চিকিৎসার কোন সুযোগ নেই, তাদের ছেলে-মেয়েদের লেখা-পড়ার কোন সুযোগ নেই। সুতরাং বর্তমান সরকারের সীমিত সামর্থ্যের মধ্যেও ক্লাশ ফোর কর্মচারীদের সম্বন্ধে চিন্তা করা দরকার। সুতরাং এটা আনন্দের কথা যে, সরকার তাদের সম্বন্ধে চিন্তা করেই পে-কমিশন গঠন করতে চলেছেন।

আর একটা বিষয় হচ্ছে আমাদের সরকার লোকাল সেল্ফ গভর্নমেন্টের জন্য নাকি বহু টাকা পয়সা ব্যয় করেন। এই মিউনিসিপ্যালিটিগুলি তদারকি করবার জন্য সরকারের ইন্সপেক্টর আছে। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে সেই ইন্সপেক্টররা কোন মিউনিসিপ্যালিটির তদারকি করেন কি? এ বিষয়ে আমাদের সন্দেহ আছে। প্রতিটি মিউনিসিপ্যালিটিতে দুর্নীতি চলছে। আমরা দেখছি মিউনিসিপ্যালিটি এ্যাডমিনিষ্ট্রেটর দুর্নীতি করছে। রাস্তাঘাটের সুব্যবস্থা হয় না। টাকা পয়সার সুব্যবস্থা হয় না। কোন ইন্সপেক্টর সেখানে আজকে যায় বলে আমার মনে হয় না। আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি পৌর শাসনে আজকে যে একটা অচলাবস্থা চলছে এ বিষয়ে যখন আলোচনা হবে তখন আরো বলব।

এখন আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে বিভিন্ন ক্ষেত্রে যে দুর্নীতি দেখা দিয়েছে, সেই দুর্নীতি দূর করার জন্য আমাদের জনসাধারণের তরফ থেকে সক্রিয় সহযোগিতা প্রয়োজন।

কিন্তু তাই বলে আমরা চাই না আগেকার কংগ্রেসী এম. এল. এ-রা যেমন সমস্ত প্রশাসনের ওপরে গিয়ে বসেছিলেন সেই রকম কিছু। এস. ডি ও-দের বা অন্যান্য সরকারী অফিসারদের, কর্মচারীদের কোন ক্ষমতা থাকবে না, এ জিনিস আমরা চাই না। আমরা সরকারী কর্মচারীদের ন্যায্য মর্যাদা দিতে চাই। তারা যেন জনসাধারণের এবং জনপ্রতিনিধিদের সমস্ত সহযোগিতা নিয়ে কাজ করেন। তার জন্য প্রশাসনিক নির্দেশ তাদের দেওয়ার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব। গত ৩০ বছর যেভাবে প্রশাসন চলেছিল, সেটা ছিল বাণ্ডিগার, ভ্রষ্টাচার, দুর্নীতির রাজত্ব। এই রাজত্বের অবসানের জন্যই গত নির্বাচনে জনসাধারণ আমাদের ভোট দিয়েছেন। সুতরাং আমাদের সকল উন্নয়নমূলক কাজে আমলাতান্ত্রিক ব্যবস্থা যাতে বাধা দিতে না পারে তার জন্য সেদিকে মাননীয় মুখ্যমন্ত্রী দৃষ্টি দেবেন, এই আশা আমরা করছি। জনসাধারণ গত নির্বাচনে আমাদের পরিপূর্ণ সমর্থন করেছে, সেই সমর্থনকে কাজে লাগাবার আমরা সাধ্যমত চেষ্টা করে যাব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রশাসনিক ব্যয় বরাদ্দের যে দাবি আমাদের সামনে পেশ করেছেন, তার উপর আলোচনা করতে গিয়ে আমি আজকে মূলতঃ সরকারের প্রশাসন পরিচালনা সম্বন্ধে একটি বামফ্রন্ট সরকারের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গি কেমন হওয়া দরকার, তার মধ্যেই আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। কারণ আমরা দেখেছি ইতিপূর্বে ভারত সরকার দুনিয়ার অন্যান্য সমস্ত প্রতিক্রিয়াশীল সরকারের আমলাতন্ত্রের উপর নির্ভর করে আমলাতান্ত্রিক দৃষ্টিভঙ্গির দ্বারা তাদের সরকার এবং প্রশাসনকে পরিচালনা করে এসেছেন।

[3.50—4.00 P.M.]

সরকার ও প্রশাসন পরিচালনার ক্ষেত্রে তারা কখনই জনসাধারণের সহযোগিতা গ্রহণ করেন নি। তাঁরা মূলতঃ আমলাতন্ত্রের উপর নির্ভর করে সরকার পরিচালনা করেছেন। ফলে তারা আমলাতন্ত্রকে শুকর দিয়েছেন। এদের জন্য যথেষ্ট অর্থ ব্যয় করেছেন। প্রশাসনকে মাথা ভারী করেছেন। এ জন্য বিগত ৩০ বছর ধরে এই বিরোধী বেঞ্চ থেকে এই আমলাতন্ত্রের জন্য দরিদ্র মানুষকে বঞ্চিত করে যে বিপুল অর্থ ব্যয় করা হোত তার বিরুদ্ধে প্রতিবাদ হয়েছে। কংগ্রেসী সরকার যতই আমলাতন্ত্রের উপর নির্ভরশীল হয়েছেন ততই তাঁরা জনসাধারণের সমর্থন হারিয়েছেন

এবং ততই মাথাভারী আমলাতন্ত্রের উপর নির্ভর করেছেন এবং এর জন্য অধিকতর অর্থ ব্যয় করেছেন। এখন বাম সরকার প্রশাসন পরিচালনার ক্ষেত্রে কোন দৃষ্টি-ভঙ্গির দ্বারা পরিচালিত হবেন? তারা নিশ্চয় অতীতের কংগ্রেসী সরকার যেভাবে আমলাতন্ত্রের উপর নির্ভর করেছিল তার থেকে প্রশাসনকে দৃঢ় হস্তে মুক্ত করার চেষ্টা করবেন এবং সমস্ত প্রতিক্রিয়াশীল চক্রান্তকে ব্যর্থ করার জন্য গণ-আন্দোলন গড়ে সরকারের বাম চরিত্রকে অটুট রাখার চেষ্টা করবেন। সেজন্য দেশের মানুষ আশা করে বাম সরকার মাথাভারী শাসনকে লালন পালন করার জন্য যে টাকা ব্যয় হয় সেই টাকা হ্রাস করে উদ্বৃত্ত অর্থ জনকল্যাণমূলক খাতে ব্যয় করে জনসাধারণকে relief দেওয়া এবং তাদের সুযোগ-সুবিধার মাত্রা খানিকটা প্রসারিত করা যেতে পারে। আমি বাজেটের খুব details-এর মধ্যে যাবো না। ৩টি খাতে ব্যয় বরাদ্দ আছে ৬০ কোটি ৮১ লক্ষ টাকা। কংগ্রেস সরকার ওই খাতে বছরের পর বছর টাকা বাড়িয়ে এসেছেন। গত বছর এই তিনটি খাতে ছিল ৬ কোটি ৭২ লক্ষ ৩০ হাজার টাকা, সেটা বেড়ে হল ৭ কোটি ৮১ লক্ষ টাকা—অর্থাৎ ১ কোটি ১১ লক্ষ ৫৬ হাজার টাকা বেড়ে গেল। এটা ঠিক যে অল্প সময়ের মধ্যে drastically এই জিনিস কাটা সম্ভব নয়। কিন্তু তার শুরু দেশের মানুষ আশা করেছিল—যেটা গোড়ায় হল না। দ্বিতীয় কথা হচ্ছে, প্রশাসন শুধু গণতন্ত্রের জন্য নয়, সৎ প্রশাসনের জন্য নয়, আমলাতন্ত্রকে যদি effectively কাজ করতে হয়, তাকে যদি নিয়ন্ত্রিত করাতে হয়, তাহলে যেটা essential সেটা হচ্ছে প্রশাসনের নিরপেক্ষতা বজায় রাখা। এটাই হচ্ছে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন।

এই নিরপেক্ষতা বজায় রাখার কথা এই জন্য বলছি গুরুত্বপূর্ণ কথা বলছি কেননা আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে এই প্রশাসন সম্পর্কে, আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে আমলাদের সম্পর্কে। আমরা ৩০ বৎসর ধরে স্বাধীনতা অর্জন করেছি কিন্তু আজ পর্যন্ত অন্যান্য দুনিয়ার পুঁজিবাদী দেশগুলিতে যে Minimum democratic norm ও administrative neutrality যা মেনটেন করা হয় আমাদের দেশের আমলাদের মধ্যে সে জিনিস নেই। আজও পর্যন্ত সেই colonial heritage ব্যবস্থা আচার-আচরণ এই আমলাতন্ত্রের মধ্যে বর্তমান। ফলে যার জন্য আপনারা সবাই জানেন যে আমলাতন্ত্রে administrative neutrality হারাতে হারাতে এরূপ একটা জায়গায় চলে এসেছে যে দুনিয়ার মানুষের কাছে দৃষ্টান্ত স্থাপন করেছে। দেশের মধ্যে একটা সাজানো বিধানসভা দাঁড় করিয়ে দিয়েছে, একটা election-কে rig করেছে with the help of Amla and bureaucrat। তাহলে কোন জায়গায় চলে গেছে? আজকে তারা ঘাপটি মেরে

রয়ে আছে। এই হচ্ছে administration-এর চেহারা—এই হচ্ছে তার tradi-tional heritage। যে বাঘ একবার রক্তের স্বাদ পেয়েছে, মানুষের স্বাদ পেয়েছে সে আপাততঃ চুপ করে থাকলেও তাকে বিশ্বাস করা যায় না। এই background আমলাতন্ত্রের মধ্যে রয়েছে। একে নিয়ন্ত্রিত করে রাখতে হবে। একে ভুলে গেলে হবে না। বিশেষ করে যারা বৈজ্ঞানিক সমাজতন্ত্রের সঙ্গে পরিচিত, ইতিহাস সমাজ-বিজ্ঞানের ছাত্র, তারা ভালো করেই জানেন যে, আমলাতন্ত্র bureaucracy যেটা নাকি permanent organ of the state এই শ্রেণী বিভক্ত সমাজে শ্রেণী শাসনে ও শোষণে দমন ও নিপীড়নমূলক রাষ্ট্রযন্ত্রের হলো অন্যতম হাতিয়ার। তাতে permanent o gan হচ্ছে আমলাতন্ত্র। তারা অত্যন্ত powerful অত্যন্ত শক্তিশালী কাজেই সরকার যদি এ ব্যাপারে যথেষ্ট সচেতন দৃষ্টি না রাখেন তাহলে সমূহ বিপদ। এখানেও administrative neutrality-র প্রশ্ন ওঠে। আপনারা দেখেছেন যে যারা সরকার চালায় আমলাতন্ত্রর স্বাভাবিক প্রবণতা থাকে যে যেমন করে হোক ruling party-কে satisfy করা, administrative neutrality তার democratic minimum norm violate করে somehow ruling party-কে satisfy করা যায় এই হচ্ছে তাদের প্রবণতা। এই চেষ্টা তারা চিরকাল ধরে করে আসছে। তারা ঘ্রাণ নিয়ে বুঝতে পারে। তারা চেষ্টা করে টোপ গেলাবার। এবং কোনক্রমেই যদি বুঝতে পারে যে টোপ গিলেছে তাহলে কার্য-সিদ্ধি। কারণ তারা জানেন যে কোনক্রমে যদি একবার এই জিনিসটা develop করাতে পারি তাহলেই হলো। তাই কংগ্রেস আমলে এই আমলারা ভয় পায় নি। মন্ত্রীরাও জানতো আমলাদের কিছু বলবার তাদের ক্ষমতা নেই কারণ একটা কথা বললেও দশটা কথা শুনিয়ে দেবে।

[4.00—4.10 P. M.]

আমাকে একথা বলতে হচ্ছে কিছু লক্ষণ আমার কাছে খুব ভাল বলে মনে হয় না, যেমন কিছু কিছু ক্ষেত্রে সরকারের কাছে আশা করে দলমত নির্বিশেষে সবাই সমস্ত গণ-সংগঠনগুলি তাদের বক্তব্য সরকারের কাছে রাখবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু ক্ষেত্রে সমস্ত সংগঠনগুলির ক্ষেত্রে সমান দৃষ্টিভঙ্গি নিয়ে তাদের দেখা হচ্ছে না। দৃষ্টান্তস্বরূপ আমি বলতে পারি অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন সরকারী কর্মচারীদের মতামত নিয়ে পে কমিশন গঠন করা হয়েছে। কিন্তু আমার জানা আছে এখানে সমস্ত সরকারী কর্মচারীদের যে

সংগঠন, বিভিন্ন সংগঠন, সকলের সঙ্গে আলোচনা করা হয়নি। কোন্ কোন্ ক্ষেত্রে আপনারা যদি বলেন আমি উদাহরণ দিতে পারি বিভিন্ন সংগঠনের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তরে কিছু ডেপুটেশান গেছে, স্মারকলিপি গেছে। এমন অনেক দৃষ্টান্ত আছে সেই স্মারকলিপি পাওয়ার ক্ষেত্রে এ্যাকনলেজ করা হয়নি। উদাহরণ স্বরূপ বলতে পারি পশ্চিমবঙ্গ নিম্নতম চতুর্থ শ্রেণী সরকারী কর্মচারী সমিতি জুলাই মাসে তাঁদের বিভিন্ন দাবি-দাওয়া সম্বলিত একটা স্মারকলিপি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত সেই স্মারকলিপি এ্যাকনলেজ করে কোন চিঠি তাঁর কাছ থেকে যায়নি। আরো আমি উদাহরণ দিতে পারি ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ এমপ্লয়িজ ইউনিয়ন, এই ইউনিয়নের পক্ষ থেকে তাঁদের কিছু অভিযোগ নিয়ে তাঁরা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আবদুল হালিম সাহেবের কাছে গিয়েছিলেন, কিন্তু তাঁরা কোন হিয়ারিং পাননি যেহেতু তাঁরা কো-অর্ডিনেশান কমিটির মাধ্যমে আসেননি বলে। এই রকম কিছু কিছু অভিযোগ আমাদের কাছে আছে এই জিনিস যদি শুরু হয়ে থাকে তাহলে আমলাতন্ত্র চোখ কান পেতে আছে, তারা দেখছে, তারা কিন্তু ভবিষ্যতে এর পূর্ণ সুযোগ নেবে। তাই আমি বলব এই জিনিসগুলি দেখা দরকার। আর একটা কথা আমি বলব আমলাতন্ত্রের ক্ষেত্রে যে দুর্নীতি বিশেষ করে অতীতে যাঁরা এই ভাবে প্রশাসনকে অন্যায়ভাবে লঙ্ঘন করে বিশেষ একটা সরকারের হয়ে আমলাতন্ত্রকে ব্যবহার করেছে তার প্রকাশ্য তদন্ত হওয়া দরকার। কিছু কিছু তদন্ত শুরু হয়েছে। আমি উদাহরণ স্বরূপ বলতে পারি এত বড় যে রিগিং হয়ে গেল, সেই রিগিং করে বিধানসভা দাঁড় করিয়েছিল, সেই রিগিং মেশিনারী সম্পর্কে তদন্ত হওয়া দরকার, যারা জালিয়াতি করে একটা নির্বাচন দাঁড় করিয়েছিল।

শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ মাননীয় স্পীকার মহোদয়, আজকে এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর প্রশাসন খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন এবং তিনি যে বক্তব্য রেখেছেন সেটা আমি গভীর মনোযোগের সাথে শুনেছি। এঁরা নতুন এসেছেন, প্রশাসনকে কতখানি উন্নত করতে পারবেন সে সম্পর্কে এখনও বিচার করার সময় আসেনি। তবে প্রশাসন বর্তমানে যে অবস্থায় রয়েছে সেই চিত্র সম্পর্কে এঁরা সঠিকভাবে অবহিত হয়ে যদি কাজ করতে না পারেন এবং প্রশাসনকে ঠিকমত পরিচালিত করতে না পারেন তাহলে সামাজিক এবং অর্থনৈতিক ইপ্সিত লক্ষে পৌঁছানোর কথা যেটা বাজেটের মধ্যে বলা আছে সেই লক্ষ্যে পৌঁছানো সম্ভব হবে না।

আমরা একটা গণতান্ত্রিক রাষ্ট্রে বাস করি এবং এই রাষ্ট্রের লক্ষ্য হিসেবে আমরা গণতান্ত্রিক সমাজবাদকে স্বীকার করে নিয়েছি। এই গণতান্ত্রিক সমাজবাদকে যদি সম্পূর্ণরূপে সাফল্যমণ্ডিত করতে হয় তাহলে প্রধান কাজ হবে শাসন-ব্যবস্থা তার সমস্ত শক্তি জনগণের কল্যাণের জন্য, জনগণের উন্নতি সাধনের জন্য, জনগণের মঙ্গল বিধানের জন্য নিয়োজিত করবে এবং সেই দিকেই আমাদের শাসন-ব্যবস্থাকে নিয়ে যেতে হবে। কিন্তু দুঃখের কথা স্বাধীনতার ৩০ বছর পরেও দেখছি ১৯৪৭ সালে ইংরেজ আমলে শাসন-ব্যবস্থায় আমলাতান্ত্রিকতা যেভাবে চলছিল সেই প্রভাব থেকে আমাদের প্রশাসন যন্ত্রকে আমরা এখনও মুক্ত করতে পারিনি। আমরা দেখছি সেই আমলাতান্ত্রিকতা এখনও থেকে গেছে। এখনও গ্রামে, গঞ্জে গেলে অনেক প্রবীণ ব্যক্তি বলেন যে সেই সময়কার প্রশাসন ব্যবস্থায় ঘর থেকে কিছু সুবিধা পাওয়া যেত। আমরা দেখেছি গরীব মানুষেরা সরকারী দপ্তরে আসে, বিভিন্ন স্থানীয় সরকারী দপ্তরে যায় তাদের বিভিন্ন রকম দাবী-দাওয়া পূরণ করবার জন্য কিন্তু তারা এই সমস্ত দপ্তর থেকে সহানুভূতিশীল আচরণ পায়না। আজকে প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি প্রবেশ করেছে এবং একথা হাউসে আলোচনা করা হয়েছে যে, আমাদের মরালিটোন অব এডমিনিস্ট্রেশন কয়েক স্তর নীচে খুব নেমে গেছে। আমরা জানি গণতন্ত্রে বিভিন্ন রকম রাজনৈতিক দল থাকবে এবং নির্বাচনের মাধ্যমে শাসকদলের পরিবর্তন ঘটতে পারে কিন্তু যাঁরা প্রশাসন যন্ত্র পরিচালনা করেন তাদের ক্ষেত্রে কোন পরিবর্তন হয় না। কিন্তু যখন যে শাসকদল আসবে সেই শাসক দলের নীতি যদি প্রশাসন যন্ত্র পালন করেন তাহলে ভিন্ন মতাবলম্বী যাঁরা থাকবেন তাঁরা কিন্তু আইনের সুবিচার পাবেন না। কিন্তু গত কয়েক বছর ধরে দেখছি সেই জিনিস ঘটছে এবং বিশেষ করে জরুরী অবস্থার সময় দেখেছি জনগণের মৌলিক অধিকার, নাগরিক অধিকার হরণ করা হয়েছে। এই জিনিসটি আমাদের ভুললে চলবে না। আমার বক্তব্য হচ্ছে প্রশাসন যন্ত্রকে যেভাবে ব্যবহার করা হয়েছে সেটা যাতে আর না হয়, কমিটেড বুরোক্রেসি যাতে না হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। গণতান্ত্রিক শাসন-ব্যবস্থায় মানুষকে যাতে আইনের শাসন দেওয়া যায়, কমিটেড বুরোক্রেসি যাতে না হয় সেই দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। ভারতবর্ষের সংবিধানের প্রিএমবেলে ডাইরেকটিভ প্রিন্সিপল অব দি স্টেট পলিসি, ফাণ্ডামেণ্টাল রাইটস্ অব দি সিটিজেন ইত্যাদি দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করা হয়েছে। আমাদের শাসন-ব্যবস্থা পরিচালনা করবার জন্য বিধানসভার মাধ্যমে আমরা যে আইন পাশ করব তাতে প্রশাসনের দায়িত্ব হবে ভবিষ্যতে সেই সমস্ত জিনিসকে বাস্তবে রূপ দান করা। যে দল শাসন-ক্ষমতায়

এসেছে তাদের দ্বারা যদি প্রভাবিত হয় তাহলে এই শাসন-ব্যবস্থা কিন্তু ঈপ্সিত লক্ষ্যে পৌঁছাতে পারবেনা। আমার বক্তব্য হচ্ছে কমিটেড ব্যুরোক্রেসির মাইডিয়া, এ্যাটিচুড, টেনডেন্সি যা ডেভলপ করেছে সেটাকে দূরে রাখতে হবে। আজকে শাসন-ব্যবস্থার ক্ষেত্রে আমাদের প্রশাসনের এ্যাটিচুড কি হবে সেদিকে লক্ষ্য রাখতে হবে। সাধারণ প্রশাসনের মান যদি উন্নত হয় তাহলে শাসন-ব্যবস্থার অন্যান্য শাখা যেগুলি রয়েছে, যেমন, শিক্ষা, স্বাস্থ্য, ইণ্ডাষ্ট্রি তাদেরও মান উন্নত হবে। কিন্তু এই বিভাগকে যদি আমরা ঠিকভাবে উন্নত করতে না পারি তাহলে তার প্রতিফলন দেশের সবক্ষেত্রে ছড়িয়ে পড়বে। আমরা দেখেছি ইতিপূর্বে দেশে উন্নয়নমূলক কাজ অনেক হয়েছে কিন্তু সাধারণ প্রশাসন কখনও কখনও ঠিকভাবে লক্ষ্য না রেখে শৈথিল্য প্রকাশ করায় দেখা গেছে উন্নয়নমূলক খাতে যে বিরাট অঙ্ক খরচ করা হয়েছে সেটা ঠিক ভাবে ব্যবহৃত হয়নি।

[4.10—4.20 P. M.]

গ্রামাঞ্চলে টেস্ট রিলিফের ব্যাপারে অনেক ক্ষেত্রে দেখা গেছে যে সেগুলিতে প্রায়ই কারচুপি ঘটেছে। এখানে কয়েকদিন আগে মাননীয় পূর্তমন্ত্রী নিজেই বলেছেন হলদিয়া নদীতে যে ব্রীজ নলঘাটের কাছে তৈরী করা হয়েছে সেই ব্রীজের থামগুলি ভেঙ্গে যাচ্ছে। এক-একটা থাম তৈরী করতে ১৯।২০ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এই বিপুল পরিমাণ টাকা দরিদ্র জনসাধারণের কষ্টের সঞ্চিত টাকায় যে কাজ করা হলো তা কেন নষ্ট হয়ে গেল, নিশ্চয় সেখানে অবহেলা বা শৈথিল্য ছিল, ঠিকমত নজর করে কাজ করার যে প্রবণতা যা করা উচিত ছিল তা করা হয়নি। সুতরাং আজকের প্রশাসনের যে দুর্বলতা সেটা দূর করতে হবে। স্বাধীনতা লাভের পরে দেশের সমস্ত মানুষের কথা উপলব্ধি করে, দেশের দরিদ্র, অবহেলিত, বঞ্চিত মানুষের মঙ্গল বিধানের কথা আজকের শাসনযন্ত্রকে, আমলাতন্ত্রকে কমপ্লিটলি ডেডিকেট করতে হবে। দেশের জনসাধারণ প্রশাসনের কাজে বা প্রশাসনের যন্ত্রকে জনসাধারণের সেবার কাজে আইডেন্টিফায়েড করতে না পারলে কোন কাজই সুষ্ঠুভাবে হবে না। আজকে দেশের সামাজিক, অর্থনৈতিক চিন্তা ধারার সঙ্গে সামাজিক প্রশাসনযন্ত্র একাত্ম করতে না পারলে আগামী দিনে প্রশাসনযন্ত্র এফেকটিভ হবে না এবং একটা সুষ্ঠু শাসন-ব্যবস্থা হবে বলে আমি মনে করি না। আজকে প্রশাসনযন্ত্রের বিভিন্ন স্তরে আমলাতন্ত্ররা নিজেদের একটা স্বতন্ত্র স্ট্যাটাস ও প্রিভিলেজ বজায় রেখে চলেন। সাধারণ মানুষের সঙ্গে তারা প্রভেদ রেখে চলেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই জিনিসটা সম্পূর্ণ

রূপ উচ্ছেদ করতে হবে। স্বাধীন ভারতবর্ষের দরিদ্র জনসাধারণের জীবনধারণের মান উন্নয়নের জন্য যে সামান্যতম উদ্যোগ নেওয়ার চেষ্টা হচ্ছে সেই উদ্যোগ সমস্ত জনসাধারণের মঙ্গলের জন্য ব্যয়িত হোক। সোস্যাল এবং ইকনমিক চেঞ্জের ডে টু ডে যাতে ঈপ্সিত দিকে এগিয়ে যেতে পারে সেই জন্য আমলাতন্ত্রের আরো সহনশীল আরো দরদী এবং সহযোগিতাপূর্ণ মনোভাব গ্রহণ করতে হবে। জনসাধারণের সঙ্গে যোগাযোগ রেখে শাসন-ব্যবস্থা পরিচালনা করতে হবে। তা হলেই জনসাধারণ এই শাসন-ব্যবস্থার সঠিক মূল্যায়ন করতে পারবে। এই প্রসঙ্গে এটা বলে রাখা ভালো শুধু আমলাতন্ত্রের উপর দোষারোপ করলেই বা সমালোচনা করলেই চলবে না, কারণ অনেক ক্ষেত্রে দেখা যায় আমলাতন্ত্রের উপরে যাঁরা শাসন-ব্যবস্থা পরিচালনা করেন অর্থাৎ মন্ত্রিমণ্ডলী তাঁদের প্রভাব যাঁদের উপরে পড়ে থাকে, রাজনৈতিক বা দলগত উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য। ব্যক্তিগত স্বার্থে শাসন-ব্যবস্থা পরিচালনা করা হচ্ছে এই রকম ঘটনা অনেক ঘটেছে। ডে টু ডে এ্যাডমিনিস্ট্রেশানে প্রশাসনযন্ত্রকে দলীয় স্বার্থ সিদ্ধ করবার জন্য চেষ্টা হয়। প্রশাসনে যাঁরা রয়েছেন তাঁরা অনেক সময়ে টেলিফোন করে আমলাদের বলে দেন এই কাজ না করলে ট্রান্সফার করে দেবো। প্রশাসনযন্ত্রকে নিউট্রাল বা আইনানুগ শাসন-ব্যবস্থায় পরিচালনা করবার জন্য চেষ্টা করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর ভাষণে এইরকম ইঙ্গিত দিয়েছেন যে সৎ এবং স্বচ্ছ প্রশাসন তিনি চান। সেই জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাবো। তাহলে আগামী দিনে পশ্চিমবাংলা কিছুটা অন্তত উন্নতি করতে পারবে। আজকে কতটা টিউবওয়েল হলো বা আলো টিউবওয়েল হলো সেটা বড় কথা নয়। সাধারণ মানুষ যখন বিপদে পড়বে সে সময়ে অমুক দলের লোক না বললে কোন ম্যাটেরিয়াল এ্যাসিসটেন্স দিতে পারবো না এই যদি হয় তাহলে সাধারণ মানুষের এই সরকারের প্রতি কোন আস্থা থাকবে না। ৩০ বছর কংগ্রেসী রাজত্বে এই অবস্থায় পৌঁছানোর জন্য সাধারণ মানুষ কংগ্রেস-এর উপর আস্থা হারিয়েছে।

আজকে ৩০ বৎসরে এই অবস্থায় এসে আমরা পৌঁছেছি। এই দেশের যারা সাধারণ মানুষ তারা শাসন-ব্যবস্থা সম্পর্কে খানিকটা আস্থা হারিয়ে ফেলেছে। সুতরাং এই জিনিসগুলি লক্ষ্য করা দরকার। এবং প্রশাসনের যে মরাল টোন নেমে গিয়েছে সেটাকে উন্নত করার জন্য আজকের দিনে অনেক পদ্ধতির প্রচলন করা হচ্ছে। প্রশাসনে আমাদের পশ্চিমবঙ্গে সরকারী কর্মচারীদের মধ্যে ৩ লক্ষ, কি ৪ লক্ষ সরকারী কর্মচারী রয়েছে, এদের মধ্যে ৯০ পার্সেন্টই হচ্ছে ক্লাশ থ্রি এবং ক্লাশ ফোর এমপ্লয়িজ এবং এই যে ক্লাশ থ্রি এবং ক্লাশ ফোর এমপ্লয়িজ, যারা গ্রামে

গঞ্জে ছড়িয়ে রয়েছে এরা কিন্তু প্রশাসনের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সরকারের নীতি নির্ধারণ করার জন্য যেসব ডাটা কালেকশন করার প্রয়োজন হয় মূলতঃ এই সমস্ত কর্মচারীরা সেই সমস্ত ডাটা এবং তথ্য কালেকশন করে পাঠিয়ে দেয়। আবার এখানে নীতি নির্ধারণ হয়ে গেলে সেই নীতিকে বাস্তব ক্ষেত্রে, ফিল্ডে প্রয়োগ করার ক্ষেত্রে সেই সমস্ত কর্মচারীরা সেই নীতিগুলিকে বাস্তবে রূপায়িত করার জন্য চেষ্টা করে। কিন্তু এই বিস্তীর্ণ এলাকায় এই যে বিরাট সংখ্যক সাধারণ কর্মচারী কাজ করে চলেছে এদের মরালটা কি, এরা কি প্যাটার্নে ওয়ার্ক করছে, এরা ঠিকমত কাজ করছে কিনা এবং কাজের পদ্ধতি কি হওয়া উচিত, সেই সমস্ত জিনিসগুলিকে রক্ষণাবেক্ষণ করার জন্য এখন পর্যন্ত আমাদের প্রশাসনে কোন রকম পদ্ধতি উদ্ভাবন করা সম্ভব হয়নি। কিন্তু পাশাপাশি দেখা যাচ্ছে কি না ইণ্ডাষ্ট্রিজের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে সেই ইণ্ডাষ্ট্রির একজন চিফ একজিকিউটিভ অফিসার তার কতকগুলি নরম্যাল চ্যানেল রয়েছে শ্রমিকদের মনোভাবকে বুঝবার জন্য। কিন্তু সেই নরম্যাল চ্যানেলের উপর নির্ভর না করে তারা শ্রমিকদের মনোভাবকে বুঝবার জন্য তাদের ব্যক্তিগত চিন্তাধারা, মানসিকতাকে বুঝবার জন্য তার আরো অন্য রকম পদ্ধতি অবলম্বন করে কিছু কিছু সেল তৈরি করে সেই সমস্ত জিনিসগুলিকে ষ্টাডি করবার চেষ্টা করছে। সেই রকম সাধারণ প্রশাসনের ক্ষেত্রে আমাদের দেশে এই বিরাট সংখ্যক জনগণের এবং বিরাট সংখ্যক যারা প্রশাসন ব্যবস্থায় নিযুক্ত রয়েছে তাদের কাজকর্ম সম্পর্কে তারা কিভাবে কাজ করছে, কতটা ঠিকমত কাজ করতে পারে, তাদের মানসিকতা কি, তাদের চিন্তাধারা কি, এই সমস্ত বুঝবার জন্য একটা পদ্ধতি গ্রহণ করার প্রয়োজন রয়েছে, তা না হলে কতকগুলি ফ্যাগমেন্টারি ইনফরমেশন কালেকশন করে একজন অফিসার সম্পর্কে কিংবা একজন কর্মচারী সম্পর্কে আজকালকার দিনে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে প্রশাসনিক স্তরে তার মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি থেকে যায়, ঘটে যায়, এর ফলে একদিকে যেমন প্রশাসনের দক্ষতা নষ্ট হয় অন্যদিকে তেমনি ন্যায় বিচারও করা হয় না। তাই আজকে আর একটা জিনিসের প্রতি আমি বলতে চাই যে প্রশাসনে প্রায়ই দেখা যায় যে বিভিন্ন ডিপার্টমেন্টে কতকগুলি বিষয় আছে যা পরস্পরের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত, সেইগুলিকে পৃথক পৃথক ডিপার্টমেন্টে ভাগ করা হয়েছে যার ফলে সেই ডিপার্টমেন্ট থেকে কাজ পেতে অনেক সময় দেরী হয়ে যায়। প্রশাসনিক সংস্কার কমিটি, এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটি ভারত সরকার করেছিলেন, তারা সেখানে কতকগুলি সুপারিশ করেছিল এবং সুপারিশগুলির মধ্যে অন্যতম হচ্ছে এই রকম এ্যালায়েড ডিপার্টমেন্টস্‌কে একটা দপ্তরের অধীনে এনে একজন সেক্রেটারির অধীনে

যদি রাখা যায় এবং বিভিন্ন ভাগের জন্য একজন করে এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অথবা ডেপুটি সেক্রেটারি অথবা জয়েন্ট সেক্রেটারি পৃথক পৃথক করে রাখা যায় তাহলে কাজ করতে সুবিধা হবে। যেমন বলা যেতে পারে কমুনিটি ডেভালপমেন্ট এবং পঞ্চায়েত এই দুটি ডিপার্টমেন্ট হচ্ছে অত্যন্ত এ্যালায়েড ডিপার্টমেন্ট অথচ কমুনিটি ডেভালপমেন্ট ডিপার্টমেন্টকে একটা পৃথক ডিপার্টমেন্ট এবং পঞ্চায়েতকে একটা পৃথক ডিপার্টমেন্ট করা হল। ফলে হচ্ছে কি, দুটি ডিপার্টমেন্টের মধ্যে যদি কো-অর্ডিনেশন ঠিকমত না হয়, কাজ যদি ঠিকমত করা সম্ভব না হয় তাহলে কাজের দেরী হয়ে যায়। অর্থাৎ শাসনযন্ত্রের কাছ থেকে যতটা দ্রুত সুফল পাওয়ার আশা করা যাচ্ছিল, যতটা দ্রুতি আশা করা যাচ্ছিল বা আশা করা উচিত কিন্তু রাইফারকেশন অব দি ডিপার্টমেন্টের জন্য সেই জিনিসটা সম্ভব হচ্ছে না। সুতরাং এই ভাবে এ্যালায়েড ডিপার্টমেন্টকে হোমজিনিয়াস ইউনিট করে গড়ে তুলতে পারতাম, একত্র করে দিতে পারতাম, তাহলে তার এফিসিয়েন্সি বাড়তো এবং তার জন্য বিল্ট ইন মেশিনারি তৈরি হয়ে যেতো। শুধু তাই নয়, আমরা সামাজিক ও অর্থনৈতিক উদ্দেশ্যে এই প্রশাসনের উপর যে দায়িত্ব অর্পণ করা হয়েছে সেই দায়িত্ব পালনে প্রশাসন ঠিকমত এগিয়ে যাচ্ছে কিনা সেই সম্পর্কে রিভিউ করার জন্য, বিচার বিশ্লেষণ করার জন্য বিধানসভায় কতকগুলি যেমন কমিটি রয়েছে তেমন করাল ফুড এবং সোসিয়াল সার্ভিস বা ইকনমিক ডেভালপমেন্ট এইগুলি সম্পর্কে সময় সময় পর্যালোচনা করার জন্য কিছু কিছু কমিটি থাকা বাঞ্ছনীয় এবং সেই কমিটি পর্যালোচনা করে যে তথ্য পেশ করবে প্রশাসনিক অগ্রগতির ক্ষেত্রে কতটা এগোনো সম্ভবপর হল এবং কতটা সম্ভবপর হয়নি সেখানে এই তথ্যগুলিকে কার্যকরী করতে পারা যেতে পারে। সুতরাং এই ভাবে যদি একটা সিস্টেমেটিক পদ্ধতি গ্রহণ করা না যায় তাহলে প্রশাসনের উন্নতি সম্ভবপর হবেনা এবং প্রশাসনের মানের উন্নয়ন যদি সম্ভবপর না হয়, এইভাবে যদি প্রশাসন চলতে থাকে তাহলে এই প্রশাসনের দ্বারা আজকে সরকারের যে সৎ উদ্দেশ্য রয়েছে, তারা সাধারণ বাজেটে যেকথা বলেছেন, সাধারণ বাজেটের মাধ্যমে যে সমস্ত প্রভিশন রেখেছেন তার দ্বারা দেশের শোষিত, বঞ্চিত, অবহেলিত মানুষ তারা আত্মপ্রত্যয় খুঁজে পাবে, প্রশাসন যদি এই ভাবে চলে তাহলে তারা এই আত্মপ্রত্যয় খুঁজে পাবেনা।

[4.20—4.30 P.M.]

সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব আপনার ব্যক্তিত্ব, আপনার

অভিজ্ঞতা রয়েছে, আপনার দক্ষতা রয়েছে, সেই অভিজ্ঞতা এবং দক্ষতার মাধ্যমে প্রশাসনিক কাঠামোর কিছু কিছু পরিবর্তন করছেন, সেই পরিবর্তন যদি রেসপন্সিভ টু দি নিডস্ অব দি পিপল হয়, জনগণের যে লক্ষ্য, তাদের চাহিদা, সেই নিরপেক্ষ দক্ষ প্রশাসন করতে পারেন, আইনের শাসন বলবৎ করার জন্য প্রশাসনকে সেই-ভাবে পুনর্বিন্যাস করা হয়, তাহলে দেশের প্রয়োজন মিটবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সোহরাব: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসনের উপর ব্যয়বরাদ্দ পেশ করতে গিয়ে, ধান ভানতে শিবের গীত গেয়ে মনে আনন্দ এবং স্বস্তি পেয়েছেন। আপনি দেখেছেন আমাদের তরফ থেকে যখনই যে কোন সদস্য কোন কথা বলেছেন, যে কোন সমস্যার কথাই বলা হোক না কেন, যত ভাল কথা বলাই হোক না কেন, কিছু বলবার জন্য দাঁড়িয়েছেন, শাসক দলের সদস্যরা নানা ব্যঙ্গোক্তি করে তাকে বাধা দিয়েছেন। এটা অবশ্য আমি জানি আজকে যিনি লীডার অব দি হাউস, আজকে যিনি হেড অব দি গভর্নমেন্ট তিনি মাননীয় মুখ্যমন্ত্রী যদি গতকাল এবং আজকে যে বক্তৃতা দিলেন, দেখলাম এবং শুনলাম, এইভাবে তিনি যদি বক্তব্য রাখেন তাহলে সাধারণ সদস্যরা যে রাখবেন, এতে অবিশ্বাস করার কারণ নেই, অন্য কিছু চিন্তাও করা যায় না। আমি মনে করি নিশ্চয়ই কংগ্রেসের কাজে কিছু ভুল ছিল, লাপসেস্ ছিল এবং ছিল বলেই নির্বাচনে আপনারা এসেছেন। কিন্তু আজকে এখানে হাউসের ভিতর বলতে পারেন যা কিছু করেছে সমস্ত দোষই কংগ্রেস করেছে। কিন্তু হাউসের বাইরে সাধারণ মানুষের কাছে গিয়ে কি একথা বলবেন? পশ্চিমবাংলার যে সমস্ত জনসাধারণ অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আপনাদের গদিতে বসিয়েছে, তাদের কাছে সেখানে গিয়ে আপনারা বলবেন যে, যা কিছু করেছে কংগ্রেসই করেছে, আমরা কিছু করতে পারছি না, যে সমস্যা ছিল সেই সমস্যা থেকেই গেছে? আপনারা সমস্ত দোষ কংগ্রেসের ঘাড়ে চাপিয়ে দেবেন, এতে কিন্তু আপনাদের তারা ছেড়ে দেবে না। গণতন্ত্রে এটাই সম্ভব হয়। ১৯৬৯ সালে আমি যখন ছিলাম দেখেছি, ১৯৬৭ সালে, ১৯৬৯ সালেও দেখেছি। ১৯৭২ সালে আবার মানুষের ধ্যান-ধারণা পূরণ করতে পারেন নি, কংগ্রেস এসেছিল, কিন্তু ৫/৬ বছরের মধ্যে পশ্চিমবাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণ করতে পারেনি বলেই আবার আপনারা বসেছেন, আজকে যত ভাল কথাই বলা যাক, যদি ভাল কাজ না করতে পারেন, কংগ্রেসের উপর দোষ চাপান, তাহলে আগামী দিনে পশ্চিম বাংলার মানুষ আপনাদের ছেড়ে দেবে না।

যাই হোক আজকে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, তিনি নাকি খরচ কমাবেন। তার একটা সামান্য উদাহরণ দিচ্ছি। আজকে মন্ত্রিত্বের জন্য যে খরচ, সেটা যদি হিসাব করে দেখেন তো দেখবেন মাথে ৬ হাজার টাকা করে প্রতি মন্ত্রীর পিছে খরচ করছেন। সুতরাং তাঁরা যে খরচ কমাবেন, এই হচ্ছে তার নমুনা। আজকে তিনি এখানে বলেছেন, তিনি এখানে দক্ষ প্রশাসন, নিরপেক্ষ প্রশাসন চালু করবেন। আপনি জানেন গণতন্ত্রে নিরপেক্ষ প্রশাসন নিশ্চয়ই প্রয়োজন। এটা না হলে গণতন্ত্র সাক্সেসফুল হতে পারে না, নিশ্চয়ই এটা জানা দরকার যে, গণতন্ত্রের মূল কথাই হচ্ছে প্রচলিত যে আইন, সেই আইন মেনে চলা, দেশে আইনের শাসন প্রচলন করা।

আমরা এখানে কি দেখলাম? যাদের বিরুদ্ধে নরহত্যার মামলা ছিল, রাজনৈতিক বন্দী-মুক্তির নামে সেইসব মামলা তুলে নেওয়া হচ্ছে। এই জিনিস কি হতে পারে? আমরা কি দেখতে পাচ্ছি, রাজনৈতিক কারণে যদি বন্দী থাকে সেগুলো হতে পারে। সেখানে চুরি, ডাকাতি এই সমস্ত কেস হয়েছে, যেখানে থানায় চার্জশীট হয়েছে, কোর্টে গিয়ে প্রমাণ হয়েছে, এমনকি রায় দান হয়েছে, আজকে সেই সমস্ত মামলা রাজনীতির নামে তুলে দেওয়া হচ্ছে। আজকে যদি এইভাবে মেজরিটির নামে প্রচলিত আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো হয় তাহলে প্রশাসন কোথায় গিয়ে দাঁড়াবে, আইনের শাসন কোথায় থাকবে? যে রায় কোর্ট থেকে বেরিয়েছে, হুকুম হয়ে গিয়েছে, সেই রায় না মেনে নিজেদের ইচ্ছামত যেহেতু সি. পি. এমের বহু কর্মী এই সব মামলায় জড়িত সেইজন্য এরকম করছেন। তাহলে সি. আর. পি সি এর আই. পি সি. এই সব আইন রাখার প্রয়োজন কি আছে? এই লোকসভা, বিধানসভা রাখার প্রয়োজন কি আছে? আজকে এইগুলো চিন্তা করতে হবে। নিরপেক্ষ প্রশাসন বলতে কি বোঝায়, আইনের শাসন বলতে কি বোঝায়। আজকে আর একটা দিকে আমরা দেখছি এই প্রশাসন হচ্ছে মাথাভারী প্রশাসন। যতদিন পর্যন্ত না প্রশাসন ব্যবস্থায় ঠিকমতো ছাঁটাই করা হয়েছে, ততদিন এই প্রশাসন একটা প্রশাসন হতে পারে না। আজকে একটা উদাহরণ দিচ্ছি, যদিও সেটা শিক্ষা দপ্তরের। আপনারা হয়তে বুঝতে পারবেন কি রকম মাথাভারী হয়ে গিয়েছে। আজকে সেখানে কমিশনার, তার নীচে আছেন ডি. পি আই.। তার নীচে তিনজন ডাইরেক্টর—ডাইরেক্টর অফ প্রাইমারী এডুকেশান, ডাইরেক্টর অফ সেকেণ্ডারী এডুকেশান, ডাইরেক্টর অফ হায়ার এডুকেশান। তাদের নীচে আছেন অনেক ডি. ডি. পি. আই. (প্রাইমারী) ডি. ডি. পি. আই. (সেকেণ্ডারী), ডি. ডি. পি. আই (হায়ার সেকেণ্ডারী), ডি. ডি. পি. আই. (ফিজিক্যাল এডুকেশান)। আগে একজন ডি. পি. আই. ছিলেন। এখন অনেক ডি. পি. আই. ডি. ডি. পি. আই. হয়ে গিয়েছেন। আজকে সরকারী

কর্মচারীদের মধ্যে ৯০.৯৫ পারসেন্ট থার্ড এবং ফোর্থ গ্রেড। এরাই বেশির ভাগ কিন্তু বাকি ৫ পারসেন্টের জন্যই অনেক খরচ হয়ে যাচ্ছে। সুতরাং আজকে প্রশাসন চালাতে গেলে নীচের দিকে লক্ষ্য রাখতে হবে। দেখুন একটা দপ্তরের সংগে আর একটা দপ্তরের কো-অর্ডিনেশান আনা দরকার। রেড-ট্যাপিজম কি রকম বেড়েছে। একজন মানুষ রিটায়ার করলে পেনশান পেতে কত দেরি লেগে যাচ্ছে। আজকে বড় জিনিস এক ঘর থেকে আর এক ঘরে ফাইল যেতে মাসের পর মাস, এমন কি বছরের পর বছর লেগে যাচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো বিভিন্ন দপ্তরের কো-অর্ডিনেশান করা দরকার এবং বিভিন্ন দপ্তরের কাজ যাতে তাড়াতাড়ি হয় সেদিকে নজর দিতে হবে। প্রশাসন কেবল মুখে নিরপেক্ষ করবার কথা বললেই হবে না, কাজে দেখাতে হবে। তাছাড়া, সাধারণ মানুষের কাজ যাতে তাড়াতাড়ি পৌঁছে দেওয়া যায় সেদিকে দৃষ্টি দিতে হবে। আজকে সরকারী কর্মচারী, যে সমস্ত সরকারী প্রশাসক, যাদের আমরা আমলা বলি, তাঁরা আমলাতান্ত্রিক মনোভাবে চলছেন। এটা ঠিক যে, যে কোন সরকার এলেও যে সরকারী কর্মচারী থাকেন ক্লার্ক ফোর এবং কেরানি থাকেন এবং বড় অফিসার থাকেন তাঁদের নিয়েই প্রশাসন চালাতে হবে। আজকে বড় যেটা এ্যাটিচিউড পরিবর্তন করতে হবে। আজকে মন্ত্রী থেকে প্রতিটি সদস্যের মনোভাব পরিবর্তন করতে হবে।

[4.30 –4.40 P.M.]

এ্যাটিচিউড এবং প্রসিডিওর এই দুটি যতক্ষণ না পরিবর্তন করা যায় ততক্ষণ পর্যন্ত কোন কংক্রিট কাজ হতে পারে না। পরিশেষে আমি আমার সমস্ত কাটমোশান মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীক্ষিতিভূষণ রায়বর্মণঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী যে বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। সময় যে খুব কম, তাহলে তার মধ্যে আমার বক্তব্য বলার চেষ্টা করবো। আমরা বামফ্রন্ট সরকার, আমাদের লক্ষ্য হচ্ছে জনসাধারণের স্বার্থে কাজ করা এবং তার জন্য প্রশাসন ক্লিন হওয়া উচিত ও দুর্নীতিমুক্ত হওয়া উচিত। তার জন্য আমাদের প্রচেষ্টা থাকবে। গত ৩০ বছর, বিশেষতঃ বিগত ৫ বছরে এই জয়নাল আবেদিনের সময়ে এই প্রশাসনের আর কিছু বাকী রেখেছে? সমস্ত প্রশাসনকে একেবারে দুর্নীতিপরা

করে ফেলেছে। স্বজনপোষণ, রাজনৈতিক উদ্দেশ্য সাধন করে প্রশাসনকে একেবারে নিজেদের কুক্ষিগত করে রেখেছিল এই গত পাঁচ বছর ধরে। আজকে যদিও ওরা ক্ষমতায় নেই, কিন্তু তাদের প্রভাব তাদের লোকজন থেকে এখনও এই সমস্ত বিভাগ মুক্ত হতে পারে নি। কাজেই এই অবস্থায় প্রশাসনকে দুর্নীতি মুক্ত করা, স্বচ্ছ করতে যথেষ্ট বেগ পেতে হবে। সমস্ত দিকে না গিয়ে আমি প্রশাসন ব্যবস্থায় যে কতকগুলি ব্যবস্থা আছে সে সম্পর্কে দু'চার কথা বলতে চাই। আমি যতটুকু জানি এই প্রশাসনের মধ্যে যারা অযোগ্য ব্যক্তি তারা উচ্চ পদে আসীন আছে এবং যারা যোগ্য তারা অপেক্ষাকৃত নীচের পদে বসে আছে এবং সব জায়গাতেই একই অবস্থা। আজকে সৎ যোগ্যতাসম্পন্ন অফিসারের কোনমর্যাদা নেই এই সরকারী অফিসে, এমন কি এই বিধানসভা ভবনও এর থেকে মুক্ত হয় নি। এখনও সেই অবস্থা আছে। বিগত পাঁচ বছরে অপূর্ববাবুর দয়াতে এই বিধানসভায় বড় দুর্নীতি হয়েছে এবং হচ্ছে, যদিও মাননীয় অধ্যক্ষ মহাশয় ও মুখ্যমন্ত্রী মহাশয় চেষ্টা করছেন এই সমস্ত দুর্নীতি মুক্ত করবার জন্য। আর একটি কথা বলতে চাই—এই কংগ্রেস সরকার প্রশাসনকে কিভাবে তাদের রাজনীতির কাজে লাগিয়েছে। গত লোকসভা নির্বাচনে ২৪ পরগনার এস পি-কে রিগিংয়ের অভিযোগে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। আমি জানি তখন জনতা পার্টির তরফ থেকে বলে যে, আমরা রিগিংয়ের অভিযোগে এস. পি-র বিরুদ্ধে করছি না বরং সি পি এম-এর তরফ থেকে এস পি.-র বিরুদ্ধে কোন অভিযোগ করা হয় নি। তৎকালীন ঘোষ এস পি-র বিরুদ্ধে অভিযোগ করে নিজে বিপদে হলেন এবং এস পি-কে ট্রান্সফার করা হয়েছিল। কিন্তু আমার কাছে প্রমাণ আছে রিগিংয়ের ব্যাপারে তিনি দণ্ড ভড়িত ছিলেন না। রিগি যাতে রোখা যায় তার তিনি যথেষ্ট চেষ্টা করেছিলেন। একটি আপনাকে দিয়ে দেবো, আমার কাছে নকল আছে। পড়বার সময় নেই খোঁজ করে দেখবেন। D. O No. office S P, 24 Parganas, Memo No 332/5—S P. 72-73 Dt. 15. 3. 77.

উনি লিখেছেন সমস্ত আই. পি এস., এ্যাডিশন্যাল এস পি., ডি. এস. পি., ডেপুটি এস. পি লিখছেন, তাতে তিনি বলছেন যে, আমার কাছে খবর আছে রিগিং-এর সম্ভাবনা আছে। ডিটারমাইণ্ড গ্রুপ অব গ্যাংস্টারস তার পুলিশকে বাইট করে বা রিভলবার বা নানা রকম অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে সাতগাছিয়া, মহেশতলা, বজবজ অঞ্চলে রিগিং করবে। কাজেই এর বিরুদ্ধে সমস্ত রকম প্রতিরোধ ব্যবস্থা করতে হবে। যথেষ্ট পুলিশ ফোর্স-এর গাড়ী তোমাদের কাছে দেওয়া হল, তোমরা দেখবে যাতে কোনরকম রিগিং না হয়। সেই জন্য রাউণ্ড-আপ করতে হবে এবং আমাদের

বাস্তব অভিজ্ঞতা হচ্ছে এই লোকসভা নির্বাচনে মহেশতলা এরিয়া, বাটানগর ছাড়া অন্যান্য এলাকায় কংগ্রেসী মস্তানরা রিগিং-এর চেষ্টা করে তেমন সাফল্য অর্জন করতে পারেন নি, যার ফলে কংগ্রেসীদের গাত্রদাহ হয়েছে। যেহেতু তাঁরা রিগিং-এ সাফল্য অর্জন করতে পারেন নি, সেই জন্য এস. পি.-কে বদলি দিয়েছেন। আমি এই কথা বলতে চাইছি, কংগ্রেসীরা গদিতে না থাকলেও প্রশাসনকে এইভাবে প্রভাবান্বিত করে রেখেছেন। আমি আর একটি ঘটনার কথা এখানে বলতে চাই। কিছুদিন আগে বজবজ মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিস্ট্রেটরকে ন্যায়সঙ্গত কারণে মাননীয় মন্ত্রী মহোদয় ট্রান্সফার করার অর্ডার দেন এবং সেই জায়গায় নতুন এ্যাডমিনিস্ট্রেটর বসানো স্থির হয়। কিন্তু শেষে দেখা গেল সাউথ ২৪-পরগনার জনৈক কংগ্রেসী সদস্য সুধীর সরকার নাম, যিনি প্রাক্তন মিউনিসিপ্যালিটির কর্মচারী, তিনি রাইটার্স বিল্ডিংস থেকে সেই মন্ত্রী মহোদয়ের বিভাগের চিঠি নিয়ে এ্যাডমিনিস্ট্রেশনের হাতে দিয়ে দিলেন এবং বললেন এই নিন আপনি চেয়ার ছেড়ে উঠুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে এই কথা বলার পর তিনি একেবারে হতবাক হয়ে গেলেন এবং খোঁজ নেবার চেষ্টা করলেন এটা কিভাবে হতে পারে। আমি এই কথা বলতে চাই ওরা গদি থেকে সরে গেলেও ওদের প্রভাব প্রতিপত্তি সেখান থেকে যায় নি। আমি আর একটি কথা বলতে চাই এই যে, এনকোয়ারি কমিশন বসেছিল, যতদূর জানি গনি খান চৌধুরীর বিরুদ্ধে তীব্রভাবে সমালোচনা করা হয়েছিল এবং আমলাদের বিরুদ্ধেও দারুণভাবে সমালোচনা করা হয়েছিল এবং কতকগুলি প্রস্তাবও করা হয়েছিল, অর্থাৎ তখনকার কংগ্রেসী মন্ত্রিসভাকে তীব্রভাবে সেই কমিশন আক্রমণ করেছিলেন। কিন্তু সেই কমিশনের রিপোর্ট শুধু ছাপিয়েই রেখে দেওয়া হয়েছে, এটা আমরা সংবাদপত্রে দেখি এবং এই সম্পর্কে আমাদের কাছে কিছু সুযোগ আছে—আমি জানি না মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই সম্পর্কে কিছু করবেন কি না। কাজেই আমার বক্তব্য হল প্রশাসন দুর্নীতিমুক্ত করতে হলে মাননীয় মুখ্যমন্ত্রীকে আরো বেশী সচেষ্ট হতে হবে এবং এই বিষয়ে জনসাধারণ ও আমাদের সহযোগিতা তিনি সব সময়েই পাবেন।

শ্রীরাম চ্যাটার্জি ঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই ব্যয় বরাদ্দকে পুরোপুরি সমর্থন করে এই কথা বলতে চাই, ওঁরা যে চেঁচামেচি করছেন, ঠিকই ওঁরা তো চেঁচামেচি করবেনই, বিরুদ্ধে তো যাবেনই। কারণ রুচির তো তফাৎ রয়েছে। ওঁদের একটা রুচি, আর এদিককার আর একটা রুচি। জয়নাল আবেদিনের একটা রুচি, আর জ্যোতিবাবুর আর একটা রুচি—কাজেই

রুচির মধ্যে তফাৎ রয়েছে। তাই জন্য জয়প্রকাশ নারায়ণ যখন এলেন তখন তার মোটর গাড়ীর সামনে সেই কচি মন্ত্রী সুব্রত মুখার্জির নেতৃত্বে কমাণ্ড করে মোটরের ছাদের ওপর একটি মহিলাকে তুলে দেওয়া হল এবং বলা হল নাচ "নাচ মেরে বুলবুল তো ইনাম মিলে গা", আর ওরা হাততালি দিতে লাগল, নাচতে লাগল। কি কদর্য ওদের রুচি। একজন প্রবীণ নেতাকে এইভাবে অপমান করে বাংলাদেশের মাথাকে ওরা নিচু করে দিল। কাজেই ওদের সঙ্গে রুচির একটা বিরাট তফাৎ আছে। তাই জন্য মিলবে না, কোনটাতেই মিলবে না। কিছু কিছু বিক্ষুব্ধ পুলিশ ওদের কাছে আসতে লাগল। তাই জন্য যুক্তফ্রন্ট সরকারের সময় পুলিশ বিক্ষোভ যেখানে দেখা গিয়েছিল। সেই সময় পুলিশের সামনে বাম দলের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী নির্ভীকভাবে দাঁড়িয়েছিলেন। পুলিশকে যারা এইভাবে লেলিয়ে দিয়েছিলেন ওদের সেই চেষ্টা ব্যর্থ করে তাঁর সাহসের পরিচয় দিয়েছিলেন। তাই জন্য তারা সেই কথা টেনে এনেছেন।

[4.40—4.50 P. M.]

আর ওদের রুচি হচ্ছে মিথ্যা কথা বলা। দেখা গেল, আজকের যুগান্তরেই আছে, মুর্শিদাবাদ জেলার জনতা পার্টির নেতা শ্রীদুর্গাপদ সিনহা কংগ্রেস সভাপতির কাছে একটি টেলিগ্রাম পাঠিয়ে জানিয়েছেন যে, ২১শে আগস্ট পাঁচগ্রামে জনতা পার্টির কর্মী শ্রীশান্তি মণ্ডল সি. পি. এম. সমর্থকদের হাতে নিহত হয়েছেন। স্যার, যদি তাই হয়েও থাকে তাহলে সেখানে কি জনতা পার্টির কেউ ছিলেন না, জনতা পার্টি কি উঠে গিয়েছে? তা তো নয়, ওদের বলি, আপনারা দেখুন, জনতা পার্টির লোকেরা জাজ্বল্যমান এখানে বসে আছেন, সংখ্যায় তারা আপনাদের থেকে বেশী। আজকে সেখানে জনতা পার্টির নেতাকে বাদ দিয়ে, জনতা পার্টির প্রফুল্লচন্দ্র সেনকে বাদ দিয়ে সেই টেলিগ্রাম চলে গেল ওদের পূর্বতন মুখ্যমন্ত্রীর কাছে। আর যিনি মারা গেলেন তার ছেলে কাকে চিঠি লিখেছেন সেটা স্যার, আপনি দেখুন। সে চিঠি লিখেছে শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় এম. এল. এ. মহাশয়কে—যিনি এ দিককার বেঞ্চেই বসেন, ওদিকের বেঞ্চে বসেন না। স্যার, সেই চিঠিটা আমি পড়ে শুনিয়ে দিচ্ছি এবং পরে সেটা আপনাকে দিয়ে দেব। চিঠিটি হচ্ছে, "শ্রীচরণেষু নিবেদন, গত ২১.৮.৭৭ তারিখে বেলা একটা ১৫ মিনিটের সময় আমার বাবাকে পাঁচগ্রামের হাটে দোকানঘরে দুষ্কৃতকারীরা বোমা মেরে হত্যা করে। বহু লোক সেখানে রয়েছে। ফল কিছুই হয় নাই। অনুরোধ, আপনি এখানে আসুন। মাননীয়

হেডমাস্টার মহাশয় আমাদের প্রতি সহানুভূতিশীল হওয়ায় এই দুঃখের মধ্যেও কিছু সান্ত্বনা পাচ্ছি।" স্যার, এই হেডমাস্টার মহাশয় তিনি বামফ্রন্টের লোক। আর এম এল এ বীরেন্দ্র নারায়ণ রায় মহাশয় এ দিকের বেঞ্চেই বসে আছেন, ওদিকের বেঞ্চে নয়। আর চিঠিটি লিখেছে, অমরনাথ মণ্ডল, যে খুন হয়েছে তারই ছেলে স্যার, এ যেন মারের চেয়ে মাসীর দরদ বেশী সেই রকমের অবস্থা। যাই হোক আমি যে কথাটি বলতে চাইছিলাম সেই কথায় ফিরে আসি। এখানে তফাৎ আছে কি। স্যার, গত ৭ বৎসর ধরে আমরা দেখেছি, মায়ের কোল থেকে ছেলেকে ছিনিয়ে নেওয়া হয়েছে, স্বামীর কাছ থেকে স্ত্রীকে ছিনিয়ে নেওয়া হয়েছে, বারাকপুর শিল্পাঞ্চলে আমরা দেখেছি, বুড়ো বাপের গায়ে গরম পিচ ঢেলে দেওয়া হয়েছে এবং সেখানে তার চামড়াগুলি গলে গলে পড়েছে—এই রকম সমস্ত দৃশ্য আমরা দেখেছি তাই বলছি, রুচির তফাৎ নিশ্চয় আছে। আমরা দেখেছি স্যার, এই পুলিশ দিয়ে গরিব চাষীদের উচ্ছেদ করে ধনী চাষীদের ঘরে ধান তোলাবার ব্যবস্থা হয়েছে তাই আবার বলছি, আমাদের সঙ্গে ওদের তফাৎ নিশ্চয় আছে। স্যার, আমরা জানি মহামতি লেনিনের কথা, বিপ্লবের পর, যে সমস্ত মিলিটারীর লোক ছিল তাদের দাঁড় করিয়ে জনসাধারণের কাজে লাগিয়েছিলেন। আর ওরা স্যার, পুলিশকে জনসাধারণের বিরুদ্ধে লাগিয়েছেন। স্যার, আমাদের সরকার পুলিশকে জনসাধারণের কাজে লাগাতে চায়। তাই সরকার কোন রকম প্রভোকেশানের মধ্যে না গিয়ে সোজা রাস্তায় জনসাধারণের ভাল করবার জন্য এগিয়ে চলেছে তবে স্যার, সঙ্গে সঙ্গে একথাও বলব, ওদের ঐ পুলিশ বাহিনী, যারা এতদিন এই অন্যায় করে গিয়েছে তারা রাতারাতি পাল্টে যাবে না, তাই তাদের উপর কড়া নজর রেখে আমাদের চলতে হবে। ওরা টাকা পয়সা প্রচুর মেরেছে এবং ঘুষের মাধ্যমে অনেক কিছু করবার চেষ্টা করেছে। পেঁচা যেমন দিন সহ্য করতে পারে না তেমনি স্যার, ওরাও দিন এসেছে, তাই সহ্য করতে পারছে না। আমি পরিশেষে আবার ওদের বলব, আমাদের ঐ সমস্ত জ্ঞানগর্ভ কথা বলে কোন লাভ নেই, কারণ আপনারা হা করলেই আমরা বুঝতে পারি আপনারা কি বলবেন। স্যার, এই বাজেট পশ্চিমবঙ্গের জনসাধারণের বাজেট এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীএম. আনসারুদ্দিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনিক ব্যয়বরাদ্দের যে দাবী এখানে পেশ করেছেন, আমি সেই দাবীকে সমর্থন করছি। আজকে বিধানসভায় নব নির্বাচিত সদস্যদের তালিকায় আমার নাম

রয়েছে। মাত্র ২ মাস কয়েক দিনের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতার কিছু ভাল দিক এবং কিছু তিক্ত দিক নিয়ে আজকের এই সভায় এসেছি। এই ২ মাস কাজ করতে গিয়ে বিভিন্ন জায়গায় আমলাতন্ত্রের বড়বড় অফিসারদের একটা ভাল অংশ আমরা দেখেছি যাঁরা বামপন্থী সরকারকে ভাল কাজ করার জন্য সহযোগিতা করতে চাচ্ছেন আন্তরিকভাবে। আবার আমরা দেখেছি আমলাতন্ত্রের একটা অংশ, অফিসারদের একটা অংশ যাঁরা ষড়যন্ত্র করছেন এবং জেলাস্তরেও আমরা এই জিনিস দেখেছি যে তাঁরা এই সরকারকে হেয় করার জন্য প্রচেষ্টা চালাচ্ছেন। আমরা কাজ করতে গিয়ে দেখেছি যে, একটা ছোট্ট এম টি আর.-এর কাজ যেটা অত্যন্ত প্রয়োজনীয়। কয়েকদিন আগে যে বন্যার অবস্থা সৃষ্টি হয়েছিল সারা পশ্চিমবাংলায়, আমার কেন্দ্রে, জগৎবল্লভপুর কেন্দ্রেও সেই অবস্থার সৃষ্টি হয়েছিল। সেখানকার একটা এম টি আর-এর কাজের মধ্য দিয়ে আমরা সেদিন জলনিকাশী ব্যবস্থা করতে চেয়েছিলাম। সেই কাজ করতে গিয়ে আমরা দেখেছি যে কাজটা ৩ দিনে হওয়া উচিত সেই কাজটা এক মাসের বেশী সময় লেগেছে। আজকের ঘটনা আমরা দেখেছি যে, গ্রামাঞ্চলে আমার এলাকায় অনেক মাটির ঘর পড়ে গেছে। সেই ঘরগুলি সারাবার একান্ত প্রয়োজন আছে। ত্রাণমন্ত্রীর কাছ থেকে শুনেছি যে, আমার জেলায় টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে এই গরীব মানুষগুলির ঘরগুলিকে সারিয়ে দেবার জন্য। কিন্তু আজকে আমি জেনেছি যে, জগৎবল্লভপুর এবং দোমজুড় ব্লকে কোন টাকা পৌঁছায় নি। টাকা দেওয়া হয়েছে, টাকা এখান থেকে চলে গেছে। মন্ত্রী যথাযথ নির্দেশ দিয়েছেন, কিন্তু টাকা সেখানে গিয়ে পৌঁছায় নি। গরীব মানুষগুলি আজকেও সেখানে গাছের তলায় শুয়ে দিন কাটাচ্ছে। এই হচ্ছে প্রশাসন। এই প্রশাসনের আমরা এই জিনিস দেখছি। আমি মনে করি, বিশেষ করে ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল-এর মধ্যে প্রশাসনের এবং আমলাদের একটা অংশকে পূর্বতন কংগ্রেস সরকার যে দুর্নীতির আবর্তে রেখে গেছেন তারই ফলস্বরূপ আজকের এই অবস্থা। আজকে গ্রামাঞ্চলে কংগ্রেসের নামধারী মস্তানদের বোঝান হচ্ছে যে, এই সরকারের আয়ু তিন মাস। এখন যখন ৩ মাস অতিক্রান্ত হতে চলেছে, এখন তারা বোঝাচ্ছেন যে, এই সরকারের আয়ু ৬ মাস। এই ভাবে তারা এদের মনে সাহস দিচ্ছেন। আমি কংগ্রেসী বন্ধুদের কাছে বলতে চাই যে, আপনারা একটু ইতিহাসের পাতা উল্টিয়ে দেখার চেষ্টা করুন। আপনাদের নেত্রী ইন্দিরা গান্ধী একদিন দম্ভ করে বলেছিলেন, রক্তস্নাত বর্ধমানের কথা উল্লেখ করে বলেছিলেন, যেখানে পা রাখার জায়গা ছিল না সেখানে শোবার জায়গা হয়েছে। সেদিন সারা বর্ধমান জেলায় আমরা দেখেছি যে, একটা রক্তাক্ত অবস্থার সৃষ্টি করা হয়েছিল।

আমাদের বামপন্থী পার্টির ১৩০ জন কর্মী এবং নেতাকে তারা খুন করিয়েছিলেন। আমাদের মনে পড়ে আমাদের শ্রদ্ধেয় নেতা মহাদেব ব্যানার্জীর কথা এবং যার কথা আমরা ভুলতে পারি না। আজকে সেই ষড়যন্ত্র চলছে। পশ্চিম বাংলার জাগ্রত মানুষ কিন্তু আমাদের পাশে আছে। তারা আমাদের প্রশাসনকে মুক্ত করার নির্দেশ দিয়ে এখানে পাঠিয়েছেন এবং তাদের নির্দেশে আজকে বামপন্থী সরকার পশ্চিম-বাংলায় শাসন ক্ষমতায় এসেছে। কাজেই ইতিহাস ভুলে গেলে চলবে না। সেদিন ইন্দিরা গান্ধী দম্ভ করে যে কথা বলেছিলেন আজকে বর্ধমানের ইতিহাস, নতুন ইতিহাসের মধ্যে দিয়ে তার সেই দম্ভকে মিথ্যায় পরিণত করেছে। আজকে বর্ধমানের নির্বাচনের যে ফলাফল, সেই ফলাফল দেখলে আমরা বুঝতে পারি। হাওড়াতে আমরা দেখেছি যে, আমাদের শ্রদ্ধেয় নেতা জীবনদাকে হত্যা করা হয়েছে। ১৬ বছরের কিশোর তুষারের কথা আমরা ভুলে যাইনি। হাওড়ার মানুষ আজকে কংগ্রেসকে সম্পূর্ণ ভাবে পরিত্যাগ করেছে। তাই আজকে যারা কংগ্রেসের বন্ধু তারা মনে করছেন যে, ষড়যন্ত্র করে বামপন্থী ফ্রন্টকে হেয় করবেন।

[4.50—5.00 P.M.]

বামপন্থী সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করে এই সরকারকে সরিয়ে দেবেন, তারা এই মনে করছেন, এই সরকারের আয়ু ৬ মাসের বেশী নয়, তারা বলে বেড়াচ্ছেন। আমি বলি, আপনারা মুর্খের স্বর্গে বাস করছেন। পশ্চিমবাংলার জাগ্রত জনগণ এই জনপ্রিয় বামপন্থী সরকারকে বাঁচিয়ে রাখার জন্য তাদের সমস্ত রকম প্রচেষ্টা চালিয়ে যাবেন এবং এই বামপন্থী সরকারকে বাঁচিয়ে রাখবেন। এই প্রশাসনকে দুর্নীতি মুক্ত করার জন্য পশ্চিম বাংলার মানুষ সমস্ত শক্তি নিয়ে এই বামপন্থী সরকারের পাশে এসে দাঁড়াবেন। এই বক্তব্য রেখে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়েজয় ওঝাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রিটিশ আমলে এই সভাতেই কংগ্রেসী সদস্যরা তখনকার যে শাসন-ব্যবস্থা, তার সঙ্গে তুলনা করতেন শ্বেত হস্তীর। কিন্তু সেই কংগ্রেসী সদস্যরা যখন ক্ষমতায় এলেন, তাঁরা সেই শাসন-ব্যবস্থাই চালু রাখলেন। কংগ্রেসী আমলে যাঁরা বিরোধী বেঞ্চে বসতেন, এখন যাঁরা ট্রেজারী বেঞ্চে বসছেন, তখন তাঁরা তীব্র সমালোচনা হানতেন সেই শাসন-ব্যবস্থার উপর। স্পীকার মহাশয়, আপনিও তখন বিরোধী বেঞ্চে ছিলেন এবং তখন আপনি জেল

ম্যাজিস্ট্রেটদের রাশিয়ার জারের সঙ্গে তুলনা করেছিলেন। সেই জেলা মেজিস্ট্রেটরা এখনও আছেন। তাঁদের সেই জাঁকজমকপূর্ণ প্রশাসনও আছে, তাঁদের কাছে যেতে হলে এখনও আরদালী, সান্ত্রী এবং কর্মচারীদের মাধ্যমে যেতে হয় এবং সাধারণ লোক দূরের কথা, ওখানে বড় বড় জনপ্রতিনিধিরাও গিয়ে পাত্তা পান না। সুতরাং আমরা দেখতে পাচ্ছি সেই ব্রিটিশ আমল থেকে এই পর্যন্ত এই যে সরকারী প্রশাসন ব্যবস্থা, সেই ট্রাডিশন সমানে আজও চলেছে, তার কোন পরিবর্তন হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আজকে তাঁর ভাষণে সরকারী কর্মচারীদের প্রতি যে অবিচার হয়েছে কংগ্রেসী আমলে কিংবা এমার্জেন্সির সময়, তার প্রতিকারের আশ্বাস দিয়েছেন এবং তাদের জন্য কিছু করার আশ্বাস দিয়েছেন। সেই জন্য আমরা সাধুবাদ জানাই। কিন্তু এই সরকারী কর্মচারীরা রাইটার্স বিল্ডিংস থেকে জে এল. আর ও. অফিস পর্যন্ত তাদের সঙ্গে দরিদ্র নিপীড়িত জনসাধারণের সম্পর্ক কি, তারা সবত্র, যেখানে রাইটার্স বিল্ডিংস থেকে আরম্ভ করে জে. এল. আর. ও. অফিস পর্যন্ত সর্বত্র জনসাধারণ নিগৃহীত হন, সর্বত্র ঘুষ না দিলে কোন কাজ তারা পান না। এই সরকারী কর্মচারীরা যারা নিজেরা সংগ্রাম করেছেন, নিজেদের অবস্থার উন্নতি করেছেন এবং এক কথায় বলতে গেলে তারা পাতি বুর্জোয়া শ্রেণী নিজেরা সৃষ্টি করেছেন এবং জনসাধারণের সঙ্গে তাদের অবস্থার কোন সম্পর্ক নেই। এবং বলা যেতে পারে যে, এই সরকারী প্রশাসন যন্ত্র এবং জনগণ এদের মধ্যে একটা দূরত্বের সৃষ্টি হয়েছে। এরা যেন একটা বিপরীত মেরুতে বাস করছে। এদের সঙ্গে কারোর মিল নেই। আমরা দেখতে পাচ্ছি যে, এই কর্মচারীদের মধ্যে শ্রেণী বিভাগ আছে, উপরতলার কর্মচারীদের বলতে হয় সাহেব, আর নিচের তলার কর্মচারীদের বলা হয় সেবক, যেমন গ্রাম সেবক। কিন্তু সেবকই হোন আর সাহেবই হোন, জনসাধারণের সঙ্গে তারা যখন কাজে যান, তাদের সঙ্গে যখন কাজ করেন, সেখানে কিন্তু একই সম্পর্ক, তাদের আচার, ব্যবহার, পোশাক, তাদের কথাবার্তার দ্বারা প্রমাণ করতে চান জনসাধারণের সঙ্গে তাদের খুব তফাৎ আছে এবং তারা যেন বলতে চান, 'ভাই হলে ডাক যদি দেব গলা টিপে'। আমরা দেখতে পাচ্ছি জয়প্রকাশ নারায়ণ যখন এখানে এসেছিলেন, তাঁর উপর যখন হামলা হয়েছিল, তাঁর গাড়ির উপর যখন একজন মাস্তান দাঁড়িয়ে নৃত্য করছিল, আমরা সেখানে কাছাকাছি ছিলাম। তার একটু দূরে ছিলেন সংসদ সদস্য অধ্যাপক সমর গুহ, এই মস্তান বাহিনী সমর গুহকে নাবেধর করেছিলেন, তাঁর জামা ছিঁড়ে দিয়েছিলেন। আমরা কাছাকাছি ছিলাম, আমরাও রেহাই পাইনি, কিন্তু আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করেছিলাম তার একটু দূরে দাঁড়িয়েছিল পুলিশ বাহিনী এবং পুলিশের বড় কর্তারা, তারা কিছুই

করেননি, এর দ্বারা বোঝা যাচ্ছে প্রশাসনের উপর সরকারী প্রভাব ক প্রচণ্ড ছিল।

সেই সমস্ত প্রশাসনের কর্তাব্যক্তিরা সরকারকে তোয়াজ করবার নীতি সেটি তারা চালিয়েছিল। আজকে এই বামফ্রন্ট সরকার আসার পর, এখনো সেই রব ভাবই মোটামুটি লক্ষ্য করছি। গ্রামাঞ্চলে শুনছি যে, যদি স্কুলকে ১২ ক্লাশ করা হয়, যদি নতুন স্কুল স্থাপন করতে হয়, যদি চাকুরী পেতে হয় তাহলে সি. পি. এ কর, নাহলে হবে না। আমাদের এলাকার একজন হেড মাস্টার হায়ার সেকেণ্ডা কাউন্সিলে গিয়েছিলেন তাঁর স্কুলটিকে ১১ ১২ ক্লাশ করা যায় কিনা তার জন্য সেখানে কোন কোন কর্মচারী তাঁকে বলেছিল, কোন সি. পি এম. সদস্যকে ধরুন এর দ্বারা বোঝা যাচ্ছে সেই স্পিরিট এখনো আছে। সেই স্পিরিট আমাদের দূ করতে হবে। জয়প্রকাশ নারায়ণ পুলিশ বাহিনী এবং মিলিটারী বাহিনী বলেছিলেন, তোমরা যদি প্রয়োজন মনে কর যে শাসকরা তোমাদের অন্যায় ক করতে হুকুম দিচ্ছে, তাহলে সেই হুকুম তোমরা মানবে না। কিন্তু তখন কংগ্রে নেতারা এবং কংগ্রেস দল তার তীব্র সমালোচনা করেছিল এবং জয়প্রকাশ দেশদ্রোহী বলতে কুণ্ঠা করেনি। কিন্তু আমরা বলি, এটাই গণতান্ত্রিক নিয়ম প্রশাসনকে সম্পূর্ণ নিরপেক্ষ থেকে কাজ করতে হবে। আমি সময় স্বল্পতার জ আমার বক্তব্য এখানে শেষ করছি। মোটামুটি আমার আবেদন প্রশাসনে নিরপেক্ষ আনতে হবে এবং মাথাভারী প্রশাসন ব্যবস্থা দূর করতে হবে। আজকে নতুন ক যখন পঞ্চায়েত নির্বাচন হচ্ছে, তখন ক্ষমতার বিকেন্দ্রীকরণ করবার জন্য জে. এ আর. ও. অফিস এবং বি. ডি. ও. অফিস তুলে দেওয়াই ভাল। সেই সমস্ত ক্ষম নির্বাচিত পঞ্চায়েতকেই দেওয়া উচিত এবং এই ভাবেই প্রশাসনিক দুর্নীতি ও অপদার্থতা দূর করা সম্ভব। আজকে নিরপেক্ষ প্রশাসন যন্ত্র প্রতিষ্ঠা করা উচিত. এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অর্থমন্ত্রীর বাজে যেমন দেখেছি সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষার কোন কথা নেই, তেমনি আমর আজকে দেখলাম আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর এই ২ পৃষ্ঠাব্যাপী যে সাধারণ প্রশাসন-খাতের ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেখানেও সাধারণ মানুষের কথার উল্লেখ নেই। যে সমস্ত সাধারণ মানুষ গ্রামে থাকেন, যারা গ্রামে বি ডি ও অফিস বা জে এল আর ও অফিসকেই মহাকরণ মনে করেন, সেই সমস্ত মানুষের পক্ষে সাধারণ প্রশাসনকে কিভাবে পরিবর্তন করা হচ্ছে, সেকথা মাননীয় মুখ্যমন্ত্রী

তাঁর বক্তৃতার মধ্যে রাখেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে বার বার মাননীয় মুখ্যমন্ত্রী বলে গিয়েছেন কংগ্রেসী আমলে আমলাদের ব্যবহার করা হয়েছে এবং কংগ্রেসী আমলের দুর্নীতির কথা বলেছেন। কিন্তু সেই সকল দূর করবার কোন সুনির্দিষ্ট পথের সন্ধান তিনি দিতে পারেন নি। আমলাদের বাদ দিয়ে প্রশাসন যন্ত্র চালানো হবে কিনা, সে রকম কোন ব্যবস্থাও তার বক্তৃতার মধ্যে দেখছি না। আমরা কিছুদিন আগে দেখলাম প্রমোদ দাশগুপ্ত মহাশয়, যিনি সি পি এম-এর সাধারণ সম্পাদক, তিনি বলেছেন, জেলে বন্দী যারা আছেন তাদের মুক্তির জন্য যে ফাইল, সেই ফাইল আমলারা চেপে রেখেছে, সে বিষয়ে কোন ব্যবস্থা হচ্ছে না, যার ফলে তাড়াতাড়ি বন্দী মুক্তির ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। কিন্তু আমরা আজকে দেখছি যিনি হোম সেক্রেটারী আছেন, তিনিও আবার জেল সেক্রেটারী এবং তিনি তাঁর সার্ভিস কন্টিনিউ করছেন। তাহলে আমরা কি ধরে নেব প্রমোদবাবু যে কথা বলেছেন, সে কথা সত্য নয়? যদি ব্যবস্থা না হয়ে থাকে, তাহলে কেন ব্যবস্থা হয়নি? এক্ষেত্রে আমি একটা প্রস্তাব রাখব মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে, জেল ডিপার্টমেন্টের জন্য একজন আলাদা সেক্রেটারী নিয়োগ করুন। হোম সেক্রেটারীকে জেল সেক্রেটারী করে রাখলে এই অবাবস্থা দেখা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি বামফ্রন্ট সরকার আসার আগে নির্বাচনের প্রাক্কালে তারা তাঁদের ৩৬-দফা প্রতিশ্রুতির মধ্যে প্রতিশ্রুতি রেখেছিলেন যে, রাজ্য সরকারের কর্মচারীদের আমরা কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেব। কিন্তু আজকে আমরা দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন পে-কমিশন করছি। কিন্তু এই পে-কমিশন সিদ্ধার্থ রায় মন্ত্রীসভার সময়েই গঠিত হয়েছিল। এখন আর উনি নতুন কি বলছেন? যে প্রতিশ্রুতি ওঁরা দিয়েছিলেন, কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়ার ব্যাপারে, সে প্রতিশ্রুতি ওঁরা রক্ষা করছেন না। আজকে যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে তাতে সাধারণ কর্মচারীরা বাজারে গিয়ে বাজার করতে পারছে না, বিভীষিকা দেখছে। আজকে আপনারা কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা রাজ্য সরকারী কর্মচারীদের দিতে পারছেন না কেন?

[5.00—5.10 P.M.]

আজ পরিষ্কার ভাবে একথা বলছেন না কেন যে ২, ৫, ১০ বছর বাদে এটা দিতে পারবেন। এইসব কথা তাঁর বক্তৃতার মধ্যে আমরা আশা করেছিলাম। গ্রামাঞ্চলে বর্গাদার উচ্ছেদ আরম্ভ হয়েছে। এ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি। সেখানে

আমলাদের দলীয় স্বার্থে লাগান হচ্ছে। মুখ্যমন্ত্রী ৪টি উদাহরণ দিয়ে বলেছেন কিভাবে কংগ্রেসী মন্ত্রীরা দলীয় স্বার্থে প্রশাসনকে কাজে লাগিয়েছেন। আমরা ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত ৪ হাজার উদাহরণ দিতে পারি যে কি বর্তমান দল তাঁরা দলীয় প্রশাসনকে কাজে লাগিয়েছেন। আমরা জানি অনেক WBCS Officer যাঁরা যোগ্যতার সঙ্গে ২০ বছর ধরে কাজ করছেন কিন্তু তাঁদের pron otion-এর ব্যবস্থা করা হচ্ছে না। এঁদের যদি promotion-এর ব্যবস্থা করা হয় তাহলে কাজ ভাল হবে, তা না হলে তাঁদের মধ্যে একটা frustration এসে যাবে। WBCS ও WBJOS-দের gradeগুলো এক হয়ে গেছে। কিন্তু দেখা গেছে অনেক WBCS Officer সেই scale পাচ্ছেন না। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখলাম যে প্রাক্তন I. G. রঞ্জিৎ গুপ্ত কলিঃ বিশ্ববিদ্যালয়ে কয়েকটি বক্তৃতা দিয়েছেন এবং তার জন্য তিনি টাকাও নিয়েছেন। গতকাল শিক্ষামন্ত্রী বললেন তিনি underqualified ছিলেন। তাঁর বক্তৃতা দেবার কোন অধিকার নেই। কিন্তু তিনি বক্তৃতা দিয়ে টাকাও নিয়েছেন। সুতরাং আমি বলব তাঁর কাছ থেকে সেই টাকা যেন ফেরৎ নেওয়া হয়। জেলা মহকুমার ক্ষেত্রে আমরা দেখেছি জেলাতে অনেক অফিসার পাঠান হয়েছে যাঁরা অভিজ্ঞ নন। তাঁরা যদি অভিজ্ঞ না হন তাহলে জেলার শাসন ব্যবস্থা ভেঙে যাবে। সেজন্য অনুরোধ করব জেলায় যেন অভিজ্ঞ অফিসার পাঠান হয়। এই বলে আমি শেষ করছি এবং আমার কাট মোশান move করছি।

মিঃ স্পীকার ঃ এই সভায় কাজ আরও বিলম্ব হতে পারে। মুখ্যমন্ত্রীর জবাবের সময় কিছুটা সময় লাগতে পারে। সেজন্য আমাদের নিয়মাবলীর ২৯০ ধারা অনুযায়ী আরও ২০ মিনিট সময় দেওয়া হোক। আমি ধরে নিচ্ছি এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ হল।

শ্রীজ্যোতি বসু ঃ স্পীকার মহাশয়, আমি খুব ধৈর্য ধরে সমস্ত পক্ষের সদস্যদের বক্তৃতা শুনলাম এবং যেটুকু আমার বিশেষ করে note করার প্রয়োজন তা করেছি। কারণ কিছু কিছু সুপারিশ হয়েছে যেগুলি আমাদের বিবেচনা করে দেখতে হবে। আগেও এইসব কথা উঠেছিল। কিন্তু অনেক জিনিস হয়নি। আমরা দেখব সেসব কিছু পরিবর্তন করতে পারি কিনা। আগামী দিনে সদস্যরা বুঝবেন ভাল হয়েছে কিনা, কিছু করা হয়েছে কিনা। অতএব এখন এসব নিয়ে বাগাড়ম্বর করে কোন লাভ নেই। আমি যা বলেছি অনেকজন সভ্য এ বিষয়ে একমত। আসল কথা হচ্ছে

প্রশাসন ব্যাপারে সরকারী নীতি কি হবে, যাঁরা নির্বাচনের পর মন্ত্রীসভা গঠন করলেন তাঁরা কোন নীতি নিয়ে চলবেন, তাঁরা জনসাধারণের পক্ষে, কি বিপক্ষে। সুতরাং শুধু আমলাদের উপর দোষ চাপিয়ে বিশেষ কোন উপকার হবে না—তার থেকে আমরা নূতন কিছু করতে পারব না।

আমি আগেই বলেছি যে মন্ত্রী পরিবর্তন মানেই সব কিছু পরিবর্তন হয়ে গেল এটা কখনও হয় না। এটা একমাত্র হয় সেই সমস্ত দেশে যে সমস্ত দেশে বিপ্লব হয়ে গেছে। সে সমস্ত দেশে আমূল পরিবর্তন হয়ে গেছে সঙ্গে সঙ্গে। এটা হচ্ছে উপর থেকে নীচ অবধি নিজের লোক দিয়ে—নিজের পক্ষের মানুষকে দিয়ে যারা বিপ্লবে জয়ী হলেন এবং পরাজিত করলেন প্রতিক্রিয়াশীলদের এবং তারা তারপর সরকার পরিচালনা করেন। আমাদের দেশে সে সমস্ত কথা বলে লাভ নেই। নির্বাচনে এতদিন যারা ছিলেন তারা পরাজিত হয়েছেন এবং আমরা নূতন সরকার গঠন করেছি। আমাদের কাজ করতে হবে। যে কর্মসূচী থাক, যাই হোক জনগণের পক্ষে আমাদের কাজ করতে হবে—এই অবস্থা নিয়েই কাজ করতে হবে যা অনেক দিন ধরে আছে। কিন্তু তবু আমরা যেটা নির্বাচনের সময় বলেছিলাম তাতে আমরা কিছু পরিবর্তন সাধন করতে পারি। এরূপ আমূল পরিবর্তন সাধন না হলে খুবই সুবিধা হতো, তবুও আমরা মনে করি এই ব্যবস্থার মধ্যেও আমরা পরিবর্তন বা সংস্কার সাধন করতে পারি। বিশেষ করে আমাদের দেশের মানুষ এত পিছিয়ে পড়ে আছেন, যদি তাদের কিছু করা যায়, যদি কিছু সহানুভূতি দেখান যায় তাহলে মানুষ সন্তুষ্ট হয়। এই অবস্থার মধ্যে আমরা ৩০ বছর আছি। সে জন্য বলছিলাম এটা করতে হলে রাইটার্স বিল্ডিংস-এ বা জেলায় যে সব কেন্দ্র আছে তা থেকে নয়। তাদের তো দরকারই। প্রশাসনে জনগণের সহযোগিতা নিয়ে পরিবর্তন করতে হবে। জনগণের সাহায্য নিয়ে আমাদের পরিবর্তন করতে হবে। আর জনগণের কথা শুনলেই ওঁরা শিউরে ওঠেন। এ আবার কি জনগণ? কারণ ওঁরা তো জনগণ থেকে বিচ্ছিন্ন। আমরা যদি বলি যে আপনারা জনগণ সব নজর রাখুন, কি হচ্ছে আপনারা সব খবরাখবর দিন, তা স্থানীয় ভাবে হোক বা কেন্দ্রীয় ভাবে হোক। আপনারা প্রশাসনে হস্তক্ষেপ করবেন না—এটা বলার পর যখন নজর রাখতে বলি, খবরাখবর রাখতে বলি, অভাব অভিযোগ জানবার কথা বলি। তাদের কথা যদি কেউ না শোনে যাদের কাছে দরখাস্ত পাঠাচ্ছেন আবেদন করছেন তারা যদি কেউ না শোনে তাহলে তাদের কথা আমাদের জানতে হবে। কার কাছে জানবো? জনগণের কাছ থেকে বিভিন্ন রাজনৈতিক দলের কাছ থেকে। কংগ্রেস দল আছে, গণ-সংগঠন আছে বিভিন্ন ক্ষেত্রে। মাননীয় স্পীকার মহাশয়, আমরা

বলছি যে তাদের সঙ্গে যোগাযোগ রেখে আমাদের যে কর্মসূচী আছে তা রূপায়ণ করতে হবে।

[5.10—5.20 P M.]

এবং সেটা করতে হলে, এটা বুঝি, এটা খুব তাড়াহুড়ো করে করা সম্ভব নয় এটা মেশিন কিছু নয় যে মন্ত্রীত্ব বদল হয়েছে বলে মেশিনের মত চলতে আরম্ভ করল। তার জন্য সময় লাগবে। উত্তরাধিকার সূত্রে আমরা কি পেয়েছি সেকথা বাজেট পেশ করার সময় আমরা বলেছিলাম। দু' একজন সদস্য আমার সঙ্গে একমত হয়েছেন, বিশেষ করে এই ব্যাপারে আমাদের সবাই একমত, হয়ত কংগ্রেস একমত নয়, আমি জানি না, কিন্তু আমাদের এটা বলতে হবে, এটা কার্যক্ষেত্রে করতে হবে, একটা অদল-বদল আনতে হবে। এর অর্থ কি, এর অর্থ হচ্ছে আমাদের দেশের হাজার হাজার ছেলে শুধু বেকার নয়, বেশীর ভাগ মানুষ হচ্ছে নিরক্ষর গ্রামে তারা বাস করে, ৭০/৮০ ভাগ মানুষ, এদের প্রতি যদি আমরা সহানুভূতিশীল না হই, যদি এদের বক্তব্য না শুনি উপর থেকে নিচুতলা পর্যন্ত, মন্ত্রী আমলা থেকে সরকারী কর্মচারী পর্যন্ত, তাহলে বুঝব কিছু হচ্ছে না। আমরা দেখব আমাদের কার্যক্রমের ফলে সাধারণ গরীব মানুষ যারা তাদের মান সম্মান ইজ্জত রক্ষিত হচ্ছে একথা তারা বুঝতে পারছে কিনা, এই বিষয়ে তারা সোচ্চার হচ্ছে কিনা। তার যেন বুঝতে পারে মানুষের মত আমার প্রতি ব্যবহার করা হচ্ছে। এটা গত ৩০ বছরে হয়নি। তলাকার মানুষ ৭০/৮০ ভাগ, এদের প্রতি এই মনোভাব নিয়ে আমাদের চলতে হবে একথা আমি আমলা, কর্মচারী, আমাদের নিজেদের বলব যদি আমরা কিছু করতে চাই। তা না হলে বড় বড় কথা বলে কোন লাভ হবে না। মানুষ যাদের জন্য করা হচ্ছে তারা যদি প্রতি পদক্ষেপে এটা না বোঝেন আমাদের জন্য যে প্রচেষ্টা হচ্ছে তার কোথাও সফলতা, কোথাও বিফলতা হবে কিন্তু আমরা সাহায্য করব, এগিয়ে আসব, আমাদের সঙ্গে অন্য রকম ব্যবহার করা হচ্ছে, তাহলে আমরা বুঝব আমরা সফলতার দিকে যাচ্ছি। আমরা একথা সরকারী কর্মচারী অফিসারদের বলছি, আমরা চাই না তাঁরা ভীত সন্ত্রস্ত হয়ে থাকুন, আমরা চাই না কংগ্রেস যে চেষ্টা করেছে এতদিন ধরে, বিশেষ করে জরুরী অবস্থার সুযোগ নিয়ে ক্রীতদাসে মানুষকে পরিণত করেছে সেটা করতে, আমরা বলি কোন একটা বিষয় নিয়ে যাঁদের মত দেওয়ার কথা তাঁরা আমাদের তা দিন, আমরা গ্রহণ করতে পারি, বর্জনও করতে পারি। তা না হলে মন্ত্রী মহাশয় বললেন, জল উঁচু তো জল উঁচু, এটা আমরা চাই না

আমরা গ্রহণ করতে পারি, বর্জনও করতে পারি। আপনারা বলবেন কি করতে চাইছেন সেটা ঠিক হবে না। আমরা অনেক সময় ভুল করতে পারি। আপনারা যদি আমাদের এটা একটু বলেন আমরা গ্রহণ করতে পারি কি বর্জন করতে পারি এটা মন্ত্রিসভার ব্যাপার। কিন্তু আমরা এই রকম মনোভাব সৃষ্টি করতে চাই উপরতলা থেকে নিচুতলা পর্যন্ত প্রশাসনের মধ্যে যে আমরা যেন মানুষ থেকে বিচ্ছিন্ন না হই। যে মানুষ হয়ত আজকে আমাদের সঙ্গে নেই নানা কারণে, আমরা চাই তারাও আমাদের সঙ্গে আসুক। আমরা অফিসার সাধারণ কর্মচারীদের বলব, আপনারা ছড়িয়ে আছেন সারা পশ্চিমবাংলায়, আপনাদের এটা দেখতে হবে যাতে আপনারা জনপ্রিয় হতে পারেন, মানুষের দিকে সেইভাবে আপনাদের দৃষ্টি ফেরান। তারপর ডাঃ জয়নাল আবেদিন অনেক অবাস্তব কথা বলেছেন, সে সম্বন্ধে পরে বলব। আজকে ভারতবর্ষে আগেকার বৃটিশ শাসনের সময় যে কাজ করতে হয়েছে প্রশাসনকে আইন-শৃঙ্খলার ব্যাপারে তার থেকে আরো বাড়তি কাজ তাদের করতে হয়েছে, যার জন্য খানিকটা অসুবিধা হয়েছে। অনেকে সেইভাবে ট্রেণ্ড নয়, সমস্যাগুলি তারা সেইভাবে বুঝতে পারেন না। আমাদের দেশে স্বাধীনতার পর থেকে একটা প্রচলিত ব্যাপার আছে, একবার যদি কেউ মন্ত্রি হয়ে যান তাহলে তিনি সমস্ত কিছু জানেন, সংস্কৃতি, বিজ্ঞান, সমস্ত ব্যাপারে তিনি বক্তৃতা দিতে পারেন। এটা আশ্চর্যের কথা। আমি কোনদিন বলিনি, আমি বলে দিই জানি না। আমাদের অফিসারদেরও সেই রকম। এটা ঠিক যে, তাদের ট্রেনিং দেওয়ার, তাদের শিক্ষার ব্যবস্থা করতে হবে আগামী দিনে। কারণ, আমাদের ব্যবসা-বাণিজ্য করতে হচ্ছে, শিল্প চালাতে হচ্ছে। একই লোক যিনি আজকে এখানে আছেন, তিনি ৬ মাস পরে অন্য জায়গায় চলে গেলেন, তিনি বিশেষজ্ঞ হয়ে গেলেন। কি করে হল? তিনি এ্যাডমিনিস্ট্রেটর হতে পারেন। কিন্তু যে বিষয়টা পরিচালনা করতে হবে সেটা অত্যন্ত কঠিন। আমরা রাজনীতি জানি, ব্যবসা-বাণিজ্য জানি না, সেখানে যদি অবৈজ্ঞানিক হয়ে যাই তাহলে ব্যবসা-বাণিজ্য চলবে না।

এবং এটা একটা বিপদ হয়েছে ভারতবর্ষে। তবুও ক্রমশঃ সরকারকে এইসব বিষয়ে কাজ করতে হচ্ছে। তারপর এ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম কমিটির অনেক কথা বলেছে, যেগুলি আমাদের দেখতে হবে। তারপর আপনারা দেখেছেন নাম পরিবর্তন হচ্ছে প্রশাসনের, বিভাগের। তার থেকে কি ফল হয়েছে না হয়েছে, কি ফললাভ হয়েছে সেটা আমরা পরবর্তীকালে বিচার করে যা করণীয় সেটা করার চেষ্টা করব। তারপর একটা কথা শুনলাম যা ঠিক নয়। সেই কংগ্রেস আমলের মত আবার শুরু হয়েছে এবং সেটা হচ্ছে, কোথাও একটা স্কুল হবে এবং তাতে কোন অফিসার বা

কর্মচারী বলছেন, সি পি এম-এর কাছে যাও। সি পি এম-এর কাছে কেন যাবে? আমরা এই জিনিস চাই না। কোথায় প্রয়োজন সেটা কি সি পি এম বুঝবে, না কোন বামপন্থী দল বুঝবে, না কংগ্রেস বুঝবে? এই জিনিস হলে ঠিকভাবে চলতে পারা যাবে না এবং আমরা যেটা চাচ্ছি সেই লক্ষ্যে আমরা পৌঁছাতে পারব না। এটা কেউ বলেছেন কিনা আমি জানি না, কিন্তু যদি কেউ বলে থাকেন তাহলে তিনি আমাদের নীতি বোঝেন নি, তাঁকে শিক্ষিত করে তুলতে হবে এবং তাঁর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে এবং তাঁকে সচেতন করে তুলতে হবে। ৩০ বছর ধরে আমরা দেখেছি কি হয়েছে এবং সেই জন্যই বলছি এইভাবে চলতে পারে না। এখানে একজন সদস্য বলেছেন যে, প্রশাসনকে নিরপেক্ষ থাকতে হবে এবং তাদের বলতে হবে এটার প্রয়োজন এবং এটার প্রয়োজন নেই। কিন্তু আমরা দেখেছি যেখানে প্রয়োজন সেখানে স্কুল হয় নি এবং যেখানে প্রয়োজন নেই সেখানে স্কুল হয়েছে। মাস্টাররা রাস্তায় এসে বসেছেন, তাঁরা কি করবেন? তাঁরা কেউ ঘুষ দিয়েছেন এবং বেআইনীভাবে চাকরি পেয়েছেন। আমরা দেখেছি বিভিন্ন ভাবে চুরি করে টাকা নিয়ে নিয়েছে এবং এটা অত্যন্ত লজ্জার কথা। পার্টিকে কুক্ষিগত করতে গেলে এইসব জিনিস হয়। তবে আমাদের সুবিধা আছে আমরা একারা রাজত্ব চালাই না। বিভিন্ন রকম দল রয়েছে এবং তাঁরা সকলে মিলে নজর রাখছেন। তবে এটা হলে তো মারামারি লেগে যাবে এবং আপনারা যাঁরা বিরোধী দলে রয়েছেন তাঁরা সেগুলি বলবেন। তবে এটা হচ্ছে বলে আমি শুনিনি, যদি কোথাও হয় আমাদের বলবেন, আমরা প্রতিকার করব। আমরা মনে করি এই জিনিস হলে জনগণের কল্যাণ করা যাবে না। তবে এটাকে বাড়িয়ে-টাড়িয়ে জয়নাল আবেদিন বললেন, আপনারা এ্যাডভোকেট জেনারেল বদলে দিলেন? উনি কি আইনকানুন কিছু জানেন না? এটা তো বদলাবেই, এটাই তো নিয়ম। আমরা আইনজীবী যা নিয়োগ করেছি সেটা আমাদের করতেই হবে, কারণ যাঁরা আমাদের সরকারের নীতিতে বিশ্বাসী নন, যাঁরা এই কাজ করবেন না, যাঁরা এর বিরোধী তাঁদের আমরা সরকারে কাজ দিতে চাই না। আমরা দেখেছি ইন্‌জাংশন চলে যায়, কিন্তু আমরা কোন খবর পাই না। জমি নিয়ে মামলা দায়ের হয়, ১,২/৩ বছর চলে যায় কিন্তু কেউ খবর রাখে না হিয়ারিং হবে কি না। আমরা দেখেছি ওদের যে সেল আছে তাতে কংগ্রেস প্যানেল থেকে ল'ইয়ার এ্যাপয়েন্ট করা হয়েছে। ল'ইয়ার এ্যাপয়েন্ট করা হয়েছে তাতে আমাদের কোন আপত্তি নেই, কিন্তু দেখেছি বেশীর ভাগ ল'ইয়ারই বোগাস এবং তার ফলে তাদের কাছ থেকে কোন কাজ পাওয়া যায় না। তাদের শুধু টাকার প্রয়োজন ছিল, তারা কোন নীতিতে বিশ্বাসী নয় এবং তাদের দ্বারা কোন কাজও

হয় না। কিন্তু এইসব ল'ইয়ার যাঁদের দেওয়া হয়েছে তাঁরা কাজ করছেন এবং তাঁদের উপর আমরা নজর রাখছি যে, সরকার যেটা করতে চান সেই লক্ষ্যে আমরা পৌঁছাতে পারব কিনা। তারপর ওই যে মন্ত্রী-কমিটি করা হয়েছিল তাতে দেখেছি সম্পূর্ণ অন্যায়ভাবে হাজার হাজার লোককে ওরা সরকারী দপ্তরে চাকরি দিয়েছে এবং গভনমেণ্টের রুলস্ বাতিল করে দিয়ে নূতন ব্যবস্থা তাঁরা করলেন। এগুলি আইনে হয়েছে কিনা আমি জানি না, তবে তাঁরা কারণ দেখিয়েছেন আমরা সিডিউল্ড কাস্ট এবং মুসলমানদের চাকরি দিতে চাই। এরকম দরদ তো আমি কখনও দেখিনি।

[5.20—5.30 P.M.]

তাহলে সরকারের যদি এই ব্যবস্থা হয়, নিয়মকানুন যদি কিছু না থাকে তখন কি হবে? আমাদের পক্ষের কোন ছেলে যদি চাকরি চায় সরকারের—যে নিজে প্রতিযোগিতা করে চাকরি পেতে পারে, তাহলে কংগ্রেস এম এল এ-র উপর নির্ভর করতে হবে—তাদের উপর নির্ভর করতে হবে, যারা দুর্নীতিবাজ তাদের সই নিয়ে তাদের চাকরি নিতে হবে রাইটার্স বিল্ডিংস-এ, আর সমস্ত দপ্তরে দপ্তরে—এইভাবে প্রশাসন কখনও চলতে পারে? আর ঐ সব ছেলেরা প্রতিযোগিতায় দাঁড়িয়ে চাকরি পাচ্ছে না, কারণ রাইটার্স বিল্ডিংস-এ ঐ বারান্দায় বসে সই করে ফর্ম নিয়ে বলা হচ্ছে এইসব ছেলেদের চাকরি হবে, আর এখানে সিডিউল কাস্টকে চাকরি দেওয়ার কথা বলছেন। আমরা জানি এইসব অসৎ সমাজবিরোধীরা চাকরি পেয়েছে, লাইসেন্স পেয়েছে, পারমিট পেয়েছে, তাদের লিস্ট আমাদের যে কমিশন হচ্ছে সেখানে যাবে। যারা অন্যায় করেছে, যারা অপরাধ করেছে সমাজের বিরুদ্ধে তাদেরই সব বেছে বেছে ব্যবস্থা করা হয়েছে। একটা পরিচ্ছন্ন এ্যাডমিনিস্ট্রেশান, একটা প্রশাসন চালান যায় না যদি দুর্নীতি থাকে, এ বিষয়ে আপনারা সকলে একমত হবেন আমার সঙ্গে। কাজেই যা হয়েছে সেইসব হিসাব আমরা করছি। কিন্তু এটা ঠিক কোনরকম সরকারী নিয়মকানুন বদলিয়ে দিয়ে করছি না। কংগ্রেসী মন্ত্রীরা—আপনারা কি করবেন, নিজেদের মধ্যে খেয়োখেয়ি—পরস্পর পরস্পরের বিরুদ্ধে বিবৃতি দিলেন—খুন করলেন আপনাদের ছেলেদের দিয়ে, আর আপনারা এখানে বলছেন যে, আপনারা সব করেছেন সমাজের ভালোর জন্য।

তারপরে আমি যেটা বলতে চাই, আমরা একটা পে-কমিশন করছি, কারণ আমাদের কাছে অনেক দরখাস্ত এসেছে, সেগুলি আমরা দেখলাম, কারণ আমাদের পক্ষে এখনই কোন জবাব দেওয়া সম্ভব নয় সে সব ব্যাপার নিয়ে—এর আগে

অজয় মুখার্জির কমিটি বসেছিল। তাতে অনেক জটিলতা বেড়েছে। সুতরাং আমরা সকলের সঙ্গে বসে সেগুলির কি ব্যবস্থা করতে পারি সে সব আমাদের দেখতে হবে। সরকারী কর্মচারীদের সম্বন্ধে এখানে কয়েকজন বলেছেন—এই সবের জন্যই আমাদের পে-কমিশন করতে হচ্ছে।

তারপরে আর একটা কথা অনেকে বলেছেন যে, চিঠির জবাব জনপ্রতিনিধির যেন একটু তাড়াতাড়ির মধ্যে পান—এটা ঠিক। কিন্তু এটাও একটা কঠিন কাজ। আমি জানি না আমাদের মন্ত্রীরা কি রকম চিঠি পাচ্ছেন, কিন্তু আমি ডেলি দু-হাজার করে চিঠি পাই এবং এর যা পদ্ধতি ইত্যাদি—এতে একটা হয় যে, আমি বলে দিলাম যে, আপনার চিঠি পেয়েছি, সেটা হয়ত চলে যেতে পারে। কিন্তু তাও তো মুশকিল, কারণ আমার সই লাগবে। আপনি একটা চিঠি দিলেন তার জবাবটা কি হবে, ডিপার্টমেন্টে যাবে—হয়ত অন্য জেলা থেকে খবর আনতে হবে কিংবা অন্য ডিপার্টমেন্ট থেকে খবর আনতে হয়, এই জন্য সময় লাগবে। কিন্তু আমরা এটা চাই বিশেষ জনপ্রতিনিধিরা যখন চিঠি লিখবেন—কারণ তাঁদের আবার জবাবদিহি করতে হয়, যেখান থেকে তাঁরা নির্বাচিত হয়েছেন, যেখানে তাঁরা কাজ করেন, সেইজন্য এটা যাতে তাড়াতাড়ি হয় সেটা আমাদের দেখতে হবে। আমি জানি না হঠাৎ জয়নাল সাহেব কি একটা চিঠির কথা এখানে বলেছেন যে, তিনি পাঠিয়েছিলেন কংগ্রেস অফিস থেকে ২৬ শে জুলাই। আমরা তো সেটা ২৭ শে জুলাই একনোলেজড করে পাঠিয়েছি—এর থেকে তাড়াতাড়ি হবে না। ২৭ শে জুলাই সেটা পাঠিয়েছি, উনি যে খবরটা চেয়েছিলেন সেটা ৩০ শে আগস্ট আমাদের কাছে এসেছে, এখন উনি সেই খবর পাবেন যা আমরা পেয়েছি। এই ভাবে আমরা ব্যবস্থা করবার চেষ্টা করছি। আরও দেখতে হবে কি করা যায়, আরও যাতে তাড়াতাড়ি করা যায় সেটা আমাদের নিশ্চয়ই দেখতে হবে। ফাইল যাতে না পড়ে থাকে সেটা আমাদের দেখতে হবে।

ফাইল যাতে পড়ে না থাকে, আরো কত তাড়াতাড়ি করা যায় সেগুলি আমাদের নিশ্চয়ই দেখতে হবে, তারপর এখানে যা বলা হয়েছে—বিশেষ গুরুত্বপূর্ণ কিছু পাইনি, কিন্তু একটা কথায় আপত্তি জানান হয়েছে কংগ্রেস পক্ষ থেকে যে, আপনারা বন্দীদের মুক্ত করলেন কেন—রাজনৈতিক বন্দীদের। এর জন্য তর্ক করে লাভ নেই, এটাই আমাদের নীতি। এটা আমরা আমাদের প্রথম মন্ত্রিসভায় ঘোষণা করেছিলাম জেনারেল এ্যামনেষ্টি অর্থাৎ আমরা যাদের ছেড়ে দিয়েছি, দিচ্ছি, মুক্ত করছি তাদের সকলের আমরা একমত রাজনীতির দিক থেকে তা নয়। এই এ্যামনেষ্টি যা হয়েছে তাতে এই নূতন একটা পরিস্থিতিতে সকলকেই একটা সুযোগ দেওয়া উচিত এবং

তারা সুযোগ পেলে মানুষের কাছে তাঁরা তাঁদের রাজনীতির কথা রাখবেন। মানুষ বরণ করবে, কি গ্রহণ করবে এটা মানুষই বিচার করে দেখবে এবং এইজন্য এটা আমরা করেছি। এটা যে আগে হয়নি তা নয়, এটা অনেক আগেই হয়েছিল, নেহেরু সরকারের সময় হয়েছিল তেলেঙ্গানা প্রিজনার্সদের বেলায়। আমি নিশ্চয়ই জানি এটা হয়, সাধারণ কয়েদীদেরও রেমিশন হয়। আমরা এটা করেছি ১৫ই আগস্ট এই ভেবে। এটা রাজনৈতিক ব্যাপার, কংগ্রেস সদস্যরা এর প্রতিবাদ করেছেন, ওঁ রাজনীতি তাঁরা বুঝবেন না তাঁদের এখানে কি বোঝাবো। আর একটা কথা বলা হয়েছে, রিলিফের কথা, মুর্শিদাবাদে যারা কংগ্রেসকে ভোট দিয়েছে তাদের রিলিফ দেওয়া হবে না—এটা অদ্ভুত কথা। আপনারা করেছেন বলেই কি আমরাও সেই পথে যাবো। আমরা দু'বার করে রিপোর্ট নিয়েছি, আমাদের কাছে কোন্ জায়গায় কি রিলিফ গিয়েছে আমাদের কাছে তার সমস্ত হিসাব পাঠান হয়েছে, আমরা তো সেখানে দেখিনি যে, এই রকম কোন ব্যবস্থা হয়েছে। সেখানে আমরা জয়নাল আবেদিন সাহেবের মত কেন ব্যবহার করবো? ওঁদের নীতি আর আমাদের নীতি তো এক নয়, একথা আমরা সকলেই জানি। আর জয়নাল সাহেব কি মনে করেন ওঁদের পক্ষে দুর্ভাগ্যবশতঃ যাঁরা এম. এল. এ. হয়েছেন, ওঁদের পক্ষে যারা ভোট দিয়েছেন, তাঁরা চিরকালই ওঁদের পক্ষে থাকবেন, আমরা চাইনা কি তারা আমাদের পক্ষে আসুক—এটা মুখের কথা। সেইজন্য আমি বলেছিলাম যে, আমরা এইগুলি এখন এম. এল. এ.-দের মাধ্যমে করবো, কারণ আমরা কমিটি করতে পারিনি, এম এল. এ.-দের সংগে পরামর্শ করে সাময়িকভাবে এটা করতে পেরেছি। পরবর্তীকালে রিলিফ বা অন্যান্য কমিটি গড়ে তুলতে হবে তা না হলে কাজটা সুষ্ঠুভাবে শুধু এস. ডি. ও. বা ডি. এম.-কে দিয়ে হবে না। আমি বলছি যে যদি এই রকম কোন অভিযোগ আসে, আপনারা যদি সন্তুষ্ট না হন, আমরা দেখবো কংগ্রেসী এম. এল. এ.-দের জায়গায় কত দেওয়া হয়েছে, কি সেখানে দরকার ছিল, আর অন্য জায়গায় কত দেওয়া হয়েছে। তবে এটা দেওয়া হয়নি পর্যাপ্ত এটা সমস্ত এম. এল. এ.-রা আমাকে বলেছে, কোথা থেকে দেবো? ৬ কোটি টাকা আপনারা বরাদ্দ করেছিলেন আপনাদের যে বাজেট হয়েছিল, তারপর তার মধ্যে আবার তিন কোটি টাকা খরচ করে চলে গেলেন, রেখে তো গেলেন না কিছু, কিসে কি খরচ করলেন, কেবল ওঁরাই জানেন ঐ রিলিফের নামে। তার পরে আমাদের হাতে ৩ কোটি টাকা রয়েছে। সেটা ছাপিয়ে কবে চলে গিয়েছে। কাজেই যেটুকু আমরা পারছি আমরা করছি। এখানে কেন্দ্রীয় সরকারকে আমরা চিঠি দিয়েছিলাম, তারা আসছে, তারা যা হয় করবে। এখন বন্ধ হয়ে গিয়েছে টাকা-পয়সা দেওয়া। তবে কংগ্রেসীরা জানেন,

আমরাও জানি যে, যদি আবার তারা রিলিফ দেয় তাহলে আমরা দেখবো আরে কিছু আদায় করা যায় কিনা। এটা আমাদের দিতে হবে আমাদের যা প্রয়োজন। অতএব কংগ্রেস বা কমিউনিস্ট এসব কথা বলে লাভ নেই। তারপর আর একট কথা বলা হচ্ছে, আপনারা নির্দিষ্ট সময় বেধে দিচ্ছেন না কেন। এই বাজেটে কি বলা হয়েছিল জানি না, যদি এটা বলা হয়, একজন সদস্য বললেন, আপনারা সব ভাসা ভাসা বলছেন, এর কারণ আমরা মানুষকে ফাঁকি দিতে পারি না, তাতে আমর এখানে থাকি বা না থাকি। আমাদের রাজনীতি আলাদা, আমাদের দৃষ্টিভঙ্গি আলাদা। কংগ্রেসীদের মত মানুষকে মিথ্যা বলে ফাঁকি দিয়ে বিপথে নিয়ে যাওয়া এটা আমরা কখনই করতে পারবো না। যা করতে পারবো তা করবে মানুষ দেখবে। যা পারবো না তাদের কাছে পরিষ্কার করে বলবো পারছি না। কেন পারছি না তারা বুঝবে, নিশ্চয়ই তারা আমাদের সংগে থাকবে, ওদের দিকে যাবে না। এইজন্য আমরা তো সবে ছ'মাস হল এসেছি, আমরা এটা বলতে পারিন, যেমন আপনারা বলেছিলেন কংগ্রেস থেকে—আমরা সব দাবি মিটিয়ে দেবো, অমুক করে দেবো, গরিবী হটাবো এবং এই গরিবী হটাবো বলার কি অবস্থা হয়েছে ত আপনারা সকলেই দেখতে পেয়েছেন।

[5.30—5.40 P. M.]

আমি এখানে দেখছি যে, তাঁরা এসব কথা বলতে গিয়ে একবারও মনে করছেন না যে, এই প্রশাসন যন্ত্রের উপর তো তাঁরাই বসেছিলেন। গত ৩০ বছর ধরে তো আপনারাই বসেছিলেন, মাঝখানে শুধু আমরা দুই আড়াই বছরের জন্য এসে-ছিলাম। তাহলে তো আপনাদের অভিজ্ঞতা থাকা দরকার, আপনারা যদি এই রকম অবস্থার সৃষ্টি করে গিয়ে থাকেন, যেটা পরিবর্তন করতে আমাদের একটু সময় লাগছে, তাতে সেই সময় আমাদের ধৈর্য ধরে করে দিতে হবে। কারণ এই অবস্থা আপনারাই সৃষ্টি করে গেছেন। আবদুল গনি খান চৌধুরী, আপনি তো জানেন যে, গত নভেম্বর মাসে ১৯৭৬ সালে আমি গিয়েছিলাম মালদায়, ৭ ৮ টা মিটি করতে নভেম্বর দিবসে। ওঁর এলাকায় আমি যখন ঢুকেছি, তখন ৮/১০ টি ছেলে এসে—সমাজবিরোধী, আমার গাড়ীর সামনে বসে পড়ল, হাইওয়ের উপর। সেখানে ম্যাজিস্ট্রেট উপস্থিত, অসংখ্য পুলিশ উপস্থিত, সি আর পি উপস্থিত, পশ্চিম বাংলার পুলিশ উপস্থিত, আমি গাড়ীতে বসে আছি, পুলিশ আছে, সবাই আছে, আমি বললাম মারবেন-টারবেন না, আমার তো দেরি হয়ে যাচ্ছে, আমি তো যাবো,

এটা তো পথ, একটা ব্যবস্থা করুন। তাঁরা বললেন, হ্যাঁ স্যার, আমি আধ ঘণ্টা বসে রইলাম, দেখলাম তাঁদের সঙ্গে কত আলাপ! কত আলোচনা! পুলিশের সংগে দহরম-মহরম কত! গাড়ীতে বসে বসে দেখলাম। এস পি, ম্যাজিস্ট্রেট কি শিখলেন? কোথায় চলবে এই সমস্ত কাজ? এই রকম অবস্থা সৃষ্টি করে গেছেন, মানুষকে দুর্নীতিগ্রস্ত করে গেছেন, সমাজবিরোধী করে গেছেন। এই অবস্থা থেকে মুক্ত হতে তো একটু সময় লাগবে। কিন্তু আমরা মুক্ত হব, সে বিষয়ে কোন সন্দেহ নেই, জনগণ আমাদের পক্ষে, সেই জনগণকে সংগঠিত করছি এবং এটা কোন কথা নয়, এ মাঝে মনে হয় কি সদস্য বলবেন ওকে ট্রান্সফার করে দিন, কিন্তু আপনার ঘাড় ট্রান্সফার করে কোথায় বসাব? এ কখনও চলতে পারে? সেখানে তো আমাদের লোক আছে। এই প্রশাসন নিয়ে, এই এডমিনিস্ট্রেশন নিয়ে আমাদের কাজ করতে হবে। কিন্তু জনগণকে বলছি, এ পক্ষের এবং ও পক্ষের বলছি, আপনারা নজর রাখুন, কে ঘুষ নিচ্ছে খোঁজ নিন, জনগণকে মবিলাইজ করুন যাতে এই করতে সাহস না পায়। এ করেই আমাদের চলতে হবে, এ ছাড়া কোন পথ নেই।

তৃতীয় কথায় এবারে আমি আসছি—এটা ঠিক নয় যে, সমস্ত উপর থেকে নীচে পর্যন্ত সকলেই দুর্নীতিগ্রস্ত হয়ে গেছে, কেউ কোন কাজ করতে চায় না, কোন উৎসাহ-উদ্দীপনা নেই, কেউ কর্তব্য পালন করছেন না, এটা ঠিক নয়। অল্প কিছু সংখ্যক লোক আছে যারা ঘুটেপুটে নেয় কংগ্রেসী মিনিস্টারদের মত, কিন্তু সবাই তা নয়। তাঁরা কাজ করতে চান, তাঁরা বলেন, কি করব আমাদের এইসব অর্ডার। মন্ত্রী যদি এসে দাঁড়িয়ে বলেন জয়প্রকাশের নাম করে পথে দাঁড়িয়ে মিটিং করতে দেব না তবে? একজন জনতা পার্টির সদস্য বললেন সেটা তো বে-আইনী, সে অর্ডার বে-আইনী হতে পারে, আইনী হতে পারে, কিন্তু মিলিটারী, পুলিশের কথা বলব না, কিন্তু অফিসাররা কে কি করবেন? তাহলে তো মন্ত্রীদের গ্রেপ্তার করতে হয়, কি করে গ্রেপ্তার করবেন? প্রচলিত পদ্ধতিতে নয়, কিন্তু এই জিনিস হয়েছে, তার জন্য নিন্দা হয়েছে। পরের দিন ফিরে আসলে আমাদের দক্ষিণপন্থী কমিউনিস্ট বন্ধুরা উৎসাহিত করেছেন, প্রশংসা করেছেন, বলেছেন আপনি ভাল কাজ করেছেন। এই ভাবে যদি কাজ হয় তাহলে প্রশাসন কি করে চলবে? তারপরে কি করে তাদের পুলিশ চলবে? আমাদের গাড়ী সামনে দাঁড়িয়ে যদি চুরমার করে দেয়, তাহলে কেউ তাদের ধরবে না। ভাল লোক যারা এই সব কাজে ভয় পাবে। ওদের যোগসাজশে এইভাবে ঘুষে মিথ্যায় মিথ্যায় সমস্ত প্রশাসনকে ভরে দিয়েছে। এ থেকে মুক্ত করা কি সহজ কাজ? তাই জনসাধারণের কাছে বারে বারে আবেদন

করি, আমাদের পক্ষে যাঁরা আছেন, ওঁদের পক্ষেও যাঁরা আছেন, আসুন আমরা সকলে মিলে চলি, নতুন পশ্চিমবাংলা গড়ে তোলার চেষ্টা করি। এই কথা বলে যতগুলি সংশোধনী আছে, তার বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[5.40—5.55 P.M.]

DEMAND No 18

ব্যয়বরাদ্দের দাবির উপর ভোট গ্রহণ

Mr. Speaker : এখন ১৮ নম্বর দাবির উপর ভোট গ্রহণ। সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলি নিয়মানুগ এবং উত্থাপিত হয়েছে বলে ধরে নেওয়া হচ্ছে। আমার মনে হয় ৪/৬ এবং ৮নং ছাঁটাই প্রস্তাবের উপর ভোট গ্রহণ বা ডিভিসন দাবি করা হবে সুতরাং আমি ৪ থেকে ৬ এবং ৮নং ছাঁটাই প্রস্তাব বাদে বাদ বাকী ছাঁটাই প্রস্তাব ধ্বনি ভোটে দিচ্ছি।

The motions of Shri Habibur Rahaman, Shri Rajani Kanta Doloi and Shri Bijoy Bouri that the amount of the demand the reduced to Re. 1, were then put and lost.

The motion of Shri Dhirendra Nath Sarkar that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

Mr Speaker : এখন আমি ৪ থেকে ৬ এবং ৮নং ছাঁটাই প্রস্তাব ভোটে দিচ্ছি

The motions of Shri Santi Chattaraj, and Shri Rajani Kanta Doloi that the amount of the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result :

Nos.—169

Abul Hasan, Shri	Barma, Shri Manindra Nath
Abdul Quiyom Molla, Shri	Basu, Shri Bimal Kanti
Abdur Razzak Molla, Shri	Basu, Shri Debi Prosad
Abul Hasnat Khan, Shri	Basu, Shri Jyoti
Adak, Shri Nitai Charan	Basu, Shri Nihar Kumar
Anisur Rahman, Shri	Bera, Shri Pulak
Atahar Rahaman, Shri	Bhadhuri, Shri Timir Baran
Bagdi, Shri Lakhan	Bhandari, Shri Sudhir
Bandopadhaya, Shri Gopal	Bhattacharjee, Shri Buddhadev
Bandyopadhyay, Shri Balai	Bhattacharya, Shri Kamal Krishna
Banerjee, Shri Madhu	Bhattacharya, Shri Kanai Lal
Banerji, Shri Radhika Ranjan	Bhattacharyya, Dr. Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jnanendra Nath
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Ashoke Kumar
Bouri, Shri Nabani
Chatterjee, Shri Bhabani Prasad
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chaudhuri, Shri Subodh
Chhobhan Gazi, Shri
Choudhuri, Shri Biswanath
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendra Narayan
Chowdhury, Shri Subhendu Kumar
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
Daud Khan, Shri
Deb, Shri Sarat
Ghosal, Shri Aurobindo
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishna Dhan
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Kisku, Shri Apindra
Koley, Shri Barindranath
Kumar, Shri Sudhindra Nath
Kundu, Shri Gour Chandra
Let (Bara), Shri Panchanan
Mahata, Shri Satya Ranjan
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dina Bandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Chittabrata
Majumdar, Shri Jamini Kishore
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mandi Shri Sambhu Nath
Mazumder, Shri Dinesh
Mir Fakir Mohammad, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Ranjit
Mohammed Amin, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Rajkumar
Mondal, Shri Sahabuddin
Morazzam Hossain, Shri Syed
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar

Naskar, Shri Sundar
Nath, Shri Manoranjan
Oraon, Shri Mohan Lal
Pal, Shri Bejoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Dhirendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Monoranjan
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy Barmon, Shri Khitibhusan
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Samanta, Shri Gouranga
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Sailen
Sarker, Shri Ahindra
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sing, Shri Buddhadeb
Singh, Shri Chhedilal
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha Dr. Haramohan
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guruprasad
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Suchand
Sur, Shri Prasanta Kumar
Tudu, Shri Bikram
Urao, Shri Punai
A. K M. Hassan Uzzaman, Shri
Bauri, Shri Bijoy
Bharati, Shri Haripada
Das Mahapatra, Shri Balai Lal
Das Shri Shiba Nath
Digpati, Shri Panchanan
Golam Yazdani, Dr.
Haldar, Shri Renupada
Jana, Shri Haripada (Bhagabanpur)
Jana, Shri Hari Pada (Pingla)
Maitra, Shri Kashi Kanta
Maity, Satya Brata
Nanda, Shri Kiranmay
Ojha, Shri Janmejay
Pal, Shri Bankim Behary
Sarkar, Shri Deba Prasad
Sinha, Shri Prabodh Chandra

Ayes

Abedin, Dr. Zainal
Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri
Bapuli, Shri Satya Ranjan
Chattoraj, Shri Suniti
Doloi, Shri Rajani Kanta
Haji, Sajjad Hossain, Shri
Habibur Rahoman, Shri
Md. Shorab, Shri
Sen, Shri Bholanath
Sinha, Shri Atish Chandra
Sarkar, Shri Dhirendra Nath
Shamsuddin Ahmed, Shri
Saikh Imajuddin, Shri

The Ayes being 13 and the Noes 169, the motions were lost.

Mr. Speaker : এখন শ্রীজ্যোতি বসু মহাশয় ১৮ নং দাবির অধীন মুখ্যখাত "২৫২-সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস" বাবদ ব্যয়-নির্বাহের উদ্দেশ্যে থোক ৩ কোটি ৩০ লক্ষ টাকা মঞ্জুর করা হোক বলে যে মূল ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা আমি ভোটে দিচ্ছি।

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 3,30,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Head : "252-Secretariat-General Services", was then put and agreed to.

DEMAND NO. 19

Mr. Speaker : ১৯ নং দাবির উপর ভোট গ্রহণ। সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলি নিয়মানুগ এবং উত্থাপিত হয়েছে বলে ধরে নেওয়া হচ্ছে। আমার মনে হয় ৩/৫ নং ছাঁটাই প্রস্তাবের উপর ভোট গ্রহণ বা ডিভিশন দাবি করা হবে। সুতরাং আমি ৩/৫ নং ছাঁটাই প্রস্তাব বাদে বাদবাকী ছাঁটাই প্রস্তাবগুলি ধ্বনি ভোটে দিচ্ছি।

The motion of Shri Atish Chandra Sinha that the amount of the demand be reduced to Re. 1 was then put and lost.

Mr. Speaker : আমি এখন ৩/৫ নং ছাঁটাই প্রস্তাব ভোটে দিচ্ছি।

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result :—

NOES

Abul Hasan, Shri
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bandopadhaya, Shri Gopal
Bandopodhyay, Shri Balai
Banerjee, Shri Amiya
Banerjee, Shri Madhu
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Baxla, Shri John Arther
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran
Bhandari, Shri Sudhir

Bhattacharjee, Shri Buddhadev
Bhattacharya, Shri Kamal Krishna
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jnanendra Nath
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Ashoke Kumar
Bouri, Shri Gobinda
Bouri, Shri Nabani
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Bhabani Prasad
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chaudhuri, Shri Subodh
Chhobhan Gazi, Shri
Choudhuri, Shri Biswanath
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendra Narayan
Chowdhury, Shri Subhendu Kumar
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
Daud Khan, Shri
Deb, Shri Saral
Ghosal, Shri Aurobindo
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishna Dhan
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Kisku, Shri Apindra
Koley, Shri Barindranath
Kumar, Shri Sudhindra Nath
Kundu, Shri Gour Chandra
Let (Bara), Shri Panchanan
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Satya Ranjan
Maity, Shri Hrishikesh
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dina Bandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Chittabrata
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Jamini Kisore
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhu Nath
Mazumder, Shri Dinesh
Mir Fakir Mohammad, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Ranjit
Mohammed Amin, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Rajkumar
Mondal, Shri Sahabuddin
Morazzam Hossain, Shri Syed
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Nath, Shri Manoranjan
Oraon, Shri Mohan Lal
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra
Roy Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Monoranjan
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy Barmon, Shri Khitibhusan
Sadra, Shri Samar Kumar
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Samanta, Shri Gouranga
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Sailen
Sarker, Shri Ahindra
Satpathy, Shri Ramchandra
Sedin, Dr. Zainal
Saul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri
Sepuli, Shri Satya Ranjan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sing Shri Buddhadeb
Singh, Shri Chhedilal
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guruprasad
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Suchand
Sur, Shri Prasant Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Urao, Shri Punai
A. K. M. Hassan Uzzaman, Shri
Bauri, Shri Bijoy
Bharati, Shri Haripada
Das Mahapatra, Shri Balai Lal
Das, Shri Shiba Nath
Digpati, Shri Panchanan
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Jana, Shri Haripada (Bhagabanpur)
Jana, Shri Hari Pada (Pingla)
Maitra, Shri Kashi Kanta
Maity, Satya Brata
Nanda, Shri Kiranmay
Ojha, Shri Janmejay
Pal, Shri Bankim Behari
Pal, Shri Ras Behari
Sarkar, Shri Deba Prasad
Sinha, Shri Prabodh Chandra

AYES

Chattaraj, Shri Suniti
Dolo', Shri Rajani Kanta
Habibur Rahaman, Shri
Haji Sajjad Hussain, Shri

Md. Sohorab, Shri
Roy, Shri Krishna Das
Sarkar, Shri Dhirendra Nath
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Atish Chandra
Sen, Shri Bholanath

ABSTENTION

Roy Shri Dhirendra Nath

The Ayes being 14 and the Noes 178, the motion was lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 4,35,00,00 be granted for expenditure under Demand No. 19, Major Head "253-District Administration" was then put and agreed to.

DEMAND NO. 3

Mr. Speaker : আমার মনে হয় ৪, ৫, ৭ নং ছাঁটাই প্রস্তাবের উপর ভো গ্রহণ বা ডিভিশন দাবি করা হবে। সুতরাং আমি ৪, ৫, ৭, ছাঁটাই প্রস্তাব ব বাদবাকী ছাঁটাই প্রস্তাবগুলি ধ্বনি ভোটে দিচ্ছি।

The motions of Shri Atish Chandra Sinha and Shri Rajan Kanta Doloi that the amount of the demand be reduced to Re. were then put and lost.

The motions of Shri Habibur Rahaman and Shri Daw Narbu La that the amount of the demand be reduced by Rs. 10 were then put and lost.

Mr. Speaker : এখন আমি ৪, ৫, ৭ নং ছাঁটাই প্রস্তাবগুলি ভো দিচ্ছি।

The motions of Shri Rajani Kanta Doloi and Shri Suni Chattaraj that the amount of the demand be reduced by Rs. 10 were then put and a division taken with the following result :—

NOES

Abul Hassan, Shri
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bandopadhaya, Shri Gopal
Bandyopadhyay, Shri Balai

anerjee, Shri Amiya
anerjee, Shri Madhu
anerji, Shri Radhika Ranjan
arma, Shri Manindra Nath
asu, Shri Bimal Kanti
asu, Shri Debi Prosad
asu, Shri Jyoti
axla, Shri John Arther
era, Shri Pulak
esterwitch, Shri A. H.
haduri, Shri Timir Baran
handari, Shri Sudhir
hattacharjee, Shri Buddhadeb
hattacharya, Shri Kamal Krishna
ttacharya, Dr. Kanai Lal
hattacharyya, Shri Gopal Krishna
hattacharyya, Shri Satya Pada
su, Shri Santosh
swas, Shri Hazari
swas, Shri Jnanendra Nath
swas, Shri Kamalkshmi
swas, Shri Kanti Chandra
swas, Shri Kumud Ranjan
swas, Shri Satish Chandra
ra, Shri Badan
se, Shri Ashoke Kumar
se, Shri Nirmal Kumar
uri, Shri Gobinda
uri, Shri Nabani
atterjee, Shri Bhabani Prasad
atterjee, Shrimati Nirupama
atterjee, Shri Ram
audhuri, Shri Subodh
hobhan Gazi, Shri
owdhury, Shri Biswanath
owdhury, Shri Bikash
owdhury, Shri Sibendra Narayan
owdhury, Shri Subhendu Kumar
kua, Shri Dinesh Chandra
as, Shri Jagadish Chandra
as, Shri Nimai Chandra
as, Shri Santosh Kumar
aud Khan, Shri
Deb, Shri Saral
Ghosal, Shri Aurobindo
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishna Dhan
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Kisku, Shri Apindra
Koley, Shri Barindranath
Kumar, Shri Sudhindra Nath
Kundu, Shri Gour Chandra
Let (Bara), Shri Panchanan
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Satya Ranjan
Maity, Shri Hrishikesh
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dina Bandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Chittabrata
Majumdar, Shri Jamini Kisore
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri RabindraNath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhu Nath
Mazumder, Shri Dinesh
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri

Mitra, Dr. Ashok
Mitra, Shri Ranjit
Mohammed Amin, Shri
Mohanta, Shrl Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Rajkumar
Mondal, Shri Sahabuddin
Morazzam Hossain, Shri Syed
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Mahadab
Mukheriee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Nath, Shri Manoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Oraon, Shri Mohan Lal
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Birendra Narayan
Roy Shri, Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Dhirendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Monoranjan
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy Barmon, Shri Khitibhusan
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Samanta, Shri Gouranga
Santra, Shri Sunil
Sanyal, Shri Samarendra Nath
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Sailen
Sarkar, Shri Ahindra
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Lakshmi Charan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sing, Sh i Buddhadeb
Singh, Shri Chhedilal
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guruprasad
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Suchand
Sur, Shri Prasanta Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Urao, Shri Punai

A. K. M. Hassan Uzzaman, Shri
Bauri, Shri Bijoy
Bharati, Shri Haripada
Das Mahapatra, Shri Balai Lal
Das, Shri Shiba Nath
Digpati, Shri Panch anan
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Jana, Shri Haripada (Bhagabanpur
Jana, Shri Hari Pada (Pingla)
Maitra, Shri Kashi Kanta

Maity, Satya Brata
Nanda, Shri Kiranmay
Ojha, Shri Janmejay
Pal, Shri Bankim Behary
Pal, Shri Ras Behari
Sarkar, Shri Deba Prased
Sarkar, Shri Dhirendra Nath
Sinha, Shri Prabodh Chandra

AYES

Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri
Bapuli, Shri Satya Ranjan
Chattaraj, Shri Suniti
Doloi, Shri Rajani Kanta
Habibur Rahaman, Shri
Md. Sohorab Shri
Ray, Shri Naba Kumar
Roy, Shri Krishna Das
Sarkar, Shri Dhirendra Nath
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Atish Chandra
Sen, Shri Bholanath

The Ayes being 14 and the Noes 185, the motions were lost.

Mr. Speaker : এখন শ্রীজ্যোতি বসু মহাশয় ৩ ন দাবির অধীন মুখ্যখাত "২১৩-কাউন্সিল অব মিনিস্টারস" বাবদ ব্যয়-নির্বাহের উদ্দেশ্যে ষোল লক্ষ টাকা মঞ্জুর করা হোক বলে যে মূল ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা আমি ভোটে দিচ্ছি।

The motion of Shri Jyoti Basu that a sum of Rs 16,00,000 be granted for expenditure under Demand No 3, Major Head : "213-Council of Ministers", was then put and agreed to.

Mr. Speaker : সভার অধিবেশন আগামীকাল বৃহস্পতিবার, ১লা সেপ্টেম্বর ১৯৭৭ বেলা ১২টা পর্যন্ত মুলতুবি রইল।

Adjournment

The House was accordingly adjourned at 5·55 P. M. till 12 noon on Thursday, the 1st September, 1977, at the Assembly House, Calcutta.

———

INDEX TO THE

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY PROCEEDINGS

(Official Report)

Vol—66, No. 1.—Sixty Six Session (Aug.-Sep.), 1977

(The 25th, 26th, 27th, 29th, 30th and 31st August, 1977)

[(Q) Stands for Questions
(M) Stands for Mention cases]

A. B A. Ghani Khan Chowdhury, Shri

Discussion on Budget pp. 289-291.

A K. M. Hasanuzzaman, Shri

Discussion on Budget pp 310-313

ঈদল-ফেতর ও রমজান উপলক্ষে অতিরিক্ত চিনি, ময়দা ও সুজি সরবরাহ (M) : p. 183

ঈদ কমিটি গঠন (M) : p. 280.

Abdul Quiyom Molla, Shri

কলকাতার বাগমারীতে গোরস্থান (M) : p. 178.

ডায়মণ্ডহারবারে পানীয় জলের অভাব (M) : p. 275.

ডায়মণ্ডহারবার হাসপাতালে দুর্নীতি (M) : p. 362.

Abdur Razzak Molla, Shri

ক্যানিং-এ মৎস্য দৈত্যদের উৎপাত (M) : p. 173-74.

Abdus Sattar, Shri

Discussion on Budget : pp. 324-327.

Abedin, Dr. Zainal

Demand (s) for Grant (s).
252—Secretariat General Services : pp. 139-199.
253—District Administration : pp. 383-392.
Discussion on Budget : pp. 189-199

Atahar Rahaman, Shri

Discussion on Budget : p. 295-297.

Bag, Dr. Saswati Prasad

Discussion on Budget : pp. 212-217.

দূরপাল্লার স্টেট বাস ও মিনিবাসে ধূমপান (M) : p. 278

মহিষাদল হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ (M) : p. 178

Bapuli, Shri Satya Ranjan

Discussion on Budget : pp. 217-223.

খুন, ডাকাতি ও রাহাজানি বৃদ্ধি (M) : pp. 271-272.

Banerjee, Shri Madhu

কুলটি অঞ্চলে রাস্তা মেরামত (M) : p. 280.

Barman, Shri Kalipada

মাতলা নদীর উপর ব্রীজ নির্মাণ (M) : p. 44.

সুন্দরবনের বিস্তীর্ণ এলাকায় দুর্নীতি (M) : pp. 366-67.

Basu, Shri Bimal Kanti

কুচবিহারে নিরাপত্তা বাহিনীর জনৈক কর্মীর গুলিতে নিরীহ দুই ব্যক্তির মৃত্যু (M) : p. 45-46.

Basu, Shri Jyoti

Voting on Demands for Grants
Demand No. 18 : pp. 369-378
Demand No. 19 : pp. 430

Basu Roy, Shri Sunil

কলকারখানায় শিক্ষানবিস কারিগরদের কর্মসংস্থান (M) : p. 182

Bauri, Shri Bijoy

পুরুলিয়ায় সেচ ব্যবস্থা (M) : p. 92.

Bauri, Shri Nabani

দুর্গাপুর-বাঁকুড়া ও মালিয়ারা-গঙ্গাজলঘাটি রুটে বাস বৃদ্ধি (M) : p. 49.

Baxla, Shri John Arther

কালচিনি, কুমারগ্রাম ও মাদারীহাটে কমলালেবু চাষ (M) : pp. 180-181.

Bera, Shri Sasabindu

Discussion on Budget : pp. 308-310.

প্রাথমিক শিক্ষকদের মিছিল (M) : p. 65.

Bhandari, Shri Sudhir

মহেশতলা কেন্দ্রে রেশন দোকানে F. C. I. গুদাম থেকে নিকৃষ্ট গম ও চাল সরবরাহ (M) : p. 176.

Bharati, Shri Haripada

Discussion on Budget : pp. 280-289.

Bhattacharyya, Shri Kamal Krishna

ইণ্ডিয়া বেল্টিং লিমিটেড কারখানা (M) : p. 85.

শ্রীরামপুর টেক্সটাইল কলেজে অধ্যাপকের অভাব (M) : p. 275.

Bhattacharyya, Shri Gopal Krishna

Discussion on Budget : pp. 241-244.

Bhattacharyya, Shri Satyapada

Discussion on Budget : pp 300-304.

কান্দী ও ভরতপুরে নবনির্মিত স্লুইস গেটে ভাঙন (M) : p. 366.

Bill (s)

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977 : pp. 53-65.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977 : pp. 68-75.

Biswas, Shri Hazari

মুর্শিদাবাদের পাট চাষীদের রক্ষা (M) : p. 368.

সাগরদ্বীপের অকেজো টিউবওয়েল মেরামত (M) : p. 86.

Biswas, Shri Jayanta Kumar

কলকাতার ডালহৌসী-নিমতলা রুটে ট্রাম বাতিলে যাত্রীদের দুরবস্থা (M) : pp. 368-369.

ফরাক্কার জল বণ্টন (M) : p. 273.

বেলডাঙ্গা ও নওদায় বন্যাত্রাণ (M) : p. 44.

মুর্শিদাবাদকে পর্যটকদের নিকট আকর্ষণীয় করার ব্যবস্থা (M) : p. 90

Calling Attention (s)

Heavy and frequent load shedding due to shortage of electricity—by Shri Gour Chandra Kundu p. 40.

Reply to calling attention by Shri Jyoti Basu raised by Shri Kashi Kanta Maitra P. 79.

Reply to calling attention raised by Shri Kiranmoy Nanda given by Shri Partha Dey. p 80

কসবা এলাকায় প্রকাশ্য দিবালোকে খুন—শ্রীকাশীকান্ত মৈত্র : p. 78-79

চব্বিশ পরগনায় প্রাথমিক শিক্ষকদের রাজপথে অনশন—শ্রীকিরণ্ময় নন্দ p. 80

ফরাক্কার জলের দাবি—শ্রীদীপক সেনগুপ্ত : p. 356

Chakraborty, Shri Debnarayan

পাণ্ডুয়ার চাঁদপুর হাসপাতাল (M) : pp. 182-83.

Chatterjee, Shri Ram

Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp 422-424,

তারকেশ্বরে পিলগ্রীম ট্যাক্স প্রবর্তন (M) : p. 82.

Chattoraj, Shri Suniti

Discussion on Budget : pp. 138-141.
The West Bengal Estate Acquisition (Amendment) Bill 1977. pp. 55-56
Taking over of foreign capital (Q) p. 355-56

দুর্গাপুরে সক্রিয় কংগ্রেস কর্মী খুন (M) : pp. 273-74.

রাজনগরে সেচের জল সরবরাহ (M) : p. 361.

Chattopadhyay, Shri Sailendranath

চাঁপদানী টমাস ডাফ পরিচালিত এ্যাঙ্গাস জুট মিল (M) : pp. 87-88.

Chattopadhyay. Shri Santasri

কলকাতা ও মফঃস্বলে টেলিফোন ব্যবস্থা (M) : p. 46.

Chhobhan Gazi, Shri

সিরাকুলে সরকারী অকজিলিয়ারী হাসপাতাল (M) : p. 277.

Chaudhuri, Shri Biswanath.

জামালপুর ও ঢলপাড়া অঞ্চলে বাঁধ নিয়ে গণ্ডগোল (M) : pp. 363-64.

Choudhury, Shri Benoy Krishna

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977. pp. 53-54. pp. 62-65
The West Bengal Requisitioned Land (Continuance of Powers (Amendment) Bill, 1977. pp. 68-70, pp. 73-75.

Choudhuri, Shri Gunadhar

বাঁকুড়া শহরে বন্ধ তেল কল (M) : p-363.

Dakua, Shri Dinesh Chandra

Discussion on Budget : pp. 157-158.

কুচবিহারে রেশনের জিনিষ নিয়ে চোরাকারবারী (M) : p-48.

Das, Shri Banamali

বীরভূমের লাভপুর হাসপাতাল (M) : p. 364-65.

Das. Shri Sandip

মুন্সীগঞ্জ ও গার্ডেনরীচে পানীয় জল দূষণ (M) : p. 90.

Das, Shri Santosh Kumar

Discussion on Budged. pp. 232-233

পাচলা কেন্দ্রে অকেজো টিউব-ওয়েল মেরামত (M) : p. 276.

প্রকাশ্যে চোলাই মদ বিক্রী, সাট্টা ও জুয়া খেলা (M) : p. 82.

রাজাপুর ক্যানেল ও কানা নদী সংস্কার (M) : p. 366.

Das, Shri Shibnath

হলদিয়ায় F. C. I. কারখানায় জল সরবরাহ (M) p. 87.

বারুইপুর সাবসিডিয়ারী হাসপাতাল (M) : p. 174

Das. Mahapatra, Shri Balailal

Discussion on Budget : pp 183-189.

Daud Khan

ভাঙ্গড়ে সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারের দুরবস্থা (M) : p. 173.

Deb, Shri Saral

Discussion on Budget : pp. 206-209.

বারাসত-বনগাঁ লাইন ডবল করার প্রস্তাব (M) : pp. 46-47.

প্রাক্তন আই জি রঞ্জিৎ গুপ্তের আমলে জেলে রাজনৈতিক খুন :

(M) : p. 85.

Demand (s) for Grant (s)

252—Secretariat General Services : pp. 369.

253—District Administration.

Discussion on Budget

Abul Barkat Atwal Ghani.Khan Chowdhury, Shri : pp. 289-292.
A. K. M. Hassan Uzzaman, Shri : pp. 310-313.
Abdus Sattar, Shri : pp. 324-327.
Abedin, Dr. Zainal : pp. 189-199.
Atahar Rahaman, Shri : pp. 295-297.
Bag, Dr. Saswati Prasad : pp- 212-217.
Bapuli, Shri Satya Ranjan : pp. 217-223
Bera, Shri Sasabindu : pp. 308-310.
Bharati, Shri Haripada : pp. 280-289.
Bhattacharyya, Shri Gopal Krishna : pp. 241-244.
Bhattacharyya, Shri Satya Pada : pp 300-304.
Chattaraj, Shri Suniti : pp. 138-141.
Dakua, Shri Dinesh Chandra : pp 157-158.
Das Mahapatra, Shri Balai Lal : pp. 183-189.
Das, Shri Santosh Kumar : pp. 232-233
Das, Shri Sandip : pp. 247-250
Deb, Shri Saral : pp. 206-209
Ghosal, Shri Aurobindo : pp. 151-153
Goppi, Shrimati Aparajita : pp. 313-316.
Gupta, Shri Jyotsna Kumar : 155-157.
Habibur Rahaman, Shri ; pp. 307 308.
Hazra Shri Monoranjan : pp. 223-227.
Konar, Shri Benoy : pp. 199-206.
Maitra, Shri Kashi Kanta : pp. 93-109.
Maity, Shri Bankim Behari : pp. 153-155.
Majumdar, Shri Sunil Kumar : pp. 254-255.
Mandal, Shri Suvendu : pp. 141-144
Mitra, Dr. Asok : pp. 331-347.
Mojumdar, Shri Jamini Kishore : pp. 257-259
Mondal, Shri Ganesh Chandra : 209-212.
Mondal, Shri Sasanka Sakhar pp. 328-329
Mukherjee, Shri Anil : pp. 127-131.
Mukherjee, Shri Bimalananda : pp. 227-232.
Mukherjee, Shri Biswanath : pp. 233-241.
Mukherjee, Shri Mahadeb : pp. 255-257.
Mullick Chowdhury, Shri Suhrid : pp. 292-295.
Nanda, Shri Kiranmoy : pp. 134-138.
Nardu La, Shri Dawn : pp. 244-45.
Panda, Shri Mohini Mohan : pp. 160-162.
Phodikar, Shri Prabhas Chandra : pp. 329-330.
Ramzan Ali, Shri : pp. 321-324.

Rana, Shri Santosh : pp. 304-306.
Ray, Shri Naba Kumar : pp. 158-160.
Ray, Shri Amalendra : pp. 131-134.
Sarkar, Shri Deba Prasad : pp. 148-151.
Sarkar, Shri Sailen : pp. 250-251.
Sinha, Shri Atish Chandra : pp. 316-321.
Sinha, Shri Prabodh Chandra : pp. 245-247
Sen, Shri Bholanath : pp. 109-117.
Sen, Shri Lakshmi Charan : pp. 117-127.
Sen Gupta, Shri Dipak : pp. 297-300.
Talukdar, Shri pralay : pp. 144-148.

Doloi, Shri Rajani Kanta

Loss of crops due to rains and flood (Q) : p. 266
Octroi duty (Q) : p. 163
Re-organisation of Panchayati Raj (Q) : p. 260
Sales Tax (Q) : p. 163
Setting up of Industries Outside West Bengal by some companies of the State (Q) : p. 349
University in Midnapore (Q) : p. 163

কসবায় তাপস ঘোষাল হত্যার তদন্ত (M) : pp. 178-79

খুন, ছিনতাই ও রাহাজানি বৃদ্ধি (M) : pp. 91-92

ঘাটাল মাস্টার প্ল্যান (M) : pp. 277-78

নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি (M) : pp. 47-48

Demand(s) for Grant(s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 428-430

Ghosal, Shri Arabindo

Discussion on Budget : pp. 151-153

Ghosh, Smt. Chhaya

লালবাগের উদ্বাস্তু পরিবারের প্রতি সহৃদয়তা (M) : p. 278

শিবির কর্মচারীদের কর্মসংস্থান (M) : p. 367

Ghosh, Shri Debsaran

Demand(s) for Grant(s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 400-402
The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977 : pp. 60-62

ন্যায্যমূল্যে পাট খরিদ ব্যবস্থা (M) : p. 47

Ghosh, Shri Malin

ক্ষেতমজুরদের মজুরী বয়কট আন্দোলনের উপর পুলিশী জুলুম (M) : p. 8

শিয়াখালা-ঈশানগরী ৫৭এ রুটের বাস লাইসেন্স (M) : p. 364

Ghosh, Shri Sambhu Charan

Statement Under rule 346 reg. Ex. I. G. Ranjit Gupta, Research Guide of Anthropology Deptt., Calcutta University : pp. 270-271

Goppi, Smt. Aparajita

Discussion on Budget : pp. 313-316

Goswami, Shri Ramnarayan

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977 : p. 56

Gupta, Shri Jyotsna Kumar

Discussion on Budget : pp. 155-157

Goswami, Shri Subhas

ছাতনায় সংশোধিত রেশনে চিনি সরবরাহের পরিমাণ (M) : p. 278

Habibur Rahaman, Shri

Discussion on Budget : pp. 307-308

মুর্শিদাবাদের বন্যা এলাকায় খয়রাতি সাহায্য (M) : pp. 88-89

পাট্টাপ্রাপ্ত চাষীদের জমি দখল (M) : p. 279

Hazra, Shri Monoranjan

Discussion on Budget : pp. 223-227.

Hira, Shri Sumanta Kumar

ন্যাশনাল রাবার কারখানা (M) : p. 50

স্পেশাল ব্রাঞ্চ পুলিশ কর্তৃক ট্রেড-ইউনিয়ন ভাঙ্গার চেষ্টা (M) : pp. 172-17

Jana, Shri Haripada

দেড়দীঘি উদবাদল খাল (M) : p. 177

ভগবানপুরে ভাগচাষী উচ্ছেদ (M) : p. 86

হায়ার সেকেণ্ডারী স্কুল অনুমোদনের ক্রাইটেরিয়া (M) : pp. 279-80

Kar, Shri Nani

অশোকনগরে আই. এন. টি. ইউ. সি.-র অফিস দখল (M) : pp. 41-42

বিবেকানন্দ বিদ্যামন্দিরের সম্পাদকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ (M) pp. 272-273

Kisku, Shri Upendra

অনাবৃষ্টিতে ফসল হানির ফলে রাইপুর, রানীবাঁধ ও খাতরায় খাদ্যাভাব (M) p. 47

oley, **Shri Barindranath**

মাধ্যমিক পরীক্ষার অসমাপ্ত ফল প্রকাশ (M) : p. 360

onar, **Shri Benoy**

Discussion on Budget : pp. 199-206.

undu, **Shri Gour Chandra**

Demand (s) for Grant (s)

252—Secretariat General Services

253—District Administration : pp. 405-409

Ansaruddin

Demand (s) for Grant (s)

252—Secretariat General Services

253—District Administration : pp. 424-426

জগতবল্লভপুর কেন্দ্রে পানীয় জলের অভাব (M) : p. 274

ahanti, **Shri Pradyot Kumar**

Demand (s) for Grant (s)

252—Secretariat General Services

253—District Administration pp. 378-383

চাষীদের নিকৃষ্টমানের পাম্পসেট সরবরাহ (M) : p. 182

aitra, **Shri Kashi Kanta**

Discussion on Budget : pp. 93-109

aity, **Shri Bankim Behari**

Discussion on Budget : pp. 153-155.

ji, **Shri Benode Behari**

বাঁকুড়ায় জেলা শাসকের অফিসের সামনে অস্থায়ী সরকারী কর্মচারীদের অবস্থান ধর্মঘট (M) : pp. 89-90

বাঁকুড়ার ক্ষেতমজুরদের জন্য টি. আর. (M) : p. 48

ajhi, **Shri Raicharan**

কেতুগ্রামে গরীব কৃষকদের ক্যানেল কর রেহাই (M) : p. 180

ajhi, **Shri Pannalal**

উদয়নারায়ণপুর মহামায়া কোল স্টোরেজে আলু নষ্ট (M) : p. 49

ajee, **Shri Surendranath**

পুরুলিয়ার কাশীপুরে পশুচিকিৎসা হাসপাতালে ডাক্তারের অভাব (M) : p. 179

Majumdar, Shri Jamini Kishore

Discussion on Budget pp. 257-259.

বালুরঘাটে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস স্থাপন (M) : pp. 175-176

রায়গঞ্জ হোলসেল কো-অপারেটিভ সোসাইটিতে অর্থ তছরূপ (M) : p. 83

Majumdar, Shri Sunil Kumar

Discussion on Budget : pp. 254-255.

The West Bengal Requisitioned Land (continuance of powers) (Amendment) Bill, 1977 : p. 71.

Malik. Shri Shridhar

বর্ধমানের ছাত্র ফেডারেশন নেতা ও যুব নেতার উপর কংগ্রেসী গুণ্ডা আক্রমণ (M) : pp. 49-50

Mallick Chowdhuri, Shri Suhrid

Discussion on Budget : pp. 292-295.

Mention Case (s)

অনাবৃষ্টিতে চাষ ব্যাহত হওয়ায় পুরুলিয়ার চাষীদের দুরবস্থা—শ্রীবিজয় বাউড়ী কর্তৃক : p. 92

অশোকনগরে আই. এন. টি. ইউ. সি.-র অফিস দখল—শ্রীননী কর কর্তৃক : p. 41-42

আলিপুরদুয়ার সাব-ডিভিশনে সর্ষের তেলের কালোবাজারী—শ্রীমনোহর টির্কী কর্তৃক : p. 88

ইস্ট মগরাহাটে বেসিন ড্রেনেজ স্কীম—শ্রীরাধিকারঞ্জন প্রামাণিক কর্তৃক p. 176

উদয়নারায়ণপুর মহামায়া কোল্ড স্টোরেজে নষ্ট আলুর জন্য চাষীদে ক্ষতিপূরণ—শ্রীপান্নালাল মাঝি কর্তৃক : p. 49

ওয়েস্ট বেঙ্গল ভেটারিনারী ফিল্ড এ্যাসিস্ট্যাণ্ট এ্যাসোসিয়েশনের কাছ থে স্মারকলিপি—শ্রীমহঃ সোরাব কর্তৃক : pp. 278-79

কলকাতা ও মফঃস্বলের বিপর্যস্ত টেলিফোন ব্যবস্থা—শ্রীশান্তশ্রী চট্টোপাধ্য কর্তৃক : p. 46

কল-কারখানায় শিক্ষানবিস কারিগরদের শিক্ষান্তে কর্মসংস্থান—শ্রীসুনী বসুরায় কর্তৃক : p. 182

কলেজ স্ট্রিট মার্কেটের নিকট মুসলমান দোকানদারদের উপর কংগ্রে মস্তানদের হামলা—শ্রীসমর কুমার রুদ্র কর্তৃক : p. 274

কসবায় তাপস ঘোষাল হত্যার ব্যাপারে জড়িতদের গ্রেপ্তার—শ্রীরজনীকান্ত দলুই কর্তৃক : pp. 178-79

কানা নদী ও রাজাপুর ক্যানেল সংস্কার—শ্রীসন্তোষ কুমার দাস কর্তৃক : p. 366

কান্দী ও ভরতপুরে নবনির্মিত স্লুইস গেটের ভগ্নদশা—শ্রীসত্যপদ ভট্টাচার্য কর্তৃক : p. 366

কালচিনি, কুমারগ্রাম ও মাদারী হাটে কমলা লেবু চাষের ব্যবস্থা—শ্রীজন আর্থার বাক্সলা কর্তৃক : p. 180

কুলটি অঞ্চলে রাস্তা মেরামত—শ্রীমধু ব্যানার্জী কর্তৃক : p. 280

কুচবিহারে নিরাপত্তা রক্ষী বাহিনীর জনৈক ব্যক্তির গুলিতেই দুই নিরপরাধ ব্যক্তির মৃত্যু—শ্রীবিমলকান্তি বোস কর্তৃক : pp. 45-46

কুচবিহারে রবীন্দ্র ভবন—শ্রীমতী অপরাজিতা গোপ্পী কর্তৃক : p. 360

কুচবিহারে রেশন দোকানে চোরাকারবারী বন্ধের দাবি—শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া কর্তৃক : p. 48

কুচবিহারে শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ক্ষেতমজুর ও ভাগচাষীদের ত্রাণের ব্যবস্থা—শ্রীসুধীর প্রামাণিক কর্তৃক : p. 48

কেতুগ্রামের বন্যাপীড়িত কৃষকদের খাজনা ও ক্যানেল কর রেহাই—শ্রীরাইচরণ মাঝি কর্তৃক : p. 180

কেলেঘাই ও বাগুই নদীর উপর সেতু নির্মাণ—শ্রীজন্মেজয় ওঝা কর্তৃক : pp. 362-63

কেলেঘাই নদীর বন্যায় গ্রাম ধ্বংস—শ্রীকৃষ্ণদাস রায় কর্তৃক : pp. 274-75

ক্যানিং মেছোঘেরি—শ্রী আবদুর রেজ্জাক মোল্লা কর্তৃক : pp. 173-74

খণ্ডঘোষ থানার গৈতানপুর গ্রামে দামোদর নদের বন্যায় কতিপয় পরিবারের সলিল সমাধি—শ্রীপূর্ণচন্দ্র মালিক কর্তৃক : p. 359

খুন, ডাকাতি ও রাহাজানি বৃদ্ধি—শ্রীসত্যরঞ্জন বাপুলী কর্তৃক : pp. 271-72

গোসাবা সহ সুন্দরবনের কতিপয় স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার ও ঔষধপত্রের অভাব—শ্রীগণেশ চন্দ্র মণ্ডল কর্তৃক : p. 276

গ্রামাঞ্চলে ছিনতাই ও রাহাজানি বৃদ্ধি—শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল কর্তৃক : pp. 357-58

ঘাটাল মাস্টার প্ল্যান—শ্রীরজনীকান্ত দলুই কর্তৃক : pp. 277-78

INDEX

চাঁপদানী টমাস ডাফ পরিচালিত এ্যাঙ্গাস জুট মিলে লক-আউট—শ্রীশৈলেন্দ্র নাথ চট্টোপাধ্যায় কর্তৃক : p. 87

চাষীদের নিকৃষ্ট মানের পাম্প সেট সরবরাহ—শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি কর্তৃক : p. 182

চেঙ্গাইলে প্রেমচাঁদ জুট মিল বন্ধের ফলে বেকার শ্রমিকদের রিলিফ—শ্রীরাজকুমার মণ্ডল কর্তৃক : p. 277

ছাতনায় সংশোধনী রেশন এলাকায় মাথাপিছু ২৫ গ্রাম চিনি সরবরাহ—শ্রীসুভাষ গোস্বামী কর্তৃক : p. 278

জগৎবল্লভপুরে পানীয় জলের অভাব—শ্রীএম. আনসারউদ্দিন কর্তৃক : p. 274

জলপাইগুড়ি জেলার কলেজ শিক্ষার্থীদের যাতায়াতের জন্য বাসের ব্যবস্থা—শ্রীতারকবন্ধু রায় কর্তৃক : p. 181

জলপাইগুড়ির শীলতোর্ষা নদীর উপর সেতু নির্মাণ—শ্রীযোগীন্দ্রনাথ সিংহরায় কর্তৃক : p. 272

জলপাইগুড়ি সদর হাসপাতালে এক্স-রে ও ই. সি জি. মেশিনের অচলাবস্থা—শ্রীতারকবন্ধু রায় কর্তৃক : p. 88

জামালপুর ও ঢলপাড়ায় বাঁধ নিয়ে গণ্ডগোল—শ্রীবিশ্বনাথ চৌধুরী কর্তৃক : pp. 363-64

ঝাড়গ্রামে ভূমিহীনদের জন্য নির্মিত ঘরবাড়ীর ভগ্নাবস্থা—শ্রীরামচন্দ্র সংপথি কর্তৃক : p. 86

ঝাড়গ্রামের সরডিয়াতে সোস্যাল ওয়েলফেয়ার ট্রেনিং সেন্টার—শ্রীশুভেন্দু মণ্ডল কর্তৃক : p. 279

ডায়মণ্ডহারবারে পানীয় জলের অভাব—শ্রীআবদুল কায়ুম মোল্লা কর্তৃক : p. 275

ডায়মণ্ডহারবার হাসপাতালে দুর্নীতি—শ্রীআবদুল কায়ুম মোল্লা কর্তৃক : p. 362

তন্তুবায় সমবায় সমিতিগুলিকে ইকনমিক লোন—শ্রীজয়েজয় ওঝা কর্তৃক : p. 280

তেহট্ট এলাকায় পাট্টাপ্রাপ্ত কৃষক, ক্ষেতমজুর এবং গৃহহীনদের উপর পুলিশের অত্যাচার—শ্রীমাধবেন্দু মোহান্ত কর্তৃক : pp. 365-66

দুর্গাপুর-বাঁকুড়া এবং মালিয়াড়া-গঙ্গাজল বাড়ী রুটে বাস বাড়ানোর আবেদন—শ্রীনবনী বাউড়ী কর্তৃক : p. 49

দূরপাল্লার স্টেট বাস ও মিনি বাসে ধূমপান—ডাঃ শশাঙ্ক বাগ কর্তৃক : p. 278

দুর্গাপুরে কংগ্রেস কর্মী খুন—শ্রীসুনীতি চট্টরাজ কর্তৃক : pp. 273-274

দেড় দীঘি উদবাদল খাল সংস্কার—শ্রীহরিপদ জানা কর্তৃক : p. 177

দেবগ্রাম রেল স্টেশনের নিকটবর্তী এফ. সি. আই. গুদাম থেকে চাল ও গম লুঠ—শ্রীমীর ফকির মহম্মদ কর্তৃক : p. 361

নয়ারা থানা ও গোবিন্দপুর ব্লক ১এ ভগ্নবাঁধ মেরামত—শ্রীবুদ্ধদেব সিং কর্তৃক : p. 87

নদীয়া জেলার দেবগ্রামে বর্গাদার উচ্ছেদ ও জোতদারদের পুনর্বাসন—শ্রীমীর ফকির মহম্মদ কর্তৃক : p. 175

নদীয়ার কালিগঞ্জ থানার দেবগ্রামে জোতদারের জমির আওতাভুক্ত টিউবওয়েল থেকে চাষীদের জল নেওয়ায় বাধা—শ্রীমীর ফকির মহম্মদ কর্তৃক : pp. 276-77

নারকেলডাঙ্গা হাউসিং এস্টেটে পুলিশ কর্মচারী কর্তৃক চোলাই মদ প্রস্তুত ও বিক্রয়—শ্রীঅনিল মুখার্জী কর্তৃক : pp. 367-68

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ—শ্রীরজনীকান্ত দলুই কর্তৃক : pp. 47-48

নিমতলা-ডালহাউসী ট্রাম রুট বন্ধের ফলে যাত্রীদের দুরবস্থা—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস কর্তৃক : pp. 368-69

ন্যাশনাল রবার কারখানা খোলার ব্যবস্থা—শ্রীসুমন্তকুমার হীরা কর্তৃক : p. 50

পটাশপুরে বন্যানিরোধ ব্যবস্থা—শ্রীজন্মেজয় ওঝা কর্তৃক : pp. 48-49

পশ্চিমবাংলার বেকার শিবির কর্মচারীদের কর্মসংস্থান—শ্রীমতী ছায়া ঘোষ কর্তৃক : p. 367

পাঁচলা কেন্দ্রের অকেজো টিউবওয়েল সংস্কার—শ্রীসন্তোষকুমার দাস কর্তৃক : p. 276

পাণ্ডুয়ার চাঁদপুর হাসপাতালে ডাক্তারের ব্যবস্থা—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী কর্তৃক : pp. 182-83

পুরুলিয়ায় পশু চিকিৎসা হাসপাতালে ডাক্তারের ব্যবস্থা—শ্রীসুরেন্দ্রনাথ মাঝি কর্তৃক : p. 179

পুরুলিয়ায় পাকা রাস্তা—শ্রীমহাদেব মুখার্জী কর্তৃক : p. 172

পুরুলিয়ার বলরামপুর শহরে গালা শিল্প কারখানা—শ্রীবিক্রয় টুডু কর্তৃক : p. 180

প্রকাশ্য দিবালোকে খুন, ছিনতাই ও রাহাজানি—শ্রীরজনীকান্ত দলুই কর্তৃক : pp. 91-92

প্রাক্তন আই. জি. রঞ্জিৎ গুপ্তের আমলে জেলে রাজনৈতিক কর্মী খুন—শ্রীসরল দেব কর্তৃক : p. 85

ফরাক্কার জল বণ্টন—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস কর্তৃক : p. 273

ফোর্ট গ্লস্টার শ্রমিক বস্তির বাসিন্দাদের রক্ষার ব্যবস্থা—শ্রীরাজকুমার মণ্ডল কর্তৃক : pp. 174-75

ফ্যামিলি প্ল্যানিং-এর উদ্বৃত্ত টাকা বিভিন্নাল ওয়ার্কস্ অব দি হেল্থ ট্রান্সপোর্ট অর্গানাইজেশনের জন্য ব্যয়—ডাঃ হরমোহন সিংহ কর্তৃক : p. 359

বর্ধমান জেলার ছাত্র ফেডারেশন নেতা ও যুব নেতার উপর কংগ্রেসী গুণ্ডাদের আক্রমণ—শ্রীশ্রীধর মালিক কর্তৃক : pp. 49-50

বর্ধমানের বিভিন্ন অঞ্চলে পুলিশী সহায়তায় কংগ্রেসী গুণ্ডাদের আক্রমণ—শ্রীহেমন্ত রায় কর্তৃক : pp. 358-59

বন্যাপীড়িত কান্দী সাব-ডিভিশনে অপর্যাপ্ত ত্রাণ ব্যবস্থা—শ্রীঅতীশচন্দ্র সিংহ কর্তৃক : p. 91

বলরামপুর ফুলচাঁদ হাই স্কুলের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ—শ্রীবিক্রম টুডু কর্তৃক : pp. 360-61

বাঁকুড়া জেলার ওন্দায় কংগ্রেসীদের দ্বারা ফরোয়ার্ড ব্লক সদস্য খুন—শ্রীঅনিল মুখার্জী কর্তৃক : p. 88

বাঁকুড়া জেলার তেলকল বন্ধে শ্রমিক বেকার—শ্রীগুণধর চৌধুরী কর্তৃক : p. 363

বাঁকুড়া জেলার দিন-মজুরদের ত্রাণের ব্যবস্থা—শ্রীবিনোদবিহারী মাঝি কর্তৃক : p. 48

বাঁকুড়া জেলা শাসকের অফিসের সামনে অস্থায়ী সরকারী কর্মচারীদের অবস্থান ধর্মঘট—শ্রীবিনোদ বিহারী মাঝি কর্তৃক : pp. 89-90

বাঁকুড়া জেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলির স্বীকৃতি—শ্রীঅনিল মুখার্জী কর্তৃক : pp. 275-276

বাগমারী গোরস্থান—শ্রীআবদুল কায়ুম মোল্লা কর্তৃক : p. 178

বারসুন্দরা গ্রাম ও বেগনাবেড়ায় হাসপাতাল খোলার ব্যবস্থা—শ্রীশিবনাথ দাস কর্তৃক : p. 174

বারাসত-বনগাঁ লাইন ডবল করার দাবি—শ্রীসরল দেব কর্তৃক : pp 46-47

বালুরঘাটে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ বসানোর দাবি শ্রীযামিনীকিশোর মজুমদার কর্তৃক : pp. 175-76

বালুরঘাট ডি. এম. অফিসের সামনে প্রাক্তন শিবির কর্মচারীদের অবস্থান—শ্রীধীরেন্দ্রনাথ সরকার কর্তৃক : p. 179

বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ের উপাচার্যের অপসারণের দাবি—শ্রীকিরণময় নন্দ কর্তৃক : p. 181

বিবেকানন্দ বিদ্যা মন্দিরের সম্পাদকের বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ—শ্রীননী কর কর্তৃক : pp. 272-73

বীরভূমে চাষীদের সেচের জলের ব্যবস্থা—শ্রীসুনীতি চট্টরাজ কর্তৃক : p. 361

বীরভূমে লাভপুর হাসপাতালে চিকিৎসার অব্যবস্থা—শ্রীবনমালী দাস কর্তৃক : pp. 364-65

বেলডাঙ্গা ও নওদা এলাকার বন্যাক্লিষ্টদের ত্রাণ পাঠানোর দাবি—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস কর্তৃক : pp. 44-45

ভগবানপুরে ভাগ চাষী উচ্ছেদ—শ্রীহরিপদ জানা কর্তৃক : p. 86

ভাঙ্গড়ে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারে ডাক্তার ও ঔষধপত্রের অভাব—শ্রীদাউদ খান কর্তৃক : p. 173

মগরাহাটের সংগ্রামপুরে সি. পি. এম. কর্তৃক কংগ্রেস কর্মীদের উপর অত্যাচারের জবাব—শ্রীরাধিকারঞ্জন প্রামাণিক কর্তৃক : pp. 42-43

মহিষাদল হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ—ডাঃ শাশ্বতী বাগ কর্তৃক : p. 178

মহেশতলা কেন্দ্রে রেশনে নিকৃষ্ট মানের চাল ও গম সরবরাহ—শ্রীসুধীর ভাণ্ডারী কর্তৃক : p. 176

মাজিয়া হেল্‌থ সেণ্টারে অরাজকতা—শ্রীধীরেন্দ্রনাথ সরকার কর্তৃক : p. 275

মাতলা নদীর উপর ব্রীজ নির্মাণ—শ্রীকালিপদ বর্মণ কর্তৃক : p. 44

মাধ্যমিক পরীক্ষার অসমাপ্ত ফল প্রকাশ—শ্রীবারীন্দ্রনাথ কোলে কর্তৃক : p. 360

মিসা থেকে বন্দীদের মুক্তি দেওয়ায় অপরাধমূলক কার্যকলাপ বৃদ্ধি—শ্রীধীরেন্দ্রনাথ সরকার কর্তৃক : p. 91

মুন্সীগঞ্জ ও গার্ডেনরীচ এলাকায় পানীয় জল দূষণ—শ্রীসন্দীপ দাস কর্তৃক : p. 90

মুর্শিদাবাদকে পর্যটকদের নিকট আকর্ষণীয় করার ব্যবস্থা—শ্রীজয়ন্তকুমার বিশ্বাস কর্তৃক : p. 90

মুর্শিদাবাদের লালবাগ মহকুমার উদ্বাস্তুদের প্রতি সদয় ব্যবহার—শ্রীমতী ছায়া ঘোষ কর্তৃক : p. 278

মুর্শিদাবাদ জেলার বন্যাক্লিষ্টদের খয়রাতি সাহায্য—শ্রীহবিবুর রহমান কর্তৃক : pp. 88-89

মুর্শিদাবাদের মোবারকপুর গ্রামে প্রকাশ্য দিবালোকে খুন—শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় কর্তৃক : p. 40

মুর্শিদাবাদের পাট চাষীদের সাহায্য—শ্রীহাজারী বিশ্বাস কর্তৃক : p. 368

মুসলমানদের চাঁদ দেখার ব্যবস্থা—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান কর্তৃক : p. 280

মেদিনীপুরের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে চিকিৎসার অব্যবস্থা—শ্রীকৃষ্ণদাস রায় কর্তৃক : p. 363

রমজান ও ইদলফেতর উৎসব উপলক্ষে অতিরিক্ত চিনি, সুজি ও ময়দা সরবরাহ—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান কর্তৃক : p. 183

রাইপুর, রানীবাঁধ ইত্যাদি অঞ্চলে পে-মাস্টারদের মোহরারদের দৈনিক মজুরী বৃদ্ধি—শ্রীউপেন্দ্র কিস্কু কর্তৃক : p. 47

রাজগঞ্জে কৃষক ও ক্ষেতমজুরদের জন্য জি. আর. ও টি. আর. চালু—শ্রীধীরেন্দ্রনাথ রায় কর্তৃক : p. 366

রাধিকাপুরে আর. বি. পি. স্কীম—শ্রীধীরেন্দ্রনাথ সরকার কর্তৃক : p. 364

রামপুরহাট থানায় কেরোসিনের অভাব—শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল কর্তৃক : pp. 86-87

রায়গঞ্জের খলসী গ্রামে মার্ডার—শ্রীনবকুমার রায় কর্তৃক : p. 89

শান্তিপুর ব্লকে অকেজো টিউবওয়েল মেরামত—শ্রীবিমলানন্দ মুখার্জী কর্তৃক : pp. 83-84

শিয়াখালা-ঈশানগরী বাস রুট (৫৭এ) লাইসেন্স রিনিউয়াল—শ্রীমলিন ঘোষ কর্তৃক : p. 364

শ্রীরামপুর টেক্সটাইল কলেজে অধ্যাপকের অভাব—শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য কর্তৃক : p. 275

শ্রীরামপুরে ইণ্ডিয়া বেল্টিং লিমিটেড কারখানা—শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য কর্তৃক : p. 85

সরকারী ন্যায্য মূল্যে পাট খরিদের ব্যবস্থা—শ্রীদেবশরণ ঘোষ : p. 47

সাঁইথিয়া অভেদানন্দ কলেজে বিশৃঙ্খলা—শ্রীধীরেন সেন কর্তৃক : p. 365

সাগর দ্বীপ এলাকায় অকেজো টিউবওয়েল মেরামত—শ্রীহাজারী বিশ্বাস কর্তৃক : p. 86

সিরাকুলে সরকারী অক্জিলিয়ারী হাসপাতালের দুরবস্থা—শ্রীশোভান গাজী কর্তৃক : p. 277

সি. পি. এম. কর্তৃক পাট্টাপ্রাপ্ত চাষীদের জমি দখল করে নেওয়ার ব্যবস্থা—শ্রীহবিবুর রহমান কর্তৃক : p. 279

সুন্দরবনের বিস্তীর্ণ এলাকায় দুর্নীতিগ্রস্ত প্রশাসন—শ্রীকালিপদ বরণ কর্তৃক : pp. 366-67

সুবর্ণরেখা নদীর উপর সেতু নির্মাণ—শ্রীফকিরাম সিং কর্তৃক : p. 174

স্পেশাল ব্রাঞ্চ পুলিশ কর্তৃক ট্রেড-ইউনিয়ন ভাঙ্গার প্রচেষ্টা—শ্রীসুমন্তকুমার হীরা কর্তৃক : pp. 172-73

শেখ নাসিরুদ্দিন ফার্মে লক-আউট—শ্রীসমরকুমার রুদ্র কর্তৃক : pp. 92-93

হলদিয়ায় এফ. সি. আই. কারখানায় জলের ব্যবস্থা—শ্রীশিবনাথ দাস কর্তৃক : p. 87

হলদি নদীর নরঘাট পুল—শ্রীবঙ্কিম বিহারী মাইতি কর্তৃক : pp. 50-51

হায়ার সেকেণ্ডারী স্কুল অনুমোদনের ক্রাইটেরিয়া—শ্রীহরিপদ জানা কর্তৃক : p. 279

হুগলী জেলার ক্ষেতমজুরদের মজুরী বয়কট আন্দোলনের উপর পুলিশী জুলুম—শ্রীমলিন ঘোষ কর্তৃক : p. 84

Mir Fakir Md., Shri

কালিগঞ্জ থানার দেবগ্রামে কংগ্রেসী জোতদারের জমির আওতায় টিউবওয়েল (M) : p. 276

দেবগ্রাম রেল স্টেশন এলাকায় সমাজবিরোধীদের দৌরাত্ম্য (M) : p. 361
দেবগ্রামে বর্গাদার উচ্ছেদ ও জোতদারদের পুনর্বাসন (M) : p. 175
শিক্ষিত বেকার যুবকদের চাকুরীর বয়স সীমা বৃদ্ধি (M) : p. 81

Mitra, Shri Ashok

Budget Estimates of the Government of West Bengal for 1977-78 : pp. 5-37
General discussion on Budget : pp. 331-347

Mohanta, Shri Madhabendu

তেহট্ট থানার ও. সি. কর্তৃক জোতদারের স্বার্থরক্ষা (M) : pp. 365-66

Malik, Shri Purna Chandra

খণ্ডঘোষ থানায় দামোদরের বন্যায় গ্রাম নিশ্চিহ্ন (M) : p. 359

Mondal, Shri Ganesh Chandra

Discussion on Budget : pp. 209-212
The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977 : pp. 72-73
সুন্দরবনের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ডাক্তার ও ঔষধপত্রের অভাব (M) : p. 276

Mondal, Shri Rajkumar

চেঙ্গাইলে প্রেমচাঁদ জুট মিল (M) : p. 277
ফোর্ট গ্লস্টর শ্রমিক বস্তি (M) : pp. 174-75

Mondal, Shri Subhendu

Discussion on Budget : pp. 141-144
ঝাড়গ্রামের সরডিয়াতে সোস্যাল ওয়েলফেয়ার ট্রেনিং সেন্টার (M) : p. 279

Mondal, Shri Sasanka Sekhar

Discussion on Budget : pp. 328-329
রামপুরহাটে কেরোসিনের অভাব (M) : pp. 86-87
রামপুরহাটের গ্রামাঞ্চলে ছিনতাই ও রাহাজানি (M) : pp. 357-58

Mukherjee, Shri Anil

Discussion on Budget : pp. 127-131
The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977 : pp. 58-60
ওন্দা থানায় ফরোয়ার্ড ব্লক সদস্য খুন (M) : p. 88

নারকেলডাঙ্গা হাউসিং এস্টেটে পুলিশ কর্মচারী কর্তৃক চোলাই
মদ প্রস্তুত (M) : pp. 367-68
বাঁকুড়া জেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে
স্বীকৃতি দান (M) : pp. 275-76

Mukherjee, Shri Bimalananda
Discussion on Budget : pp. 227-232
শান্তিপুরে অকেজো টিউবওয়েল (M) : pp. 83-84

Mukherjee, Shri Biswanath
Discussion on Budget : pp. 233-241

Mukherjee, Shri Mahadeb
Discussion on Budget : pp. 255-257.
পুরুলিয়া-কোটশিলা ব্রডগেজ লাইন (M) : pp. 82-83
পুরুলিয়া জেলায় রাস্তা নির্মাণ (M) : p. 172

Mukherjee, Shri Rabin
Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp 392-395

Md. Ramjan Ali
Discussion on Budget (M) : pp. 321-24

Md. Sohorab
Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 418-420
ওয়েস্ট বেঙ্গল ভেটারিনারী ফিল্ড এ্যাসিস্টান্টদের কাছ থেকে স্মারকলিপি
প্রদান (M) : pp. 278-79

Murmu, Shri Nathaniel
Point of Previlege reg right of M.L.A. : p. 51

Nanda, Shri Kiranmoy
Discussion on Budget : pp. 134-138
বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে দুর্নীতির
অভিযোগ (M) : p. 181

Norbu La, Shri Dawa
Discussion on Budget : pp. 244-245

Obituary

to the death of Shri Sambhu Nath Bandyopadhyay, Ex-M.L.C : p. 75
to the death of Shri Amar Krishna Ghosh, Ex-M.L A : p. 76
to the death of Shri Turku Hansda, Ex-M.L.A : p. 77
to the death of Shri Dinataran Mani, Ex-M.L.A : p. 77

Ojha, Shri Janmejoy

Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 426-428

কেলেঘাই ও বাগুই নদীর উপর সেতু নির্মাণ (M) : pp. 362-63

তন্তুবায় সমবায় সমিতির সদস্যদের ইকনমিক লোন (M) : p. 280

বন্যাপীড়িত পটাশপুরে অপ্রতুল ত্রাণ ব্যবস্থা (M) : pp. 48-49

Ordinance :

The Rice Milling Industry (Regulation) (West Bengal Amendment) Ordinance, 1977 : p. 52

Paik, Shri Sunirmal

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1977 : pp. 54-55

Phodikar, Shri Pravash Chandra

Discussion on Budget : pp. 329-330

Panda, Shri Mohini Mohan

Discussion on Budget : pp. 160-162

Pramanik, Shri Radhika Ranjan

ইস্ট মগরাহাট বেসিন ড্রেনেজ স্কীম (M) : pp. 176-77

সংগ্রামপুরে কংগ্রেস কর্মীর উপর আক্রমণ (M) : p. 42

Pramanik, Shri Sudhir

কুচবিহারে অতি বৃষ্টি ও শিলাবৃষ্টিতে পাট ও আউসের ক্ষতি (M) : p. 48

Question(s) :

Loss of Crops due to rains and flood—by Shri Rajani Kanta Doloi : p. 266
Octroi Duty—by Shri Rajani Kanta Doloi : p. 163
Re-organisation of Panchyati Raj—by Shri Rajani Kanta Doloi : p. 260
Sales Tax—by Shri Rajani Kanta Doloi : p. 163
Setting up of Industries outside West Bengal by Some companies—by Shri Rajani Kanta Doloi : p. 349

Taking over of foreign capital—by Shri Suniti Chattoraj : p. 355

বন্ধ কারখানা—শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় কর্তৃক : p. 352

Rai, Shri Deo Prakash

Demand (s) for Grant (s)

252—Secretariat General Services

253—District Administration : pp. 404-405

Previlege on a point of information reg. resolution about the recognition of Nepali Language : p. 392

Rana, Shri Santosh

অর্থমন্ত্রীর বাজেট ভাষণে বিবৃতি : pp. 304-306

Ray, Shri Birendra Narayan

মোবারকপুরে বোমার আঘাতে খুন (M) : pp. 40-41

Ray, Shri Nabakumar

Discussion on Budget : pp. 158-160

রায়গঞ্জের খলসী গ্রামে মার্ডার (M) : p. 89

Report (s)

Annual Report on the working and affairs of the West Bengal Small Industries Corporation Limited for 1974-75 : p. 59

Annual Report on the Damodar Valley Corporation and Audit Report for the year 1975-76 : p. 53

Roy, Shri Amalendra

Discussion on Budget : pp. 131-134

Roy, Shri Dhirendranath

রাজগঞ্জ এলাকার ক্ষেতমজুরদের জন্য জি. আর. ও টি. আর. চালু (M) : p. 366

Romjan Ali, Shri

Discussion on Budget : pp. 321-324

Roy, Shri Hemanta Kumar

বর্ধমানের বিভিন্ন স্থানে কংগ্রেসী গুণ্ডাদের আক্রমণ (M) : pp. 358-59

Roy, Shri Krishnadas

কেলেঘাই নদীর বন্যায় গ্রাম নিশ্চিহ্ন (M) : pp. 274-75

রাধানগর স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব (M) : p. 363

Roy, Shri Tarak Bandhu

জলপাইগুড়ি হাসপাতালে X-Ray এবং E. C. G. মেশিনের অচলাবস্থা : p. 88

জলপাইগুড়ির কলেজ শিক্ষার্থীদের জন্য বাসের ব্যবস্থা : p. 181

Roy Barman, Shri Khiti Bhusan

Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 420-422

Rudra, Shri Samar Kumar

এস কে নাসিরুদ্দিন ফার্মে লক-আউট (M) : pp. 92-93

পরাজিত কংগ্রেস দল কর্তৃক বামফ্রন্টের বিরুদ্ধে ষড়যন্ত্র (M) : p. 274

Saha, Shri Kripasindhu

পশ্চিম বাংলার পরিবহণ সমস্যা (M) : p. 83

Samanta, Shri Gouranga

Demand (s) for Grant (s)
252—Secretariat General Services
253—District Administration : pp. 402-404

Sarkar, Shri Debaprasad

অর্থমন্ত্রীর বাজেট প্রসঙ্গে আলোচনা : pp. 148-151

মুখ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দের আলোচনা : pp. 409-412

Sarkar, Shri Dhirendranath

কুশমণ্ডি এলাকায় মিসায় বন্দীদের মুক্তির ফলে অপরাধ বৃদ্ধি (M) : p. 91

বালুরঘাট ডি. এম. অফিসের সামনে প্রাক্তন শিবির কর্মচারীদের অবস্থান (M) : p. 179

পঃ দিনাজপুরে রাধিকাপুর অঞ্চলে বন্ধ আর. বি. পি. স্কীম (M) : p. 364

মাজিয়া সাবসিডিয়ারী হেলথ সেন্টারে অরাজকতা : (M) : p. 275

Sarkar, Shri Sailen

অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির আলোচনা : pp. 250-251

Satpathy, Shri Ramchandra

ঝাড়গ্রামে ভূমিহীনদের ঘরবাড়ী মেরামত (M) : p. 86

Sen, Shri Bholanath

অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির আলোচনা : pp. 109-117

Sen, Shri Deb Ranjan

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977 : pp. 71-72

মুখ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দ বিষয়ে আলোচনা : pp. 395-400

Sen, Shri Dhiren

সাঁইথিয়ায় অভেদানন্দ কলেজে বিশৃঙ্খলা (M) : p. 365

Sen, Shri Lakshmi Charan

অর্থমন্ত্রীর বাজেট প্রসঙ্গে আলোচনা : pp. 117-127

Sen Gupta, Shri Dipak

অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির আলোচনা : p. 297-300

Sinha, Shri Atish Chandra

West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1977 : pp. 70-71

অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির আলোচনা : pp. 316-321

বন্যাক্লিষ্ট কান্দী সাব-ডিভিশনে ত্রাণ ব্যবস্থা (M) : p. 91

Sinha, Shri Hara Mohan

স্কীম অফ কনস্ট্রাকশন অব দি রিজিওনাল ওয়ার্কস্ অফ দি হেলথ্ ট্রান্সপোর্ট অর্গানাইজেশন-এর জন্য ব্যয় (M) : pp. 359-60

Singh, Shri Kshudiram

কেলেঘাই ও সুবর্ণরেখা নদীর উপর সেতু নির্মাণ (M) : p. 174

Sinha, Shri Probodh Chandra

অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির আলোচনা : pp. 245-250

মুখ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দের আলোচনা : pp. 412-418

Singh Roy, Shri Jogendranath

জলপাইগুড়িতে শীলতোর্ষা নদীর উপর স্থায়ী সেতু নির্মাণ (M) : p. 272

Singh, Shri Buddhadeb

নয়ারাং থানা ও গোবিন্দপুরে সুবর্ণরেখার বন্যায় ভগ্ন বাঁধ মেরামত : p. 87

Speaker, Mr. (Abul Mansur Habibullah)

Request to M.L.A's not to go beyond the matter of discussion : p. 43

Statement :

Statement under rule 346 made by Shri Ashok Mitra : pp. 66-68

Statement under rule 346 made by Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Education Deptt. : p. 270

Talukdar, Shri Prolay

Discussion on Budget : pp. 144-148

Tirkey, Shri Monohar

আলিপুরদুয়ার সাব-ডিভিশনে সর্ষের তেলের অভাব (M) : p. 88

Tudu, Shri Bikram

পুরুলিয়ার বলরামপুর শহরে গালা শিল্প কারখানা (M) : p. 180

বলরামপুর, ফুলচাঁদ হাই স্কুলে ম্যানেজিং কমিটির দুর্নীতি (M) : pp. 360-61

Printed by :

BASUMATI CORPORATION LIMITED
(A Government of West Bengal Undertaking)
166 Bipin Bihari Ganguli Street
Calcutta-700 012